# পাতঞ্জল দর্শন।

মূলস্ত্র, সংস্কৃতে স্থ্রের সরল ব্যাখ্যা, বন্ধভাষায় স্থ্রের তাৎপর্য্য, বেদব্যাস রচিত ভাষ্ম, ভাষ্মের ক্রমিক বঙ্গাস্থবাদ ও স্ত্রভাষ্য-বোধের উপযোগী প্রতিস্ত্রে বিস্তৃত মন্তব্য সম্বলিত।

## বেদান্তচুঞ্-সাংখ্যভূষণ-সাহিত্যাচাৰ্য্য পূৰ্ণ চ ক্ৰ শৰ্মা স ক্ষ লি ত।

প্রথম সংকরণ।

### কলিকাতা

৬২ নং আমহার্চ্ন ব্রীট্, সংস্কৃত যত্ত্তে

শ্রীউপেন্দ্রনাথ চক্রবর্তী দারা মুদ্রিত ও প্রকাশিত।
শকান্ধা ১৮২০। ইংরাজী ১৮৯৮।

১৮৪৭ দালের ২০ আইন অন্থ্যারে গ্রন্থকার কর্তৃক এই পুস্তকের কপিরাইট রেজেটরী করা হইয়াছে।

### বিজ্ঞাপন।

দর্শনশাস্ত্র সমৃদায়ের মধ্যে কার্য্যক্ষেত্রে পাতঞ্জলেরই বিশেষ উপযোগিতা দেখা বায়। ইহাতে দার্শনিক কঠোর, তর্কের বাহুল্য নাই, যাহাতে আধ্যাত্মিক উন্নতি হয়, চিত্তের মল বিদ্রিত হইয়া সত্ত্বের প্রকাশ হয়, তাহারই সম্যক্ উপায় প্রদশিত আছে। মন্থাজীবন অতি তুর্লভ, চেষ্টা করিলে এই জন্মেই চিত্তের উংকর্ষ হইতে পারে। পতঞ্জলির উপদেশ অনুসারে চলিলেই মানব জন্ম সফল হয়। এক কথায়, পাতঞ্জল দর্শন স্থন্দররূপে হৃদয়ঙ্গম করিতে পারিলে শাস্ত্রান্তরের প্রয়োজন থাকে না, ইহা সাম্প্রদায়িক গ্রন্থ নহে, কি হিন্দু, কি ম্সলমান, কি প্রীষ্ঠান সকলেই পতঞ্জলির উপদেশ গ্রহণ করিতে পারেন। সয়্ক্যা, পূজা, জপ প্রভৃতি সমস্তই পতঞ্জলির উপদেশামুসারে হইয়া থাকে।

পাতঞ্জল স্ত্র ও ব্যাদদেবর্চিত ভাষ্য অতিশয় হুরুহ, বঙ্গভাষায় অমুবাদ করা নিতান্ত হুম্বর, ঐ ভাষায় সমস্ত ভাব প্রকাশ হয় না, ভাষার দিকে লক্ষ্য রাখিলে অমুবাদ ঠিক্ হয় না, স্থতরাং অমুবাদ ভাগে ভাষার পারিপাট্য রক্ষা হয় নাই। অমুবাদ ও মন্তব্য ভাগ স্থিরচিত্তে অধ্যয়ন করিলে সহজেই ভাষ্যের বোধ হইবে।

বোগীরাই বোগের উপদেশ দিতে সমর্থ। তথাপি ৮ কাশীধামে দীর্ঘকাল থাকিয়া পূজ্যপাদ পরিব্রাজক বিশুদ্ধানন্দ স্বামীর নিকট অধ্যয়নকালে বেরূপ উপদেশ পাইয়াছি, তদমুসারেই অমুবাদ করা হইল। পাঠকগণ এই গ্রন্থ দ্বারা স্বল্প পরিমাণে সাহায্য পাইলেও শ্রম সফল বোধ করিব। ইতি।

শ্রবিণ ১৩০৫ সাল। ইংরাজী, জুলাই, ১৮৯৮। প্রীপূর্ণচন্দ্র বেদান্ত চুণ্ট্র শর্মা সেনহাটা গ্রাম। খুলনা জিল্পা।

# **সূচীপত্র।**সমাধি পাদ।

বিষয়		•	পৃষ্ঠা 🖊	7			<b>ञ्</b> ख
শান্ত্রারম্ভ ···	•••		· 0	•••	• • •		>
যোগের লক্ষণ	•••	•	9	• • •			ર
•যোগকালে আস্থার	র অবস্থা	•••	25	•••	• • •	• • •	৩
অন্ত কালে আত্মা	র অবস্থা	•••	20	•••	•••		8
চিত্তবৃত্তির বিভাগ	••	• • •	<b>&gt;</b> 9−२∘	•••	•••	***	e-9
প্রমাণরৃত্তি		•••	२०	•••	• • •	•••	9
বিপর্য্যয়বৃত্তি	• • •		२७		• • •	•••	ь
বিকল্পবৃত্তি…	•••	•••	२१	•••	• • •	··· *	2
নিদ্রাবৃত্তি⋯	•••	•••	90	•••	•••	• • •	>•
শ্বতিবৃত্তি \cdots	•••	•••	৩১	•••	•••	•••	>>
, চিত্তবৃত্তি নিরোধে	র উপায়	•••	•8	:	•••	•••	১২
অভ্যাস নিরূপণ	* * *		৩৬	•••	•••	• • •	<b>&gt;⊘-&gt;</b> 8
অপর বৈরাগ্য	• • •	•••	৩৮	•••	•••	•••	26
পর বৈরাগ্য···	•••	•••	8 •	•••	• • •	•••	১৬
সম্প্রজ্ঞাত সমাধির	বিভাগ	•••	8२	•••	•••	•••	>9
<b>অ</b> সম্প্ৰজ্ঞাত সমাধি	·••	•••	84-40	•••	•••	•••	<b>26-5</b> 0
উপায় তারতম্যে স	ামাধি তা	রতম্য	<b>c</b> • - <b>c</b> ₹	•••	• • •	•••	<b>२</b> >-२२
উপায়ান্তর ঈশ্বর ৫	প্রণিধান	•••	œ২	•••	•••		33/
ঈশ্বর নিরূপণ	•••	•••	60		•••		२8
ঈশ্বরের সর্ব্বজ্ঞতায়	অমাণ	•••	<b>@9</b>	• • •	•••		२৫
ঈশ্বরৈর অনাদিত্ব	•••	•••	৬৽	•••		•	२७
প্রণব (ওঁকার) প্র	াকরণ	•••	<i>ناه</i> ډو	૭	•••		<u> </u>

বিষয়	পৃষ্ঠা				স্থত্ৰ
প্রণব জপাদির ফল	৬৩		• • •		२৯
ব্যাধি প্রভৃতি অন্তরায়	৬৫	• • •		•••	90.
বিক্ষিপ্তচিত্তে ছংখাদির উৎপত্তি	৬৭	•••	•••	•••	৩১
বিক্ষেপ নিবৃত্তির উপায়	৬৮	•••	•••	•••	૭૨
চিত্তপ্রসাদের উপায় মৈত্রী প্রভৃতি	4.5	'	• • •	•••	೨೨
প্রাণায়াম দারা চিত্তের স্থিরতা	98	٠	•••	•••	98
मिया शक्कांमि नांड ··· ···	9¢	•	•••		90
জ্যোতিশ্বতী প্রবৃত্তি	99	•••	•••	• • •	৩৬
বীতরাগ চিত্তে সমাধি	95	•••	•••	•••	৩৭
স্বপ্ন নিদ্রা বিষয়ে সমাধি	<b>b</b> •	•••	•••	•••	৩৮
ইচ্ছানুসারে সমাধির বিষয়	ь.	•••	•••	•••	৩৯
সমাধি অভ্যাসের ফল · · · ·	۴2	•••	• • •	•••	8 •
আত্মা, ইন্দ্রিয় ও বিষয়ে সমাধি	४२	•••	• • •	•••	82
সবিতর্ক সমাপত্তি ··· ···	<b>F8</b>		***	•••	<b>ह</b> र
নির্বিতর্ক সমাপত্তি · · ·	bら	• • •	•••	•••	89
সবিচার নির্বিচার সমাপত্তি	৮৯	•••	• • •	•••	88
স্ক্ল বিষয়ে সমাধির অবধি \cdots	৯১	•••	•••	•••	8¢
সম্প্রজ্ঞাত সমাধির ভেদ সবিতর্কাদি	<b>३</b> ६	•••	• • •	•••	89
অধ্যাত্ম প্রসাদ	ಎ೦	• • •	•••	•••	89
ঋতন্তরা প্রজ্ঞা · · · · · · ·	78-2F		• • •	•••	86-60
অসম্প্রক্সাত সমাধির উৎপত্তি	<b>ત</b> ત	•••	•••		¢5
সাং	নে পাদ				
<del>Cara</del>	•	124			<b>70</b> :70

বিষয়			পृष्ठी				
ক্রিয়া যোগ		• • •		· >0>->	۰۰	•••	2-5
অবিভাহি পঞ্চ	(좌*)	• • •		>00	•••		•

বিষয়		পৃষ্ঠা		স্ত্ৰ
অশ্বিতাদির ভেদ প্রস্থপ্ত প্রভৃতি		>°¢	•••	8
অবিভাদি ক্লেশের বিবরণ	•••	>0F-;>C···		6-9
স্ক্ষ ও সূল ক্লেশনাশ		>:«->>9	•••	>0->>
অদৃষ্টের হেতু ক্লেশ 🕠	• • •	<b>ጎ</b> ንዓ ···	***	25
ু জাতি, আয়ুঃ ও ভোগের উৎপত্তি	4	<b>7</b> >>>	•••	20
স্থত্ঃথের কারণ জন্মাদি	:	52¢ ··	,	28
যোগীর দৃষ্টিতে সমস্তই হুঃখ…		<b>&gt;</b> 29	•••	>6
''ভবিষ্যদ্ হৃঃথই পরিত্যাজ্য ···	• • •	<b>५०</b> २	•••	১৬
হেয় ছঃথের কারণ	•••	১৩৩	•••	59
দৃশ্খের স্বরূপ ···	•••	১৩৬	• • •	74
গুণের বিভাগ বিশেষাদি ···	• • •	280	• • •	79
পুরুষের স্বরূপ		288	•••	२०
দৃশু দ্বারা পুরুষার্থসিদ্ধি · · ·	•••	88¢	•••	२५
দৃশ্যের সম্পূর্ণ উচ্ছেদ হয় না	•••	>8F ···	•••	२२
প্রকৃতি পুরুষ সংযোগের ফল	•••	68¢		२७
'সংযোগের কারণ অবিন্তা · · ·	•••	>60 ···	•.•	<b>२</b> 8
অবিন্তা বিনাশে কৈবলা \cdots	•••	> 00	•••	२৫
বিবেক জ্ঞান দারা হুঃথের বিনাশ	•••	<b>&gt;</b> @9	•••	રહ
বিবেক জ্ঞানের ভূমি নির্ণয় · · ·	•••	seb	• • •	२१
জ্ঞানদীপ্তির কারণ · · ·	•••	٠٠٠	•••	२৮
यमनियमानि अक्षेत्रित्यां	•••	১৬৩	•••	२२
যমের ভেদ অহিংসাদি	•••	>७8->७१	•••	00-05
নিয়মের ভেদ শৌচাদি ···	•••	১৬৮	•••	ુષ્ઠર 🥍
यमनियम शालन	•••	<b>&gt;9</b> • ···		೨೨
হিংসাদি বিতর্কের বিবরণ ···	•••	<b>59</b> ₹	•••	, ৩8
षरिःगानि निष्कित क्न ···	•••	<b>&gt; 9७-&gt;৮</b> 0···	•••	৩৫–৩৯
<b>्गोर्गामि मिक्सित्र</b> कल ···	•••	240-74C···	•••	°5>-8¢

বিষয়			পৃষ্ঠা			স্ত্ৰ
আসন প্রকরণ ···		• • •	>>e-	4d	•••	89-84
প্রাণায়াম প্রকরণ	•••	•••	766-5	26	•••	<b>⊘</b> 9−68
প্রত্যাহার প্রকরণ	•••	•••	ンカター	***********		<b>@8-@@</b>
		, <u>*</u>	٠ ،			
		্ বিভূতি	পাদ।			
,		,,,,,				
ধারণা, ধ্যান ও সমাধি	•••	•••	२००-		•••	5O
সংযম স্বরূপ · · ·	• • •	•••	२०७–२	09	•••	8-5
অন্তরঙ্গ বহিরঙ্গ সাধন		•••	२०१	•••	•••	9-6
চিত্তের নিরোধ পরিণাম	•••	•••	२०४–२	> • • • •	•••	à−>∘
চিত্তের সমাধি পরিণাম	•••	•••	<b>\$</b> >°	•••	•••	>>
চিত্তের একাগ্রতা পরিণা	<b>म</b>	•••	२১১	•••	•••	>5
ধর্ম্ম, লক্ষণ ও অবস্থা পরি	ণাম	•••	२ऽ२	• • •	• • •	20
ধর্মীর ধর্মে অনুগমন	•••	•••	२२५	• • •		28
পরিণাম ভেদের হেতু	•••	•••	२३৫	•••	•••	>¢
পরিণামত্রয়ে সংযমের ফল	• • • •	•••	२२৮	•••	•••	১৬
সকল প্রাণীর শব্দুজান		•••	२२৯	•••	•••	59
পূর্ব্ব জন্মের জ্ঞান ···	•••	•••	২৩৪	•••	• • •	<b>3</b> 6
পরকীয় চিত্তের জ্ঞান	•••	•••	২৩৭	•••	• • •	>>-< 0
অন্তৰ্জান সিদ্ধি ···	•••	• • •	२७४	***	•••	25
মরণের জ্ঞান \cdots	•••	•••	२७৯	•••	•••	<b>२२</b>
মৈত্রী প্রভৃতিতে সংযমের	<b>क</b> न	•••	<b>२</b> 85	•••	•••	२७
হস্তি প্রভৃতির বললাভ		•••	२8७	•••	• • •	₹8
স্ক্ষ, ব্যবহিন্ঠ ও দূরবর্ত্তী	বিষয়	হান	२8७	•••	•••	₹¢
স্থ্যসংখ্যে ভ্ৰনজ্ঞান	•,••	•••	₹88	•••	•••	२७
চন্দ্রদংযমে তারাজ্ঞান		•••	203	•••	•••	२१
ঞ্বে <i>লং</i> যমে তারা গতিজ	ান	•••	२৫১	•••	• • •	২৮

	1/4				
বিষয়		পৃষ্ঠা			স্ত্ত
নাভিচক্রে সংযমে শরীরজ্ঞান	•••	२৫১	•••	••	२२
ক্ষুৎশিপাসা নিবৃত্তির উপায়	• • •	२७२		•••	90
কুর্ম্মনাড়ী সংযমের ফল, \cdots	•••	२৫७	•••		৩১
সিদ্ধগণের দর্শন লাভ · · · ,	•••	२৫७	•••	•••	৩২
প্রাতিভের দারা সকল জ্ঞান	• • •	₹ <b>α</b> 8	• • •	•••	၁၁
চিত্তজ্ঞানের উপায় 🗼	•	₹€8	•••	`	98
পুরুষজ্ঞানের উপায়	•••	२ ৫ ৫	•••	•••	૭૯
<b>ঞা</b> তিভাদির বিবরণ	•••	२৫७२৫	9	•••	৩৬–৩৭
চিত্তের পরশরীরে প্রবেশ · · ·	•••	२৫৮	•••	•••	৩৮
জলকণ্টকাদির উপরি ভ্রমণ		२৫৯	•••		೦৯
শরীরের জ্যোতিঃ প্রকাশ	•••	২.৬০	•••	•••	8 •
দিব্য শ্রোত্রাদির আবির্ভাব	•••	२७ <b>১</b>	•••	***	85
আকাশ গমন · · · · · · · · · · · · · · · · · · ·	***	২৬৩	• • •	•••	8२
চিত্তের আবরণ বিনাশ	• • •	২৬8	• • •		89
ভূত জয় ··· ···	•••	२७৫	•••	• • •	88
অণিমাদি অষ্টেশ্বর্য্য	•••	২ ৬৯	•••	•••	8¢
রূপলাবণ্যাদি সম্পদ্		२१১	•••	•••	8.9
ইব্রিয় জয় ও তৎফল 🗼	•••	२१२२१	8		89-87
সর্বভাবাধিষ্ঠান ও সর্বজ্ঞতা	•••	२१৫	•••	•••	68
देकरना नांच	•••	२१७	•••	•••	6 0
বোগভঙ্গের নিমিত্ত প্রলোভন		२११	•••	•••	62
ক্ষণ ও তংক্রমে সংযম ফল	•••	२४७	• • •	•••	¢২
উক্ত সংযম দারা বিশেষ জ্ঞান	•••	२৮७	•••	•••	e 0.
তারক বিবেকজ জ্ঞান	•••	२৮१	• • •	• ,	. 68
প্রকৃতি ও পুরুষের মুক্তি	•••	२५३		•••	çe

### কৈবল্য পাদ।

বিষয়		পৃষ্ঠা			স্থ
জন্মাদি পঞ্চবিধ সিদ্ধি · · ·	•••	२৯२	•••		>
প্রকৃতির সাহায্যে জাত্যস্তর পরিণা	<b>য</b>	২৯৩,	•••		ર
অদৃষ্টের কার্য্য আবরণ ভঙ্গ	<b>&gt;</b>	२৯8			૭
যোগবলে অসংখ্য চিত্ত নিৰ্ম্বাণ	;	२৯७	•••	• • •	8
যোগীর একচিত্ত অনেক চিত্তের চার্	<b>াক</b>	२৯१	•••	•••	œ
ধ্যানজ চিত্তে অদৃষ্ট জন্মে না	• • •	२৯৯	• • •	• • •	৬ গ
শুক্লাদি কর্ম্মের বিবরণ \cdots	•••	900	•••	• • •	9
সংস্কারের অভিব্যক্তি · · ·	\	<b>১</b> ৽২–৩৽৬	•••	••	b->°
ক্লেশাদির অভাবে সংস্কারের অভাব	•••	೦• ನ	•••	•••	>>
অতীত ও অনাগত সিদ্ধি	•••	৩১২	• • •	• • •	25
ধর্ম সকলের ব্যক্ত ও অব্যক্ত অবস্থা	••	<b>9</b> 28			०८
ত্রিগুণাত্মক বস্তুর একত্বসিদ্ধি		<b>3</b> ) (C		• • •	>8
জ্ঞান ও জ্ঞেয়ের পৃথক্ সত্তা	'	७১१–७२১		•••	>e->%
জ্ঞান ও জ্ঞেয়ের পৃথক্ সত্তা বস্তুর জ্ঞান ও অজ্ঞান		७১१–७२১ ७२ <b>२</b>	•••	•••	24 . 26-22
বস্তুর জ্ঞান ও অজ্ঞান	•••		•••	•••	
বস্তুর জ্ঞান ও অজ্ঞান	,	૭૨ ૨	•••	•••	<b>&gt;</b> 9 '
বস্তুর জ্ঞান ও অজ্ঞান পুরুষের অপরিণামিতা		૭૨૨ ૭૨ <b>૭</b>	•••	•••	24 ·
বস্তুর জ্ঞান ও অজ্ঞান পুরুষের অপরিণামিতা চিত্ত স্বপ্রকাশ নহে		૭૨૨ ૭૨ <b>૭</b> ૭૨৪–૭૨ <b>৮</b>	•••		)9 >b )a-<)
বস্তুর জ্ঞান ও অজ্ঞান পুরুষের অপরিণামিতা চিত্ত স্বপ্রকাশ নহে পুরুষের দারা চিত্তর্তিপ্রকাশ চিত্তের দারা সকল বিষয় প্রকাশ		৩২ <b>২</b> ৩২ <b>৩</b> ৩২৪–৩২৮ ৩২৯	•••		52-52 58-52
বস্তুর জ্ঞান ও অজ্ঞান পুরুষের অপরিণামিতা চিত্ত স্বপ্রকাশ নহে পুরুষের দ্বারা চিত্তর্তিপ্রকাশ চিত্তের দ্বারা সকল বিষয় প্রকাশ পুরুষার্থের সাধক চিত্ত		৩২ ২ ৩২ ৩ ৩২ ৪ – ৩২৮ ৩২ ৯ ৩৩ •			59 53-25 24 54
বস্তুর জ্ঞান ও অজ্ঞান পুরুষের অপরিণামিতা চিত্ত স্বপ্রকাশ নহে পুরুষের দারা চিত্তর্ত্তিপ্রকাশ চিত্তের দ্বারা সকল বিষয় প্রকাশ পুরুষার্থের সাধক চিত্ত		৩২ ২ ৩২ ৩ ৩২ ৪ –৩২৮ ৩২ ৯ ৩৩ ৽ ৩৩ ৩			>9 >>- >>- >> >> >> >>
বস্তুর জ্ঞান ও অজ্ঞান পুরুষের অপরিণামিতা চিত্ত স্বপ্রকাশ নহে পুরুষের দারা চিত্তর্তিপ্রকাশ চিত্তের দারা সকল বিষয় প্রকাশ পুরুষার্থের সাধক চিত্ত বিশেষদর্শীর আত্মজিক্সাসানির্তি বিশেষ জ্ঞান কালে চিত্তের গতি .		৩২ ২ ৩২ ৩ ৩২ ৪ – ৩২৮ ৩২ ৯ ৩৩ ০ ৩৩ ৪			>9 >b >a-2> 22 29 28 20
বস্তুর জ্ঞান ও অজ্ঞান পুরুষের অপরিণামিতা চিত্ত স্বপ্রকাশ নহে পুরুষের দারা চিত্তর্ত্তিপ্রকাশ চিত্তের দারা সকল বিষয় প্রকাশ পুরুষার্থের সাধক চিত্ত বিশেষদর্শীর আত্মজিক্সাসানির্ত্তি .		02 2 02 9 02 8 – 02 b 02 6 00 0 00 8			>9 >b >a-2> 22 29 28 20 28
বস্তুর জ্ঞান ও অজ্ঞান পুরুষের অপরিণামিতা চিত্ত স্বপ্রকাশ নহে পুরুষের দারা চিত্তর্ত্তিপ্রকাশ চিত্তের দারা সকল বিষয় প্রকাশ পুরুষার্থের সাধক চিত্ত বিশেষদর্শীর আত্মজ্ঞিজাসানির্ত্তি বিশেষ জ্ঞান কালে চিত্তের গতি . বিবেককালেও ব্যুখানের সম্ভব .		02 2 02 8 - 02 b 02 8 - 02 b 00 0 00 0 00 8 00 0			> 9 > b > 3 - 2 > 2 2 2 8 2 8 2 8 2 9 2 9

জ্ঞেয় অপেক্ষা জ্ঞানের আধিক্য	083	دی
কুতার্থ গুণ সকলের পরিণামক্রমনিবৃত্তি	৩৪২	૭ર
ক্রমের বিবরণ ··· ···	<b>૭</b> 8૭	৩৩
গুণত্রর ও পুরুষের মুক্তি · · ·	৩৪৭	•8

স্চীপত্র সঁমাপ্ত।

## পাতঞ্জল দর্শন।

### সমাধি পাদ।

### હ

ভাষ্য। য স্ত্যক্ত্বা রূপমান্তং প্রভবতি জগতোহনেকধাহমুগ্রহায়
প্রক্ষাণক্রেশরাশির্বিষমবিষধরোহনেকবক্ত্রঃ স্থভোগী।
সর্ববজ্ঞানপ্রসূতির্ভূজগপরিকরঃ প্রীতয়ে যস্থ নিত্যং
দেবোহহীশঃ স বোহব্যাৎ সিতবিমলতমুর্যোগদো যোগযুক্তঃ॥

বাাধ্যা। যা আছাং রূপং ত্যক্তা ( দর্শকলেবরং বিহায় আংশেন ভূবি অবতীর্য ) জগতঃ অনেকধা অন্থ্রহায় ( শব্দযোগভেষজশাস্ত্রপ্রমনেন বাদ্মনা কায়মলকালনায় ) প্রভবতি ( সমর্থো ভবতি ), প্রক্ষীণক্রেশরাশিঃ ( প্রকর্ষেণ ক্ষীণঃ শক্তিবিধুরঃ দয়্মবীজভাবঃ ক্রেশানাং অবিছাদীনাং রাশিঃ সমূহো যস্ত ) বিষমবিষধরঃ, (ভীষণদর্পঃ) অনেকবক্ত্রঃ ( সহস্রবদনঃ) স্থভোগী ( স্কর্মনাশালী ) সর্বজ্ঞানপ্রস্থতিঃ ( সকলবিছাকরঃ ) ভূজগপরিকরঃ ( সর্পসমূহঃ ) যন্ত্র প্রীতরে নিত্যং ( বর্ত্তরে ইত্যর্থঃ ) যোগদঃ ( যোগশাস্ত্রপ্রবর্তকঃ ) যোগমূকঃ .( স্কর্মং যোগী ) সিতবিমলতক্তঃ ( শুল্লনির্মলমূর্ত্তিঃ ) দেবঃ ( গ্রোজনশীলঃ ) সঃ অহীশঃ ( অহীনাং সর্পাণাং ঈশঃ অধিপতিঃ ) বঃ ( যুয়ান্ ) অব্যাৎ ( রক্ষেৎ ) । শ্লিবপক্ষে, বিষমবিষধরঃ ( নীলকণ্ঠঃ ) অনেকবক্তঃ (পঞ্চমুখঃ ) স্ক্রভোগী ( স্ক্ররপালনরতঃ ) দেবঃ হি ঈশঃ ( মহাদেবঃ ) ইতি পদছেদঃ, স্কন্তং সর্বাং স্মানম্ ।

অম্বাদ। বিনি ভ্রমণ্ডলের বিবিধ উপকার সাধন মানসে আছা অর্থাৎ নাগরপ পরিত্যাগ পূর্বক অংশতঃ পৃথিবীতে অবতীর্ণ ইইরাছেন, যাহার অবিছা, অম্মিতা, রাগ, দ্বেম ও অভিনিবেশ এই পঞ্চবিধ ক্লেশ ক্ষীণ হইরাছে, বিনি অনেক মুথে বিষম বিষ ধারণ করেন, যাহার ফণামণ্ডল অতি বিস্তৃত, যিনি সমস্ত জ্ঞানের আলয়, সর্পাগণ সর্বাদা যাহার প্রীতি জন্মাইতেছে, যাহার শরীর শুভ্র ও নির্মাল, যিনি বোমের উপদেষ্টা ও স্বয়ং যোগী, সেই দেব অহিপতি অনস্তরাজ আপনাদিগকে কৃষ্ণা কর্মন।

मखता। निर्विष्य श्रष्ट ममाश्रि इटेर्टर এই অভিপ্রায়ে আশীর্কাদ বা নমস্কাররূপে অভীষ্টদেবের স্মরণ করিবার নিয়ম আছে। ভাষ্যকার বেদব্যাস ঐ অভিপ্রায়ে যোগশাস্ত্রপ্রবর্ত্তক অনস্তদেবের শ্বরণ করিয়াছেন। যোগস্থ্রপ্রণেতা পতঞ্জলি অনন্তদেবের অবতার ইহা ভাষ্যকারের শ্লোকেই প্রতিপন্ন হইতেছে। অনন্তদেবের অবতার এই পতঞ্জলি যোগদর্শন, মহাভাষ্য ও চরকনামক বৈল্পক গ্রন্থ রচনা করিয়াছেন। যোগদর্শন ও মহাভাষ্য (পাণিনি ব্যাকরণের ফণিভাষ্য) পতঞ্চলির স্বনামেই প্রসিদ্ধ আছে। চরকগ্রন্থে অনস্তদেবের নাম স্পষ্ট না থাকিলেও ভাবপ্রকাশে উল্লেখ আছে, যথা ভাবপ্রকাশে চরকপ্রাহর্ভাবে; "যদা মৎস্ঠাবতারেণ হরিণা বেদ উদ্ধৃতঃ। তদা শেষশ্চ তত্রৈব বেদং সাঙ্গমবাপ্তবান। অথব্যস্তিগতং সম্যাগায়ুর্বেদঞ্চ লব্ধবান । একদা তু মহীবৃত্তং দ্রষ্ট্রং চর ইবাগতঃ। তত্র লোকান গদৈর্গ্রনা ব্যথয়া পরিপীড়িতান। স্থলেমু বছষু ব্যগ্রান মিয়-মানাংশ্চ দৃষ্টবান্। তান দৃষ্টাতিদয়াযুক্তস্তেষাং হঃথেন হঃখিতঃ। অনন্তশ্চিন্তয়া-মাস রোগোপশমকারণম্। সঞ্চিন্তা স স্বয়ং তত্র মুনে: পুত্রো বভূব হ। প্রসিদ্ধস্ত বিশুদ্ধস্থ বেদবেদাঙ্গবেদিন:। যতশ্চর ইবায়াতো ন জ্ঞাতঃ কেনচিদ্যতঃ। তন্মাচ্চরকনামানে বিখ্যাতঃ কিতিমগুলে। স ভাতি চরকাচার্য্যো বেদাচার্য্যো यथी मिनि । महत्वतमनचाः स्मा त्यन भ्वः स्मा कृषाः कृष्ठः ॥" व्यर्थाः, मः चार्यात्रात्र হাঁর বেদ উদ্ধার করিবার সময় সেই স্থানে শেষ (অনস্ত নাগ) বড়ঙ্গযুক্ত বেদ ও অথর্কবেদের অন্তর্গত আয়ুর্বেদ লাভ করেন। কোনও এক সময়ে ঐ শেষ, নাগ ভূমণ্ডলের বৃত্তান্ত জানিবার নিমিত্ত চরের স্থায় আসিয়া দেখেন, লোক সকল ব্যাধিগ্রস্ত হইয়া নানারূপ কষ্ট পাইতেছে, উহারা রোগযন্ত্রণায় ইতহত: ধাবিত ও মরণোমুখ হইতেছে, এইরূপ দেখিয়া অনুস্তদেব দ্যাযুক্ত

रुरेया উराम्त्र अिकाद्मत्र উপाय हिसा क्रियाहित्न। जिन दर्गान्छ এক বেদবেদাঙ্গবেতা প্রাসিদ্ধ মুনির পুত্ররূপে জন্মগ্রহণ করেন। তিনি চরের স্থায় অলক্ষিতভাবে আদিয়াছিলেন এই নিমিত্ত চরক নামে পৃথিবীতে বিখ্যাত হয়েন। সেই চরকাচার্য্য বেদাচার্য্য বুহস্পতির ত্যায় শোভা পাইয়াছিলেন, উনি সহস্র বদন অনস্তদেবের অংশ, উহা দারাই রোগের বিনাশ হয়। পাতঞ্জল-ভোজরুত্তিতেও এই কথা স্পষ্ট আছে, "শলানামনুশাসনং বিদধতা পাতঞ্জলে কুর্বতা বৃত্তিং রাজমৃগার্কদংজ্ঞকমপি ব্যাতরতা বৈগতে। বাক্চেতো-বপুষাং মলঃ ফণিভূতাং ভর্ত্তেব বেনোদ্দৃতস্তম্ভ এরণরঙ্গমল্লন্পতের্বাচো জয়স্ত্যু-ैं জলাঃ।" অর্থাৎ ভোজরাজ শব্দারুশাসন, পাতঞ্জলত্তি ও রাজমূগাক নামক বৈপ্তকগ্রন্থ প্রণয়ন করিয়া ফণিভূৎ ভর্ত্তা অনস্তদেবের স্থায় বাক্য, চিত্ত ও শরীরের মল বিদূরিত করিয়াছেন, ইহা ছারা বুঝাইতেছে অনস্তদেবের যোগশাস্ত্রে কোনও গ্রন্থ আছে। স্থানাস্তরে উল্লেখ আছে "যোগেন চিত্তস্থ পদেন বাচাং মলং শরীরশু তু বৈশ্বকেন। যোহপাহরং পল্লগরাজ এষ: অর্থাৎ পন্নগরাজ অনস্তদেব যোগশাস্ত্র দারা চিত্তের, পদশাস্ত্র ব্যাকরণের (ফণিভাষ্মের) দ্বারা ভাষার ও বৈদ্যক শাস্ত্র দ্বারা শরীরের মল (বাাধি) অপহরণ করিয়াছেন। এক্ষণে ভাষ্যকারের আশীর্কাদ শ্লোক, ভাবপ্রকাশ, ভোজরুত্তি ও উল্লিখিত শ্লোক বিশেষরূপে পর্যালোচনা করিলে : স্পষ্টতঃ বোধ হইবে চরক পতঞ্জলি প্রভৃতি অনন্তদেবের অবতার।

#### সূত্র। অথ যোগারুশাসনম্॥ ১॥

ব্যাখ্যা। অথ (অধিকারার্থে) যোগান্থশাসনং (যোগস্থান্থশাসনং <u>যোগোপ-</u>
দেশকশাস্ত্রং, যোগঃ সমাধিঃ, যুজসমাধাবিতি ধাতোর্ভাবে ঘঞ, অন্থশিয়তে ব্যাখ্যায়তেহনেনেতি অনুশাসনং শাস্ত্রং, যোগশাস্ত্রমারনমিতি, আশাস্ত্রপরিসমাপ্তি যদ্বক্ষ্যে তৎ সর্বাং যোগবিষয়ক্মিত্যসুসন্ধেয়ম্)॥১॥

তাৎপর্য্য। বোগশাস্ত্র আরব্ধ হইল, ইহার পর যাহা কিছু বলা হইবে সমস্তই যোগ বিষয়ে বুঝিতে হইবে॥ ১॥

ভাষ্য। অথেত্যয়মধিকারার্থ:, যোগামুশাসনং নাম শাস্ত্রমধিকৃতং বেদিতব্যম্থ্র যোগঃ সমাধিঃ। স চ সার্ব্বভৌমশ্চিত্তস্ত্র ধর্মঃ কিপ্তং, মৃঢ়ং, বিক্ষিপ্তং, একাগ্রং, নিরুদ্ধমিতি চিত্তভূময়ঃ। তত্র বিক্ষিপ্তে চেতসি বিক্ষেপোপসর্জ্জনীভূতঃ সমাধিন যোগপক্ষে বর্ততে। যত্তেকাগ্রে চেতসি সন্তুতমর্থং প্রভাতয়তি, ক্ষিণোতি চ ক্লেশান, কর্মবন্ধনানি শ্লথয়তি, নিরোধমভিমুখং করোতি স সম্প্রজ্ঞাতো যোগ ইত্যাখ্যায়তে। স চ বিতর্কামুগতঃ, বিচারামুগতঃ, আনন্দামুগতঃ, অস্মিতামুগত ইত্যুপরিষ্টাৎ প্রবেদয়িশ্রামঃ। সর্ববর্তিনিরোধে হসম্প্রজ্ঞাতঃ সমাধিঃ॥ ১॥

অমুবাদ। এই অথ শব্দের অর্থ অধিকার অর্থাৎ আরম্ভ। যোগামূশাসশ (যোগের উপদেশক) নামক শাস্ত্র আরক্ষ হইল ইহা বৃঝিতে হইবে। যোগ-শব্দের অর্থ সমাধি অর্থাৎ চিত্তর্ত্তিনিরোধ। সমস্ত ভূমিতে (অবস্থাতে) বিদিত ধর্মকে সমাধি বলে। ক্ষিপ্ত, মৃঢ়, বিক্ষিপ্ত, একাগ্র ও নিরুদ্ধ এই পাঁচটী চিত্তের ভূমি অর্থাৎ অবস্থা। ইহার মধ্যে বিক্ষিপ্তচিত্তে যে সমাধি হয় উহা যোগপক্ষে থাকিতে পারে না অর্থাৎ উক্ত সমাধিকে যোগ বলা যায় না, কারণ উহা বিক্ষেপের উপসর্জ্জন অর্থাৎ বিক্ষেপের ছারা সর্বতোভাবে পরিব্যাপ্ত। যে সমাধি একাগ্রচিত্তে উৎপন্ন হইয়া সভূত অর্থকে অর্থাৎ যথার্থ বিষয়কে প্রকাশ করে, ক্লেশ সমুদায়কে ক্ষীণ করে, কর্ম্মরূপ বন্ধনকে শিথিল করিয়া দেয়, নিরোধ অবস্থাকে অভিমূথ করে অর্থাৎ যাহার পরেই নিরোধ সমাধি হইতে পারে, তাহাকে সম্প্রজ্ঞাত যোগ বলা যায়। ঐ সম্প্রজ্ঞাত সমাধি, বিতর্কাম্বগত (সবিতর্ক), বিচারাম্বগত (সবিচার), আনন্দাহগত (সানন্দ) ও অত্মিতাম্বগত (সামিত) এই চারি ভাগে বিভক্ত এ কথা পশ্চাতে বিশেষ রূপে প্রতিপন্ন করা যাইবে। চিত্তের সমস্ত বৃত্তি নিরোধ হইলে উহাকে অসম্প্রজ্ঞাত যোগ বগে ॥ ১ ॥

মন্তব্য। অথ শব্দে মঙ্গল, আনন্তর্য্য, প্রশ্ন প্রভৃতি অনেক ব্ঝায়, যেমন "অথাতো ব্রন্ধজিজাসা" এই ব্রন্ধহত্তে অথ শব্দের অর্থ আনন্তর্য্য, কিন্তু এথানে অথু শব্দের অর্থ অধিকার অর্থাৎ আরম্ভ। যোগশাস্ত্র আরম্ভ হইল, ইহার পর যত গুলি হত্ত বলা যাইবে, সমস্তই যোগের প্রতিপাদক, অর্থাৎ, কোনও হত্ত্ব যোগের কারণ, কোনটা যোগের স্বরূপ, কোনটা বা যোগের

कन रेजािन कार्प योग मन्नास्कर ममन्त्र एक न्विरं रहेरत। योगिवियर्व চিত্তের ভূমি অর্থাৎ অবস্থাবিশেষকে শাস্ত্রকারগণ মধুমতী, মধুপ্রতিকা. বিশোকা ও সংস্কারশেষা এই চারি ভাগে বিভক্ত করিয়াছেন, ইহাদের বিশেষ বিবরণ শেষে বলা যাইবে। এই সমস্ত ভূমিতে চিত্তের ধর্মা অর্থাৎ বুজি वित्मव वा नमछ वृद्धि निर्द्राभरक राग वर्ता। वृत्थान ও नमावि नाभावगिष्ठ-বুত্তি পাঁচ প্রকার, যথা, কিপ্ত, মৃঢ়, বিশিপ্ত, একাগ্র ও নিকন্ধ। সত্ব, রজঃ ও তম: এই গুণত্রয় চিত্তের উপাদান, স্ক্তরাং উহার ধন্ম সকল চিত্তে নিহিত আছে। যে সময় রজোভাগের আধিকাবশতঃ তগারা চিত্ত চাণিত হইয়া উড়িৎ প্রবাহের স্থায় বিষয় হইতে বিষয়াস্তবে গমন কবে চাহাকে ক্ষিপ্ত বলে। আলগু তন্ত্রা মোহ প্রভৃতি বুত্তিকে মচ বলে। প্রাদশংই চঞ্চল থাকিয়া কদাচিৎ স্থিবভাব অবলম্বন করাকে বিক্ষিপ্ত ভূমি বলে। এক বিষয়ে বৃত্তি (জ্ঞান) ধারার নাম একাগ্র। সংস্কার মাত্র শেষ থাকিয়া সমুদায় বৃত্তি নিরোধের নাম নিরুদ্ধভূমি। একাগ্র ভূমিতে পৌকাপর্য্য রূপে মধুমতী, মধুপ্রতিকা ও বিশোকা এই তিনটা অবলা হইয়া থাকে। নিরুদ্ধ ভূমিকেই সংস্কাবশেষা বলে। এই ভূমি পঞ্চকের মধ্যে কিপ্ত ও মৃচ ভূমিতে সমাধির সম্ভাবনা নাই; বিক্ষিপ্তচিত্তে সময় সময় স্থিরতা হয় স্থতরাং যোগের সম্ভাবনা, এরপ আশকা হইতে পারে, তাই নিমেধ করা হইয়াছে। প্রাপ্তি থাকিলেই প্রতিষ্ধের আবশ্রকতা, কিপ্ত ও মৃঢ় ভূমিতে সমাধির প্রাপ্তি নাই স্নতরাং তাহাতে নিষেধও করা হয় নাই। বিক্ষিপ্ত অবস্থায় সমাবি হয় না বলায় কৈম্তিক ভায়ে অথাধীন ক্ষিপ্ত ও মৃঢ় অবস্থায় সমাবি নিষেধ ব্ঝিতে হইবে। বিক্ষিপ্ত চিত্তে যদিচ কথন কখন সাত্মিক ভাব আবিভূতি হইয়া স্থিরতা জন্মায় তথাপি উহা বিক্ষেপ কর্ত্বক সম্পূর্ণ পরাহত, স্কুতরাং তাহার সভা পর্যান্ত সন্দেহস্থল, কার্য্য করা ত' অতি দূবের কথা। চতুর্দ্দিকে প্রবল শত্রু পরিবেষ্টিত হীনবল ব্যক্তির ভাষ, সর্বদা জায়মান রাজ্স বিক্লেপের মধানিবিষ্ট কলাচিৎ উদ্ভূত সাত্মিক বৃত্তি স্থিরতার সত্তা বা কা**য্যকারিতা কিছুই** সম্ভব ন*হে*। পরিশেষে একাগ্রভূমিতে সম্প্রজাত ও নিরুদ্ধভূমিতে অসম্প্রজাত এই দিবিধ যোগ হইয়া থাকে। "দুষ্প্রজায়তে দাক্ষাৎ ক্রিয়তে দোয়স্বরূপমত্র" অর্থাৎ বে অবহার ধ্যেরের যথার্থরূপ প্রত্যক্ষ হয় তাহাকে সম্প্রজ্ঞাত যোগু বলে। এই সম্প্রজাত যোগ অবিষ্ণা, অস্মিতা, রাগ, দেষ ও অভিনিবেশ এই পঞ্চবিধ ক্লেশকে ক্ষীণ করে স্কৃতরাং ধর্মাধর্মরপ কর্ম্মবন্ধন শিথিল হইরা পড়ে। ক্লেশপঞ্চকের আশ্রয়ে থাকিয়াই ধর্মাধর্মরপ কর্ম্ম ফল-প্রদানে সমর্থ হয়। বিষয়ভেদে সম্প্রজাত যোগ বিতর্কাহগত (সবিতর্ক) প্রভৃতি চারিভাগে বিভক্ত হয়। বিরাট্পুরুষ, চতুর্ভুজ প্রভৃতি স্থুল মূর্ভি বিষয়ে বৃত্তিধারাকে বিতর্কাহগত বলে। স্থুলের কারণ স্ক্রাবিষয়ে সমাধির নাম সবিচার। ইক্রিয় বিষেয় সমাধির নাম সাননদ। অস্মিতা অর্থাৎ গৃহীতৃ (আত্মা) বিষয় সমাধির নাম অস্মিতাহগত। ইহাদের বিশেষ বিবরণ প্রথমপাদের ১৭ স্ত্র ভাষ্যে বলা যাইবে। যে অবস্থায় একটাও বৃত্তির উদর হয় না, কেবল সংস্কার মার্ভি অবশিষ্ট থাকে তাহাকে নিরোধ বা অসম্প্রজাত যোগ বলে। সম্প্রজাত যোগ হইতে পারে।

পাতঞ্জল সাংখ্যের পরিশিষ্ট স্বরূপ, এই নিমিত্ত ইহাকে সাংখ্যপ্রবচন বলা হয়। পাতঞ্জল ব্ঝিতে হইলে প্রথমতঃ সাংখ্যদর্শন পড়িতে হয়। সাংখ্য ও পাতঞ্জলের পদার্থ ভিন্ন নহে, কেবল ঈশ্বরতত্ব অতিরিক্ত পাতঞ্জলে আছে। সাংখ্যের পদার্থ পঞ্চবিংশতি তত্ত্ব; পুরুষ বা আত্মা, মূল প্রকৃতি (প্রধান), মহত্তত্ব ( বুদ্ধির সমষ্টি ), অহঙ্কারতত্ব ( অভিমান ), পঞ্চ তন্মাত্র ( শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ তন্মাত্র) একাদশ ইন্দ্রিয় (মনঃ ; চক্ষু:, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্; বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ ) পঞ্চ মহাভূত (ক্ষিতি, জল, তেজ্ঞঃ, বায়ু ও আকাশ)। পুরুষ ভিন্ন চতুর্বিংশতি তত্বই দ্রব্য জড়, পুরুষ নির্গুণ চৈতক্সস্বরূপ। "সচরাচর উত্তম মধ্যম ও অধম এই ত্রিবিধ জীব দেখা যায় স্বতরাং ইহার কারণ এইরূপ তিনটী হইবে, তাহাই সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয়। সত্ত্বে ধর্ম লঘুতা প্রকাশ, স্থুথ ইত্যাদি; রজোগুণের ধর্ম প্রবৃত্তি, ছংথ, প্রবর্ত্তনা ইত্যাদি; তমোগুণের ধর্ম আবরণ, গুরুত্ব, মোহ ইত্যাদি। কারণের ধর্ম কার্য্যে পরিণত হয় স্থতরাং নিথিলের কারণ গুণত্রয়াত্মক প্রকৃতির কার্য্য বিশ্বসংসারেও ঐ সমস্ত লক্ষিত হইয়া থাকে। পুরুষ নির্গুণ, স্থেছ:থাদি সমস্ত গুণই চিত্তের, অজ্ঞানবশতঃ চিত্তের ধর্ম পুরুষে প্রতিবিধিত হওরার পুরুষ বন্ধ হয়; চিত্তের ধর্ম্ম পুরুষে না পড়িলেই মুক্তি হয়। চিত্তও গুণত্ত্যের পরিণাম, স্বতরাং তাহার সাত্ত্বিক রাজসিক ও তামসিক ত্রিবিধ বৃত্তি হইয়া থাকে। সাম্বিক বৃত্তির ক্রমশঃ আবির্ভাব হইলেই মুক্তিমার্গে, অমুসরণ হয়। আধ্যায়িক, আধিতোতিক ও আবিদৈবিক এই ত্রিবিধ ছঃথেঁর অত্যন্ত বিনাশকে মুক্তি বলে, ইহার কারণ চিত্ত হইতে পুরুষকে পৃথক্ রূপে জানা। স্থগছংখাদি সমস্ত চিত্তধর্ম পুরুষে আরোপিত হইয়া তাহার বলিয়া প্রতীতি হয়, ইহাতেই আমি স্থলী ছংলী এইরূপ মিথ্যা জ্ঞানে অন্ধ হইয়া পুরুষ বদ্ধ হয়। এই মিথাা-র্জ্ঞানরজ্জুবন্ধন ছিয় করিতে পারিলেই পুরুষ মুক্ত হয়। আয়া (পুরুষ) চিত্তাদি নহে এইরূপে ভেদজ্ঞান হইলে আপনা হইতেই আরোপিত স্থগছংখাদি ধর্ম সকল পুরুষ হইতে বিদ্রিত হয়; ক্ষতরাং পুরুষ সকীয় সম্ভভাবে অবস্থান করে। আয়্রতম্ব সাক্ষাৎকারই মুক্তির একমাত্র কারণ। ইহা অতি ছর্লভ পদার্থ, দৃঢ় বৈরাগ্য সহকারে অস্তাঙ্গ যোগের পুনং পুনং অনুশীলন করিলে জন্মজন্মান্তরে কাটিং হইতে পারে। মুক্তিমার্গে প্রতি হওয়াই ছ্মর, বৈষ্ট্রিক স্থভোগে বিষ বৃদ্ধি না হইলে ইহা হইতে পারে না। মুক্তিমার্গের অবিকার কাহার আছে, কিরূপে বৈরাগ্য দৃঢ় হয়, কিরূপেই বা ক্রমশঃ মুক্তিমার্গে অগ্রসর হইতে পারা যায় তাহা যথা অবসরে বিশদরূপে প্রতিপাদন করা যাইবে॥ ১॥

### সূত্র। যোগশ্চিত্রতিনিরোধঃ॥

ব্যাখ্যা। চিত্তপ্ত ( অস্তঃকরণসামান্তপ্ত ) যা বৃত্তয়ঃ ( বক্ষ্যমানাঃ প্রমাণাদি-রূপাঃ ) তাসাং নিরোধঃ ( লয়ঃ ) যোগ ইত্যুচাতে ॥ ২ ॥

তাৎপর্য্য। চিত্তের বৃত্তি সমুদায়ের নিরোধ করাকে যোগ বলে। প্রমাণ, বিপর্যায়, বিকল্প, নিদ্রা ও স্মৃতি এই পঞ্চবিধ চিত্তবৃত্তি ॥ २॥

ভাষ্য। সর্বশক্ষাগ্রহণাৎ সম্প্রজ্ঞাতোহিপ যোগ ইত্যাখ্যায়তে।
চিত্তং হি প্রখ্যাপ্রবৃতিস্থিতিশীলত্বাৎ ত্রিগুণং। প্রখ্যারপং হি চিত্তসহং রজস্তমোভ্যাং সংস্ফাই ঐশ্বর্যাবিষয়প্রিয়ং ভবতি। তদেব
তমসামুবিদ্ধং অধন্মাজ্ঞানীবৈরাগ্যানৈশ্বর্যাপগং ভবতি। তদেব
প্রক্ষীণমোহাবরণং সর্বতঃ প্রজ্ঞোতমানং অমুবিদ্ধং রজোমাত্রয়
ধর্মজ্ঞানবৈরাগ্যাধ্যোপগং ভবতি। তদেব রজোলেশমলাপিতং

শ্বরপপ্রতিষ্ঠং সত্বপুরুষাত্ত গাখ্যাতিমাত্রং ধর্মমেঘধ্যানোপগং ভবতি, তৎপরং প্রসংখ্যানমিত্যাচক্ষতে ধ্যায়িনঃ। চিতিশক্তিরপরিণামিত্য-প্রতিসংক্রমা দর্শিতিবিষয়া শুদ্ধাচানস্তা চ সত্বগুণাত্মিকা চেয়ং। অতো বিপরীতা বিবেকখ্যাতিরিত্যতস্তত্যাং বিরক্তং চিত্তং তামপি খ্যাতিং নিরুণদ্ধি; তদবস্থং সংস্কারোপগং ভবতি। স নির্বীজ্ঞঃ সমাধিঃ, নৃ তত্র কিঞ্চিৎ সম্প্রজ্ঞায়তে ইত্যসম্প্রজ্ঞাতঃ দিবিধঃ স যোগশ্চিতব্রতিনিরোধ ইতি॥ ২॥ '

অম্বাদ। স্ত্রে সর্কশক্থাহণ (সর্ক্চিত্তর্ত্তিনিরোধঃ এইরূপ) না থাকার সম্প্রজ্ঞাত সমাধিকেও যোগ বলা হইল। সর্ক্চিত্তর্ত্তি নিরোধ যোগ এইরূপ বলা হইলে কেবল অসম্প্রজ্ঞাত সমাধি ( যাহাতে চিত্তের কোনও বৃত্তি থাকে না ) বোগ হইত, সম্প্রজ্ঞাত সমাধিতে সাদ্বিক বৃত্তি থাকিয়া রাজস তামস বৃত্তির নিরোধ হয়, এটা যোগ হইতে পারিত না, কিন্তু তাহা বলা হয় নাই, সামান্ততঃ চিত্তর্ত্তি নিরোধকেই বোগ বলার সম্প্রজ্ঞাত ও অসম্প্রজ্ঞাত উভয়কেই যোগ বলা-হইল।

ৈ চিত্ত; প্রথ্যা, (বিষয়ের ছায়াগ্রহণরূপ প্রকাশ) প্রবৃত্তি (ক্রিয়া) ও স্থিতি (বৃত্তিরূপ গতির অভাব, নিদ্রা) এই বিবিধ স্বভাব অবলম্বন করায় সম্ব রক্ষঃ তমঃ এই বিশুণাত্মক অর্থাৎ উক্ত বিশুণবির্হিত। প্রথ্যাত্মপ (সম্বব্দুল) চিত্তরুস্থ (চিত্তরূপে পরিণত সম্বশুণ) রক্ষঃ ও তমোপ্তণে সংমিশ্রিত হইয়া ঐশর্য্য (অণিমা প্রভৃতি) ও বিষয়ে (শক্ষম্পর্যরূপরসগল্ধে) অত্মরাগী হয়। (এইটা ক্ষিপ্তাবস্থা, ইহাতে রক্ষঃ ও তমোপ্তণ সম্ম হইতে ন্যুন হইয়া পরম্পর সমবল থাকে) উক্ত চিত্ত তমোপ্তণে অত্মবিদ্ধ (রজোপ্তণকে অভিভব করিয়াছে এরূপ তমোপ্তণে সংশ্লিষ্ট) হইয়া অধর্মা, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্র্য্য এই সমন্ত তামস বিষয়ে আসক্ত হয়। এই চিত্ত হইতে যথন মোহ (তমঃ) রূপ আবরণ তিরোহিত হয় তথন সর্ক্রবিষয় প্রকাশ করিতে যোগ্য হইয়া কেবল রজোপ্তণের সামান্ত অংশের সহিত মিশ্রিত হইয়া ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য এই সমস্ত সামিক বিষয়ে অভিমুথ হয়। উক্ত রজোলেশ রূপ মল হইতে বিমুক্ত হইয়া চিত্তী স্বরূপে (নিজের স্বচ্ছতাবে) অবস্থান করিয়া সম্ব (চিত্ত) ও প্রক্ষের

( আত্মার ) ভেদজ্ঞানময় হয়, এই অবস্থায় ধর্মমেবসমাধি ( প্রকৃষ্ট ভুক্ল-ধর্মকে বে প্রসব করে) হইষা থাকে। এই ধর্মমেঘসমানি পর্যান্ত অবস্থাকে যোগিগণ পরপ্রসংখ্যান অর্থাৎ তত্বজ্ঞানরূপ বিবেক খ্যাতির পরাকাষ্ট্য বলিয়া থাকেন।

চিতিশক্তি অর্থাৎ পুরুষ ( আরা ) অপবিণামিনা, পূর্ব ধর্মের তিরোধান হইয়া ধন্মান্তর উৎপত্তিরূপ প্রিণাম (বিকার) রহিত, অতএব ইহার প্রতি সংক্রম ( সঞ্চার, বিষযদেশে গমন ), নাই, চিত্তই বিষয়ক্রেপ পরিণত হইয়া পুরুষকে বিষয় প্রদশন করে বলিয়া পুরুষকে দশিত বিষয় ( যাঁহার উদ্দেশে 'বিষয় দেথান হয় ) বলা যায়, এই কারণে পুক্ষ শুদ্ধ (বিকারাদি দোষরহিত) এবং অনন্ত (ক্ষর্রহিত) বলিয়া কণিত হ্য। পূর্ব্বোক্ত বিবেকগাতি সত্ব-শুণের কার্য্য বলিয়া তদাত্মক, স্কুতরাং তাহাতে বিকাবাদি দোষ আছে, অতএব উহা চিতিশক্তি হইতে সম্পূৰ্ণ বিপরীত। এই নিমিত্ত চিত্ত উক্ত বিবেকখ্যাতিতে বিরক্ত হইয়া পূর্ব্বোক্ত বিবেকখ্যাতিকেও নিরোধ করে, উক্ত নিরুদ্ধাবস্থা অবলম্বন করিয়া কেবল তৎসংস্কারমাত্রনপে অবস্থান করে। ক্লেণাদি সমস্ত বীজ তিরোহিত হয় বলিয়া ইহাকে নিব্বীজসমাধি ও কোনও বিষয় প্রকাশ পাষ না ৰলিয়া ইহাকে অসম্প্ৰজ্ঞাত সমাধিও বলিষা থাকে। পূৰ্ব্বোক চিত্তবৃত্তিনিরোধনপ যোগ এই ভাবে সম্প্রজাত ও অসম্প্রজাত ভেদে দ্বিবিধ হইয়া থাকে ॥ ২ ॥

मस्या। हिन्दु बिनितां व व हो । त्यारात नका, वह नकराव नका গ্রহটী, সম্প্রজ্ঞাত ও অসম্প্রজ্ঞাত, লক্ষণে সর্বাশকের প্রবেশ অর্থাৎ সর্বাচিত্তরন্তি-নিরোধ যোগ এইরূপ বলিলে সম্প্রজ্ঞাত সমাধিতে যোগেব লক্ষণ যায় না. স্থতরাং অব্যাপ্তি ( লক্ষ্যে লক্ষণের গতি না হওয়া রূপ ) দোষের সম্ভাবনা। কারণ সম্প্রজাতাবস্থার চিত্তের ধ্যেয় আকারে সাত্মিক বৃত্তি থাকে, সমস্ত वृष्ठि निरताथ इस ना। यनि मर्खभरकत अरवन कता ना यात्र, जरव बुष्थान (ক্ষিপ্ত, মূঢ়, বিক্ষিপ্ত) অবস্থায় ও যোগের সম্ভাবনা, কারণ তাহাতৈও কোনও না কোন বুজির নিরোধ আছে ; কারণ বুজির স্বভাব এই বে, একের আইবির্ভাব কালে অপরের তিরোভাব হয়। এখন দেখা যাইতেছে হত্তে সর্বাশব্দের নিবেশ করা না করা উভয় পক্ষেই বিপদ্। ইহাকেই শাস্ত্রে "উভয়ত: পাশাইছু:"

२

বলিয়া থাকে। সর্বাশকের প্রবেশ করিলে লক্ষ্যে (সম্প্রজ্ঞাত সমাধিতে) লক্ষণ যায় না, না করিলেও অলক্ষ্যে (ক্ষিপ্তাদি অবস্থায়) লক্ষণ যায় বলিয়া অতিব্যাপ্তি দোষ।

স্ত্রকার ও ভাক্সবের অভিপ্রায়ামুসারে ইহার সমাধান ছই রকমে হইতে পারে। "তদা দ্রষ্টুঃ স্বরূপেহবস্থানং" এই অগ্রিম স্ত্রের সহিত এই স্ত্রের একবাক্যতা (একত্রে অর্থ) করিয়া "দ্রষ্টুঃ স্বরূপাবস্থিতিহেভূশ্চিত্তর্ত্তিনিরোধা বোগঃ" অর্থাৎ যে চিত্তর্ত্তিনিরোধাটী দ্রষ্টার (আয়ার) স্বরূপে অবস্থানের কারণ হয়, তাহাকে যোগ কহে। ক্ষিপ্তাদি অবস্থায় চিত্তর্ত্তিনিরোধ সকল ওরূপ নহে, উহাতে আয়ার স্বরূপে অবস্থান হয় না। সম্প্রজ্ঞাত অবস্থায় সাম্বিকর্ত্তি থাকে বলিয়া আয়ার স্বরূপে অবস্থান না হইলেও অসম্প্রজ্ঞাত অবস্থায় হইয়া থাকে। সম্প্রজ্ঞাত হইতেই অসম্প্রজ্ঞাতের উৎপত্তি হয়। স্থতরাং সম্প্রজ্ঞাত সমাধি আয়ার স্বরূপাবস্থানের হেতু।

কেছ বা "ক্ষীণোতি চ ক্লেশান্" এই প্রথম স্ত্র ভাষ্যের অভিপ্রায় মতে "ক্লেশকর্মাদিপরিপন্থী চিত্তবৃত্তিনিরোধো যোগঃ" অর্থাৎ যেরূপ চিত্তবৃত্তিনিরোধ ক্লেশকর্মাদির বিনাশক হয় তাহাকে যোগ বলে। এ পক্ষেও ব্যুত্থানাবস্থায় যোগের লক্ষণ যাইবে না, সম্প্রজ্ঞাতাবস্থায় যাইবে।

একই চিত্তের কিরূপে ক্ষিপ্তাদি পঞ্চ ভূমি সম্বন্ধ হয়, তাহা দেখাইবার নিমিত্ত ভাষ্যে চিত্তের প্রথ্যাপ্রবৃত্তিছিতিরূপ যথাক্রমে সম্বরজন্তমঃ স্থভাব বলা হইয়াছে। চিত্ত ত্রিগুণাত্মক না হইলে তাহাতে প্রথ্যাদি ধর্মের সম্ভাবনা থাকিত না, কারণের গুণই কার্য্যে সংক্রমিত হয়। প্রথ্যাশব্দে প্রসাদলাঘব প্রীতি প্রভৃতি সমস্ত সাত্মিকধর্মা, প্রবৃত্তিশব্দে পরিতাপ শোক প্রভৃতি সমস্ত রাজসধর্ম ও হিতিশব্দে গৌরব আবরণ প্রভৃতি সমস্ত তামসধর্ম গৃহীত হইবে। চিত্ত, গুণত্রয়ের কার্য্য বলিয়া উল্লিখিত সমস্ত ধর্ম্মই তাহাতে আছে। ভাল্যের চিত্তসন্থের নাম চিত্তাকারে পরিণত সম্ব। চিত্ত গুণত্রয়ের কার্য্য হইলেও প্রধানতঃ সম্বের উল্লেখ করা হইরাছে।

হিত্ত হইতে প্রুষকে (আত্মাকে) ভিন্নরূপে জ্ঞানই একমাত্র মুক্তির কারণ, কোমও একটী বস্তু হইতে অপর বস্তুকে ভিন্ন ভাবে ব্ঝাইতে হইলে, সাম্ব্র উভ্যের গুণ ও দোষরূপ ধর্মগুলি পৃথক্ পৃথক্ রূপে উল্লেখ করা আবিশ্রক। নতুবা কেবল ইহা হইতে উহা ভিন্ন এইরূপ সহস্রবার চীৎকার করিলেও শ্রোতার হৃদয়ঙ্গম হন্ধ না, তাই প্রথমতঃ পুরুষ ও বৃদ্ধির স্বরূপ ও সাধুতা অসাধুতা প্রভৃতি বিশেষ করিয়া দেখান হইয়াছে।

প্রথম স্বভাষ্যে যে ক্ষিপ্ত মৃঢ় প্রভৃতি পঞ্চবিধ চিত্তভূমির উল্লেখ আছে। **দিতীয় স্ত্রভান্যে তাহাই ব্লিশদরূপে বর্ণিত আছে।** রজোগুণের সম্পর্ণ আবির্ভাবের নাম ক্ষিপ্ত অবস্থা, ইহাতে উন্মত্তের স্থায় চিত্ত জাগতিক বিষয় ব্যাপারে সর্বাদা ব্যাপৃত থাকে, ক্ণকালও পরমার্থ পথে স্থিকরূপে অবস্থান করে না। মূঢ় অবস্থা ইহা অপেক্ষাও নিরুষ্ট, তথন তমোগুণের সম্পূর্ণ স্মাবির্ভাব হওয়ায় চিত্ত মোহজালে সম্পূর্ণ আচ্ছন্ন হইয়া ভাল মনদ বিচারে সর্বাথা অসমর্থ হয়। তথন মনুষ্যে ও পণ্ড প্রভৃতিতে ভেদ থাকে না বলিলেও চলে। বিশিপ্ত অৰম্বা পূৰ্ব্বোক্ত শিপ্ত অবস্থা হইতে কিঞ্চিৎ উৎকৃষ্ট ; এই অবস্থায় ভবসমুদ্রসঞ্চারি মনোরূপ মংশু ক্ষণকালের নিমিত্ত সমাধিজালে আবদ্ধ হয় কিন্তু পরক্ষণেই লক্ষপ্রদানে নিজবিহারদেশ বিষয়জলাশয়ে প্রবেশ করিয়া স্বচ্ছন্দ-বিহার করিতে থাকে। ধেমন রুহৎ জলাশয়ে মৎশু স্বীকার করিতে হইলে জালের আয়তন অধিক হইলেই স্থবিধা হয়, আয়তজালে একবার মংস্ত বন্ধ করিতে পারিলে ক্রমশঃ জাল গুটাইয়া মংস্তের সঞ্চার স্থান ক্মাইয়া পরিশেষে হাত দিয়াও ধরিতে পারা যায়; তদ্রুপ চিত্তকে জয় করিতে হইলে অগ্রে তাহার বিষয় অর্থাৎ সমাবির আলম্বন স্থল পদার্থকেই করা কর্ত্তব্য, পরে যত সঙ্কোচ করিতে শক্তি জন্মে ততই স্ক্রা স্ক্রাতর স্ক্রাতম বিষয়ে অবগাহন করিয়া পরিশেষে এমন কি বিষয় পরিত্যাগ করিয়াও চিত্ত স্থির থাকিতে পারে। মংশুকে একবার ধরিতে পারিলে যেমন শেষে আর জালের আবশুক থাকে না, তদ্রুপ চিত্তকেও জয় করিতে পারিলে আর ধারণার (সমাধির) বিষয়ের আবশ্রক থাকে না। মনোমীনকে তথন বিষয়জ্ঞলাশয় হইতে সম্পূর্ণভাবে উপরে স্থাপন করা হইয়াছে, ছাড়িয়া দিলেও আর যাইতে পারিবে না। একাগ্র অবস্থায় সাত্মিকরন্তির উদয় (চিত্তও পুরুষের ভেদক্ষরণ) হয়, তথনও রজোগুণের অংশ অল্পমাত্রীয় সত্তের সাহায্য করে, গুণত্রম প্ররম্পর সম্বদ্ধ । একাগ্ৰ অবস্থা ও নিৰুদ্ধ অবস্থাই যোগভূমি, একাগ্ৰ অবস্থায় সম্প্ৰজাত ও নিৰুদ্ধ অবস্থায় অসম্প্ৰজাত সমাধি হয়॥ २॥

ভাষ্য। তদবস্থে চেতসি বিষয়াভাবাৎ বুদ্ধিবোধাত্মাপুরুষঃ কিং স্বভাব ইতি ?

### সূত্র। তদা দ্রমটুঃ স্বরূপেহবস্থানম্॥ ৩॥

ব্যাখ্যা। তদা (সর্ব্বচিত্তর্ত্তিনিরোধরূপাসম্প্রজ্ঞাতাবস্থায়াং) দ্রষ্টুঃ (চিতি-শক্তেঃ পুরুষ্ম্ম) স্বরূপে (স্বকীয়ে পারমার্থিকে নির্বিষয়টৈতন্ত্রমাত্রে) অবস্থানং (স্থিতির্বতীত্যর্থঃ)॥ ৩॥

তাৎপর্য। অসম্প্রজাত সমাধি অবস্থায় দ্রষ্টার ( আত্মার ) স্বকীয় নির্নিপ্ত-রূপে অবস্থান হয়, আমি স্থণী হুঃখী ইত্যাদি জ্ঞান হয় না॥৩॥

ভাষ্য। স্বরূপপ্রতিষ্ঠা তদানীং চিতিশক্তিং যথা কৈবল্যে, বুল্থানচিত্তে তু সতি তথাপি ভবস্তী ন তথা।

অনুবাদ। চিত্ত তদবস্থ (বৃত্তিহীন) হইলে বিষয় (পুরুষের বিষয় চিত্তবৃত্তি)
না থাকায় বৃদ্ধিবোধ (চিত্তবৃত্তিপ্রকাশ) স্বভাব পুরুষ কিরপে অবস্থান
করে এই আশস্কায় বলা হইতেছে কৈবলা (মৃক্তি) অবস্থার ভাগ সেই সময়
(অসম্প্রভাত সময়) চিতিশক্তি (আআ, পুরুষ) স্বরূপে প্রতিষ্ঠিত অর্থাৎ
নির্দ্ধিভাবে অবস্থান করে। চিত্ত বৃহ্ণান অর্থাৎ বিষয়াকার ধারণ করিলে
পুরুষ সেরূপ (নির্দ্ধিভাব) হইয়াও হয় না॥ ৩॥

মন্তব্য। পুরুষের বিষয় চিত্তবৃত্তি, চিত্তবৃত্তির বিষয় সমস্ত জগং, পুরুষ চিত্তবৃত্তিকে থার করিয়া সমস্ত জগং প্রকাশ করে, অতএব বিষয়াকারে পরিণত বৃদ্ধিকে প্রকাশ করাই পুরুষের স্বভাব, পুরুষ কেবল বৃদ্ধিকে (বৃত্তিহীন অবস্থায়) প্রকাশ করে না। স্বভাবকে ত্যাগ করিয়া ভাব (দ্রুব্য)
থাকিতে পারে না "স্বভাবস্থ যাবদ্দ্রব্যভাবিত্বাং" বত কাল দ্রব্য থাকে স্বভাবও
তত কাল থাকে, স্র্য্যের স্বভাব প্রকাশ করা, বহ্রির স্বভাব দাহ করা,
প্রকাশ বা দাহ না করিয়া স্বর্য্য বা বহ্রি থাকিতে পারে না। আত্মার
(পুরুষের) স্বভাব চিত্তবৃত্তি প্রকাশ করা, এই স্বভাব পরিত্যাগ করিয়া,
নিরোধ অবস্থায় পুরুষ কি ভাবে অবস্থান করিবে ? এইটা উত্তর স্ত্রের
অব্বর্ধবিকা ভাগ্যের অর্থ।

একটু বিশেষরূপে চিস্তা করিলে উক্ত আশব্ধা আপনা হইতেই যাইবে, বস্তমাত্রই আপন স্বভাব পরিত্যাগ করে না সত্য, কিন্তু কিরূপ স্বভাব ? আগঁন্তক ধর্মকে স্বভাব বলা যায় না, নৈসর্গিক ধর্মই স্বভাব, জপাকুস্থম সন্নিধানে স্বচ্ছ ক্ষটিকে লৌহিত্য জন্মে, এই লৌহিত্য ক্ষটিকের স্বভাব নহে, স্থুতরাং এই আরোপিত ধর্মের আগম বা অপগমে যেমন স্ফটিকের কিছুই ক্ষতি বৃদ্ধি হয় না, তদ্ৰুপ আগন্তক ধৰ্ম, চিত্তবৃত্তি প্ৰকাশ (জন্ম জ্ঞান) করা বা না করা ইহাতে নিত্যজ্ঞানস্বরূপ আত্মার কিছুই হয় না, চিত্তর্তি প্রকাশ করিতে পুরুষের কোনই ব্যাপার হয় না, চিত্তরতি পুরুষদর্পণে আপনা হইতেই প্রতিফলিত হয়। নিত্যচৈতগ্রই আত্মার স্বভাব, জগুজ্ঞানরপ চিত্তরত্তি প্রকাশ করা তাহার স্বভাব নহে, স্বতরাং ঐ আরোপিত ধর্মকে পরিত্যাগ করিয়া পুরুষ থাকিবে তাহাতে বাধা কি १॥ ०॥

ভাষ্য। কথং তর্হি ? দর্শিতবিষয়ত্বাৎ

### সূত্র। রতি-সারূপ্যমিতরত্র॥ ৪॥

ব্যাখ্যা। ইতরত (সমাধেরন্তান্মিন জাগ্রদাদে) বৃত্তি-সারূপ্যং (বৃত্তীনাং স্থ্য-তৃঃখ-মূচ্রপাণাং প্রমাণাদীনাং ; সারপ্যং অভেদঃ, ব্যুত্থানকালে বিষয়াকারা-শ্চিত্তবৃত্তয়ঃ পুরুষেহপ্যাপচর্যান্তে ইতার্থ: ) ॥ ৪ ॥

তাৎপর্য্য। যোগের অভা সময় যথন চিত্ত বিষয়রূপে পরিণত হইয়া বৃত্তিমৎ হয়, তথন চিত্তও পুরুষের একরূপ বৃত্তি হয়। চিত্তের বৃত্তি সকল পুরুষের বলিয়া বোধ হয় ॥ ৪ ॥

ভাষ্য। বুল্থানে যাশ্চিত্তবৃত্তয়ঃ তদবিশিষ্টবৃত্তিঃ পুরুষঃ; তথাচ সূত্রম্ "একমেবদর্শনং, খ্যাতিরেব দর্শনম্" ইতি। চিত্তময়স্কাস্তমণি-কল্লং সন্নিধিমাত্রোপকারি দৃশ্যত্বেন স্বং ভবতি পুরুষস্থ স্বামিনঃ। তস্মাৎ চিত্তবৃত্তিবোধে পুরুষস্থানাদিঃ সম্বন্ধো হেতুঃ॥ ৪॥

অমুবাদ। কথং তর্হি ? (তবে কিরূপে ?) ভাষ্মের এই প্রশ্নভাগ পদ্দুত্তের আভাস। তর হুত্রভায়ে বলা হইয়াছে চিত্তের ব্যুত্থানকালে পুরুষ স্বকীয় স্বচ্ছতাবে অবস্থান করে না, যদি স্বরূপে না থাকে তবে কি ভাবে থাকিবেঁ

"দর্শিতবিষয়ত্বাং" এই ভাষ্টুকু স্থেরের পূরণ, অর্থাৎ ইহার সহিত মিলন করিয়া "দর্শিতবিষয়ত্বাং বৃত্তি-সারূপ্যমিতরত্বা" এইরূপ স্থে বৃত্তি হইবে। দর্শিতাঃ উপনীতাঃ, বিষয়াঃ শব্দাদয়ো ভোগ্যাঃ, যদ্মৈ অসৌ দর্শিতবিষয়ত্বং, তস্মাৎ। অর্থাৎ চিত্ত বিষয়রূপে পরিণত হইয়া পুরুষকে বিষয় প্রদর্শন করে, বিষয়বিশিষ্ট চিত্ত পুরুষে প্রতিবিশ্বিত হয় এই নিমিত্ত পুরুষকে দর্শিত বিষয় বলা যায়। ব্যুখানকালে যেরূপ চিত্তবৃত্তি হয় পুরুষকেও যেন ঐরূপ বৃত্তি (আমি স্থুগী, আমি দেখিতেছি ইত্যাদি) হইয়াছে বিলয়া বোধ হয়। এ বিষয়ে স্ত্র (পঞ্চশিথক্বত) আছে, "একমেব দর্শনং, খ্যাতিরেব দর্শনম্" একমেব দর্শনম্ ইহারই অর্থ খ্যাতিরেব দর্শনম্, অর্থাং ব্যুখানকালে চিত্ত ও পুরুষ উভয়ের একরূপ দর্শন, (খ্যাতি, জন্ম জ্ঞান) প্রকাশ হইয়া থাকে।

অয়য়য়য়৸৽ (চুম্বকপাথর) যেরপ লোহের নিকটে থাকিয়া উহাকে আকর্ষণ করে, লোহের সহিত সংযোগ না হইলেও হয়, তজ্রপ চিত্ত পুরুষের নিকটে থাকিয়াই উহার উপকারক হয়, পুরুষকে সমস্ত বিষয় প্রদর্শন করায়। এইরপে চিত্ত পুরুষের দৃশু (অন্থভাবা, ভোগ্য) হইয়া "য়" অর্থাৎ স্বকীয় (আত্মীয়) হয়। অজ্ঞানবশতঃ এইরপ চিত্তরুত্তি বোধ পুরুষে হইয়া থাকে, ইহার কারণ চিত্তের সহিত পুরুষের অনাদি সম্বন্ধ অর্থাৎ ভোক্তভোগ্যভাব, পুরুষ ভোক্তা (দ্রন্থা), চিত্ত ভোগ্য (দৃশু)। বৃত্তিবিশিষ্ট চিত্তই পুরুষের বিষয়॥৪॥

মন্তব্য। অধ্যাত্মশাস্ত্রের মধ্যে "বৃত্তি-সারূপ্যমিতরত্র" এই অংশ অতিশয় ছর্ম্বোধ। পুরুষের স্বকীয় কোনও ধর্ম্ম (স্থু, ছংখ, জ্ঞান ইত্যাদি) নাই, সমস্তই চিত্তের ধর্ম, অজ্ঞানবশতঃ পুরুষের বলিয়া বোধ হর বলিয়াই আমি স্থুখী, আমি ছংখী ইত্যাদি রূপে পুরুষ আবদ্ধ হয়, ইহার মর্ম্ম অবধারণ করা বড়ই ছদ্ধর। জগতে আমি ভিন্ন (কর্ত্তিয়) অপর সমস্ত পদার্থই বিচারের বিষয় হইতে পারে, আমাকে আমি বিচার করা কিরূপে হইতে পারে? বিচারুকর্তা আমি ভিন্ন আর কে? আমার স্থুখ-ছংখাদি আছে কি না? আমার স্থুরূপ কি? ইত্যাদি বিষয় যতই আলোচনা করা বায় ততই যেন ছিল্লা-তরঙ্গ উদ্বেল হইয়া পড়ে। এই জন্মই শাস্ত্র বলিয়াছেন "নৈষা তর্কেণ

মতিরাপনীয়া" অর্থাৎ কেবল তর্ক দারায় আত্মজ্ঞান লাভ হয় না। নিকামভাবে সমস্ত কর্ম্মের অনুষ্ঠান দারা চিত্তভদ্ধি হইলে শ্রবণ, ( অধ্যাক্মশাস্ত্রের মর্ম্মবোধ ) মনন ( যুক্তি দারা শাস্ত্র বিষয় স্থির করা ) ও নিদিধ্যাসন (ধারণা, ধ্যান, সমাধি ) সহকারে এই চুজ্জেন্ন-তত্ব-জ্ঞান জন্মিতে পারে।

প্রথমতঃ এরূপ আশঙ্কা হইতে পারে; আমি স্থী, আমি হৃংখী, দেখিতেছি, শুনিতেছি, আমার কুধা, আমার পিপাদা, আমার স্বরণ ইত্যাদি রূপে প্রতিক্ষণই স্থ-ছঃখাদি ধর্মারিশিষ্ট বলিয়া আত্মার প্রত্যক্ষ হইতেছে, তবে আত্মার কোনও ধর্ম নাই ইহা কিরূপে সঙ্গত হইতে পারে ৫ যদিচ শাস্ত্র. অমুমান প্রভৃতি পরোক্ষ প্রমাণ দ্বারা "আত্মার কোনও ধর্ম নাই" ইহা প্রতিপন্ন করা যায়, কিন্তু ইহা উক্ত প্রত্যক্ষপ্রমাণের সম্পূর্ণ বিকল্প বলিয়া উহাকে প্রমাণ বলিয়া স্বীকার করা যায় না, অপর সকল প্রমাণই প্রত্যক্ষ প্রমাণের আশ্রমে উৎপন্ন হয় স্মৃতরাং প্রতাক্ষের বিরোধ হইলে প্রোক্ষপ্রমাণ অনুমান আগম প্রভৃতিকে স্বীকার করা যায় না।

একটু চিন্তা করিলে উক্ত বিষয়ের মীমাংসা হইতে পারে, সকল প্রমাণ অপেক্ষা প্রত্যক্ষপ্রমাণ বলবৎ তাহার সন্দেহ নাই. কিন্তু দেখিতে হইবে ঐ প্রতাক্ষটী প্রমাণ ( প্রমার অর্থাৎ যথার্থ জ্ঞানের জনক ) কি না ? প্রতাক্ষটী প্রমাণ না হইলে উহা পরোক্ষপ্রমাণ দারা অবগ্রহ বাধিত হইবে। দিক্ বিভ্রমস্থলে অনেকেই পূর্ব্বকে উত্তর বলিয়া জানে, উহা প্রত্যক্ষজ্ঞানও বটে, কিন্তু উহা "এটা উত্তর নহে, পূর্ব্ব" এইরূপ পরোক্ষপ্রমাণ (শব্দ) দ্বারা বাধিত হইয়া থাকে। এইরূপ আত্মাবিষয়ে সাধারণ ভ্রান্তগণের আমি স্থথী ইত্যাদি রূপে প্রত্যক্ষ হয় উহা প্রমাণ নহে, ভ্রম; স্বতরাং শাস্ত্র প্রভৃতি পরোক্ষপ্রমাণ দ্বারা অবশ্রই বাধিত হইবে।

অধ্যাত্মবিষয়ে আর একটা উদাহরণ দেখাইলে উক্ত বিষয় সহজেই প্রতিপন্ন হইবে। হস্তপদাদি অঙ্গবিশিষ্ট এই স্থলদেহ আত্মা নহে এ বিষয় নান্তিক ভিন্ন আন্তিক (যাহারা পরলোক স্বীকার করেন) গণ সকলেই স্বীকার করেন, অথচ আমি সুল, কুশ, সুন্দর ইত্যাদি রূপে সুলদেহকেই আত্মা বলিয়া সাধারণের প্রতীতি হইতেছে; স্থূলদেহের ধর্ম স্থূলতা প্রভৃতি \_\_বেমন আত্মার না হইয়াও তাহার বলিয়া বোধ হয় তদ্রপ স্কাদেহের ধর্ম ুস্থ, তঃথ, জ্ঞান, পিপাদা প্রভৃতি আত্মার নহে, তথাপি আত্মার বিনিয়া বোধ হইরা থাকে। স্থলদেহের ধর্ম যেরূপ শ্রুতি দ্বারা আত্মার বাধিত হয়, তদ্ধেপ স্থাদেহের ধর্ম স্থা-তঃথাদিও বাধিত হইবে সন্দেহ নাই।

স্ক্রদেহ (লিঙ্গণরীর) সপ্তদশ অবয়ববিশিষ্ট। "পঞ্চপ্রাণ মনোবৃদ্ধি দশেক্তিরসম্বিতং। অপঞ্চীক্ত-ভূতোখং স্ক্রাঙ্গং ভোগসাধনম্" অর্থাৎ প্রাণ. অপান, উদান, সমান ও বাান এই আধাাত্মিক পঞ্বায়ু; মনঃ; (সকল, বিকলবিশিপ্ত অন্তঃকরণ) বুদ্ধি। (নিশ্চয়বিশিপ্ত অন্তঃকরণ) চক্ষুঃ, कर्व, नामिका, किस्ता, एक এই शक्ष छात्निस्य; वाक, शावि, शाप, शायु उ উপস্থ এই পঞ্চ কম্মেন্দ্রিয়, এই সপ্তদশ অবয়ববিশিষ্টকে স্থানেহ বর্গে উহা স্থাভূত (অপক্ষীকৃতভূত) হইতে উৎপন্ন। এই স্থা শরীর স্ষ্টির আদিতে প্রত্যেক পুরুষের ভিন্ন ভিন্ন রূপে এক একটী উপাধিভাবে স্পষ্ট হয়; উহা প্রলয় পর্য্যন্ত অবস্থান করে। যেমন ক্ষটিকের উপাধি জপাকুস্কম, মুখের উপাধি দর্পণ, হুর্যা ও চক্রের উপাধি জলাশয়, তদ্রপ এই লিঙ্গশরীর, পুরুষের উপাবি, স্থলদেইও পুক্ষের উপাধি। বেমন জপাকুস্থমরূপ উপাধির ধর্ম রক্তিমা গুণ সন্নিধিত স্বচ্ছ স্ফটিকে প্রতিবিধিত হয়, তদ্ধপ উক্ত দেহদ্বয় রূপ উপাধির ধর্ম স্থুনতা, রূশতা, স্থুখ, চঃখ, জ্ঞান প্রভৃতি পুরুষে আরোপিত হয়, ইহাতেই স্থা তঃথী প্রভৃতি রূপে পুক্ষ আবদ্ধ হয়। জপাকুসুমকে দুর করিতে পারিলে ক্ষটিকে আর রক্তিমা জন্মে না, ক্ষটিক আপনার স্বচ্ছ ধবল-ভাবে অবস্থান করে, তদ্রপ উক্ত দেহ ঘয়ের সহিত পুরুষের সম্বন্ধ বিনাশ করিতে পারিলে পুক্ষের আর বন্ধ ( সংসার ) থাকে না, তথন স্বকীয় স্বচ্ছ নির্মালরপে অবস্থান করিয়া মুক্ত হইতে পারে। কেবল চিত্ত পুরুষের রিষয় নহে, বিষয়াকারে পরিণামরূপ বৃত্তিযুক্ত চিত্তই পুরুষের বিষয়, অর্থাৎ বৃত্তি-বিশিষ্ট চিত্তেরই ছায়া পুরুষে পড়ে। "কখনও বৃত্তি হয় না" চিত্তকে এইরূপ করিতে পারিলেই পুরুষের মুক্তি হয়। এই উপায়ই অসম্প্রজ্ঞাত যোগ।

আকাশের ন্থায় আত্মা ও বিভূ অর্থাৎ সকল স্থানেই আছে, স্থতরাং তাহার গত্যাপতি নাই। যে বস্তু কোনও এক স্থানে থাকে তাহারই গমনাগম্ন সম্ভব হয়। অতএব সর্বাত্ত অবস্থিত আত্মার গমনাগমন নাই, পূর্ব্বোক্ত লিঙ্কশরীরই মর্মকালে স্থলশরীর হইতে বিযুক্ত হইয়া স্বর্গ নরকাদিতে গমন করে, জন্মকালে পুনর্বার অস্ত কোনও স্থুলদেহে প্রবেশ করে। ইহাকেই আয়ার গত্যাগৃতি ও জন্ম মৃত্যু বলিয়া থাকে, আকাশের উপাধি ঘটকে এক স্থান হইতে অস্ত স্থানে লইয়া গেলে দেমন ঘটসম্বদ্ধ আকাশ (ঘটাকাশ) ও স্থানাস্তরে গিয়াছে বলিয়া বোধ হয়, বস্ততঃ আকাশ কোথাও যায় না; তদ্ধপ আত্মার উপাধি লিঙ্গশরীরের গমনাগমনে আত্মার গমনাগমন বলিয়া ভ্রম হইয়া থাকে। এই লিঙ্গশরীর হইতে আত্মাকে পৃথক বলিয়া জানিতে পারিলেই মৃক্তি হয়। এই বিয়োগকেই শাস্ত্রকারগণ যোগ বলিয়াছেন, "পুস্ত্রক্কত্যোবিয়োগোহপি যোগ ইত্যভিধীয়তে" ইতি ॥ ৪॥

ভাষ্য। তাঃ পুনর্নিরোদ্ধব্যা বহুত্বে সতি চিত্তস্থ।

সূত্র। বৃত্তয়ঃ পঞ্তয়ঃ ক্লিফীক্লিফীঃ॥ ৫॥

ব্যাখ্যা। বৃত্তয়ঃ (বিষয়াকারেণ চিত্তম্পরিণামাঃ) পঞ্চব্যঃ (পঞ্চাব্রবাঃ, "সংখ্যায়া অবয়বে তয়প্" ইতি পঞ্চশব্দাৎ অবয়বার্থে তয়প্ প্রতায়ঃ, ততঃ স্তিয়ামীপ্) ক্লিষ্টাক্লিষ্টাঃ (ক্লিষ্টাশ্চ অক্লিষ্টাশ্চ, ক্লেশৈঃ অবিম্যাদিভিরাক্রান্তাঃ ক্লিষ্টাঃ তদ্বিপরীতাঃ অক্লিষ্টাঃ) ইতি॥ ৫॥

তাৎপর্য্য। চিত্তের বৃত্তি (বিষয়াকারে জন্মজ্ঞান) পাঁচ প্রকার। প্রকারাস্তরে উহা ভূই ভাগে বিভক্ত, ক্লিষ্ট ও অক্লিষ্ট; অবিচ্যাদি ক্লেশ যাহার কারণ, যাহাতে সংসারবন্ধ হয় তাহাকে ক্লিষ্টবৃত্তি বলে। অক্লিষ্টবৃত্তি ইহার বিপরীত, ইহাতে সংসারবন্ধন ক্রমশঃ ক্ষীণ হয়॥ ৫॥

ভাস্ত। ক্লেশহেতুকাঃ কর্মাশয়প্রচয়ে ক্ষেত্রীভূতাঃ ক্লিফীঃ, খ্যাতিবিষয়া গুণাধিকার-বিরোধিন্তঃ অক্লিফীঃ। ক্লিফী-প্রবাহ-পতিতা অপ্যক্লিফীঃ, ক্লিফিছিদ্রেষ্ অপ্যক্লিফী ভবন্তি, অক্লিফিছিদ্রেষ্ ক্লিফীইতি। তথাজাতীয়কাঃ সংস্কারার্ত্তিভিরেব ক্রিয়ন্তে, সংস্কারিশ্চ বৃত্তয়ঃ, ইত্যেবং বৃত্তি-সংস্কার-চক্রমনিশমাবর্ত্ততে। তদেবস্ভূতং চিত্তং অবসিতাধিকারং আত্মকল্লেন ব্যবতিষ্ঠতে, প্রলম্মং বা গচ্ছতীতি। তাঃ ক্লিফীশ্চাক্লিফীশ্চ পঞ্চধা বৃত্তয়ঃ॥ ৫॥

্ অনুবাদ। স্থানের পূর্বে ভাষ্টুকু স্থানের সহিত একানে অর্থ করিতে হইবে। চিত্তের রক্তি দকল নিরোধ করা আবশ্যক, উহা বহু হইলেও পাঁচ প্রকার অর্থাৎ পঞ্চ শ্রেণীতে বিভক্ত।

অবিভাদি ক্লেশ যে সমস্ত বৃত্তির কারণ, যাহা হইতে ক্লেশ অর্থাৎ সাংসারিক ছু:থ জন্মে, যাহারা কর্মাশয়ের (ধর্মাধর্মেরু) প্রচয়ে অর্থাৎ ফলজননে ক্ষেত্রস্বরূপ ( আলম্বন ) হয় তাহাদিগকে ক্লিষ্ট অর্থাৎ সাংসারিক চিত্তবৃত্তি বলে। খ্যাতি ( সত্বপুরুষান্ততা খ্যাতি ) অর্থাৎ চিত্ত ও পুরুষের ভেদজ্ঞান যাহার বিষয়, যাহা সত্ব রজঃ তমোরূপ গুণত্রয়ের (প্রকৃতির) অধিকার অর্থাৎ কার্য্যারস্তের ( সংসাররূপে পরিণামের ) বিরোধী হয় তাহাকে অক্লিষ্ট ( ক্লেশের কারণ নহে 🄈 বৃত্তি বলে। ক্লিষ্টবৃত্তিপ্রবাহের মধ্যে পতিত হইয়াও অক্লিষ্টবৃত্তি স্বরূপতঃ অবস্থান করে অর্থাৎ ক্লিষ্ট প্রবাহে পতিত বলিয়া অক্লিষ্টের স্বন্ধপহানি হয় না। অক্লিষ্টরত্তি সকল ক্লিষ্টরত্তির ছিত্রে (অভ্যাস ও বৈরাগ্যরূপ ক্লিষ্টরন্ধে) জন্মিতে পারে, যেমন অক্লিইছিদ্রে ক্লিইবৃত্তি হইরা থাকে। উক্ত বৃত্তি হইতে সজাতীয় সংস্কার এবং সংস্কার হইতে সজাতীয়বৃদ্ধি উৎপন্ন হয় : অর্থাৎ ক্লিষ্টবৃদ্ধি হইতে ক্লিষ্টসংস্কার এবং অক্লিষ্টবৃত্তি হইতে অক্লিষ্টসংস্কার উৎপন্ন হয়; ক্লিষ্ট সংস্কার হইতে ক্লিষ্টরুত্তি, অক্লিষ্টসংস্কার হইতে অক্লিষ্টরুত্তি উৎপন্ন হয়। এইরূপে বৃত্তি ও সংস্কারের চক্র সর্বাদা ঘুরিতেছে অর্থাৎ কখনও বৃত্তি কখনও বা সংস্থারের আবির্ভাব হইতেছে। অক্লিষ্টবৃত্তি ও অক্লিষ্টস্স্থারের দ্বারা চিত্তের অধিকার (কার্য্যারম্ভ) অবসান (শেষ) হইলে চিত্ত আত্মার স্থায় নির্দ্ধর্ম স্বচ্ছভাবে অবস্থান করে, পরিশেষে প্রলয় অর্থাৎ প্রকৃতিতে লীন (বিনষ্ট) হইয়া যায়॥ ৫॥

মন্তব্য। সমাধি করিতে হইলে চিত্তের সমস্ত বৃত্তি নিরোধ করিতে হয়,
যাহাকে নিরোধ করিতে হইবে, পূর্ব্বে তাহাকে বিশেষ করিয়া জানা আবশুক,
বৃত্তি না জানিয়া উহার নিরোধ করা য়ায় না। চিত্তের বৃত্তি অসংখ্য, উহা
শৃত সহস্র জীবনেও জানিলে শেষ হয় না, এই নিমিত্ত বৃত্তি সমস্ত শ্রেণীবদ্ধ
করিয়া বোধের স্থগম উপায় করা হইয়াছে। এক একটা করিয়া বৃত্তি সকল
জানা য়ায় না সৃত্য কিন্তু পাঁচ প্রকারে শ্রেণীবদ্ধ করিলে জনায়াসেই জানা
সাইতি পারে।

ভাষ্মের "ক্লেশহেতুকাঃ" পদের বছত্রীহি সমাস করিয়া ক্লেশ হইয়াছে হেতুঁ যার অর্থাৎ ক্লেশ হইতে উৎপন্ন এইরূপ অর্থ হয়। তৎপুরুষ সমাসে ক্লেশের ব কারণ এইরূপ অর্থ বুঝিতে হইবে; উভয়বিধ অর্থই সঙ্গত।

অক্লিষ্টবৃত্তির বিষয় খ্যাতি অর্থাৎ চিত্ত ও পুরুষের বিবেকজ্ঞান, ইহা হইলে চিত্তের আর কার্য্য থাকে না, "বিবেকখাাতিপর্য্যন্তং জ্ঞেরং প্রকৃতি-চেষ্টিতম্" অর্থাৎ বিবেকখ্যাতি পর্যন্তই প্রকৃতির চেষ্টা, তথন অকঞ্চিৎকর চিত্ত আত্মার ভায় নির্গুণভাবে কিছুকাল অবস্থান করিয়া প্রিশেষে বিনষ্ট হইয়া যায়।

্দ সচরাচর ক্লিপ্টবৃত্তিই দেখা যায়, এমত স্থলে অক্লিপ্টবৃত্তি কিরূপে জন্মিবে ?
কিরূপেই বা বিবেকখ্যাতি রূপ স্বকার্য্য করিতে সমর্থ হইবে ? চতুর্দিকে
প্রবল শক্র পরিবেষ্টিত হীনবল ব্যাক্রির জীবনই সংশয় স্থল, কার্য্য করা ত'
অতি দ্রের কথা। এই আশক্ষায় ভাষ্যকার বলিয়াছেন ক্লিপ্টপ্রবাহ পতিত
হইলেও অক্লিপ্টবৃত্তির অক্লিপ্টতা নপ্ত হয় না, যে যাহা দে তাহাই থাকে,
অক্লিপ্টবৃত্তি ক্লিপ্টের অন্তঃপাতী হইলেও ক্লিপ্ট হইয়া যায় না। ক্লিপ্টের ছিল্পে
(কাঁক) অক্লিপ্টবৃত্তি হইতে পারে।

ক্লিষ্টবৃত্তিকে প্রবৃত্তিমার্গ ও অক্লিষ্টবৃত্তিকে নির্ত্তিমার্গ বলা যাইতে পারে। যোর সংসারী বিষয়লোলুপের চিত্তেও কথন কথন বৈরাগ্য দেখা যায়, শ্মশানক্ষেত্রে অনেকেই ইহা অহতেব করিয়া থাকেন, ইহাকেই ভাষায় "রাবণের মোক্ষজ্ঞান" বলিয়া থাকে। এইটা ক্লিষ্টের ছিদ্র, এই ছিদ্রে অক্লিষ্টবৃত্তি জন্মিতে পারে। পক্ষান্তরে উগ্রতপা ঋষিগণেরও সমাধিত্রংশ শুনা যায়, তাপসশিরোমণি ভগবান্ বিশামিত্রও মেনকা অপ্যরার কুহকে পড়িয়া বিবেকহীন হইরাছিলেন। এইটা অক্লিষ্টের ছিদ্র, ইহাতে ক্লিষ্টবৃত্তি প্রবল বেগে উৎপন্ন হয়। ক্লিষ্ট ও অক্লিষ্ট এই উভয় পক্ষে সংসারক্ষেত্রে ঘোরতর সংগ্রাম চলিতেছে, উপনিষদে ইহাকে ক্লপকভাবে দেবান্তরের যুদ্ধ বলিয়া, বর্ণনা আছে। এক পক্ষের বৃহর্তনা শিথিল হইলেই অপর পক্ষ প্রবল বেগে আক্রমণ করে। উভয়েরই সঞ্চার স্থল চিত্ত্মি, সেথানে থাকিয়া আপন সৈন্ত বৃদ্ধি করিতে উভয়ই সচেষ্ট। ক্লিষ্ট পক্ষের সৈন্ত্যমংগ্রহে বিশেষ কণ্ট হয় না, প্রকৃতিই উহা সৃষ্টি করিতেছে। আক্লিষ্ট পক্ষের সৈত্তমংগ্রহে

বিশেষ প্রয়াস করিতে হয়। নিরস্তর অধ্যাত্ম শাস্ত্রের অমুশীলন, আচার্য্যের উপদেশ প্রবণ, সংসঙ্গ, সদালাপ প্রভৃতি উপায় দারা অক্লিইসৈন্তসংগ্রহ হইলে নির্ত্তিমার্গে নির্ভয়ে বিচরণ করা যায়। প্রথমতঃ অক্লিইর্ত্তিকে আশ্রয় করিয়া ক্লিইর্ত্তির নিরোধ করিতে হয়, পরে পর-বৈরাগ্য দারা অক্লিইর্ত্তিকেও নিরোধ করিতে পারিলে পূর্ব্বোক্ত নিরোধ অর্থাৎ অসম্প্রজ্ঞাত সমাধি লাভ হয়। সংস্কারই সংস্কারের নাশক হয়, অক্লিই সংস্কার দারা ক্লিই সংস্কার বিনই হয়॥,৫॥

#### সূত্র। প্রমাণ-বিপর্য্য়-বিকল্প-নিদ্রা-স্মৃতয়ঃ॥৬॥

ব্যাখ্যা। প্রমাণানিচ, বিপর্যায়\*চ, বিকল্প\*চ, নিদ্রাচ, স্থৃতিশ্চ তান্তথোক্তা:। এতাঃ পঞ্চ চিন্তবৃত্তয় ইত্যর্থ:॥ ৬॥

তাৎপর্যা। প্রমাণ, ( যাহা হইতে যথার্থ জ্ঞান জন্মে ) বিপর্যায়, (ভ্রম ) বিকল্প, (আরোপ ) নিজা (স্ব্রুপ্তি) ও স্থৃতি (স্বরণ, মনে পড়া) এই পাঁচ প্রকার চিত্তবৃত্তি ॥ ৬॥

মন্তব্য। এই স্তত্তের ভাষ্য নাই। ইহাদের প্রত্যেকের লক্ষণ পর পর স্তত্তে বলা ষাইবে॥৬॥

ভাষা। তত্ৰ।

#### সূত্র। প্রত্যক্ষানুমানাগমাঃ প্রমাণানি॥ ৭॥

বাাথা। প্রত্যক্ষং (ইক্রিয়জন্তা চিত্তবৃত্তিঃ) চ অনুমানং (ব্যাপ্তিজ্ঞানজন্তা চিত্তবৃত্তিঃ) চ, আগমঃ (শক্ষ্পানজন্তা চিত্তবৃত্তিঃ) চ তে, প্রমাণানি ।
(প্রমায়াঃ করণানি, প্রমীয়তে অনেন, প্র পূর্ব্বক মা ধাতোঃ করণে অন্ট।
অন্ধিগতার্থবিষয়কঃ পৌরুষেয়ো বোধঃ প্রমা)॥ १॥

· তাৎপর্য্য। পঞ্চবিধ বৃত্তির মধ্যে প্রমাণবৃত্তি তিন প্রকার, প্রত্যক্ষ, ংঅমুমান ও শক্ষ ॥ ৭ ॥

ভীয় । ইন্দ্রিয়প্রণালিকয়া চিত্তস্থ বাহ্যবস্থূপরাগাৎ তদ্বিয়য় সাম্ম্রিবিশেষাত্মনোহর্থস্থ বিশেষাবধারণপ্রধানা বৃত্তিঃ প্রভ্যক্ষং প্রমাণম্। ফলমবিশিষ্টঃ পৌরুষেয়শ্চিত্তর্ত্তিবোধঃ, বুদ্ধেঃ প্রতি-সংবেদীপুরুষ ইত্যুপরিষ্টাতুগণাদয়িয়ামঃ।

অমুমেয়স্থ তুল্যজাতীয়েম্মুর্ত্তো ভিন্নজাতীয়েভ্যো ব্যার্তঃ সম্বন্ধো যস্তবিষয়া সামাতাবধারণপ্রধানার্ত্তিরনুমানম্। যথা, দেশা-স্তরপ্রাপ্তেঃ গতিমৎ চন্দ্রতারকং, চৈত্রবৃৎ; বিদ্যাশ্চাপ্রাপ্তিরগতিঃ।

আপ্তেন দৃষ্টোহনুমিতো বা অর্থঃ পরত্র স্ববোধুসংক্রান্তরে শব্দেনোপদিশ্যতে, শব্দাৎ তদ্থিবিষয়াবৃত্তিঃ শ্রোতুরাগমঃ। যস্তা শ্রুদ্ধেয়ার্থঃ বক্তা ন দৃষ্টানুমিতার্থঃ স আগমঃ প্লবতে, মূলবক্তরি তু দৃষ্টানুমিতার্থে নির্বিপ্লবঃ স্থাৎ ॥ ৭ ॥

অমুবাদ। ইন্দ্রিয় রূপ প্রণালী (নালা) দারা বাহ্ বস্তুর সহিত চিত্তের উপরাগ (সম্বন্ধ) হইলে ঐ বাহ্ বিষয়ে সামান্ত (জাতি ঘটজাদি) ও বিশেষ (ঘটাদি ব্যক্তি) স্বরূপ অর্থের বিশেষ নিশ্চয় যাহাতে প্রধান, থাকে এরূপ চিত্তর্ত্তিকে প্রত্যক্ষ প্রমাণ বলে। এই প্রমাণের ফল অর্থাৎ প্রমা অবিশিষ্ট (যেরূপ চিত্তে হয় পুরুষেও তাহাই) পৌরুষেয় (পুরুষের বিলয়া ভাসমান) চিত্তর্ত্তিবাধ। (অমুব্যবসায় স্থানীয়, বৃত্তির প্রকাশ) পুরুষ বৃদ্ধির প্রতিসংবেদী অর্থাৎ বৃদ্ধির ধর্মে ধর্মবান্, এ কথা অত্রে বিশেষ রূপে প্রতিপন্ন হইবে।

অন্থনেরের (বহুনাদি সাধ্যবিশিষ্ট পর্ব্বতাদি পক্ষের) তুলাজাতীয় সকলে (সপক্ষ, যাহাতে বহ্নিরূপ সাধ্য আছে, পাকশালা প্রভৃতিতে) অন্থরত্ত (বর্ত্তমান, সপক্ষ-সকলে থাকে) ভিন্ন জাতীয় (যাহাতে বহ্নিরূপ সাধ্য নাই, জল হদ প্রভৃতি) সকল হইতে ব্যাবৃত্ত (সেথানে থাকে না, যেথানে সাধ্য নাই সেথানে থাকে না) যে সম্বন্ধ অর্থাৎ সম্বন্ধপদার্থ (ধূম প্রভৃতি হেতু যাহা পর্ব্বতাদিতে দৃষ্ট হয়) তদ্বিষয় (তন্তিবন্ধন, তাঁহার জ্ঞান হইতে যেটা উৎপন্ন হয়) সামান্ত-নিশ্চয়-প্রধান সেই চিত্তবৃত্তিকে অন্থমান বলে; বহ্নি-ব্যাপা (বহ্নিকে ছাড়িয়া থাকে না) ধূম পর্ব্বতে আছে ইহা জানিলে পর্ব্বতে শ্বহ্নি আছে এই জ্ঞানকে অন্থমান বলে। যেমন চক্র তারকার গতি আছে, ক্ষ্কননা উহাদের দেশান্তর প্রাপ্তি (এক স্থান হইতে অন্ত স্থান লাভ) আছে;

চৈত্রের স্থায় অর্থাৎ চৈত্র (কোনও ব্যক্তি) এক স্থান হইতে অস্থ্য স্থান পাইয়া থাকে স্থতরাং উহার গতি আছে। বিন্ধাপর্ব্বতের গতি নাই স্থতরাং এক স্থান হইতে অম্থ স্থানের প্রাপ্তিও নাই।

আপ্ত ( ভ্রম, প্রমাদ, বঞ্চনা, ইন্দ্রিয়াপাটব প্রভৃতি দোষশৃষ্ঠ ব্যক্তি । কর্তৃক প্রত্যক্ষীকৃত, অন্তমিত অথবা শব্দদারা অবগত পদার্থ সকল, "নিজের বেরূপ বোধ, শ্রোতারও এরূপ ইউক" এই অভিপ্রায়ে অপর ব্যক্তির নিকট শব্দ দারা উপদিপ্ত হইয়া থাকে; ঐ শৃষ্ধ শ্রবণ করিয়া শ্রোতার উক্ত পদার্থ বিষয়ে যে চিত্তর্ত্তি হয় তাহাকে আগম বলে। যে আগমের (শব্দের) বক্তা অশ্রাদ্ধেয়ার্থ ( যাহার কথা বিশ্বাস্যোগ্য নহে ) এবং দৃষ্টাম্ব্রমিতার্থ নহে ( মিনি বক্তব্য বিষয় প্রত্যক্ষ বা অনুমান দারা জানেন নাই ) সেই আগম প্রমাণ হয় না। মূল বক্তা ঈশ্বর দৃষ্টাম্ব্রমিতার্থ অর্থাৎ পদার্থ সকল দেখিয়াছেন, অনুমান করিয়াছেন, স্বতরাং বিপ্লবের ( মন্ত্র প্রভৃতি শান্তের প্রামাণ্যহানির ) সম্ভাবনা নাই ॥ ৭ ॥

শস্তব্য। যেমন জোয়ারের জল নদী হইতে বহির্গত হইয়া থাল বহিয়া ক্ষেত্রে পতিত হয়, এবং ত্রিকোণ, চতুকোণ মণ্ডল প্রভৃতি যেরপ ক্ষেত্রের আকার থাকে তজ্রপে পরিণত হয়; চিত্তও সেইরূপে ইন্দ্রিয়রপ প্রণালী দ্বারা বাহ্য বস্তুর সহিত সম্বদ্ধ হইয়া তজ্রপ ধারণ করে, ইহাকেই বৃত্তি বা পরিণাম বলা যায়। অর্থ সকল কাহারও মতে সামান্ত অর্থাৎ জাতি স্বরূপ (জাতির অতিরিক্ত ব্যক্তি নাই) কাহারও মতে বিশেষ অর্থাৎ ব্যক্তিমাত্র (ব্যক্তির অতিরিক্ত জাতি নাই), কেহ বা উক্ত সামান্ত ও বিশেষের সমবায় রূপ অতিরিক্ত লাতি নাই), কেহ বা উক্ত সামান্ত ও বিশেষের সমবায় রূপ অতিরিক্ত সম্বদ্ধ স্বীকার করিয়া সামান্ত ও বিশেষ ব্যক্তিতে থাকে এরূপ বলেন। পত্রজলির মতে জাতি ও ব্যক্তির সম্বন্ধ তাদায়্ম অর্থাৎ অভেদ, সমবায় নহে। এই সামান্ত বিশেষাত্মক পদার্থ বিষয়ে ইন্দ্রিয়-জন্ত যে চিত্তবৃত্তি হয় তাহাকে প্রত্যক্ষ প্রমাণ বলে। ইহার ফল পূর্ব্বোক্ত প্রমা অর্থাৎ বিষয় সাক্ষাৎকার, এই জ্ঞানই "এইটী ঘট, এইটী পট" ইত্যাদি বিশেষ ব্যবহারের কারণ। প্রত্যক্ষত্বলে পদার্থের সামান্ত ভাবটী প্রকাশিত থাকিকও উহা বিশেষ দ্বারা আচ্ছন্ন থাকে। বস্তু মাত্রেরই সামান্ত (শব্দ ও ক্ষুমান দ্বারা যেরূপ অনির্দিষ্টভাবে জ্ঞান হয়) ও বিশেষ (নির্দিষ্টভাবে যেরূপ

জ্ঞান হয়) রূপে ছইটা ধর্ম আছে; প্রত্যক্ষন্তলে বিশেষ ধর্মটীর সমাক্ ক্রণ . হওয়ার সামান্ত ধর্মটী প্রচ্ছন্নরূপে লক্ষিত হইয়া থাকে।

জড়ের ধর্ম জড়ই হইয়া থাকে, একটা জড় অন্ত জড়কে প্রকাশ করিতে পারে না। চিত্ত জড়পদার্থ, বিষয়াকারে পরিণামরূপ বৃত্তি চিত্তের ধর্ম্ম, স্থতরাং জড়; এই জড়বৃত্তি স্বয়ং বিষয়' প্রকাশ করিতে পারে না, পুরুষের প্রতিবিম্ব গ্রহণ করিয়া চেতনায়মান হইয়া পারে, স্বচ্ছ দর্পণাদিতে সূর্য্য প্রতিবিদ্ব পতিত হইলে উহা গৃহাদি প্রকাশ করিতে পারে। চিত্ত পূর্ব্বোক্তভাবে ইক্রিয়সহকারে বিষয়াকারে পরিণত হইলে বিষয়বিশিষ্ট চিত্তবৃত্তি পুরুষে প্রতিফলিত হয়, ইহাঁকেই প্রমা বা বোধ বলা যায়। এই প্রমা পূর্ব্বোক্ত চিত্তবৃত্তি হইলে হয় স্থৃতরাং চিত্তর্ত্তিকে প্রমাণ (প্রমার কারণ) বলা হইয়াছে। সাংখ্যশাস্ত্রে চিত্রতিরূপ প্রমাণ স্থায়শান্ত্রের ব্যবসায় জ্ঞানস্থানীয়, সাংখ্যের প্রমাটী স্থায়-শাস্ত্রের অনুবাবসায় জ্ঞানস্থানীয়। এ বিষয়ে পাতঞ্জল ও সাংখ্যের মতভেদ নাই। প্রমা জ্ঞানে আত্মা, চিত্তবৃত্তি ও বিষয় সমস্তই জ্ঞাত হয়, বেমন, "্ঘটমহং জানামি" "ঘটজ্ঞানবানহং" ইত্যাদি। ইহাকেই বিষয় সাক্ষাৎকার বলা যায়। প্রমাতা প্রভৃতির বিভাগ এইরূপে উক্ত আছে।

> প্রমাতা চেতনঃ শুদ্ধঃ প্রমাণং বুত্তিরেব চ। প্রমাহর্থাকারবৃত্তীনাং চেতনে প্রতিবিধনম্॥ প্রতিবিশ্বিতবৃত্তীনাং বিষয়ো মেয় উচ্যতে। বুত্তরঃ দাক্ষিভাষ্ঠাঃ স্থ্যঃ করণস্থানপেক্ষণাৎ। সাক্ষাদর্শনরপঞ্চ সাক্ষিত্বং সাংখ্যস্থতিতম। অবিকারেণ দ্রষ্টুত্বং সাক্ষিত্বং চাপরে জগুঃ॥

অর্থাৎ শুদ্ধ চৈতন্ত (পুরুষ) প্রমাতা (প্রমা জ্ঞানের আশ্রয়), চিত্তের বৃত্তি শ্রমাণ, অর্থাকারে চিত্তবৃত্তি সকলের পুরুষে প্রতিবিম্ব প্রমা, উক্ত বৃত্তির বিষয় মেয় (জ্ঞানের বিষয়, জ্ঞের)। ইন্দ্রিয় প্রভৃতি করণের অপেক্ষা করে না বলিয়া বৃত্তি সকল সাক্ষিভাশ্ত (পুৰুষ কর্তৃক প্রকাশিত) ছইয়া থাকে। সাংখ্য মতে অপরের অপেক্ষা না করিয়া যে প্রত্যক্ষ দর্শন করে তাহাকে (পুরুষকে) শীক্ষী বলে। কাহারও মতে স্বয়ং বিকারী না হইয়া যে দর্শন করে তাহাকে সূক্ষী वटन ।

বাচম্পতি মিশ্রের মতে পুরুষ চিত্তবৃত্তিতে প্রতিবিশ্বিত হইয়াই চিত্তবৃত্তির ছায়া বিশিষ্ট হয়, পৃথক্রপে বৃত্তির ছায়া পুরুষে পড়ে না। যোগ বার্ত্তিক কার বিজ্ঞান ভিক্ষুর মতে চিত্তবৃত্তি ও পুরুষ এই পরস্পরের ছায়া পরস্পরে পতিত হয়। বেরূপেই হউক বিষয়াকারে চিত্তবৃত্তি হইলে উহা পুরুষের স্বকীয় বলিয়া বোধ হয়, চিত্তে ও পুরুষে বিশেষ থাকে না বলিয়াই প্রতীতি হয়। ভাদ্যকার তাহাই বলিয়াছেন "অবিশিষ্টঃ" ইতি।

একটা পদার্থের (যে ছাড়িয়া থাকে না, ধুমাদির) জ্ঞান হইতে অপর পদার্থের ( যাহাকে ছাড়িয়া থাকে না, বহ্নি প্রভৃতির ) জ্ঞানকে অনুমান বলে। অমুমানের কারণ ব্যাপ্তিজ্ঞান, ব্যভিচারের অভাবকে ব্যাপ্তি বলে, ছাড়িয়া थोकांत्र नाम वाजिठांत्र "विशानशिजिवांजिठांतः। এই वाशि योशांत्र थात्क তাহাকে ব্যাপ্য বলে, যাহার ব্যাপ্তি তাহাকে ব্যাপক বলে, ব্যাপ্য ধুমাদির জ্ঞান হইতে ব্যাপক বহ্নি প্রভৃতির জ্ঞান হয়, কারণ ধূম বহ্নির ব্যাপ্য অর্থাৎ বহ্নিকে ছাড়িয়া কুত্রাপি অবস্থান করে না। বহ্নির জ্ঞান হইতে ধুমের জ্ঞান হইতে পারে না, কারণ বহ্নি ধূমের ব্যাপ্য নহে, ব্যভিচারী, অর্থাৎ ধূমকে ছাড়িয়া অয়োগোলকে অবস্থান করে। ধূমাদি ব্যাপ্যকে হেতু ও বহুগাদি ব্যাপককে সাধ্য বলে। যে হেতু সকল সপক্ষে ( যাহাতে সাধ্য আছে বলিয়া নিশ্চয় আছে) অবস্থান করে, কোনও বিপক্ষে ( যাহাতে সাধ্য নাই বলিয়া নিশ্চয় আছে ) অবস্থান করে না তাহাকে সং হেতু বলে; পক্ষে ( যেখানে সাধ্যের সংশয় আছে ) উক্ত সাধ্য ব্যাপ্য হেতু আছে এইরূপ জ্ঞান হইলে অনুমান হয়, ইহাকেই পরামর্শ বলে। ব্যাপ্তি ছই প্রকার, অন্বয় ও ব্যতিরেক, তৎ সত্ত্বে (হেতু থাকিলে) তৎ সত্তা (সাধ্যের থাকা) অন্বয়। তদসত্ত্ব (সাধ্য না থাকিলে) তদসন্তা (হেতুর না থাকা) ব্যতিরেক। ভাষ্মের প্রথম উদাহরণ "গতিমৎ চন্দ্রতারকং দেশান্তরপ্রাপ্তে:" এইটা অন্বর স্থল। দ্বিতীয়টা "বিদ্যাশ্চাপ্রাপ্তিরগতিঃ" ব্যতিরেক স্থল। অন্বয় স্থলে হেতু ও সাধ্য এক স্থানে আছে এরপ জ্ঞান পূর্বে হয়, ব্যতিরেক স্থলে দেরপ হয় না। অমুমান স্বার্থ ও পরার্থভেদে দিবিধ। ধুম দেথিয়া বহ্নির জ্ঞান নিজের হওয়া এইট্রিস্বাথামুমান। ভার বাক্য দারা অপরের নিক্ট কিছু প্রতিপন্ন করাকে পরাথামুমান বলে। পরাথামুমানে প্রতিজ্ঞা হেতু উদাহরণ, উপনয় ও নিগমন

এই পঞ্চ অবয়বের আবশুক। প্রতিজ্ঞা চন্দ্রতারকং গতিমৎ, হেতু দেশাস্তর-প্রাপ্তে:, উদাহরণ যৎ यৎ দেশান্তরপ্রাপ্তিমৎ তৎ গতিমৎ, যথা চৈত্র:, উপনয় ' গতি-ব্যাপ্য-দেশাম্ভর প্রাপ্তিমৎ চক্রতারকং, নিগমন—তম্মাৎ গতিমৎ। বিশেষ বিবরণ সিদ্ধান্তমুক্তাবলী প্রভৃতি স্থায়শান্তে আছে।

প্রবঞ্চনা স্থলে প্রযুক্ত শব্দ সকল প্রমাণ হয় না, বক্তার হৃদয়ে যেরূপ সংস্কার থাকে, শ্রোতার তদ্রপ জ্ঞান হইলে প্রমাণ হয়। মহাভারতে যুধিষ্ঠির বলিয়াছিলেন, "অশ্বত্থামা হতঃ" এটা প্রমাণ নহে, কারণ বক্তা যুধিষ্ঠিরের মনে অশ্বত্থামা গজ মরিয়াছে এইরূপ সংস্কার ছিল, কিন্তু এই বাক্য শ্রবণ করিয়া শ্রোতা দ্রোণাচার্য্যের জ্ঞান হইয়াছিল তাঁহার পুত্র অশ্বত্থামা মরিয়াছে এথানে বক্তার স্ববোধের সংক্রম শ্রোতার চিত্তে হয় নাই।

বেদে যাহা বর্ণিত আছে তাহাই শ্বরণ করিয়া মন্থ প্রভৃতি শাস্ত্র লেখা হইয়াছে। বেদের কর্তা সর্বজ্ঞ ঈশ্বর, তাঁহার ভ্রমের সম্ভাবনা নাই, স্থতরাং স্থৃতি পুরাণ ( যাহা বেদের অনুসারে নিথিত ) প্রভৃতি সমস্ত শাস্ত্রই প্রমাণ। নাস্তিক প্রভৃতি দুর্শনে সর্ব্বজ্ঞ ঈশ্বর নাই, স্বতরাং তাহাদের কোনও শান্ত্র-প্রমাণ নহে. স্বকপোলকল্পিত বকবাদ মাত্র।

শব্দ শ্রবণ করিলেই অর্থ বোধ হয় না, শব্দের শক্তি (সংকেত. এই শব্দদারা এই অর্থ বুঝার) জ্ঞান আবগুক। শক্তি, লক্ষণা, ব্যঞ্জনা ও তাৎপর্য্য এই চারি প্রকার শব্দের বৃত্তি আছে। শাদবোধে আকাজ্ঞা, যোগ্যতা, আদত্তি ও তাৎপর্য্য জ্ঞান কারণ। গ্রন্থবাছল্য ভয়ে বিশেষ বিবরণ বলা হইল না।

প্রত্যক্ষ ও পরোক্ষ স্থলে চিত্তের বৃত্তি একরূপ হয় না; প্রত্যক্ষ স্থলে ইন্দ্রিয়কে দ্বার করিয়া চিত্ত বিষয়দেশে গমন করিয়া বিষয়ের আকার ধারণ করে, পরোক্ষ স্থলে দেরপ ঘটে না, প্রত্যক্ষকেই বিষয়সাক্ষাৎকার বলা হয়।

পুরুষের বোধকে ( দাক্ষাৎকারকে ) প্রমা বলিয়া চিত্তর্ত্তিকে ( উক্ত প্রমার করণকে) প্রমাণ বলা হইয়াছে, চিত্তর্ত্তিকে প্রমা বলিলে ইন্দ্রিয়াদিকে প্রমাণ ্বলা যাইতে পারে। ভাষশান্তে চিত্তর্তিস্থানীয় ব্যবদায় জ্ঞানই প্রমা স্থ্<mark>তরাং</mark> ুইল্রিয়াদিই প্রমাণ, সাংখ্য পাতঞ্জল শাস্ত্রে অমুব্যবসায় স্থানীয় পৌরুষেয় বোধই প্রিমা স্বতরাং চিত্তবৃত্তিই প্রমাণ।

শাস্ত্রে; প্রত্যক্ষ, অহুমান, শব্দ, উপমান, অর্থাণন্তি, অহুপনিরি, ঐতিহ্য ও

দৈশ্বৰ এই আটটী প্ৰমাণের উল্লেখ আছে। চাৰ্কাক বা নান্তিক মতে প্ৰমাণ ১টী—প্ৰত্যক্ষ। বৌদ্ধ ও বৈশেষিক (কণাদ) মতে ২টী—প্ৰতক্ষ ও অমুমাণ। সাংখ্য ও পাতঞ্জল মতে ৩টী—প্ৰত্যক্ষ, অমুমান ও শব্দ (আগম)। স্থান্থ মতে ৪টী, পূৰ্ব্বোক্ত ৩টী ও উপমান। প্ৰভাকর (মীমাংসক, গুরু) মতে পূৰ্ব্বোক্ত ৪টী ও অর্থাপত্তি এই ৫টী। ভট্ট ও বৈদান্তিক মূতে পূৰ্ব্বোক্ত ৫টী ও অমুপলন্ধি এই ৬টী। ঐতিহ্য ও সম্ভব প্ৰমাণ পুরাণাদি শান্তে প্রসিদ্ধ আছে॥ ৭॥

# সূত্র । বিপর্যায়ো মিথ্যাজ্ঞানমতজ্ঞপপ্রতিষ্ঠম্ ॥ ৮॥

ব্যাখ্যা। অতজ্রপপ্রতিষ্ঠং (তজ্রপে জ্ঞানপ্রতিভাসিরপে, ন প্রতিষ্ঠতে নাবাধিতং বর্ত্ততে ইতি) মিথ্যাজ্ঞানং (অতদ্বতি তৎপ্রকারকং ভ্রমজ্ঞানং) বিপর্যায়: (বিপর্যায়নামী চিত্তবৃত্তিরিত্যর্থঃ) ॥ ৮ ॥

ু তাৎপর্য্য। যে জ্ঞান বিজ্ঞাত বিষয়ে স্থির থাকে না, পরিণামে বাধিত হয়, সেই মিথ্যা জ্ঞানকে বিপর্যয় অর্থাৎ ভ্রম বলা যায়॥৮॥

ভাষ্য। স কম্মাৎ ন প্রমাণম্ ? যতঃ প্রমাণেন বাধ্যতে, ভূতার্থ-বিষয়ম্বাৎ প্রমাণম্য, তত্র প্রমাণেন বাধনমপ্রমাণম্য দৃষ্টঃ, তৎ যথা, দিচন্দ্রদর্শনং সদ্বিষয়েণৈকচন্দ্রদর্শনেন বাধ্যতে ইতি। সেয়ং পঞ্চপর্বা ভবতি অবিছা, অবিছাহম্মিতারাগদেয়াভিনিবেশাঃ ক্লেশা ইতি, এতে এব স্বসংজ্ঞাভিঃ তমাে মােহাে মহামাহ স্তামিক্রঃ অন্ধতামিক্র ইতি, এতে চিত্তমলপ্রসঙ্গেনভিধাস্যত্তে॥৮॥

অমুবাদ। সে (বিপর্যায়) প্রমাণ হয় না কেন ? প্রমাণের দারা বাধিত হয় বলিয়াই বিপর্যায় জ্ঞানকে প্রমাণ বলা বায় না। প্রমাণ জ্ঞান ভৃতার্থবিষয় অর্থাৎ উহার বিষয় কখনই বাধিত (নাই বলিয়া) হয় না। প্রমাণ ও অপ্রমাণ জ্ঞানের মধ্যে অপ্রমাণজ্ঞান প্রমাণজ্ঞান দারা বাধিত হয় এরূপ দেখা বায়; বেমন, "চক্র একটা" এই বথার্থ জ্ঞান দারা "চক্র হইটা" এই প্রমক্তান বাধিত হয় (মিখ্যা বলিয়া ব্রায়)। ভ্রমরূপ এই অবিফ্রা পঞ্চ পর্বা পর্বার পর্বার পঞ্চ বিষয়া ব্রামার নাম; অবিফ্রা, অন্মিতা, রাগ, ক্রের প্রমিনবেশ। ইহারা বথাক্রমে তমঃ, মোহ, মহামোহ, তামিত্র ও

অন্ধতামিত্র নামে অভিহিত হয়। চিত্তমল নিরূপণ প্রস্তাবে (সাধন পাদে ৫--- সু স্তে ) ইহাদিগকে বিশেষ রূপে বলা যাইবে।

মন্তব্য। এক বস্তুকে অগ্রক্তপে জানার নাম বিপর্যায় বা ভ্রমজ্ঞান. বেমন রজ্জুতে দর্পজ্ঞান, শুক্তিতে রজ্জ্ঞান ইত্যাদি। প্রথমতঃ শুক্তিরজ্জ্ প্রভৃতি ভ্রমজ্ঞান জন্মে, পরিশেষে "এটা রজত নয় কিন্তু ভুক্তি (বিষ্ণুক)" এইকপ যথার্থ জ্ঞান জন্মিলে পূর্বব্জান বাধিত হয়। প্রগমে হইরাছে বলিষা পূর্ব ( লম ) জ্ঞান প্রবল এবং পয়ে হইরাছে বলিয়া উত্তর ( বর্ণার্থ ) জ্ঞান তুর্বল অতএব উত্তরজ্ঞান দাবা পূর্বজ্ঞান বাধিত হইবে না এবপ আশহা করা উচিত নহে। পূর্বাপব বলিয়া জ্ঞানের সবল হর্বলভাব হয় না; যে জ্ঞানেব বিষয় বাধিত ( নাই বলিয়া বিবেচিত ) তাহাকেই হৰ্মল এবং যাহাব বিষয় বাধিত নহে তাহাকে প্রবল বলা যায়: স্কুতরাং অবাধিত বিষয় উত্তরজ্ঞান বাণিত বিষয় পূর্বজ্ঞান হইতে প্রবল। যে স্থলে পূর্বজ্ঞানকে অপেক্ষা করিয়া উত্তরজ্ঞান জন্মে, দেখানে পূর্বজ্ঞানেব বাধা জন্মাইতে উত্তরজ্ঞানের স্ংকোচ হইতে পারে। এ স্থলে কেহ কাহারও অপেকা রাথে না। স্বতম্ভাবে আপন আপন কারণ হইতে জ্ঞানন্বয় জন্মিয়া থাকে, অতএব সত্যজ্ঞান ভ্ৰম-জ্ঞানের বাধা করিতে পারে।

"এটা ইহা কি না ?" ইত্যাদি সংশয়ক্ষানও বিপর্যায়েব অন্তর্গত। বিপর্যায় ও স শবেব প্রভেদ এই, বিপর্যায় স্থলে বিচার করিয়া পদার্থের অক্তথাভাব প্রতীতি হয়, জ্ঞানকালে হয় না। সংশয় স্থলে জ্ঞানকালেই পদার্থের অন্থিবতা প্রতীত হয় অর্থাৎ সংশয় স্তলে পদার্থ সকল "এটা এইরূপই" এক্সপভাবে নিশ্চিত হয় না। ভ্রমস্থলে বিপরীত রূপে একটা নিশ্চয় হইরা যায়, উত্তরকালে "উটা ওক্লপ নহে" এইকপে বাধিত হয়।

অবিল্যা প্রভৃতির সংজ্ঞা বিষ্ণুপুবাণে উক্ত আছে, তমো মোহো মহামোহ-ন্তামিত্রন্তরমংক্তক:। অবিছা পঞ্চ পর্কেষা প্রাহর্তুতা মহাত্মন ইতি। ইহাদের অবাস্তবভেদ সাংখ্যকারিকার উক্ত আছে, যথা, ভেদন্তমসোহষ্টবিধো মোহস্ত চ দশবিশো মহামোহ:। তামিস্রোহণ্টাদশধা তথা ভবত্যন্ধতামিস্র: ইতি॥ ৮৯॥

সূত্র। শব্দজ্ঞানামুপাতী বস্তুশ্ন্তো বিকরঃ ॥ ৯॥ ব্যাথ্যা। শক্জানামুপাতী (শক্ত জ্ঞানঞ্চ শক্জানে, শক্জনিতং জ্ঞানং - শব্দজ্ঞানং ইতি বা। তদমুপতিতৃং বিষয়ীকর্ত্তৃং শীলমন্ত স তথোক্তঃ) বস্তশ্সুঃ ( নির্বিষয়ঃ ) বিকল্প: ( আরোপ:, পূর্ব্বোক্তা বৃত্তিঃ বিকল্প ইতি কথাতে )॥ २॥

তাৎপর্য্য। বিষয় না থাকিলেও "নরশৃঙ্গ" প্রভৃতি শব্দ শ্রবণ করিলে मकल्वद्र এक त्रेथ छान इम्र, উহাকে विकन्नदृष्टि वल ॥ २ ॥

ভাষ্য। म न প্রমাণোপারোহী, ন বিপর্যায়োপারোহী চ, বস্তু-শৃন্যত্বেহপি শব্দজ্ঞানমাহাত্মানিবন্ধনো ব্যবহারো দৃশ্যতে, তদ্যথা চৈতত্তং পুরুষত্ত স্বরূপম্ ইতি, যদা চিতিরেব পুরুষস্তদা কিমত্র কেন ব্যপদিশ্যতে, ভবতি চ ব্যপদেশে বৃত্তিঃ যথা চৈত্রস্থ গৌরিতি। তথা প্রতিষিদ্ধবস্তুধর্ম্মা নিজ্ঞিয়ঃ পুরুষঃ, তিষ্ঠতি বাণঃ স্থাস্থতি স্থিত ইতি, গতিনিরুক্তো ধার্থিমাত্রং গম্যতে। তথাহ্মুৎপত্তি-ধর্মা পুরুষ ইতি, উৎপত্তিধর্ম্মস্তাভাবমাত্রমবগদ্যতে ন পুরুষাম্বয়ী ধর্মঃ, তস্মার্থ বিকল্পিতঃ স ধর্মাস্কেন চাস্কি ব্যবহার ইতি ॥ ৯॥

অনুবাদ। বিকল্পকে প্রমাণ বলা যায় না, (কারণ বস্তুশৃন্ত অর্থাৎ পদার্থবিহীন ) বিপর্যায়ও বলা যায় না, কারণ বস্তুশৃত্য হইলেও শব্দজ্ঞান প্রভাবে চিরস্তন ব্যবহার দেখা যায়। যেমন, চৈত্ত অর্থাৎ জ্ঞান পুরুষের স্বরূপ (ধর্ম), যদি চৈততাই পুরুষ হয়, উভয়ে কোনও ভেদ না থাকে তবে কাহার দারা কাহার পরিচয় হইবে ? অথচ "চেত্রের গরু" ইত্যাদির স্থায় ব্যেপদেশ (বিশেষ্য বিশেষণভাব) হইয়া থাকে। এইরূপ পুরুষ প্রতিষিদ্ধবস্তুধর্ম্মা অর্থাৎ পথিব্যাদি বস্তুধর্ম্মের ( পরিম্পন্দ প্রভৃতির ) অভাব পুরুষে আছে, এবং ক্রিয়ার অভাব পুৰুষে আছে: ( সিদ্ধান্তে অভাব নামে কোনও পদাৰ্থ নাই, অথচ তাহা দারা চিরস্তন ব্যবহার চলিতেছে) এইরূপ, বাণ অবস্থান করিতেছে, করিয়াছিল এবং করিবে, এন্থলে স্থাধাতু ধারা গতিনিবৃত্তি ( অভাব ) রূপ একটী কল্লিত পদার্থের বোধ হইতেছে, ঐ কল্পিত পদার্থে আবার পূর্ব্বাপরীভাবে ভূত বর্ত্তমান ও ভবিষ্যৎ কাল ব্ঝাইতেছে। এইরূপ পুরুষ অমুৎপত্তিধর্মা, অর্থাৎ পুরুষে অন্তর্পত্তি (উৎপত্তির অভাব) নামক একটা ধর্ম আছে এরূপ বোধ হয়, : ব্ৰুথম অভাব নামে কোনও একটা পদাৰ্থ নাই, অতএব উক্ত সকল হলে অভাব প্রভৃতি ধর্ম সমুদায় বিকল্লিত অর্থাৎ বিকল্লবৃত্তি দারা বিজ্ঞাত, উক্ত কল্লিত ধর্ম ধারা চিরস্তন ব্যবহার চলিয়া আসিতেছে। ১।

मखता। भरकत अमन्दे अकृषि अनिर्स्तानीय अভाव आह्न, य अर्थ থাকুক আর নাই থাকুক, উচ্চারিত হইলেই একটী অর্থ ব্রথাইয়া দেয়, মীমাংসক বলিয়াছেন "অত্যন্তমপ্যসত্যর্থে শক্ষো জ্ঞানং করোতি হি" অর্থাৎ পদার্থ অত্যম্ভ অসৎ ( একেবারে না থাকা ) হইলেও শব্দ জ্ঞান উৎপন্ন করিয়া থাকে। নরশৃঙ্গ, আকাশকুস্কম প্রভৃতি পদার্থ নাই, তথাপি ঐ সকল শব্দ শ্রবণ করিলে একটা অর্থ বুঝায়, ইহাকেই বিকল্পবৃত্তি বলে। সত্যস্থলে শব্দ, অর্থ ও জ্ঞান এই তিনটী বর্ত্তমান থাকে, বিকল্পস্থলে অর্থ থাকে না, কেবল শব্দ ও জ্ঞান থাকে, "শব্দজ্ঞানামুপাতী বস্তুশূগুঃ" দারা এই কথাই বলা হইয়াছে।

বিকল্পবৃত্তি দারা কোনও স্থলে অভেদে ভেদ, কোথাও বা ভেদে অভেদ প্রতীতি হইয়া থাকে। ষষ্ঠা বিভক্তি থাকিলে ভেদ বুঝায়, "চৈত্রস্থ গোঃ" ( চৈত্রের গরু ) বদিলে চৈত্রে (কোনও ব্যক্তিতে ) ও গরুতে ভেদ আছে এরূপ বুঝার, "রাহোঃ শিরঃ" (রাহুর মন্তক) বলিলেও ঐরূপ রাহুতে ও মন্তকে ভেদ আছে এরূপ বুঝা উচিত, উচিত বটে কিন্তু রাহুতে ও মস্তকে ভেদ নাই, মস্তকই রাহ, এইটা অভেদে ভেদের দৃষ্টান্ত। ক্ষিপ্ত মৃঢ় প্রভৃতি চিত্তের ধর্ম, স্মৃতরাং চিত্ত হইতে ভিন্ন, তথাপি ক্ষিপ্তং চিত্তং, মৃঢ়ং চিত্তং ইত্যাদিরূপে অভেদ-নির্দেশ হইয়া থাকে; এই সকল ভেদে অভেদের দৃষ্টান্ত। সাংখ্য পাতঞ্বল মতে অভাব নামক কোনও পদার্থ নাই, উহা অবিকরণের স্বরূপ, তথাপি এই কল্লিত অভাব দারা "নিক্রিয়ঃ পুরুষঃ" অর্থাৎ ক্রিয়ার অভাব বিশিষ্ট পুক্ষ ইত্যাদি শত সহস্র ব্যবহার চলিতেছে, এন্থলে অভেদে ভেদ আরোপ হইয়াছে।

ভাষ্যের "প্রতিবিদ্ধবস্তবর্মা" এন্থলে প্রতিবিদ্ধা বস্তবর্মাঃ এরূপও পাঠ আছে, তাহার অর্থ, বস্তুর ধর্ম সমুদায় প্রতিষিদ্ধাঃ প্রতিষেধব্যাপ্যাঃ অর্থাৎ অভাবের সহিত সম্বন্ধ; অভাবের সহিত ভাবের সম্বন্ধ হইতে পারে না তথাপি সম্বন্ধ আছে বলিয়া ব্যবহার চলিতেছে।

यथार्थत्क व्यथार्थ विनया जाना विश्वग्रं ७ विकट्स ममान, विटमर्वै এই, বিপর্যায় স্থলে একবার বাধজ্ঞান (বেটী যাহা, সেটাকে তাহা বলিয়া জানা) হইলে আর ব্যবহার চলে না, সাধারণেরই ঐ বাধজ্ঞান হইতে পারে; বিকল্প- ৃষ্ণে সেরপ হয় না, অযথার্থ বিলিয়া জানিয়া শুনিয়াও আরোপিত পদার্থ দারা ব্যবহার চলিয়া থাকে। বিকল্পবৃত্তি দারা আরোপিত পদার্থ সকলকে অযথার্থ বলিয়া সকলে জানিতে পারে না, পণ্ডিতগণেরই উক্ত বিষয়েযথার্থ জ্ঞান হই য়াথাকে।

বিপর্যায়ের অতিরিক্ত বিকল্পবৃত্তি সকলে স্বীকার করেন না বলিয়াই ভাষ্টে উদাহরণ অনেকরূপে দেখান হইয়াছে॥ ৯॥ '

# সূত্র। অভাবপ্রত্যয়ালম্বনা রুত্তির্নিদ্রা ॥ ১০ ॥

ব্যাখ্যা। অভাবপ্রত্যয়ালম্বনা (জাগ্রৎম্পপ্রবৃত্তীনাং অভাবস্তম্ভ প্রত্যয়ঃ কারণং চিত্তসম্বাচ্ছাদকং তমঃ, তদেবালম্বনং বিষয়ো যহাঃ সা তথোকা) রুব্তিঃ (চিত্তম্ভ পরিণামবিশেষঃ) নিদ্রা (স্ব্যুপ্তিঃ, তমোবিষয়া চিত্তবৃত্তিঃ নিদ্রা ইতিক্থাতে)॥ ১০॥

তাৎপর্য্য। চিত্তের যে অবস্থায় বহিরিন্দ্রিজন্ম জাগ্রৎর্ত্তি এবং কেবল মনোজন্ম স্বপ্নর্ত্তি কিছুই হয় না, তাহাকে নিদ্রার্ত্তি বলে, এই অবস্থায় প্রকাশের বিরোধী তমোগুণই চিত্তের বিষয় হইয়া থাকে॥ ১০॥

ভাষ্য। সাচ সম্প্রবিধে প্রভাবমর্শাৎ প্রভারবিশেষঃ। কথং ? স্থমহং অস্বাপ্সং প্রসন্ধং মে মনঃ প্রজ্ঞাং মে বিশারদী করোভি; দুঃখমহং অস্বাপ্সং স্ত্যানং মে মনঃ ভ্রমতানবস্থিতং, গাঢ়ং মূঢ়ঃ অহং অস্বাপ্সং গুরুণি মে গাত্রাণি ক্লান্তং মে চিত্তমলসং মুষিতমিব তিষ্ঠ-জীতি। স খল্বয়ং প্রবৃদ্ধস্থ প্রভাবমর্শোন স্থাৎ অসতি প্রভারামুভবে তদাপ্রিভাঃ স্মৃতর্শচ তদ্বিষ্য়ান স্থাঃ, তস্মাৎ প্রভারবিশেষো নিদ্রা, সাচ সমাধে ইতরপ্রভারবন্ধিরোদ্ধব্যতি॥ ১০॥

অমুবাদ। সেইটা (নিদ্রাটা) একটা প্রত্যন্ন অর্থাৎ অমুভববিশেষ, কারণ জাগ্রৎ অবস্থান্ন উহার স্মরণ হয়। কিরূপ ? (কিভাবে স্মরণ হয়, তাহা সম্ব প্রভৃতি গুণভেদে বিশেষ করিয়া বলা হইতেছে) আমি স্থাধ নিদ্রা গিয়া-ছিলাম, আমার মন নির্দ্মণ হইয়া স্বচ্ছরুত্তি উৎপন্ন করিতেছে, এইটা সাত্তিক স্মরণ। আমি হৃঃথে নিদ্রিত ছিলাম, আমার মন অকর্ম্মণা ইইয়া অস্থিরভাবে শ্রমণ করিতেছে (বিষয় হইতে বিষয়ান্তর গ্রহণ করিতেছে) এইটা রাজসিক

শ্বরণ। আমি অতিমাত্র মৃঢ়ভাবে নিজিত ছিলাম, আমার শরীর ভারবোধ इटेटज्राह, हिख आख इटेग्रा जनम इटेग्राह, हिख नाट विनन्नाट यन वाध হইতেছে, এইটা তামদিক শারণ। নিদ্রাকালে তমঃ বিষয়ে চিত্তরুত্তি ( অমুভব ) না হইলে প্রবৃদ্ধ ব্যক্তির উক্তর্রপ স্বরণ হইতে পারিত না, চিত্তে আশ্রিত বৃত্তিবিষয়ে স্মৃতিও হইতে পারিত না; স্থতরাং স্বীকার করিতে হইবে, নিদ্রা-কালে তমঃ বিষয়ে চিত্তের বুক্তি হইয়াছিল, জতএব নিদ্রা একটী প্রত্যয়বিশেষ অর্থাৎ অমুভব। অপরাপর বৃত্তির স্থায় নিদ্রাবৃত্তিকেও সমাধিকালে নিরোধ क्तिट्ठ इट्टेंद्र ॥ ১० ॥

ু মন্তব্য। নৈয়ায়িক প্রভৃতি শাস্ত্রকারগণ নিদ্রাকে একটী বৃত্তি (জন্মজ্ঞান) বলিয়া স্বীকার করেন না। তাঁহারা বলেন সকল জ্ঞানের অভাবই নিদ্রা ( স্বযুপ্তি ) কালে হয় : কারণ উক্ত কালে কোনও জ্ঞানেরই কারণ থাকে না. তথন কি বহিরিন্দ্রিয়, কি অন্তরিন্দ্রিয় কাহারই ব্যাপার নাই, স্থতরাং কিরূপে জ্ঞান জন্মিবে ? পভঞ্জলির মতে নিদ্রা একটী বৃত্তি, যথন দেখা ঘাইতেছে পূর্ব্বোক্তরপে জাগ্রৎকালে সকলেরই নিদ্রাবিষয়ে শ্বরণ হইয়া থাকে তথন অবশ্রুই স্বীকার করিতে হইবে যে, নিদ্রাও একটী অমুভববিশেষ, কারণ অহভব না হইলে কথনই স্মরণ হয় না। নিদ্রাকে একটা বুত্তি বলিয়া বিধান করিবেন বলিয়াই স্থতে পুনর্জার বৃত্তিপদের উল্লেখ হইয়াছে, অধিকৃতপদ ( এখানে বৃত্তিপদ ) বিধায়ক হয় না অর্থাৎ এন্থনে অধিকৃত । পূর্বাস্থ্র হইতে বাঁহার অধিকার আসিতেছে ) বৃত্তি পদটী নিদ্রাকে বৃত্তি বলিয়া বিধান করিতে সমর্থ নহে. তাই পুনর্ব্বার বৃত্তির উল্লেখ। এ বিষয়ে বৈদান্তিকেরও সম্মতি আছে, বিশেষ এই তাঁহারা উক্ত কালে সচিদানন্দ আত্মতত্বেরও স্কুরণ স্বীকার করেন, ' এবং উক্ত বৃত্তিকে অজ্ঞানের বৃত্তি বলিয়া থাকেন, উক্ত অবস্থা তাঁহাদের মতে আনন্দময় কোষ।

চিত্ত জাগ্রৎকালে ত্বক্ ইক্রিয়ে, স্বপ্নকালে মেধ্যা নাড়ীতে এবং স্বযুপ্তি 🕻 ( নিদ্রা ) কালে পুরীতৎ নাড়ীতে অবস্থিত থাকে ॥ ১১ ॥

#### সূত্র। অনুভূত বিষয়াসম্প্রমোষঃ স্মৃতিঃ॥ ১১॥

অহভূতৰিবন্নাসম্প্রমোব: (অহভূতৌ জ্ঞাতৌ যৌ বিষ্য়ৌ বৃত্তি-

তদেগাচরাথে ি তরোরসম্প্রমোধঃ অস্তেরঃ অনপহরণমিতি যাবং ) স্মৃতিঃ ( স্থুরুণুং সংস্কার দ্বারা অমুভবমাত্রজন্তরং স্মৃতিত্বমিতি )॥ >> ॥

তাৎপর্য্য। প্রমাণ বিপর্য্যর প্রভৃতি দ্বারা অধিগত পদার্থ হইতে অতিরিক্ত পদার্থ বিষয় করে না, এমত চিত্তবৃত্তিকে স্মৃতি বলে। সংস্কারকে দ্বার করিয়া অমুভবই স্মৃতির জনক হইয়া থাকে॥ ১১॥ •

অমুবাদ। চিত্ত কি প্রত্যয়কে (অমুভবকে ) শ্বরণ করে, অথবা বিষয়কে শ্বরণ করে ? এই প্রশ্নের উত্তর, উভয়কেই শ্বরণ করে; কেননা অমুভব বিষয়ের (ঘটপটাদির) উপরক্ত অর্থাৎ বিষয়াধীন হইলেও বিষয় ও জ্ঞান উভয়াকারে ভাসমান হইয়া স্বায়ৢরূপ (বিষয়ও জ্ঞানাকার) সংস্কার উৎপন্ন করে, সেই সংস্কার আপনার উদ্বোধকের দ্বারা উদ্বুদ্ধ হইয়া সেইরূপেই বিষয় ও জ্ঞানাকারে শ্বরণ জন্মায়। অমুভব ও শ্বৃতি উভয়েই বিষয় ও জ্ঞানের অবভাস হয়, বিশেষ এই বৃদ্ধি (অমুভব) গ্রহণাকার প্রধান অর্থাৎ ইহাতে অজ্ঞাতের জ্ঞান হয় বিলয়া জ্ঞানাংশেরই প্রাধান্ত থাকে, শ্বৃতিতে জ্ঞাতের জ্ঞান বলয়া বিয়য়ণেই প্রধান থাকে। এই শ্বৃতি ছই প্রকার, ভাবিতশ্বর্ত্তব্য অর্থাৎ বাহার শ্বেরিটা প্রকের ভায় করিত নহে। শ্বৃতিমাত্রেই প্রমাণ, বিপয়্রয়, বিকয়, নিজা

ও স্থৃতির অম্ভব হইতে উৎপন্ন হয়। উক্ত সমস্ত চিত্তবৃত্তিই স্থুপ ছংখ ও মোহাত্মক অর্থাৎ বৃত্তিমাত্রেই স্থুপ, ছংখ বা মোহের কারণ, স্থুখ ছংখ ও মোহকে ক্লেশ বলিয়া ব্যাখ্যা করা হয়, "স্থামূশ্যী রাগং" অর্থাৎ স্থুখ বা স্থুখের সাধনে আসক্তিকে রাগ বলে, "ছংখামূশ্যী ছেষং" অর্থাৎ ছংখ বা ছংখের সাধনে অনিষ্টবোধকে ছেম্ব বলে, মোহ শব্দে অবিছা বুঝার। এই সমস্ত বৃত্তিই নিরোধ (নিরোধ না করিলে সমাধি হইতে পারে না) করিতে হইবে। চিত্তবৃত্তি নিরোধ করিলে প্রথমতঃ সম্প্রক্তাত ও পরিশেষে অসম্প্রক্তাত যোগ হয়॥ ১১॥

মন্তব্য। স্ত্রের অসম্প্রমোষ শব্দের অর্থ অনপহরণ, ওরূপে রূপক করিয়া লিথিবার তাৎপর্যা এই, পিতৃধনে পুল্রের অধিকার আছে, পিতৃধন সমস্ত বা তাহার কতক অংশ গ্রহণ করিলে পুল্র চুরি করিয়াছে বলা যায় না। স্বৃতির পিতা অমুভব, অধিক গ্রহণ না করিয়া অমুভবের বিষয় সমস্ত বা তাহা হইতে কিছু অর বিষয় গ্রহণ করিলে তাহাতে স্বৃতির চৌর্যাপরাধ হইতে পারে না। ইহা দারা বলা হইল যে, স্বৃতি অমুভূত মাত্র বিষয়েই হয়, অতিরিক্ত বিষয়ে হয় না।

প্রত্যভিজ্ঞা নামে আর একটী জ্ঞান আছে, ষেমন "সোহয়ং দেবদত্তঃ" সেই এই দেবদত্ত অর্থাৎ যাহাকে পূর্ব্বে দেখিয়াছি এ সেই দেবদত্ত, এই জ্ঞানকে কেবল অন্থভব বা কেবল শ্বতি বলা যায় না, ইহার বিষয় কতকটা অজ্ঞাত, কতকটা জ্ঞাত। অন্থভবের বিষয় সমস্তই পূর্ব্বে অজ্ঞাত থাকে, শ্বতির বিষয় জ্ঞাত থাকে। এই প্রত্যভিজ্ঞা জ্ঞান অন্থভব ও শ্বতি উভয়ের মিশ্রণে সঙ্কীর্ণরূপে হয়।

জ্ঞানের অংশ ছইটী, বিষয়াংশ ও জ্ঞানাংশ, ইহা বুঝাইয়া দেওয়া কঠকর,
এপ্রণিধান করিয়া নিজেই বুঝিবার চেষ্টা করা উচিত, "অয়ং ঘটঃ" এইটী ঘট
ইত্যাদি জ্ঞান স্থলে ঘটটী ( যাহা বহিরংশ ) বিষয়াংশ এবং ইহার মধ্যে ক্রুরণ
(প্রকাশ ) যে টুকু আছে, যাহা ঘারা চিত্তে যেন একটী আলোকের ছটা
প্রজ্ঞানিত হয় ঐটী জ্ঞানাংশ। জ্ঞানশন্দে প্রকাশ বুঝায়, ইহার স্বরূপতঃ
কোনই ভেদ নাই, বিষয় ঘারাই উহা পৃথক্ পৃথক্ রূপে নির্দিষ্ট হইয়া থাকে;
ঘটজ্ঞান, পটজ্ঞান ইত্যাদি স্থলে ঘট পটাদি বিষয়ই জ্ঞানের জ্ঞেদক হয়।
জ্ঞানের নিজ আংশে সর্কাদাই প্রত্যক্ষ, কেবল বিষয় লইয়াই প্রত্যক্ষ পরিমাক্ষ
রূপে ব্যবহার হয়।

প্রদর্শিত হইল যে অমুভবের (জ্ঞানের) অংশ হয় আছে, অমুভব হইতে সংস্কার জয়ে, সংস্কার হইতে শ্বৃতি উৎপন্ন হয়, এই শ্বৃতি কাহাকে বিষয় করিবে ? ঘট পটাদিকে ? না জ্ঞানকেও ? অমুভব ঘটাদিকে বিষয় করে, আপনাকে করে না, স্কুতরাং তজ্জনিত সংস্কারও কেবল ঘটাদি বিষয়ক হইবে, অমুভব বিষয়ক হইবে না, স্কুতরাং শ্বৃতিও কেবল ঘটাদিকে বিষয় করুক। অথবা অমুভ্ব জয়্ম শ্বৃতি হয় বিলয়। তাহাকেও বিষয় করুক। ভায়ে এইরপ আশক্ষা করিয়া বলা হইয়াছে অমুভব (জ্ঞান) ও ঘটাদি বিষয় উভয়ই শ্বৃতির গোচর হইয়া থাকে। কারণ অমুভবে য়েরপ বিষয় ও জ্ঞান উভয়েরই প্রকাশ থাকে শ্বৃতিতেও ঠিক প্ররূপ থাকিবে।

স্থ হংথ ও মোহ তিনটাকেই ক্লেশরপে বর্ণনা করা হইয়াছে, স্থথকে কেন ক্লেশ বলা হইল, এরূপ আশক্ষা হইতে পারে। কিন্তু উহা আমাদের পক্ষে বলা হয় নাই। আমরা বিষয়ক্ষণকৈ বিষয়স্থকেই পরমার্থতত্ব বলিয়া বোধ করি। বিরক্ত যোগিগণ বিষয়স্থকে বিষনয়নে দৃষ্টি করেন, তাঁহারা হংথ অপেক্ষা স্থাকেই অধিকরূপ ক্লেশ বলিয়া তৎপরিত্যাগে যত্ন করিয়া থাকেন। যোগি-গণের দৃষ্টিতে জগতের সমস্তই হংখময় একথা অগ্রে সাধনপাদে ১৫ স্ত্তে বলা হইবে।

বৃত্তি সমস্ত নিরোধ করিতে হইবে, অর্থাৎ যে সমস্ত ক্লিষ্টবৃত্তি উত্তরোত্তর বিষয়াসক্তি বৃদ্ধি করে, তাহাই নিরোধ করিবে। অক্লিষ্টবৃত্তি অর্থাৎ নিবৃত্তিমার্গে ধর্মবৃত্তি সকলকে নিরোধ করিতে হইবে না। প্রথমতঃ নিবৃত্তিমার্গ অবলম্বন করিয়া প্রবৃত্তিমার্গের বাধা দিতে হইবে। অভ্যাস দ্বারা এই অক্লিষ্টবৃত্তি দৃঢ় হইলে পরিশেষে উহা পরিত্যাগ করিলেও ক্ষতি নাই। যাহাকে ত্যাগ করিতে হইবে তাহার স্বরূপ প্রথমতঃ বিশেষরূপে জানা আবশ্যক তাই প্রমাণাদি ক্লিষ্টবৃত্তি স্বিত্তর বলা হইল॥ ১১॥

ভাষ্য। অথাসাং নিরোধে কঃ উপায়ঃ ? ইতি।

সূত্র। অভ্যাসবৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ॥ ১২ ॥

ব্যাখ্যা। অভ্যাদবৈরাগ্যাভ্যাং (পুনঃপুনরূপায়ার্ম্ন্রানেন বিষর্বিরক্ত্যা চ

তরিরোধঃ (তাসাং বৃত্তীনাং নিরোধঃ হননং, বৃহির্ভাব্মপনীয় অন্তর্ম্বতরা অবস্থাপন্ম্ ইতি ) ॥ ১২ ॥

তাৎপর্য। পূর্ব্বোক্ত চিত্তবৃত্তি সকলের নিরোধ কিরূপে হইবে? এ প্রশ্নের উত্তর। অভ্যাস বোরংবার অন্তর্গান) ও বৈরাগ্য (ভোগ্য পদার্থে আসক্তি না থাকা) দ্বারা তাহাদৈর নিরোধ করিবে। অভ্যাস ও বৈরাগ্য কি তাহা অগ্রে প্রদর্শিত হইবে॥ ১২॥ .

ভাষ্য। চিত্তনদী নাম উভয়তো বাহিনী, বহতি কল্যাণায়, বৃহতি পাপায় চ। যা তু কৈবল্যপ্রাগ্ভারা বিবেকবিষয়নিম্না সা কল্যাণবহা। সংসারপ্রাগ্ভারা অবিবেকবিষয়নিম্না পাপবহা। তত্র বৈরাগ্যেণ বিষয়স্রোভঃ খিলী ক্রিয়তে, বিবেকদর্শনাভ্যাসেন বিবেক-স্রোতঃ উদ্ঘট্যতে ইত্যুভয়াধীনশ্চিত্তবৃত্তিনিরোধঃ ॥ ১২ ॥

অন্বাদ। উভয়দিকে প্রবহমান চিত্তনামে একটী নদী আছে, উহা
মঙ্গলের নিমিত্ত এবং পাপের নিমিত্ত প্রবাহিত হয়। যে প্রবাহটী কৈবল্যের
(মুক্তির) অভিমুখ, বিবেক বিষয় যাহার নিম্নপণ তাহাকে কল্যাণবহ বলে।
যে প্রবাহটী সংসারের অভিমুখ, অবিবেক বিষয় যাহার নিম্নপথ তাহাকে
পাপবহ বলে। বৈরাগ্য দারা বিষয়দিকের প্রবাহ প্রতিকৃদ্ধ হয়, এবং বিবেকদর্শনামূশীলন দারা বিবেক পণের স্রোতঃ উদ্যাটিত হয়। অতএব এই উভয়ের
(অভ্যাস ও বৈরাগ্যের) সাহায়ে চিত্তর্ত্তি নিরোধ হইয়া থাকে॥ ১২॥

মস্তব্য। ষেমন কোনও একটা নদীর ছইটা মুখ ( শাখা ) থাকিলে তাহার । একটা বদ্ধ করিলে অপরটার বেগ প্রবল হয়, এবং প্রবাহিত সেই একটারও আবার ক্রমশঃ যত সঙ্কোচ হয়, ততই বেগ বৃদ্ধি হইতে থাকে, বর্ষাকালে দেখা যায় নদীর প্রবাহ তীর অতিক্রম করিলে বেগ কমে, যতই প্রবাহ সঙ্কৃচিত হয় ততই বেগ বৃদ্ধি হইতে থাকে; চিত্তেরও সেইরূপ প্রবুত্তিমার্গ ও নিবৃত্তিমার্গ নামক ছইটা পথ আছে, বিষয়বৈরাগা ( বাঁধের কপাটের ছায় ) দ্বারা প্রবৃত্তিমার্গ প্রতিকৃদ্ধ হয়, অভ্যাস দ্বারা নিবৃত্তিমার্গটি পরিষ্কার করা হয়। প্রস্তুত্তিমার্গ থতই প্রতিকৃদ্ধ হয়, নিবৃত্তিমার্গে ততই প্রবলবেগে প্রবাহ চলিতে খাকে।

এইরূপ নির্ত্তিমার্গ প্রতিরুদ্ধ হইলে প্রবৃত্তিমার্গের প্রবাহ প্রবল হইয়া থাকে, ধর্ম ও অধর্ম ইহাদের একটা হীন বল হইলে অপরটা: আপনা হইতেই যেন প্রবল হইয়া উঠে।

বৈরাগ্য ও অভ্যাস মিলিত হইয়াই চিত্তবৃত্তি নিরোধের কারণ হয়, স্বত্রে উভয়ের সমৃচ্চয়ই নির্দিষ্ট হইয়াছে, বিকল্প নহে, অর্থাৎ হয় অভ্যাস না হয় বৈরাগ্য, কোনও একটী ছারা বোগ সিদ্ধি হয় এমত নহে, উভয়ের ছারাই চিত্তবৃত্তি নিরোধ হইয়া থাকে। ভগবদাী তায় উক্ত আছে, "অসংশয়ং মহাবাহো। মনো ছর্নিগ্রহং চলম্। অভ্যাসেন তু কোন্তেয় বৈরাগ্যেণ চ গৃহতে" ইতি ॥ ১২ ॥

### সূত্র। তত্র স্থিতো যত্নোহভ্যাসঃ॥ ১৩॥

ব্যাখা। তত্র (তরোরভাগেবৈরাগ্যয়ো: মধ্যে) স্থিতে (রাজসতামসরুত্তিরহিত ভাতিক প্রবাহার্থং, স্থিত্যর্থমিতি, নিমিত্তার্থে সপ্থমী) যত্নঃ (উৎসাহ:) অভ্যাস: (পুনঃপুনঃ অসুশীলনম্) ইতি উচ্যতে ॥ ১৩॥

তাৎপর্যা। যেরূপ উপায় অবলম্বন করিলে চিত্তের রাজসতামসর্ত্তি তিরোহিত হইয়া কেবল সাত্মিকর্ত্তি প্রবাহ উৎপন্ন হয়, যম নিয়ম প্রভৃতি বোগের উপায় বিষয়ে তাদৃশ প্রয়েক্তকে অভ্যাস বলে॥ ১৩॥

ভাষ্য। চিত্তস্থ অবৃত্তিকস্থ প্রশান্তবাহিতা স্থিতিঃ, তদর্থঃ প্রাযক্তঃ বীর্ঘ্যং উৎসাহঃ, তৎ-সম্পিপাদয়িষয়া তৎ-সাধনামুষ্ঠান-মভ্যাসঃ॥ ১৩॥

অন্থবাদ। রাজস ও তামসর্ত্তিবিহীন চিত্তের কেবল সাত্মিকর্তি প্রবাহরূপে প্রশান্তভাবে অবস্থানকে স্থিতি বলে, এই স্থিতিসম্পাদনের নিমিত '
প্রবাহ্মকে অভ্যাস বলে। বীর্য্য ও উৎসাহ এই চ্ইটীই প্রবাহের পর্য্যার অর্থাৎ
নামান্তর। উক্ত স্থিতিসম্পাদনমানসে যম নিরম প্রভৃতি বহিরক ও অন্তরক
যোগসাধনে পুনঃ পুনঃ অনুষ্ঠানকে অভ্যাস বলে॥ ১৩॥

্ব মন্তব্য। ভাষ্যে যদি চ "চিত্তশ্ত অবৃত্তিকশু" এইরূপ নির্দেশ আছে তথাপি অবৃত্তিকপদে রাজসভাষসবৃত্তিরহিত এইরূপ বৃথিতে হইবে, সমস্ত বৃত্তিরহিত এইরূপ বৃথিতে হইবে, সমস্ত বৃত্তিরহিত এইরূপ বৃথাইবে না, কারণ সম্ভাজাতযোগে সাধিকবৃত্তি থাকে।

"চর্মাণ দ্বীপিনং হস্তি" চর্মের নিমিত্ত কুঞ্জর বিনাশ কবে ইত্যাদি স্থলের ক্সায় স্বত্তে স্থিতে এই সপ্তমীটা নিমিন্তার্থে বুঝিতে হইবে, স্থিতির নিমিত্ত যত্ন এইরূপ বুঝাইবে।

ভাষ্যের "সম্পিপাদবিষয়া" (সম্পাদনেচ্ছয়া ) এই পদ দ্বারা ইচ্ছা জন্ম প্রযন্ত্র इटेश थात्क देशदे वना इटेशाष्ट्र, आञ्चलला ज्यापिका देखालला कृतिर्ज्य । কু তিজ্ঞা ভবেচেপ্তা চেপ্তাজ্ঞা ক্রিয়া ভবেৎ, অর্থাৎ আত্ম (জ্ঞান) জন্ম ইচ্চা হয়, ইচ্ছাজন্ত কৃতি (প্রযন্ন) হয়, কুতিজন্ত চেষ্টা (শরীর ব্যাপার) হয় ও চেষ্টাজন্ম ক্রিয়া ( গমনাদি ) হইয়া থাকে।

ু ফলকামী ব্যক্তিব উপায়বিষয়ে প্রযন্ত্র করা উচিত, সাধনবিষয়েই কর্তার ব্যাপার হইয়া থাকে। যে ব্যক্তি যোগের কামনা করে তাহার উচিত যোগের উপায় অমুষ্ঠান করা॥ ১৩॥

## সূত্র। স তু দীর্ঘকালনৈরন্তর্য্যসৎকারাসেবিতো দৃঢ়ভূমিঃ॥ ১৪॥

বাথা। সঃ ( অভ্যাসঃ ) দীর্ঘকালনৈরস্তর্য্যসৎকারাসেবিতঃ ( স্থচিরং তপোত্রন্ধচর্যাবিভাশদারপেণ আদরেণ, নৈরস্তর্য্যেণ চ, আ সম্যক্ সেবিতঃ উপাদিতঃ অনুষ্ঠিতঃ ইতি যাবং দন) দৃঢ়ভূমিঃ (স্থিরঃ অনুছেম্মঃ) ভবতীতি শেষ: II ১৪ II

তাৎপর্য্য। বছকাল যাবৎ তপস্থা প্রভৃতি আদর সহকারে নিরন্তর সমাক্রপে অমুষ্ঠিত হইলে অভ্যাস স্থির হয়, তখন আর বৈষয়িক ব্যাপার দ্বারা প্রতিবদ্ধ হয় না. স্কুতরাং যোগকপ স্বকার্য্যজননে সমর্থ হয়॥ ১৪॥

ভাষ্য। দীর্ঘকালাদেবিতঃ নিরন্তরাদেবিতঃ তপসা ব্রহ্মচর্যোণ বিদ্যয়া শ্রহ্ময়া চ সম্পাদিতঃ সৎকারবান্ দৃঢ়ভূমির্ভবতি, ব্যুত্থান-সংস্কারেণ দ্রাক্ ইত্যেব অনভিভূতবিষয়ঃ ইত্যর্থঃ॥ ১৪॥

অমুবাদ। বহুকাল নিরম্ভর রূপে তপস্থা, ব্রহ্মচর্য্য, উপাসনা ও ভ্রম্ভি-गरकार्त्र मन्भाविक रहेरल উक्त अज्ञाम मृत्ज्ञिम रम्, ज्थन विराधी वाशान-সংস্কার ( বৈষয়িক জ্ঞান ) ছারা হঠাৎ অভিভূত হয় না, অর্থাৎ এই অভীাসের . বিষয় পূর্কোক্ত প্রশান্তবাহিতারপ স্থিতি ব্যুখানসংশ্বার দারা বিদ্রিত হয় না॥১৪॥

মস্তব্য। চিত্তকে স্থির করা অতি হুরহ ব্যাপার, অর্জুন বলিয়াছেন্
"চঞ্চলং হি মনঃ ক্লন্ধ প্রমাথি" বলবদ্দৃং। তস্থাহং নিগ্রহং মন্তে বায়োরিব
স্বাহ্বরম্ ॥ অর্থাৎ, মন বড়ই চঞ্চল, বায়ুর স্থায় ইহাকেও বশীভূত করা
হন্ধর কার্যা। ভাগ্যবশতঃ যদিও চিত্র প্রশান্ত হয়, কিন্তু, পুনর্বার অস্থির
হইবার সম্পূর্ণ সন্তাবনা, তাই স্ত্রকায় সতর্ক করিয়াছেন, একবার চিত্ত
স্থির হইয়াছে দেখিয়া নিশ্চিন্ত হইবে না, চতুর্দ্দিকে প্রবল বিষয়শক্র
রহিয়াছে, চিত্তকে অস্থির করা বিচিত্র ব্যাপার নহে, অতএব দীর্মকাশ
ভক্তিসহকারে নিরন্তর যোগোপায়ের অনুষ্ঠান করিবে। যত কাল পূর্ব্বোক্ত
প্রশান্তবাহিতারূপ চিত্তপ্রসাদ স্বাভাবিকভাবে পরিণত না হয় তত কাল
বিশেষ সতর্কভাবে কার্য্য করিবে॥ ১৪॥

## সূত্র। দৃষ্টানুশ্রবিকবিষয়বিতৃষ্ণস্থ বশীকারসংজ্ঞা বৈরাগ্যম্॥ ১৫॥

ব্যাখ্যা। দৃষ্টামুশ্রবিকবিষয়বিভৃষ্ণস্থ (দৃষ্ট প্রত্যক্ষ: ঐহিক:, আমুশ্রবিক: অমুশ্রব: বেদ: তত্র বোধিত:, যো বিষয়: ভোগ্য: তত্র বিভৃষ্ণস্থ অমুরাগ্র-বিহীনস্থ) বশীকারসংজ্ঞা (মম বশ্রা: বিষয়া:, নাহং তেষাং ইতি বিমর্শ:) বৈরাগ্যং (নির্কেদ:, অনাসক্রি:)॥১৫॥

তাৎপর্য্য। ঐহিক পারত্রিক সমস্ত স্থুখসাধন উপস্থিত হইলেও তাহাতে সম্পূর্ণভাবে অনমুরক্ত থাকার নাম বৈরাগ্য॥ ১৫॥

ভাষ্য। স্ত্রিয়ঃ, অন্নপানং, ঐশ্বর্যাং, ইতি দৃষ্টবিষয়ে বিভৃষ্ণস্থ স্বর্গবৈদেহাপ্রকৃতিলয়ত্বপ্রাতৌ আনুত্রবিকবিষয়ে বিভৃষ্ণস্থ দিব্যাদিব্যবিষয়য়ংযোগেহপি চিত্তস্থ বিষয়দোষদর্শিনঃ প্রসংখ্যানবলাৎ
অন্টুভোগাত্মিকা হেয়োপাদেয়শৃন্যা বশীকারসংজ্ঞা বৈরাগ্যম্॥ ১৫॥

অসুবাদ। স্ত্রী, অর, (অন্ততে ইতি অর ওদনাদি বাহা ভক্ষণ করা বায়) পান পীয়তে ইতি পানং, সরবৎ প্রভৃতি বাহা পান করে) ও ঐশ্বর্যা (সম্পত্তি) প্রভৃতি চেতন ও অচেতন বিবিধ ঐহিক বিষয়ে, স্বর্গে ("বয় হৃঃথেন সম্ভিনঃ
নচ প্রস্তমনস্তরং। অভিলাষোপনীভঞ্ তৎ স্থাং স্থঃ পদাস্পদম্"॥ হৃঃথ অসংমিশ্রিত
স্থাবিশেষে) দেহরহিত ইন্দ্রিয়ে লয়রূপে এবং প্রকৃতিতে লয় পাওয়া রূপ মুক্তিবিশেষে বেদবোধিত এই সমস্ত বিষয়ে তৃষ্ণারহিত চিত্তের দিবা ও অদিবা অর্থাৎ
আলৌকিক ও লৌকিক স্থাকর বিষয় সকল উপস্থিত হইলেও অর্জন, রক্ষণ, কয়
প্রভৃতি বিষয়দোষ দর্শন করায় অনাভোগাত্মিকা হান উপাদান শৃত্যা উপেক্ষা
বৃদ্ধিরূপ বশীকারসংজ্ঞাকে বৈরাগ্য বল্লে। ইহার কারণ প্রসংখ্যান:অর্থাৎ সর্বাদা
বিষয়ের হৃঃথরূপতা চিস্তা করিতে করিতে দোষের প্রত্যক্ষ করা॥ ১৫॥

• মন্তব্য। উল্লিখিত বৈরাগ্যকে অপর বৈরাগ্য বলে, ইহা চারি প্রকার; যতমানসংজ্ঞা, ব্যতিরেকসংজ্ঞা, একেন্দ্রিয়সংজ্ঞা ও বশীকারসংজ্ঞা। রাগ দ্বেষ প্রভৃতি চিত্তের মল বারা ইন্দ্রিয়গণ বিষয়ে ধাবিত হয়, যাহাতে উক্ত রাগ প্রভৃতি বারা ইন্দ্রিয়গণ বিষয়ে পরিচালিত না হয় এমত উপায় অবলম্বনে য়য়শীল হওয়াকে যতমানসংজ্ঞা বলে, এইটা বৈরাগ্যের প্রথম ভূমিকা। অনস্তর দেখিতে হইবে কোন্ কোন্ বিষয় হইতে ইন্দ্রিয় নির্ত্তি হইয়াছে, কোন্ কোন্টীই বা অবশিষ্ট আছে, ইহা পৃথক্রপে অবধারণ করাকে ব্যতিরেক সংজ্ঞা বলে। বহিরিন্দ্রিয়গণ বিষয় হইতে নির্ত্ত হইলেও ওৎস্ক্রস সহকারে মনে মনে বিষয় চিন্তার নাম একেন্দ্রিয়সংজ্ঞা অর্থাৎ চিত্তরূপ কেবল একটা ইন্দ্রিয়ে বিষব্রয় অবস্থান, পরিশেষে এই ওৎস্কক্রেয়ও নির্ত্তি হইলে বশীকারসংজ্ঞা হয়।

দরিদ্রগণের চিরকালই বিষয়বৈরাগ্য হইয়া থাকে, কিন্তু, ভোগ্য বস্তুর লাভ হইলে আর বৈরাগ্য থাকে না, ইহা সকলেরই বিদিত আছে। অভাববশতঃ বৈরাগ্য কোন কার্য্যেরই নহে, তাই ভাষ্যকার বলিয়াছেন, "দিব্যাদিব্যবিষয়-সংযোগেহপি"। না পাইয়া অথবা লজ্জা ভয়ের থাতিরে মনে মনে দয় হওয়া অপেক্ষা প্রকাশ্যে ভোগ করা সহস্রগুণে উত্তম, তাহা হইলে কোনও কালে ভাল হইবার সম্ভাবনা থাকে, চক্রের পরিবর্ত্তন হইয়া কখনও সংর্ত্তির উদয় হইতে পারে। এরূপ অনেক ভোগী পুরুষ দেখা যায়, যাহারা প্রথমতঃ ঘোর ছর্বৃত্ত থাকিয়াও পরিণামে অক্লব্রিম ভক্ত হইয়াছে, জগাই মাধাই ইহার প্রাসিদ্ধ উদাহরণ। যাহারা সমাজের ভয় না করিয়া ইছামুরূপ ভোগম্বথে শত থাকে, তাঁহাদের ক্লমের বল আছে, সংপথে আদিলে সেদিকেও উন্নতি লাভ করিতে

পারে। কিন্তু "ভিতরে গলৎ বাহিরে চটক্" এরূপ ধর্ম্মধ্বজী ব্যক্তি চিরকালই এক সমান থাকিয়া যায়।

সত্তে কেবল বশীকারসংজ্ঞা নামক চতুর্ধ বৈরাগ্যের উল্লেখ হইয়াছে, ইহাতেই প্রথম তিনটী বলা হইয়াছে বুঝিতে হইবে; কারণ প্রথম তিনটী না হইলে চরমটীর সম্ভাবনা হয় না॥ ১৫॥

সূত্র। তৎ পরং পুরুষখ্যাতেঃ গুণবৈতৃষ্ণ্যমূ॥ ১৬॥

ব্যাখ্যা। পুরুষখ্যাতেঃ (আত্মদাক্ষাৎকারাৎ হেতোঃ, জ্ঞারমানং ইতি শেষঃ) গুণবৈত্ঞ্যং (গুণেষু জড়বিষয়েষু, বৈত্ঞ্যং রাগাভাবঃ) তঃ. (বৈরাগ্যং) পরং (পরসংজ্ঞকং শ্রেষ্ঠং ইত্যর্থঃ) ॥ ১৬ ॥

তাৎপর্যা। বৃদ্ধিপ্রভৃতি হইতে নির্ম্পণ নিক্রিয় আত্মা পৃথক্, ইহা সম্যক্ প্রত্যক্ষ হইলে প্রকৃতি ও তৎকার্য্য জড়বর্গ বিষয়ে অমুরাগ থাকে না, ইহাকে পরবৈরাগ্য বলে॥ ১৬॥

ভাষ্য। দৃষ্টামুশ্রবিকবিষয়দোষদর্শী বিরক্তঃ পুরুষদর্শনাভ্যাসাৎ তচ্ছুদ্ধিপ্রবিবেকাপ্যায়িতবৃদ্ধিঃ গুণেভ্যঃ ব্যক্তাব্যক্তধর্মকেভ্যঃ বিরক্তঃ ইভি, তৎ দ্বয়ং বৈরাগ্যং; তত্র যৎ উত্তরং তৎ জ্ঞানপ্রসাদন্যাত্রম্। যস্যোদয়ে প্রভ্যুদিত খ্যাতিঃ এবং মন্যতে "প্রাপ্তং প্রাপণীয়ং. ক্ষীণাঃ ক্ষেত্র্যাঃ ক্লেশাঃ, ছিন্নঃ শ্লিষ্টপর্ববা ভবসংক্রমঃ, যস্ত্র পরিচ্ছেদাৎ জনিত্বা প্রিয়তে মৃত্বা চ জায়তে ইভি," জ্ঞানস্তৈব পরাক্রাষ্ঠা বৈরাগ্যম্, এতস্তৈব হি নান্তরীয়কং কৈবল্যমিতি॥ ১৬॥

অমুবাদ। প্রথমতঃ অর্জন রক্ষণ প্রভৃতি দোষ দর্শন করিয়া যোগিগণ ঐহিক পারত্রিক ভোগা বিষয় সকল হইতে বিরক্ত হইয়া আয়তজ্ঞান (আগম ও অমুমান ছারা) অভ্যাস করেন, ঐ জ্ঞানে (রজঃ ও তমো গুণের সংশ্রব না থাকায়) কেবল সত্ত্বের আবির্ভাবরূপ শুদ্ধি জন্মে, তদ্বারা সর্বাধা নির্দ্ধশুভাকরণ হইয়া ব্যক্তাব্যক্ত ধর্মবিশিষ্ট অর্থাৎ সুল ও স্ক্র বৃদ্ধি প্রভৃতি শুণ (জ্ঞাবর্গ) ইইতে সর্বতোভাবে বিরক্ত হয়েন। অতএব বৈরাগ্য হুই প্রকার, অপর ও পর, (এই স্ত্রে পর বৈরাগ্যের উল্লেখ করায় পূর্ব্ব স্ব্রে অপর বৈরাগ্য বলা হইয়াছে বৃঝিতে হইবে, অপর বৈরাগ্যই পর বৈরাগ্যের কারণ) ইহার মধ্যে পর বৈরাণাটী জ্ঞান প্রসাদ অর্থাং চিত্তের নির্মালতার শেষ দীমা। এই পর বৈরাগ্য দারা আত্মতত্বদাক্ষাৎকারী যোগিগণের এইরূপ জ্ঞান হইয়া থাকে, "পাইবার যোগ্য বস্তু (কৈবল্য) পাইমাছি, ক্ষয়ের উপযুক্ত পঞ্চবিধ ক্লেশ (অবিছা প্রভৃত্তি) ক্ষীণ হইয়াছে, অবিচ্ছিন্ন সংসারপ্রবাহ ছিন্ন হইয়াছে, যে সংসারের বিচ্ছেদ না থাকার প্রাণিগণ জন্মিয়া মরে এবং মরিয়া পুনর্কার জন্মগ্রহণ করে''। জ্ঞানের্ই চরম উন্নতি পর বৈরাগ্য, মুক্তি ইহারই অন্তর্গত ॥ ১৬ ॥

मखरा। পর বৈরাগ্যটী জীবন্মক্তিরই নামান্তর মাত্র। যদিচ বৈরাগ্য শব্দে রাগের অভাব বুঝায়, কিন্তু পতঞ্জলির মতে অভাবটী অতিরিক্ত পদার্থ নহে, অধিকরণ স্বরূপ, তাই বৈরাগ্যকে জ্ঞানপ্রসাদ বলা হইয়াছে, জ্ঞানের প্রসাদ অর্থাৎ রক্ত: ও তম: গুণের সম্পূর্ণ তিরোধান। অপর বৈরাগ্য অবস্থায় রক্ত: ভাগ কিছু পরিমাণে থাকে, পর বৈরাগ্যে তাহারও বিগম হয়, স্থতরাং প্রকাশ স্বভাব চিত্ত স্বকীয় স্বচ্ছভাবে প্রকাশ পায়। বহুকাল যাবৎ যোগের উপায় অনুষ্ঠান করিলে আত্ম সাক্ষাৎকার দারা অবিছা প্রভৃতি নষ্ট হয়, তখন একটা অনির্বাচনীয় ভাব ( সমদৃষ্টি ) উপস্থিত হয়, উহাকেই জীবনুক্তি বলে। জীবনুক্তি কি তাহা তাঁহারাই জানেন, বাক্য দ্বারা প্রকাশ করা যায় না।

যে বস্তু নিজের ( আত্মার ) উপকারক তাহাতে রাগ ( আসক্তি ) ও যাহা অপকারক তাহাতে দ্বেষ হইয়া থাকে ইহাই স্বাভাবিক নিয়ম। দেহাদিকে আত্মা বলিয়া জ্ঞান থাকাতেই উক্ত রাগ দ্বেব হইয়া থাকে, আত্মা নির্গুণ চৈতন্ত স্বরূপ এরূপ জ্ঞান দৃঢ় হইলে আর রাগ দ্বেষের সম্ভাবনা থাকে না। কারণ তাদৃশ আত্মার উপকার বা অপকার কিছুই সম্ভব নহে। এই ভাবে वश्वविदवक्टे श्रक्कुछ दिवारिगात कात्रन, दिवागा वनशूर्वक मण्यामिछ रम्न ना, বিষয় দোষ, বস্তুবিচার, অধ্যাত্ম দৃষ্টি প্রভৃতি দারা স্বভাবত:ই বিষয় বৈরাগ্য হইয়া থাকে॥ ১৬ ।

ভাষ্য। অথ উপায়দ্বয়েন নিরুদ্ধ-চিত্তরতেঃ কথমূচ্যতে দ্রুম্প্রকাতঃ সমাধিরিতি ?

# সূত্র। বিতর্কবিচারানন্দান্মিতারূপামুগমাৎ সম্প্রজ্ঞাতঃ ॥ ১৭॥

ব্যাখ্যা। সম্প্রজাতঃ (সম্প্রজাবতে অমিন্সম, প্র, জ্ঞাধাড়োঃ অধিকবণে ক্ত প্রত্যয়ঃ, পূন্দোক্তঃ সমাধিবিশেষঃ) বিতর্কবিচাবানন্দামিতার পামুগমাৎ (বিতর্কাদীনাং রূপে: স্বর্ধাঃ, অমুগমাৎ সম্বর্ধাৎ, চঙুদ্ধা ভবতীত্যর্থঃ) ॥ ১৭॥

তাৎপর্যা। পূর্ব্বোক্ত অত্যাস ও বৈর্ব্বান্ধপ ধিবিধ উপায় দ্বারা চিত্তর্ত্তি নিবন্ধ হইলে সম্প্রজ্ঞাত সমাবি কি ভাবে হয়? এইকপ জিজ্ঞাসায় বলা হইতেছে, সম্প্রজ্ঞাত সমাধি বিত্রক, বিচাব, আনন্দ ও অস্মিতাব সম্বন্ধে চাবি প্রকাক হইয়া গাকে। স্বিত্রক, স্বিচাব, সানন্দ ও সাস্মিত ॥ ১৭ ॥

ভাষা। বিতর্কঃ চিত্তস্থ আলম্বনে সূলঃ আভোগঃ, সূক্ষঃ বিচাবঃ, আনন্দঃ হলাদঃ, একাত্মিকা সম্বিদ্ অস্মিতা। তত্র প্রেপমঃ চতুষ্টয়ামুগতঃ সমাধিঃ সবিতর্কঃ। দিতীয়ঃ বিতর্কবিকলঃ সবিচাবঃ। তৃতীয়ঃ বিচাববিকলঃ সানন্দঃ। চতুর্পঃ তদ্বিকলঃ অস্মিতামাত্রঃ ইতি। সর্বেব এতে সালম্বনাঃ সমাধ্যঃ॥ ১৭॥

অম্বাদ। কোনও একটা স্থল বস্তু অবনম্বন করিয়া কেবল তদাকারে চিত্রেব বৃত্তিবাবাকে সবিতর্ক সমাধি বলে, ঐ বস্তুব স্ক্রভাগ অবলম্বন কবিষা ভদাকাবেই চিত্তবৃত্তিধাবাব নাম সবিচাব সমাধি। (এস্থলে স্থাশব্দে পবিদ্র্যানা ইন্দ্রিয়গোচব পদার্থ মাত্রই ব্র্বাইবে, এবং উথাব কারণ ভূতস্ক্র পঞ্চত্রাত্র প্রভৃতি স্ক্র শস্বাচ্য) এস্থলে আনন্দ শব্দে আহলাদ অর্থাৎ সাজিক অহঙ্কার হৈতে উৎপন্ন ইন্দ্রিয়গণ ব্র্বাইবে, স্থুন ইন্দ্রিয় (চক্কু: প্রভৃতি) বিষয়ে চিত্তবৃত্তিধারাবে নাম সানন্দ সমাধি। অহঙ্কাবতত্ব (ইন্দ্রিয়েব কাবণ) বিষয়ে চিত্তবৃত্তিধারাকে অন্মিতা সমাধি বলে, ইহাতে বিশেষ এই অহঙ্কারতত্বেব সহিত্ত অভিন্ন হইয়া সমাধিতে আত্মতত্বও ভাসমান হয়।

এই চারি প্রকার সম্প্রজাত সমাধির মধ্যে প্রথমটীব (সবিতর্কের) মধ্যে উক্ত চারিট্র-প্রমাধিই সন্নিবিষ্ট থাকে। বিতীয়টীতে (সবিচার সমাধিতে) বিতর্ক থাকে বা, অন্ত তিনটা থাকে। তৃতীয়টীতে (সানন্দ সমাধিতে) বিতর্ক ও

বিচার থাকে না, অন্ত ছইটী থালে। চতুর্থটীতে (অস্মিতা সমাধিতে) বিতর্ক, বিচার ও আনন্দ তিনটীই থাকে না, কেবল অস্মিতা মাত্র থাকে। উক্ত চতুর্ব্বিধ সম্প্রজ্ঞাত সমাধি সালম্বন অথাৎ ইহাতে আলম্বন থাকে, কোনও না কোন একটী সান্বিক বৃত্তি থাকিয়া যায়॥ ১৭॥

মন্তব্য। উল্লিখিত চারি প্রকার সম্প্রজ্ঞাত সমাধিকে প্রকারান্তরে তিন প্রকার বলা যাইতে পারে, গ্রাহ্যবিষয়ক, গ্রহণবিষয়ক ও গৃহীত্বিষয়ক। গুণত্রের তামসভাগ হইতে পঞ্চ্তুত্বও সাধিকভাগ হইতে ইন্দ্রিরগণ উৎপর হয়। গ্রাহ্য (যাহার গ্রহণ অর্থাৎ জ্ঞান হয়) বিষয় স্থূল স্ক্রা ভেদে গ্রহ প্রকার, স্ক্র্লা পঞ্চ মহাভূত বিষয়ে সমাধির নাম সবিতর্ক, স্ক্র্রা পঞ্চলুত বিষয়ে সমাধির নাম সবিচার। গ্রহণ (যাহার দ্বারা গ্রহণ অর্থাৎ জ্ঞান হয়, ইন্দ্রিরগণ) বিষয়ও স্থূল স্ক্রা ভেদে দ্বিবিধ, চক্ষু: প্রভৃতি ইন্দ্রিরগণ স্থূলগ্রহণ ও অহলারতত্ব (ইন্দ্রির সকলের কারণ) স্ক্রগ্রহণ; ইন্দ্রিররপ স্থূলগ্রহণ বিষয়ে সমাধির নাম সানন্দ, অহলাররূপ স্ক্রগ্রহণ বিষয়ে সমাধির নাম সানন্দ, অহলাররূপ স্ক্রগ্রহণ বিষয়ে সমাধির নাম সানন্দ, অহলাররূপ স্ক্রগ্রহণ বিষয়ে সমাধির নাম সানিক, তারণ ইহাতে গৃহীতা (যে গ্রহণ করে, যে জ্ঞানে) অর্থাৎ আত্মা অহলারের সহিত অভিন্নভাবে ভাসমান হয়।

কার্যাবস্থায় স্ক্র্লভাবে কারণ থাকে, কারণাবস্থায় কার্য্য থাকে না, অর্থাৎ সমবায়ি কারণকে পরিত্যাগ করিয়া কার্য্য দাঁড়াইতে পারে না, কার্যাকে ত্যাগ করিয়া সমবায়ি কারণ থাকিতে পারে, স্কুতরাং স্থূল (কার্য্য) বিষয়ে সবিতর্ক সমাধিতে অপর তিনটী সমাধিরও সম্ভাবনা থাকে, ঐ স্থূল গ্রাহুবিষয়ের মধ্যেই স্ক্র্যাহ্য ও দ্বিবিধ গ্রহণ বিষয়্ব সমাধি হইতে পারে, তাই বলা হইয়ছে "প্রথমঃ চতুষ্টয়ামুগতঃ সমাধিঃ"। এইয়পে সবিচার প্রভৃতি সমাধিও ব্রিতে হইবে।

হিন্দুশাস্ত্রে সচরাচর সন্ধ্যা, পূজা, উপাসনা ও ভোত্রপাঠ প্রভৃতি যাহা
কিছু বিহিত আছে, সমস্তই সম্প্রজ্ঞাত সমাধি। হৃঃথের বিষয় অনেকেই পূজা
প্রভৃতিকে বোগপথ বলিয়া নির্দেশ করেন না। লক্ষ্য স্থির নাই, উপারের
অমুসন্ধান নাই, চিত্ত অভিমানে পরিপূর্ণ, তাই ওরূপ বিপরীত প্রতীতি, হয়।
স্থিরচিত্তে সন্ধ্যা পূজাপদ্ধতি ও যোগপ্রকরণ বিশেষরূপে পর্য্যালোচনা করিলে

ভক্তভাবৃকগণ স্পষ্টই বৃঝিতে পারিবেন পূজা প্রভৃতি বোগের উপায় হইতে পূথক্ নহে, অষ্টাঙ্গ বোগের কথা সন্ধ্যা পূজার পদে পদে অন্তর্নিবিষ্ট রহিয়াছে। এ বিষয় বিশেষ করিয়া বৃঝাইতে হইলে স্বতম্ব একথানি পুস্তক লিথিবার প্রয়োজন, অতিবিস্থৃত হইবে বলিয়া এস্থানে পরিত্যক্ত হইল।

উচ্চ প্রাসাদে আরোহণ করিতে হইলে সোপান পরম্পরার প্রয়োজন, লক্ষ-প্রদান পূর্ব্বক একেবারে উপরে উঠা যায় না, তাহাতে ফললাভ দূরে থাকুক পদে পদে বিগত্তিরই সম্ভাবনা। ধর্মাত্মন্তানে প্রবৃত্তি থাকিলে, চিত্ত স্থির করিতে বাসনা থাকিলে বাহু পূজার (পৌতুলিকতার) প্রতি বিদ্বেষ করা উচিত নহে, সকল শাস্ত্রেই উপদেশ প্রদান করিতেছে, স্থূল বিষয় গ্রহণ করিতে পারিলে ক্রমশঃ সৃন্ধ, সৃন্ধতর, সৃন্ধতম, বা পরিশেষে নিরালম্বনেও চিত্ত অবস্থান করিতে পারে। অনেকের আপত্তি হইতে পারে, তুণ মৃত্তিকানির্দ্মিত পুত্তলিকায় দেবত্ব আরোপ করিয়া পূজা করা অজ্ঞানের কার্য্য, জ্ঞান লাভ করিতে গিয়া অজ্ঞানের আশ্রয় করার প্রয়োজন কি ? আরোপ তাহাতে সন্দেহ নাই, ঐ উপাসনাও কি আরোপ নহে ? যদি উপাসনাই আরোপ হইল, তবে আর উপাসনার বিষয়ে আপত্তি কেন ? প্রতিমাতে দেবতার আরোপ হয়, কিন্তু এই প্রতিমা পূজাতেই "তত্বমদি, অহং ব্রহ্মান্মি" প্রভৃতি মহা বাক্যের অনুসারেই "সোহহং, দেবীরূপমাত্মানং বিচিন্তা" ইত্যাদি সমস্তই বিহিত আছে। গীতার "ব্রহ্মার্পণং ব্রহ্মহবিঃ" প্রভৃতি স্থানে তান্ত্রিক পূজার অন্তে "\* \* \* তৎসর্কং ব্ৰহ্মাৰ্পণমন্ত" এইরূপ আধ্যান্মিক সকল কথাই প্রতিমা পূজায় নিবিষ্ট আছে, অমুসন্ধান থাকিলেই জানা যাইতে পারে। সাকার প্রতিমা পূজার চরম লক্ষ্য ব্রহ্মজ্ঞান, ব্রহ্মজ্ঞানের উপায় সাকার পূজা উপাসনা, সাকার উপাসনা হইতেই নিরাকার জ্ঞান হয়, পরস্পরই পরস্পারের সাপেক্ষ, বিদ্বেষের কোনই কারণ नार्रे, नाकांत्र मध्यमात्र निताकारतत्र এवः निताकांत्र मध्यमात्र माकारतत्र विस्वरी কেন হয় তাহা বুঝা যায় না, এটা কেবল একগুঁয়ে গোড়ামীরই ফল, আপন আপন শক্তির দিকে দৃষ্টি রাখিয়া ধর্মপথে অভিমানশুক্ত হইয়া বিচরণ করিলে কোনই বিষেধ থাকে না।

দেহাত্মবাদী খোর নান্তিকের প্রতি কিছুই বলা বাইতেছে না, বাঁহাদের পর্কানে বিশ্বাস আছে, চিত্তের উন্নতিতে অভিনাব আছে, অথচ আপন অধিকারের দিকে দৃষ্টি নাই বলিয়া অক্ত পথে গমন করিয়া দিশাহারা হইতেছে, সেই সমস্ত নিরাকারবাদিগণকে বলা যাইতেছে, মঙ্গল কামনা থাকিলে সাকারের আশ্রয় করা উচিত, নিরাকার নিরাকার বলিয়া চীৎকার করায় লাভ কি ? নিরাকার সত্য কিন্তু সকলের পক্ষে নহে। দেবতুর্লভ মানবজীবন বুথা ক্ষয় করা উচিত নহে, বামল হইয়া চাঁদ ধরা যায় না। যতদুর অধিকার আছে তদমুদারেই কার্য্য করিলে পরিণামে স্কুফল ফলিবে সন্দেহ নাই॥ ১৭॥

ভাষ্য। অথাসম্প্রজ্ঞাতসমাধিঃ কিমুপায়ঃ কিং স্বভাবে বেতি ?

• সূত্র। বিরামপ্রত্যয়াভ্যাদপ্র্বঃ দংস্কারশেষোহন্যঃ ॥১৮॥

ব্যাখ্যা। বিরামপ্রত্যয়াভ্যাদপূর্ন্ধ: (বৃত্তীনাং অভাব: বিরাম:, তস্ত প্রত্যয়: কারণং পরবৈরাগ্যং, তস্ত অভ্যাস: পুন:পুনরন্থীলনং, তদেব পূর্বং কারণং যক্ত সঃ) সংস্কারশেষঃ (সংস্কারমাতাৰশিষ্টঃ) অন্তঃ (অসম্প্রজ্ঞাতঃ সমাধিঃ, বিজ্ঞেয়: ইতি শেষ: ) ॥ ১৮ ॥

তাৎপর্য্য। যাহাতে চিত্তের সমস্ত বৃত্তি তিরোহিত হয়, এমত উপায় পরবৈরাগ্য অবলম্বন করিলে কেবল সংস্থার মাত্র অবশিষ্ট থাকে, তাদৃশ অবস্থাকে অসম্প্রক্রাত সমাধি বলে, ইহার প্রধান উপায় সর্ব্বদাই চিত্তরত্তি নিরোধ করা॥ ১৮॥

ভাষ্য। সর্ববৃত্তি-প্রত্যস্তময়ে সংস্কারশেষো নিরোধঃ চিত্তস্থ সমাধিঃ অসম্প্রজাতঃ, তস্ত পরং বৈরাগ্যং উপায়ঃ। সালম্বনো হি অভ্যাসঃ তৎসাধনায় ন কল্ল্যতে ইতি বিরামপ্রভায়ঃ নির্বস্তক আলম্বনী ক্রিয়তে, স চ অর্থশূন্তঃ, তদভ্যাসপূর্ববং চিত্তং নিরালম্বনং অভাবপ্রাপ্ত: ইব ভবতীতি এষ নিবর্বীজঃ সমাধিঃ অসম্প্রজ্ঞাতঃ ॥১৮॥

অনুবাদ। অসম্প্রজাত সমাধির কারণ কি ? উহার স্বভাৰই বা কিরূপ ? এইরপ জিজ্ঞাসায় বলা হইতেছে, চিত্তের সমস্ত বৃত্তি তিরোহিত হইলে সংস্থার মাত্র অবশিষ্ট থাকে, এইরূপ নিরোধকে অসম্প্রক্তাত সমাধি বলা বার। অসম্প্রক্তাত সমাধির কারণ পরবৈরাগ্য, যেহেতু সালম্বন অভ্যাস অর্থাৎ

সবিষয়ক (পুরুষ পর্যান্ত কোনও একটা বিষয় যাহাতে আছে) একাগ্রতা অভ্যাসরূপ অপর বৈরাগ্য অসম্প্রজ্ঞাত সমাধি উৎপাদন করিতে সমর্থ হয় না, এজন্ত যাহাতে চিন্তনীয় কোনও বস্তু থাকে না, এরপ পরবৈরাগ্যকেই আশ্রয় করা উচিত। উক্ত বিরাম প্রত্যয় অর্থাৎ পরবৈরাগ্য অর্থশৃন্ত, ইহাতে কোনও পদার্থ অভিলয়িত থাকে না। এই পরবৈরাগ্যের বারম্বার অনুশীলন করিয়া চিত্ত নির্কিষয় হয়, রৃত্তিরূপ কার্যা করে না বলিয়া যেন বোধ হয় চিত্ত নই হইয়াছে, অতএব অসম্প্রজ্ঞাত সমাধি নির্বীজ অর্থাৎ নিরালম্বন॥ ১৮॥

মন্তবা। অসম্প্রজ্ঞাত সমাধিতে চিত্তের কোনও বৃত্তি থাকে না অথচ সংস্কার থাকে, এটা ন্তন কথা, এ বিষয় সমাধিপাদের শেষ স্ত্ত্রে বিশেষরূপে বলা যাইবে।

সদৃশ কারণ হইতেই সদৃশ কার্য্য উৎপন্ন হয়, বিসদৃশ কারণ হইতে বিসদৃশ কার্য্য জনিতে পারে না। অসম্প্রজ্ঞাত সমাধির সদৃশ কারণ পরবৈরাগ্য, অসম্প্রজ্ঞাত সমাধিতে যেমন কোনও বিষয় থাকে না, পরবৈরাগ্যেও কোনও বিষয় অভীপ্ত থাকে না, স্থতরাং উভয়ই সদৃশ; অপর বৈরাগ্যে কোনও না কোন বিষয় অভীপ্ত থাকে, স্থতরাং তাহা হইতে অসপ্রজ্ঞাত সমাধি হইতে পারে না, সম্প্রজ্ঞাত সমাধি অপর বৈরাগ্য হইতে জনিতে পারে, কারণ কতক বিষয় থাকিয়া কতক না থাকা উভয়েরই তুল্য।

কোনও বিষয় অবলম্বন না করিয়া চিত্ত অবস্থান করে, এ কথা আপাততঃ বিশ্বাস হয় না, চিত্তভূমিতে প্রতিক্ষণ শত সহস্র বিষয় আসিয়া উপস্থিত হয়, এরপ অবস্থায় সমস্ত বিষয় হইতে একবারে চিত্তবৃত্তি নিরোধ হওয়া কিরপে হইবে ? একটু প্রনিধান পূর্ব্বক চিন্তা করিলে এ বিষয় সহজেই প্রতিপন্ন হইবে, শত সহস্র বিষয় পরিত্যাগ করিয়া যদি সম্প্রজ্ঞাত সমাধিতে একটা মাত্র বিষয়ে চিত্ত অবস্থান করিতে পারে, তবে আর একটু উন্নতিলাভ করিলে একেবারে নিরালম্বনে থাকিবে তাহাতে আশ্চর্য্য কি ? অনেকেই ভাত্মমতী বাজি দেখিয়া থাকিবেন, তাহারা ক্রমশঃ অবলম্বন ত্যাগ করিয়া পরিশেষে নিরালম্বনেও অব্স্থান করিতে পারে।

অসিক্তিমাত্রই দোষের কারণ, ঐ যে মুক্তির কারণ দেবত্র্লভ আত্ম-সাক্ষাৎকার বলা হইয়াছে, উহাতেও যেন আসক্তি না থাকে, তবেই নিরোধ সমাধি হইবে, নতুবা ঐক্বপ আত্মসাক্ষাৎকার বৃত্তিই চিরকাল হইতে থাকিবে, তাহাতে বন্ধন ভিন্ন মৃক্তির সম্ভাবনা নাই। যে কোনও ক্লপে চিত্তের বৃত্তি হইয়া উহা পুরুষে প্রতিবিশ্বিত হওয়াকেই বন্ধন বলে, সর্বাথাভাবে চিত্তবৃত্তি পুরুষে পতিত না হইলেই মৃক্তি হয়, চিত্তবৃত্তি হইলেই পুরুষে পতিত হয়, অসম্প্রজ্ঞাত সমাধিতে চিত্তের কোনও বৃত্তি থাকে না, স্ক্তরাং পুরুষেও ছায়া পড়ে না, অতএব ইহাকেই নির্মাণ মৃত্তি বলা ঘাইতে পারে॥ ১৮॥ .

ভাষ্য। স খল্বরং দিবিধঃ উপায়প্রত্যয়ঃ ভবপ্রত্যয়শ্চ, তত্র গ্রপায়প্রত্যয়ো যোগিনাং ভবতি।

সূত্র। ভবপ্রত্যয়ো বিদেহপ্রকৃতিলয়ানাম্॥ ১৯॥

ব্যাথা। বিদেহ প্রকৃতিলয়ানাং (বিদেহানাং ষাট্কোশিকস্থলশরীররহিন্
ানাং দেবানাং, প্রকৃতিলয়ানাং প্রধানভাবমূপগতানাং চ) ভবপ্রত্যয়ঃ (ভব্স্তি
নারস্তে অস্তাং জন্তবঃ ইতি ভবঃ অবিচ্ছা, স প্রত্যয়ঃ কারণং যস্ত স সমাধিগ্রতীত্যর্থঃ) ॥ ১৯ ॥

তাৎপর্য্য। যেটা আয়া নয় তাহাকে (ভূত, ইদ্রিয় ও প্রকৃতিকে)
য়য়া বলিয়া উপাসনা করিয়া সিদ্ধিলাভ করেন বলিয়া বিদেহ অর্থাৎ দেবগণ
য়প্রকৃতিলীন ব্যক্তিগণের সমাধি ভবপ্রতায় অর্থাৎ অবিভামূলক॥১৯॥

ভাষ্য। বিদেহানাং দেবানাং ভবপ্রত্যয়ং, তে হি স্বসংস্কার।াত্রোপযোগেন চিত্তেন কৈবল্যপদ্মিবানুভবন্তঃ স্বসংস্কারবিপাকং

গ্থা জাতীয়কং অতিবাহয়ন্তি, তথা প্রকৃতিলয়াঃ সাধিকারে চেত্রি

শ্রিকৃতিলীনে কৈবল্যপদ্মিবানুভবন্তি, যাবন্ন পুনরাবর্ত্তে অধিকারগশাৎ চিত্তমিতি ॥ ১৯ ॥

অমুবাদ। নিরোধ সমাধি হুই প্রকার, শ্রদ্ধাদি উপায়জন্ত ও অজ্ঞানমূলক, হাৈর মধ্যে উপায়জন্ত সমাধি যোগিগণের হইয়া থাকে। বিদেহ অর্থাৎ । াতাপিভূজদেহরহিত দেবগণের ভবপ্রতায় (অজ্ঞানমূলক) সমাধি ব্রু, ই দেবগণ কেবল সংস্কারবিশিষ্ট চিত্ত (বৃত্তি থাকে না) যুক্ত হইয়া যেন কেবলাপদ অমুভব করিতে করিতে ঐ রূপেই আপন সংস্কার অর্থাৎ ধর্মের পরিণাম গৌণমুক্তি অতিবাহিত করেন। এইরূপে প্রকৃতিতে লীন ব্যক্তির স্বকীয় সাধিকার (পুনর্কার কার্য্য করিবে এরপ) চিত্ত প্রকৃতিতে লয়প্রাং হইলে যেন মুক্তিপদ অন্নভব করিতে থাকেন, যে কাল পর্যান্ত অধিকার বশত: ( চিত্তের সমস্ত কার্য্য শেষ হয় নাই বলিয়া) চিত্ত পুনর্ব্বার আবৃত্ত না হয় ॥ ১৯।

মস্তব্য। চতুর্বিংশতি জড়তত্বের উপাসকগণই বিদেহ ও প্রকৃতিল: বলিয়া অভিহিত হইয়াছে। কেবল বিকার অর্থাৎ পঞ্চমহাভূত ও একাদ ইন্দ্রির এই যোডশ পদার্থের কোনও একটাকে আত্মা বলিয়া উপাসনা করিয় বাঁহারা সিদ্ধিলাভ করেন তাঁহাদিগকে বিদেহ বলা যায়। প্রকৃতি শব্দে কেবল প্রকৃতি অর্থাৎ মূলপ্রকৃতি (প্রধান) ও প্রকৃতিবিকৃতি অর্থাৎ মহৎ, অহন্ধার ও পঞ্চতমাত্র বুঝিতে হইবে। উক্ত ভূত, ইন্দ্রিয় ও প্রকৃতির উপাসকগণ সিদ্ধিলাভ করিয়া মুক্তের স্থায় অবস্থান করেন। ভাষ্মের কৈবল্য শব্দে निर्साणमुळि वृक्षारेटव ना, शोणमूळि नायुका, नारलाका ও नाज्रणा वृक्षारेटव। ইহাদের স্থলদেহ নাই, চিত্তের বৃত্তি নাই, এইটী মুক্তির সাদৃশ্র। সংস্কার আছে, চিত্তের অধিকার আছে, এইটা মুক্তির বৈরাগ্য অর্থাৎ বন্ধন, এই নিমিত্তই ভাষ্মে "কৈবলা পদং ইব" ইব শব্দের প্রয়োগ আছে, ইব শব্দে কোনও রূপে ভেদ এবং কোনও রূপে অভেদ বুঝায়।

ভোগ ও অপবর্গ এই হুইটী চিত্তের অধিকার, আত্মতত্ব সাক্ষাৎকার হইলেই অপবর্গ হয়, স্বতরাং যত দিন না চিত্ত আত্মতত্বসাক্ষাৎকার করিতে পারে, ততদিন যে অবস্থায়ই কেন থাকুক না অবশুই তাহার ফিরিয়া আসিতে इटेरत । विषय वा श्रक्त जिनम्मित्रत मुक्तिक वर्गवित्मम बनित्म छ हता, त्कन উহা হইতেও প্রচাতি আছে, তবে কালের ন্যুনাতিরেক মাত্র, স্বর্গ কাল হইতে অধিক কাল সাযুজ্যাদি মুক্তি থাকে, এবং আত্মজ্ঞান লাভ করিয়া নির্বাণ লাভেরও সম্ভাবনা আছে, যতই কেন হউক না উক্ত সমস্তই অজ্ঞানমূল্য व्यर्थार व्यनाशास्त्र व्याया तनिया जाना छेरात नर्सवरे व्याष्ट, वरे निभिन्नी ্ভগবান শঙ্করাচার্য্য উক্ত গৌণমুক্তির প্রতি আস্থা প্রদর্শন করেন নাই।

বিষেহাদির মুক্তিকাল বায়ুপুরাণে উক্ত আছে:-দশমবস্তরানীহ তিইস্তীক্রিরচিস্তকা:। ভৌতিকাম্ব শতং পূর্ণং সহত্রং দ্বাভিমানিকা:। বৌদ্ধা দশ সহস্রানি তিষ্ঠস্তি বিগতজ্বরা: ।

পূর্ণং শত সহস্রত্ত তিষ্ঠস্তাব্যক্তচিস্তকা: ।
নির্প্তণং পুরুষং প্রাপ্য কালসংখ্যা ন বিছতে ॥

অর্থাৎ ইন্দ্রিয়োপাসকগণের মুক্তিকাল দশ মন্বস্তর, স্ক্রভৃত উপাসকগণের
শত মন্বস্তর, অহঙ্কারোপাসকের সহস্র মন্বস্তর, বৃদ্ধি উপাসকের (মহন্ততের
উপাসকের) দশ সহস্র মন্বস্তর, এবং প্রকৃতি উপাসকের লক্ষ্য মন্বস্তর। এক
সপ্রতি দিব্য যুগে এক একটা মন্বস্তর হয়। নির্প্তণ পুরুষকে পাইলে অর্থাৎ
আয়িজ্ঞান লাভ করিলে কাল পরিমাণ থাকে না, প্রত্যাবৃত্তি হয় না।

• আশ্চর্য্যের বিষয় এই যে চিত্ত এত দীর্ঘকাল প্রকৃতিতে সর্বতোভাবে লীন থাকিয়াও পুনর্বার উক্ত মুক্তির অবসানে ঠিক্ পূর্ব্বরুগ ধারণ করে, লয়ের পূর্ব্বে যেটা বেরূপ ছিল, লয়ের পরেও সেটা তাহাই হয়, একটা আর একটা হইয়া যায় না। বর্ষাকালের পরে শীতকালে ভেকজাতি ও কোনও রক্ষজাতি মৃত্তিকারপে পরিণত হয়, পুনর্বার বর্ষার প্রাপ্তে আপন আকার ধারণ করে, চিত্তও ঐরপে সম্পূর্ণভাবে প্রকৃতিতে লীন হইয়া পুনর্বার আপনার আকার ধারণ করে॥ ১৯॥

# সূত্র। এদ্ধাবীগ্যশ্বভিসমাধিপ্রজ্ঞাপূর্ব্বক ইতরেষাম্॥২০॥

ব্যাখ্যা। ইতরেষাং ( বিদেহপ্রকৃতিলয়াতিরিক্তানাং) শ্রদ্ধাবীর্য্যস্থৃতিসমাধি-প্রজ্ঞাপূর্ব্বকঃ ( শ্রদ্ধাদিপঞ্চভাঃ, অসম্প্রজ্ঞাতঃ সমাধির্ভবতীত্যর্থঃ )॥ ২•॥

তাৎপর্য্য। যোগিগণের শ্রদ্ধাদি উপায় জন্ম সমাধি হইয়া থাকে। (শ্রদ্ধাদির বিবরণ ভান্মে আছে)॥২•॥

ভাক্স। উপায়প্রত্যয়ো যোগিনাং ভবতি। শ্রন্ধা চেতসং সম্প্রসাদঃ, সা হি জননীব কল্যাণী যোগিনং পাতি, তস্ত শ্রদ্ধানস্ত বিবেকার্থিনঃ বীর্ষ্যং উপজায়তে, সমুপজাতবীর্ষ্যস্ত স্মৃতিঃ উপভিষ্ঠতে, স্থৃত্যুপস্থানে চ চিত্তং অনাকুলং সমাধীয়তে, সমাহিত্চিত্তস্ত প্রুদ্ধানিকে: উপাবর্ত্ততে, যেন যথাবং বস্তু জানাতি, তদ্ধভ্যাসাং ভবিষয়াচ্চ বৈরাগ্যাৎ অসম্প্রক্ষাতঃ সমাধির্ত্তবিত্ত । ২০॥ অমুবাদ। যোগিগণের শ্রদ্ধাদি উপায় জন্ম সমাধি হইয়া থাকে। চিত্তের প্রসন্নতাকে (তত্ববিয়ে উৎকট ইচ্ছাকে) শ্রদ্ধা বলে, মঙ্গলদায়িনী সেই শ্রদ্ধা যোগিগণকে রক্ষা করে। শ্রদ্ধাশীলবিবেকপ্রার্থী যোগীর বীর্যা (প্রযন্ত্র) সমংপদ্ম হয়, বীর্যাের উৎপত্তি হইলে তত্বস্মরণ অর্থাৎ ধ্যান উৎপন্ন হয়, স্মৃতি উপহিত হইলে চিত্ত স্থিরভাবে সমাধি করিতে পারে (এইটা বোগের অঙ্গ সম্প্রেজাত সমাধি)। চিত্ত সমাহিত হইলে জ্ঞানের উৎকর্ম হয় স্ক্তরাং বথার্থ বস্তু জ্ঞানিতে পারে, এইরূপে বার্মার অভ্যাস ও তত্তৎ বিষয়ে বৈরাগ্য হইলে পরিশেৎে অসম্প্রজাত সমাধি হইয়া থাকে॥ ২০॥

মন্তব্য। সূত্রে অপ্তাঙ্গ বোগের শেষ অঙ্গ সমাধির উল্লেখ থাকায় বমনিয়ম প্রভৃতি পূর্ব্ব পূর্ব্ব অঙ্গ সম্দায় আছে বলিয়া জানিতে হইবে, কারণ পূর্ব্বাঙ্গ বমনিয়মাদি না হইলে উত্বাঙ্গ সমাধির সম্ভাবনা হয় না। সম্প্রজ্ঞাত সমাধি অসম্প্রজ্ঞাত সমাধির অঙ্গ অর্থাৎ কারণ।

যদিচ উপাসনামাত্রেই শ্রদ্ধার আবশুক, কিন্তু আত্মা ভিন্ন অন্ত পদার্থে শ্রদ্ধা হইলে তাহাতে চিত্ত প্রসন্ধ হয় না, কারণ অপর সমস্তই ভ্রমমূলক। সারাৎসার আত্মতম সাক্ষাৎকার করিয় তাহাতেও বিরক্ত হওরা আবশুক, অর্থাৎ ঐ বিবেকখ্যাতিও চিত্তে না জন্মে এরূপ চেষ্টা করা উচিত, নতুবা চিরকানই চিত্তে বিবেক আন হইতে থাকিলে অন্তভাবে বন্ধন হইয়া দাঁড়ায় তাই ভাশ্যকার বলিয়াছেন "তদ্বিয়াচ্চ বৈরাগানং" সেই আত্মথ্যাতিতেও বিরক্ত হইয়া তাহার নিরোধ করিবে। চিত্তে কোনওরূপ কৃত্তি না হইলেই পুরুষের মুক্তি হয়॥ ২০॥

ভাষ্য। তে খলু নব যোগিনঃ মৃত্যধ্যাধিমাত্রোপায়া ভবস্তি; তৎ যথা, মৃদ্পায়ঃ, মধ্যোপায়ঃ, অধিমাত্রোপায়ঃ ইতি। তত্র মৃদ্পায়েছিপি ত্রিবিধঃ মৃত্যংবেগঃ, মধ্যসংবেগঃ, তীব্রসংবেগঃ ইতি। তত্রাধিমাত্রোপায়ানাম্।

সূত্র। তীব্রসংবেগানামাসন্নঃ॥ ২১॥.

ভাক্ত। সমাধিলাভঃ সমাধিফলঞ্চ ভবতীতি॥ ২১॥

অনুবাদ। উক্ত শ্রন্ধাদি উপায়বিশিষ্ট যোগিগণ নয় প্রকার। তাহা এই রূপ। প্রথমতঃ মৃত্ব উপায় অর্থাৎ বাঁহাদের শ্রন্ধাদি উপায় অতিরিক্ত নহে। ছিতীয়তঃ মধ্য উপায় অর্থাৎ বাঁহাদের শ্রন্ধাদি উপায় মধ্যমরূপ, অতি প্রবল নহে, অতি নিরুষ্টও নহে। তৃতীয়তঃ অধিমাত্র উপায় অর্থাৎ বাঁহাদের শ্রন্ধাদি উপায় অতি উৎকট। এই তিনের মধ্যে মৃত্ব উপায়ও পুনর্কার তিনরূপ হয়, যথা মৃত্যমংবেগ, মধ্য সংবেগ ও তীত্র (অবিমাত্র) সংবেগ, সংবেগ শব্দের অর্থ বৈরাগ্য। এইরূপে মধ্যোপায়, ও অবিমাত্রোপায় বোগিগণ সংবেগের তারতম্য অনুসারে তিন তিন ভাগে বিভক্ত হয়। ইহাদের মধ্যে অবিমাত্রোপায় তীত্রবৈরাগ্য যোগিগণের সমাধিলাভ ও সমাধিফল আসয় অর্থাৎ অচিরে উৎপদ্ম হইয়া থাকে॥ ২১॥

মস্তব্য। স্ত্রটা সম্পূর্ণভাবে ভাষ্যের অন্তর্নিবিষ্ঠ, স্কৃতরাং পৃথক্ করিয়া ব্যাখ্যা করা হইল না। তুলা উপার অবলম্বন করিয়াও তুল্যকালে সকলের ফললাভ হয় না। অবশুই ইহার কোনও গূঢ় কারণ আছে, সেই কারণ উপায়ের তারতম্য। জগতের সমস্ত বস্তুই উত্তম মধ্যম ও অধম এই তিন প্রকার। শ্রদ্ধাদি উপায়ের উত্তম প্রভৃতি তারতম্য অনুসারে সমাধি লাভেবও তারতম্য (চিরকাল, অচিরকাল প্রভৃতি) ঘটয়া থাকে। যদিচ এই ত্রিবিধ বিভাগ নির্দিষ্ঠ দীমাবদ্ধ করা যায় না, তথাপি মোটামুনী একটা বিভাগ কল্পনা করিতে হইবে। কতদূর হইলে শ্রদ্ধাদি উপায়ের অধ্যমকর, কতদূরে মধ্যমকর এবং কতদূরেই বা উত্তমকর তাহার বিশেষ অবধারণ নাই। স্মাধিলাভরূপ ফলের তারতম্য দুর্শনে উপায়ের তারতম্য বুঝিয়া লইতে হইবে॥ ২১॥

# সূত্ৰ। মৃত্যধ্যাধিমাত্ৰস্বাৎ ততোহপি বিশেষঃ॥ ২২॥

ব্যাখ্যা। মৃত্মধ্যাধিমাত্রত্বাৎ (পূর্ব্বোক্ততীব্রতায়াঃ অব্মমধ্যমোত্তমভাবাৎ) ততোহপি (আদুন্নাদপি সমাধিলাভাৎ) বিশেষঃ (বৈলক্ষণ্যং, তারতম্যং ভবতীতি শেষঃ)॥ ২২॥

তাংপর্যা, পূর্ব্বোক্ত কীব্র সংবেগের মৃছ, মধ্য ও অধিমাত্ প্রতিদে সমাধিলাভেরও বিশেষ হইরা থাকে ॥ ২২ ॥ ভাষ্য। মৃত্তীব্রঃ, মধ্যতীব্রঃ, অধিমাত্রতীব্র ইতি ততোহিপি বিশেষঃ, তদিশেষাৎ মৃত্যুতীব্রসংবেগস্থাসন্নঃ, ততো মধ্যতীব্র-সংবেগস্থাসন্নতরঃ, তম্মাদধিমাত্রতীব্রসংবেগস্থাধিমাত্রোপায়স্থ আসন্ন-তমঃ সমাধিলাভঃ সমাধিফলঞ্চেতি ॥ ২২ ॥

অমুবাদ। মৃহতীর, মধ্যতীর ও অধিমার্ত্রতীর এই তিনটী তীরসংবেগের প্রভেদ, ইহার বিশেষে সমাধিরও বিশেষ হইয়া থাকে, যেমন, মৃহতীর সংবেগবিশিষ্ট যোগীর সমাধিলাভ ও সমাধিফল (কৈবল্য) আসন্ন (নিকটবর্ত্তী) হয়, মধ্যতীরসংবেগবিশিষ্ট যোগীর আসন্নতর ও অধিমাত্র তীরসংবেগবিশিষ্ট যোগীর আসন্নতম হইয়া থাকে॥ ২২॥

মস্তব্য। উক্তরূপে মৃত্ন ও মধ্যসংবেগেরও ভেদ হইতে পারে। স্বধিমাত্র উপায়ে এবং অধিমাত্র তীব্রসংবেগে সাতিশয় প্রযত্ন করা কর্ত্তব্য ইহা দেখাইবার নিমিত্ত উক্ত ভেদ প্রদর্শিত হইয়াছে॥ ২২॥

ভাষ্য। কিমেতস্মাদেবা সন্নতমঃ সমাধির্ভবতি অথাস্থ লাভে ভবতি অন্যোহপি কশ্চিত্নপায়ো ন বেতি।

#### সূত্র। ঈশ্বরপ্রণিধানাৎ বা॥২৩॥

ব্যাখ্যা। ঈশ্ববপ্রণিধানাং (ঈশ্বরে বক্ষ্যমাণস্থরণে পুক্ষবিশেষে, প্রণিধানাৎ উপাসনাৎ, ভক্তিবিশেষাৎ ) বা (অপ্রি. আসন্নতমঃ সমাধিলাভঃ ফলঞ্চ ভবতীত্যর্থঃ॥ ২৩ ॥

তাৎপর্যা। অধিমাত্র উপায় ও জীব্রসংকো হইতেই জচিরে সমাধিলাভ ও তৎফললাভ হয় এরূপ নহে, ঐকান্তিক ভক্তিসহকারে ঈখরের উপাসনা করিলেও অচিরাৎ সমাধি ও ফলনাভ হইয়া থাকে॥ ২৩॥

ভাষ্য। প্রণিধানাৎ ভক্তিবিশেষাৎ আবর্জ্জিত ঈশরস্তমমু-গৃহাতি অভিধ্যানমাত্রেণ, তদভিধ্যানাদিশি ধোগিন আসম্প্রতমঃ সমীধিলাভঃ ফলঞ্চ ভবতীতি॥২৩॥

অমুবাদ। কি এই সমস্ত উপায় হইতেই অচিত্রে সমাধিলাভ হয়, অথবা

ইহার প্রাপ্তিতে আরও কোন উপায় আছে ? এইরূপ জিজ্ঞাদায় বলা হইতেছে, কায়িক, বাচিক ও মানসিক ত্রিবিধ ভক্তিবিশেষে উপাসনা করিলে পরমেশ্বর সম্ভষ্ট হইয়া "ইহার অভিল্যিত এই বিষয়টী সিদ্ধ হউক" এইরূপ ইচ্ছা সহকারে দেই যোগীর প্রতি অনুগ্রহ করেন। ঈশবের তাদৃশ ইচ্ছা হইতেও যোগীর সমাধিলাভ আসন্নতম হইয়া থাকে ॥ ২৩ ॥

মন্তব্য। স্ত্রের অবতার ভাষ্মে "অন্তোহপি" এইরূপ অন্ত শব্দের প্রয়োগ থাকায় হত্তের "ৰা" শব্দ বিকল্পার্থ বুঝিতে হইবে। ঈশ্বরের কেবল তাদৃশ অভিধ্যান (ইচ্ছা) হইতেই যোগীর সমাধিলাভ আসন্নতম হইয়া থাকে, উক্ত ক্রার্য্যে তাঁহার অন্ত কোনও ব্যাপারের আবশুক হয় না। ঈশ্বরের ইচ্ছা হইতেই সমস্ত নিষ্পান্ন হইয়া থাকে। পরমেশ্বরের কথা দূরে থাকুক দিদ্ধ যোগিগণও অমোঘ ইচ্ছা প্রভাবে বর ও শাপ প্রদান করিয়া কত শত অলোকিক কার্য্য সম্পন্ন করিয়া থাকেন॥ ২৩॥

ভাস্ত। অথ প্রধানপুরুষব্যতিরিক্তঃ কোহয়মীশ্বরো নামেতি ?

ক্লেশকর্মবিপাকাশয়ৈরপরায়ুক্টঃ পুরুষবিশেষ সূত্ৰ। ঈশ্বরঃ॥ ২৪॥

ব্যাখ্যা। ক্লেশকর্মবিপাকাশবৈঃ (অবিভাদিভিঃ ক্লেশৈঃ ধর্মাধর্মক্রপৈঃ কর্মভি:, জাত্যায়ুর্ভোগৈ: বিপাকে:, আশবৈষ্ট তদর্গুণবাসনাভি: ) অপরামুষ্টঃ ( অসম্বদ্ধঃ ) পুরুষবিশেষঃ ( পুরুষাস্তরেভ্যো বিলক্ষণঃ ) ঈশ্বরঃ ( ঐশ্বর্যাশালা, সত্যসঙ্কর: )॥ ২৪॥

তাৎপর্য্য। অবিভা প্রভৃতি পঞ্চবিধ ক্লেশ, ধর্মাধর্ম, জাতি, আয়ু ও ভোগ এবং সংস্কার এই সমস্ত যাহাতে নাই এরূপ পুরুষবিশেষকে ঈশ্বর বলে॥ ২৪॥

ভাষ্য। অবিভাদয়ঃ ক্লেশাঃ, কুশলাকুশলানি কর্মাণি, তৎফলং বিপাকঃ, তদমুগুণা বাসনা আশয়াঃ, তে চ মনসি বর্ত্তমানাঃ পুরুষে ব্যপদিশান্তে সহি তৎফলস্থা ভোক্তেতি, যথা জয়ঃ পরাজয়ো বা যোজ্যু বর্ত্তমানঃ স্বামিনি ব্যপদিশ্যতে। যোহ্যনেন ভোগেন অপরা-श्रकः न शूक्रविराग्य क्रेयातः देकवनाः প্রাপ্তান্তর্হি দন্তি চ বছবঃ কেবলিনঃ তে হি ত্রীণি বন্ধনানি ছিন্বা কৈবল্যং প্রাপ্তাঃ। ঈশ্বরশ্ব চ তৎসম্বন্ধো ন ভূতো ন ভাবী, যথা মুক্তশ্ব পূর্ববিন্ধকোটিঃ প্রজ্ঞায়তে নৈবমীশ্বরশ্ব, যথা বা প্রকৃতিলীনশ্ব উত্তরাবন্ধকোটিঃ সন্তাব্যতে নৈবমীশ্বরশ্ব, সতু সদৈবমুক্তঃ সদৈবেশ্বর ইতি। যোহসৌ প্রকৃষ্ট-সম্বোপাদানাদীশ্বরশ্ব শাশতিক উৎকর্মঃ স কিং সনিমিত্তঃ ? আহোস্থিৎ নির্নিমিত্ত ইতি ? তন্ম শাস্ত্রং নিমিত্তং। শাস্ত্রং পুনঃ কিন্নিমিত্তং ? প্রকৃষ্টসম্বনিমিত্তম্। এতয়োঃ শাস্ত্রোৎকর্ময়োরীশ্বরসত্বে বর্ত্তমানয়োরনাদিঃ সম্বন্ধঃ। এতম্মাৎ এতত্ত্বতি সদৈবেশ্বরঃ সদৈবমুক্তঃ ইতি। তচ্চ তলৈশ্বর্যাং সাম্যাতিশয়বিনিমুক্তং, ন তাবৎ ঐশ্ব্যান্তরেণ তদতিশয়তে, যদেবাতিশয়ি স্থাৎ তদেব তৎ স্থাৎ, তন্মাৎ যত্র কাষ্ঠাপ্রাপ্তিরশ্বর্যাম্থ স ঈশ্বরঃ। ন চ তৎসমানমৈশ্ব্যামস্তি, কন্মাৎ, হয়োজল্যয়োবেকস্মিন্ যুগপৎ কামিতেহর্থে নবমিদমস্ত পুরাণমিদমস্ত ইত্যেকস্থা সিদ্ধো ইতরস্থ প্রাকাম্য বিঘাতাদূনত্বং প্রসক্তং, দয়োশ্চ তুল্যয়োর্যুগপৎ কামিতার্থপ্রাপ্তির্নাস্ত্যর্থস্থা বিরুদ্ধত্বাৎ। তন্মাৎ যম্ম সাম্যাতিশয়বিনিমুক্তমৈশ্ব্যাং স ঈশ্বরঃ, স চ পুরুষবিশেষ ইতি॥২৪॥

অমুবাদ। প্রধান ও পুরুষের অতিরিক্ত কি আছে, যাহাকে ঈশ্বর বলা যাইতে পারে, এরপ আশস্কার বলা হইতেছে। অবিতা প্রভৃতি ক্লেশ, ধর্মাধর্ম্মনরপ কর্ম্মনল বিপাক (জাতি, আরু ও ভোগ) এবং তদমুকুল আশর অর্থাৎ বাসনা, (সংস্কার) ইহারা চিত্তে থাকিয়াও পুরুষের বলিয়া অভিহিত্ত হয়, কারণ পুরুষই ফলভোগ করেন, যেমন সৈত্যগণের জয় ও পরাজরে রাজার জয় পরাজয় বলিয়া ব্যবহার হয়। এই ফলভোগের সহিত বাহার কোনই সম্বন্ধ নাই সেই পুরুষ বিশেষকে ঈশ্বর বলে। (নিরীশ্বর সাংখ্যের আশক্ষা) এমত হইলে মুক্তি বাহারা পাইয়াছেন তাঁহাদিগকেই ঈশ্বর বলা যাইতে পারে, মুক্ত পুরুষ জনেক আছে, তাঁহারা ত্রিবিধ (প্রাকৃতিক, বৈকারিক ও দাক্ষিণিক) বদ্ধন ছেদন করিয়া মুক্তিপদ লাভ করিয়াছেন। (আশক্ষার উত্তর) উপরোক্ত ফলসম্বন্ধ ঈশ্বরের পূর্বের ছিল না, পরেও হইবে না, মুক্তপুরুষের পূর্ববন্ধন

(মুক্তির পূর্বেক কর্ম সম্বন্ধ) যেরূপ জানা যায়, সেরূপ ঈশ্বরের নাই। প্রকৃতিলীন ব্যক্তির যেমন উত্তরবন্ধনের অর্থাৎ লয়ের অবসানে পুনর্ব্বার কর্মফলসম্বন্ধের সম্ভাবনা আছে, ঈশ্বরের সেরূপ নাই। ঈশ্বর সর্বাদাই মুক্ত এবং সর্বাদাই ঐশ্বর্যাশালী।

প্রকৃষ্ট সম্ব (বিশিষ্ট চিত্ত ) গ্রহণ করায় ঈশরের যে এই স্বাভাবিক উৎকর্ষ বলা হইতেছে ইহা কি সনিমিত্ত ? অর্থাৎ ইহাতে কি প্রমাণ আছে ? অথবা নিনিমিত্ত অর্থাৎ ইহাতে কি প্রমাণ নাই ? নান্তিকের এইরূপ আশঙ্কায় বলা হইতেছে শাস্ত্রই উক্ত উৎকর্ষে প্রমাণ। শাস্ত্রে কি প্রমাণ ? অর্থাৎ শাস্ত্রে যাহাঁ উক্ত আছে তাহা যথাৰ্থ ইহাতে প্ৰমাণ কি ? এই আশস্কায় বলা হইতেছে ঈশ্বরের প্রকৃষ্ট সত্বই শাস্ত্রে প্রমাণ অর্থাৎ ঈশ্বর বির্চিত বলিয়াই শান্ত্র সকলকে প্রমাণ বলিয়া বুঝিতে হইবে। উক্ত উৎকর্ষ ও শাস্ত্র ঈশ্বরের চিত্তে আছে, ইহাদের উভয়ের সম্বন্ধ অনাদি অর্থাৎ চিরকাল হইতেই আছে, ইহা ছারা ঈশ্বর সর্ব্বদাই মুক্ত এবং সর্ব্বদাই ঐশ্বর্য্যশালী ইহাই প্রতিপন্ন ইইল।

ঈশ্বরের এই ঐশ্বর্যা ( প্রকৃষ্ট সত্ব ) সাম্য ও অতিশর রহিত, অর্থাৎ ঈশ্বরের তুল্য বা অতিরিক্ত ঐশ্বর্য্য আর কাহারও নাই, ঈশ্বয়ের অপেক্ষা অপরের ঐর্থ্য স্মতিরিক্ত হইতে পারে না, কারণ গাঁহার ঐর্থ্য অতিরিক্ত সেই ঈশ্বর, অতএর সেস্থানে ঐশ্বর্য্যের কাষ্টাপ্রাপ্তি অর্থাৎ শেষসীমা সেই ঈশ্বর। ঈশ্বরের जूना और कारात्र इरेटि शास्त्र ना, कात्र इरेंगे जूना वन नेश्वत हरेटन তাহাদের কোনও পদার্থে এক সময় "এটা নৃতন হউক" "এটা পুরাতন হউক" এই ভাবে ইচ্ছা হইলে একের অভীষ্ট সিদ্ধি হইলে অপরের ইচ্ছা ব্যাঘাত •হওয়ায় তাঁহার ঈশ্বরত্ব থাকে না, যুগপৎ উভয়ের ইচ্ছাসিদ্ধিরও সম্ভাবনা নাই, কারণ একই পদার্থে এক সময়ে নৃতন ও পুরাতন ভাব থাকিতে পারে না, কারণ উহারা পরম্পর বিরুদ্ধ। অতএব বলিতে হইবে যাঁহার ঐশ্বর্যা সাম্য ও অতিশয় বিরহিত সেই ঈশ্বর, সেই ঈশ্বর পুরুষবিশেষ অর্থাৎ বিলক্ষণ পুরুষ, পুরুষ হইতে অতিরিক্ত তত্ব নহে॥ ২৪॥

**मखराः। পুরুষমাত্রে ক্লেশাদির যথার্থ সম্বন্ধ না থাকিলেও আরোপিত** আছে, ঈশ্বরে আরোপভাবেও ক্লেশাদি সম্বন্ধ নাই, সময় বিশেষের নিমিত্ত नार, চিরকালই নাই। यদিচ মুক্তপুরুষে উক্ত ক্লেশাদি সম্বন্ধ নাই, তথাপি তাঁহারা অনাদিকাল হইতে কর্মফল ভোগ করিয়া আসিয়াছেন । প্রকৃতিলীন ব্যক্তিগণের উত্তর বন্ধ বলায় পূর্ববন্ধ ছিল না এরূপ ব্রিতে হইবে না, উহাদের পূর্বাপর উভয় বন্ধই আছে, কেবল দীর্ঘ সময় বিশেষের নিমিত্ত বন্ধ রহিত হয় মাত্র।

ঈশ্বরতত্ব প্রতিপাদন করায়, পাতঞ্জল দর্শনকে সেশ্বর সাংখ্যও বলা হইয়া থাকে। ঈশ্বররূপ অন্তক্তঅংশ পূরণ বন্রায় ইহাকে সাংখ্যের পরিশিষ্টও বলা যাইতে পারে। এই নিমিত্তই গ্রন্থ সমার্গিতে "পাতঞ্জলে সাংখ্যপ্রবচনে" এইরূপ লেখা হইয়া থাকে।

ঐশ্বর্য জ্ঞান প্রভৃতি সমস্তই উপাধির অর্থাৎ প্রকৃষ্ট চিত্তের ধর্ম, ঈশ্বরের (কেবল চৈত্রস্থ স্বরূপের) নিজের কিছুই নহে। উপাধি থাকিলেও ঈশ্বর উপাধির বশীভূত নহেন, উপাধিই উহার বশীভূত, সাধারণ জীব উপাধিরই বশীভূত হইয়া থাকে, এইটুকু জীব ও ঈশ্বরের প্রভেদ। সংসারানলে নিরস্তর দহ্মান জীবদিগকে জ্ঞান ও ধর্মের উপদেশ দান করিয়া উদ্ধার করিবেন, এই অভিপ্রায়ে ভগবান্ স্বকীয় উপাধি প্রকৃষ্ট সম্বপ্রধান চিত্তকে গ্রহণ করিয়া থাকেন। এন্থলে আশহ্বা হইতে পারে, ঈশ্বরের নিজের কোনই ধর্ম না থাকিলে উপাধি গ্রহণের ইচ্ছাই বা কিরপে হইতে পারে ? একটা দৃষ্টান্ত প্রদর্শন করিলে ইহার উত্তর সহজে হইবে, যেমন কোনও ব্যক্তি "কলা সকালে-, আমার উঠিতে হইবে" এইরূপ সক্ষর করিয়া নিদ্রিত হইয়া পরদিন যথা সমস্থে জাগ্রত হয়, তজ্রপ প্রলয় কাল উপন্থিত হইলে ঈশ্বরের সক্ষর হইয়া থাকে, "স্বাষ্টির আদিতে প্নর্কার আমাকে প্রকৃষ্ট সম্বরূপ উপাধি গ্রহণ করিতে হইবে", সেই সংক্ষর বশত্যই প্রলয়ের পর পুনর্বার স্বকীয় উপাধি গ্রহণ করেন। স্বাষ্টিও প্রলয় প্রবাহ অনাদি স্বতরাং প্রথম বারে কিরপে হইয়াছিল এরপ আশক্ষার কারণ নাই।

শাস্ত্র সকল প্রমাণ বলিয়া স্বীকৃত হইলে তদ্বারা যথোক্ত ঈশ্বর দিদ্ধি হইতে পারে এবং তাদৃশ সর্বজ্ঞ ঈশ্বর দিদ্ধি হইলে তৎপ্রণীত বলিয়া শাস্ত্রকেও প্রমাণ বলা যাইতে পারে। এমত স্থলে পরস্পর পরস্পরের অপেক্ষারপ অফ্যোন্ডাশ্রয় দোষের সম্ভাবনা, "যোহসৌ প্রকৃষ্টসম্বোপাদানাং" ইত্যাদি ভাষ্ম নাস্তিকের উক্ত আশ্বাহ দেখান হইরাছে। দিদ্ধান্তে শাস্ত্রের প্রামাণ্য

বোধ অস্ত উপার ছারাও হইতে পারে "মন্ত্রায়ুর্ব্বেদবং তং প্রমাণম্" স্থারস্ত্র, অর্থাৎ ঈশ্বর প্রণীত মন্ত্র ও আয়ুর্ব্বেদ শাস্ত্রে ফলপ্রত্যক্ষ করিয়া উহার প্রামাণ্য গ্রহ হয়, পরে ঐ ঈশ্বরবিরচিত বলিয়া অপর সকল শাস্ত্রেরও প্রামাণ্য গ্রহ হয়তে পারিবে। শাস্ত্র সকল সাধারণপুরুষ বিরচিত নহে, উহা ঈশ্বরের প্রকৃষ্ট স্থারূপ উপাধি হইতেই আপবির্ভূত হইয়াছে। ক্রমশঃ পরীক্ষা করিয়া বর্ণ সকল উণ্টা পাণ্টা করিয়া মন্ত্র বিরচিত, হইয়াছে অথবা জ্বব্যের মিশ্রণশুণ পরীক্ষা করিয়া ঔবধি প্রস্তুত হইয়াছে এরপ কয়নায় কোনও প্রমাণ নাই। একটা পথ পাইলে তাহার উন্নতি করা যাইতে পারে, ঈশ্বরই প্রথম পথ প্রদর্শন করিয়াছেন॥ ২৪॥

ভাষ্য। কিঞ্চ।

#### সূত্র। তত্র নিরতিশয়ং সর্ববিজ্ঞবীজম্॥ ২৫॥

ব্যাখ্যা। তত্র (ঈশবে) সর্বজ্ঞ বীজং (সর্বজ্ঞতায়া অনুমাপকং জ্ঞানং)
নিরতিশয়ং (ন বিহাতে অতিশয়ো যশ্মাৎ তাদৃশং কাঠাপ্রাপ্তমিত্যর্থঃ)॥ ২৫॥

তাৎপর্যা। ঈশ্বরের জ্ঞান নিরতিশয় অর্থাৎ ইহা হইতে অতিরিক্ত জ্ঞান কাহারই নাই, এই জ্ঞানই ঈশ্বরের সর্বজ্ঞতার সাধক॥ ২৫॥

ভাষ্য। যদিদং অতীতানাগতপ্রত্যুৎপন্নপ্রত্যেকসমুচ্চয়াতীন্দ্রিয়গ্রহণমল্লং বস্তু ইতি সর্ববজ্ঞবীজং, এতদ্বির্দ্ধমানং যত্র নিরতিশয়ং স
সর্ববজ্ঞঃ। অস্তি কাষ্ঠাপ্রাপ্তিঃ সর্ববজ্ঞবীজস্ম সাতিশয়রাৎ পরিমাণবদিতি। যত্র কাষ্ঠাপ্রাপ্তিঃ জ্ঞানস্ম স সর্ববজ্ঞঃ, স চ পুরুষবিশেষ
ইতি, সামান্মমাত্রোপসংহারে ক্তোপক্ষয়মমুমানং ন বিশেষপ্রতিপত্তী
সমর্থং ইতি তস্ম সংজ্ঞাদিবিশেষপ্রতিপত্তিরাগমতঃ পর্যায়য়্য।
তস্মান্মানুগ্রহাভাবেহিপি ভূতামুগ্রহঃ প্রয়োজনম্, জ্ঞানধর্ম্মোপদেশেন
কল্পপ্রলয়মহাপ্রলয়েষ্ সংসারিণঃ পুরুষান্ উদ্ধরিষ্যামীতি। তথাচোক্তঃ
"আদি বিদ্বান্ নির্মাণ্টিত্তমধিষ্ঠায় কারুণ্যাৎ ভগবান্ পরমর্ঘরাস্থ্রয়ের
জিজ্ঞাসমানায় ভন্তঃ প্রোবাচ" ইতি॥ ২৫॥

অমুবাদ। ইন্দ্রিয়ের অতীত ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমানবিষয়ে প্রত্যেক ( এক একটা করিয়া ) ও সমুচ্চয়ভাবে ( সমূহ আলম্বনে ) অল্প ও বহু পরিমাণে (বিষয়ের অন্নতা ও আধিক্যবশত:ই জ্ঞানকে অন্ন ও বহু বলা যায়) জ্ঞান লক্ষিত হয়, এই অতীব্রিয় জ্ঞানই সর্বজ্ঞতার হেতু অর্থাৎ অতীব্রিয় জ্ঞান বাঁহার আছে তাঁহাকে দৰ্বজ্ঞ বলে। এই জ্ঞান বিশেষরূপে বর্দ্ধমান হইয়া (ক্রমশঃ অনেক পদার্থকে বিষয় করিয়াঁ) যে স্থানে নিরতিশয় ( বাহা হইতে অধিক না থাকে এর্ম্প) হয় তাঁহাকে সর্বজ্ঞ ঈশ্বর বলে। সর্বজ্ঞতার সম্পাদক এই জ্ঞানের পরিশেষ আছে.—কেননা, যে পদার্থ সাতিশন্ন অর্থাৎ তারতম্যে অবস্থিত তাহা কোনও এক স্থানে নিরতিশয় হইবে, যেমন পরিমাণ, (পরিমাণ কুবলয় বিল প্রভৃতিতে ক্রমশঃ বিবর্দ্ধমান হইয়া আকাশে নিরতিশয় হয়, আকাশ পরম মহৎ পরিমাণ, তাহার পরিমাণ হইতে আর কোনও পরিমাণ অধিক নাই; এইরূপ জ্ঞান ও তারতমাযুক্ত, অর্থাৎ এক হইতে অপর ব্যক্তি অতীক্রিয় পদার্থ অধিক জানে, তাহা অপেক্ষা আর একজন অধিক জানে, অতএব কোনও এক স্থান এমত আছে, যেখানে এই জ্ঞানের পরিসীমা হয় ) যেখানে শেষ আছে সেই व्यक्तिरे मर्बङ পরমেশ্বর। উহা পুরুষবিশেষ, অর্থাৎ পুরুষতত্ব হইতে পুথক নহে। অমুমান সামাগুভাবেই অর্থকে বুঝায়, (প্রকৃতস্থলে কোনও একটা পদার্থ আছে, যেথানে জ্ঞানের পরিশেষ হইয়াছে, এই ভাবে ঈশ্বরকে বুঝান হইয়াছে, তাঁহার বিশেষ লক্ষণ কিছুই জানা যায় নাই) বিশেষরূপে বুঝাইতে অনুমান অক্ষম, স্থতরাং ঈশ্বরের সংজ্ঞা প্রভৃতি বিশেষ ধর্ম সকল শাস্ত্র হইতেই বুঝিতে হ'ইবে। ঈশ্বরের নিজের প্রয়োজন না থাকিলেও জীবের প্রতি অন্তগ্রহ করাই তাঁহার প্রয়োজন, জ্ঞান ও ধর্ম্মের উপদেশ দারা কল্পপ্রশার দিনাবসান, বাহাতে সত্যলোক ভিন্ন সমস্ত জগৎ বিনষ্ট হয়) ও মহাপ্রলয় ( যাহাতে সত্যলোকেরও বিনাশ হয় ) কালে সংসারিপুরুষ সকলকে উদ্ধার করিব, এই অভিপ্রায়েই তিনি জীবের প্রতি অমুগ্রহ করেন, অর্থাৎ আপন উপাধি ও মূর্ত্তি প্রভূতি পরিগ্রহ করেন। এই কথাই শাস্ত্রে উক্ত আছে— ҇ আদিনিদান্ ভগবান্ মহর্বি কপিল মুনি করুণা করিয়া নির্মাণচিত্ত ( নির্মাণার্থ চিত্ত, স্বকীয় উপাধি, প্রকৃষ্ট স্বযুক্ত চিত্ত ) গ্রহণ করিয়া জিজ্ঞাস্থ আস্করিকে সাংখ্যশান্ত উপদেশ করিয়াছিলেন"॥ ২৫॥

মস্তব্য। ভাষ্যে "জ্ঞানং নিরতিশয়ং সাতিশয়ত্বাৎ পরিমাণবং" এইরপে অনুমান করা হইয়াছে, এস্থলে জ্ঞানশন্দে জ্ঞান সামান্ত (জ্ঞানত্বং জাতি ) বৃঝিতে হইবে, অর্থাৎ "জ্ঞানত্বং নিরতিশয়রুন্তি, সাতিশয়রুন্তিত্বাৎ পরিমাণত্ববং এইরপে অনুমান করিতে হইবে, নতুবা কোনও জ্ঞানই সাতিশয় হইয়া নিরতিশয় হয় না, যেটা সাতিশয় ( অস্মদাদি সায়্লারণের জ্ঞান) সেটা নিরতিশয় নহে, এবং যেটা নিরতিশয় ( ঈশ্বরের জ্ঞান) সেটা সাতিশয় নহে।

সাংখ্যশাস্ত্রে আদি বিদ্বান্ কপিলকেই ঈশ্বর বলে। ভিন্ন ভিন্ন সম্প্রদায়ে ঈশ্ববিষয়ে ভিন্ন ভিন্ন মত আছে, কুস্কুমাঞ্জলিতে উদয়নাচার্য্য বলিয়াছেন, "শুদ্ধবৃদ্ধসভাবঃ" ইতি ঔপনিষদাঃ, "আদি বিদ্ধান সিদ্ধঃ" ইতি কাপিলাঃ, "ক্লেশকর্মবিপাকাশব্য়ৈ অপরামৃষ্টা নির্ম্মাণকায়ং অধিষ্ঠায় সম্প্রদায়-প্রত্যোতকঃ অমুগ্রাহক দে" ইতি পাতঞ্জলাঃ, "লোকবেদবিক্লকৈঃ অপি নির্লেপঃ স্বতন্ত্র দত" ইতি মহাপাঞ্জপতাঃ, "শিবঃ" ইতি শৈবাঃ, "পুক্ষোত্তমঃ" ইতি বৈঞ্বাঃ, "পিতামহ:" ইতি পৌরাণিকা:, "যজ্ঞপুরুষ:" ইতি যাজ্ঞিকাঃ, "নিরাবরণ:" ইতি দিগম্বরা: "উপাশুত্বেন দেশিত:" ইতি মীমাংদকাঃ, "যাবহুক্তোপপন্ন:" ইতি नৈয়ায়িকা:, "লোকবাবহারিদিদ্ধ:" ইতি চার্লাকাঃ, কিং বছনা, কারবোহপি যং বিশ্বকর্মেত্যুপাসতে, অর্থাৎ বেদাম্ভীর মতে ঈশ্বর অদ্বিতীয় চৈত্ত স্বরূপ, সাংখ্যমতে আদি বিদ্বান অণিমাদি সিদ্ধিযুক্ত কপিল, পাতঞ্জলমতে ক্লেশাদিসম্পর্করহিত, শ্রুতিসম্প্রদায়ের উপদেশক ও অনুগ্রহকারী পুরুষবিশেষ. মহাপাশুপতমতে লৌকিক ও বৈদিক বিরুদ্ধধর্মযুক্ত হইয়াও নির্লিপ্ত জগৎকর্ত্তা, শৈবমতে শিব অর্থাৎ ত্রৈগুণাের অতীত, বৈষ্ণবমতে পুরুষােত্তম অর্থাৎ সর্বজ্ঞ পুরুষ, পৌরাণিকমতে পিতামহ অর্থাৎ জনকেরও জনক, যাজ্ঞিকের মতে যজ্ঞপুরুষ অর্থাৎ যজ্ঞে প্রধান ব্যক্তি, দিগম্বরমতে নিরাবরণ অর্থাৎ অজ্ঞান, অদৃষ্ট ও দেহাদিরহিত, মীমাংসকমতে উপাশুভাবে করিত মন্ত্রাদি, নৈয়ায়িকমতে—প্রমাণ দ্বারা যতদূর সম্ভব ধর্মাযুক্ত, চার্কাকমতে—লোকব্যবহার সিদ্ধ রাজা প্রভৃতি, অধিক বলিবার প্রয়োজন নাই, শিলিগণও যাঁহাকে বিশ্বকর্ম্মা বলিয়া উপাসনা করিয়া থাকে।

শাস্ত্র দ্বারা ঈশ্বরের শিব প্রভৃতি সংজ্ঞার স্থায় ছয়টা অঙ্গ ও দশটা অব্যয় ধর্মও জানিতে পারা যায়, বায়ুপুরাণে উক্ত আছে :— সর্বজ্ঞতা তৃপ্তিরনাদিবোধং স্বতন্ত্রতা নিত্যমলুপ্তশক্তি:।

অনন্তশক্তিশ্চ বিভোবিধিজ্ঞাং ষড়ান্তরঙ্গানি মহেশ্বরত ॥

জ্ঞানং বৈরাগ্যমৈশ্বর্যাং তপঃ সত্যাং ক্ষমা ধৃতি:।

অন্ত্রমাত্মসংবোধো অধিষ্ঠাতৃত্বমেব চ।

অব্যয়ানি দশৈতানি নিত্যাং তিষ্ঠিত্তি শক্ষরে ॥

অর্থাৎ সর্বজ্ঞতা, তৃথ্যি, নিত্যজ্ঞানু, স্বতন্ত্রতা, অলুগুসামর্থ্য ও অনস্তশক্তি, এই ছয়টী অঙ্গ। জ্ঞান, বৈরাগ্য, জিখর্য্য, তপং, সত্য, ক্ষমা, ধৃতি, স্রাষ্ট্র্য, আত্মজ্ঞান ও অধিষ্ঠান এই দশটী অব্যয় ধর্ম।

স্ত্রের সর্বাজ্ঞ শব্দ ভাবপ্রধান, উহা দ্বারা সর্বাজ্ঞতা ব্ঝিতে হইবে, কেহ কেহ "সার্বাজ্ঞ্যবীজম্," কেহ বা "সর্বাজ্ঞ্ববীজম্" এইরূপও পাঠ করিয়া থাকেন॥ ২৫॥

ভাষ্য। স এখঃ।

' সূত্র। পূর্বেষামপি গুরুঃ কালেনানবচ্ছেদাৎ॥ ২৬॥

ব্যাখ্যা। স এবং (ঈশ্বরঃ) পূর্ব্বেষামপি (সূর্গান্ত্যুৎপন্নব্রহ্মাদীনামপি)
শুরুঃ (উপদেষ্ট্রা) কালেন (দিনমাসাদিনা) অনবচ্ছেদাৎ (অ্পরিসংখ্যেরত্বাৎ) ॥২৬॥
তাৎপর্য্য। সেই ঈশ্বর প্রথমোৎপন্ন ব্রহ্মাদিরও উপদেশক, কারণ তিনি
কালপরিচ্ছেত্ব নহেন অর্থাৎ অনাদি॥ ২৬॥

ভাষ্য। পূর্বে হি গুরবঃ কালেন অবচ্ছিছান্তে, যত্রাবচ্ছেদার্থেন কালো নোপাবর্ত্ততে স এব পূর্বেবামপি গুরুঃ। যথা অস্ত সর্গস্তাদৌ প্রকর্ষগত্যা সিদ্ধন্তথা অতিক্রান্তসর্গাদিষ্বপি প্রত্যেতব্যঃ॥ ২৬॥

অমুবাদ। প্রথম গুরু ব্রদ্ধাদি কাল দারা অবচ্ছিন্ন হয়েন, অর্থাৎ অমুক সময়ে উৎপন্ন এই ভাবে পরিচিত হয়েন। কাল উক্ত অবচ্ছেদরূপ প্রয়োজনের নিমিত্ত যেথানে থাকে না, অর্থাৎ কাল যাঁহার পরিচ্ছেদ করিতে পারে না, সেই এই ঈশ্বর পূর্ব্ব গুরু সকল ব্রহ্মাদিরও গুরু। যেমন বর্ত্তমান স্কৃত্তির আদিতে জ্ঞানের প্রকর্ষ দারা ঈশ্বর সিদ্ধি হয়, তদ্রপ অন্তান্ত স্কৃতিতেও ঈশ্বর সিদ্ধি ব্রিতে হইবে॥ ২৬॥

মন্তব্য। "ব্রন্ধাদিরও গুরু" একথা শুনিলে বিশ্বয় জন্মিতে পারে, শ্রুতিতে আছে, "যো ব্ৰহ্মাণং বিদধাতি পূৰ্কং যো বৈ বেদাংশ্চ প্ৰহিনোতি তব্নৈ" অৰ্থাৎ যিনি স্ষ্টির প্রাক্কালে ত্রন্ধাকে স্মৃষ্টি করিয়া তাহাকে বেদ উপদেশ করিয়াছেন, ভাগবতে উক্ত আছে, "তেনে ব্রহ্মহানা য আদিকবয়ে" অর্থাৎ যিনি অন্তর্য্যামী-রূপে ব্রহ্মার চিত্তে বেদ উপদেশ করিয়াছেন। মূর্ত্তি কল্পনা করিয়া ঈশ্বরের উপাদনা করিবার বিধান আছে, তাহাতে অভীষ্টসিদ্ধি হইবে সন্দেহ নাই. किन्छ मूर्छि नकन नेश्वरतत चन्नभ नर्ट्, ठाँशत चन्नभ निज्ञान, ও आनम। চতুর্ভুজ ব্রহ্মা অপর সকলের নির্মাতা বলিয়াই সৃষ্টিকর্ত্তা বলিয়া বিখ্যাত, কিন্তু তাঁহার স্বকীয় স্থল মূর্ত্তি অবশ্রুই জন্ম অর্থাৎ ঈশ্বরের সঙ্কল্প মাত্র হইতে উৎপন্ন। প্রমেশ্বর আপনার ইচ্ছা দারা চতুর্জ বন্ধাকে (হিরণাগর্ভকে) স্ষ্টি করিয়া তাঁহার দ্বারা অপর সমস্ত জগং স্কৃষ্টি করিয়াছেন, ইহাই শাস্ত্রের সিদ্ধান্ত। চতুর্ভুজ ব্রহ্মা জীব কোটিতে বর্ত্তমান, ঈশ্বর কোটিতে নহে,। এই নিমিত্তই ইহাকে প্রথম জীব বলা যায়। শাস্ত্রে তুই প্রকার বন্ধার কথা পাওয়া যায়, একজন ঈশ্বর কোটিতে অপরটী জীব কোটিতে॥ ২৬॥

#### সূত্র। তম্ম বাচকঃ প্রণবঃ॥২৭॥

ব্যাথ্যা। প্রণবঃ (প্রকর্ষেণ নৃয়তে স্থৃয়তে অনেন ইতি প্রণবঃ ওক্কারঃ) তম্ম ( ঈশ্বরম্ম ) বাচকঃ ( বোধকঃ অভিধার্ত্ত্যা তৎপ্রতিপাদকঃ )॥ ২৭॥

তাৎপর্যা। ওঙ্কার ঈশবের বাচক॥ ২৭॥

ভাষ্য। বাচ্য ঈশরঃ প্রণবস্থা। কিমস্থ সঙ্কেতকৃতং বাচ্য-বাচকত্বং, অথ প্রদীপপ্রকাশবদবস্থিতমিতি। স্থিতোহস্থ বাচ্যস্থ বাচকেন সহ সম্বন্ধঃ, দক্ষেতস্ত ঈশ্বরস্ত স্থিতমেবার্থমভিনয়তি, যথা অবস্থিতঃ পিতাপুত্রয়োঃ সম্বন্ধঃ সঙ্কেতেনাব্যোত্যতে অয়মস্থ পিতা অয়মশু পুত্র: ইতি। সর্গান্তরেম্বপি বাচ্যবাচকশক্ত্যপেক্ষস্তথৈব সক্ষেতঃ ক্রিয়তে, সম্প্রতিপত্তিনিত্যতয়া নিত্যঃ শব্দার্থসম্বন্ধঃ ইত্যা-গমিনঃ প্রতিজানতে॥ ২৭॥

অমবাদ। অকার, উকার, মকার ও নাদবিন্দু এই সার্দ্ধতিমাতায়ক

ওঁকারের বাচ্য ঈশর। প্রণব বাচক, ঈশর বাচ্য, এই বাচ্যবাচকতারপ সম্বন্ধ কি সঙ্কেত (এই শব্দ ঘারা এই অর্থের বোধ হউক, এইরূপ ঈশরের ইচ্ছা) ছারা উৎপন্ন হয়, না প্রদীপ প্রকাশের স্থায় স্বতঃই অবস্থিত থাকে ? এইরূপ জিজ্ঞাসায় বলা হইতেছে পদের সহিত অর্থের সম্বন্ধ স্বতঃসিদ্ধঃ, সঙ্কেত ঘারা উহার অভিব্যক্তি হয় মাত্র, যেমন পিতা ও পুল্রের সম্বন্ধ বর্তমানই থাকিয়া "এই ব্যক্তি ইহার পিতা," এ "উহার পুদ্র" এইরূপ সঙ্কেত ঘারা প্রকাশিত হয় মাত্র। অস্থাস্থ স্বষ্টিতেও এইরূপ শব্দ ও অর্থের বাচ্যবাচকতা সম্বন্ধ অপেক্ষা করিয়াই সঙ্কেত করা হইয়া থাকে, অর্থাৎ যে শব্দ ঘারা যে অর্থের বোধ চিরকালই হইয়া থাকে, সঙ্কেত ঘারা তাহাই প্রকাশিত হয়। শব্দজন্য অর্থের জ্ঞান নিয়্তই হইয়া থাকে বলিয়া ঐ উভয়ের সম্বন্ধ ও নিত্য ইহা শাস্ত্রকারগণ স্বীকার করিয়া থাকেন॥ ২৭॥

মস্তব্য। সঙ্কেত দিবিধ, ঈশ্বর সঙ্কেত ও আধুনিক সঙ্কেত, ঘটপটাদি স্থলে ঈশ্বর সঙ্কেত, দেবদন্ত প্রভৃতি স্থলে আধুনিক সঙ্কেত, ইহাকেই অপল্রংশ শব্দ বলে। "অস্মাৎ শব্দাৎ অয়মর্থো বোদ্ধব্যঃ," "এতৎপদং এতদর্থবাচকং ভবতু" এইরূপ ঈশ্বরের ইচ্ছা অথবা ইচ্ছার বিষয়তাকে নৈয়ায়িকগণ সঙ্কেত বা শক্তিবলেন। মীমাংসকমতে শক্তি নিত্য। নেয়ায়িকগণ বলেন সঙ্কেত দারাই বাচ্যাবাচকতা সম্বন্ধ উৎপন্ন হয়, তাদৃশ সম্বন্ধকে সঙ্কেত ক্বত না বলিয়া "নিত্য, সঙ্কেত দারা কেবল ব্যক্ষ্য" এইরূপ বলিলে ঘে স্থানে উক্ত সম্বন্ধ থাকেনা সেথানে উহার অভিব্যক্তিও হইতে পারে না, অভিব্যক্ষ্য ঘটপটাদি না থাকিলে শতসহন্দ্র প্রদীপও তাহার অভিব্যক্তি করিতে পারে না। মহা প্রলয়ে শব্দ ও অর্থ উভয়ই বিনষ্ট হয়, স্কৃতরাং স্কৃষ্টির প্রারম্ভে সঙ্কেত দারাই তাদৃশ সম্বন্ধ উৎপন্ন হয়, এইরূপই স্বীকার করা কর্ত্তব্য! পতঞ্জলির মতে সকল শব্দই সকল শব্দের বাচক, ঈশ্বর সঙ্কেত দারা কেবল উহার প্রকাশ হয়, অর্থাৎ অর্থবিশেষে নিয়মিত হয় মাত্র। মহাপ্রলয়ে শব্দরাশির বিগম হইলেও স্কৃষ্টির প্রারম্ভে পুনর্কার প্রাকৃত্তাবকালে তাদৃশ শক্তিবিশিষ্ট হইয়াই প্রাকৃত্ত হয়, অতএব পূর্কোক্ত নৈয়ায়িকের আশিক্ষার কোনও কারণ নাই॥ ২৭॥

ভাষ্য। বিজ্ঞাতবাচ্যবাচক বস্থা যোগিনঃ।

#### সূত্র। তজ্জপস্তদর্থভাবনম্॥ ২৮॥

ব্যাখা। বিজ্ঞাতবাচ্যবাচকত্বস্থ (বিশেষেণ জ্ঞাতং বাচ্যবাচকত্বং প্রতিপার্থ প্রতিপাদকত্বং যেন তম্ম) যোগিন: (সুমাধ্রিমত: ) তজ্জপ: (তম্ম প্রণবম্ম জপ: ) তদর্থভাবনম্ ( তদর্থন্থ প্রণবার্থন্থ ঈশ্বরন্থ ভাবনং চিন্তুনম্ উপাদনমিতি যাবৎ, বিধেয়মিতি শেষঃ॥ ২৮॥

তাৎপর্য্য। যোগিগণ ঈশ্বর ও প্রণবের বাচ্যবাচকতারূপ সম্বন্ধ বিশেষ করিয়া পরিজ্ঞাত হইয়া বাচক প্রণবের (ওঙ্কারের) জপ ও বাচ্য ঈশ্বরের উপাসনা কুরিবে॥ ২৮॥

ভাষ্য। প্রণবস্থ জপঃ, প্রণবাভিধেয়স্থ চ ঈশ্বরস্থ ভাবনা। তদস্য যোগিনঃ প্রণবং জপতঃ প্রণবার্থঞ্চ ভাবয়তশ্চিত্তং একাগ্রং সম্পত্ততে: তথাচোক্তম "স্বাধ্যায়াৎ যোগমাসীত যোগাৎ স্বাধ্যায়-মামনেৎ। স্বাধ্যায়যোগসম্পত্ত্যা প্রমাত্মা প্রকাশতে" ইতি ॥ ২৮॥

অনুবাদ। প্রণবের জপ ও প্রণবার্থ পরমেশ্বরের চিন্তন এই হুইটা অনুষ্ঠান করিতে করিতে যোগীর চিত্ত একাগ্র হয়। শাস্ত্রে উক্ত আছে স্বাধ্যায় অর্থাৎ বেদপাঠ (প্রধানতঃ প্রণবের উচ্চারণ) দারা যোগের অনুষ্ঠান ও যোগের অনুষ্ঠান করিয়া পুনর্ব্বার বেদার্থের মনন করিবে, এইরূপে স্বাধ্যায় ও যোগ-সম্পত্তি দারা প্রমাত্মজ্ঞান হইয়া থাকে ॥ ২৮॥

মস্তব্য। পূর্ব্বে বলা হইয়াছে "ঈশ্বরপ্রণিধানাৎ বা" এন্থলে সেই প্রণি-ধানেরই বিশেষ বিবরণ করা হইয়াছে। ছান্দ্যোগ্য উপনিষদে উক্ত আছে "ও মিত্যক্ষরমূচ্গীথমুপাসীত" গীতায় উক্ত আছে "ও মিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ मामलूयातन्"। जैयातत्र वाठकमक वह्विध थाकित्व अनवत्कई अधानकार কীর্ত্তন করা হইয়াছে॥ ২৮॥

ভাষ্য। কিঞ্চ অস্ত ভবতি।

সূত্র। ততঃ প্রত্যক্চেতনাধিগমোহপ্যন্তরায়াভাবশ্চ॥২৯॥ ব্যাখ্যা। ততঃ (প্রণবজ্বপাৎ, প্রণবার্থচিন্তনাচ্চ) প্রত্যক্চেতনাধিগমঃ

(জীবাত্মসাক্ষাৎকারঃ) অস্তরায়াভাবশ্চ (বৃক্ষুমানব্যাধিপ্রভৃতীনাং নাশশ্চ) অস্ত যোগিনঃ ভবতীত্যর্থঃ ॥ ২৯ ॥

ভাষ্য। যে তাবদন্তরায়াব্যাধিপ্রভৃতয়ঃতেতাবদীশরপ্রণিধানাৎ ।
ন ভবন্তি, স্বরূপদর্শনমপ্যস্থ ভবতি, যথৈবেশরঃ পুরুষঃ শুদ্ধঃ প্রসন্ধঃ
কেবলঃ অনুপদর্গঃ, তথায়মপি বুদ্ধেঃ প্রতিসংবেদী যঃ পুরুষ ইত্যেবমধিগচ্ছতি ॥ ২৯ ॥

অম্বাদ। ব্যাধি প্রভৃতি যে সমস্ত অন্তরায় অর্থাৎ চিত্তের বিক্ষেপক তৎ্
সমস্তই ঈশ্বরপ্রণিধান দ্বারা তিরোহিত হয়, ইহা দ্বারা যোগীর স্বরূপদর্শনও
হইয়া থাকে। যেমন ঈশ্বর অর্থাৎ পূর্ব্বোক্ত পুরুষবিশেষ শুদ্ধ, (কৃটস্থ বিশিয়া
উদয় বায়রহিত) প্রসয়, (ক্লেশবর্জিত) কেবল (ধর্মাধর্মরহিত) ও অমুপসর্গ
অর্থাৎ জ্বাতি, আয়ু; ও ভোগরূপ উপদ্রবহিত, বৃদ্ধির প্রতিসংবেদী অর্থাৎ
বৃদ্ধির ছায়া গ্রহণ করিয়া গুণবান্ পুরুষও সেইরূপ, যোগিগণ এইরূপ বৃঝিয়া
থাকেন॥২৯॥

মন্তব্য। সাদৃশ্য ভেদম্লক, জীব ঈশবের সদৃশ বলিলে জীবে ঈশবের সাধর্ম্ম ও বৈধর্ম্ম উভয়ই আছে বৃঝিতে হইবে। শুদ্ধি, প্রসাদ প্রভৃতি সাধর্ম্ম অর্থাৎ ঐ সমস্ত ধর্ম জীব ও ঈশর উভয়েই আছে, "বৃদ্ধেঃ প্রতিসংবেদী" এইটী বৈধর্ম্ম অর্থাৎ উক্ত ধর্ম ঈশবের নাই, জীবাত্মার ন্তায় ঈশবের বৃদ্ধিধর্ম স্থাদির আরোপ হয় না। এস্থলে আশক্ষা হইতে পারে, ঈশর চিন্তন দারা জীবাত্মদর্শন কিরপে হইবে ? ঈশবের চিন্তায় না হয় তাঁহারই সাক্ষাৎকার হউক, জীবাত্মার শ্বরূপ দর্শন হইবার কারণ কি ? ইহার উত্তর অত্যন্ত বিভিন্ন বস্তব্বের একের চিন্তার অপরটীর জ্ঞান হইয়া থাকে। একটা শাস্ত্রের সমাক্ অন্থূলীলন করিলে তৎসদৃশ শাস্ত্রান্তরের জ্ঞান আপনা হইতেই হইয়া যায়। একথানি ব্যাকরণ স্কল্ব করিয়া অভ্যাস করিলে অন্থ্র ব্যাকরণ দেখিয়াই বৃঝা যাইতে পারে, ক্রামণান্ত্রের জ্ঞান আপনা হইতেই হইয়া যায়। একথানি ব্যাকরণ স্কল্ব করিয়া থাকিলে বৈশেষিক শাস্ত্র সহজেই বৃঝা জায়। জীব ও ঈশবের সাদৃশ্র বিশেষরূপে প্রদর্শিক হইয়াছে, স্বতরাং ঈশব উপাসনার জীবাত্মার সাক্ষাৎকার হইবে

সন্দেহ নাই। বিশেষ এই ঈশবের উপাসনা স্থির হইলে স্বকীয় আত্মার নিদিধ্যাসন করিলেই আত্মসাক্ষাৎকার হয়॥ ২৯॥

ভাষ্য। অথ কেহন্তরায়াঃ, যে চিত্তস্ত বিক্লেপকাঃ, কে পুনস্তে কিয়ন্তো বেতি ?

সূত্র। ব্যাধিস্ত্যানসংশয়প্রমাদালস্থাবিরতিভ্রান্তিদর্শনা-লব্ধভূমিকত্বানবস্থিতত্বানি চিক্তবিক্ষেপান্তেহন্তরায়াঃ ॥ ৩০॥

ব্যাথা। (ব্যাধিশ্চ, স্ত্যানঞ্চ, সংশয়শ্চ, প্রমাদশ্চ, আলস্তঞ্চ, অবিরতিশ্চ, আস্তিদর্শনঞ্চ, অলকভূমিকত্বঞ্চ, অনবস্থিতত্বঞ্চ তানি) চিত্তবিক্ষেপাঃ (চুত্রুস্ত্র বিক্ষেপকাঃ হৈর্য্যবিঘাতকাঃ) তে অস্তরায়াঃ (তে ব্যাধিপ্রভূতরো নব চিত্ত-বিক্ষেপাঃ অস্তরায়াঃ বিদ্রা ইত্যর্থঃ)॥৩০॥

তাৎপর্য্য। যাহা দ্বারা চিত্তের বিক্ষেপ হয় অর্থাৎ একাগ্রতা বিনষ্ট হয় তাহাকে অন্তরায় বলে, ব্যাধি প্রভৃতি নয়টী চিত্তের বিক্ষেপ স্থতরাং অন্তরায়॥৩০॥

ভাষ্য। নব অন্তরায়াশ্চিত্তস্থ বিক্ষেপাঃ সহ এতে চিত্তবৃত্তিভিভবন্তি, এতেষামভাবে ন ভবন্তি পূর্বেবাক্তাশ্চিতবৃত্তয়ঃ। ব্যাধিঃ
ধাতুরসকরণবৈষম্যং, স্ত্যানং অকর্মণ্যতা চিত্তস্থ, সংশয়ঃ উভয়কোটিস্পৃথিজ্ঞানং স্থাদিদং এবং নৈবং স্থাদিতি, প্রমাদঃ স্মাধিসাধনানামভাবনম্ আলস্তং কায়স্থ চিত্তস্থ চ গুরুত্বাদপ্রবৃত্তিঃ,
অবিরতিঃ চিত্তস্থ বিষয়সম্প্রেমাগাত্মাগর্দ্ধঃ, ভ্রান্তিদর্শনং বিপ্র্যায়ভানং, অলক্জ্মিকত্বং স্মাধিভূমেরলাভঃ, অনবস্থিতত্বং যয়্লকায়াং
ভূমো চিত্তস্থ অপ্রতিষ্ঠা, সমাধিপ্রতিলম্ভে হি তদবস্থিতং স্থাৎ,
ইত্যেতে চিত্তবিক্ষেপা নব যোগমলা যোগপ্রতিপক্ষা যোগান্তরায়া
ইত্যভিধীয়ন্তে॥ ৩০॥

অন্নবাদ।. (প্রশ্ন) অন্তরায় কি ? ( উত্তর ) বাহারা চিত্তের বিক্ষেপ জন্মার। তাহারা কে কে ? তাহাদের সংখ্যাই বা কত ? এই প্রশ্নে বলা হইতেছে চিত্তের বিক্ষেপকারক অন্তরায় নয়্টী। এই সমস্ত অন্তরায় চিত্তবৃত্তির (বিক্ষিপ্ত বৃত্তির ) সহিত উৎপন্ন হয়, ইহারা না থাকিলে চিত্তের বিক্ষেপ বৃত্তিও হয় না। ধাতৃ, (বাত, পিত্ত ও শ্লেমা) রস (আহারের পরিণাম) ও করণের (ইক্রিমের) বয়ম্য অর্থাৎ নানাধিক ভাব হইতে ব্যাধি জন্মে। স্ত্যানশব্দে চিত্তের কার্য্যকারিতা শক্তির অভাব ব্রায়। এই বস্তুটা এইরূপ কি না ? এইরূপ উভয়্ম প্রকার জ্ঞানকে সংশায় বলে। সমাধির উপায়ের অনুমুষ্ঠানকে প্রমাদ বলে। তমোগুণের আধিক্যবশতঃ চিত্তের, এয়ং কফাদির আধিক্যবশতঃ শরীরের গুরুতা প্রযুক্ত প্রযন্তের অভাবের নাম আলস্ত। অবিরতি শব্দের অর্থ সর্বাদা বিষয়সংযোগরূপ তৃষ্ণাবিশেষ। এক বস্তুকে অন্তর্থাকে অলক-ভূমিকত্ব বলে। মধুমতী প্রভৃতি সমাধিভূমির লাভ না হওয়াকে অলক-ভূমিকত্ব বলে। উক্ত সমাধিভূমি পাইয়াও তাহাতে অবস্থান না করাকে অনবস্থিতত্ব বলে। সমাধির প্রতিলম্ভ অর্থাৎ ধ্যেয়ের সাক্ষাৎকার হইলে চিত্ত স্থির হয়, নতুবা ত্রংশের সম্ভাবনা। উক্ত নয়্টী চিত্তের বিক্ষেপ, যোগের মল ও সমাধির প্রতিপক্ষ বলিয়া অভিহিত হইয়া থাকে॥ ৩০॥

মন্তব্য। "ধর্মার্থকামমোক্ষাণামারোগ্যং মূলমূত্তমম্" শরীর স্কৃষ্ণ না থাকিলে কোন কার্য্যই হয় না তাই স্থাকার প্রথমেই ব্যাধিকে অন্তরায় বলিয়াছেন। ইহাদের মধ্যে বিশেষ এই, সংশয় ও নিপর্যয় এই ছুইটী চিত্তের বৃত্তিবিশেষ স্থাতরাং যোগবৃত্তির বিরোধী, কারণ যুগপৎ চিত্তের বৃত্তিদ্বয় হয় না "জ্ঞানদ্বস্থাযোগপভাৎ।" ব্যাধিপ্রভৃতি চিত্তবৃত্তি না হইলেও ইহারা যোগের বিরুদ্ধ বিক্ষেপ বৃত্তি উৎপাদন করিয়া যোগের প্রতিপক্ষ হয়।

অষয় ও ব্যতিরেক দারাই কার্য্যকারণভাব গৃহীত হয়, দেখা যাইতেছে অস্তরায় সকল থাকিলে বিক্ষেপ হয়, না থাকিলে হয় না, স্কুতরাং উক্ত ব্যাধি প্রভৃতি অস্তরায় চিত্তের বিক্ষেপক।

সকল বিষয়েই যে পর্যান্ত পরিপক না হওয়া যায়, ততদিন বিশেষ সতর্ক থাকিতে হয়, ধ্যেয় সাক্ষাংকার না হওয়া পর্যান্ত পদে পদে সমাধির লংশ হইতে পারে, অভএব বিশেষ প্রণিধান সহকারে যোগের অফুষ্ঠান করিতে হইবে॥৩০॥

# সূত্র। হুঃখনৌর্শ্বনস্থাঙ্গমেজয়ত্বখাসপ্রখাসা বিক্ষেপসহ ভুবঃ॥৩১॥

ব্যাখা। (ছংথাদয়: প্রস্থাসপর্যন্তা: পঞ্চ), বিক্ষেপসহভ্ব: (বিক্ষেপেণ সহ জায়ন্তে, বিক্ষিপ্তচিত্তভৈতে ভবন্তীতি ফলিতোহর্থ: )॥ ৩১॥

তাৎপর্য্য। বিক্ষিপ্ত চিত্তের ছঃখ, দৌর্মনস্ত, অঙ্গমেজ্য়ত্ব (শরীরের কম্পন), শ্বাস ও প্রশ্বাস হইয়া থাকে ॥ ৩১ ॥

ভাষ্য। ছঃখমাধ্যাত্মিকং, আধিভোতিকং, আধিদৈবিকঞ্চ। 
ধ্যেনাভিহতাঃ প্রাণিনঃ তত্নপঘাতায় প্রয়হন্তে তদ্ছঃখম্। দৌর্ম্মনস্তং
ইচ্ছাভিঘাতাৎ চিত্তস্ম ক্ষোভঃ। যদঙ্গায়েজয়তি কম্পয়তি তদ্
অঙ্গমেজয়ত্মন্। প্রাণো যদ্বাহাং বায়ং আচামতি স খাসঃ, যৎ কোষ্ঠাং
বায়ং নিঃসারয়তি স প্রখাসঃ। এতে বিক্ষেপ-সহভুবঃ বিক্ষিপ্তচিত্তসৈতে ভবন্তি, সমাহিতচিত্তিস্থৈতে ন ভবন্তি॥ ৩১॥

অমুবাদ। যাহা দারা আক্রান্ত হইয়া প্রাণিগণ তল্লিবারণের চেষ্টা করে, অর্থাৎ যে বস্তু অভিলবণীয় নহে তাহাকে হঃখ বলে, হঃখ তিন প্রকার, আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক। ইচ্ছার পূরণ না হওয়ায় চিত্তের চঞ্চলতাকে দৌর্দ্মনস্থ বলে। অঙ্গের কম্পকে (বাত প্রভৃতি রোগ হইতে) অঙ্গমেজয়ত্ম বলে। বাহিরের বায়ু নাদিকা দ্বারা গ্রহণ করাকে খাদ, এবং ভিতরের বায়ু বাহির করাকে প্রখাদ বলে। এই কয়েকটী পূর্দ্দোক্ত বিক্ষেপের সহচর, কেন না বিক্ষিপ্ত চিত্তেরই এই দমন্ত হইয়া থাকে, দমাধি হইলে আর হয় না॥ ৩১॥

মস্তব্য। আধাাত্মিক হংখ হুই প্রকার; শারীর ও মানস, ব্যাধি প্রভৃতি হুইতে শারীর এবং কাম প্রভৃতি হুইতে মানস হংখ জন্মে। ব্যাদ্ধ প্রভৃতি ভূত (প্রাণী) হুইতে উৎপন্ন হুংখকে আবিজোতিক হুংখ বলে। গ্রহাদি হুইতে আধিদৈবিক হুংখ জন্মে। সমস্ত হুংখই মনোজ্য হুইলেও কেবল মনঃ এবং এনঃ ও অন্য কারণ এই উভন্ন হুইতে উৎপন্ন হন্ন বলিয়া শারীর ও মানসরূপে বিভাগ করা হুইয়াছে।

শমাধির একটী অঙ্গ প্রাণারাম, উহা রেচকপূরক ও কুন্তক এই ত্রিতয় স্বরূপ, স্বাস দারা রেচকের এবং প্রস্বাস দারা পূরকের ব্যাদাত হয়। স্বাস প্রথাস স্বভাবতঃই হইয়া থাকে, ইহা জীবন-যোনি-সংস্কারের স্চক। ত্রিবিধ প্রাণারামেই প্রাণবায়্র সঙ্কোচ হয়, স্বাভাবিক শ্বাস প্রক ও রেচক নহে॥ ৩১॥

ভাষ্য। অথ এতে বিক্ষেপাই সমাধিপ্রতিপক্ষাঃ তাভ্যামেব অভ্যামবৈরাগ্যাভ্যাং নিরোদ্ধব্যাঃ, তত্রাভ্যামস্থ বিষয়মুপসংহর-মিদমাহ।

# সূত্র। তৎপ্রতিষেধার্থমেকতত্বাভ্যাসঃ॥ ৩২॥

ব্যাখ্যা। তৎপ্ৰতিষেধাৰ্থং (তেষাং বিক্ষেপাণাং প্ৰতিষেধাৰ্থং প্ৰশমনায়,) একতত্বাভ্যাসঃ (একস্মিন্ তত্বে ঈশ্বরে, অভিমতে বা বস্মিন্ কস্মিন্ বিষয়ে, অভ্যাসঃ চিত্তস্ত পুনঃ পুনর্নিবেশনং, কর্ত্তব্য ইতি শেষঃ ) ॥৩২॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত বিক্ষেপের নির্ত্তির নিমিত্ত ঈশ্বরে অথবা অভিমত অন্ত কোনও বিষয়ে চিত্ত নিবেশ করিবে।

ভাষ্য। বিক্ষেপপ্রতিষেধার্থমেকতত্বাবলম্বনং চিত্তমভাদেৎ। যস্ত্র প্রত্যর্থনিয়তং প্রভায়মাত্রং ক্ষণিকঞ্চ চিত্তং তক্ত সর্বমেব চিত্ত-মেকাগ্রং নাস্ত্যেব বিক্ষিপ্তম। যদি পুনরিদং সর্বতঃ প্রত্যাহ্যত্য একস্মিন্ অর্থে সমাধীয়তে তদা ভবত্যেকাগ্রমিতি, অতো ন প্রভার্থ-নিয়তং। যোহপি সদৃশপ্রভায়প্রবাহেণ চিত্তমেকাগ্রং মন্ততে তক্ত্য যত্তেকাগ্রতা প্রবাহচিত্তক্ত ধর্মান্তদৈকং নাস্তি প্রবাহচিত্তং ক্ষণিকত্বাৎ, অথ প্রবাহাংশক্তৈব প্রভায়ক্ত ধর্মাঃ স সর্বাঃ সদৃশপ্রভায়প্রবাহী বা বিসদৃশপ্রভায়প্রবাহী বা প্রভার্থনিয়তত্বাদেকাগ্র এবেতি বিক্ষিপ্ত-চিত্তামুপপত্তিঃ। তম্মাদেকমনেকার্থমবিস্থিতং চিত্তমিতি। যদি চিত্তিনৈকেনানম্বিতাঃ স্বভাবভিন্নাঃ প্রভায়া জায়েরন্ অথ কথমক্ত্য-প্রভায়দৃষ্টক্তাক্তঃ মার্ত্রা ভবেৎ, অক্যপ্রভায়োপচিত্রা চ কর্ম্মাশয়স্যাক্তঃ

প্রত্যয় উপভোক্তা ভবেৎ। কথঞ্জিৎ সমাধীয়মানমপ্যেতৎ গোময়পায়সীয়ং ভায়মাক্ষিপতি। কিঞ্চ স্বাত্মানুভবাপয়বশ্চিত্তস্যান্তত্বে
প্রাপ্রেতি, কথং, ষদহমদ্রাক্ষং তৎ স্পৃশামি ষচ্চ অস্প্রাক্ষং তৎ
পশ্যামীতি অহমিতি প্রত্যয়ঃ সর্বস্য প্রত্যয়স্য ভেদে সতি প্রত্যয়ন্ত
ভেদেনোপস্থিতঃ, একপ্রত্যয়বিষয়েহয়ময়ভদাত্মা অহমিতি প্রত্যয়ঃ
কথমত্যস্তভিয়েয় চিত্তেয় বর্ত্তমানঃ সামাভ্যমেকং প্রত্যয়নমাশ্রয়েৎ 
স্বামুভব-গ্রাহশ্চায়মভেদাত্মাহহমিতি প্রত্যয়ঃ, ন চ প্রত্যক্ষস্য
মাহাত্ম্যং প্রমাণাস্তরেণাভিভ্রতে, প্রমাণাস্তরঞ্চ প্রত্যক্ষবলেনেব
ব্যবহারং লভতে, তত্মাদেকমনেকার্থমবন্থিতঞ্চ চিত্তম্॥ ৩২॥

অমুবাদ। সমাধির প্রতিকৃল এই সমস্ত বিক্ষেপ পূর্ব্বোক্ত অভ্যাস ও বৈরাগ্য দ্বারা নিবারণ করিতে হইবে, তন্মধ্যে অভ্যাদের বিষয় উপসংহার করিবার নিমিত্ত এই স্থত্ত বলা হইতেছে। বিক্ষেপ নিবারণের নিমিত্ত চিত্তকে একটা তত্ত্বে (ঈশ্বরের প্রকরণ বলিয়া এন্থলে একতত্বশব্দে ঈশ্বরকে বুঝায়. যে কোনও বস্তুতে হইলেও ক্ষতি নাই) অভিনিরেশ করিবে। যাহার (বৌদ্ধের) মতে চিত্ত প্রত্যর্থনিয়ত অর্থাৎ এক হউক বা অনেক হউক প্রত্যেক বিষয়েই পর্য্যবসন্ধ, জ্ঞানস্বরূপ ( জ্ঞানের আশ্রয় নহে ) ও একক্ষণস্থায়ী. ৃতাহার মতে দমস্ত চিত্তই একাগ্র, কোনও চিত্তই বিক্ষিপ্ত নহে। যদি চিত্ত স্থির হইয়া বিষয় হইতে বিষয়ান্তরে গমন করে তবেই বিক্ষেপ হয় এবং ঐ বিক্ষিপ্তচিত্তকে ধ্যেয় ভিন্ন অপর সমস্ত বিষয় হইতে প্রতিনিবৃত্ত করিয়া কেবল ্ ধ্যেয় বস্তুতেই স্থির রাখা যায় তবেই একাগ্রতার সম্ভব হয়। ( সমাধির বিধান বৌদ্ধমতেও আছে অতএব চিত্ত প্রত্যর্থ নিয়ত নহে, কিন্তু স্থায়ী ) যদি বল সদৃশ অর্থাৎ সমানাকার জ্ঞানধারাই একাগ্রতা অর্থাৎ বিসদৃশ জ্ঞান না হইয়া ধ্যেয়া-কারেই অনবরত প্রত্যন্ন উৎপত্তির নাম একাগ্রতা; এরূপ দিদ্ধান্তেও ঐ সমানাকার জ্ঞান কাহার ধর্ম ? প্রবাহচিত্তের, না, প্রবাহের অন্তর্গত সেই-সেই প্রবাহী চিত্তের ? প্রবাহচিত্ত নামে কোনও একটী স্থায়ী পদার্থ বৌদ্ধ মতে হইতে পারে না, কারণ তন্মতে বস্তুমাত্রেই ক্ষণিক, অনেক ক্ষণ অবস্থান

করে এমন কোনই পদার্থ নাই। প্রবাহের অংশ এক একটা চিত্তব্যক্তিরই ধর্ম একাগ্রতা একথাও সঙ্গত হয় না, কারণ, সদৃশপ্রত্যয়ধারার অন্তর্গত হউক অথবা বিদদৃশপ্রতায়ধারার অন্তর্গত হউক সমস্ত চিত্তব্যক্তিই এক একটী অর্থে নিয়ত অর্থাৎ এক বস্তু ভিন্ন অপর বস্তুকে বিষয় করিতে পারে না, স্থতরাং একাগ্রতা স্বভাবসিদ্ধ হওয়ায় চিত্তের বিক্ষেপের সম্ভাবনা নাই, অতএব স্বীকার করিতে হইবে "স্থির একটী চিত্ত ব্যক্তি অনেক পদার্থকে বিষয় করে"। यদি স্থির একটা চিত্তের আশ্রিত না হইয়া পরম্পর বিলক্ষণ ( ক্ষণিক বলিয়া ) প্রত্যয় সকল উৎপন্ন হয় তবে কিরূপে এক প্রত্যয় কর্ত্তক পরিদৃষ্ট পদার্থকে অপর প্রতায়ে স্বরণ করিবে ? কিরূপেই বা অন্ত প্রতায় কর্তৃক সঞ্চিত কর্মফল অপরে উপভোগ করিবে ? কার্য্যকারণভাব করনা করিয়া অর্থাৎ কারণের ধর্ম কার্য্যে দঞ্চার হইতে পারে, উত্তর বিজ্ঞানের প্রতি পূর্ব্ব বিজ্ঞান কারণ, স্থতরাং পূর্ব্ব পূর্ব্ব বিজ্ঞানের ধর্ম উত্তরোত্তর বিজ্ঞানে সংক্রান্ত হইবে, এই ভাবে কোনও রূপে সমাধান করিলেও উহা গোময় পায়সীয় স্তায়ের অপেক্ষাও অধিক উপহাদাম্পদ হয়। ক্ষণিক চিত্তস্বীকার করিলে স্বকীয় আত্মানুভবেরও অপলাপ হইয়া পড়ে, আমি যাহা দেখিয়াছিলাম সম্প্রতি তাহা স্পর্শ করিতেছি, যাহা স্পর্শ করিয়াছিলাম সম্প্রতি তাহাই দেখিতেছি ইত্যাদি রূপে বিষয়ভেদে জ্ঞানের ভেদ হইলেও "যে আমি সেই আমি" এইরূপ প্রত্যভিজ্ঞা থাকায় জ্ঞাতার ভেদ কখনই হয় না। পরস্পর অত্যন্ত ভিন্ন চিত্ত ব্যক্তি (বৌদ্ধমতে ক্ষণিক চিত্তই আত্মা) হইলে সেই আমি এই রূপ অভেদ বিষয়ক "অহং" ইত্যাকার প্রতার কথনই হইতে পারে না। সেই আমি এই জ্ঞানটা সকলেরই অমুভব-সিদ্ধ, (তর্কের কথা নহে) প্রত্যক্ষের প্রভাব অন্ত কোনও প্রমাণ দ্বারা বিনষ্ট হয় না, অন্ত সকল প্রমাণ প্রত্যক্ষেরই সাহায্যে ব্যবহার লাভ করিয়া থাকে। অতএব অনেক পদার্থে বর্ত্তমান একটা স্থির চিত্ত আছে ইহাই সিদ্ধান্ত इट्टेन ॥ ७२ ॥

মন্তব্য। সকলেই স্বীকার করেন জ্ঞানের আধার একটী স্থিরচিত্ত আছে,
'এই চিত্ত ভিন্ন ভিন্ন বিষয়ে গমন করিয়া বিক্ষিপ্ত হয়, স্কৃতরাং প্রযত্ন সহকারে
উহার একাগ্রতা হইতে পারে। বৌদ্ধ মতে সেরূপ ঘটে মা, কারণ বৌদ্ধেরা
স্থিরচিত্ত স্বীকার করে না, ক্ষণে ক্ষণে জায়মান জ্ঞানই চিত্ত, এরূপ হইলে

বিক্লেপের সম্ভাবনাই নাই, স্থির থাকিয়া এক বিষয় হইতে অন্ত বিষয়ে গমন করাকেই বিক্ষেপ বলে, ক্ষণস্থায়ী চিত্তে বিক্ষেপই বা কি আর সমাধিই বা কি ? এই ক্ষণিক চিত্তকেই তাহারা আত্মা বলে অর্থাৎ বৃদ্ধিকে আত্মা বলায় বৌদ্ধ সুংজ্ঞা হইয়াছে। যে ব্যক্তির অমুভব জন্মে, সংস্কার জন্মিয়া উদ্বোধক সহকারে তাহারই স্মরণ হইয়া থাকে, এবং মে ব্যক্তি ধর্মাধর্ম উপার্জন করে তাহারই স্থত্যথ ভোগ হয় ইহাই সর্বসন্মত, ক্ষণিক চিত্ত স্বীকার করিলে উক্ত উভয়ই সম্ভব হয় না, যে ক্ষণিক চিত্তরূপ আত্মা বিষয় অনুভব করিয়াছে পরক্ষণেই সে ব্যক্তি নাই কালান্তরে কিরূপে শ্বরণ হইবে ? যে ব্যক্তি কর্ম্ম দ্বারা ধর্ম ও অধর্ম উপাৰ্ক্তন করিয়াছে, কালান্তরে দে নাই, স্থুখহুঃখ ভোগ কে করিবে ? বৌদ্ধেরা এ বিষয়ে বলিয়া থাকেন, উক্ত দোষ হইবে না, কারণ প্রবাহের অন্তর্গত পূর্ব্ব পূর্ব ক্ষণিক চিত্ত হইতে উভরোত্তর ক্ষণিক চিত্ত উৎপন্ন হয়, পূর্ব চিত্তে যাহা অমুভূত বা কৃত হইয়াছে উত্তর চিত্তে তাহার ফল জন্মিতে পারে, এরূপ স্থলে একের ফল অপরে হইবার সম্ভাবনা নাই, ফল কথা স্থিরচিত্তপলে একটা ক্ষণিক প্রত্যয় ধারা স্বীকার করা হইতেছে। পুত্রে শ্রাদ্ধ করিলে পিতার ফল-ভোগ হয়, আত্র বৃক্ষের মূলদেশে মধুর রস সেক করিলে পরম্পরায় ফলেও মধুর রস জন্মে, তদ্রপ পূর্ব্ব চিত্তের সংক্রম পরচিত্তে হইবে। ঐরপ সিদ্ধান্তে ভাষ্যকার বলিতেছেন উহা গোময় পায়নীর ন্যায় অপেক্ষাও জঘন্ত। ন্যায়ের তাৎপর্য্য এইরূপ "গোময়ং পায়দং গব্যস্থাৎ দশ্মত-পায়দবৎ" অর্থাৎ গোময়কে পায়দ বলা যাইতে পারে, কারণ উহা গব্য, যে গব্য হয় দে পায়দ হয় ষেমন দর্মবাদী দশ্মত পায়দ। এই অমুমানটী যেরূপ উপহাদজনক, পূর্ব্বোক্ত বৌদ্ধের যুক্তি তদপেক্ষাও অধিক। একটা জ্ঞান সম্ভানের (বুদ্ধি ধারার) আশ্রয়ে থাঁকিয়া অন্তুত্তব্, সংস্কার ও স্থৃতি ইহারা কার্য্য কারণ হয়, কিন্তু সন্তান নামে যদি একটা স্থির পদার্থ থাকে তবেই ওরূপ বলা ঘাইতে পারে, সস্তান (প্রবাহ) কেবল কল্লিত ভিন্ন আর কিছুই নহে। গোময় পায়দ স্থলে বরং গব্যস্বরূপ একটা প্রসিদ্ধ হেতৃ আছে, প্রকৃত স্থলে এক-সন্তান-বর্ত্তিতারূপ ধর্মনী কেবল কল্পনাপ্রস্ত, স্থতরাং উক্ত ন্তায় অপেকা বৌদ্ধের যুক্তি স্কৃধিক হাস্তাম্পদ ' শন্দেহ নাই।, বৌদ্ধেরা প্রদীপশিখা নদী প্রবাহ প্রভৃতি দৃষ্টান্ত দারা জ্ঞানসন্তান স্থাপন করিয়া থাকে, অর্থাৎ সন্ধ্যা হইতে প্রভাত পর্যান্ত প্রতিক্ষণেই দীপশিখা

পৃথক্ পৃথক্ হয়, অথচ বোধ হয় বেন সেই প্রদীপই আছে, বর্ধাকালে ধরস্রোত নদীপ্রবাহ অবিরত গমন করিতেছে অথচ বোধ হয় বেন একই জলরাশি রহিয়াছে, তদ্ধপ প্রতিক্ষণে চিত্ত ভিয় ভিয় হইলেও এক বলিয়া সাধারণের প্রতীতি হইয়া থাকে। বৌদ্ধ চারি প্রকার, সৌত্রান্তিক, বৈভাষিক, যোগাচার ও মাধ্যমিক। ইহাদিগকে প্রকারান্তরে তিন প্রকারও বলা যাইতে পারে। সমস্ত পদার্থ স্বীকারবাদী, কেবল ক্ষণিক বিজ্ঞানবাদী ও সর্ব্বশৃত্যবাদী। বহির্বিষ্ট্রের পরোক্ষতা অপরোক্ষতানিষ্বে বিবাদ থাকিলেও সৌত্রান্তিক ও বৈভাষিক্মতে বাহু পদার্থের সত্তা স্বীকার আছে, স্বতরাং ইহারা এক প্রেণিতে বিভক্ত। ক্ষণিক বিজ্ঞান মতে বাহু পদার্থ নাই, উহা জ্ঞানেরই পরিণাম, এ বিষয়ে শক্ষরাচার্য্যেরও ঐকমত্য আছে, বিশেষ এই শক্ষর ঐ জ্ঞানকে নিত্য বিলয়া স্বীকার করেন। উক্তরূপে বৌদ্ধের সহিত "জ্ঞানের বিবর্ত্ত জগৎ" এ বিষয়ে সাদৃশ্র আছে বিলয়া শক্ষরকে "প্রচ্ছয় বৌদ্ধ" বলিয়া থাকে। ইহাদের বিশেষ বিবরণ সর্ব্বদর্শন সংগ্রহ ও শারীরক ভায়্যের তর্কপাদে আছে॥ ৩২॥

ভাষ্য। যভেদং শাস্ত্রেণ পরিকর্ম নির্দিশ্যতে তৎ কথম্ ?

সূত্র। মৈত্রী করুণামূদিতোপেক্ষাণাং স্থথছুঃখপুণ্যাপুণ্য-বিষয়াণাং ভাবনাতশ্চিত্রপ্রসাদনম্॥ ৩০॥

ব্যাখ্যা। স্থুখতুঃখপুণ্যাপুণ্যবিষয়াণাং ( স্থেষু, ছঃখিষু, পুণ্যশালেষু, পাপিষু চ) মৈত্রীকরুণামুদিভোপেক্ষাণাং ( যথাক্রমং সৌহার্দ্দদয়াহর্ষাধ্যস্থবৃদ্ধীনাং ). ভাবনাতঃ ( সম্পাদনাং ) চিত্তপ্রসাদনম্ ( চিত্তস্ত প্রসাদনং নৈর্ম্মল্যং ভবতীতি শেষঃ ) ॥ ৩৩ ॥

তাৎপর্য্য। স্থথিগণের প্রতি প্রেম, হৃঃথিতে দয়া, ধার্ম্মিকে হর্ষ ও পাপি-গণের প্রতি ওদাসীন্ত করিলে চিত্ত প্রসন্ন হয়॥ ৩৩॥

ভাষ্য। তত্র সর্ববপ্রাণিষ্ স্থসম্ভোগাপন্নেষ্ মৈত্রীং ভাবয়েৎ, তুঃখিতের করুণাং, পুণ্যাত্মকেষু মুদিতাং, অপুণ্যাত্মকেষু উপেক্ষাম্। এবমস্য ভাবয়ভঃ শুক্রো ধর্ম উপজায়তে, ততশ্চ চিত্তঃ প্রসীদতি, প্রসমমকাগ্রং স্থিতিপদং লভতে॥ ৩০॥

অমুবাদ। শাস্ত্র দারা চিত্তের পরিশুদ্ধি বিহিত হইয়াছে, উহা কিরূপ ? অর্থাৎ চিত্তভদ্ধির কারণ কি ? স্বরূপ কি ? এবং ফলই বা কি ? এইরূপ জিজ্ঞাদায় বলা হইতেছে, জগতের সমস্ত স্থুখী লোকের প্রতি সৌহার্দ অর্থাৎ প্রেম করিবে (ইহাতে চিত্তের ঈর্ষামল দূর হয়), ছঃথিগণের প্রতি দয়া করিবে অর্থাৎ যেমন নিজের হুঃখ দূর করিতে সর্ব্বদা চেষ্টা হয়, তদ্রপ অক্ত প্রাণীর হুঃখ দূর করিতে ষত্ন করিবে (ইহাতে পরাপকাররূপ চিত্তমল বিনষ্ট হয় ), ধার্ম্মিক লোক দেখিয়া সম্ভষ্ট হইবে (ইহাতে গ্রেণে দোষারোপ নামক অস্থ্যা নিবৃত্তি হয় ), অধান্মিক লোকের প্রতি উদাসীন থাকিবে, অর্থাৎ সর্বতোভাবে তাঁহা-দের সঙ্গ পরিত্যাগ করিবে (ইহাতে ক্রোধরূপ চিত্তমল বিনষ্ট হয়)। এইরূপে পুনঃপুনঃ অফুশীলন করিলে চিত্তে শুক্লধর্ম অর্থাৎ রাজ্য তাম্য বুন্তি তিরোহিত হইয়া সাত্মিক বৃত্তি উদয় হইতে থাকে, তথন চিত্ত প্রসন্ন হইয়া স্থান্থির হয়, পূর্ব্বের ন্যায় আর তড়িৎবেগে বিষয় দেশে গমন করে না॥ ৩৩॥

মস্তব্য। শাস্ত্রের এই উপদেশটী ধার্মিকের জপমালা করা উচিত। পুত্র, ত্রাতা প্রভৃতি আত্মীয়গণকে স্কখভোগ করিতে দেখিলে সকলেই আনন্দিত হইয়া থাকেন, কারণ উহাদিগকে সকলেই প্রাণের অধিক ভাল বাসেন। ঐ ভালবাসাটুকু জগতের সমস্ত স্থ্যীর প্রতি অর্পিত হইলে কেমন আনন্দের কারণ হয় ? যেদিকে দৃষ্টিপাত করা যায় সকলকেই স্থপ্সচ্ছন্ধে দেখিয়া অপার আনন্দ সম্ভোগ হয়। "অমুক রাজ্য পাইল" "অমুকের ঐশ্বর্য্য বৃদ্ধি হইল" ভাবিয়া ভাবিয়া অন্তর্দগ্ধ হইতে হয় না। বিনা পরিশ্রমে স্বর্গভোগ, প্রাণপণ করিয়া অর্থোপার্জনে লোকে স্থা হউক, কেবল তাঁহাদিগকে দেথিয়াই ধার্মিকের আনন্দ, ইহা অপেক্ষা স্থথের স্থগম উপায় আর কি হইতে পারে ?

নিজের কণ্ট হইলে তাহা দূর করিতে কাহারও উপদেশের অপেকা থাকে না, ভবিষ্যতে কট্ট হইবে বলিয়া পূর্ব্বেই প্রতীকারের চেটা হয়। ঐ ভাবটী অপরের প্রতি হইলে জগতের অনেক হঃথ মোচন হইবার সম্ভব। প্রকৃত ধার্ম্মিকগণ পরের ত্রঃথ দেখিয়া আপনা হইতেই প্রতীকারের চেষ্টা করেন।

অধার্শ্মিকের সঙ্গ ত্যাগ করিতে বলা হইয়াছে ইহাতে আশন্ধা হইতে পার্থে, "তাহাদের উদ্ধারের উপায় কি ? উপায় আছে, নিজে সমাক্ সিদ্ধ হইয়া পরের প্রতি উপদেশ দিবে, অপক অবস্থার উপদেশ দিতে গিরা নিজেরই অধােগতির সম্ভাবনা। লোকসংগ্রহ নিমিত্ত জীবন্মুক্ত যোগিগণও উপদেশ দিবেন এরপও বিধান আছে। ফল কথা নিজে যতদিন স্থানররূপে চিত্তগুদ্ধি লাভ করিতে না পারে ততদিন অধার্মিকের সঙ্গ পরিত্যাগ করাই কর্ত্তব্য॥ ৩৩॥

### সূত্র। প্রচ্ছর্দনবিধারণাভ্যাং বা প্রাণস্থ ॥ ৩৪ ॥

ব্যাখ্যা। প্রাণস্থ (আধ্যাত্মিকবামো:) প্রচ্চর্দনবিধারণাভ্যাং (নাসাপুটেন বহির্নি:সারণেন, ধারণেন চ) বা (অপি, ঘনসঃ স্থৈর্য্যং সম্পাদয়েদিতি)॥ ৩৪॥

তাৎপর্য্য। নাসারন্ধু দারা অস্তরের বায়ু নিঃসারণ ও বিধারণ অর্থাৎ প্রাণায়াম দারা চিত্তস্থৈয় সম্পাদন করিবে॥ ৩৪॥

ভাষ্য। কৌষ্ঠ্যস্থ বায়োর্নাসিকাপুটাভ্যাং প্রযত্নবিশেষাৎ বমনং প্রচছর্দ্দনম্, বিধারণং প্রাণায়ামঃ, তাভ্যাং বা মনসঃ স্থিতিং সম্পাদয়েৎ॥ ৩৪॥

অন্ন্রাদ। যোগশাস্ত্রবিহিত প্রয়ত্ত্বসহকারে নাসিকাদ্বরের অন্ততর দারা উদরস্থিত বায়ুকে বাহিরে অবস্থাপন করাকে প্রচ্ছর্দন বলে, প্রাণবায়ুর গতি-রোধকে বিধারণ বলে। এই উভয় উপায় দারা চিত্তের স্থিরতা সম্পাদন করিবে॥ ৩৪॥

মন্তব্য। জপ, পূজা ও সন্ধ্যা প্রভৃতি সর্ব্বত্বই প্রাণায়ামের বিধান আছে।
বাম নাসিকা দ্বারা বাহিরের বায়ুকে অন্তরে প্রবেশ করাইয়া অন্তরেই স্থির
রাথাকে পূরক বলে। অন্তরের বায়ুকে দক্ষিণ নাসিকা দ্বারা বাহির করিয়া
বাহিরেই স্থির রাথার নাম রেচক। যাহাতে অন্তরের বায়ু বাহিরে অথবা
বাহিরের বায়ু অন্তরে প্রবেশ করিতে না পারে এ ভাবে প্রাণবায়ুকে সঙ্গোচ
করাকে কুন্তক বলে। এই রেচক, পূরক ও কুন্তককেই প্রাণায়াম বলে,
প্রাণায়াম শন্দের অর্থ প্রাণের আয়াম অর্থাৎ বায়ুকে সঙ্গোচ করা, যাহতে
ক্রিয়া না হয় এরূপ করা। সচরাচর চারি বায় মন্ত্র জপ করিয়া পূরক, বোলক্রের কুন্তক ও আট বার রেচক এইরূপে অনুষ্ঠান হইয়া থাকে, ওরূপ সংখ্যা
ক্রেম একটা অনুপাত মাত্র, অর্থাৎ পূরকের চতুর্ত্তণ কুন্তক ও দিগুণ রেচক,
বেমন বোল বারে পূরক, চৌষ্টি বারে কুন্তক, এবং বিজিশ বারে রেচক,

এইরপে জানিবে। অভ্যন্ত হইলে ক্রমশঃ ঐ সংখ্যা বৃদ্ধি করিতে হয়। প্রাণায়ামই চিন্তব্রৈর্যের কারণ, কেবল স্বহন্তে নাসিকা মর্দ্দন অথবা বায়ুকে প্রবেশ করান অথবা বাহির করানকে প্রাণায়াম বলে না। বায়ুকে স্থির রাথাই প্রাণায়াম ইহার প্রতি লক্ষ্য রাথা আবশ্রুক।

উত্তর স্থত্তের "মনসং স্থিতিনিবন্ধনী" এই স্থান হইতে স্থিতিপদের অন্তর্মণ্ডি করিয়া "স্থিতিং সম্পাদয়েৎ" এইরপে, ভাষ্মে ব্যথ্যা করা হইয়াছে। স্থত্তের বাশন্দ পূর্ব্বোক্ত মৈত্রী প্রভৃতি উপায় অপেক্ষা করিয়া বিকল্লার্থক 'নহে, কিন্তু বক্ষ্যমাণ উপায় অপেক্ষা করিয়া বিকল্লার্থ। মৈত্রী প্রভৃতির সহিত প্রাণায়ামা-দিশ্র সমুচ্চয় জানিবে, অর্থাৎ সর্ব্বত্রই মৈত্রাদি আবশ্যক।

রেচকের পরে পূরক ব্যতিরেকে কুম্বক হইতে পারে না, স্থতরাং পূরকেরও গ্রহণ করিতে হইবে, এইরূপ কেহ কেহ বলেন॥ ৩৪॥

# সূত্র। বিষয়বতী বা প্রবৃত্তিরুৎপন্না মনসঃ স্থিতি-নিবন্ধনী॥৩৫॥

ব্যাখ্যা। বিষয়বতী (বিষয়াঃ শব্দাদয়ো ভোগ্যান্তে বিশ্বন্তে ফলত্বেন যতাঃ সা) প্রবৃত্তিঃ (প্রকৃষ্টা বৃত্তিঃ সাক্ষাৎকাররূপা) বা ( অপি ) মনসঃ স্থিতিনিবন্ধনী (চিত্তত্ত স্থৈর্ঘ্যসম্পাদিকা, মনসঃ ইত্যত্ত প্রবৃত্তিরিত্যতাপি সম্বন্ধঃ )॥ ৩৫॥

তাৎপর্য্য। তত্তৎ ইন্দ্রিয়ন্থানে ধারণা করিলে অলোকিক গন্ধাদির সাক্ষাৎ-কার হয়, এইরূপ হইলে শাস্ত্রে বিশ্বাস হয় স্কুতরাং চিত্তও স্থির হয়॥ ৩৫॥

ভাষ্য। নাসিকাগ্রে ধারয়তোহস্ত বা দিব্যগন্ধসংবিৎ সা গন্ধ-প্রবৃত্তিঃ, জিহ্বাগ্রে দিব্যরসসংবিৎ, তালুনি রূপসংবিৎ, জিহ্বামধ্যে স্পর্শসংবিৎ, জিহ্বাম্লে শব্দসংবিৎ, ইত্যেতাঃ প্রবৃত্তয়ঃ উৎপন্নাশ্চিত্তং স্থিতে নিবপ্নন্তি, সংশয়ং বিধমন্তি, সমাধি প্রজ্ঞায়াঞ্চ দারী ভবস্তীতি। এতেন চন্দ্রাদিত্যগ্রহমণিপ্রদীপরত্নাদির প্রবৃত্তিরুৎপন্না বিষয়বত্যেব বেদিতব্যা। যন্ত্রপি হি তত্তছান্ত্রামুমানাচার্য্যোপদেশৈরবগতমর্থতক্তঃ বৃদ্ধতান্ব ভবতি এতেবাং যথাভূতার্থপ্রতিপাদনসামর্থ্যাৎ তথাপি যাবদেকদেশোহপি কশ্চিম স্বকরণসংবেগ্রো ভবতি তাবৎ সর্ববং

পরোক্ষমিব অপবর্গাদিরু সৃক্ষেম্বর্থেরু ন দৃঢ়াং বুদ্ধিমুৎপাদয়তি।
তক্ষাচ্ছান্ত্রান্ত্রমানাচার্য্যোপদেশোপাদ্বলনার্থমেবাবশ্যং কশ্চিদ্বিশেষঃ
প্রভ্যক্ষীকর্ত্তব্যঃ। তত্র ততুপদিফার্থৈকদেশপ্রত্যক্ষত্বে সতি সর্ববং
স্বস্ক্রমবিষয়মপি আ অপবর্গাৎ স্থান্ধীয়তে এতদর্থমেব ইদং চিত্তপরিকর্মানির্দিশ্যতে। অনিয়তাস্থ রতিষ্ তদ্বিয়য়য়াং বশীকারসংজ্ঞায়ামুপ্রভাতায়াং সমর্থং স্থাৎ ও্স্তত্সার্থস্থ প্রত্যক্ষীকরণায়েতি,
তথাচ সতি শ্রদ্ধাবীর্যাস্থাতিসমাধয়োহস্যাপ্রতিবদ্ধেন ভবিষ্যন্তীতি॥৩৫॥

অমুবাদ। যোগিগণ নাসিকার অগ্রে চিত্তের ধারণা করিয়া অলোকিক গন্ধ সাক্ষাৎকার করেন, ইহাকে গন্ধ প্রবৃত্তি বলে, ঐব্লপে জিহ্বার অগ্রে অলৌকিক রসজ্ঞান, তালুতে রূপজ্ঞান, জিহ্বামধ্যে স্পর্শজ্ঞান ও জিহ্বামূলে শব্দজ্ঞান হইয়া থাকে। দিব্য গন্ধাদিবিষয়ে এই সমস্ত প্রবৃত্তি উৎপন্ন হইয়া চিত্তকে স্থির ও সংশয়কে ( শাস্ত্রাদির উপদিষ্ট পদার্থবিষয়ে ) বিদূরিত করিয়া সমাধির উৎপত্তির উপায় হয়। এইরূপে চক্র, স্থ্য, গ্রহ, মণি, প্রদীপ ও রত্ব প্রভৃতি বস্তুতে (জ্যোতির্ম্ম পদার্থে) বিষয়বতী প্রবৃতি বুঝিতে হইবে। যদি চ শাস্ত্র, অতুমান ও আচার্য্যোপদেশ হইতে অবগত পদার্থ সমুদায় যথার্থ ই হইয়া থাকে, কারণ ইহারা যথার্থ বস্তুরই প্রতিপাদন করে, তথাপি যেকাল পর্য্যন্ত শাস্ত্রাদির উপদিষ্ট পদার্থ সমুদায় মধ্যে কোনও একটা ইন্দ্রিয় ছারা বিদিত না হয়, ততকাল মুক্তিপর্য্যন্ত সমস্ত ফল্ল পদার্থে শাস্ত্রাদি পরোক্ষভাবে থাকিয়া দৃঢ় জ্ঞান জন্মাইতে পারে না। অতএব শাস্ত্রাদি প্রতিপাদিত বিষয় সমুদায়ে সংশয় দুর করিবার নিমিত্ত অবগুই কোনও একটা বিশেষ প্রত্যক করা কর্ত্তব্য। উপদিষ্ট পদার্থ সমুদায়ের মধ্যে কোনও একটা প্রতক্ষ হইলে অপবর্গ পর্যান্ত সমস্ত স্কল্প বিষয়েই বিশ্বাস জন্মে, এই নিমিত্তই উল্লিখিত বিষয়বতীরূপ চিত্তপরিকর্ম্ম ( চিত্তের সংশয়চ্ছেদ ) নির্দ্দিষ্ট হইয়াছে। অব্যবস্থিত চিত্তবৃত্তি সমুদায়ের মধ্যে তত্তৎ গন্ধাদির সাক্ষাৎকার হইলে তত্তবিষয়ে বশীকার ্ সঞ্জা অর্থাৎ দৃঢ় বৈরাগ্য জন্মিলে পুরুষ প্রভৃতি ক্তন্ম বিষয় প্রত্যক্ষ করিতে সমর্থ হয়, অর্থাৎ শান্ত্রোপদিষ্ট পুরুষ প্রভৃতি পদার্থে বিশ্বাস ও উপভোগ্য শব্দাদি বিষয়ে দৃঢ় বৈরাগ্য জন্মিলে আর বিক্ষেপের কারণ থাকে না, স্থতরাং

অবাথে সমাধি হইতে পারে। এইরূপ হইলে যোগীর শ্রদ্ধা, বীর্ঘা, স্মৃতি ও সমাধির কোনই প্রতিবন্ধক থাকে না॥ ৩৫॥

। মন্তব্য। শব্দাদি বিষয় সকল দিব্য ও অদিব্যভেদে ছুই প্রকার, ষে বিষয়ে সচরাচর লোকের জ্ঞান হয় উহাই অদিব্য অর্থাৎ লোকিক, ইহা ভিন্ন একরূপ দিব্য অর্থাৎ অলোকিক বিষয় আছে, যোগিগণ উহা অমুভব করেন।

ভাষ্যে "ধারয়তঃ" পদের দারা কেবদ ধারণারই উল্লেখ আছে, কিন্তু ধারণা, ধ্যান ও সমাধি এই ত্রিতয়রূপ সংযম বুঝিতে হইবে, কারণ সংযমই বিষয় সাক্ষাৎকারের কারণ।

"সংশয়াত্মা বিনশুতি" যাহার সর্ব্বেই সংশয় তাঁহার জীবন কেবল কষ্টকর মাত্র। নিজের প্রত্যক্ষ না হইলে কেবল পরের উপদেশেই সংশয় ছেদ হয় না। যোগীই হউন আর ভোগীই হউন স্বার্থকামনায় সকলেই সচেষ্ট। এইরূপ উপায় অবলম্বন করিলে স্বার্থসিদ্ধি হইবে এই ভাবে দৃঢ় নিশ্চয় না জন্মিদে উপায় অমুষ্ঠানে প্রযত্ন হয় না, তাই উপদিষ্ট বস্তুর একদেশে প্রত্যক্ষ করিবার বিধান আছে, উপদিষ্ট বস্তুর একদেশে প্রত্যক্ষ হইলে আর সংশয় থাকে না, তথন পূর্ণ উৎসাহে নিজেই অগ্রসর হয়॥ ৩৫॥

# সূত্র। বিশোকা বা জ্যোতিপ্পতী॥ ৩৬॥

ব্যাখ্যা। বিশোকা (বিগতঃ শোকো যখ্যাঃ সা) জ্যোতিশ্বতী (জ্যোতিঃ প্রকাশো বিশ্বতে যখ্যাঃ সা) বা (চ, সমুচ্চয়ে, হঃখর্হিতা প্রকাশময়ী প্রবৃত্তিঃ মনুঃ হৈছব্যাং সম্পাদয়েৎ)॥ ৩৬॥

 তাৎপর্যা। ছৎপদ্মাধ্যে প্রকাশশীল চিত্তসত্ব বিষয়ে ধারণা করিলে শোক-রহিত জ্যোতির্মায়ী প্রবৃত্তি উৎপদ্ম হয়, উহাতেও চিত্তের হৈয়্য সম্পাদন
হয়॥ ৩৬॥

ভাষ্য। প্রবৃত্তিরুৎপন্না মনসঃ স্থিতিনিবন্ধনীত্যসুবর্ত্তে। হৃদয়পুগুরীকে ধারয়তো যা বৃদ্ধিসংবিৎ, বৃদ্ধিসত্বং হি ভাস্বরমাকাশকয়ঃ,
তত্র স্থিতিবৈশারভাৎ প্রবৃত্তিঃ সূর্য্যেন্দুগ্রহমণিপ্রভারপাকারেণ
বিকল্পতে, তথাহস্মিতায়াং সমাপন্নং চিত্তং নিস্তরঙ্গমহোদধিকল্পঃ

শাস্তমনস্তমশ্মিতামাত্রং ভবতি, যত্রেদমুক্তম্ "তমণুমাত্রমাত্মানমনু-বিভাহস্মাত্যেবং তাবৎ সম্প্রজানীতে" ইতি। এষা দ্বয়ী বিশোকা-বিষয়বতী অস্মিতামাত্রা চ প্রবৃত্তির্জ্যোতিম্মতীত্যুচ্যতে, য্য়া যোগিন-শ্চিত্তং স্থিতিপদং লভতে ইতি॥ ৩৬॥

অমুবাদ। পূর্ব্ব হত তেওঁ "প্রবৃত্তিরুংপন্না মনসঃ স্থিতিনিবন্ধনী" এই অংশটুকুর ক্ষধিকার হইরাছে। হংপদ্মে ধারণা করিলে বৃদ্ধির সাক্ষাংকার হয়। বৃদ্ধিসত্ব (বৃদ্ধি আকারে পরিণত সত্বগুণ, বৃদ্ধি সামান্ততঃ ত্রিগুণাত্মক হইলেও প্রধানতঃ স্বত্বপ্রধান) ভাস্বর অর্থাৎ প্রকাশস্বভাব, আকাশের ন্তায় ব্যাপক্ষু, (প্রদীপের প্রভার ন্তায় ইহার সঙ্কোচ বিকাশ হইয়া থাকে) এই বৃদ্ধিসত্বে ধারণা কৌশল জন্মিলে স্বর্যা, চক্রু, গ্রহ, মণি প্রভৃতি জ্যোতির্দ্মর পদার্থের প্রভারতে নানাবিধ চিত্তবৃত্তি জন্মে। এইরূপে অহঙ্কারতত্বে ধারণা করিলে চিত্ত প্রশাস্ত কল্লোল মহাসমুদ্রের ন্তায় শাস্ত অর্থাৎ রক্ষঃ তমোগুণ বিরহিত হইয়া কেবল অন্মিতারূপে পরিণত হয়। এ বিষয়ে ভগবান্ পঞ্চশিখাচার্য্য বিলয়াছেন "সেই অণুমাত্র অর্থাৎ ছরধিগম আত্মতত্বকে চিন্তা করিয়া অন্মি (অহং) এইরূপে আত্মসাক্ষাৎকার করিয়া থাকেন"। বিষয়বতী অর্থাৎ স্ব্যাদি নানা জ্যোতির্দ্ময়ী ও অন্মিতামাত্র এই দ্বিবিধ বিশোকা প্রবৃত্তি কথিত হইল, এই প্রবৃত্তি দ্বারা যোগিগণের চিত্ত স্থির হয়॥ ৩৬॥

মন্তব্য। উদর ও বক্ষঃস্থলের মধ্যে অধােমুখ যে অষ্টদল পদ্ম আছে রেচক প্রাণারাম দারা উহাকে উর্দ্ধম্থ করিয়া উহাতে চিত্তের ধারণা করিবে। ঐ পদ্মধ্যে স্থ্যমণ্ডল অকার জাগরিতস্থান, তহপরি চক্রমণ্ডল উকার স্বপ্রস্থান, তহপরি বহ্দমণ্ডল মকার স্ব্রপ্রিস্থান, তহপরি পরব্যােমাত্মক ব্রহ্মনাদ ত্রীয়-স্থান (চতুর্থ) অর্দ্ধমাত্র, ইহা ব্রহ্মবাদী যােগিগণ বলিয়া থাকেন। এই পদ্মের কর্ণিকাতে উর্দ্ধম্থী স্থাাদিমণ্ডলের মধ্যগত ব্রহ্মনাড়ী, তাহারও উপরে স্বর্মানামে নাড়ী আছে, এই নাড়ী দারা বাহিরের স্থাাদিমণ্ডলও সম্বন্ধ আছে, ক্রিটাই চিত্তস্থান, উহাতে ধারণা করিলে বৃদ্ধির জ্ঞান হয়।

আন্তর্গানিক হিন্দু মাত্রেই পূজার অঙ্গ ভৃতগুদ্ধির বিবরণ অবগত আছেন। মূলাধারস্থিত কুলকুগুলিনী শক্তির সহিত জীবাত্মাকে ষ্ট্চক্রভেদ করিয়া সহস্রদল পদ্মে পরম শিবের সহিত সংযুক্ত করার নাম ভূতশুদ্ধি। মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা এই ষ্ট্চক্র। ভূতশুদ্ধিতে "হংসঃ ইতি মন্ত্রেণ জীবাস্থানং প্রদীপকলিকাকারং" ইত্যাদি একটা বৃহৎ মন্ত্র পঠিত হইয়া থাকে, কিন্তু উহার মর্মবোধ অনেকেরই হয় না। লক্ষ্য স্থির না করিয়া দিশাহারা হইয়া ভ্রমণ করিলে কখনই গস্তব্য স্থানে পৌছা যায় না, অম্প্রচানের মর্ম্ম অবগত হইয়া কার্য্য করা সকলেরই কর্ত্তব্য। এই স্থত্তের প্রকৃত অর্থ অবগত হইয়া কার্য্য করা সকলেরই কর্ত্তব্য। এই স্থত্তের প্রকৃত অর্থ অবগত হইয়া কার্য্য করা সকলেরই কর্ত্তব্য। এই স্থত্তের প্রকৃত অর্থ অবগত হইয়া কার্য্য করা আবশুক। সংক্ষেপতঃ জীবাস্থার উপাধি স্ক্র্ম শরীরকেই কুলকুগুলিনী বলে। স্ব স্ব কারণে কার্য্যের লয়রপ অপবাদকেই ষ্ট্চক্রভেল বলে, জীব ও ব্রন্ধের ঐক্যই পরম শিবে সংযোগ ইত্যাদি সমস্ত রহস্ত অবগত হইয়া অমুষ্ঠান করিলেই ফললাভের বিশেষ সম্ভাবনা। সমস্ত শাস্ত্রই একস্থ্রে বাঁধা, বেথানে দেখিবে. সেইথানে আযুক্তান, জীব ব্রদ্ধের অভেদ ইত্যাদি আছে॥ ৩৬॥

## সূত্র। বীতরাগবিষয়ং বা চিত্তম্॥ ৩৭॥

ব্যাথ্যা। বীতরাগবিষয়ং <sup>4</sup> বীতঃ অপগতঃ রাগো বিষয়াভিলাষো বেষাং তে বিষয়া যস্ত তৎ ) বা চিত্তং ( অণি চিত্তং স্থিরং ভবতীতার্থঃ ) ॥ ৩৭ ॥

ভাষ্য। বীতরাগচিত্তালম্বনোপরক্তং বা যোগিনশ্চিত্তং স্থিতিপদং লভতে ॥ ৩৭ ॥

অস্থবাদ। বিষয়বিরক্ত সনক প্রভৃতির চিত্তকে আশ্রয় করিয়া তদাকারে আকারিত যোগীর চিত্ত সমাহিত হয়, অর্থাৎ বিরক্তের চিত্ত দৃষ্টাস্ত করিয়া নিব্বেও বিষয় বিরক্ত হইতে ইচ্ছুক হয়॥ ৩৭॥

মন্তব্য। উপরোক্ত স্ত্রটী সংসঙ্গের পরাকার্চা প্রদর্শন মাত্র। শত সহস্র উপদেশে যৃত্টুকু ফললাভ না হয়, একটী দৃষ্টান্তে তাহার শতগুণ কার্য্য হইয়া থাকে। শাস্ত্রকারণ ফ্লাধুসঙ্গ ও কাশীবাস তুল্য বলিয়াগিয়াছেন "কাঞ্চাং বাসঃ সতাং সঙ্গঃ গঙ্গান্তঃ শন্তুসেবনস্"॥ ৩৭॥

#### সূত্র। স্বপ্রনিদ্রাজ্ঞানালম্বনম্ বা॥ ৩৮॥

ব্যাথ্যা। স্বপ্ননিদ্রাজ্ঞানালম্বনং (স্বপ্নজ্ঞানং নিদ্রাজ্ঞানং চ আলম্বনং বিষয়ো যক্ত তৎ ) বা (অপি চিত্তং স্থিতিং লভতে ইতি )॥ ৩৮॥

 $rac{1}{2}$  তাৎপর্য্য। স্বপ্নে দেবতামূর্ত্তিবিশেষ অথবা সাম্বিকী স্বয়্প্তিবৃত্তিকে অবলম্বন করিয়াও যোগীর চিত্ত স্থির হয় ॥ ৩৮ ॥

ভাষ্য'। স্বপ্নজ্ঞানালম্বনং নিদ্রাজ্ঞানালম্বনং বা তদাকারং যোগিন-শ্চিত্তং স্থিতিপদং লভতে ইতি ॥ ৩৮ ॥

অমুবাদ। স্বপ্ন অথবা সাত্মিক নিদ্রাবৃত্তি অবলম্বন করিয়া তদাকাঁরে আকারিত যোগীর চিত্ত স্থিতিলাভ করিয়া থাকে॥ ৩৮॥

মন্তব্য। জাগ্রৎ, স্বপ্ন ও সুষ্থি (নিজা) এই তিনটী চিত্তের অবস্থা।
যে সময় বহিরিন্দ্রিয় জন্ম চিত্তের বৃত্তি হয় তাহাকে জাগ্রৎ বলে, কেবল
মনোর্জন্ম বৃত্তিকে স্বপ্ন বলে। সুষ্থি হই প্রকার অর্দ্ধ ও সমগ্র, সম্বাদি গুণত্রয়বিষয়ে বৃত্তিকে অর্দ্ধ সুষ্থি ও বৃত্তিমাত্রের বিগম্ভুক সমগ্র সুষ্থি বলে। যদিচ
ভাল্যে সামান্ততঃ স্বপ্ন ও নিজার উল্লেখ আছে, তথাপি স্বপ্ন শব্দে উপাস্থাদেবের
স্বপ্ন ও নিজাশকে সাম্বিক সুষ্থির গ্রহণ করিতে হইবে॥ ৩৮॥

#### সূত্র। যথাভিমতধ্যানাৎ বা॥ ৩৯॥ 🗇

ব্যাখ্যা। খথাভিমতধ্যানাৎ (যথাভিলায়ং চিস্তনাৎ), বা (অপি চিন্তং । স্থিতিং লভতে )॥ ৩৯॥

তাৎপর্য্য। অভীষ্ঠ যে কোনও বিষয়ের ধ্যান করিলেও চিত্ত স্থির হয় ॥৩৯॥১

ভাষ্য। যদেবাভিমতং তদেব ধ্যায়েৎ, তত্র লব্ধস্থিতিকমন্মত্রাণি স্থিতিপদং লভতে ইতি॥৩৯॥

অমুবাদ। যাহাই কেন অভিমত হউক না অনুক্ষণ তাহারই ধ্যান করিবে, "চিন্ত ঐ বিষয়ে স্থিতিলাভ করিলে অগ্যত্তও স্থির হইতে পারে॥ ৩৯॥

মস্তব্য। কি স্থলর উপদেশ! সঙ্কোচ নাই, অমুদারতার লেশ নাই। শিষ্ট একটীকে ভালবাসে, শাস্ত্রকার বলিলেন উহাকে পরিত্যাগ করিয়া আমার কথা শুন, এরপ উপদেশে সর্বতে ফললাভ হয় না। উচ্চ অধিকারী হইলে সমস্তই সম্ভব হয়, কিন্তু তাদৃশ বাক্তির সংখ্যা বড়ই অল্প। স্থতরাং শিষ্যের চিত্তের গতির দিকে লক্ষ্য রাখিয়া উপদেশ প্রদানই উভ্রম। যে ভাবেই কেন হউক না একবার চিত্ত কোনও বিষয়ে স্থিরতা লাভ করিতে পারিলে সর্ব্বত্রই স্থাস হইয়া যায়। অভিমত বিষয় ত্যাগ করিয়া বিষয়ান্তর চিন্তা করা প্রথমতঃ কতদূর কষ্টকর তাহা প্রেমিক মাত্রেই অবগত আছেন। স্থ্রে যথাভিমত ধ্যানের উপদেশ থাকিলেও উহার মর্ম্ম অক্তরূপ অথাৎ যদি চিত্তের অভিমত কোনও উপাস্থ দেবতা হয়, তবে চিরকাল তাঁহার ধ্যান করায় ক্ষতি নাই, নতুবা বিষয়ান্তর হইলে উহাতে অভ্যাদ করিয়া ক্রমশঃ অভীষ্টপথে অগ্রদর হইতে হয়। ব্যক্তিভেদে অভিমতও ভিন্ন ভিন্ন, ভক্তের অভিমত ভগবান, কামুকের অভিমত কামিনী, বারের অভিমত প্রতিপক্ষ ইত্যাদি॥ ৩৯॥

### সূত্র। প্রমাণুপরমমহত্বান্তোহস্থ বশীকারঃ॥ ৪০॥

ব্যাখ্যা। অশু (প্রাপ্তক্তশ্রদ্ধাত্মপারশোধিতচেতসো যোগিনঃ) পর-মাণুপরমমহত্ত্বান্তঃ ( আপরমাণু আচ পরমমহৎ ) বশীকারঃ (স্বাতন্ত্রাং উপজারতে পরমাণোঃ পরমমহৎপর্যান্তং যৎ কিমপি বিষয়ীকর্ত্রমর্ত্রীতি ফলিতঃ অর্থঃ) ॥৪•॥ । তাৎপর্যা। পূর্ব্বোক্ত উপায় দারা চিত্তগুদ্ধি হইলে দোগিগণ স্ক্ষবিষয়ে প্রমাণু পর্যান্ত ও স্থল বিষয়ে পরম মহৎ প্রুষাদি পর্যান্ত স্বেচ্ছানুসারে সমাধি করিতে পারেন॥ ৪০॥

ভাষ্য। সূক্ষে নিবিশমানস্থ পরমাণুন্তং স্থিতিপদং লভতে ইতি স্থলে নিবিশমানস্থ প্রমমহত্তান্তং স্থিতিপদং চিত্তস্থ। এবং তাং উভয়ীং কোটিমনুধাবতো যোহস্থা প্রতিঘাতঃ স পরো বশীকারঃ, তদ্বশীকারাৎ পরিপূর্ণ: যোগিনশ্চিত্তং ন পুনরভ্যাসকৃতং পরিকর্ম্মা পেক্ষতে ইতি ॥ ৪০ ॥

অমুবাদ। স্ক্রবিষয়ে সমাধি অভ্যাস করিতে করিতে বোগীর চিত্ত পরমা<u>র</u> পর্যান্ত অবলম্বন করিয়া স্থির হইতে পারে। স্থল বিষয়ে অভ্যাস করিয়া পরম মহৎ অর্থাৎ প্রকৃতি পুরুষাদি পর্যান্তও গ্রহণ করিয়া চিত্ত স্থির হয়। এই ভাবে

শৃশ্ম ও স্থূল উভয়বিধ সমাধি অভ্যাস করিতে করিতে চিত্তের স্বচ্ছন বিহার অর্থাৎ ইচ্ছামত বে কোনও বিষয় অবলম্বন করিয়াই স্থিরতা জন্মে, ইহাকে পরবলীকার বলে, ইহা দারা পরিপূর্ণ যোগীর চিত্ত আর পরিকর্মের (শুদ্ধির) অপেক্ষা করে না॥ ৪০॥

মন্তব্য । অমুষ্ঠান করিতে গিয়া অশক্ত হওয়াকে প্রতিঘাত বলে, অভ্যাস দৃঢ়তর হইলে আর একপ ঘটে না। খাসপ্রখাসের ভায় সমাধি স্বাভাবিক হইলে আর কষ্টকর হয় না। যতক্ষণ প্রয্যস্ত স্বাভাবিকরূপে না হয় ততকাল বিশেষ প্রণিধান পূর্বক অমুষ্ঠান করা উচিত। স্থশিক্ষিত গায়ক যেমন সপ্তস্বর তিন গ্রামের যে কোনও ভাগ অনায়াসে আদায় করিতে পারে, তক্রপ ইচ্ছাম্মত যে কোনও বিষয়ে সমাধি হির হইলে তাহাকে বশীকার বলে। চিরকাল অভ্যস্ত কোনও একটা বিষয়ে সমাধি হওয়া ততদূর কষ্টকর নহে। কিন্তু অনভ্যস্ত যে কোনও বিষয়ে ইচ্ছামত সমাধিদিদ্ধি হওয়া বিশেষ আয়াসসাধ্য। চিত্তকে সম্পূর্ণ বশীভূত করিয়া সাধারণ যন্ত্রের ভায় উহা দ্বারা কার্য্য করিতে পারিলেই সেরপ সম্ভব হয়া ৪০॥

ভাষ্য। অথ লক্ষন্থিতিকস্থ চেতসঃ কিংস্বরূপা কিংবিষয়া বা সমাপত্তিরিতি ? ততুচ্যতে।

সূত্র। ক্ষীণর্ত্তরভিজাতন্তের মণেগৃঁহীতৃগ্রহণগ্রাহেযু
তৎস্থতদঞ্জনতা সমাপত্তিঃ ॥ ৪১ ॥

বাাধ্যা। ক্ষীণবৃত্তেঃ (ক্ষীণা অপগতাঃ বৃত্তয়ো বিষয়াস্তরজ্ঞানানি যশু তাদৃশস্থ চিত্তশ্ৰু), অভিজাতশু মণেরিব (নির্মাণফটিকশ্রেব), গৃহীত্গ্রহণ-গ্রাহেষু (আম্মেক্রিয়বিষয়েষু), তৎস্থতদঞ্জনতা (তত্র স্থিতশ্র তদাকারতা), সমাপত্তিঃ (সম্প্রজাতঃ সমাধিরিত্যর্থঃ) ॥ ৪১ ॥

তাৎপর্য্য। জপাকুস্থমাদির সন্নিধানে নির্দ্মল ক্ষটিকাদির যেমন তদাকার হুয়, চিত্তেরও তদ্রুপ বিষয়াস্তর জ্ঞান রহিত হইয়া পুরুষ, ইক্রিয় ও বিষয়াকার ধারণকে সমাধি বলে ॥ ৪১ ॥

ভাষ্য। ক্ষীণবৃত্তেরিভি প্রত্যস্তমিতপ্রত্যয়স্থেত্যর্থ:। অভিন্ধাত-

স্থেব মণেরিতি দৃষ্টাস্তোপাদানম্। যথা স্ফটিক উপাশ্রয়ভেদাৎ তত্তজ্ঞপোপরক্ত উপাশ্রয়রূপাকারেণ নির্ভাসতে, তথা গ্রাহ্যালম্বনোপ-রক্তং চিত্তং গ্রাহ্মদমাপন্নং গ্রাহ্মস্বরূপাকারেণ নির্ভাসতে, ভূতসূক্ষ্মোপ-রক্তং ভূতসূক্ষসমাপন্নং ভূতসূক্ষসররপাভাসং ভবতি, তথা সূলালম্ব-নোপরক্তং সুলরূপসমাপরং সুলরূপাভাদং ভবতি, তথা বিশভেদোপ-রক্তং বিশ্বভেদসমাপন্নং বিশ্বরূপাভাসং ভবতি। তথা গ্রহণেম্বপি रेक्ति (युष्पि जुके गुम्, গ্রহণালম্বনোপরক্তং গ্রহণসমাপরং গ্রহণ-স্ক্রপাকারেণ নির্ভাদতে। তথা গৃহীতৃপুরুষালম্বনোপরক্তং গৃহীতৃ-পুরুষসমাপন্নং গৃহীতৃপুরুষস্বরূপাকারেণ নির্ভাসতে। তথা মুক্তপুরুষা-লম্বনোপরক্তং মুক্তপুরুষসমাপন্নং মুক্তপুরুষস্বরূপাকারেণ নির্ভাসতে। তদেবং অভিজাতমণিকল্পন্স চেতসে৷ গৃহীতৃগ্রহণগ্রাহেষু পুরুষেন্দ্রিয়-ভূতেষু যা তৎস্থতদঞ্জনতা তেষু স্থিতস্থ তদাকারাপত্তিঃ সা সমাপত্তি-রিত্যাচ্যতে ॥ ৪১ ॥

অমুবাদ। অনস্তর চিত্তের স্থৈর্ঘ্যসম্পন্ন হইলে কিরূপে কোন্ কোন্ বিষয়ে সমাধি হয় তাহা বলা যাইতেছে। ক্ষীণরুত্তি শব্দ দারা চিত্তের ধ্যেয় ভিন্ন বিষয়ান্তর হইতে বৃত্তির নিরাদ উক্ত হইয়াছে। অভিজাত মণি অর্থাৎ শুদ্ধ ক্ষটি-কাদি এটা দৃষ্টান্ত প্রদর্শন, নর্থাৎ যেমন স্বচ্ছ ক্ষটিক জপ্যকুস্থম প্রভৃতি উপাধির সন্নিধানে সেই সেই রক্তিমাদি রূপবিশিষ্ট হইয়া তত্তজ্ঞপেই ভাসমান হয় (নিজের রূপে প্রকাশ পায় না), চিত্তও সেইরূপ গ্রাহ্যবিষয়ের ছায়াবিশিষ্ট হইয়া ( স্বকীয় অন্তঃকরণরূপ তিরোধান করিয়া ) গ্রাহৃত্বরূপই যেন প্রাপ্ত হইয়া ভাসমান হয়। ( গ্রাহস্বরূপ স্থূল ও স্ক্ষভেদে হুই প্রকারে দেখান হইতেছে ), চিত্ত ভূতস্ক্ষ অর্থাৎ তন্মাত্রাকে অবলম্বন করিয়া তাহার প্রতিবিদ্ব ধারণ করিয়া নিজরূপ তিরোধান করিয়া ভূতস্ক্ষরূপে ভাসমান হয়, এইভাবে স্থূল বিষয় আগস্বন করিয়া স্থূলরূপে ভাসমান হয়। এইরূপে বিখভেদ অর্থাৎ চেতনাচেতন গবাদি 🐯 ঘটাদিরূপে ভাসমান হয়। ইঞ্জিয় (গ্রহণ) বিষয়েও এইরূপ জানিবে, ইঞ্জিয়কে **আলম্বন করিয়া তজ্ঞপে ভাসমান হয়।** এইরূপে গৃহীতৃ পুরুষকে (জ্ঞাতা

আত্মাকে) আলম্বন করিয়া পুরুষস্বরূপে ( কৃটস্থ চেতনভাবে ) ভাসমান হয়। মুক্ত অর্থাৎ বন্ধবিরহিত পুরুষকে আলম্বন করিয়া মুক্ত পুরুষস্বরূপে ভাসমান হয়। এই ভাবে নির্মাণ ক্ষটিক প্রভৃতি মণির ন্যায় চিত্ত গৃহীত, গ্রহণ ও গ্রাহ্ অর্থাৎ পুৰুষ, ইন্দ্রিয় ও ভূতসমূহে সংযুক্ত হইয়া তত্তৎ রূপ ধারণ করে, ইহাকে সমাপত্তি অর্থাৎ সমাধি বলে॥ ৪১॥

মন্তব্য। স্থ্রে "গৃহীতৃগ্রহণগ্রাহেষু" এইরূপ ক্রমের উল্লেখ হইলেও ভাষ্যে তাহার বাতিক্রম হইয়াছে, প্রথমতঃ গ্রাহ্যবিষয়ে, পরে গ্রহণবিষয়ে পরিশেষে গৃহীতৃ বিষয়ে সমাপত্তি হইয়া থাকে, তাই পাঠক্রমের পরিবর্ত্তন করিয়া অর্থ-ক্রমের গ্রহণ করা হইয়াছে, অর্থাৎ বেভাবে সমাধির সম্ভাবনা তদমুসারেই ব্যাখ্যা করা হইয়াছে।

অমূল্য মানবজীবনের উদ্দেশ্য রক্ষা করিতে ইচ্ছা থাকিলে শাস্ত্রের উপ-দেশামুসারেই কার্য্য করা উচিত, শাস্ত্রে বলিতেছে প্রথমতঃ গ্রাহ্যবিষয়ে সমাধি করিবে, প্রথমতঃ প্রতিমা পূজা ভিন্ন উপায় নাই। রূপা বাগাড়ম্বর করিয়া নিরাকারের আকারে সমাধি করা কেবল বুথা অভিমান প্রদর্শন মাত্র॥ ৪১॥

# সূত্র। তত্র শব্দার্থজ্ঞানবিকল্পৈঃ সঙ্কীর্ণা সবিতর্কা সমাপতিঃ ॥ ৪২ ॥

ব্যাখ্যা। তত্র (তেষু সমাধিষু মধ্যে) সবিতর্কা সমাপত্তিঃ (সবিতর্কসমাধিঃ) শব্দার্থজ্ঞানবিকরেঃ (শব্দঃ বর্ণাত্মকঃ ক্ষোটরূপো বা, অর্থঃ জাতিঃ ক্রিয়া গুণঃ দ্রব্যঞ্চ, জ্ঞানং চিত্তবৃত্তিঃ, তেষাং বিকল্লাঃ অন্যোহস্তার্ম্বন অন্যোহস্তাতেদা-্রাপাঃ তৈঃ ) সঙ্কীর্ণা ( পরস্পরং মিশ্রিতা ভবতীতি শেষঃ ) ॥ ৪২॥

তাৎপর্যা। স্থলবিষয়ে সবিতর্ক ও নির্ব্বিতর্ক এই হুই প্রকার সমাধি হুইয়া থাকে. সবিতর্ক সমাধিতে শব্দ, অর্থ ও জ্ঞান ইহারা পরম্পর সঙ্কীর্ণভাবে ভাস্-মান হয়॥ ৪২॥

ভাষ্য। তদ্যথা গৌরিতি শব্দো গৌরিত্যর্থো গৌরিতি জ্ঞানং ইত্যবিভাগেন বিভক্তানামপি গ্রহণং দুষ্টম্। বিভক্তামানাশ্চাক্তে শব্দধর্ম্মা অন্তে অর্থধর্ম্মা অন্তে বিজ্ঞানধর্ম্মা ইত্যেতেষাং বিভক্তঃ পন্তাঃ। তত্র সমাপরস্থ যোগিনো যো গবাছর্থঃ সমাধিপ্রজ্ঞায়াং সমারতঃ স চেৎ শব্দার্থজ্ঞানবিকল্লামুবিদ্ধ উপাবর্ত্তে সা সঙ্কীর্ণা সমাপত্তিঃ সবিতর্কেত্যুচ্যতে ॥ ৪২ ॥

অমুবাদ। সবিতর্ক সমাধি এইরূপ, গৌঃ এই শব্দের আকারে অর্থ ও জ্ঞান অমুগত হয়, গোঃ এই জ্ঞানের আকারে শর্ক ও অর্থ অমুগত হয়, গোঃ এই অর্থের আকারে শব্দ ও জ্ঞানের সংশ্লেষ হয়, বস্তুতঃ বিভক্ত শব্দ, অর্থ ও জ্ঞানের এই ভাবে মিশ্রণ দেখা গিয়া থাকে। বিভাগ করিলে শব্দের ধর্ম (উদাত্ত অন্তুদান্ত প্রভৃতি ), অর্থের ধর্ম (জড়তা, মূর্ন্তি প্রভৃতি) ও জ্ঞানের ধর্ম (প্রকাশ, মূর্ত্তিরহিততা প্রভৃতি ) পুথক পুথক বলিয়া জানা জায়, অতএব ইহাদের স্বভাব ভিন্ন ভিন্ন রূপ, সঙ্কীর্ণ নহে। সমাহিত চিত্ত যোগীর সমাধি জ্ঞানেতে গো প্রভৃতি পদার্থ ভাসমান হয়, উহাতে যদি শব্দ ও জ্ঞানের অভেদ আরোপ হয় তবে সেই সঙ্কীর্ণ সমাধিকে সবিতর্ক বলা যায়॥ ৪২॥

মন্তব্য। পরস্থত্তে "স্ক্রবিষয়া ব্যাখ্যাতা" এইরূপ উল্লেখ থাকায় এন্থলে স্থলের উল্লেখ না থাকিলেও সবিতর্কা ও নির্ব্বিতর্কা সমাপত্তি স্থল বিষয়ে বলিয়া জানিতে হইবে। কণ্ঠ তালু প্রভৃতি স্থানে উদান বায়ুর আঘাতে শব্দ উৎপন্ন হয়, শ্রবণ ইন্দ্রিয় দারা উহার প্রত্যক্ষ হয়; উদাত্ত, তারতা ও মন্দতা প্রভৃতি উহার ধর্ম্ম। গো ঘটাদি অর্থ চক্ষ্ণঃ ও ত্বক ইন্দ্রিয় দারা প্রত্যক্ষ হয়, রূপ রস গন্ধ প্রভৃতি উহার ধর্ম। বিষয় আকারে অন্তঃকরণের পরিণামকে অথবা পুরুষে উহার প্রতিবিম্বকে জ্ঞান বলে, প্রকাশ মূর্ত্তির অভাব ইত্যাদি উহার ধর্ম্ম, বিচার করিলে ইহা প্রতীত হয়। কিন্তু যদি কেহ জিজ্ঞাসা করে, "গলকম্বলাদিবিশিষ্ট পদার্থ কি ? উত্তর হইবে "গোঃ"। অর্থের বোধ হউক এই অভিপ্রায়ে যদি চ গৌ: শব্দের উল্লেখ হইয়া থাকে, তথাপি উক্ত পদার্থের বাচক শব্দ ও প্রকাশক জ্ঞান ইহারা উভয়েই তুল্যরূপে "গৌঃ" এই আকারে ভাসমান হইয়া উঠে। এইরূপে পরস্পর বিভিন্ন শব্দ, অর্থ ও জ্ঞানের অভেদ প্রতীতিকে বিতর্ক জ্ঞান বলে॥ ৪২॥

ভাষ্য। যদা পুনঃ শব্দসক্ষেতস্মৃতিপরিশুদ্ধো শ্রুতামুমানজ্ঞান-বিকল্পশূসায়াং সমাধিপ্রজ্ঞায়াং স্বরূপমাত্রেণাবস্থিতঃ অর্থঃ তৎস্বরূপা- কারমাত্রহারে অবছিন্ততে সা চ নির্বিতর্ক। সমাপত্তিঃ। তৎ পরং প্রত্যক্ষং, তচ্চ শ্রুতানুমানয়োর্বীঙ্কং, ততঃ শ্রুতানুমানে প্রভবতঃ। নচ শ্রুতানুমানজ্ঞানসম্ভূতং তদ্দর্শনং, তত্মাদসঙ্কীর্ণং প্রমাণান্তরেণ বিযোগিনো নির্বিতর্কসমাধিজং দর্শনমিতি, নির্বিতর্কায়াঃ সমাপত্তে-রস্তাঃ সূত্রেণ লক্ষণং ভোত্যিতে।

সূত্র। স্মৃতিপরিশুদ্ধো স্বর্গপশ্ন্যেবার্থমাত্রনির্ভাসা নির্বি-তর্কা ॥ ৪৩ ॥

ব্যাখ্যা। স্মৃতিপরিশুদ্ধৌ ( শব্দার্থজ্ঞানবিকল্পাপ্যমে ) স্বরূপশৃত্যেব ( স্বকীয়ং জ্ঞানরূপমিব পরিত্যজন্তী ) অর্থমাত্রনির্ভাসা ( বিষয়াকারেণ ভাসমানা ) নির্বিতর্কা ( উক্তসমাপত্তিঃ নির্বিতর্কা বিতর্কবিরহিতা, উচ্যুতে ইত্যর্থঃ ) ॥ ৪৩ ॥

তাৎপর্য। পূর্ব্বোক্ত সঞ্চীর্ণরূপে শব্দার্থসক্ষেত স্থৃতির অপগম হইলে সমাধিজ্ঞান স্থকীয় রূপ পরিত্যাগ করিয়াই যেন ধ্যেয়রূপে ভাসমান হয়, উহাকে নির্বিত্তিক সমাধি বলে ॥ ৪৩ ॥

ভাষ্য। যা শব্দদক্ষতশ্রুতানুমানজ্ঞানবিকল্লশ্বতিপরিশুদ্ধে গ্রাহ্মসরপোপরক্তা প্রজ্ঞা স্থমিব প্রজ্ঞারূপং গ্রহণাত্মকং ত্যক্ত্রা পদার্থমাত্রসররপা গ্রাহ্মসরপোপল্লেব ভবতি সা নির্বিতর্কা সমাপত্তিঃ। তথা চ ব্যাখ্যাতা, তস্থা একবৃদ্ধাপক্রমো হি অর্থাত্মা অণুপ্রচয়-বিশেষাত্মা গবাদির্ঘটাদির্বা লোকঃ। স চ সংস্থানবিশোষো ভূত-সূক্ষ্মাণাং সাধারণো ধর্ম্ম আত্মভূতঃ ফলেন ব্যক্তেনাত্মমিতঃ স্বব্যঞ্জকাঞ্জনঃ প্রাহ্রতি, ধর্মান্তরোদয়ে চ তিরোভবতি, স এষ ধর্ম্মোহরাত্মতে, যোহসাবেকশ্চ মহাংশ্চাণীয়াংশ্চ স্পর্শবাংশ্চ ক্রিয়াধ্মকশ্চানিত্যশ্চ, তেনাবয়বিনা ব্যবহারাঃ ক্রিয়ান্তে। যস্থ পুনরবস্তকঃ স প্রচয়বিশেষঃ সূক্ষাং চ কারণমত্মপলভামবিকল্লস্থ তন্মাবয়রাভাবাৎ অভ্যাত্মপপ্রতিষ্ঠং মিথ্যাজ্ঞানমিতি প্রায়েণ সর্বমেব প্রাপ্তং মিথ্যাজ্ঞানমিতি প্রায়েণ সর্বমেব প্রাপ্তং মিথ্যাজ্ঞানমিতি, তদা চ সম্যগ্র্জানমপি কিং স্থাৎ বিষয়াভাবাৎ, যদ্

যতুপলভ্যতে, তত্তদবয়বিত্বেনান্তাতং, তস্মাদস্ত্যবয়বী যো মহথাদি-ব্যবহারাপন্নঃ সমাপত্তের্নির্বিতর্কায়া বিষয়ো ভবতি ॥ ৪৩ ॥

অমুবাদ। যে সময় শব্দের সঙ্কেত (শক্তি, এইটী গরু ইত্যাদিভাবে শব্দ অর্থ ও জ্ঞানের অভেদ আরোপ) ও স্মরণের (উক্ত সঙ্কেত মনে থাকার) অপগম হইলে শব্দ ও পরার্থানুমানের বিকল্প অর্থাৎ শব্দ, অর্থ ও জ্ঞানের ভেদে অভেদ আরোপ তিরোহিত হয়, তথন সমাধি বৃত্তিতে স্বরূপে (শব্দ ও জ্ঞানের অমিশ্রণভাবে) বর্ত্তমান পদার্থ স্বীয় ক্রপেই ভাসমান হয়, এই অবস্থাকে নির্বিতর্ক সমাধি বলে। ইহাকে পরপ্রত্যক্ষ (শ্রেষ্ঠ সাক্ষাৎকার) বলে, এই বিতর্করহিত প্রতাক্ষটী শ্রুত ও অনুমানের কারণ, উহা হইতেই শ্রুত ও অনুমান উৎপন্ন হয়, অর্থাৎ যোগিগণ সমাধি দ্বারা পদার্থ সকল পরিশুদ্ধ অর্থাৎ শব্দ ও জ্ঞানের অমিশ্রণরূপে পরিজ্ঞাত হইয়া বিকল্প করিয়া উপদেশ দিয়া থাকেন। যোগিগণের নির্বিকন্ন জ্ঞান শ্রুত ও অনুমান জ্ঞানের সহচর নহে, অতএব যোগিগণের নির্ব্বিতর্ক সমাধি হইতে উৎপন্ন জ্ঞান অন্ত প্রমাণের সঙ্কীর্ণ নহে। নির্বিতর্ক সমাধির লক্ষণ স্থত্ত ছারা প্রকাশ করা যাইতেছে। শব্দের সঙ্কেত. শ্রুত অর্থাৎ আগম ও অনুমান ইহাদের জ্ঞানরূপ বিকল্প হইতে উৎপন্ন স্মৃতির অপগম হইলে চিত্তবৃত্তি বিষয়াকার ধারণ করিয়া জ্ঞানাত্মক স্বীয় প্রজ্ঞারূপ পরিত্যাগ করিয়াই যেন কেবল বিষয়াকারে পরিলক্ষিত হয় ইহাকে নির্বিতর্ক সমাধি বলে। শাস্ত্রকারগণ এইরূপেই ব্যাখ্যা করিয়াছেন, নির্ব্বিতর্ক সমাধির বিষয় একত্ব বুদ্ধি উৎপাদন করে, ঐ পদার্থ বস্তু সৎ অর্থাৎ ভাবরূপ, উহা পরমাণু পুঞ্জ ঘারা গঠিত, একটা অপর হইতে বিভিন্ন, উহা চেতনাচেতন ভেদে গবাদি ও ঘটাদিরূপে বিভক্ত, উভরবিধই লোক অর্থাৎ দৃশু, (জ্ঞানের বিষয়) হইয়া থাকে।

সেই সংস্থানবিশেষ অর্থাৎ স্থূল অবয়বী ভূতস্ক্ম সকলের সাধারণ ধর্ম অর্থাৎ প্রত্যেকে পরিসমাপ্ত ( দ্বিত্ব প্রভৃতির স্থায় ব্যাসজ্যরন্তি নহে, যেমন উভন্ন বস্তুর জ্ঞান না হইলে দ্বিত্বের জ্ঞান হয় না, ভূতক্ষ্মের ধর্ম ঘটাদি অবয়বী সেরূপ নহে, উহা প্রত্যেক ভূতস্থক্ষেই আছে, নতুবা সমস্ত অবয়ব দর্শন না হইলে অবয়বীর উপলব্ধি হইত না)। ঐ ধর্ম ভূতহক্ষের আত্মভূত অর্থাৎ অভিন ( অর্থচ কথঞিৎ ভিন্ন, নৈয়ায়িকের জ্ঞার পাতঞ্জলমতে অবয়ব ও অবয়বীর ভেদ

স্বীকার নাই, ইহারা ভেদাভেদ সম্বন্ধ বলেন, "ভৃতস্ক্ষানাং" এই ষষ্ঠী বিভক্তি দারা ভেদ বলা হইয়াছে, "আত্মভূত" শব্দ দারা অভেদ উক্ত হইয়াছে ), "ঘট:" এইরূপ অমুভব ও ব্যবহাররূপ ফলের দারা উক্ত অবয়বী রূপ ধর্মের অমুমান হয় অর্থাৎ পরমাণু পুঞ্জ হইতে অতিরিক্ত অবয়নী স্বীকার না করিলে উল্লিখিত অনুভব ও ব্যবহার ( শব্দ প্রয়োগ ) হইতে প্লারে না। উক্ত ধর্ম স্ববাঞ্জকাঞ্জন অর্থাৎ স্বকীয় কারণের ধর্ম প্রার্থ হইয়া প্রাত্মর্ভুত হয়, এবং অন্ত একটা ধর্মের ( কার্য্যের) উদয় হইলে তিরোহিত হয়, ( মৃৎপিণ্ডের ধর্ম ইষ্টক, উহা চূর্ণ অর্থাৎ স্থুর্কি নামক অন্ত একটা ধর্ম্মের উদন্ন হইলে আর থাকে না), সেই এই ধর্ম্মকে অবয়বী বলে। যে এই এক, মহৎ বা ক্ষুদ্র অর্থাৎ আপেক্ষিক ছোট বড়, স্পর্শ-वान, क्रियाचान, অনিত্য ঘটপটাদি অবয়বী, ইহার দারা সমস্ত ব্যবহার হইয়া থাকে. ( অবয়বীকে অতিরিক্তরূপে স্বীকার না করিলে কেবল পরমাণু পুঞ্জ হইতে উক্ত একত্বাদি বৃদ্ধি হইতে পারে না )। যাহার মতে (বৌদ্ধমতে) দেই প্রচয় বিশেষ অবয়বী নাই, হক্ষ কারণ প্রমাণুরও নির্ব্ধিকল্প প্রত্যক্ষ হয় না, তাহার মতে সমস্ত জ্ঞানই "অতদ্রপপ্রতিষ্ঠং" এই লক্ষণাক্রান্ত মিথ্যা জ্ঞান হইয়া উঠে। এরপ স্থলে সম্যক্ জ্ঞানই ( যথার্থ জ্ঞান, প্রমা ) বা কি হইবে ? কেন না ঐ সম্যক জ্ঞানের বিষয় ( অবয়বী ) থাকে না, যাহা কিছু জানা যায় সমস্তই অবরবী (অবরবী নহে এরূপ পদার্থের প্রত্যক্ষ হয় না), অতএব স্বীকার করিতে श्हेरत महान, এक हेजािन तावहारत्रत विषय व्यवस्वी व्यारह, ঐ व्यवस्वी নির্বিতর্ক সমাধির বিষয় হইয়া থাকে॥ ৪৩॥

মন্তব্য। সকলেই জানেন শব্দ, অর্থ ও জ্ঞান ইহারা এক পদার্থ নহে, কিন্তু এমনই একটা অনাদি নৈস্গিক ভ্রমসংকার রহিয়াছে যে কিছুতেই উহাদের ভেদ উপলব্ধি হয় না, শব্দের উপস্থিতি হইলেই সঙ্গে সঙ্গেন ও অর্থের উপস্থিতি হয়, এইরপে জ্ঞান ও অর্থের উপস্থিতি স্থলেও অপর ছইটীর উপস্থিতি জানিবে। অর্থত্ত্বের যথার্থ স্বরূপ শব্দ বা অন্থমান দ্বারা প্রকাশিত হয় না, কারণ উক্ত উভয়েই বিকল্প অর্থাৎ ভেদে অভেদের আরোপ হইয়া থাকে। দোগিগণ নির্বিত্রক সমাধি সহকারে শব্দ ও জ্ঞানের অসম্বর্মপে অর্থের উপলব্ধি করিয়া বিকল্পপূর্ব্বক উপদেশ করিয়া থাকেন, তাঁহাদের এই নির্বিত্রক জ্ঞান শব্দ দারা প্রকাশ করা যায় না, কারণ শব্দ সবিত্রক্রপেই

হইয়া থাকে। এই নির্ব্বিতর্ক সমাধিবিশিষ্ট যোগিগণের বাক্যই শাস্ত্র প্রমাণ, যোগবলে উহারা পরোক্ষ পদার্থ সকল প্রত্যক্ষ করিয়া উপদেশ করিয়াছেন, উপদেশ করিতে হইলে অগ্রে পদার্থ সকল প্রত্যক্ষ করা আবশুক। শাস্ত্রপ্রবণ ও মননপূর্ব্বক নিদিধ্যাসন করিয়া নির্ব্বিতর্কভাবে পদার্থের সাক্ষাৎকার করিতে হয়। এর্রপে আয়তত্বের অবগমই অবিভা নিব্র্ত্বক, মুক্তির অসাধারণ কারণ।

ভায়কার প্রদক্ষক্রমে অবয়বী দিদ্ধি করিয়াছেন। বৌদ্ধেরা বলেন পরমাণ্
পুঞ্জের অতিরিক্ত অবয়বী নাই। কিন্তু অবয়বী স্থলে পরমাণ্ পুঞ্জ স্বীকার
করিলে উহাতে একত্ব মহান্ প্রভৃতি জ্ঞান হইতে পারে না, কারণ পরমাণ্ডেত
মইৎ পরিমাণ নাই, পুঞ্জকেও এক বলা যায় না, পুঞ্জনামক অতিরিক্ত একটী
পদার্থ স্বীকার করিলে উহা অবয়বীর নামান্তর হয় মাত্র। বিশেষতঃ জল
আহরণ প্রভৃতি যে সমস্ত কার্য্য অবয়বী ঘট হইতে সম্পন্ন হয় উহা পরমাণ্
দ্বারা নিম্পন্ন হইতে পারে না। অতএব স্বীকার করিতে হইবে অবয়বী নামক
অতিরিক্ত পদার্থ আছে। বিশেষ এই, স্তায়মতে দ্বাপুক এসরেণ্ডাবে অ্বয়বীর
উৎপত্তি হয়, পতঞ্জলি মতে সেরূপ নহে, পরমাণ্ রাশি হইতেই অবয়বী জন্মে,
দ্বাপুকাদি ক্রম স্বীকার নাই॥ ৪৩॥

## সূত্র। এতথ্যৈব সবিচারা নির্কিবচারা চ সূক্ষ্মবিষয়া ব্যাখ্যাতা॥ ৪৪॥

ব্যাখ্যা। এতবৈর (সবিতর্কয়া নির্ব্বিতর্কয়া চ সমাপত্ত্যা), স্ক্রবিষয়া (ভৃতস্ক্রগোচরা), সবিচারা নির্ব্বিচারা চ ব্যাখ্যাতা (স্থ্লবিষয়বৎ স্ক্রবিষয়াপি বিজ্ঞেয়া)॥ ৪৪॥

তাৎপর্য্য। স্থূল বিষয় সবিতর্ক সমাধি দারা স্ক্র বিষয় সবিচার এবং নির্ব্বিতর্ক দারা নির্বিচার সমাধি বুঝিতে হইবে॥ ৪৪॥

ভাষ্য। তত্র ভূতস্ক্ষের অভিব্যক্তধর্মকের দেশকালনিমিন্তামুভবাবচ্ছিন্নের যা সমাপত্তিঃ সা সবিচারেত্যুচ্যতে। তত্রাপ্যেক—
বুদ্ধিনির্গ্রাহ্মেবোদিভধর্মবিশিষ্টং ভূতস্ক্ষমালন্তনীভূতং সমাধিপ্রক্রায়ামুপ্তিষ্ঠতে। যা পুনঃ সর্বর্থা সর্বশ্বীতঃ শাস্তোদিভাব্যপদেশ্ব

ধর্মানবচ্ছিলেষু সর্ববধর্মাকুপাতিষু সর্ববধর্মাত্মকেষু সমাপত্তিঃ সা নির্বিচারেত্যাচ্যতে। এবংস্বরূপং হি তম্ভুতসূক্ষ্মং এতেনৈব স্বরূপে-ণালম্বনীভূতমেব সমাধিপ্রজ্ঞাস্বরূপমুপরঞ্জয়তি। প্রজ্ঞা চ স্বরূপশৃত্যে-বার্থমাত্রা যদা ভবতি তদা নির্বিচারেত্যুচ্যতে, তত্র মহদস্তবিষয়া সবিতর্কা নির্বিতর্কা চ, সূক্ষাবিষয়া সবিচারা নির্বিচারা চ, এবমুভয়ো-রেতরৈব নির্বিতর্কয়া বিকল্পহানির্ব্যাখ্যাতা ইতি ॥ ৪৪ ॥

অমুবাদ। যাহা হইতে ঘটপটাদি ধর্ম (কার্য্য) প্রকাশ হইয়াছে, উপরি অধঃ প্রভৃতি দেশ, বর্ত্তমানাদি কাল ও তন্মাত্রারূপ কারণ যাহার অমুভূত হইরাছে, এতাদৃশ ভূতস্ক্র (পরমাণু) বিষয়ে সমাধিকে সবিচারা বলা যায়। এস্থলেও পূর্বের স্থায় একঃ ইত্যাকার জ্ঞানের বিষয়, বর্ত্তমান ধর্মবিশিষ্ট ভূতস্ক্র আলম্বনরূপে সমাধিপ্রজ্ঞায় ভাসমান হয়। যেমন প্রমাণুপুঞ্জ হইতে অতিরিক্ত ঘটপটাদি অবয়বী স্বীকার হইয়াছে, তদ্ধপ তন্মাত্র সমষ্টি হইতেও অতিরিক্তরূপে একটা পরমাণু স্বীকার হইতে হইবে, (পাতঞ্জলমতে পরমাণু দকল তন্মাত্র হইতে উৎপন্ন হইষা থাকে )। নীলপীতাদি সমস্ত প্রকার রহিত, দেশ, কাল ও নিমি-ত্তের অমুভববিহীন, ভূত ভবিশ্বং ও বর্ত্তমান ঘটাদি সমস্ত ধর্মবিরহিত, অথচ তাদৃশ ঘটাদিরপ ধর্ম্বে অঞ্সরণ করিতে সমর্থ, উক্ত সমস্ত ধর্মাত্মক পরমাণুতে যে সমাধি হয় তাহাকে নির্বিচারা বলে। উল্লিখিত স্বরূপই ভূতস্ক্ষের স্বাভাবিক, ( দেশকালাদি তাহাতে আরোপিত হয় মাত্র )। পরমাণু সকল নিজের এইরূপ স্বভাবেই ভাসমান হইয়া সমাধি জ্ঞানকে উৎপাদন করে, অর্থাৎ যথার্থ বস্তুকে বিষয় করাই বৃদ্ধির স্বভাব, স্থতরাং পরমাণুর আরোপিত ঘটাদি ধর্ম পরিত্যাগ করিয়া স্বরূপমাত্রকেই বিষয় করে। সমাধিজ্ঞান যথন নিজের স্বরূপ ত্যাগ করিয়াই যেন অর্থ মাত্র (ভূতস্ক্স স্বরূপ) হইরা যার তাহাকে নির্বিচারা বলে। স্বিত্রক ও নির্বিত্রক স্মাধি মহন্তম বিষয়ে হয়, স্বিচার ও নির্বিচার স্মাধি স্ক্রবিষয়ে হইয়া থাকে। উভয়ের অর্থাৎ নিজের (নির্বিতর্কের) ও নির্বিচারের ব্রিকর (আরোপ ) ত্যাগ এইরূপে নির্বিতর্ক সমাধি দারা ব্যাখ্যাত হইল ॥ ৪৪ ॥

মন্তব্য। নৈয়ায়িকগণ পরমাণুকে নিরবয়ব নিত্য বলিয়া স্বীকার করেন, পতঞ্জলিমতে পরমাণু নিত্য নহে, উহার অবন্ধব আছে, তন্মাত্র হইতে পরমাণ্ডর

উৎপত্তি হয়। গন্ধতন্মাত্র প্রধান পঞ্চতন্মাত্র. হইতে পার্থিব পরমাণু জন্ম। গন্ধতন্মাত্র রহিত রসতন্মাত্র প্রধান চারিটা তন্মাত্র হইতে জলীয় পরমাণুর, গন্ধ ও
রসতন্মাত্র রহিত রূপতন্মাত্র প্রধান তিনটা তন্মাত্র হইতে তৈজ্ঞস পরমাণুর,
স্পর্শতন্মাত্র প্রধান, শব্দ স্পর্শতন্মাত্র হইতে বায়বীয় পরমাণুর ও কেবল শব্দ
তন্মাত্র হইতে আকাশীয় পরমাণুর উৎপত্তি হয়। তন্মাত্র সমুদার হইতে
অতিরিক্ত পরমাণু স্বীকার করিতে হয়, নতুধা একছাদি জ্ঞান হইতে পারে
না। পরমাণুর উৎপত্তি স্বীকার করায় পৃতঞ্জলিমতে পরমাণু সকল নৈয়ায়িকের
ত্রসরেণু স্থানাপন্ন হইল॥ ৪৪॥

## সূত্র। সূক্ষবিষয়ত্বঞ্জ অলিঙ্গপর্যবসানম্॥ ৪৫॥

ব্যাথা। স্ক্রবিষয়ত্বং (সবিচারনির্বিচারয়োঃ স্ক্রপদার্থালম্বন্তম্) চ (পুনঃ) অলিঙ্গপর্যবদানম্ (প্রধানপর্যন্তম্,, বিজ্ঞেয়মিতি শেষঃ ॥ ৪৫ ॥

তাৎপর্য্য। উক্ত গ্রাহ্যস্ক্র বস্তুর সবিচার নির্বিচার সমাপত্তির বিষয় প্রকৃতি পর্য্যস্ত জানিবে॥ ৪৫॥

ভাষ্য। পার্থিবস্থাণোর্গন্ধতন্মাত্রং সৃক্ষেম। বিষয়ঃ, আপ্যস্তরসতন্মাত্রং, তৈজসম্ম রূপতন্মাত্রং, বায়বীয়স্ম স্পার্শতন্মাত্রং, আকাশস্ম
শব্দতন্মাত্রমিতি, তেষামহঙ্কারঃ, অম্মাপি লিঙ্গমাত্রং সৃক্ষেম। বিষয়ঃ,
লিঙ্গমাত্রস্থাপ্যলিঙ্গং সূক্ষেম। বিষয়ঃ, ন চ অলিঙ্গাৎ পরং সৃক্ষমনস্তি।
নম্বন্তি পুরুষঃ সৃক্ষম ইতি ? সত্যং, যথা লিঙ্গাৎ পরমলিঙ্গস্ম সৌক্ষ্যাং
নচৈবং পুরুষস্থ, কিন্তু লিঙ্গস্থান্বয়িকারণং পুরুষো ন ভবতি হেতুস্তঃ
ভবতীতি অতঃ প্রধানে সৌক্ষ্যাং নিরভিশয়ং ব্যাখ্যাতম্॥ ৪৫॥

অমুবাদ। গন্ধতনাত্র পার্থিব পরমাণুর স্ক বিষয়, রসতন্মাত্র জলীয় পরমাণুর, রূপতন্মাত্র তৈজস পরমাণুর, স্পর্শতন্মাত্র বায়বীয় পরমাণুর, শন্ধতনাত্র
আকাশীয় পরমাণুর, অহঙ্কার পঞ্চতনাত্রের, লিঙ্কমাত্র অর্থাৎ বৃদ্ধি (মহন্তম)
অহঙ্কারের এবং অলিঙ্ক অর্থাৎ প্রধান মহন্তম্বের স্ক বিষয় (সর্বত্রই কার্যমুদ্ধ
অপেক্ষা করিয়া উপাদান (সমবায়ি) কারণকেই স্ক বলিয়া এবং কারণকে
অপেক্ষা করিয়া কার্যাকে স্থূল বলিয়া ব্যাখ্যা হইয়াছে)। অলিঙ্ক (ধেটা লিঙ্ক

অর্থাৎ কার্যাভাবে কারণের স্টক নহে, যাহার কারণ নাই) প্রধান হইতে আর স্কুল নাই। নাই কেন? পুরুষ যে আছে, আছে সত্য কিন্তু যে ভাবে (কার্য্য কারণ ভাবে) মহত্ত্ব অপেক্ষা প্রধানকে স্কুল বলা হইয়াছে, সে ভাবে পুরুষের স্কুলতা নাই। তবে পুরুষ মহত্ত্বের সমবায়ি কারণ না হইলেও নিমিত্ত কারণ হইয়া থাকে, অর্থাৎ পুরুষার্থ প্রয়োজক হয় বলিয়া, পুরুষের সমিধান বশতঃ প্রধানের পরিণাম হয় বলিয়া পুরুষকেও কারণ বলা যাইতে পারে। অতএব কার্য্যকারণভাবে স্কুলতার বিশ্রান্তি প্রধানেই আছে বুঝিতে হইবে, (প্রধানের আর কারণ নাই, এই নিমিত্তই মূল প্রকৃতি বলা যায়।॥ ৪৫॥

মন্তব্য। উপাসনা বিষয়ে স্থুল হইতে স্ক্রা, স্ক্রেতর ও স্ক্রাতমে প্রবেশ করাই যোগশান্তের সার মর্মা। শাস্ত্র না মানিয়া বরং উচ্ছৃঙ্খলভাবে থাকা ভাল। শাস্ত্রের একদেশ মানিয়া নিজের ইচ্ছামত একদেশ পরিত্যাগ করা বিড়ম্বনা মাত্র। পতঞ্জলির উপদেশ ত্যাগ করিয়া স্বকল্লিত পথে অগ্রসর হইলে কিছুতেই সিদ্ধি হইবে না, একেবারে পরম স্ক্র্র নিরাকারে প্রবেশ করা কেবল কথা মাত্র॥ ৪৫॥

#### সূত্র। তা এব সবীজঃ সমাধিঃ॥ ৪৬॥

ব্যাখ্যা। তাং ( প্রাপ্তক্তাং সবিতর্কাদিসমাপত্তরঃ ) স্বীঙ্গ এব সমাধিঃ (সালম্বন এব সম্প্রজাতঃ সমাধিরিতি )॥ ৪৬॥

তাৎপর্যা। পূর্ব্বোক্ত সবিতর্ক, নির্ব্বিতর্ক, সবিচার ও নির্ব্বিচার চতুর্বিধ সমাধিকে সবীজ অর্থাৎ সম্প্রজ্ঞাত যোগ বলে॥ ৪৬॥

- ভাষ্য। তা শ্চতত্রঃ সমাপত্তয়ো বহির্বস্তুবীজা ইতি সমাধিরপি সবীজঃ, তত্র স্থূলেহর্থে সবিতর্কো নির্বিতর্কঃ, সূক্ষেহর্থে সবিচারঃ নির্বিচারঃ ইতি চতুর্দ্ধ। উপসংখ্যাতঃ সমাধিরিতি ॥ ৪৬ ॥
- অন্ধাদ্ । বহির্বস্ত ( আত্মার বাহিরে ) অর্থাৎ গ্রাহ্মবিষয়ে বলিয়া পূর্ব্বোক্ত
  চারিটী সমাপত্তিকে সবীজ অর্থাৎ সালম্বন সমাধি বলে । তাহার মধ্যে জিলেব

  এই স্থল বিষয়ে সবিতর্ক ( বিকয়ভাবে ) ও নির্বিতর্ক ( অবিকয়ভাবে ) এবং

স্ক্ষাবিষয়ে ঐরপে সবিচার ও নির্বিচার, অতএব চারি প্রকারে সমাধি (গ্রাহ্যবিষয়ে) বলা হইল॥ ৪৬॥

মন্তব্য। বিতর্কবিচারাননান্মিতান্থগমাৎ সম্প্রজ্ঞাতঃ এই স্থ্রে গ্রাহ্ম, গ্রহণ ও গৃহীতৃ বিষয়ে সমাধি বলা হইলাছে, তন্মধো গ্রাহ্মবিষয়ে পূর্ব্বোক্ত সবিতর্ক প্রভৃতি চারিটী সমাধি বলা হইল, এইরপে গ্রহণ ও গৃহীতৃ বিষয়ে বিকল্প ও অবিকল্প ভেদে আর চারিটী সমাধি হইবে, স্কৃতরাং সমুদায়ে আট প্রকার সম্প্রজ্ঞাত সমাধি বৃদ্ধিতে হইবে।

স্থুৱের এবকারকে ভিন্ন ক্রম করিয়া "সবীজঃ এব" এইরূপে ব্যাখ্যা করিতে হুইবে, ইহাতে গ্রহণ ও গৃহীতৃ বিষয়ে সমাধির নিরাস হুইবে না, নতুবা "তাঃ এব" সেই কএকটীই এইরূপ ব্যাখ্যা করিলে ইহা ভিন্ন আর সমাধি আছে এরূপ বোধ হুইত না, অর্থাৎ সম্প্রজ্ঞাত সমাধি গ্রাহ্থবিষয়ে বিতর্কাদি চারি প্রকারেই অবসান হুইয়া যাইত।

উক্ত সমাধি চত্ইয়ে বিবেকখ্যাতি না থাকায় বন্ধের বীজ অজ্ঞানাদি থাকিয়া যায় এই নিমিত্ত সবীজ অর্থাৎ বীজের সহিত বর্ত্তমান বলা হইয়াছে॥৪৬॥

## সূত্র। নির্বিচারবৈশারতেহধ্যাত্মপ্রসাদঃ॥ ৪৭॥

ব্যাখ্যা। নির্বিচারবৈশারতে (নির্বিচারত বিকল্পরহিতস্ক্রবিষয়কত সমাধ্যে, বৈশারতে নৈর্বাল্যে, সতীতি শেষঃ), অধ্যাত্মপ্রসাদঃ (চিত্তশুদ্ধিঃ, ক্লেশরহিতং স্থিতিপ্রবাহযোগ্যত্বং ভবতি)॥ ৪৭॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত নির্ব্বিচার সমাধির স্বচ্ছতা জন্মিলে চিত্তে ক্লেশরহিত হইষা নির্ম্মল স্থিতি প্রবাহের সম্ভাবনা হয়, অর্থাৎ অসম্প্রজ্ঞাত সমাধির উপক্রম হয়॥ ৪৭॥

ভাষ্য। অশুদ্ধাবরণমলাপেতস্থ প্রকাশাত্মনো বুদ্ধিসম্বস্থ রজ-স্তমোভ্যামনভিভূতঃ স্বচ্ছঃ স্থিতিপ্রবাহো বৈশারত্বং, যদা নির্বিচারস্থ সমাধেবৈশারস্তমিদং জায়তে, তদা যোগিনো ভবত্যধ্যাত্মপ্রসাদঃ ভূতার্থবিষয়ঃ ক্রমানমুরোধী স্ফুটপ্রজ্ঞালোকঃ, তথাচোক্তং "প্রজ্ঞা-, প্রসাদমারহ ফ্রশোচ্যঃ শোচতো জনান্। ভূমিষ্ঠানিবশৈলস্থঃ সর্ববান্ প্রাজ্ঞোহমুপশ্যতি॥ ৪৭॥ অমুবাদ। রজঃ ও তমোগুণের উপচয়কে অগুদ্ধি বলে, সেইটীই আবরণরূপ মল, উহা হইতে বিনিম্প্তি প্রকাশ-স্বভাব অস্তঃকরণের রজঃ ও তমোগুণের দ্বারা অনভিভূত অর্থাৎ আবরণের অযোগ্য নির্ম্মল স্থিতিধারাকে বৈশারগ্য
বলে, (এই অবস্থায় কেবল সান্থিকভাবেই চিত্ত অবস্থান করে), এইরূপে
যোগিগণের নির্ম্মিচার সমাধির নির্ম্মলতা জন্মিলে অধ্যাত্ম প্রসাদ অর্থাৎ চিত্তের
উৎকর্ষ জন্মে, যাহাতে ক্রমের (একটার পর আর একটার) অমুরোধ না করিয়া
যুগপৎ সমস্ত বিষয় অবগাহী যথার্থরূপে স্পষ্ঠতঃ জ্ঞান প্রকাশ হয়। এ বিষয়ে
পরমর্ষিগণের উক্তি আছে, "যেমন উত্তৃত্ব শৈলশিথরস্থিত প্রন্থ ভূমির্চ
ব্যক্তিগণকে আপনার নিম্নে অবলোকন করে, এবং আপনাকে সর্ম্মোপরি
দর্শন করে, তদ্ধপ প্রজ্ঞাপ্রসাদ অর্থাৎ জ্ঞানালোকের প্রকর্ষ লাভ করিয়া বিজ্ঞ
যোগিগণ স্বয়ং অশোচ্য অর্থাৎ বন্ধমুক্ত হইয়া অপর সকল অজ্ঞ প্রক্ষমকে
বোরস্থ্যমান দর্শন করেন॥ ৪৭॥

মস্তব্য। উচ্ছল প্রদীপ বা মণি প্রভাকে আবরণ বিশেষ দারা আচ্ছাদন করার স্থায় তমোগুণ সমস্ত জগৎপ্রকাশক চিত্তসত্বকে আবরণ করে বলিয়া যুগপৎ সমস্ত জ্ঞান হইতে পারে না। উক্ত আবরণ বেমন বেমন তিরোহিত হয় চিত্তও প্ররূপ পদার্থ সকলকে প্রকাশ করিতে পারে। মৃৎপাত্রের মধ্যে প্রদীপ থাকিলে কেবল তাহাকেই প্রকাশ করে, ঐ পাত্র ভঙ্গ করিলে সমস্ত গৃহ প্রকাশ হয়, গৃহের ভিত্তি বিনাশ করিলে বাহিরেও প্রকাশ হয়, অন্তঃকরণেও এইরূপে জ্ঞানের বৃদ্ধি হইয়া থাকে॥ ৪৭॥

#### সূত্র। ঋতম্ভরা তত্র প্রজ্ঞা॥ ৪৮॥

ব্যাখ্যা। তত্র (তশ্মিন্ বৈশারত্থে সতি) প্রজ্ঞা (নির্বিচারসমাধিজন্তঃ জ্ঞানং) ঋতন্তরা (সত্যপালিকা ইতি সংজ্ঞকা ভবতি) ॥ ৪৮ ॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত সমাধি হইতে চিত্তের নৈর্ম্মল্য হইলে যে জ্ঞান হয় ু তাহাকে ঋতস্তর্যা প্রজ্ঞা বলে ॥ ৪৮॥

ভাষ্য। তশ্মিন্ সমাহিতচিত্তস্থ যা প্রজ্ঞা জায়তে ত'স্থা ঋত-স্তারেতি সংজ্ঞা ভবতি, অন্বর্থা চ সা সত্যামেব বিভর্তি ন তত্র বিপর্যাস- গন্ধোহপ্যস্তি, তথাচোক্তং "জাগমেনামুমানেন ধ্যানাভ্যাসরসেন চ। ত্রিধা প্রকল্পয়ন্ প্রজ্ঞাং লভতে যোগমুত্তমম্" ইতি ॥ ৪৮॥

অনুবাদ। অধ্যাত্মপ্রসাদ হইলে সমাধিবিশিষ্ট চিত্তে যে প্রজ্ঞা জন্ম উহাকে ঋতন্তরা বলে, ঐ সংজ্ঞা অনুগতার্থক অর্থাৎ যৌগিক, যেহেতু উক্ত প্রজ্ঞা কেবল সত্যকেই ধারণ অর্থাৎ বিষয় করে, উহাতে মিখ্যার লেশও থাকে না। উক্ত বিষয়ে ঋবিদিগের উক্তি আছে, আগম অর্থাৎ বেদবিহিত শ্রবণ, অনুমান অর্থাৎ মনন ও ধ্যানাভ্যাস রস অর্থাৎ নিদিধ্যাসন এই তিন প্রকারে সমাধ্বির অনুষ্ঠান করিয়া উত্তম যোগ লাভ হয়"॥ ৪৮॥

মন্তব্য। শ্রুতিতে আত্মদর্শনের তিনটী উপায় আছে শ্রবণ, মনন ও নিদিধ্যাসন, "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ, শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ", শ্রুতি বাক্যের তাৎপর্য্য অবধারণকে শ্রবণ বলে, যুক্তি দারা উপপত্তির নাম মনন, এবং সর্ব্ধনা চিন্তনকে নিদিধ্যাসন বলে, "শ্রোতব্যঃ শ্রুতিবাক্যেত্যো মন্তব্যাক্যাপপত্তিভিঃ। মন্ত্রাচ সততং ধ্যেয় এতে দর্শনহেতবঃ॥ ৪৮॥

ভাষ্য। সাপুনঃ।

## সূত্র। শ্রুতানুমানপ্রজ্ঞাভ্যামন্যবিষয়াবিশেষার্থস্থাৎ ॥৪৯॥

ব্যাখ্যা। সা (নির্ব্ধিচারবৈশারক্তসমূত্তবা প্রজ্ঞা) পুনঃ (নিশ্চিতম্) শ্রুতামু-মানপ্রজ্ঞান্ত্যাং (আগমানুমানজ্ঞানান্ত্যাং) অন্তবিষয়া (পৃথক্গোচরা) বিশেষার্থত্থাং (বিশেষঃ তদ্যক্তিত্বং অর্থঃ বিষয়ো যক্তাঃ সা বিশেষার্থা তন্ত্যাভাবস্তত্ত্বাং
ক্ষতামুমানপ্রজ্ঞা তু সামান্তমাত্রমবর্গাহতে, নতু বিশেষম্)। ৪৯॥

্ তাৎপর্য্য। সেই ঋতস্করা প্রজ্ঞা বিশেষ অর্থাৎ তদ্ব্যক্তিত্বরূপ অসাধারণ ধর্মকে বিষয় করে, স্থতরাং ইহার বিষয় শ্রুতান্মান জ্ঞানের বিষয় হইতে পুথকু॥ ৪৯॥

ভাষ্য। শ্রুতনাগমবিজ্ঞানং তৎসামান্যবিষয়ং নহাগমেন শক্যো বিশেষোহভিধাতুং, কন্মাৎ ? নহি বিশেষেণ কৃতসঙ্কেতঃ শব্দ ইতি। তথাতুমানং সামান্যবিষয়মেব, বত্র প্রাপ্তিস্তত্র গতিঃ বত্রাপ্রাপ্তিস্তত্র

ন ভবতি গতিরিত্যক্তং, অনুমানেন চ সামান্যেনোপ সংহারঃ, তস্মাৎ শ্রুতানুমানবিষয়ো ন বিশেষঃ কশ্চিদন্তীতি, ন চাম্ম সৃক্ষাব্যবহিত-বিপ্রকৃষ্টস্ত বস্তুনঃ লোকপ্রত্যক্ষেণ গ্রহণং, ন চাস্ত বিশেষস্তাপ্রামাণিক-স্থাভাবোহস্তীতি সমাধিপ্ৰজ্ঞানিগ্ৰ'াহু এব সবিশেষো ভবতি ভূতসৃক্ষ্ম-গতোব। পুরুষগতো বা। তস্মাৎ শুতানুমানপ্রজ্ঞাভ্যামন্যবিষয়া সা প্রজ্ঞা বিশেষার্থতাৎ ইতি ॥ ৪৯ ॥

অমুবাদ। শ্রুতশব্দে আগমবিজ্ঞান অর্থাৎ শান্দবোধ বুঝায়, উহা সামান্তকে বুঝাইয়া থাকে, শব্দ দারা বিশেষকে (ত্ব্যক্তিত্বকে) বলা যায় না, কারণ বিশেষের সহিত শব্দের শক্তিগ্রহ হয় না। সেইরূপ অনুমানও সামান্ত বিষয়েই হইয়া থাকে, যেথানে প্রাপ্তি অর্থাৎ দেশান্তর সংযোগ আছে সেথানে গতি আছে, বেথানে গতি নাই সেথানে প্রাপ্তিও নাই এইরূপে অনুমান উক্ত হইয়া থাকে। অনুমান দারা সামান্তরূপেই অর্থাৎ "যে কেহ" এই ভাবে উপসংহার ( সাধ্যনিশ্চয় ) হইয়া থাকে। অতএব কোনও একটা বিশেষ শ্রুত ও অন্তুমান জ্ঞানের বিষয় হইতে পারে না। উক্তবিগ ফুলা, ব্যবহিত ও দূরবর্ত্তী পদার্থ সকলের জ্ঞান লৌকিক প্রত্যক্ষ দ্বারাও হইতে পারে না। ঐ পদার্থ অপ্রামাণিক অর্থাৎ লোকপ্রত্যক্ষ, অনুমান বা শব্দ প্রমাণের বিষয় হইল না বলিয়া উহার সত্তা নাই এরূপও বলা উচিত নহে, অতএব ভূতস্ক্লেরই হউক অথবা পুরুষের হউক উক্ত বিশেষটা সমাধি জ্ঞানেরই বিষয় হইয়া থাকে। অতএব উক্ত ঋতস্তরা সমাধি প্রজ্ঞার বিষয় শব্দ ও অনুমানের বিবয় হইতে বিভিন্ন ॥ ৫৯ ॥

মস্তব্য। বিশেবে শক্তি স্বীকার করিলে আনস্তা অর্থাৎ ব্যক্তিভেদে শক্তি: ভেদ হয়, স্মৃতরাং অসংখ্য শক্তি স্বীকার করিতে হয়। এবং ব্যভিচার হয় অর্থাৎ একটা বিশেষ ব্যক্তিতে শক্তিগ্রহ হইলে সেইটারই (কোনও একটা গো 🕈 ব্যক্তিরই ) জ্ঞান হইতে পারে, অন্ত বিশেষ ব্যক্তিতে শক্তির উপস্থিতি হইতে পারে না, কাজেই দে স্থলে অর্থজ্ঞান হওয়া অসম্ভব হইয়া পড়ে, সামান্তে ( নৈষ্মায়িক স্অভিমত জাতিতে ) শক্তিগ্ৰহ হইলে উক্ত দোষ হয় না, অতএব শব্দ দারা বিশেষের প্রতীতি হয় না। অনুমান দারাও বিশেষের জ্ঞান হইতে পারে না, যেখানে ধূম আছে সেখানে বহ্নি আছে এই ভাবে অনির্দিষ্টরূপেই

জ্ঞান হইয়া থাকে। লৌকিক প্রত্যক্ষন্থলে বিষয়ের সহিত ইক্রিয়ের সম্প্রিকর্ষের আবশ্যক, এবং মহত্ব পরিমাণ না থাকিলে প্রত্যক্ষ হয় না, স্ক্রত্রাং স্ক্রে, ব্যবহিত বা দ্রবর্ত্তী বস্তুর প্রত্যক্ষ হইতে পারে না। ঐ সমস্ত প্রমাণ থাকে না
বলিয়া সেই বিশেষটী নাই ইহাও বলা যায় না, কারণ প্রমাণ প্রমেয়ের ব্যাপক
বা কারণ নহে, যে, প্রমাণের অভাবে প্রমেয়ের অভাব হইবে, পরিশেষে উক্ত
বিশেষটী যোগীর সমাধি জ্ঞানেরই বিষয় হইয়া থাকে।

যদিচ অন্নমান বা ঋতন্তরা প্রক্রা উপদেশ বাক্য দারা তাদৃশ বিশেষ ব্যক্তিরও জ্ঞান হইতে পারে তথাপি কথঞ্চিৎ কোনও অনির্দিষ্টরূপেই জ্ঞান হর্ম, করামলকবৎ নিঃসন্দেহরূপে জ্ঞান সমাধি প্রজ্ঞাতেই সম্ভব ॥ ৪৯॥

ভাষ্য। সমাধিপ্রজ্ঞা-প্রতিলম্ভে যোগিনঃ প্রজ্ঞাকৃতঃ সংস্কারে। নবো নবো জায়তে।

সূত্র। তজ্জঃ সংস্কারোহন্যসংস্কারপ্রতিবন্ধী॥ ৫ • ॥.

ব্যাথ্যা। তজ্জঃ সংস্থারঃ (নির্নিচারসমাধিজ্ঞঃ সংস্থারঃ) অগুসংস্থার-প্রতিবন্ধী (অগুসংস্কার্ম্ম বৃ্য্থানজ্ঞস্ক, প্রতিবন্ধী বাধকো ভবতি)॥ ৫০॥

তাৎপর্য্য। নির্বিচার সমাধি হইতে উৎপন্ন সংস্কার বৃাত্থানজনিত সংস্কার সমুদায়কে বিনাশ করে॥ ৫০॥

ভাষ্য। সমাধিপ্রজ্ঞাপ্রভবঃসংস্কারো ব্যুত্থানসংস্কারাশয়ং বাধতে, ব্যুত্থানসংস্কারাভিভবাৎ তৎপ্রভবাঃ প্রত্যয়ান ভবস্তি, প্রত্যয়নিরোধে সমাধিকপতিষ্ঠতে, ততঃ সমাধিজা প্রজ্ঞা, ততঃ প্রজ্ঞাক্তাঃ সংস্কারাঃ ইতি নবো নবঃ সংস্কারাশয়ো জায়তে, ততঃ প্রজ্ঞা ততশ্চ সংস্কারাইতি । কথমসো সংস্কারাতিশয়ন্চিত্তং সাধিকারং ন করিষ্যতীতি, ন তে প্রজ্ঞাক্তাঃ সংস্কারাঃ ক্লেশক্ষয়হেতুথাৎ চিত্তমধিকারবিশিষ্টিং ক্রেবিস্তি, চিত্তং হি তে স্বকার্যাদবসাদয়ন্তি, খ্যাতিপর্যবসানং ক্রিচিত্তচিষ্টিতমিতি ॥ ৫০ ॥

ষ্মহবাদ। সমাধি প্রজ্ঞা লাভ করিলে যোগিগণের প্রজ্ঞাক্ত নৃত্ন নৃত্ন

į

সংস্কার উৎপন্ন হইয়া থাকে। এই সমাধি হইতে উৎপন্ন সংস্কার ব্যুত্থানসংস্কারের নাশক হয়, ব্যুত্থানসংস্কারের অভিভব হইলে আর তাহা হইতে জ্ঞান জনিতে পারে না (সংস্কার থাকিলেই জ্ঞান হয়), ব্যুত্থানপ্রত্যয় নিরুদ্ধ হইলে অপ্রতিহতভাবে সমাধি উপস্থিত হইতে পারে, সমাধি হইলেই পূর্ব্বোক্ত প্রজ্ঞা ও তজ্জ্ঞ সংক্ষার জন্মে, এই ভাবে ন্তন,ন্তন সংস্কার জন্মে। (প্রশ্ন) প্রজ্ঞান্তত এই সংস্কারাতিশন্ন চিত্তকে অধিকারবিশিষ্ঠ (ভোগের জনক) কেনই বা না করে? অর্থাৎ নিরন্তার যদি প্রজ্ঞান্তত সংস্কার হইতে থাকে তবে তাহাও ত' এক প্রকার বন্ধবিশের, পুরুষের স্বন্ধপে অবস্থিতি না হইলেই বন্ধ বলা যায়। (উত্তর) প্রজ্ঞান্ধত ঐ সমস্ত সংস্কার অবিফাদি পঞ্চ ক্লেশের ক্ষমকারণ, স্থতরাং চিত্তের অধিকার অর্থাৎ কার্য্যারম্ভ জন্মান না, ঐ প্রজ্ঞান্ধত সংস্কার সমুদান্ন চিত্তকে অকার্য্য ভোগজনন হইতে নিবৃত্ত করে. বেহেতু থ্যাতি অর্থাৎ বিবেকজ্ঞান পর্যান্ত চিত্তের চেষ্টা হয়, (আয়ার সাক্ষাৎকার যাহার হয়, প্রকৃতি তাঁহার উদ্দেশে আর কোনই কার্য্য করে না)॥ ৫০॥

মন্তব্য। যদিচ অনাদিকাল হইতে চিত্তভূমিতে মিথ্যা সংস্কার নির্কৃতভাবে রহিয়াছে, তথাপি যথার্থ জ্ঞানজন্ত সংস্কার অর্থাৎ সমাধি জ্ঞান হইতে উৎপন্ন সংস্কার তাহাকে বিনাশ করিতে পারে, কারণ তত্ব পক্ষপাতই বৃদ্ধির স্বভাব, বৃদ্ধি একবার যথার্থ বস্তুকে বিষয় করিতে পারিলে আর কেহই তাহাকে বিচলিত করিতে পারে না, "নিরুপদ্রবভূতার্থস্বভাবস্ত বিপর্যারেঃ। ন বাধো-হনাদিমত্ত্বেংপি বৃদ্ধেত্তৎপক্ষপাততঃ," অর্থাৎ অনাদি হইয়াও মিথ্যা সংস্কার যথার্থ জ্ঞানের বাধক হয় না, কারণ যথার্থ বিষয় অবগাহন করাই বৃদ্ধির স্বভাব।

কি জ্ঞান, কি সংস্থার, কি স্থেছ:থাদি কোনও একটা ধর্মের আরোপ হইলেই পুক্ষের বন্ধন হয়, পুরুষের স্বন্ধপে অবস্থিতিকেই মুক্তি বলে, সমাধি-জ্ঞানংস্থার চিরকাল থাকিলে পুরুষের মুক্তি হইতে পারে না, তাই ভাষ্যকার বলিয়াছেন "ন তে চিত্তমধিকারবিশিষ্টং কুর্বনিষ্ঠি।" চিত্তের ধর্মাই পুরুষে শোরোপ হয়, কেবল চিত্তের প্রতিবিশ্ব পড়ে না, চিত্ত স্থির (র্জিবিহীন) হইলেই আপনা হইতেই পুরুষ স্থির হইতে পারে॥ ৫০॥

ভাষা। কিঞ্চ সম্ভ ভবতি।

#### সূত্র। তস্থাপি নিরোধে সর্কানিরোধাৎ নির্বীজঃ সমাধিঃ॥৫১॥

ব্যাখা। তহ্যাপি (সম্প্রজ্ঞাতসমাধিপ্রজ্ঞাসংশ্বারস্ত, অপিশকাৎ প্রজ্ঞারান্চ) নিরোধে (অত্যন্তং উচ্ছেদে সতি) সর্বনিরোধাৎ (সর্বস্ত প্রজ্ঞারাঃ তজ্জ্ঞসংশ্বারসমূদারস্ত চ বিনাশাৎ) নির্বীজঃ সমাধিঃ (অসম্প্রজ্ঞাতঃ সমাধিভবতীতি শেষঃ)॥ ৫১॥

তাৎপর্য্য। সম্প্রজ্ঞাত সমাধিপ্রজ্ঞা ও তজ্জ্ঞ সংস্কারনাত্রের নিঃশেষ নিবৃত্তি হইলেই নির্বীজ নিরালম্বন অসম্প্রজ্ঞাত যোগ হয়, ইহাকেই মুক্তি বলে॥ ৫১॥

ভাষ্য। স ন কেবলং সমাধিপ্রজ্ঞাবিরোধী, প্রজ্ঞাক্তানাং সংস্কারাণামপি প্রতিবন্ধী ভবতি, কস্মাৎ, নিরোধজঃ সংস্কারঃ সমাধিজান্ সংস্কারান্ বাধতে ইতি। নিরোধস্থিতিকালক্রমানুভবেন নিরোধচিত্তক্তসংস্কারাস্তিজমনুমেরম্। ব্যুত্থাননিরোধসমাধিপ্রভবৈঃ সহ কৈবল্যভাগীয়ৈঃ সংস্কারিশ্চিত্তং স্বস্থাস্প্রকৃতাববস্থিতায়াং প্রবিলীয়তে, তস্মাৎ তে সংস্কারাশ্চিত্তস্থাধিকারবিরোধিনঃ ন স্থিতিহেতবঃ, যস্মাৎ অবসিতাধিকারং সহকৈবল্যভাগীয়েঃ সংস্কারিশ্চিত্তং বিনিবর্ত্তে তৃদ্ধির্থতে পুরুষঃ স্বরূপপ্রতিষ্ঠঃ অতঃ শুদ্ধো মৃক্তঃ ইত্যুচ্যতে॥ ৫১॥

অম্বাদ। সম্প্রজাত সমাধির উত্তর নোগীর আরও কিছু হইরা থাকে।
সেই নির্বীজ সমাধি কেবল সবীজ সম্প্রজাত সমাধি প্রজার বিরোধী হয় এরপ
নহে, প্রজাক্বত সংস্কার সমুদায়েরও বিনাশক হইরা থাকে। নিরোধের স্থিতিকাল ক্রমের (দিনমাসাদির) অত্তব অম্পারে (এতকাল আমি সমাহিত
ছিলাম, সমাধিভঙ্গের পর যোগীর ঐরপ স্মরণ হয়, তদম্পারে) নিরোধকালে
চিত্তে সংস্কার হইরাছিল ইহার অম্পান করা যায়। ব্যুথান ও ইহার নিরোধ
সম্প্রজাত সমাধি এই উত্য হইতে উৎপন্ন সংস্কার ও কৈবল্যভাগীয় নিরোধ
সংস্কারের সহিত্তি আপন প্রকৃতিতে (স্বকারণে) লয় পায়। অত্যব উক্ত
সংস্কার সমুদার চিত্তের অধিকারের বিরোধী হয় অথাৎ বিনাশের কারণ হয়,

স্থিতির কারণ হয় না, কারণ চিত্ত অধিকারের অবসান হইলে কৈবল্যপ্ররোজক নিরোধ সংস্থারের সহিত নির্ত্ত হয়, চিত্ত বিনষ্ট হইলে পুরুষ স্বরূপে অবস্থান করে বলিয়া শুদ্ধ (নির্মাল, স্বচ্ছ) অতএব মুক্ত বলিয়া কথিত হয়॥ ৫১॥

মন্তব্য। বোগের প্রথম অবস্থা সম্প্রজাত সমাধি, ইহাতে ব্যুথান বৃত্তির তিরোধান হয়, সমাধি সংস্কার হইতে ব্যুথান সংস্কার বিনষ্ট হয়, সংস্কার তির সংস্কারের নাশক হয় না, সম্প্রজাত সমাধি অসম্প্রজাত সমাধি দারা বিনষ্ট হয়। সম্প্রজাত রমাধি সংস্কারের বিনাশের নিমিত্ত অসম্প্রজাত সমাধি সংস্কারে স্বীকার করিতে হয়। অসম্প্রজাত সমাধি হইতে উৎপন্ন সংস্কার চিত্তের সহিতই বিনষ্ট হয়। বন্ধনদশায় আত্মজানলাভের চেষ্টা থাকে, কিন্তু একবার আত্মদর্শন হইলে আর তাদৃশ জ্ঞানেও ইচ্ছা থাকে না, ইহাকে জ্ঞানপ্রসাদরূপ প্রবৈরাগ্য বলা হইয়াছে "তৎপরং প্রস্ক্ষণাতের্প্রণবৈত্ত্তং" এই স্ত্রে বিশেষরূপে বলা হইয়াছে।

প্রথম পাদের প্রতিপান্থ বিষয় সমুদায় সংগ্রহ করিয়া বাচম্পতিমিশ্র শ্লোক করিয়াছেন

> যোগভোদেশনির্দেশৌ তদর্থং বৃত্তিকক্ষণম্। যোগোপারাঃ প্রভেদাশ্চ পাদেহস্মিরূপবর্ণিতাঃ॥

এই প্রথম পাদে যোগের আরম্ভ প্রতিজ্ঞা, লক্ষণ, লক্ষণের নিমিত্ত বৃত্তির লক্ষণ, অভ্যাস বৈরাগ্য প্রভৃতি উপায় ও বিতর্ক বিচার প্রভৃতি প্রভেদ বর্ণিত ইইয়াছে, ইতি॥ ৫১॥

পাতঞ্জলদর্শনে সমাধিনামক প্রথম পাদ সমাপ্ত হইল।

# माथन পान।

-663000

ভাষ্য। উদ্দিষ্ট: সমাহিতচিতক্ত যোগঃ, কথং ব্যুপিতচিত্তো স্পি যোগযুক্তঃ স্থাৎ ইত্যেতদারভ্যতে ।

দূত্র। তপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ক্রিয়াযোগঃ॥ ১॥

ব্যাথাা । তপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ( তপঃচাক্রায়ণাদি, স্বাধ্যায়ঃ প্রণব-পূর্ব্বমন্ত্রজ্বণঃ, ঈশ্বরপ্রণিধানং ঈশ্বরে সকলার্পণং, এতানি ), ক্রিয়াযোগঃ (ক্রিইরব যোগঃ, যোগোপায়ত্বাৎ যোগ ইত্যুচ্যতে ) ॥ ১ ॥

তাৎপর্য্য। তপস্থা, ওঁকারাদিমন্ত্রজপ ও ঈশ্বরে সমস্ত অর্পণ করাকে ক্রিয়াযোগ বলে॥ ১॥

ভাষ্য। নাতপস্থিনো যোগঃ সিধ্যতি, অনাদিকর্দ্মক্লেশবাসনা চিত্রা প্রত্যুপস্থিতবিষয়জালা চাশুদ্ধিনান্তরেণ তপঃ সম্ভেদমাপছতে ইতি তপস উপাদানম্, তচ্চ চিত্তপ্রসাদনমবাধমানমনেনাসেব্যমিতি মন্থতে। স্বাধ্যায়ঃ প্রণবাদিপবিত্রাণাং জপঃ, মোক্ষশান্ত্রাধ্যয়নং বা। ঈশ্বরপ্রণিধানং সর্ব্বক্রিয়াণাং প্রমপ্তরাবর্পণং, তৎফলসংস্থাসো

অমুবাদ। সমাহিত্তিত যোগীর যোগ বলা হইয়াছে, বৃথিত চিত্তেরও কিরূপে যোগ হইবে তাহা দেখাইবার নিমিত্ত দিত্তীর পাদ আরক্ধ হইতেছে। তপস্থাবিহীন ব্যক্তির যোগসিদ্ধি হয় না। আদিরহিত চিরকাল প্রবহমান ধর্মাধর্ম কর্মা ও অবিদ্যা প্রভৃতি ক্লেশ সংস্কার দারা চিত্রীকৃত, ভোগ্য বিষয়ন সকলের উপস্থাপক অশুদ্ধি অর্থাৎ চিত্তে রজঃ ও তমোগুণের সমৃদ্রেক তপস্থা ব্যতিরেকে বির্দ হয় না। চিত্তের প্রসাদন অর্থাৎ বিশুদ্ধিকারক উক্ত তপস্থাকে এরূপে অনুষ্ঠান করিবে যাহাতে বাধা অর্থাৎ ধাতৃবৈষম্য না হয়, শরীরের ব্যাঘাত না হয়। প্রণব (ওঙ্কার) প্রভৃতি পবিত্র মন্ত্রের জপ অথবা উপনিষদ প্রভৃতি মোক্ষ প্রতিপাদক শাস্ত্রের অধ্যয়নকে স্বাধ্যায় বলে। পরম গুরু ঈশবে সমস্ত ক্রিয়ার অর্পণ অথবা ক্রিয়ার ফলত্যাগকে ঈশ্বর প্রণিধান বলা যায়॥ ১॥

মস্তব্য। দ্রোণাচার্য্যের ব্যুহের স্থায়, চিত্তভূমিতে রজঃ ও তমোগুণের পরিণাম বিষয়বাসনা, পাপপুণা ও অবিছা প্রভৃতি ক্লেশ অনাদিকাল হইতে এরূপে অভেম্বভাবে অবস্থিত আছে যে, উহাদিগকে ভেদ করিয়া অধ্যাত্ম-भारत्वत्र छेशाम थाराम कर्तागरे कठिन। जशका कतिल छेक वार जिम रहा, তথন ধীরে ধীরে বিষয়বাদনা বিদ্রিত করিয়া যোগমার্গে প্রবিষ্ট হওয়া যায়।

ঈশ্বরপ্রণিধান বিষয়ে শাস্ত্রান্তরে উল্লেখ আছে:—কামতোহকামতো বাপি যৎ করোষি ভভাভভন। তৎসর্কং হৃষি সংগ্রন্তং হৃৎপ্রযুক্তঃ করোমাহম্॥ অর্থাৎ ইচ্ছা বা অনিচ্ছায় আমি ভাল মন্দ যাহা কিছু করিয়াছি সমস্তই আপনাতে অর্পণ করিলাম, আমি আপনা দ্বারা প্রেরিত হইয়াই সমস্ত করিয়া থাকি, এইটী ক্রিয়ার অর্পণ। "কর্ম্মণ্যেবাধিকারত্তে মাফলের কদাচন। মাকর্মফলহেতুর্ভূর্ম। তে সঙ্গোহস্তকর্মণি" তোমার কর্ম্মেই অধিকার আছে কর্মফলে নাই, কর্মফলের কারণ হইও না. তোমার অকর্মে অর্থাৎ কর্ম্মত্যাগে অভিক্রচি না হউক, অর্থাৎ ফলনিরপেক্ষ হইয়া কর্ম্মের অনুষ্ঠান কর, ভগবানের এই উপদেশটী ফলসংস্থাস বা নিষ্কাম কর্মা॥ ১॥

ভাগা। স হি ক্রিয়াযোগঃ।

#### সমাধিভাবনার্থঃ ক্লেশতনূকরণার্থশ্চ ॥ ২ ॥

ব্যাখ্যা। স হি ক্রিয়াযোগঃ ( পূর্ব্বোক্তঃ ক্রিটেয়ব যোগঃ ) সমাধিভাবনার্থঃ (সমাধের্যোগস্ত, ভাবনার্থ: ভাবনং উৎপাদনং অর্থ: প্রয়োজনং যস্ত, উৎপাদকঃ ইত্যর্থঃ ) ক্লেশতনূকরণার্থশ্চ ( ক্লেশানাং অবিস্থাদীনাং, তনুকরণার্থঃ প্রসবশক্তি-রাহিত্যার)॥२॥

তাৎপর্যা। পূর্ব্বোক্ত ক্রিয়াযোগ অবিদ্যা প্রভৃতি পঞ্চবিধ ক্লেশকৈ প্রসব-

ভাগ্য। স হি আদেব্যমানঃ সমাধিং ভাবয়তি ক্লেশাংশ্চ প্রতনৃ-করোতি, প্রতনূরতান্ প্রসংখ্যানাগ্নিনা দগ্ধবীজকল্পান্ অপ্রসবধর্দ্মণঃ করিয়াতীতি, তেষাং তনুকরণাৎ পুনঃ ক্লেশৈরপরামৃষ্টা সত্বপুরুষায়াতা খ্যাতিঃ সূক্ষা প্রজ্ঞা সমাপ্তাধিকারা প্রতিপ্রসবায় কল্লিয়ত ইতি ॥২॥

অনুবাদ। দেই ক্রিয়াযোগ সম্যক্ অনুষ্ঠিত হইয়। সমাধি উৎপাদন করে, অবিভাদি পঞ্চবিধ ক্লেশকে হীনবল করে, ক্রিয়াযোগ দ্বারা ক্লেশপঞ্চক শক্তি-বিহীন হইয়া প্রসংখ্যানরূপ (যোগজজ্ঞান) অগ্নি দ্বারা অন্ধর-জননশক্তি-রহিত দগ্ধান্তাদি বীজের ভার প্রসবশক্তিবিহীন হয়। এইরূপে অবিভাদি ক্লেশের কার্য্যজননশক্তি তিরোহিত হইলে ক্লেশের দ্বারা অপরামুষ্ট অর্থাৎ অসংমিশ্রিত বুদ্ধি ও পুরুষের ভেদখ্যাতি মাত্র স্থা প্রজ্ঞা (চিত্তবৃত্তি) গুণত্রয়ের অধিকার অর্থাৎ কার্য্যজনন বিনষ্ট করিয়া মুক্তি জন্মাইতে সমর্থ হয়॥ ২॥

মন্তব্য। নিত্যনৈমিত্তিকাদি কার্য্য করিলে চিত্তগুদ্ধি হয়, ইহা সমস্ত শাস্ত্রের দার মশ্ম, অবিভাদি ক্লেশের বিগমকেই চিত্তগুদ্ধি বলে। যেমন কাষ্ঠাদি আতপ-সহকারে পরিশুক হইলে বহ্নি দারা সহজেই দগ্ধ হয়, তদ্রপ ক্লেশ সমুদায় ক্রিয়াযোগ বারা উচ্ছেদের যোগ্য হইলে জ্ঞানযোগ উহাকে অনায়াসেই উচ্ছিন্ন করিতে পারে।

🌱 বাচম্পতি মিশ্র "দ হি ক্রিয়াযোগঃ" এই ভাষ্ট্টুকু পরস্ত্রের সহিত একত্র জন্বর করিয়াছেন। বার্ত্তিককার বিজ্ঞান ভিক্ষু উহাকে অগুরূপে ব্যাখ্যা করেন, প্রথমাধ্যায়ে "ঈশ্বরপ্রণিধানাং বা" এই সূত্রে ঈশ্বর প্রণিধানের উল্লেখ আছে, श्नर्सात माधनशाम जेश्वत श्रिवान वना इहेन, व्यञ्जव माधनशामित जेश्वत-অণিধান শব্দে ফলসংস্থাস বা ক্রিয়ার্পণ বুঝিতে হইবে, কারণ সেইটীই (স হি স এব ক্রিয়াযোগঃ) ক্রিয়াযোগ, সমাধিপাদের ঈশ্বরপ্রণিধান ক্রিয়াযোগ নহে, উহা জ্ঞানযোগ বা সমাধি॥ ২॥

ভাষ্য। অথ কে তে ক্লেশাঃ কিয়ন্তো বেতি १

পূক। অবিভাহস্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্জেশাঃ ॥৩॥ ব্যাখ্যা। অবিভাদর: পঞ্জেশা: ( কর্ম্মতৎফলয়ো: প্রবর্তকত্ত্বন পুরুষাণাং ছ: খব্দ নকা ইত্যৰ্থ: )॥ ৩॥

তাৎপর্য্য। অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ এই পাঁচটীকে ক্লেশ বলে, অর্থাৎ ইহারা থাকিলেই ধর্ম ও অধর্মরূপ কর্ম জন্ম স্কৃতরাং স্থ্যসূহথের ভোগ হয়॥ ৩॥

ভাষ্য। ক্লেশা ইতি পঞ্চবিপর্য্যয়। ইত্যর্থঃ, তে স্থান্দমানা গুণাধিকারং দ্রুদ্রন্তি, পরিণামমধন্থাপয়ন্তি, কার্য্যকারণস্রোত উন্নময়ন্তি, পরম্পরামুগ্রহতন্ত্রী ভূত্বা কর্মবিপর্কিং চ অভিনির্হন্তি ইতি॥ ৩॥

অমুবাদ। ক্লেশ কাহাকে বলে? তাহাদের সংখ্যাই বা কত? তাহা নির্দেশ করা যাইতেছে। ক্লেশনদে পঞ্চ প্রকার বিপর্যায় অর্থাৎ মিথাা সংস্কার বৃঝিতে হইবে। ঐ সমস্ত ক্লেশ সমৃদ্দীপিত হইয়া গুণত্ররের অধিকার অর্থাৎ পরিণাম দৃঢ় করিয়া মহদাদিরূপে পরিণাম জন্মায়, কার্য্যকারণের প্রবাহ বৃদ্ধিত করে, একটা অপরের সহায় হইয়া কর্মবিপাক অর্থাৎ জাতি, আয়ৄ: ও ভোগ্রূপ পুরুষার্থ সম্পাদন করে॥ ৩॥

মন্তব্য। পঞ্চবিধ ক্লেশের মধ্যে অবিছা স্বয়ংই বিপর্যায় অর্থাৎ ভ্রমরূপ, অস্মিতাদি চতুষ্টয় স্বয়ং বিপর্যায় স্বরূপ না হইলেও অবিছা থাকিলে উহারা থাকে, অবিছা না থাকিলে উহারা থাকে না বলিয়াই বিপর্যায় বলিয়া উল্লেখ করা হইয়াছে।

উক্ত পঞ্চবিধ ক্রেশই সমস্ত অনর্থের মূল, বেরপেই হউক মুমুক্ষুর কর্ত্তব্য উহাদিগকে নিবৃত্তি করা। ধর্মাধর্মরূপ কর্ম উক্ত ক্লেশের ক্রোড়ে থাকিয়াই বন্ধের কারণ হয়, ক্লেশ নিবৃত্তি হইলে কর্মরাশি থাকিলেও বন্ধ হয় না। "সতিমূলে তদ্বিপাকো জাত্যায়ুর্ভোগাঃ" এই হুত্রে এবিষয়, বিশেষরূপে বলা ষাইবে॥৩॥

# সূত্র। অবিতাক্ষেত্রমূত্তরেষাং প্রস্থতনুবিচ্ছিয়োদারাণাম্॥৪॥

্ব্যাখ্যা'। উত্তরেষাং (অশ্বিতাদীনাং চতুর্ণাং) প্রস্থপ্তক্বিচ্ছিরোদারাণাং (প্রত্যেকং প্রস্থাদিচতুর্ভেদভিরানাং) অবিছা (বিপর্যারজ্ঞানম্) কেত্রং (প্রস্বভূমিরিত্যর্থঃ)॥ ॥ তাৎপর্যা। অস্মিতা, রাগ, দ্বের ও অভিনিবেশ ইহারা প্রত্যেকে প্রস্তুপ্ত তম্ন, বিচ্ছিন্ন ও উদার এই চারিভাগে বিভক্ত। ইহাদের ক্ষেত্র অর্থাৎ সঞ্চরণস্থল (নিমিত্তকারণ) অবিদ্যা অর্থাৎ ভ্রমসংস্কার ॥ ৪ ॥

ভাষ্য। অত্রাবিছাক্ষেত্র: প্রসবভূমিঃ, উত্তরেষাং অস্মিতাদীনাং চতুর্বিধকল্পিতানাং প্রস্থপ্তত্মুবিচ্ছিলোদারাণাম্। তত্র কা প্রস্থপ্তিঃ ? চেত্রি শক্তিমাত্রপ্রতিষ্ঠানাং বীজভাবোপগমঃ, তম্ম প্রবোধঃ আল-ম্বনে সম্মুখীভাবঃ, প্রসংখ্যানবতো দগ্ধক্লেশবীজস্ত সম্মুখীভূতে২প্যা-লম্বনে নাসে পুনরস্তি দশ্ধবীজস্ত কুতঃ প্ররোহ ইতি, অতঃ ক্ষীণক্লেশঃ কুশলশ্চরমদেহ ইত্যুচ্যতে, তত্ত্বৈ সা দগ্ধৰীজভাবা পঞ্চমী ক্লেশাবস্থা নাম্যত্রেতি, সতাং ক্লেশানাং তদা বীজসামর্থ্যং দক্ষমিতি বিষয়স্থ সম্মুখীভাবেহপি সতি ন ভবত্যেষাং প্রবোধ ইত্যুক্তা প্রস্থপ্তিঃ দগ্ধ-বীজানামপ্ররোহশ্চ। তমুত্বমূচ্যতে প্রতিপক্ষভাবনোপহতাঃ 'ক্লেশা-স্তনবো ভবস্তি। তথা বিচ্ছিত্ত বিচ্ছিত্ত তেন তেনাত্মনা পুনঃ সমুদা-চরস্তীতি বিচ্ছিন্নাঃ, কথং ? রাগকালে ক্রোধস্তাদর্শনাৎ, ন হি রাগকালে ক্রোধঃ সমুদাচরতি, রাগশ্চ কচিৎ দৃশ্যমানঃ ন বিষয়ান্তরে নান্তি, নৈকস্থাং স্থ্রিয়াং চৈত্রোরক্তঃ ইত্যস্থাস্থ স্ত্রীযু বিরক্ত ইতি, কিন্তু তত্র রাগো লব্ধবৃত্তিঃ অহাত্র ভবিষ্যুদ্ভিরিতি, স হি তদা প্রস্থু-তমুবিচ্ছিল্লে। ভবতি। বিষয়ে যো লব্ধবৃত্তিঃ স উদারঃ। সর্বেব এতে ক্লেশবিষয়ত্বং নাতিক্রামন্তি। কন্তর্হি বিচ্ছিন্নঃ প্রস্থপ্তস্কুরুদারো বা ক্লেশ ইতি ? উচ্যতে, সত্যমেবৈতৎ কিন্তু বিশিষ্টানামেবৈতেষাং বিচ্ছিন্নাদিত্ম। যথৈব প্রতিপক্ষভাবনাতে। নির্ভস্তথৈব স্বব্যঞ্জকা-ঞ্জনেনাভিব্যক্ত ইতি, সর্বব এবামী ক্লেশা অবিছাভেদাঃ কস্মাৎ সর্বেষু অবিভৈয়াভিপ্লবতে, যদবিভায়া বস্থাকার্য্যতে তদেবাসুশেরতে ক্লেশাঃ বিপর্যাস-প্রভায়কালে উপলভান্তে, ক্লীয়মাণাং চাবিতা-মকুকীয়ন্তে ইতি॥ ৪॥

অমুবাদ। পঞ্চবিধ ক্লেশের মধ্যে উত্তরবর্ত্তী অস্মিতা প্রভৃতি ক্লেশচতৃষ্টয় প্রস্থপ্ত, তরু, বিচ্ছিন্ন ও উদার এই চতুর্ভাগে বিভক্ত, ইহাদের প্রসবভূমি অর্থাৎ নিমিত্তকারণ অবিছা. (কেত্রশব্দে সমবায়ি অর্থাৎ উপাদান কারণকেই বুঝায়, অস্মিতাদির উপাদান বৃদ্ধি, অবিছা নহে, অবিছা নিমিত্তকারণ হইলেও প্রধানতঃ ক্ষেত্র বলা হইয়াছে), অবস্থা চতুষ্টয়ের মধ্যে প্রস্তুপ্তি কি ? তাহা বলা বাইতেছে, চিত্তভূমিতে শক্তিভাবে বর্ত্তমান ক্লেশচতুষ্টুয়ের বীজভাবের উপগম অর্থাৎ বীজ্ঞতের (কার্য্যশক্তির) প্রাপ্তির নাম প্রস্পৃপ্তি (শক্তিমাত্র-প্রতিষ্ঠা বলায় চিত্তভূমিতে ইহাদের উৎপত্তির যোগ্যতা আছে. এবং বীজ ভাবোপগম বলায় ইহারা কার্য্য করিতে পারিবে বলা হইয়াছে), উক্ত স্থপ্ত ক্লেশগণ স্বস্থ বিষয় পাইয়া অভিব্যক্ত হয় ইহাকে প্রবোধ বলে। প্রসংখ্যানবান্ অর্থাৎ বিবেক সাক্ষাৎকার বিশিষ্ট জীবন্মুক্ত পুরুষের সন্মুখে ভোগ্য বিষয় সমুদায় উপস্থিত হইলেও উক্ত ক্লেশ সকল প্রবৃদ্ধ হয় না, কারণ বীজ দগ্ধ হইলে কিরূপে প্ররোহ (অঙ্কুর) জন্মিনে ? অতএব ক্লেশরহিত কুশল জীবন্মুক্ত পুরুষকেই চরম দেহ বলা যায়, কারণ **कीरमुक পুরুষের আর পুনর্কার জন্ম হয় না। এই জীবদ্মুক্তি অবস্থাই দগ্ধবীজ** ক্লেশের পঞ্মী অবস্থা অর্থাৎ পূর্ব্বোক্ত প্রস্থপ্তি প্রভৃতি চারিটী ক্লেশাবস্থা অপেকা করিয়া জীবনুক্তিতে ক্লেশের পঞ্চমী অবস্থা বলা যায়। ক্লেশ সমস্ত সং অর্থাৎ স্ক্রব্রপে অবস্থিত থাকিলেও উহাদের বীজশক্তি দগ্ধ হইয়াছে, স্থতরাং ভোগ্য বিষয় শব্দ স্পর্শাদি উপস্থিত হইলেও আর প্রবোধ হয় না. ( বিষয়ভোগে প্রবৃত্তি হয় না )। ক্লেশ সকলের প্রস্থপ্তি ও দগ্ধ বীজের অন্ধুরাভাব বলা হইল, সম্প্রতি তরুত্ব বলা যাইতেছে, প্রতিপক্ষ অর্থাৎ ক্রিয়া যোগের অনুষ্ঠান দারা অভিতৃত হইয়া ক্লেশ সকল তন্ত্র ( ক্ষুদ্র ) অর্থাৎ উচ্ছেদের যোগ্য হয়, এইরূপে বিচ্ছিন্ন হইয়া হইয়া নিজন্ধপে অভিব্যক্ত হয় ইহাকে বিচ্ছিন্ন অবস্থা বলে। তাহা এইরূপ, রাগ ( আসক্তি ) কালে ক্রোধ দেখা যায় না, রাগ কালে ক্রোধ সম্পূর্ণ আবির্ভূত হইয়াছে এরূপ দেখা যায় না, রাগও কোনও স্থানে দৃষ্ট হইয়াছে বলিয়া অন্ত স্থানে নাই এরূপও নহে, চৈত্র (কোনও ব্যক্তি) একটী স্ত্রীতে - অমুরক্ত হইয়াছে বলিয়া অন্ত স্ত্রীতে বিরক্ত এরপ বলা যায় না, তবে পূর্ব্ব স্ত্রীতে তাহার অনুবাগ অভিবাক্ত হইয়াছে, অন্ত স্ত্রীতে ভবিশ্বতে হইবে এরূপ বলা ৰাইতে পারে। উক্ত ভবিশ্বদন্তি রাগ প্রস্থপ্ত, ততু মথবা বিচ্ছিনভাবে আছে

বৃঝিতে হইবে। যে ক্লেশ্টী স্বকীয় বিষয়ে লক্কান্তি অর্থাৎ কার্য্যারম্ভ করিয়াছে তাহাকে উদার বলে। প্রস্থাপ্ত প্রভৃতি সকলেই ক্লেশ বিষয়তাকে পরিত্যাগ করে না. অর্থাৎ সকলেই পুরুষের হংথের কারণ হয়, যদি তাহাই হয় তবে এটা বিচ্ছিয়, এটা প্রস্থাপ্ত, এটা তয়ু বা এটা উদার এরপ ভেদ হইবার কারণ কি ? অর্থাৎ উদার অবস্থাতেই ক্লেশ প্রদান করে, প্রস্থাপ্ত প্রভৃতি সমস্তই যদি ক্লেশদায়ক হয় তবে সকলকেই উদার বলা যাইতে পারে, প্রস্থাপ্ত প্রভৃতি বিশেষ বিশেষ সংজ্ঞার কারণ কি ? বলা যাইতে গুলে, কথা সত্যই অর্থাৎ সক্লেই উদার হইতে পারে, তবে বিশেষ বিশেষ অবস্থাসহকারেই বিচ্ছিয় প্রভৃতি সংজ্ঞা হইয়াছে। উক্ত ক্লেশ সকল যেমন প্রতিপক্ষ অর্থাৎ ক্রিয়া যোগের অন্প্রানে হীনবল হয়, তর্রূপ অনুকূল কারণ সমবধানে প্রবল হইয়া উঠে। অন্মিতাদি সমস্ত ক্লেশকেই অবিভার প্রভেদ বলা যাইতে পারে, কারণ, অন্মিতাদি সমস্ত ক্লেশেই অবিভার প্রভেদ বলা যাইতে পারে, কারণ, অন্মিতাদি সমস্ত ক্লেশেই অবিভা অনুগতভাবে আছে, অবিভা দারা বস্তর স্বরূপ আরত হইলেই অন্মিতা প্রভৃতি ক্লেশ উহাতে কার্য্য করিতে সমর্থ হয়। অন্মিতাদি ক্লেশ বিপর্য্যাস জ্ঞান অর্থাৎ ভ্রমজ্ঞান কালেই লক্ষিত হয়, অবিভার কয় হইলে উহাদেরও কয় হইতে থাকে॥ ৪॥

মন্তব্য। জীবন্মুক্ত ভিন্ন আর কেহই চরম দেহ হইতে পারে না, কারণ তাহাদের উত্তরকালে দেহের সন্তাবনা আছে, সেই দেহ অপেক্ষা করিয়া বর্তমান দেহটী চরম না হইয়া পূর্ব্ব হয় জীবন্মুক্তের আর একটী দেহ হইলে সেইটী অপেক্ষা করিয়া বর্তমানটী পূর্ব্ব হইতে পারিত, তাহা নাই স্মৃতরাং জীবন্মুক্তই চরম দেহ অর্থাৎ দেহধারণের শেষ অবস্থা, আর দেহধারণ হইবে না।

ষেমন কাষ্ঠরাশি রৌদ্রে শুষ্ক হইলে অগ্নি দারা সহজেই দগ্ধ হয়, তদ্রুপ ক্রিয়া-যোগ দারা ক্রেশ সকল অভিভূত হইলে প্রসংখ্যান অগ্নি সহজেই দগ্ধ করে। প্রতিপক্ষ অন্তর্মপেও হইতে পারে, সম্যক্ জ্ঞান অবিভার, ভেদদর্শন অগ্নিতার, মাধ্যস্থ রাগ ও দেষের এবং স্বাভাবিক মরণ-ত্রাস-নিবৃত্তি অভিনিবেশের প্রতিপক্ষ।

বিচ্ছিন্ন অবস্থা সজাতীর ও বিজাতীর বৃত্তি ধারা সম্পন্ন হয়, রাগ ধারা দ্বেষ বিচ্ছিন্ন হয়, এবং বিষয়াস্তরবর্তী রাগ ধারাই রাগের বিচ্ছেদ হইতে পারে। ক্রিয়াযোগ প্রভৃতি প্রতিপক্ষ ভাবনা দারা ক্রেশ নিবৃত্তি করিবে বলিয়াই ক্রেশ সকলের প্রস্থুপ্র প্রভৃতি বিভাগ করা হইয়াছে। একটা সংগ্রহ শ্লোকে প্রস্থাদির নির্দেশ আছে:—

श्रञ्जशास्त्रज्ञानानाः ज्यवश्राम् त्याणिगाम्। विष्क्रित्वानावक्रणाम् ज्यविश्व विषयेविशाम्॥

অর্থাৎ তত্ব ( প্রকৃতি প্রভৃতি ) লীনগণের ক্লেশ প্রস্থপ্ত থাকে, যোগিগণের তমু হয়, এবং বিষয়াসক্তগণের ক্লেশ বিচ্ছিন্ন ও উদারভাবে অবস্থান করে॥ ৪॥

ভাষ্য। তত্রাবিছাস্বরূপমুচ্যতে।

সূত্র। অনিত্যাশুচিহঃখানাত্মস্থ নিত্যশুচিস্থাত্মখ্যাতি-রবিছা॥ ৫॥

ব্যাখ্যা। অনিত্যাশুচিহ:খানাত্মস্থ (অস্থায়িনি, অপবিত্রে, হু:খে, আত্ম-ভিন্নের্চ) নিত্যশুচিস্থাত্মখাতি: ( যথাক্রমং নিত্যস্ত, পবিত্রস্ত, স্থস্ত, আত্ম-নশ্চ খ্যাতি: তদ্বুদ্ধি: ) অবিত্যা ( মিথ্যাজ্ঞানং ভ্রম ইতি যাবং )॥ ৫॥

তাৎপর্য্য। অনিত্য বস্তুতে নিত্যজ্ঞান, অশুচিতে শুচিজ্ঞান, হুংথে সুথজ্ঞান ও অনাত্মায় আত্মজানকে অবিছা অর্থাৎ অজ্ঞান বলে॥ ৫॥

ভাষা। অনিত্যে কার্য্যে নিত্যখাতিঃ, তদ্যথা, ধ্রুবা পৃথিবী, ধ্রুবা সচন্দ্রতারকাছ্যোঃ, অমৃতা দিবোকস ইতি। তথাহশুচো পরমনীভৎসে কায়ে উক্তঞ্চ "স্থানাদ্বীজ্ঞাত্নপটস্তারিক্সন্দারিধনাদপি। কায়মাধেয়শোচত্বাৎ পণ্ডিতা হশুচিং বিছঃ" ইত্যশুচো শুচিখ্যাতিদৃশ্যতে, নবেব শশাক্ষলেখা কমনীয়েয়ং কত্যা মধ্বমৃতাবয়বনির্দ্মিতেব
চন্দ্রং ভিত্বা নিঃস্ততেব জ্ঞায়তে নীলোৎপলপত্রায়তাক্ষী হাবগর্ভাভ্যাং
লোচনাভ্যাং জীবলোকমাশাসয়ন্তীবেতি, কন্ম কেনাভিসম্বন্ধঃ,
ভবতি চৈব্যশুচো শুচিবিপ্র্য্যাস প্রত্যয়ঃ ইতি। এতেনাপুণ্যে
পুণ্যপ্রত্যয়ন্তথিবানর্থে চার্থপ্রত্যয়ো ব্যাখ্যাতঃ। তথা ছঃখেঃ স্থেখ্যাতিং বক্ষ্যতি পরিণামতাপসংক্ষারছুইখের্গ্রাহুবিব্রোধান্ত ছঃখমেব

সর্ববং বিবেকিনঃ" ইতি, তত্র স্থখ্যাতিরবিছ্যা। তথাহনাত্মস্থাত্ম-খ্যাতিঃ বাছোপকরণেষু চেতনাচেতনেষু, ভোগাধিষ্ঠানে বা, শরীরে, পুরুষোপকরণে বা মনসি অনাত্মগ্রাত্মগ্রাতিরিতি, তথৈতদত্রোক্তং "ব্যক্তমব্যক্তং বা সম্বামান্তমোভিপ্রতীতা তম্ম সম্পদমন্ত্রনদ্ধতি আত্মসম্পদং মন্থানঃ তস্ত ব্যাপদমনুশোচতি আত্মব্যাপদং মন্তমানঃ স সর্বোহপ্রতিবৃদ্ধঃ" ইতি। এষা গ্রতুপদা ভবত্যবিদ্যা মূলমস্থ ক্লেশ-সন্তানস্থ কর্মাশয়স্থ চ স্বিপাকস্থ ইতি। তন্তাশ্চামিত্রা গোষ্পাদ্বৎ বস্তুসতত্বং বিজ্ঞেয়ং, যথা নামিত্রো মিত্রাভাবো ন মিত্রমাত্রং কিন্তু ত্রিক্তন্ধঃ সপত্নঃ, তথা২গোষ্পদং ন গোষ্পদাভাবো ন গোষ্পদমাত্রং কিন্তু দেশ এব তাভ্যামন্তৎ বস্তুম্বরং, এবমবিছা ন প্রমাণং ন প্রমাণা-ভাবঃ কিন্ত বিছা-বিপরীতং জ্ঞানান্তরমবিছেতি ॥ ৫॥

অমুবাদ। অনিত্য কার্য্য বস্তুতে নিত্যজ্ঞান, যেমন পৃথিবী ধ্রুবা অর্থাৎ নিতা। চন্দ্রতারকাবিশিষ্ট অন্তরিক্ষ লোকও নিতা, দেবগণ অমর। এইরূপ অতিশয় মুণাজনক অপবিত্র শরীরে শুচিজ্ঞান, শুরীরের অপবিত্রতাসময়ে উক্ত আছে, শরীরের স্থান মূত্রাদিবিশিষ্ট মাতৃউদর, বীজ মাতাপিতার লোহিত ও শুক্র, উপষ্টস্ত অর্থাৎ পোষক ভক্ষ্য ও পেয় বস্তুর পরিণাম রসরক্রাদি, স্বেদ অর্থাৎ ঘর্ম প্রভৃতি এবং মরণ, এই কএকটা কারণে পণ্ডিতগণ শরীরকে অপবিত্র বলিয়া থাকেন, শরীর আধেয় শৌচ অর্থাৎ ইহার শুচিতা মৃদুজলাদি দারা সম্পন্ন হয়, অতএব উহা অপবিত্র, (শরীর স্বভাবতঃ শুদ্ধ হইলে উক্ত মূদ প্রভৃতি দ্বারা উহার শোচের আবশুক ছিল না )। এইরূপে অপবিত্র শরীরে পবিত্রতা জ্ঞান হইয়া থাকে, বেমন, বেন মধুময় অমূত মাথা অবয়ব দারা বিনিশ্বিত, অভিনব চক্রলেথার স্থায় মনোহারিণী এই কামিনী চক্রমণ্ডল ভেদ क्रिजार एक विश्रं इरेजाए विना त्वां स्ट्रिंट्ड ; नीनक्रम नत्न जान বিশাল নয়ন ঐ স্ত্রী হাবভাবমিশ্রিত নয়নম্বয়ে জীবলোকের যেন কতই আখাস জন্মাইতেছে। (বিচার করিলে ঐ স্ত্রীশরীরের পবিত্রতা কোথায়?) তথাপি **अ.७**ि जीगतीत्त ७ि विनया जम रहेना थाक । हेरात होता अर्था अर्थाः

পাপকার্য্যে (হিংসাদিতে) পুণ্যজ্ঞান এবং অনর্থে (ধনাদিতে) অর্থ (কল্যাণ) বলিয়া ভ্রান্তিজ্ঞান বলা হইয়াছে বুঝিতে হইবে। এইরূপ ফু:থে স্থথবোধ "পরিণাম তাপসংস্কার" ইত্যাদি সাধন পাদের ১৫ স্থত্রে বলা হইবে। বিবেকীর দৃষ্টিতে সমস্তই হু:খ, অর্থাৎ অজ্ঞলোকে যাহাকে স্থখ বা স্থাখের উপায় বলিয়া জाনে ঐ সমস্ত বৈষয়িক পদার্থ বিবেকীর চক্ষে হঃখময়, উহাতে সুখ জ্ঞান হয় এটা অবিছা অর্থাৎ ভ্রান্তিজ্ঞান। এইকূপে অনাম বস্তুতে আমুজ্ঞানকেও অবিছা বলিয়া জানিবে, চেতন ও অচেতনভেদে ছই প্রকার বাহ্ বস্তুতে, ভোগের অধিষ্ঠান (অবচ্ছেদক) স্থূল শরীরে অথবা পুরুষের উপকরণ (ভোগজনক) চিত্ত এই সমস্ত অনাত্ম বস্তুতে আত্মজান ইহাও অবিছা। এ বিষয়ে ভগবান পঞ্চশিখ আচার্য্য বলিয়াছেন, ব্যক্ত অর্থাং চেতন পুত্র স্ত্রী ও পণ্ড প্রভৃতি এবং অব্যক্ত অর্থাৎ অচেতন শ্যা আসন প্রভৃতি পদার্থকে আত্মা বলিয়া জানিয়া তাহারই সম্পদ্ বিপদ্কে নিজের সম্পদ্ বিপদ্ বলিয়া জানিয়া সমস্ত অজ্ঞলোক আনন্দিত ও হঃথিত হইয়া থাকে। উক্ত অনিত্য প্রভৃতি বিষয়ে চারি প্রকার অবিষ্ঠাই ক্লেশ সমুদায়েরও সবিপাক (জাতি, আয়ুঃ ও ভোগরূপ ফলের সহিত) ধর্মাধর্মার কর্মাশয়ের মূল। অমিত্র (শক্র) ও অগোপাদের (বৃহৎ দেশের) ন্তার অবিক্তা একটা বস্তু সতত্ত্ব অর্থাৎ ভাব পদার্থ, যেমন অমিত্র বলিলে মিত্রের অভাব অথবা কেবল মিত্র না বুঝাইয়া মিত্রের বিরুদ্ধ শক্ত বুঝায়, বেমন অগোপদ বলিলে গোপাদের অভাব অথবা কেবল গোপদ না বুঝাইয়া উহাদের অতিরিক্ত একটা বিপুল দেশরূপ অন্ত বস্ত বুঝায়, তদ্রপ অবিল্লা প্রমাণ বা প্রমাণের অভাব নহে, কিন্তু বিস্থার (জ্ঞানের) বিপরীত (বিনাশ্র) অন্ত একটা लमकान ॥ ६॥

মন্তব্য। উল্লিখিত অবিভাশকে মিথ্যা সংস্থারকেই ব্ঝিতে হইবে, উহাঁ আবহমানকাল প্রসিদ্ধ, তত্বজ্ঞান ভিন্ন অপর কিছুতেই উহার বিনাশ হয় না, যতদিন উহা থাকিবে ততকাল জীব এই সংসারবন্ধনে আবদ্ধ থাকিবে।

হিংসাদিকার্য্যে ধর্ম্মবৃদ্ধি বলায় বৈধহিংসার (বিলদান) উল্লেখ হইরাছে। বৈধ্যক্ষিলাবিষয়ে শাস্ত্রের মতভেদ আছে, সাংখ্য পাতঞ্জলমতে বৈধহিংসায় (প্রতিবিনাশে) যাগের সিদ্ধি হয় অথচ পাপ হয়, পাপ অপেক্ষা পুণাের ভাগ অতিরিক্ত বলিয়াই লােকের উহাতে প্রবৃত্তি হইরা থাকে। মীমাংসক নৈয়ামিক

#### [ श २ । मू ७ । ] माधन शाहा

প্রভৃতির মতে বৈধহিংসার পাপ নাই। বেভাবেই হউক মুমুক্লিণের সকাম ধর্মের অনুষ্ঠান বিধেয় নহে স্থতরাং পশুহিংসা না করাই ভাল। কাম্যকর্মেই হিংসার বিধান আছে, মুমুক্লগণ সর্বাদা কাম্যকর্ম পরিত্যাগ করিবেন।

নঞের অর্থ ছয় প্রকার "তৎসাদৃশ্রমভাবশ্চ, তদগ্রতং তদয়তা। অপ্রাশস্তাং বিরোধশ্চ নঞ্জাঃ বট্ প্রকীর্ত্তিতাঃ। এস্থলে, বিরোধ অর্থে নঞ্জের সহিত নঞ্জতৎপুরুষ সমাস করিয়া অবিফা পদ, হইয়াছে, বিফার (জ্ঞানের) বিরোধী অর্থাৎ বিনাশ্র, বিফা (জ্ঞান) দ্বারা অবিফার বিনাশ হইয়া থাকে॥ ৫১॥

# সূত্র। দৃগদর্শনশক্ত্যোরেকাত্মতেবাস্মিতা॥ ৬॥

ব্যাখা ৷ দৃগদর্শনশক্যোঃ (দৃক্শক্তেঃ ভোকুষ্যোগ্যন্ত, পুরুষন্ত, দর্শনশক্তেঃ দৃশতে ইতি দর্শনং তচ্ছক্তেঃ ভোগ্যন্থযোগ্যায়া বৃদ্ধেন্চ ) একাত্মতেব ( তাদাদ্যাভিমানঃ অভেদারোপঃ "অহং সুখী" ইত্যাদিঃ ) অস্মিতা ( অহন্ধারঃ অহং ভাব ইত্যর্থঃ ) ॥ ৬ ॥

তাৎপর্য্য। বুদ্ধি ও পুরুষের অভেদ অভিমানকে অস্মিতা বলে॥৬॥

ভাষ্য। পুরুষো দৃক্শক্তিঃ বৃদ্ধিদর্শনশক্তিঃ ইত্যেতয়োরেকস্বরূপাপত্তিরিবাহিম্মতা ক্লেশ উচ্যতে। ভোজ্ভভোগ্যশক্ত্যোরতাস্তবিভক্তয়োরতাস্তাসক্ষীর্ণয়োরবিভাগপ্রাপ্তাবিব সত্যাং ভোগঃ কল্পতে,
স্বরূপপ্রতিলম্ভে তু তয়োঃ কৈবলামেব ভবতি কুতো ভোগ ইতি।
তথাচোক্তং "বৃদ্ধিতঃ পরং পুরুষমাকারশীলবিভাদিভিবিভক্তমপশ্যন্
কুর্য্যান্তত্রাত্মবৃদ্ধিং মোহেন" ইতি॥ ৬॥

অমুবাদ। পুরুষ দৃক্শক্তি অর্থাৎ চেতন ভোকা, বৃদ্ধি অচেতন ভোগ্য এই উভয়ের অভেদ অভিমানের নাম অস্মিতা ক্লেশ, ফ্ত্রে ইব শব্দ থাকার অভেদের আরোপ বৃদ্ধিতে হইবে অর্থাৎ উভয়ে যেন অভিন্ন হইয়া যায়, বাস্তবিক অভেদ নহে। অত্যন্ত বিভিন্ন ধর্মবিশিষ্ট অতএব সম্পূর্ণ পৃথক্ ভোগ্যশক্তি (বৃদ্ধি) ও ভোক্শক্তির (পুরুষ) অবিভাগ অর্থাৎ অভেদ আরোপ হইলেই ভোগ ( স্থাহঃথাদির সাক্ষাৎকার ) হয়। উক্ত উভয়ের স্বরূপ ( বিবেকজান ) সাক্ষাৎকার হইলে মৃক্তি হয়, স্থতরাং ভোগ হয় না। ভগবান্ পঞ্চশিথ এইক্রপই

বিলয়াছেন; আকার, শীল ও বিশ্বাদিরপে বৃদ্ধি হইতে অত্যস্ত বিভিন্ন পুরুষকে জানিতে না পারিয়া মোহবশতঃ ঐ বৃদ্ধিকেই সাধারণে আত্মা বিলয়া জানে। পুরুষের আকার (স্বরূপ) সদা বিশুদ্ধি, শীল (স্বভাব) উদাসীনতা ও বিশ্বা চৈতত্য। বৃদ্ধির আকার অবিশুদ্ধি, শীল অনুদাসীন অর্থাৎ বন্ধন ও জড়তা অর্থাৎ চৈতত্তের অভাব ইত্যাদি॥৬॥

মস্তব্য। নির্মাল চিদাকাশে এই অস্মিতাই কালমেঘের সঞ্চার, ইহাকেই হাদয়গ্রন্থি বলে, প্রথমতঃ অবিতা দার্মী আত্মার স্বরূপ আরত হয়, অনস্তর উক্ত অস্মিতার আবির্ভাব হয়, এই অস্মিতাকে অজ্ঞানের বিক্ষেপশক্তি বলিলেও চলে। এই অস্মিতারূপ হৃদয় বন্ধন কথন ব্যক্তভাবে কথন বা অব্যক্তগ্রাবে আনদি কাল হইতে চলিয়া আদিয়াছে. এই নিমিত্তই জীবকে অনাদি বলা হইয়া থাকে। আত্মদর্শন তীক্ষ অস্ত্রে ঐ বন্ধন ছেদ হয় "ভিত্ততে হৃদয়গ্রন্থি-শিছ্তাস্তে সর্ব্ধসংশয়াঃ। ক্ষীয়স্তে চাস্ত কর্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে" অর্থাৎ আত্মদর্শন হইলে হৃদয়গ্রন্থি (অস্মিতা) ভেদ হয়, সমস্ত সংশয় বিদ্রিত হয়, এবং ভোগের জনক ধর্মাধর্ম ক্ষয় হয়।

স্ত্রে শক্তিপদ থাকার বৃদ্ধি ও পুরুষের যোগ্যতারূপ সম্বন্ধ বলা হইরাছে, প্রাকৃতি পুরুষের সংযোগ হইতে স্থাষ্ট হয়, এই সংযোগশন্দে উক্ত যোগাতা বৃনায়, নতুবা উভয়েই বিভূ, স্কৃতরাং অক্তভাবে সংযোগ হইতে পারে না। এই অনাদি সম্বন্ধ হইতেই স্থাষ্ট হয়। বৃদ্ধি (প্রকৃতি) ও পুরুষের একত্রে মীলনকেই জীবভাব বলে। জীবশন্দে কেবল জড় বৃদ্ধি বা কেবল অসঙ্গ পুরুষ বৃনায় না, কিন্তু "চিজ্জড়সমষ্টিজীবং" অর্থাৎ চেতন ও জড়ের মিশ্রণই জীব॥ ৬॥

#### সূত্র। স্থানুশয়ী রাগঃ॥ १॥

ব্যাখ্যা। স্থামুশরী (স্থামুশেতে বিষয়ীকরোতি ইতি স্থামুশরী স্থ-গোচর: ইতার্থ: ) রাগ (আসক্তি: কাম: তৃষ্ণা ) ॥ १ ॥

তাৎপর্যা। স্থথ বা স্থথের উপায়ে কামনাকে রাগ বলে॥ १॥

ভাষ্য। স্থাভিজ্ঞস স্থামুস্তিপূর্বঃ স্থাও তৎসাধনে বা যো গৰ্মস্থালোভঃ স রাগ ইভি ॥ ৭॥ অমুবাদ। যে ব্যক্তি স্থুখভোগ করিয়াছে, তাহার স্থাপের শারণ হইয়া স্থুখ বা স্থুখির সাধনে ( স্থুজনক পদার্থে) যে লোভ তাহাকে রাগ বলে। গর্জ, তৃষ্ণা, লোভ ও রাগ এই কয়েকটা পর্যায় শব্দ ॥ १॥

মন্তব্য। কোনও একটা বস্ত স্থাথের কারণ ইহা পূর্ব্বে অমুভব করিয়া তজাতীয় অভ্য বস্তুতে অমুরক্তি হয়। অমুভব না হইলে স্মৃতি হয় না বনিয়া স্থাভিজ্ঞভ বলা হইয়াছে॥ ৭॥

# সূত্র। হুঃখানুশয়ীদ্বেষঃ॥৮॥

ব্যাখ্যা। ছংখামুশয়ী (ছংখনন্থশেতে বিষয়ীকরোতি ইতি ছংখবিষয়কঃ)
 ছেয়ঃ (ক্রোধঃ প্রতিপক্ষভাবনম্ ইত্যর্থঃ)॥৮॥

তাৎপর্য্য। যে ব্যক্তি ছঃখের অন্মূভব করিয়াছে তাহার ছঃথ অথবা ছঃথের কারণে যে ক্রোধ হয় তাহাকে দেব বলে॥ ৮॥

ভাষ্য। ত্রংখাভিজ্ঞস্থ ত্রংখানুস্মৃতিপূর্বেরা ত্রংখে তৎসাধনে বা যঃ প্রতিযোমনুমূর্জিঘাংসা ক্রোধঃ স দ্বেষ ইতি॥৮॥

অমুবাদ। হঃখাভিজ্ঞ অর্থাৎ যে ব্যক্তি কখন ও হঃথের অমুভব করিয়াছে তাহার হুংথ স্থারণ হইয়া হুংথ অথবা হুংথের কারণ প্রহার প্রভৃতিতে যে ক্রোধ হয় তাহাকে দ্বেষ বলে। প্রতিষ, মহ্যু, জিঘাংসা, ক্রোধ ও বেষ ইহারা পর্য্যায়শক্ষ ॥৮॥

মস্তব্য। পূর্ব্ব হত্রের স্থায় এখানেও বুঝিতে হইবে কোনও বিষয়কে প্রথমতঃ ছঃথের কারণ বলিয়া প্রতীতি হয় অনস্তর তৎসজাতীয় বস্তুতে ছঃথের কারণ বলিয়া স্মরণ হইয়া বিদ্বেষ জন্মে॥৮॥

## সূত্র। স্বরসবাহী বিত্রোহপি তথারঢ়োহভিনিবেশঃ ॥৯॥

ব্যাখা। স্বরস্বাহী (পূর্বজন্ম অসক্রারণছংগান্থ-বজন্তগার্ম্বর্সমূহঃ স্বরসঃ, তেন বহতি প্রভবতি ইতি সাভাবিক ইত্যর্থঃ) বিছ্বোহপি (প্রতামুন্মানাভ্যাং জাতপরোক্ষবিবেকবতঃ অপি) তথারুড়ঃ (অবিছ্ব ইব প্রেসিক্ষঃ)
স্বভিনিবেশঃ (মরণতাসঃ সদা স্বজীবনপ্রার্থনম্ ইত্যর্থঃ॥ ১॥

তাৎপর্যা। পূর্ব পূর্বে জন্মে মরণছঃথ অনুভব করিয়া বিজ্ঞ বা অজ্ঞ সাধারণের যে মরণভয় হয় তাহাকে অভিনিবেশ নামক ক্লেশ বলে॥৯॥

ভাষা। সর্ববস্থ প্রাণিন ইয়মায়াশীর্নিত্যা ভবতি, "মান ভ্বং ভ্রাসমিতি।" ন চানমুভ্তমরণধর্মকসৈষা ভবত্যাত্মাশীঃ, এতয়া চ পূর্বজন্মামুভবঃ প্রতীয়তে, স চায়মভিনিবেশঃ ক্লেশঃ স্বরসবাহী ক্মেরপি জাতমাত্রস্থ প্রত্যক্ষামুমানাগমৈরসম্ভাবিতো মরণত্রাস উচ্ছেদদ্ফ্যাত্মকঃ পূর্বজন্মামুভ্তং মরণত্রঃখমমুমাপয়তি। যথাচায়মত্যস্তম্ট্রে দৃশ্যতে ক্লেশস্তথা বিত্বোহপি বিজ্ঞাতপূর্ববাপরাস্তস্থ রূঢ়ঃ, কন্মাৎ, সমানাহি তয়োঃ কুশলাকুশলয়োঃ মরণত্রঃখামুভবাদিয়ং বাসনেতি॥৯॥

অমুবাদ। প্রাণিমাতেরই আত্মবিষয়ে এইরপে আশী: অর্থাৎ ইচ্ছাবিশেষ
সর্বাদাই হইয়া থাকে:—"আমার না থাকা যেন হয় না, কিন্তু চিরকালই যেন
বাঁচিয়া থাকি।" মরণরূপ ধর্ম অর্থাৎ আত্মার অবস্থাবিশেষকে যে অমুভব করে
নাই ভাহার উক্ত প্রকারে আত্মবিষয়ে আশী: ইচ্ছাবিশেষ হয় না। এই
আশীর্বাদে জানা যায় বে পূর্বজন্ম আছে। কি প্রভাক, কি অনুমান, কি শক্ষ
কোনও প্রমাণ দ্বারা মরণছঃথ জানিতে পার্রে নাই, কেবল জন্মিয়াছে এরপ
কৃমি কীটেরও উচ্ছেদ দৃষ্টি স্বরূপ (বুঝি বাঁচি না এইরূপ) মরণত্রাস হইয়া থাকে,
স্বাভাবিক এই অভিনিবেশ ক্রেশ পূর্বজন্ম মরণছঃথের অনুমান করায়। এই
অভিনিবেশ মরণত্রাস যেমন অত্যন্ত মৃচ্ ব্যক্তির আছে এরূপ যে বিদ্বান্ পূরুষ
আত্মার পূর্বান্ত অর্থাৎ পূর্বকোটি সংসার ও পরান্ত অর্থাৎ পরকোটি কৈবল্য
শাস্ত্রাদি দ্বারা পরোক্ষভাবে জানিয়াছেন তাঁহারও হইয়া থাকে, কারণ, কুশল
বা অকুশল অর্থাৎ পণ্ডিত বা মূর্থ উভয়েরই মরণছঃথায়ভব জন্ম এই সংশ্বার
(মরণছঃথবিষয়ে জ্ঞান) একরূপ অর্থাৎ যমের ভিন্ন সকলেরই সমান॥ ৯॥

মন্তবা। এই হত্ত ভাষাটীর উপর বিশেষ লক্ষ্য রাখা প্রয়োজন, পরকাল দিন্ধ হইলেই সমস্ত শাস্ত্রের আবর্তাক, ধর্মাহ্মানের আবতাক, পাপকার্য্য হইতে বির্ক্তির আবতাক। মরিব বলিয়া সকলেরই ভয় হইয়া থাকে, কেন হয়? মুমুণ্টী হুঃথ অথবা হুঃথের কারণ ইহা বিশেষরূপে অবগত না হইলে মরণে ভয় হয় না। যাঁহার ঐ ভয় হয় সে কখনই বর্ত্তমান জন্মে মরণছ্ঃথ অম্ভব করে নাই। মরণ হইলে আর বর্ত্তমান জন্ম কোথায়? তবেই শীকার করিতে হইবে ঐ ভীত ব্যক্তি জন্মান্তরে মরণছ্ঃথ অবশ্যই অম্ভব করিয়াছে, স্থতরাং জন্মান্তর দিছ হইল। কেবল জন্মিরাছে এরূপ গোবৎস আপনা হইতেই মাতৃস্তম্য পান করে, স্তম্পান করিলে ক্ষ্মা নিরুত্তি হয় ইহা সে কখনই জানে নাই। এইটী অভীপ্টের সাধক এরূপ জান না হইলে তাহাতে প্রবৃত্তি জন্মে না, স্থতরাং শীকার করিতে হইবে গোবৎস পূর্বর্ত্তরে স্তম্পান করিয়া জানিয়াছে উহাতে ক্ষ্মা নিরুত্তি হয় তাই বিনা উপদেশে নিজেই প্রবৃত্ত হইয়া থাকে। স্তম্ভিপ্রবাহ জ্বনাদি, স্থতরাং প্রথম জন্ম করিপে প্রবৃত্তি ইইয়াছে এরূপ আশকা হইবে না। দিছান্তে সকল জীবেই সকল জন্ম পরিগ্রহ করিয়াছে, জীবের প্রথম জন্ম ধরা যায় না।

জনান্তরের সংস্কার প্রমাণ করিতে গিয়া শঙ্করাচার্য্য একটা দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছেন, বানরশিশু গর্ভ ইইতেই ছইখানি হাত বাহির করিয়া হক্ষের ক্ষুদ্র শাখা ধারণ করে, এদিকে বানরী বিপরীতদিকে সরিয়া যায়, এইরপে বানরী প্রসব করে। ভগবানের আশ্চর্য্য লীলা, বানর শিশুকে ডাল ধরিতে কে শিখাইল ? মার্জার প্রভৃতি জীবন নির্কাহ করিতে হতগুলি সংস্কারের প্রয়োজন, মার্জার জন্ম পরিগ্রহ করিলে প্রাক্তন উক্ত সংস্কার সমুদায় আপনা হইতেই উবুদ্ধ হয়। সর্প দেখিলে নকুল বিবাদ করে, মুবিক দেখিলে মার্জারে ধরিতে যায় ইহা কেইই শিখাইয়া দেয় না। জন্মান্তরের অসংখ্য সন্ধার থাকিলেও কেবল জীবন নির্কাহোপযোগী সংস্কারগুলির উদ্বোধ হয়। সেই সেই জীবনই তত্তৎ সংস্কারের উদ্বোধক, স্কতরাং সংস্কার সাধারণের উদ্বোধ হয় না। একটী মার্জার জন্মের পর শতজন্ম ব্যবধানে পূন্ব্যার মার্জার জন্ম হইলেও মার্জার সংস্কারেরই উদ্বোধ হইয়া থাকে, এ সমস্ত বিষর চতুর্থ অধ্যায়ের ন্বম স্ত্রে প্রকাশিত হইবে॥ ৯॥

### সূত্র। তে প্রতিপ্রসবহেয়াঃ সূক্ষাঃ॥ ১০॥

ব্যাখ্যা। তে (ক্লেশাঃ) ক্ল্মাঃ ( সংস্কাররপাঃ ) প্রতিপ্রসবহেরাঃ ( প্রতিপ্রসবনের প্রসবেন প্রসবেন চিত্তবিনাশেন হেয়া উচ্ছেক্সাঃ ) ॥ ১০ ॥

তাৎপর্য্য। পুরুষের ভোগ ও অপবর্গ জন্মাইয়া ক্কতাথচিত্ত প্রতিলোম-ভাবে স্বকারণ্ অস্বিতার লীন হইলে সংস্কাররূপ ক্ষম ক্লেশ নষ্ট হয় ॥ ১০॥

ভাষ্য। তে পঞ্চক্রেশা দগ্ধবীজকল্পা যোগিনশ্চরিতাধিকারে চেত্রসি প্রলীনে সহ তেনৈবাস্তং গচ্ছস্তি॥ ১০॥

অন্থবাদ। প্রসংখ্যানরূপ অগ্নি দারা যোগিগণের ক্লেশপঞ্চ দগ্ধবীজ সদৃশ হইয়া ক্লুতক্বতা স্থকারণে বিলীন চিত্তের সহিত অস্তমিত হইয়া যায়॥ > • ॥

মন্তব্য । ক্তুকার দগ্ধবীজ সদৃশ কেশপঞ্চকের পঞ্চমী অবস্থার উল্লেখ করেন নাই, কারণ, যাহা পুরুষের প্রয়ত্ত হারা দ্রীভূত হয় তাহারই উপদেশ দেওয়া কর্ত্তব্য, অশকাবিষয়ে উপদেশ প্রদান নির্থক। ক্লেশ সকলকে সংস্কার-ক্ষণে স্থিতিরূপ ক্লে অবস্থা হইতে সমূলে বিনাশ করা পুরুষের প্রয়ত্ত্বসাধ্য নহে, উহা চিত্তবিনাশের সঙ্গেই তিরোহিত হয়, তাই ক্যুকার উহার উল্লেখ করেন নাই॥১০॥

# ভায় । স্থিতানাস্ত বীজভাবোপগতানাম্। ্সূত্র । ধ্যানহেয়াস্তদ্ভয়ঃ॥ ১১॥

ব্যাখ্যা। তদ্বুত্তয়ঃ (তেষাং ক্লেশানাং স্থতঃথমোহাত্মকাঃ স্থুলব্যাপারাঃ)
ধ্যানহেয়াঃ (ধ্যানেন হাতব্যাঃ )॥ >> ॥

তাৎপর্য্য। ক্লেশপঞ্চকের স্থথত্বও ও মোহস্বরূপ স্থুল বৃত্তি সকল ধ্যান শারা তিরোহিত হয়॥ ১১॥

ভাষ্য। ক্লেশানাং যা বৃত্তরঃ সুলান্তাঃ ক্রিয়াযোগেন তন্কৃতাঃ , সত্যঃ প্রসংখ্যানেন ধ্যানেন হাতব্যাঃ, যাবৎ সৃক্ষীকৃতা যাবৎ দগ্ধবীজকল্পা ইতি। যথাচ বস্ত্রাণাং স্থুলো মলঃ পূর্ববং নিধ্রতে, পশ্চাৎ
স্ক্ষো যত্নেনাপায়েনাপনীয়তে তথা স্বল্পপ্রতিপক্ষাঃ সুলার্ভয়ঃ
ক্রেশানাং সৃক্ষান্ত মহাপ্রতিপক্ষা ইতি॥ ১১॥

অনুমাদ। বীজভাবে ( সংস্থাররপে) বর্তমান ক্রেশ সম্দায়ের যে সমস্ত স্থল-বৃদ্ধি অর্থাৎ সংসারদশার যাহাদের ভোগ হয় উহার। ক্রিয়াযোগ দারা তনুকৃত (হীনবল) হইয়া প্রসংখ্যানরপ ধ্যান ধারা ত্যাগের যোগ্য হয়, বেকাল পর্যান্ত রেশ সকল স্ক্রীকৃত হইয়া দশ্ধবীজের ত্যায় হয় ততকাল প্রসংখ্যান করিবে। বেমন বস্ত্রের স্থূলমল (ধূলি প্রভৃতি) সহজ উপায়ে অপনীত হয়, অনন্তর স্ক্রমল প্রযন্ত (ক্ষারাদির সংযোগ) সহকারে দ্রীভৃত হয়, তদ্ধপ ক্রেশপঞ্জের স্থান্তি সকল স্বল্প প্রতিপক্ষ অর্থাণ সহজ উপায় ধারা বিনপ্ত হয়, স্ক্রবৃত্তি (সংস্কার) দ্র করিতে বিশেষ প্রযন্তের আব্রশ্বক ॥ ১১ ॥

মন্তব্য। ক্লেশের তন্করণ (হীনবল করা) পর্যান্ত পুরুষের প্রয়ন্ত্রাধ্য, পূর্বোক্ত স্ক্র অবস্থা হইতে একেবারে উচ্ছেদ করা প্রয়ন্ত্রাধ্য নহে, উহা চিত্ত-বিনীশের সহিতই হইরা থাকে। কেবল স্থূলতা ও ক্লশতারূপ সাদৃশ্য অবলম্বন করিয়াই বস্ত্রের মলকে দৃষ্টান্ত করা হইয়াছে, বস্ত্রের স্ক্রমল পুরুষপ্রয়ন্ত্র দারা অপনীত হইতে পারে, কিন্তু ক্লেশের স্ক্র অবস্থা অর্থাৎ সংস্কারক্রপে অবস্থিতি পুরুষপ্রয়ন্ত্রে অপনীত হয় না একথা পূর্বেই বলা হইয়াছে॥ ১১॥

## সূত্র। ক্লেশমূলঃ কর্মাশয়ো দৃষ্টাদৃষ্টজন্মবেদনীয়ঃ॥ ১২॥

ব্যাখ্যা। দৃষ্টাদৃষ্টজন্মবেদনীয়ঃ (ইহ জন্মনি ভবিষ্যতি বা ফলজনকঃ) কর্মাশয়ঃ (ধর্মাধর্মরূপঃ) ক্লেশমূলঃ (ক্লেশাঃ মূলং উৎপত্তী কার্য্যজননে চ যন্ত স তথা)॥ ১২॥

তাৎপর্য্য। ধর্মাধর্মরূপ কর্মাশয় ক্লেশমূলক অর্থাৎ ক্লেশ থাকিলেই উহারা ফল প্রদান করিতে পারে; উহারা বর্ত্তমান জন্মে অথবা ভবিষ্থৎ জন্মে ফল প্রদান করিয়া থাকে ॥ ১২ ॥

ভাষ্য। তত্র পুণ্যাপুণ্যকর্মাশয়ঃ কামলোভমোহক্রোধপ্রসবঃ।
স দৃষ্টজন্মবেদনীয়শ্চাদৃষ্টজন্মবেদনীয়শ্চ, তত্র ভীত্রসংবেণেন মন্ত্রপঃ
সমাধিভির্নির্বার্ত্তিঃ ঈশরদেবতামহর্ষিমহামুভাবানামারাধনাদা যঃ
পরিনিষ্পারঃ স সন্তঃ পরিপচ্যতে পূণ্যকর্মাশয় ইতি। তথা তীত্রক্রেশেন ভীতব্যাধিতকৃপণেষ্ বিশ্বাসোপগতেষ্ বা মহামুভাবেষ্ বা
তপদ্বিষ্ কৃতঃ পুনঃপুনরপকারঃ স চাপি পাপকর্মাশয়ঃ সন্ত এব পরি-

পচ্যতে। যথা নন্দীশ্বঃ কুমারো মনুষ্যপরিণামং হিন্বা দেবছেন পরিণতঃ, তথা নহুষোহপি দেবানামিন্দ্রঃ স্বকং পরিণামং হিন্বা তির্যাক্ষেন পরিণত ইতি। তত্র নারকাণাং নাস্তি দৃষ্টজন্মবেদনীয়ঃ কর্ম্মাশয়ঃ, ক্ষীণক্রেশানামপি নাস্তি অদৃষ্টজন্মবেদনীয়ঃ কর্মাশয় ইতি॥ ১২॥

অমুবাদ। পুণ্যকশ্বাশয় (ধর্মা), ও অপুণ্যকর্মাশয় ( অধর্মা ) উভয়ই কাম, লোভ, মোহ ও কোধ হইতে উৎপন্ন হয়, উক্ত কর্মাশয়ের কতকগুলি দৃষ্টজন্ম-বেদনীয় অর্থাৎ যে জন্মে অফুষ্ঠিত হয় সেই জন্মেই উহার পরিপাক (ভোগ) হয়, কতকগুলি অদুষ্টজন্মবেদনীয় অর্থাৎ মৃত্যুর পর জন্মান্তরে ফলোৎপাদন করে। তীব্র সংবেগ অর্থাং উৎকট প্রয়ত্ববিশেষে মন্ত্র, তপ্রা ও সমাধি ছারা সম্পাদিত অথবা পরমেশ্বর, দেবতা, মহর্ষি ও মহামুভব (মহাত্মা) গণের আরাধনা দ্বারা পরিনিম্পন্ন পুণ্যকর্মাশয় সন্তঃ অর্থাৎ সেই জন্মেই পরিপাক ( জাতি প্রভৃতি ফল ) উৎপন্ন করে। সেইরূপ উৎকট অবিদ্যা প্রভৃতি ক্লেশ থাকিলে ভীত, ব্যাধিগ্রস্ত, দরিদ্র, বিশ্বস্ত (যে বিশ্বাস করিয়া গৃহে থাকে) অথবা মহামুভব তপশ্বিগণের প্রতি বারম্বার অপকার করিলে উহা হইতে সমুৎপন্ন পাপকর্মাশয় সন্তই ফল জন্মায়। বেমন রাজকুমার নন্দীশ্বর মহাদেবের উৎকট আরাধনা করিয়া মত্ময়শরীর ত্যাগ করিয়া দেবশরীর পাইয়াছিলেন. অর্থাৎ না মরিয়া অমনিই মন্ময়শরীর ত্যাগ করিয়া দেবশরীর লাভ হইয়াছিল। ঐরপ নহুষ রাজা দেবগণের ইক্ত হইয়া মহর্বির শাপবশতঃ দেবতারূপ স্বকীয় পরিণাম পরিত্যাগ করিয়া তির্যাকরূপে অর্থাৎ বৃহৎ অজগরভাবে পরিণত হইয়া-हिल्मन। नांत्रक व्यर्था९ यांशास्त्र পांशर्लांग नत्ररक रहेरव ठांशास्त्र मृष्ठेजन-বেদনীয় কর্মাশয় নাই (কারণ মহয়েশরীর দারা দীর্ঘকালভোগ্য কুঞ্জীপাকাদি নরকভোগ হইতে পারে না, ততকাল মনুয়াশরীর থাকে না, অতএব পাপকর্ম-वन्छः नतरक ভোগোপযোগী भत्रीतास्त हत्र ) कीगद्भभ यागिगरगत चमुहेकग-বেদনীয় কর্মাশয় নাই অর্থাৎ তাহাদের সমস্ত কর্ম্মই ইহজন্ম শেষ হয়॥ ১২॥

্রীৰম্ভব্য । কামনা করিয়া যজ্ঞাদির অফুঠান করিলে স্বর্গজনক ধর্ম হয়, ক্রোভবশতঃ পরদ্রব্য অপহরণাদি করিলে নরকাদিজনক অধর্ম হয়, মোহবশতঃ হিংসা করিলে অর্থাৎ "হিংসা করিলে ধর্ম হয়" এরূপ জানিয়া হিংসা করিলে অধর্ম্মই হইয়া থাকে। ক্রোধবশতঃ ধর্ম ও অধর্ম উভয়ই হইয়া থাকে. উদ্ভান-পাদ রাজনন্দন ধ্রুব ক্রোধবশতঃ গৃহ হইতে বহির্গত হইরা অতি উত্তম ধর্ম্মের অনুষ্ঠান করিয়াছিলেন, ক্রোধবশতঃ ব্রাহ্মণাদি হিংসা করিনে পাপ হয়।

ভক্তি ও দয়ার যথার্থ পাত্র কে কে তাহা ভাষ্যকার দেখাইয়াছেন, ঈশ্বর দেবতা প্রভৃতিকে ভক্তি করিবে, ভীত, পীড়িত প্রভৃতিকে দয়া করিবে। "অত্যংকটৈঃ পাপপুণাৈরিহৈব ফলমশ্রতে" অর্থাৎ পাপ বা পুণ্য অতিশয় উৎকট হইলে শীঘ্রই ফল জন্মে, কিন্তু তাদুশ উৎকট পাপপুণ্য প্রায়শ:ই হয় না, তুরাচার পानीत कर्छ ना इरेया औत्रिक इरेटाइ, प्रामीत्वत स्थ ना इरेया कर्छ जीवन অতিবাহিত হইতেছে দেখিয়া অনেকেরই ধর্মাধর্মে অবিশ্বাদ দেখা যায়, এরূপ অবিশ্বাস করা উচিত নহে, ইহজীবনেই পাপপুণ্যের ফলভোগ হইবে শাস্তের এরপ সিদ্ধান্ত নহে, অধিকাংশ কর্মফল জন্মান্তরে হয়।

ব্যাচম্পতির মতে সংবেগ শব্দের অর্থ বৈরাগ্য, বার্ত্তিককার বিজ্ঞান ভিক্ষুর मर् उनात्रास्क्रीतनत्र भीघरा, व विषय "ठीवमः विगामाममः" वह रूख वना হইয়াছে।

वार्डिककात वरणन नात्रकशरण नत्रकराणी शूक्व, ठाशामत रम व्यवशाप ধর্মাদি উৎপন্ন হয় না, কিন্তু স্বৰ্গভোগী দেবগণ কদাচিৎ কর্মভূমি ভারতবর্ষে লীলাবিগ্রহ করিয়া ধর্মাদি উপার্জ্জন করিতে পারেন। বাচম্পতি বলেন শত সহস্র বংসর ভোগা নরক্ষন্ত্রণা মহুষ্য বা তৎপরিণাম কোনও শরীরে ভোগ হইতে পারে না. ততকাল মানবশরীর থাকিতেই পারে না, নারকশব্দে যাহাদের শরকভোগ করিতে হইবে এরূপ পুরুষ সকল বুঝায়। এন্থলে বাচস্পতির কথাই সঙ্গত বোধ হয়॥ ১২॥

# সতিমূলে তদ্বিপাকো জাত্যায়ুর্ভোগাঃ॥ ১৩॥

ব্যাখ্যা। সতিমূলে (মূলে ক্লেশরূপে সতি) তদ্বিপাকঃ (তেষাং কর্ম্মণাং বিপাকঃ পরিণাম:') জাত্যায়ুর্ভোগাঃ ( জন্ম, আয়ু:, স্থধহু:থভোগশ্চ, ভবস্তীতি (न्यः) ॥ ५० ॥

তাৎপর্যা। অবিছা প্রভৃতি পঞ্চক্রেশ থাকিলেই ধর্মাধর্ম্মরপ কর্মাশয়ের পরিণাম জন্ম, আয়ুই ও ভোগ হইয়া থাকে॥ ১৩॥

ভাষ্য। সৎস্থ ক্লেশেষু কর্মাশয়ো বিপাকারম্ভী ভবতি, নোচ্ছিন্ন-ক্লেশমূলঃ। যথা তুষাবনদ্ধাঃ শালিভণুলা অদগ্ধবীজভাবা প্রবোহসমর্থা ভবস্তি নাপনীতত্বা দগ্ধবীজভাবা বা, তথা ক্লেশাবনদ্ধঃ কৰ্মাশয়ে। বিপাকপ্ররোহী ভবতি নাপনীতক্রেশো ন প্রসংখ্যানদগ্ধক্রেশবীজ-ভাবো বেতি। স চ বিপাকস্ত্রিবিধো জাতিরায়ুর্ভোগ ইতি। তত্রেদং विष्ठार्थाएक किरमकः कर्त्याकच्छ जन्मनः कात्रणम्, व्यरेशकः कर्त्यारनकः জন্মাক্ষিপতীতি। দ্বিতীয়া বিচারণা কিমনেকং কর্মানেকং জন্ম-নির্বর্ত্তয়তি, অথানেকং কর্ম্মেকং জন্মনির্বর্ত্তয়তীতি। ন তাবৎ একং ক্রিক্স জন্মনঃ কারণং, ক্স্মাৎ অনাদিকালপ্রচিতস্থাসম্খ্যেয়স্থাব-শিষ্টকর্ম্মণঃ সাম্প্রতিকস্ত চ ফলক্রমানিয়মাদনাশ্বাসো লোকস্ত প্রসক্তঃ স চানিষ্ট ইতি। ন চৈকং কর্মানেকস্ত জন্মনঃ কারণম্ কস্মাৎ, অনেকেষু কর্ম্মপ্রেকৈকমেব কর্মানেকস্থ জন্মনঃ কারণমিতাব-শিষ্টত্ত বিপাককালাভাবঃ প্রসক্তঃ, স চাপ্যনিষ্ট ইতি। ন চানেকং কর্মানেকস্ত জন্মনঃ কারণম্, কস্মাৎ, তদনেকং জন্ম যুগপন্ন সম্ভবতীতি ক্রমেণ বাচ্যম্, তথাচ পূর্ববেদোষামুষক্ষঃ, তম্মাজ্জন্মপ্রায়ণান্তরে কৃতঃ পুণ্যাপুণ্যকর্মাশয়প্রচয়ে। বিচিত্রঃ প্রধানোপসর্জ্জনভাবেনাবস্থিতঃ প্রারণাভিব্যক্ত একপ্রযট্টকেন মিলিছা মরণং প্রসাধ্য সম্মুচ্ছিত এক্-নেব জন্ম করোতি, তচ্চ জন্ম তেনৈব কর্ম্মণা লব্ধায়ুক্ষং ভবতি, ভিস্মিনায়্ষি ভেনৈব কর্মাণা ভোগঃ সম্পত্তত ইতি, অসৌ কর্মাশয়ো জন্মায়ুর্ভোগহেতুত্বাৎ ত্রিবিপাকোহভিধীয়ত ইতি, অত একভবিকঃ কর্মাশর উক্ত ইতি।

দৃষ্টজন্মবেদনীয়ত্ত্বকবিপাকারস্তীভোগহেতুত্বাৎ; দিবিপাকারস্তী বা আয়ুর্ভোগহেতুত্বাৎ নন্দীখরবৎ নহুষবদা ইতি। ক্লেশকর্মবিপা-

কামুভব-নিমিত্তাভিস্ত বাসনাভিরনাদিকালসমূচ্ছিত্মিদং চিত্তং চিত্রী-কৃতমিব সর্ববতো মৎস্তজালং গ্রাস্থিভিরিবাততমিত্যেতা অনেকভব-পূর্বিক। বাসনাঃ। যত্ত্বয়ং কর্মাশয় এষ এবৈকভবিক উক্ত ইতি। যে সংস্কারাঃ স্মৃতিহেতবস্তা বাসনাস্তাশ্চানাদিকালীনা ইতি। যম্মৃসা-বৈকভবিকঃ কর্ম্মাশয়ঃ স 'নিয়তবিপাকশ্চানিয়তবিপাকশ্চ। षृष्ठे जन्म त्वन नी युख्य नियं कि विश्व कि स्थान नियं कि सार में स्थान नियं कि सार कि স্থানিয়তবিপাকস্থা, কস্মাৎ, যে। হৃদুফজন্মবেদনীয়োহনিয়তবিপাক-স্তম্ম ত্রয়ী গতিঃ, কৃতস্থাবিপকস্থ নাশঃ, প্রধানকর্মণ্যাবাপগমনং বা, নিয়তবিপাকপ্রধানকর্ম্মণাহভিত্ততত্ত বা চিরমবস্থানং ইতি। তত্ত্র কৃতস্থাহবিপকস্থ নাশো যথা শুক্লকৰ্ম্মোদয়াদিহৈব নাশঃ কৃষ্ণস্থ. যত্রেদমুক্তম্, "দ্বে দ্বে হবৈ কর্ম্মণী বেদিতব্যে পাপকস্তৈকোরাশিঃ, পুণাক্তোহপহস্তি। তদিচ্ছস্ব কর্মাণি স্থক্তানি কর্ত্মিহৈব তে কর্ম্ম কবয়ো বেদয়ন্তি।" প্রধানকর্ম্মণ্যাবাপগমনং, যত্রেদমুক্তং, "স্থাৎ স্বল্প: সন্ধরঃ সপরিহারঃ সপ্রত্যবমর্ষঃ, কুশলস্থা নাপকর্যায়ালং, কম্মাৎ, কুশলং হি মে বহুবলুদন্তি যত্রায়মাবাপং গতঃ স্বর্গেহপি অপকর্ষমল্লং করিয়াতি" ইতি। নিয়তবিপাকপ্রধানকর্ম্মণাভিভূতস্থ বা চিরমবস্থানম্, কথমিতি, অদৃষ্টজন্মবেদনীয়বৈশ্যব নিয়তবিপাকস্থ কর্ম্মণঃ সমানং মরণমভিব্যক্তিকারণমুক্তং, নম্বদৃষ্টজন্মবেদনীয়স্তানিয়তবিপাকস্তা, ষম্ব-দৃষ্টজন্মবেদনীয়ং কর্মানিয়তবিপাকং তন্নশ্রেৎ, আবাপং বা গচ্ছেৎ, 'অভিভূতং বা চিরমপ্রাপাদীত যাবৎ সমানং কর্ম্মাভিব্যঞ্জকং নিমিত্ত-মস্ত ন বিপাকাভিমুখং করে!তীতি। তদিপাকস্তৈব দেশকালনিমিত্তা-নবধারণাদিয়ং, কর্ম্মগতির্বিচিত্রা তুর্বিজ্ঞানা চ ইতি, ন চোৎসর্গস্থাপ-বাদান্নিবৃত্তিরিতি একভবিকঃ কর্মাশয়োহসুজ্ঞায়ত ইতি॥ ১৩॥

অমুবাদ। চিত্তভূমিতে ক্লেশ থাকিলেই কর্মাশরের বিপাক। পরিণাম) হয়, ক্লেশরূপ মূলের উচ্ছেদ হইলে আর হয় না। বেমন শালিতপুল ( গাস্তবীক,

চাউল ) তুষের মধ্যে আচ্ছাদিত থাকিয়া এবং দগ্ধবীজ্শক্তি না হইয়া অঙ্কুরোৎ-পাদন সমর্থ হয়, তুষের বিমোক অথবা বীজশক্তি দাহ করিলে আর হয় না, তজ্ঞপ ক্লেশমিশ্রিত থাকিয়াই কর্ম্মাশয় অদৃষ্ঠ ফলজননে সমর্থ হয়, ক্লেশ অপনীত হইলে অথবা প্রসংখ্যান দারা ক্লেশরূপ বীজভাবের দাহ করিলে আর হয় না। উক্ত কর্ম্মবিপাক তিন প্রকার জাতি ( মনুষ্য প্রভৃতি জন্ম ) আয়ুঃ (জীবনকাল ) ও ভোগ অর্থাৎ স্থথছঃথের দাক্ষাৎকার : কর্ম্মকলসম্বন্ধে বিচার করা যাইতেছে, একটা কর্ম্ম (ধর্ম বা অধ্যারূপ) কি একটা জন্মের কারণ ? অথবা একটা কর্ম অনেক জন্ম সম্পাদন করে ? দ্বিতীয় বিচার যথা, অনেক কর্ম্ম কি অনেক জন্মের কারণ ? অথবা অনেক কর্ম একটা জন্মের কারণ হয় ? একটা কর্ম একট্র জ্ঞাের কারণ এরূপ বলা যায় না. কারণ, অনাদি কাল হইতে সঞ্চিত জন্মাস্তরীয় অসংখ্য অবণিষ্ট কর্ম্মের এবং বর্ত্তমান শরীরে যাহা কিছু করা হইয়াছে, এই সমস্তের ফর্ক ক্রিমের ( ফলোৎপত্তির পৌর্বাপর্য্যের ) নিয়ম না থাকায় লোকের ধর্ম্মাফুষ্ঠানে অবিশ্বাস হইয়া পড়ে, সেরূপ হওয়া সঙ্গত নহে। একটী কর্ম্ম অনেক জন্মের কারণ ইহাও বলা যায় না, কারণ, অসংখ্য কর্মের মধ্যে যদি একটীই অনেক জন্মের কারণ হইয়া পড়ে তবে অবশিষ্ট কর্ম্মরাশির বিপাককাল অর্থাৎ পরিণামের অবসরই ঘটিয়া উঠে না, সেটীও অভিপ্রেত নহে। অনেকগুলি কর্ম অনেক জন্মের কারণ ইহাও বলা যায় না, কারণ, সেই অনেক জন্ম একদা ছইতে পারে না, স্নতরাং ক্রমশঃ হয় বলিতে হইবে, তাহাতেও পর্ব্বোক্ত দোষ অর্থাৎ কর্মান্তরের পরিণামের সময়াভাব হইয়া উঠে। অত্ এব জন্ম ও মরণের মধ্যবৰ্ত্তী সময়ে অনুষ্ঠিত বিচিত্ৰ কৰ্ম সমুদায় প্ৰধান ও অপ্ৰধানভাবে অবস্থিত হইয়া মরণ দারা অভিব্যক্ত অর্থাৎ ফলজননে অভিমুখীকৃত হইয়া জন্ম প্রভৃতি কার্য্য জন্মাইতে একত্র মিলিত হইয়া একটীই জন্ম সম্পাদন করে। সঞ্চিত কর্ম্ম-রাশি প্রারব্ধ কর্ম্ম দারা অভিভূত থাকিয়া মরণ সময়ে সজাতীয় অনেক কর্ম্মের সহিত মিলিত হইয়া একটা জন্ম উৎপন্ন করে, এরূপ হইলে আর পূর্বের দোষ रहेन ना, कांत्रण रामन अक अक बता यानक कर्य छे९भन्न हत्र. अमिरक अकी জন্ম বারাও অনেক কর্মের ক্ষয় হইর। আর বার একরণ তুলা হইরা পড়ে। উক্ত ধন্ম উক্ত কর্ম অর্থাৎ উক্ত জন্মের প্রয়োজক কর্ম হারাই আয়ু: লাভ করে चर्षा९ (य कर्ष्यममष्टि दात्रा मञ्जानित कत्र इद जाशांत्रहे दात्रा कीवनकाण अ

স্থগুঃখের ভোগ হইয়া থাকে। উক্তবিধ কর্মাশয় জন্ম, আয়ুঃ ও ভোগের কারণ বলিয়া ত্রিবিপাক অর্থাৎ উক্ত জন্মাদি তিন প্রকার পরিণামের জনক বলিয়া ক্থিত হয়, ইহাকেই একভবিক অর্থাৎ একটা জন্মের কারণ কর্মাশয় বলা যার। দৃপ্তজন্মবেদনীয় কর্মাশয় কেবল ভোগের হেতু হইলে তাহাকে এক বিপাকারম্ভক বলা যায়, বেমন নহুষ রাজার। আয়ুঃ ও ভোগ এই উভয়ের জনক হইলে দ্বিপাকারম্ভক হয়, বেমন নন্দীখরের। ( নন্দীখরের অষ্টবর্ষ মাত্র আয়ু: ছিল, শিবের বরপ্রদানে অমর্ত্ব ও তছপযুক্ত ভোগ হয়)। গ্রন্থি দারা (গিঁট দিয়া) সর্বাবয়বে ব্যাপ্ত মংশু জালের স্থায় চিত্ত অনাদি কাল হইতে ক্লেশ, কর্ম ও বিপাকের সংস্কার দারা পরিব্যাপ্ত হইয়া বিচিত্র হইয়াছে। উক্ত বাদনা ( সংস্কার ) সমুদায় অসংখ্য জন্ম হইতে চিত্তভূমিতে সঞ্চিত রহিয়াছে। জন্মহেতু একভবিক ঐ কর্মাণয় নিয়ত বিপাক ও অনিয়ত বিপাক হইয়া থাকে, অর্থাৎ কতকগুলির পরিণামসময় অবধারিত থাকে স্কতকগুলির পরিণাম কি ভাবে হইবে তাহা স্থির বলা যায় না, তাহাদের বিষয় পরে বলা যাইবে। দৃষ্টজন্মবেদনীয় নিয়ত বিপাক কর্মাশয়েরই এরূপ নিয়ম করা যাইতে পারে যে উহা একভবিক হইবে। অদৃষ্টজন্মবেদনীয় অনিয়ত বিপাক কর্মাশয়ের সেরপ নিয়ম হইতে পারে না, কারণ, অদৃষ্টজ্মবেদনীয় অনিয়ত বিপাক কর্মাশন্তের ত্রিবিধ গতি হইয়া থাকে, প্রথমতঃ বিপাক না জন্মাইরাই কৃত কর্মা-শব্যের নাশ হইতে পারে। বিতীয়তঃ প্রধান কর্ম বিপাক সময়ে আবাপগমন অর্থাৎ যাগাদি প্রধান কর্ম্মের স্বর্গাদিরূপ বিপাক হইবার সময় হিংদাদিরুত অধর্মাও কিঞ্চিৎ ছঃখ জন্মাইতে পারে। তৃতীয়তঃ নিয়ত বিপাক প্রধান কর্ম দারা অভিভূত হইয়া চিরকাল অবস্থিতি করিতেও পারে। বিপাক উৎপাদন না করিয়া সঞ্চিত কর্মাশয়ের নাশ যেমন শুক্ল কর্ম অর্থাৎ তপস্থাজনিত ধর্মের উদয় হইলে এই জন্মেই কৃষ্ণ অৰ্থাৎ কেবল পাপ অথবা পাপপুণ্যমিশ্রিত কর্ম্মরাশির নাশ হয়। এ বিষয়ে উক্ত আছে, পাপচারী অনাত্মজ্ঞ পুরুবের অসংখ্য কর্ম্মরাশি হুই প্রকার, একটা ক্লম্ভ অর্থাৎ কেবল অধর্ম, অপরটা শুক্ল কৃষ্ণ অর্থাৎ পুণ্যপাপমিশ্রিত এই উভয়বিধ কর্মকেই পুণ্য দ্বারা গঠিত একটা কর্মরাশি নষ্ট করিতে পারে, অতএব তুমি স্থক্ত শুক্ল ধর্মের অফুষ্ঠানে তৎপর হও, পণ্ডিতগণ ইহ জন্মেই তোমার কর্ম্মের বিধান করিয়াছেন। প্রধান কর্ম্মে আবাপগমনবিষয়ে

উক্ত আছে, সম্ব সন্ধর অর্থাৎ যজ্ঞাদি সাধ্য ধর্ম্মের স্বল্লের অর্থাৎ যাগানুকূল হিংসাজনিত অল্পমাত্র পাপের সহিত সন্ধর হয় অর্থাৎ সংমিশ্রণ হয়। সপরিহার অর্থাৎ হিংদান্তনিত ঐ অলমাত্র অধর্মকে প্রায়শ্চিত্তাদি দারা উচ্ছেদ করা যায়। সপ্রতাবমর্ষ অর্থাৎ যদি প্রমাদবশতঃ প্রায়ন্চিত্ত করা না হয় তবে প্রধান কর্ম্ম-ফলের উদয় সময় ঐ অল্পমাত্র অধর্মাও স্বকীয় বিপাক অনর্থ জন্মায়, তথাপি স্থপস্তু স্বৰ্গভোগের মধ্যে ঐ সামাত্ত ত্ৰ্থ বহ্নিকণিকা সহজেই সহু করা যায়। कूमन व्यर्थाः भूगातानित व्यनकर्य कतिर्दे के व्यवसाय व्यन्त्र ममर्थ इस ना, কারণ উক্ত সামান্ত অধর্ম অপেকা যাগাদিকত ধর্মের পরিমাণ অনেক, যাহাতে এই ক্ষুদ্র অধর্ম অপ্রধানভাবে থাকিয়া স্বর্গভোগের সময় অল্প পরিমাণে ছঃপ্ল জন্মাইয়া থাকে। তৃতীয় গতি যথা নিয়ত বিপাক এতাদৃশ প্রধান কর্ম্ম দারা অভিভূত হইয়া চিরকাল অবস্থান করা, কারণ, অদৃষ্টজন্মবেদনীয় নিয়ত বিপাক কর্মরাশিই মরণ দ্বারা অভিব্যক্ত হয়, অদৃষ্টজন্মবেদনীয় অনিয়ত বিপাক কর্ম-বাশি দেরপে মরণ সময়ে অভিব্যক্ত হয় না। অদৃষ্টজন্মবেদনীয় অনিয়তবিপাক কর্মরাশি নষ্ট হইতেও পারে, প্রধান কর্মবিপাক সময়ে আবাপগমন ( সহায়ক-ভাবে অবস্থান) করিতেও পারে, অথবা প্রধান কর্ম দারা অভিভূত হইয়া চিরকাল অবস্থিত থাকিতে পারে যতকাল পর্যাস্ত সজাতীয় কর্মাস্তর অভিব্যক্ত হইরা উহাকে ফলাভিমুথ না করে। অদুষ্ঠজন্মবেদনীয় অনিয়ত বিপাক কর্ম-রাশিরই দেশ, কাল ও নিমিত্তের স্থিরতা হয় না বলিয়াই কন্মগতিকে বিচিত্র ও ছুর্জ্জের বলা হইরাছে। অপবাদ (বিশেষ) দ্বারা উৎসর্গের ( সামান্তের) নিরুত্তি হয় না ("অপবাদবিষয়ং পরিতাজ্য উৎসর্গঃ প্রবর্ততে," অর্থাৎ সামা ক্রবিধি বিশেষ বিধিকে পরিত্যাগ করিয়া স্থানাস্তরে প্রবৃত্ত হয় ) কোনও এক স্থানে অপবাদ হইলেও স্থানান্তরে উৎসর্গের প্রবৃত্তি হইতে পারে, অতএব পূর্ব্বোক্ত একভবিক কর্মাশয় অমুজ্ঞাত থাকিল॥ ১৩॥

মস্তব্য। "ললাটলেথো ন পুনঃ প্রয়াতি" "যদভাবি ন তদ্ধাবি ভাবিচের ভদরূথা॥" "ললাটে লিখিতং যতু ্যজীজাগরবাসরে। ন হরিঃ শক্ষরো ব্রহ্মা নাজধ্বৈ কল্চন" ইত্যাদি অনেক স্থানে দেখা যায় অদৃষ্টলিপি থণ্ডন হয় না, হইবেই বা কিরূপে ? যদি স্থধতঃথের ভোগ অথবা আয়ুঃসংখ্যার পরিবর্ত্তন হয় তবে মহয় প্রভৃতি জন্মকেও পরিবর্ত্তন করিয়া পশুপক্ষিভাবে পরিগত করা যাইতে পারে। এ স্থলে আশকা হইতে পারে জন্ম, আয়ুঃ ও ভোগ যদি একই কর্ম্মের ফল হয় তবে কিরুপে প্রাণায়াম দারা আয়ুর্দ্ধি ও পরদার গমনাদিতে আয়ু:ক্ষম হইবার কথা শাস্ত্রে উল্লেখ রহিয়াছে ? আয়ুর বৃদ্ধি বা হ্রাস হইতে পারে না সত্য বটে, কিন্তু আয়ুঃকাল পরিমাণ দিন মাস বৎসররূপে নহে, উহা স্বাভাবিক শ্বাস প্রশ্বাস (অজপা, হংস: মন্ত্র) দ্বারা নির্দিষ্ঠ, ঐ শ্বাস প্রশ্বাসের সংখ্যারপ আয়ু:কাল কখনই অন্তথা হয় না, প্রাণায়ামাদি দ্বারা খাস প্রখাস ধীরভাবে হয়, কুম্বক করিলে একেবারেই খাস প্রখাদ হয় না; স্থতরাং অনায়াদেই দীর্ঘ জীবন হইতে পারে। অন্তদিকে পাপকার্য্যে খাদের গতি বাগ্র-ভারে হইতে থাকে. স্থতরাং খাদের সংখ্যা অন্নকাল মধ্যেই শেষ হওয়ায় অন্ন জীবন হইয়া থাকে। /সিদ্ধ বোগিগণের কথা পৃথক্, উহাদের অলৌকিক সমাধি-প্রভাবে অঘটনেরও ঘটনা হয়, শঙ্করাচার্য্যের আয়ু:কাল ষোড়শ বর্ষ বা তৎ-পরিমিত (দিনরাত্রি কতবার স্বাভাবিক শ্বাস প্রশ্বাস হয় তাহার একটা নির্দিষ্ট সংখ্যা আছে ) খাদ প্রখাদ ছিল, ভগবান্ ব্যাদদেব বরপ্রদানে উহাকে দিগুণ করিয়াছিলেন। উৎকটভাবে উপায়ের অনুষ্ঠান করিলে প্রারন্ধ ফল সম্পূর্ণ তিরোহিত নাই হউক কথঞ্চিৎ অল্প বহু হইতে পারে, কিন্তু সেরূপ অনুষ্ঠান অতি বিরল, অনুষ্ঠাতার সম্পূর্ণ মানসিকশক্তি, ব্রন্ধচর্য্য প্রভৃতি থাকা চাই, নতুবা কেবল বাহ্য আড়ম্বরে কোনই ফললাভ হয় না। স্বস্তায়ন প্রভৃতি কার্য্য বড়ই ত্রহ, বিশেষভাবে মানসিক বল ও স্থিরতা থাকিলেই সিদ্ধি হয়, ত্রংথের বিষয় সকল কার্য্যই এখন বাহ্য আড়ম্বরে পরিণত হইয়াছে, বাহ্য আয়োজন যে চিত্ত স্থিরতার নিমিত্তই, দেদিকে লক্ষ্য নাই॥ ১৩॥

সূত্র। তে হলাদপরিতাপফলাঃ পুণ্যাপুণ্যহেতুত্বাৎ ॥১৪॥

ব্যাখ্যা। তে (জাত্যায়ুর্ভোগাঃ) পুণ্যাপুণ্যহেতৃত্বাৎ (ধর্মাধর্মনিমিত্তকত্বাৎ) জ্লাদপরিতাপফলাঃ (যথাক্রমং সুখতুঃখফলা ভবস্তি)॥ ১৪॥

তাৎপর্য্য। জন্ম, আয়ু: ও ভোগ ইহারা পুণ্য দ্বারা সম্পাদিত হইলে স্থবের কারণ ও পাপ দ্বারা সম্পাদিত হইলে হু:থের কারণ হয়॥ ১৪॥

ভাষ্য। তে জন্মায়ুর্ভোগাঃ পুণ্যহেতুকাঃ স্থখকলাঃ, অপুণ্য-

হেতুকাঃ তৃঃখফলা ইতি। যথা চেদং তুঃখং প্রতিকূলাত্মকং এবং বিষয়সুথকালেহপি তুঃখমস্ত্যেব প্রতিকূলাত্মকং যোগিনঃ॥ ১৪॥

অমুবাদ। পূর্ব্বোক্ত জাতি, আয়ু: ও ভোগ পুণ্য দ্বারা সাধিত হইলে স্থের জনক হয়, পাপের দ্বারা সাধিত হইলে হু:থের জনক হয়। সর্বজনপ্রসিদ্ধ হু:থ যেমন প্রতিকৃল (অনিষ্ট ) স্বভাব এইরূপ বৈষ্মিক স্থেকালেও যোগিগণের হু:থ অমুভব হয়, তাঁহারা বিষয়স্থাকে হু:থ বলিয়া বোধ করেন।

মস্তব্য। জন্ম ও আয়ু: স্থেক্:থের কারণ হইতে পারে, ভোগ কিরূপে কারণ হয় ? বরং স্থেক্:থই বিষয়ভাবে ভোগের (অনুভবের) কারণ এরূপ আশঙ্কা হইতে পারে। সমাধান, ষেমন কর্ম্ম ওদনাদিকেও কারক বলে, ফলতঃ উহা ক্রিয়ার পরবর্ত্তী স্থতরাং ক্রিয়াজনক নহে (ক্রিয়ার জনককেই কারক বলে) তথাপি যাহার উদ্দেশ করিয়া যে ক্রিয়া হয় ঐ উদ্দেশ্যকেও কারণ বলা হইয়া থাকে। ভোগই পুরুষার্থ, স্থেক্:থ নহে, ভোগের নিমিত্তই স্থেক্:থের আবির্ভাব, অতএব ভোগকেও স্থেক্:থের কারণ বলিতে আপত্তি নাই॥ ১৪॥

ভাষ্য। কথং তদুপপছতে ?

সূত্র। পরিণামতাপসংস্কারছঃথৈগুণর্ত্তিবিরোধাচ্চ ছঃখ-মেব সর্বাং বিবেকিনঃ ॥ ১৫ ॥

ব্যাখ্যা। পরিণামতাপদংস্কারত্থিং (বিষয়োপভোগে ভৃষ্ণাবির্দ্ধের্জোগ্যা-প্রাপ্তের্ণ ত্থ্যবিশ্বদ্ধের্থির ত্থের পরিণামত্থেং, ভৃষ্যমানের বিষয়ের তথপরিপছিনং প্রত্যবশুস্তাবী দ্বেষ, এতং তাপত্থেম, স্থেশ্ম তথেশ বা সাধনে উপভ্কে সংস্কারোৎপত্তিস্তত্ত তথাবিধােহমুভবস্ততঃ পুনঃ সংস্কারঃ এবং যথােত্তরং সংস্কারর্দ্ধিরিতি সংস্কারত্থেং, তৈঃ) গুণর্ত্তিবিরোধান্ত (গুণানাং চিত্তর্মপেণ পরিণতানাং সন্ধাদীনাং বৃত্তয়ঃ স্থাত্থেমােহরূপান্তামাং বিরোধাৎ পরস্কারমতিভাবাািভিভাবকস্বাৎ) বিবেকিনঃ (জ্ঞাতত্বশ্ম) সর্কাং (স্থাং বা ত্থাং বা বং কিমপি) ত্থামের (প্রতিক্লবেদনীরমের, স্থমপি ত্থেরপত্রা ভাসতে) ॥১৫॥

তাৎপর্য্য। বিবেকশালী যোগীর পক্ষে বিষয়মাত্রই ছঃখাকর, কারণ,

ভোগের পরিণাম ভাল নহে, ক্রমশঃ ভৃষ্ণা বৃদ্ধি হয়, ভোগকালেও বিরোধীর প্রতি বিদ্বেষ হয়, এবং ক্রমশঃই ভোগদংস্কার বৃদ্ধি হইতে থাকে। চিত্তের স্ব্যহুঃথ মোহ স্বরূপ বৃত্তি সকলও পরস্পর বিরোধী, কিছুতেই শাস্তি নাই ॥১৫॥

ভাষ্য। সর্ববস্থায়ং রাগামুবিদ্ধশ্চেতনা্হচেতনসাধনাধীনঃ স্থামু-ভবঃ ইতি তত্রাস্তি রাগজঃ কর্মাশয়ঃ, তথাচ দেপ্তিত্র:থসাধনানি মুহুতি চেতি দেষমোহকৃতোহপ্যস্তি কর্মাশয়ঃ। তথাচোক্তং নামুপহত্য ভূতানি উপভোগঃ সম্ভবতীতি হিংসাকৃতোহপ্যস্তি শারীরঃ কর্মাশয়ঃ ইঙি, বিষয়স্থং চ অবিছেত্যুক্তম্। ্যা ভোগেষিন্দ্রিয়াণাং তৃপ্তেরূপ-শান্তিন্তৎ স্থং, যা লোল্যাদমুপশান্তিন্তদুঃথম্ ।'্ন চেন্দ্রিয়াণাং ভোগাভ্যাদেন বৈতৃষ্ণ্যং কর্ত্ত্ং শক্যং, কম্মাৎ ? যতো ভোগাভ্যাদ-মতুবিবর্দ্ধন্তে রাগাঃ, কৌশলানি চেন্দ্রিয়াণামিতি, তস্মাদতুপায়ঃ স্থখ্য ভোগাভ্যাস ইতি। স থল্বয়ং বুশ্চিক-বিষভীত ইবাশীবিষেণ দফ্টঃ যঃ স্থার্থীবিষয়ানুবাসিতো মহতি তুঃখপঙ্গে নিমগ্ন ইতি। এষা পরিণাম-তুঃখতা নাম প্রতিকূলা স্থাবস্থায়ামপি যোগিনমেব ক্লিশ্নাতি। অথ কা তাপছঃখতা ? সর্বস্থ দ্বেষাত্মবিদ্ধশ্চেতনাচেতনসাধনাধীনস্তাপাত্ম-ভবঃ ইতি তত্রাক্তি দ্বেষজঃ কর্ম্মাশয়ঃ, সুখসাধনানি চ প্রার্থয়মানঃ কায়েণ বাচা মনসা চ পরিস্পন্দতে ততঃ পরমন্তুগৃহ্লাত্যুপহস্তি চ, ইতি পরাসুগ্রহপীড়াভ্যাং ধর্মাধর্মাবুপচিনোতি, স কর্মাশয়ো লোভাৎ শোহাচ্চ শুবতি ইত্যেষা তাপত্ন:খতোচ্যতে। কা পুনঃ সংস্কারত্ন:খতা ? স্থানুভবাৎ স্থসংস্কারাশয়ো, তুঃখানুভবাদপি তুঃখসংস্কারাশয় ইতি, এবং কর্ম্মভ্যো বিপাকেহতুভূয়মানে স্থথে ছঃথে বা পুনঃ কর্ম্মাশয়-প্রচয় ইতি, এবমিদমনাদি ছঃখস্রোতো বিপ্রস্তং যোগিনমেব প্রতিকূলাত্মকতাত্ত্বেজয়তি, কস্মাৎ ? অক্লিপাত্রকল্পো হি বিদানিতি, যথোর্ণাভস্তুরক্ষিপাত্তে স্বস্তঃ স্পর্শেন চুঃখয়তি নাম্মেরু গাত্রাবয়বেরু, এবমেতানি ছ:খানি অক্লিপাত্রকল্লং যোগিনমেব ক্লিশস্তি নেত্রং

প্রতিপত্তারম্। ইতরং তু স্বকর্মোপহৃতং তুঃশমুপাত্তমুপাতং ত্যজন্তং ভ্যক্তং ত্যক্তমুপাদদানমনাদিবাসনাবিচিত্রয়া চিত্তর্ভ্যা সমস্ততোহমু-বিদ্ধমিবা বিদ্যয়া হাতব্যে এবাহস্কারমমকারামুপাতিনং জাতং জাতং বাহাধ্যাত্মিকোভয়নিমিত্তান্ত্রিপর্ববাণস্তাপা অনুপ্লবস্তে। তদেবমনাদি-ছঃখন্সোতদা ব্যহ্মানমাক্সানং ভূতগ্রামঞ্চ দৃষ্ট্য যোগী সর্ববছঃখক্ষয়-কারণং সম্যাদর্শনং শরণং প্রাপদ্যতে ইতি। গুণর্ত্তিবিরোধাচ্চ ছঃখমেব সর্বাং বিবেকিনঃ, প্রখ্যাপ্রবৃতিস্থিতিরূপা বুদ্ধিগুণাঃ পর-স্পরাসুগ্রহতন্ত্রীভূষা শান্তং ঘোরং মূঢ়ং বা প্রত্যয়ং ত্রিগুণমেবারভন্তে, চলঞ্চ গুণর্ত্তমিতি ক্ষিপ্রপরিণামি চিত্তমুক্তম্। রূপাতিশয়ার্ত্যতি-শয়াশ্চ পরস্পরেণ বিরুদ্ধান্তে, সামান্তানি ছতিশয়ৈঃ সহ প্রবর্ত্তনে, এবমেতে গুণা ইতরেতরাশ্রয়েণোপার্জ্জিতস্থবত্বঃখমোহপ্রত্যয়া ইতি সর্বের সর্বরূপা ভবন্তি, গুণপ্রধানভাবকৃতত্ত্বেষাং বিশেষ ইতি, তম্মাৎ দুঃখমেব সর্ববং বিবেকিন ইতি। তদস্য মহতো হুঃখসমুদায়স্ত প্রভব-বীজমবিদ্যা, তস্তাশ্চ সম্যাদৰ্শনমভাবহেতুঃ, যথা চিকিৎসাশাস্ত্রং চতুর্ব্হিং রোগঃ, রোগহেতুঃ, আরোগ্যং ভৈষজ্যমিতি, এবমিদমপি শাস্ত্রং চতুর্তিমেব, তদ্যথা সংসারঃ, সংসারহেতুঃ, মোক্ষঃ, মোক্ষো-পায় ইতি। তত্র তুঃখবছলঃ সংসারো হেয়ঃ, প্রধানপুরুষয়োঃ সংযোগে৷ হেয়হেভুঃ, সংযোগস্থাত্যন্তিকী নিবৃতির্হানং, হানোপায়ঃ সম্যাপদর্শন্ম। তত্র হাতুঃ স্বরূপং উপাদেয়ং হেয়ং বা ন ভবিতুমইতি ইতি, হানে তত্যোচ্ছেদবাদপ্রসঙ্গঃ, উপাদানে চ হেতুবাদঃ, উভয়-প্রত্যাখ্যানে চ শাশ্বতবাদ ইত্যেতৎ সমগদর্শনম্॥ ১৫॥

অমুবাদ। কিরূপে তাহা (যোগীর পক্ষে সমস্তই তৃঃথ এ কথা) উপপন্ন হয় ? এই আশঙ্কার বলা যহিতেছে, সকলেরই রাগ (আসক্তি, কামনা) সহকারে চেতন ও অচেতন উভয়বিধ উপায় জন্ম স্থেপর অমুভব হইয়া থাকে, স্পাঞ্জ্ঞার রাগ জন্ম কর্মাশন্ধ (ধর্মাধর্ম) আছে। এইরূপে তৃঃথের কারণে ধেষ

ও মোহ হয়, অতএব বেষ ও মোহৰশতঃও কর্মাশয় হইয়া থাকে। ( यक्ति যুগপৎ রাগ, দেষ ও মোহ তিনের আবির্ভাব হয় না, তথাপি একের আবির্ভাব-কালে অপরগুলি বিচ্ছিন্ন হয় এ কথা চতুর্থ সত্তে বলা হইমাছে)। প্রাণীর পীড়ন না করিয়া উপভোগ সম্ভব হয় না, অতএব হিংসাক্কত ও শারীর (শরীর সম্পাত্ম) কর্মাশয় হয়, ( এইটীকে শারীর বলিয়া বিশেষ করায় পূর্ব্বে মানসিক ও বাচিক বলা হইয়াছে বুঝিতে হইবে )। বিষয়স্থ অবিষ্ঠা একথা পূর্ব্বে বলা হইয়াছে। ভৃপ্তিবশতঃ ভোগের বিষয়ে ইক্সিয়গণের উপশান্তিকে (প্রবৃত্তির অভাবকে) স্থুথ বলে, চঞ্চলতাবশতঃ ইব্রিয়গণের অশান্তিকে হুঃথ বলে। ভোগের অভ্যাস (প্রন: পুন: অনুশীলন) ছারা ইক্রিয়ের বৈতৃষ্ণ্য অর্থাৎ বিষয়বৈরাগ্য হয় না, কারণ ভোগাভ্যাদের সঙ্গে সঙ্গেই অমুরাগ ও ইন্দ্রিয়ের কৌশল (ভোগসাধনে দক্ষতা) বুদ্ধি হইতে থাকে, অতএব ভোগাভ্যাসটী স্থথের কারণ নহে। বুশ্চিকের বিষ হইতেই ভয় পাইয়া যেমন সর্পের মুখে পতিত ও দৃষ্ট হইয়া অধিকত্র ছু:খ অনুভব করে, তদ্রুপ স্থুথকামনা করিয়া বিষয় সেবা করিয়া পরিশেষে মহাত্র:থপকে নিমগ্ন ( উদ্ধারের উপায় থাকে না বলিলেও চলে ) হইতে হয়। প্রতিকৃদম্বভাব এই পরিণাম হঃথ স্থুখভোগ সময়েও যোগিগণকেই ক্লেশ প্রদান করে। তাপত্নথ কিরূপ তাহা বলা বাইতেছে, সকলেরই বেষসহকারে চেতন ও অচেতন দ্বিধি উপায় দারা তাপ ( হংধ ) অমুভূত হয়, এ স্থলে দ্বেষ জন্ম কর্মাশয় হইয়া থাকে। স্থথের উপায় প্রার্থনা করিয়া শরীর, বাক্, ও চিত্ত দারা ক্রিয়া করিয়া থাকে, ইহাতে অপরের প্রতি অন্থগ্রহ নিগ্রহ উভয়ই সম্ভব, এই পরামুগ্রহ ও পরপীড়া দারা ধর্ম ও অধর্মের সঞ্চয় হয়, এই কর্মাশয় লোভ বা মোহবশতঃ হইয়া থাকে, ইহাকেই তাপ ছঃথ বলা যায়। সংস্কার ছঃথ কি তাহা বলা যাইতৈছে, স্থামুভব হইতে এইটা স্থ বা স্থের কারণ এইরূপ সংস্কার হয়, ঐক্সপে ছঃথাত্বভব হইতেও সংস্কার জন্মে, এইক্সপে কর্মফল স্থুখ বা ছঃখের অমুভব হইয়া শরীর পরিগ্রহের পর কর্মাশয়সমূহ উৎপন্ন করে, অর্থাৎ স্থাধের অমুভব হইতে সুথসংস্কার জন্মে, সংস্কার হইতে শ্বতি হয়, শ্বতি হইতে রাগ জন্মে, এই রাগ হইতে কায়িক বাচিক ও মানদিক ব্যাপার জন্মে, তাহা হইতে ধর্ম ও অধ্নরিপ কর্মাশর হয়, উহা হইতে জাতি, আয়ু: ও ভোগরপ বিপাক হয়, পুনর্কার সংস্কার জয়ে। এইরপে অনাদি প্রবহমান হংথধারা প্রতিকৃপভাবে

পরিলক্ষিত হইয়া যোগিগণেরই উল্লেগ জন্মায়, কারণ বিদান (মুমুক্ষু যোগী) षक्तिभाज वर्थाए नवनरशांनक मनुम, नामाछ कातरां प्रभाष्टि तांध करत्रन, বেমন উর্ণাতম্ভ (মাকড়দার স্থা) চক্ষুতে পতিত হুইয়া স্পর্শ হারা চক্ষুর পীড়াদায়ক হয়, শরীরের হস্তপাদ প্রভৃতি অবয়বে পড়িলে কিছুই হয় না, তদ্রুপ উপরোক্ত হঃথ সমুদার অক্ষিপাত্র সদৃশ কোমল স্বভাব যোগীকেই পীড়ন করে। সাধারণ লোকের উহাতে কষ্টবোধ হয় না, তাহারা স্বকৃত কর্মফল ছঃখ ভোগ করিয়া ক্রিয়া ত্যাগ করে, ত্যাগ করিয়া পুনর্কার গ্রহণ করে, অনাদি সংস্কার দ্বারা বিচিত্র চিত্তভূমিতে অবস্থিত অবিভাসহকারে ত্যাগের উপযুক্ত পুত্রকলত্রাদি বিষয়ে অংক্ষার মমকার ( আমার আমার বোধ ) করিয়া বাহ্ ও আধ্যায়িক উপায় সাধ্য আধ্যায়িক, আধিভৌতিক ও আধিলৈবিক এই ত্রিবিধ ত্বংখ বারা অভিভূত হয়। উহারা অবিভা বারা সর্বাণা অভিভূত থাকিয়া বারমার জন্ম গ্রহণ করে। এইরূপে আপনাকে ও অন্ত সাধারণকে অনাদি হুঃথস্রোতে ভাসমান দেখিয়া যোগিগণ সমস্ত হৃঃথের ক্ষয়কারণ সমান্দর্শন অর্থাৎ আত্মজ্ঞান-কেই রক্ষক বশিয়া আশ্রয় গ্রহণ করে। সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয়ের মধ্যে একটী অপরের সাহায্য গ্রহণ করিয়া শাস্ত ঘোর মূঢ় অর্থাৎ স্থথত্বং মোহরূপে ত্রিগুণাত্মকই জ্ঞান জন্মায়, অর্থাৎ যদিচ দত্বগুণ স্থারূপে পরিণত হয়, তথাপি তাহাতে রক্ষঃ ও তমোগুণের মিশ্রণ থাকায় হঃথ অমিশ্রিত বৈষয়িক স্থুথ হইতেই পারে না। গুণত্ররের স্বভাব সর্বাদা পরিণত হএয়া, স্বতরাং তৎকার্য্য বৃদ্ধিও নিয়ত পরিণত হইয়া থাকে বিষয়াকারে বৃদ্ধির প্রতিক্ষণেই বৃত্তি হইয়া থাকে, কেবল রূপাতিশয় অর্থাৎ ধর্মা অধর্মা, জ্ঞান অজ্ঞান, বৈরাগ্য অবৈরাগ্য, ও ঐশ্বর্যা অনৈশ্বর্যা এই আটটী ভাব (বুদ্ধির ধর্ম) ও বৃত্তির অতিশয় স্থপত্রঃথ মোহ ইহারাই পরস্পর বিরোধী হয়, একটা অপরটার সময় হইতে পারে না, যেমন অধর্ম্ম অভিব্যক্ত হইয়া ধর্মকে অভিভূত করে ইত্যাদি। সামান্ত অর্থাৎ ইহাদের কারণ গুণত্রয় সর্বত্রই অপ্রতিহতভাবে অতিশয় অর্থাৎ অভিব্যক্ত কোনও একটা ভাবের সহিত প্রবৃত্ত হয়, অর্থাৎ স্থপরূপে অভিব্যক্তি হইলেও তাহাতে রজ: ও জম: র্গুণের মিশ্রণ থাঁকিয়া যায়, সামান্ত গুণত্রয়ের সহিত কাহারই বিরোধ নাই। এইরূপে গুণত্রয় এক অপরের সাহায্য গ্রহণ করিয়া স্থ্যগুণ सौरकान छेरभानन करत्र विनिधा मकरनरे मकनक्षभ रहा। दकान अति आधिका

এবং কোনওটার ন্যুনতারূপ বিশেষ থাকায় এইটা স্থুখ এইটা হুঃখ বা এইটা মোহ ইত্যাদিভাবে বিশেষরূপে ব্যবহার হইরা থাকে। অতএব বিবেকী বোগীর পক্ষে বিষয়মাত্রই ছঃখাবহ। এই মহানু অনর্থরাশি ছঃখ সমুদায়ের উৎপত্তির কারণ অবিভা অর্থাৎ ভ্রমসংস্কার, এই অবিভার উচ্ছেদ কেবল তত্বজ্ঞান দারাই হইয়া থাকে। যেমন চিকিৎসাশান্ত রোগ, রোগনিদান, আরোগা (প্রতীকার) ও ভৈষজা অর্থাৎ ওবধ এই চারি অধ্যায়ে বিভক্ত ' তদ্ধপ যোগশাস্ত্রও চারি অধ্যায়ে বিভুক্ত; যেমন, সংসার, সংসারের হেতু, মুক্তি ও মুক্তির উপায়। হঃখ প্রচুর সংসার হেয় অর্থাং পরিত্যাগের যোগ্য, হেম সংসারের হেতু প্রধানও পুরুষের সংযোগ, উক্ত সংযোগ বা তৎকার্য্য তুঃখাদিরূপ সংসারের আত্যন্তিক (পুনর্কার না হয় এরূপ) নিবৃত্তির নাম হান, হানের উপায় সম্যন্দর্শন অর্থাৎ বৃদ্ধি ও পুরুষের বিবেকজ্ঞান। হানকর্ত্তা অর্থাৎ মুক্তির অধিকারী পুরুবের স্বরূপ ত্যাগের বা গ্রহণের যোগ্য হইতে পারে না. কারণ, তাহাকে ত্যাগ করিলে উচ্ছেদবাদ ( শুগুবাদ, কিছুই না থাকা ) হইয়া পড়ে, গ্রহণ করা বলিলে হেতুবাদ অর্থাৎ জন্ম বলা হয় তাহাতে মুক্তি অনিত্য হইয়া পড়ে; হান ও উপাদান উভয়ের নিরাস করিলে শাখতবাদ অর্থাৎ নিত্যত্ব স্থাপন হয়। এইটাই সম্যগৃদশন, এইভাবে যোগশাস্ত্র চারি অধ্যায়ে বিভক্ত ॥১৫॥

মন্তব্য। স্থালাভ করিব এরপ চেষ্টা সকলেরই হইয়া থাকে, এই চেষ্টায় প্রতিক্ষণ বিষয়জালে আবদ্ধ হয়, কিন্তু বিষয়ভোগে স্থথ কোথায় ? ঐ যে দোর্দণ্ড প্রতাপ ধনকুবের মহারাজকে দেখিয়া মনে হইতেছে ঐ ব্যক্তিই স্থখী, অপরের দৃষ্টিতে স্থখী হইতে পারে সত্যা, কিন্তু, উহার নিজ দৃষ্টিতে ঐ ব্যক্তি স্থখী কি হৃংখী তাহা অপরে কিরপে জানিবে ? অপরে যদি দরিদ্র থাকিয়াই ধনশালী মহারাজ হইতে পারে স্বীকার করিতে পারা যায় সে অবস্থায় মহারাজ স্থখী, দরিদ্রেও মহারাজ বিরুদ্ধ পদার্থ, এক সময়ে উভয় হইতে পারে না, দরিদ্র থাকিলে মহারাজ নয়, মহারাজ হইলেও দরিদ্র নয়, তথন ( মহারাজ্য পাইলে ) দরিদ্রের মনের ভাব পৃথক্ হইয়া পড়ে, আশা উচ্চ হইয়া যায়, পূর্ব্বাবস্থার দ্রবর্ত্তী অভাব সমস্ত নিকটবর্ত্তী হয়, তথন পূর্বাপেক্ষাও যেন অধিকতর দরিদ্র হইয়া পড়ে, অভাব জ্ঞানই হৃংথের কারণ, তবে আর জগতে স্থখী কে হইবে ? কাহার না অভাব জ্ঞান আছে ? "ন বিত্তেন তর্পণীয়ো, ময়্বাঃ," কঠোপনিষদ

অর্থাৎ ধন দারা মানবের আশা নির্ত্তি হয় না। "ন জাতু কাম: কামানা-মুপভোগেন শাম্যতি। হবিধা ক্লঞ্বর্জেব ভূয় এবাভিবর্দ্ধতে।" কামনার শান্তি কিছুতেই হয় না, পূরণ করিবার চেষ্টা যতই করা যায় ততই উহার বিশাল উদর ক্রমশ:ই বিস্তীর্ণ হইয়া পড়ে। স্থাথের ইচ্ছা থাকিলে বিষয় স্লখ হইতে পৃথক্ হইবার চেষ্টা করাই কর্ত্তব্য। অভাব, জ্ঞানকে চিত্ত হইতে দূর করিয়া আত্মারাম ( যাঁহার আপনাতেই আপনার আননদ) হইবার চেষ্টা করাই উচিত।

বহুস্ল্য স্বচ্ছ হীরকখণ্ডকে সামান্ত-প্রস্তরমিশ্রিত দেখিলে বিবেচক ব্যক্তির স্বতঃই ইচ্ছা হয় ঐ হীরকখণ্ডকে পরিষ্কার করিয়া উহার নির্মাল জ্যোতিঃ প্রকাশ করি, ঐরূপ বিবেকী যোগীরও ইচ্ছা হয়, নির্মাল স্বভাব চেতন আত্মাক্রে জড়বর্গ হইতে পৃথক্ ক্রিয়া উহাকে স্বভাবে স্থাপন করি। হঃখই হউক আরু স্থাই হউক বিষয়জালে জড়িত হইয়া আত্মার স্বরূপ বিশ্বত হয়, তথন সংসারতরঙ্গে উৎপীড়িত হইয়া হাবুড়বু থাইতে হয়। আত্মাকে স্বকীয় স্বচ্ছ অর্থাৎ নির্মাজাবে রাখাই পরম স্থাথের কারণ, এই নিমিত্তই বিবেকী যোগীরা বিষয়নাত্রকেই হঃথের কারণ বলিয়া অন্থভব করেন। স্থাহঃখ বাহিরের বস্তু নহে, উহা চিত্তের অবস্থা মাত্র, ধনী হইয়া পরম হঃখিত এবং দরিদ্র হইয়াও পরম স্থাধী দেখা যায়॥ ১৫॥

ভাষ্য। তদেতচ্ছান্ত্রং চতুর্বাহমিত্যভিধীয়তে।

সূত্র। হেয়ং ছঃখমনাগতম্॥ ১৬॥

ব্যাখ্যা। অনাগতং (ভবিষ্যৎ, বীজভাবেন চিত্তভূমৌ অবস্থিতং) হু:খং হেয়ং (উপায়ামুষ্ঠানেন ত্যক্তব্যম্)॥ ১৬॥

তাৎপর্য্য। যে ছঃথ ভবিশ্বতে হইবে তাহারই পরিত্যাগ করা বর্ত্তব্য জ্বর্থাৎ যাহাতে পরিণামে ছঃথ না হয় এরূপ চেষ্টা করিবে॥ ১৬॥

ভাষ্য। তৃঃখমতীতমুপভোগেনাতিবাহিতং ন হেরপক্ষে বর্ত্ততে, বর্ত্তমানঞ্চ সকলে ভোগারাঢ়মিতি ন তৎক্ষণান্তরে হেরতামাপছতে, তন্মাৎ যদেবানাগতং তৃঃখং তদেবাক্ষিপাত্রকল্পং যোগিনং ক্লিশ্মাতি, নেতরং প্রতিপত্তারং, তদেব হেরতামাপছতে ॥ ১৬ ॥

অমুবাদ। এই শাস্ত্র চারিভাগে বিভক্ত তাহা বলা ঘাইতেছে। অতীত দ্র:খ উপভোগ দারা অতিবাহিত (ভুক্ত) হইয়াছে স্মৃতরাং তাহা হেয় হইতে পারে না. বর্ত্তমান হুঃখও আপনার স্থিতিকালে ভোগের (অন্তভবের) বিষয় হইয়াছে, স্কুতরাং ভোগক্ষণেই তাহাকে ত্যাগ করা যায় না, (ক্ষণবিলম্ব করিলেই অতীত হয় ) অতএব যে ছঃখটা অনাগত অর্থাৎ উপস্থিত হইবার যোগ্য (যাহার প্রাগভাব আছে), উহাই অক্ষিপাত্রের তুল্য অর্থাৎ অতি কোমল প্রকৃতি যোগিগণকে কণ্ট দেয়, ( উত্তরকালে হু:খ হইবার ভয়েই যোগিগণ কঠোর অনুষ্ঠান করিয়া থাকেন), ঐ অনাগত ত্বঃথ বিবেকী ভিন্ন অপর কাহাকেও পীন্ডিত করিতে পারে না ( তাহাদের ভবিষ্যুৎ চিম্ভার অবসর কৈ, তাহারা যে বিষয়মদে বিভোর), এই অনাগত হঃথকেই পরিত্যাগ করা উচিত, ঐটীই হেয় হয় ॥ ১৬ ॥

মস্তব্য। বাহা হয় নাই তাহাকে পরিত্যাগ করিতে হইবে, যেটী হয় নাই সেইটী যোগিগণকে কষ্ট প্রদান করে একথাগুলি আপাততঃ প্রলাপ বলিয়া বোধ হইতে পারে, সত্য কিন্তু, একটুকু প্রণিধান করিলে ওরূপ আশঙ্কা থাকে না, নৈয়ায়িকগণ যাহাকে প্রাগভাব বলিয়া থাকেন অনাগত ছঃখশন্দে তাহাই বুঝায়, পাতঞ্জলমতে প্রাগভাব নাই, অনাগতাবস্থাকেই প্রাগভাব বলে, ইহারা সৎকার্য্যবাদী, উৎপত্তির পূর্ব্বে কারণে স্ক্লব্রপে কার্য্য অবস্থিতি করে, যাহাতে यांश ना थात्क जाश हरेत्ज त्म वञ्चत উৎপত্তি हरेत्ज পात्त नः। मकत्नरे ভবিষ্যতে ভাল থাকিবার চেষ্টা করে, ভালই হউক আর মন্দই হউক যাহা হইয়া গিয়াছে তাহা আর ফিরিবে না, উপস্থিত বর্ত্তমানকেও দূর করা যায় না, স্থুতরাং ভবিষ্যতের দিকেই সকলের দৃষ্টি॥ ১৬॥

ভাষ্য। তন্মাৎ যদেব হেয়মিত্যুচ্যতে তক্তৈব কারণং প্রতি-নিৰ্দ্দিখ্যতে।

সূত্র। দ্রক্টৃদৃশ্যয়োঃ সংযোগো হেয়হেছুঃ॥ ১৭॥

ব্যাখ্যা। দুইনৃশ্বরো: (চিজ্জড়রো: পুরুষবৃদ্ধ্যো:) সংযোগ: (ভোকৃত্ব-ভোগ্যত্বরূপঃ সম্বন্ধঃ ) হেয়হেতুঃ ( সংসারনিদানমিত্যর্থঃ )॥ ১৭॥

তাৎপর্য। পুরুষ ও বুদ্ধির ( প্রকৃতির ) সংযোগ অর্থাৎ পুরুষ ভোক্তা বৃদ্ধি ভোগ্য এইরূপ সম্বন্ধই সংসাক্রের কারণ॥ ১৭॥

ভাষ্য। দ্রফী বৃদ্ধেঃ প্রতিসংবেদী পুরুষঃ, দৃষ্ঠাঃ বৃদ্ধিসদ্বোপার্কাঃ সর্বের্ব ধর্ম্মাঃ, তদেতৎ দৃষ্ঠময়য়ৢয়য়৸ঀিকল্লং সন্ধিবিমাত্রোপকারি দৃষ্ঠবেন ভবতি পুরুষস্ঠ স্বং দৃশিরূপস্ঠ স্বামিনঃ, অমুভবকর্ম্মবিষয়তানাপন্নমক্রস্করপেণ প্রতিল্বনাত্মকৃং স্বতন্ত্রমপি পরার্থক্বাৎ পরতন্ত্রং, তয়ে।দৃর্গ্দর্শনশক্ত্যোরনাদিরর্থকৃতঃ সংযোগো হেয়হেতুঃ হঃখস্ঠ কারণমিত্যর্থঃ। তথাচোক্তং "তৎসংযোগহেতুবিবর্জ্জনাৎ স্ঠাদয়মাত্যন্তিকো হঃখপ্রতীকারঃ" কন্মাৎ ? হঃখহেতোঃ পরিহার্য্যস্ঠ প্রতীকারদর্শনাৎ, তদ্যথা, পাদতলস্ঠ ভেছতা, কণ্টকস্ঠ ভেতৃত্বং, পরিহারঃ কণ্টকস্ঠ পাদানধিষ্ঠানং, পাদত্রাণব্যবহিতেন বাহধিষ্ঠানম্, এতৎ ত্রয়ং যো বেদ লোকে স তত্র প্রতীকারমারভমাণো ভেদজ্ঞঃ হঃখং নাপ্নোতি, কন্মাৎ ত্রিকোপলির্কিসামর্থ্যাদিতি, তত্রাপি তাপকস্ঠ রজসঃ সন্থমেব তপ্যম্, কন্মাৎ, তিপিক্রিয়ায়াঃ কর্ম্মস্থরাৎ, সত্বে কর্ম্মণি তাপক্রিয়া নাপরিণামিনি নিন্ধিরে ক্ষেত্রজ্ঞে, দর্শিতবিষয়ত্বাৎ সত্বে তু তপ্যমানে তদাকারামুরোধী পুরুষোহমুত্বগ্রত ইতি দৃশ্যতে॥ ১৭॥

অমুবাদ। অতএব যে হংশটা হেয় বলা হইয়াছে তাহার কারণ নির্দেশ করা যাইতেছে। বৃদ্ধির প্রতিসংবেদী অর্থাৎ বৃদ্ধির ছায়া যাহাতে পড়ে, বৃদ্ধির গুণে যে সপ্তণ হয় সেই পুরুষ দ্রষ্টা অর্থাৎ সাক্ষী জ্ঞাতা। বৃদ্ধিতে আরু চ্ অর্থাৎ বৃদ্ধিবৃত্তির বিষয় পদার্থমাত্রেই দৃশু (জ্ঞেয়)। অরম্বাস্তমণির (চুম্বক পাথরের) স্থায় উক্ত দৃশু সমুদায় সনিহিত থাকিয়াই দৃশ্পভাবে জ্ঞানস্বরূপ স্বামী অর্থাৎ ভোক্তাপুরুষের স্ব (স্বকীয়, আ্থ্রীয়) হয়। এই দৃশ্থবৃদ্ধি অক্তের (পুরুষের) স্বরূপ (জ্ঞান) ছারা প্রতিলব্ধীস্থাক মর্থাৎ নিজরূপ লাভ করিয়া প্রুষ্থের অঞ্চল কর্ম্বের অর্থাৎ জ্ঞানক্রিয়ার বিষয় হয় (জ্ঞেয় হয়)। উক্ত দৃশ্থবৃদ্ধি স্বতন্ত্র অর্থাৎ কোনও বিষয়ে কাহারও অপেক্ষা না করিলেও পরার্থ অর্থাৎ পুরুষের ভোগও অপবর্গরূপ প্রয়োজন সিদ্ধি করে বলিয়া পরতন্ত্র (প্রাধীন,

পুরুষের অধীন) বলিয়া কথিত হয়। ঐ বৃদ্ধি ও পুরুষের সংযোগ অনাদি ও পুরুষার্থ (ভোগাপবর্গ) দারা প্রবর্ত্তিত, ইহাই 🕰 হেয়ের কারণ অর্থাৎ হঃখময় সংসারের নিদান হইয়া থাকে। উক্তি গ্রান্ পঞ্চশিখাচার্য্য বলিয়াছেন, "দংসারের কারণ উক্ত বৃদ্ধিও পুরুষের সংযোগ পরিত্যাগ করিতে পারিলে আত্যস্তিক হঃধ প্রতীকার অর্থাৎ কৈবলা লাভ হয়, উহার ত্যাগ না হইলে চিরকালই পুরুষের বন্ধ থাকিয়া যায়। কারণ পরিত্যাজ্য ছঃখের কারণের প্রতীকার দেখা যায় অর্থাৎ হু:থের কারণ কি তাহা জানিতে পারিলে প্রতীকার করা যাইতে পারে, যেমন পাদতল ভেন্ত অর্থাৎ বিদীর্ণ হইতে পারে, কণ্টক ভেদ করে, ইহার পরিহার যথা কণ্টকের সহিত পাদতলের সংযোগ হইতে না দেওয়া, অথবা পাদত্রাণ ( চর্ম্মপাত্নকা প্রভৃতি ) দারা ব্যবধান ( কণ্টক ও গ্রাদ-তলের ) করিয়া গমন করা। এই তিনটী অর্থাৎ কণ্টকে পদভেদ হয়, পাদতল ভেন্ত হয় ও কণ্টকের উপর দিয়া না চলিলে অথবা পাছকাসহকারে চলিলে আর ভেদ হয় না ইহা যে ব্যক্তি অবগত আছেন সে ব্যক্তি প্রতীকারের বিধান করিয়া ভেদ জন্ম ত্রংথ আর ভোগ করেন না, কারণ উক্ত তিনটা বিষয় তাঁহার অবগত আছে। প্রস্তুতম্বলে তাপক অর্থাৎ হুঃখদায়ক রজোগুণের সম্বপ্তণই তপ্য হয় অর্থাৎ চিত্তভূমিতেই রজোগুণ দারা ছাথের উৎপত্তি হয় (চিত্তসত্ব ছাথিত হয় ), তপিক্রিয়া ( পীড়ন করা ব্যাপার ) কর্ম্মস্থ অর্থাৎ সকর্ম্মক, উহার কোনও একটা কর্ম্ম থাকা চাই, এই তপিক্রিয়া বৃদ্ধিতেই হইয়া থাকে, (কারণ বৃদ্ধির পরিণাম আছে, ছ:খরূপে পরিণত হইতে পারে), পরিণামরহিত কৃটস্থ পুরুষে তপিক্রিয়া হইতে পারে না। পুরুষদশিত বিষয় ( বুদ্ধি যাহাকে বিষয় প্রদর্শন করে) বলিয়া বুদ্ধিতে হুঃখ উৎপন্ন হইলে তদাকারান্থরোধী ( বুদ্ধির আকার যে ংধারণ করে ) পুরুষও অনুতপ্ত হইতেছে এরূপ দেখা যায়॥ ১৭॥

শৈষ্ট্রবা। বাচম্পতি মিশ্রের মতে বৃদ্ধিদর্পণে পুরুষ প্রতিবিশ্বিত হইরা বৃদ্ধির ধর্ম গ্রহণ করে। বার্ত্তিককার বিজ্ঞান ভিক্ষুর মতে কেবল পুরুষই বৃদ্ধিতে প্রতিবিশ্বিত হয় এরূপ নহে, কিন্তু, শকাদি আকারে পরিণত বৃদ্ধিও (রন্তিমতী বৃদ্ধিও) চিদ্দর্পণে প্রতিবিশ্বিত হয়, অর্থাৎ বৃদ্ধিও পুরুষ উভয়েরই প্রতিবিশ্ব উভয়ে পত্তিত হয়।

প্রকৃতি ও পুরুষের সংযোগে সৃষ্টি হয়, প্রকৃতি অবস্থায় তাহার ধর্ম পুরুষে

আরোপিত হয় না, প্রকৃতির পরিণাম বৃদ্ধির ধর্ম পুরুষে আরোপ হইতে পারে, এই নিমিত্ত অনেক স্থানে প্রকৃতির স্থানে বুদ্ধির উল্লেখ করা হইয়াছে। প্রকৃতি ও পুরুষ উভয়ই বিভু অর্থাৎ সর্বব্যাপী স্থতরাং সংযোগ হইতে পারে না, স্থতরাং স্ত্তের সংযোগ শব্দে সম্বন্ধ বিশেষ বুঝিতে হইবে। প্রদায়কালেও প্রকৃতি পুরুষের সংযোগ থাকিলেও উহা স্ষ্টির কারণ নহে, পূর্ব্বোক্ত ভোক্তভোগ্যভাব সম্বন্ধই স্ষ্টির কারণ, পুরুষ ভোক্তা অর্থাৎ জড়বর্ণের দ্রষ্ঠা, প্রক্বতি ভোগ্য অর্থাৎ চেতন-পুরুষের দৃশ্য। জড়মাত্রেই চেতনের উপভোগা, জড়স্বরূপ প্রকৃতি অব্যক্ত-ভাবে থাকিয়া পুরুষের ভোগ্য হয় না বলিয়া মহদাদিরূপে পরিণত হয়, ইহাকেই বলে স্ষ্টির প্রতি জীবের অদৃষ্ট কারণ, স্ষ্টি হইলেই জীবের ভোগ হইতে পারে। প্রলয়ের প্রতি জীবের অদৃষ্ঠ কারণ নহে, কারণ প্রলয়কালে ভোগ হয় না, অদুষ্টাধীন স্বষ্টি ফুরাইলে আপনা হইতেই প্রলয় উপস্থিত হয়। হস্তক্রিয়া দারা লোষ্টাদি উপরে ক্ষিপ্ত হয়, ক্রিয়াশক্তি নিবৃত্তি হইলে আপনা হইতেই লোষ্ট পতিত হয়, তজপ জীবের ভোগ জন্মাইবে বলিয়া প্রকৃতি সৃষ্টি করে, ভোগকাল অতীত হইলে স্বভাবতঃই কার্য্য জগৎ প্রকৃতিতে লীন হয় ইহাই প্রলয়কাল। প্রলয় অবস্থায় মহদাদি সমস্ত কার্য্যই প্রকৃতিরূপে প্রতিলোমে পরিণত হইলেও অদৃষ্টবশতঃ পুনর্বার সৃষ্টির সময় অস্কীর্ণরূপে দেই পুরুষের দেই বৃদ্ধি, সেই ধর্মাধর্ম ইত্যাদিভাবে পুনর্কার উৎপন্ন হয়, কদাচ তাহার ব্যতিক্রম হয় না, স্থতরাং প্রলয়ের পর পাপচারীর স্থভোগ, পুণ্যবানের ছ:খভোগ ইত্যাদি বিশৃষ্থল হইবার সম্ভাবনা নাই ॥ ১৭ ॥

ভাষ্য। দৃশ্যস্বরূপমূচ্যতে।

সূত্র। প্রকাশক্রিয়াস্থিতিশীলং ভূতেন্দ্রিয়াত্মকং ভোগাপ-.
বর্গার্থং দৃশ্যম্॥ ১৮॥

ব্যাথা। দৃশ্যম্ (অচেতনং জড়বর্গ:) প্রকাশক্রিরাস্থিতিশীলং (প্রকাশঃ জ্ঞানং, ক্রিয়া প্রবৃত্তিঃ, স্থিতিঃ স্থগণং নিয়মনং, তৎশীলং স্বভাবো যস্ত তৎ, সত্বজ্ঞস্থ আ্রেকম্) ভূতেক্রিয়াত্মকং (স্ক্রেস্থভ্তরপেণ ইক্রিয়রপেণ চ পরিণাম-শীল্ম্) ভোগাপবর্গার্থং (ভোগঃ বিষয়াত্মভবঃ অপবর্গঃ মোক্ষঃ চ অর্থ: প্রয়েজনং যস্ত তৎ)॥ ১৮॥

তাৎপর্যা। সন্ধ্, রক্ষঃ ও তমঃ এই গুণত্ররকে দৃশ্য বলে, সন্থের স্বভাব প্রকাশ, রক্ষের স্বভাব ক্রিয়া ও তমের স্বভাব স্থিতি, ভূতরূপে ও ইক্রিয়রূপে ইহাদের পরিণাম হয়, উক্ত দৃশ্য পুরুষের ভোগও অপবর্গ (মোক্ষ) সম্পাদন করে॥ ১৮॥

ভাষ্য। প্রকাশশীলং সহং, ক্রিয়াশীলং রজঃ, স্থিতিশীলং তমঃ ইতি, এতে গুণাঃ পরস্পরোপরক্তপ্রবিভাগাঃ সংযোগবিভাগধর্মাণঃ ইতরেতরোপাশ্রেণোপার্জ্জিতমূর্ত্তয়ঃ পরস্পরাঙ্গাঙ্গিছে২প্যসম্ভিন্ন-শক্তিপ্রবিভাগাঃ তুল্যজাতীয়াতুল্যজাতীয়শক্তিভেদাতুপাতিনঃ প্রধান-বেলায়ামুপদর্শিতসন্ধিধানা গুণত্বেহপি চ ব্যাপারমাত্রেণ প্রধানাস্ত-র্ণীতামুমিতান্তিতাঃ পুরুষার্থকর্ত্তব্যতয়া প্রযুক্তসামর্থ্যাঃ সন্নিধিমাত্রোপ-কারিণঃ অয়স্কান্তমণিকল্লাঃ প্রত্যয়মন্তরেণৈকতমস্ম রুত্তিমমুবর্ত্তমানাঃ প্রধানশব্দবাচ্যা ভবস্তি, এতদ্বশুমিত্যুচ্যতে। তদেতদ্বশুং ভূতেক্রিয়া-স্মকং ভূতভাবেন পৃথিব্য।দিনা সৃক্ষাস্থূলেন পরিণমতে, তথেন্দ্রিয়ভাবেন শ্রোত্রাদিনা সৃক্ষাস্থলেন পরিণমতে ইতি। তত্ত্র, নাপ্রয়োজনং, অপিতু প্রয়োজনমুররীকৃত্য প্রবর্ত্ত ইতি ভোগাপবর্গার্থং হি তদ্দৃশ্যং পুরুষ-স্থেতি। তত্ত্রেফীনিষ্টগুণস্বরূপাবধারণং অবিভাগাপন্নং ভোগঃ ভোক্তঃ স্বরূপাবধারণং অপবর্গঃ ইতি, দ্বয়োরতিরিক্তমশুদ্দর্শনং নাস্তি, তথা-চোক্তং "অয়ন্ত খলু ত্রিষু গুণেষু কর্তৃষু অকর্ত্তরি চ পুরুষে তুল্যাতুল্য-্জাতীয়ে চতুর্থে তৎক্রিয়াসাক্ষিণি উপনীয়মানান্ সর্বভাবামুপপন্ধা নমুপশ্রমদর্শনমন্তচ্ছক্কতে" ইতি। তাবেতো ভোগাপবগোঁ বৃদ্ধিকৃতো বুদ্ধাবেব বর্ত্তমানো কথং পুরুষে ব্যপদিশ্যেতে ইতি, যথা বিজয়: পরাজয়ো বা যোদ্ধ্যু বর্ত্তমানঃ স্বামিনি ব্যপদিশ্যেতে, স হি তস্ত ফলস্ত ভোক্তেতি, এবং বন্ধমোক্ষো বুদ্ধাবেব বর্ত্তমানো পুরুষে ব্যপদিস্থোতে म हि उंद कलक ভোক্তেতি, বুদ্ধেরেব পুরুষার্থাপরিসমাপ্তির্বন্ধঃ, তদর্থাবসায়ে। মোক ইতি। এতেন গ্রহণধারণোহাপোহতত্বজ্ঞানাতি- নিবেশা বৃদ্ধো বর্ত্তমানাঃ পুরুবেহধ্যারোপিতসম্ভাবাঃ স হি তৎকলস্থ ভোক্তেতি ॥ ১৮ ॥

অমুবাদ। দুশ্রের স্বরূপ বলা যাইতেছে, সম্বগুণের স্বভাব প্রকাশ ( জ্ঞান ), রজোগুণের স্বভাব ক্রিয়া ( প্রবৃদ্ধি ), তমোগুণের স্বভাব স্থিতি অর্থাৎ প্রকাশ ও ক্রিয়া প্রভৃতিকে হইতে না দৈওয়া, ইহাদের প্রত্যেকের অংশ এক অপরের সহিত অত্যৱক্ত হয় অর্থাৎ সত্বগুণের কার্য্য প্রকাশ হইতে গেলে তামস ও রাজদৈর মিশ্রণ তাহাতে থাকিয়া যায়, তমঃ ও রজোগুণের কার্যোও এইরূপ জানিবে, উহারা ঐ ভাবেই (এক অপরের সাহায্য লইয়াই। পরিণত হয়। ইহারা পুরুষের সহিত সংযুক্ত ও বিযুক্ত হইয়া থাকে অর্থাৎ বন্ধপুরুষের সহিত সংযুক্ত এবং মুক্তপুরুষের সহিত বিযুক্ত হইয়া থাকে, ইতর গুণ ইতর গুণের আশ্রর গ্রহণ করিয়া মূর্দ্তি (পৃথিব্যাদি পরিণাম) লাভ করে, ইহাদের পরস্পর অঙ্গান্ধিভাব অর্থাৎ প্রধান অপ্রধানভাব থাকিলেও শক্তির সম্কর হয় না, সম্বর্ত্তণের প্রাধান্ত অবস্থায় রক্ষ: ও তমোগুণ তাহার অঙ্গভাবে সাহায্য করে বলিয়া ঐ সত্বের কার্য্য প্রকাশ স্থুখ প্রভৃতিতে রাজ্য তামসের ( হু:খমোহের ) শঙ্কর হয় না। ইহারা সমানজাতীয়রূপে সমবায়ী কারণ হয়, অসমানজাতীয়রূপে নিমিত্ত কারণ হয়, (ভুলাজাতীয় কারণই মিলিত হইয়া কার্য্য করে তাহাতে ভিন্নজাতীয়ের দংল্রব থাকে না এরপ নিয়ম নহে, বিশেষ এই তুলাজাতীয়ই সমবারী কারণ হয়, ভিন্নজাতীয় তাহার সহায়রূপে নিমিত্ত কারণ হইয়া থাকে ) একটা শুণের প্রাধান্ত সময়ে (প্রধানবেলায়াং ইহার অর্থ প্রধানত্ববেলায়াং, ভাবপ্রধাননির্দেশ) অপর তুইটী গুণ, গুণ অর্থাৎ অপ্রধান হইলেও সহকারী-ক্লপে ঐ প্রধানে তাহাদের অন্তিতার ( সন্তার ) অমুমান হয়। ভোগ ও অপবর্গ-স্বরূপ পুরুষার্থ করিবে বলিয়াই ইহাদের শক্তির ( কার্য্যজ্বনন ) বিনিয়োগ অর্থাৎ চালনা হয়। अग्रजाखमि राक्रभ मित्रधारन थाकियार लीर्ट्य उभकात करत, ভদ্রণ ইহারতি সমিহিত থাকিয়াই পুরুষের উপকার করে। ইহারা প্রতায় অর্থাৎ ধর্মাধুর্মারূপ নিমিত বাতিরেকেই একটা বৃত্তির (পরিণামের) অনুগমন प्रभाव क्रेडिन करता और अनुवाहर छेकताल अधान वर्षाए नाही हरेला मनल কাৰ্য উৎপদ্ধ হয় এবং বাহাছে বাহ পাৰ এই অৰ্থে প্ৰধানশব্দে অভিহিত হয়।

পরিণামের সহিত এই গুণত্রয়কেই দুখ বলে। এই দুখ গুণত্তর ভূত ও ইক্রির-রূপে পরিণত হর, কন্ম ( তন্মাত্র ) ও স্থূন ( মহাভূত ) এই দ্বিবিধ ক্ষিক্তি প্রভৃতি পঞ্চত, এবং মূল কৃষা অর্থাৎ অহন্ধার ও চকুরাদি বিবিধ ইন্দ্রিয়রূপে পরিণ্ড হয়। এই পরিণাম নিরর্থক নহে, কিন্ত কোনও একটা প্রবোজনসিদ্ধির নিমিত্ত হইয়া থাকে, এই দৃশু পুরুষের ভোগ ( স্থথছ:খের সাক্ষাংকার ) ও মুক্তির নিমিত্ত পরিণত হয়। ইষ্টানিষ্ট ( স্থুখছুঃখু) রূপ গুণস্থরূপের অর্থাৎ ত্রিগুণা্মুক বৃদ্ধিপরিণামের স্বরূপ নিশ্চয় বস্ততঃ বৃদ্ধিরই ধর্ম হইলেও অবিভাগাপর অর্থাৎ পুরুষে আরোপিত হইলে উহাকে ভোগ বলে, পুরুষের স্বরূপবোধকে অপবর্গ অর্থাৎ মৃক্তির কারণ বলে। এই ভোগ ও অপবর্গরূপ উভয়ের অতিরিক্ত আর কোনও দর্শন ( প্রয়োজন) নাই। পঞ্শিখাচার্য্য বলিয়াছেন, গুণত্রয় কর্ত্তা, পুরুষ কর্ত্তা নহে, ঐ গুণত্রয়কে অপেক্ষা করিয়া চতুর্থ, স্বচ্ছ ও স্ক্র বলিয়া গুণত্ররের তুল্যজাতীয় এবং চেতন বলিয়া জড়গুণত্ররের অতুল্যজাতীয় ঐ পুরুষ গুণত্ররের ক্রিরার অর্থাৎ পরিণামের সাক্ষী অর্থাৎ ক্রষ্টা, গুণত্ররের ( বৃদ্ধির ) ধর্ম अथइ:शांनि श्रुकरव व्यञीयमान इय विनया त्यन वश्व छ:रे श्रुकत्वत धर्म वहेजात সাধারণত: অজ্ঞ লোকেরা মনে করে, পুরুষের উক্তরূপে প্রতীয়মান স্থথছ:থাদি বিশিষ্টরূপ হইতে পুথক যে একটা কুটস্থ নির্ম্পণ স্বরূপ আছে তাহার শঙ্কাও করে না। ভোগও অপবর্গ এই ছইটা বৃদ্ধির ধর্ম কিরূপে পুরুধের বলিয়া বোধ হয়। তাহা দৃষ্টাস্ত দারা বলা যাইতেছে, যেমন জয় ও পরাজয় উভয়ই দৈনিক পুরুষের ধর্ম তথাপি তাহা স্বামীর বলিয়া ব্যবহার হইয়া থাকে, ("অমুক রাজা জয়লাভ করিয়াছেন," "অমুকে পরাজিত হইয়াছেন," হয়ত উভয় রাজাই সংগ্রামক্ষেত্রেও পদার্পণ করেন নাই ). একপ ব্যবহারের কারণ জর ও পরাজ্যের ফলভোগ (রাজ্যলাভ, রাজ্যনাশ) স্বামীরই হইয়া থাকে, তত্ত্বপ বন্ধ ও মোক বস্ততঃ বৃদ্ধিতেই থাকে, পুরুষে ফলভোগ করে বলিয়া তাহার বলিয়া মিণ্যা ব্যবহার হঁইয়া থাকে। ভোগাপবর্গরূপ পুরুষার্থ সম্পাদন করা শেষ না হওয়াই বৃদ্ধির 🖟 বন্ধ, উহার পরিসমাপ্তিই মোক। এইরূপে বৃদ্ধিতে বর্ত্তমান গ্রহণাদি ধর্মাও পুরুষে আরোপিত হইরা থাকে, কারণ পুরুষ উহার ফলভোগ করে, বরপতঃ অর্থ-জানকে গ্রহণ বলে, স্থতির নাম ধারণ, পদার্থ সকলের বিশেষ তর্কের নাম উহ পদার্থে স্থারোপিত ( ত্রান্তিক্লিত ) ধর্মের নিরাস করাকে খাপোর বলে, উক

উহ ও অপোহ দারা পদার্থের অবধারণকে তত্বজ্ঞান বলে, উক্ত তত্বজ্ঞান হইলে এইটী করিব কি না ইহার স্থিরতার নাম অভিনিবেশ॥ ১৮॥

মন্তব্য। গুণত্রমের মধ্যে যথন যে গুণটী প্রধান হয় তথন তাহারই বৃত্তি বিশেষরূপে অভিব্যক্ত হইয়া থাকে, যেমন দেবশরীর উৎপন্ন হইলে তাহাতে সম্বন্ধণ প্রধান, রজঃ ও তমোগুণ তাহার অদে। মন্যুশরীরে রজোগুণ প্রধান, সম্বাপ্ত তমোগুণ তাহার অঙ্গ। পশুপক্ষীর শরীরে তমোগুণ প্রধান, সম্বাপ্ত রজঃ তাহার অঞ্চ হয়।

গুণত্রর এক অপরের অনুসরণ করে ইহাতে ধর্মাধর্ম প্রযোজক নহে, উহা কেবল প্রতিবন্ধ নিবৃত্তি করে, "নিমিত্তমপ্রযোজকং" ইত্যাদি স্থতে বিশেষরূপে বলা যাইবে।

দৃশু গুণত্রর পরম্পর অনাদি কাল হইতে সম্বদ্ধ আছে, ইহাদের সংযোগ বিরোগ নাই, ইহারা পরম্পর পরম্পরের সহায় হইয়া থাকে;

অন্তোহন্তমিথুনা: দর্ব্বে দর্ব্বে দর্বব্রগামিন: ।
রজনো মিথুনং সত্বং দত্তম মিথুনং রজ: ॥
তমদশ্চাপি মিথুনে তে দত্তরজদী উভে ।
উভরো: দত্তরজদোমিথুনং তম উচাতে ॥
নৈষ্যাদি: দত্ররোগো বিয়োগো বোপদভাতে ।

বন্ধ বা মোক্ষ উভন্নই প্রবে আরোপিত, বস্তুতঃ উক্ত উভয় প্রকৃতিরই হইয়া থাকে, "তক্ষাৎ ন বধাতেহসৌ ন মৃচ্যতে নাপি সংসরতি কন্চিৎ। সংসরতি বধ্যতে মৃচ্যতে চ নানাশ্রা প্রকৃতিরিতি।" জপাকুস্থম সন্নিধানে ক্ষটিকের লোহিত্যের স্থায় বৃদ্ধির সমন্ত ধর্মই পুরুষে আরোপিত হয় মাত্র, জপাকুস্থমকে, দ্বে রাখিলে যেমন ক্ষটিকে আর লোহিত্য হয় না তজ্ঞপ বৃদ্ধিও পুরুষের সম্বন্ধ (ভোগ্যভোক্তৃভাব) বিদ্রিত হইলেই পুরুষের মৃক্তি হয়॥ ১৮॥

ভাষ্য। দৃশ্যানাস্ত গুণানাং স্বরূপভেদাবধারণার্থমিদমারভ্যতে।
সূত্রে। বিশেষাবিশেষলিঙ্গমাত্রালিঙ্গানি গুণপর্ব্বাণি॥ ১৯॥
ন্যাধ্যা। গুণপর্বাণি (গুণানাং সন্থানীনাং পর্বাণি পরিণামাঃ অবহাক্রিশেষা ইতি) বিশেষাবিশেষলিজমাত্রালিকানি (বিশেষাঃ পঞ্চমহাভূতানি

ইক্রিয়াণি চ, অবিশেষাঃ তন্মাত্রাণি অন্মিতা চ, লিঙ্গমাত্রং মহৎ, অলিঙ্গং প্রধানং, গুণাশ্চতুর্বিভাগাঃ ইত্যর্থঃ ) ॥ ১৯ ॥

তাৎপর্য। গুণস্বরূপ চারি প্রকার, বিশেষ অর্থাৎ একাদশ ইন্দ্রির ও পঞ্চমহাভূত, অবিশেষ পঞ্চতনাত্র ও অহঙ্কার, নিঙ্গমাত্র মহত্তত্ব ও অনিঙ্গ অর্থাৎ প্রধান॥ ১৯॥

ভাষ্য। তত্রাকাশবাযুগ্যুদকভূময়ো ভূতানি শব্দস্পর্শরপরসগধ্ধ-তন্মাত্রাণামবিশেষাণাং বিশেষাঃ। তথা শ্রোত্রত্কৃক্রিহ্বান্তাণানি বুদ্ধীন্দ্রিয়াণি, বাক্পাণিপাদপায়পস্থানি কর্ণ্মেন্দ্রিয়াণি, একাদশং মনঃ मर्तवार्थः, ইত্যেতাग्रात्रिञानकानग्रावित्यस्य वित्यवाः। खुगानात्मय ষোড়শকো বিশেষপরিণামঃ। ষড়ত্যবিশেষাঃ, তদ্যথা শব্দতন্মাত্রং, স্পর্শতমাত্রং, রপতমাত্রং, রসতমাত্রং, গন্ধতমাত্রঞ্, ইত্যেকদিত্রি-চতুপ্রঞ্চলক্ষণাঃ শব্দাদয়ঃ পঞ্চাবিশেষাঃ, ষষ্ঠশ্চাবিশেষোহস্মিতামাত্র ইতি. এতে সত্তামাত্রস্থাত্মনো মহতঃ ষডবিশেষপরিণামাঃ, যৎ তৎপর-মবিশেষেভাো লিঙ্কমাত্রং মহত্তত্বং তম্মিন্নেতে সন্তামাত্রে মহত্যাত্মশুব-স্থায় বিবৃদ্ধিকাষ্ঠামনুভবন্তি, প্রতিসংস্জ্যমানাশ্চ তত্মিরেব সন্তামাত্রে মহত্যাত্মসূবস্থায় যত্তবিঃস্তাসতঃ নিঃসদস্থ নিরস্থ অব্যক্তমলিঙ্গং প্রধানং তৎপ্রতিয়স্তীতি, এব তেষাং লিঙ্গমাত্রঃ পরিণামঃ, নিঃসত্তা-২সতঞ্চালিঙ্গপরিণাম ইতি, অলিঙ্গাবস্থায়াং ন পুরুষার্থো হেতুঃ, .নালিঙ্গাবস্থায়ামাদৌ পুরুষার্থতা কারণং ভবতীতি ন তস্তাঃ পুরুষার্থতা কারণং ভবতীতি, নাসো পুরুষার্থক্তেতি নিত্যাখ্যায়তে, ত্রয়াণাস্কবস্থা-বিশেষাণামাদে পুরুষার্থতাকারণং ভবতি স চার্থো হেতুর্নিমিত্তং কারণং ভবতীত্যনিত্যাখ্যায়তে, গুণাস্ত সর্ববধর্মানুপাতিনো প্রত্যস্তময়স্তে নোপজায়স্তে ব্যক্তিভিরেবাতীতানাগতব্যয়াগমবতীভি-र्श्वनायमिनी जिक्त भक्त नाभाग्रधर्माका देव প্रजायज्ञानस्य. यथा स्वयनस्या দারিক্রাতি, কন্মাৎ ? যতোহস্ত ত্রিয়ন্তে গাব ইতি গবামেব মরণাত্তস্ত

দরিলাণং ন স্বরূপহানাদিতি সমঃ সমাধিঃ। লিজমাত্রং অলিজস্ত প্রত্যাসন্নং তত্র তৎ সংস্ফাং বিবিচাতে ক্রমানতিবৃত্তেঃ, তথা ষড়-বিশেষা লিঙ্গমাত্রে সংস্ফা বিবিচ্যস্তে, পরিণামক্রমনিয়মাৎ তথা তেম্বিশেষের ভূতেন্দ্রিয়াণি সংস্ফানি বিবিচ্যস্তে, তথাচোক্তং পুরস্তাৎ ন বিশেষেভাঃ পরং তথাস্করমন্তি ইতি বিশেষাণাং নান্তি তত্বান্তরপরিণামঃ, তেষাজ্ঞ ধর্মালক্ষণাবস্থাপরিণামা ব্যাখ্যায়িয়ান্তে॥১৯॥

- অমুবাদ। দৃশুগুণ সমুদায়ের বিভাগ দেখাইবার নিমিত্ত হত্তের আরম্ভ হইয়াছে। শাস্ত ঘোর মৃত্রূপ বিশেষ-রহিত শব্দ স্পর্শ রূপ রস গন্ধ তন্মাত্রগণের যথাক্রমে আকাশ বায়ু অগ্নি জল ও ক্ষিতি বিশেষ (সর্ব্বত্রই কারণকে অপেক্ষা করিয়া কার্যাকে বিশেষ বলা যাইবে)। অস্মিতা স্বরূপ অবিশেষের সত্বগুণের প্রাধান্ত অবস্থায় শ্রোত ত্বক্ চক্ষু: রসনা ঘ্রাণ এই পঞ্চ জ্ঞানেশ্রিষ, রজঃ প্রধান অন্মিতার (অহঙ্কারের) বাক পাণি পাদ পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেক্রিয়, সম্ব ও রজোগুণের তুলারূপে, কর্ম্ম ও জ্ঞানেক্রিয় উভয়ের উপযোগী মনঃ বিশেষ অর্থাৎ কার্য্য। গুণ সমুদায়ের উল্লিখিত বোড়শটা বিশেষ পরিণাম. (ইহারা অন্ত কোনও তত্ত্বের কারণ নহে স্কুতরাং কাহাকেও অপেক্ষা করিয়া ष्पितिस्य इत ना। ष्पितिस्य পतिनाम इत्री यथा भक्काजात, स्पर्भकाजात. রূপতন্মাত্র, রুসতন্মাত্র ও গন্ধতন্মাত্র। ইহাদের মধ্যে শব্দতন্মাত্রের কেবল শব্দগুণ, স্পর্শতন্মাত্রের শব্দস্পর্শ হুইটী গুণ, রূপতন্মাত্রের শব্দ স্পর্শ রূপ তিনটা খ্রণ, রসতনাত্রের শব্দ স্পূর্ণ রূপ রস চারিটী গুণ, গন্ধতনাত্রের শব্দ স্পূর্ণ রূপ রস গন্ধ পাঁচটী ত্রণ (উক্ত তন্মাত্রকেই স্কল্পত বলে) এইরপে ক্রমশঃ এক একটা গুণ বৃদ্ধি যুক্ত শব্দাদি পাঁচটাকে অবিশেষ বলে। ষষ্ঠ অবিশেষের নাম অস্মিতামাত্র। এই ছয়টী অবিশেষ সন্তামাত্র (পুরুষের প্রয়োজন সিদ্ধি করে, অতএব মহন্তম সন্তামাত্র অর্থাৎ যথার্থ বস্তু, তুচ্ছ নহে ) মহন্তম্বরূপ আত্মার পরিণাম। অবিশেষ দকল হইতে পর অর্থাৎ পূর্ব্বোৎপন্ন দীর্ঘকালস্থায়ী যে লিক্সার্ত্র মহত্তত্ব সেই সন্তামাত্র মহত্তত্বে থাকিয়া ( সংকার্য্য বলিয়া, উৎপত্তির পূর্বেও কার্য্য স্ক্রভাবে থাকে) এই অবিশেষ সকল বৃদ্ধির কাষ্ঠা অর্থাৎ পরিণামের শেষ প্রাপ্ত হয়, গো ঘটাদি-পর্যান্ত অন্ত্যাবয়বীভাবে পরিণত হয়।

প্রলয় অবস্থায় (উৎপত্তির বিপরীত ক্রমে) পুনর্কার ঐ মহত্ততে অবস্থিত হইয়া ক্রমে প্রকৃতিতে লীন হয়, ঐ প্রকৃতি পুরুষার্থ সম্পন্ন করিতে পারে না, (মহত্তত্ব অর্থাৎ বুদ্ধিরূপে পরিণত হইলেই প্রকৃতি পুরুষার্থ করিতে পারে, মূল প্রকৃতি অবস্থায় পারে না ) বলিয়া নিঃসত্তা অর্থাৎ সত্তাহীন এবং তুচ্ছ নহে ( তুচ্ছ হইলে সকলের উপাদান হইত না ) বলিয়া নি: অসৎ অর্থাৎ অসন্তাহীন ( ৰম্ভ সং. এম্বলে সভাশনে বর্ত্তমানতা নহে, " কিন্তু পুরুষার্থক্রিয়াকারিতা ), অবিশেষ সমুদায় মহত্তত্বে থাকিয়া উক্তবিধ অলিঙ্গ অর্থাৎ যেটা কার্য্যভাবে কাহারও লিঙ্গ অর্থাৎ অনুমাপক নহে সেই অব্যক্ত প্রধানে লীন হয়, এইটা অ্থাৎ মহত্তবটা গুণ সমুদায়ের লিঙ্গমাত্র পরিণাম। পূর্ব্বোক্ত নিঃসত্তাসতরূপ প্রধানকেই অলিঙ্গ পরিণাম বলে। পুরুষার্থটী অলিঙ্গাবস্থার প্রতি হেতু নহে, এই অলিঙ্ক অবস্থায় ভোগ ও অপবর্গরূপ পুরুষার্থ সম্পাদিত হয় না স্থতরাং পুরুষার্থ তাহার কারণ হইতে পারে না, এ নিমিত্ত প্রকৃতিকে নিত্য বলা যায়। বিশেষ, অবিশেষ ও লিঙ্গমাত্র এই তিনটী গুণের অবস্থার প্রতি পুরুষার্থ কারণ হয় বলিয়া উক্ত অবস্থাত্রয়কে অনিত্য বলে। মহদাদি সমস্ত পরিণামেই সঁথাদি গুণত্রয়ের অনুগম আছে, এই গুণত্রয়ের উৎপত্তি বিনাশ নাই। অতীত অনাগত ক্ষর উদর প্রভৃতি ধর্মবিশিষ্ট এবং গুণত্ররে সম্বদ্ধ কার্য্য সমুদায়ের ধর্ম ঐ মূল-কারণে আরোপিত হইয়াও বোধ হয় যেন মূল প্রকৃতি জন্মিতেছে নষ্ট হইতেছে, এই উৎপত্তিবিনাশ মূল প্রকৃতির কার্য্যবশতঃই হইয়া থাকে স্বরূপতঃ নহে। বেমন দেবদত্ত (কাহারও নাম) দরিজ হইয়াছে, কারণ উহার সমস্ত গো নষ্ট श्हेत्राष्ट्र अञ्चल शांत्र नामवगठः हे त्वनत्ख्त नात्रिका, त्ववनत्खत अज्ञलनाम-বশতঃ নহে, প্রকৃতস্থলে ঐব্ধপ সমান সিদ্ধান্ত অর্থাৎ কার্য্যের নাশেই প্রকৃতির °নাশ ব্যবহার হয় স্বরূপ নাশে নহে। লিঙ্গমাত্র মহত্তত্ব অলিঙ্গ প্রধানরূপে অবস্থিত থাকিয়া তাহা হইতে পৃথক্ভাবে আবির্ভূত হয়, কারণ উৎপত্তির ক্রমের পরিবর্ত্তন হয় না। এইরূপে অবিশেষ ছয়টী তত্ব মহত্তত্বে অবস্থিত থাকিয়া ভাহা হইতে পৃথক্ভাবে আবির্ভূত হয়, যেহেতু পরিণাম ক্রমের নির্ম ( এইরপেই হইবে এতাদৃশ ) আছে। পঞ্চমহাভূত ও একাদশ ইক্রিয় ইহারা উক্ত অবিশেষে অবস্থিত থাকিয়া পৃথক্ভাবে আবির্ভূত হয়, বিশেষ ষোলটীর পর আর তত্বাস্তর নাই একথা পূর্ব্বেই বলা হইয়াছে। বিশেষ বোলটীর তত্বাস্তর-

ক্সপে পরিণাম হয় না কিন্তু ধর্মা. লক্ষণ ও অবস্থারূপ পরিণাম হয় একথা অত্যে তৃতীয় অধ্যায়ের ১২ স্তত্ত বলা যাইবে॥ ১৯॥

মন্তব্য। তন্মাত্র পঞ্চকের এক একটীর এক একটী স্বকীয় গুণ, আকাশের শব্দ, বায়ুর স্পর্শ, তেজের রূপ, জলের রূস ও ক্ষিতির গন্ধ গুণ, কারণের গুণ কার্য্যে সংক্রমিত হওয়ায় যথোত্তর এক একট্টী অতিরিক্ত গুণ হয়, যেমন বায়ুর নিজের স্পর্শ ও কারণ আকাশের শব্দ গুণ লইয়া শব্দ স্পর্শগুণ হয়।

প্রকৃতি হইতে মহাভূত পর্যন্ত চতুর্বিংশতি জড়তত্বই দ্রব্যপদার্থ, সম্বাদি-গুণত্রয় নৈয়ায়িকের অভিমত গুণ নহে, উহারা দ্রব্য পদার্থ; কেবল গুণের স্থায় পুরুষরূপ পশুকে বন্ধন করে বলিয়া এবং ত্রিগুণাত্মক রজ্জু সদৃশ ইহারাও সক্দো জড়িত থাকে বলিয়া গুণ বলিয়া ব্যবহার হয়।

নৈয়ায়িকগণ পরমাণুতে অবয়ব ধারার বিশ্রান্তি স্বীকার করিয়াছেন, প্রধান বাদী সাংখ্য পাতঞ্জল উহা হইতেও স্ক্রভাবে তিনটা তত্ত্ব স্বাকার করেন, তাহাই অহঙ্কার, মহৎ ও মূল প্রকৃতি। কোণাও বা প্রত্যক্ষ, কোণাও বা অমুমান দ্বারা জানা যায় স্ক্রতম অবয়বরাশি ক্রমশঃ একত্র মিলিত হইয়া বহত্তর অবয়বী উৎপন্ন করে। অতি ক্র্দ্র একটা বটবীজ কথনই একেবারে অতি বৃহৎ বটবক্ষ করে। অতি ক্র্দ্র একটা বটবীজ কথনই একেবারে অতি বৃহৎ বটবক্ষ হয়। গুণত্রয়রূপ প্রধান হইতেও একেবারে মহাভূত হয় না, ক্রমশঃ এক একটা অবস্থা হইতে অবস্থান্তর প্রাপ্ত হইয়া উত্তরকালে ভূত ও ইন্দ্রিয়রূপে পরিণাম হয়, মধ্যবর্ত্তী অবস্থা সমুদায়ের নাম মহতত্ত্ব, অহক্ষারতত্ত্বও পঞ্চতনাত্র॥ ১৯॥

ভাষ্য। ব্যাখ্যাতং দৃশ্যং, অথ দ্রফুঃ স্বরূপাবধারণার্থমিদমারভ্যতে।,

সূত্র। দ্রেফী দৃশিমাত্রঃ শুদোহপি প্রত্যাকুপশ্যঃ ॥২০॥
ব্যাখ্যা। দ্রন্থী (প্রুষঃ) দৃশিমাত্রঃ (চৈতক্তবরূপঃ, নতু চেতনাবান্)
ভাষোহপি (ধর্মরহিতোহপি) প্রত্যার্থশুঃ (প্রত্যান্ বৃদ্ধির্তীঃ অমুপশুতি
স্ববীয়ন্ত্রে, অধ্যবস্তি)॥ ২০॥

তাৎপর্যা। পুরুষ জ্ঞানস্বরূপ স্বভাবতঃ নির্গুণ নির্দ্ধিক স্থইলেও বুদ্ধিবৃতির
স্মানোপ হওয়ার সপ্তণের স্থার ভাসমান হয়॥ ২০॥

ভাষ্য। দৃশিমাত্র ইতি দৃক্শক্তিরেব বিশেষণা পরামুফে তার্থঃ, স পুরুষো বুন্ধেঃ প্রতিসংবেদী, সবুদ্ধেঃ ন সরূপো নাত্যন্তং বিরূপ ইতি। ন তাবৎ সরূপঃ, কম্মাৎ ? জ্ঞাতাজ্ঞাতবিষয়ত্বাৎ পরিণামিনী হি বুদ্ধিঃ, তস্তাশ্চ বিষয়ো গবাদির্ঘটাদির্ব। জ্ঞাতশ্চাজ্ঞাতশ্চেতি পরি-ণামিত্বং দর্শয়তি, সদ। জ্ঞাতবিষয়ত্বস্তু পুরুষস্ত অপরিণামিত্বং পরি-দীপয়তি, কস্মাৎ, ন হি বুদ্ধিশ্চ নাম পুক্ষবিষয়শ্চ স্থাদ্গৃহীতাহগৃহীত। চ, ইতি সিদ্ধং পুরুষস্থ সদা জ্ঞাতবিষয়ত্বং, ততশ্চাপরিণামিত্মিতি। কিঞ্চ পরার্থ। বুদ্ধিঃ সংহত্যকারিয়াৎ, স্বার্থঃ পুরুষ ইতি, তথা সর্বার্থা-ধ্যবসায়কস্থাৎ ত্ৰিগুণ। বুদ্ধিঃ, ত্ৰিগুণসাদচেতনেতি, গুণানাং তৃপদ্ৰফী পুরুষ ইতি, অতো ন সরূপঃ। অস্তু তর্হি বিরূপ ইতি, নাত্যন্তং বিরূপঃ, কম্মাৎ, শুদ্ধোহপ্যসৌ প্রত্যয়ামুপশ্রে। যতঃ প্রত্যয়ং বৌদ্ধমমুপশ্যতি, তমমুপশ্যন্ন তদাত্মাহপি তদাত্মক ইব প্রত্যবভাসতে। তথাচোক্তং "অপরিণামিনী হি ভোকৃশক্তিরপ্রতিসংক্রমা চ পরি-ণামিন্তর্থে প্রতিসংক্রান্তেব তদৃত্তিমমুপত্তি তস্তাশ্চ প্রাপ্তচৈতিত্যোপ-গ্রহরূপায়া বুদ্ধিরতেরমুকারমাত্রতয়া বুদ্ধিরত্যবিশিষ্টা হি জ্ঞান-বুত্তিরিত্যাখ্যায়তে॥ ২০॥

অমুবাদ। দৃশ্রের ব্যাথা হইরাছে, দ্রষ্টার বিষয় বলিবার নিমিত্ত এই প্রের আরম্ভ হইতেছে। দ্রষ্টা দৃশিমাত্র, এই মাত্র শব্দ বলায় দৃক্শক্তিই অর্থাৎ জ্ঞানস্বরূপ আত্মাই দ্রষ্টা বুঝাইয়াছে, উহাতে কোনওরূপ বিশেষণের (ধর্মের)
পরামর্শ (সম্বন্ধ) নাই। এই পুরুষ বুদ্ধির প্রতিসংবেদী অর্থাৎ বুদ্ধিদর্পণে পুরুষের
ছায়া পড়িয়া বৃদ্ধির ধর্ম পুরুষের বলিয়া অমুভব হয়। এই পুরুষ বৃদ্ধির স্বরূপ
অর্থাৎ তুলারূপ নহে, অত্যস্ত বিপরীত স্বভাবও নহে। পুরুষ বৃদ্ধির স্বরূপ নহে
কারণ বৃদ্ধির বিষয় গবাদি ও ঘটাদি কথনও জ্ঞাত হয় কথনও বা অজ্ঞাত থাকে,
কারণ বৃদ্ধি কথনও ঘটাদির আকার ধারণ করে (ইহাকেই জ্মুজ্ঞান বলে,)
কথনও বা করে না স্কৃতরাং পরিণামিনী। পুরুষের বিষয় বৃদ্ধির্তি সর্ম্বাণই জ্ঞাত
থাকে, স্কৃতরাং পুরুষের পরিণাম নাই। বৃদ্ধি পুরুষের বিষয় হইয়া অর্থাৎ বৃদ্ধিন

মতী হইয়া জ্ঞাতও হয় অজ্ঞাতও হয় এরূপ হইতে পারে না অতএব পুরুষের বিষয় সর্বাদা জ্ঞাত একথা সিদ্ধ হওয়ায় পুরুষ অপরিণামী ইহাও স্থির হইল। আরও কথা এই অর্থাৎ বৃদ্ধি ও পুরুষের বৈরূপ্যের কারণান্তর এই, বৃদ্ধি পরার্থ অর্থাৎ পরের প্রয়োজন সিদ্ধি করে, কারণ সংহত্যকারী অর্থাৎ শরীর ইন্দ্রিয়াদির সহিত মিলিত হইয়া কার্য্য করে। পুরুষ স্বার্থ অর্থাৎ পরের প্রয়োজন সিদ্ধি করে না। শান্ত বোর ও মৃঢ়রূপ অর্থাকারে পরিণত হইয়া বৃদ্ধি উক্ত অর্থ সমুদায়কে বিষয় করে, স্থতরাং ত্রিগুণাত্মক অতএব অচেতন; পুরুষ ওরূপ নহে, উহা পরিণত হয় না, কেবল বৃদ্ধিবৃত্তির উপদ্রষ্ঠা অর্থাৎ সাক্ষীভাবে জ্ঞাতা, অতএব পুরুষ বৃদ্ধির সরূপ নহে। যদি সরূপ না হইল তবে বিরূপ হউক, না, অত্যস্ত বিরূপও নহে, কারণ পুরুষ ভদ্ধ অর্থাৎ নির্দ্তণ হইলেও প্রত্যয়ামূপগু অর্থাৎ প্রত্যয়কে (বৃদ্ধিকে) দর্শন করে নিজের বলিয়া বোধ করে। এইরূপে বিদ্ধির অনুকরণ করিয়া পুরুষ স্থুখতুঃখাদি জড়স্বভাব না হইয়াও তদায়ক হয়. স্থ্যত্বংথাদি ধর্মবিশিষ্টের তার জ্ঞাত হয়। পঞ্চশিথাচার্য্য বলিয়াছেন, "ভোক্তৃ-শক্তি পুরুষের পরিণাম নাই, উহার প্রতিসংক্রম অর্থাৎ প্রতিসঞ্চার হয় না, বৃদ্ধিনামক পদার্থ বিষয়াকারে পরিণত হইলে তাহাতে প্রতিসংক্রান্তের ভাষ হইয়া (ছায়া পড়িয়া যেন তজপই হইয়া) বৃদ্ধির বৃত্তি প্রকাশ করে অর্থাৎ আপনার বলিয়া অভিমান করে। চৈতন্তের উপগ্রহ (উপরাগ) অর্থাৎ ছায়া-প্রাপ্ত বৃদ্ধির অমুকরণ করে বলিয়া জ্ঞানবৃত্তি পুরুষকে বৃদ্ধিবৃত্তির অপৃথক্ বৃত্তি অর্থাৎ সমান ধর্মক বলিয়া ব্যবহার হয়, বৃদ্ধির বৃত্তিকেই যেন পুরুষের বৃত্তি বলিয়া ভান হয়"॥ ২ • ॥

মন্তব্য। চেতন পুরুষ মানিবার কারণ উহার ছায়া পড়িয়া বৃদ্ধিও চেতন হয়, বৃদ্ধির চৈতগুলাভের নিমিন্তই চিৎস্বভাব পুরুষ স্বীকার করিতে হয়, ব্যবহার দশায় শুদ্ধ পুরুষ বারা কোন কার্য্যই হয় না, উহা বৃদ্ধিসম্বদ্ধ পুরুষ বারাই চলিয়া থাকে। নৈয়ায়িকের অনন্ত অমব্যবসায় জ্ঞানের স্থানে সাংখ্য পাত্তপ এক চৈতগুবান্ পুরুষ স্বীকার করে। চন্দ্রবিম্ব জ্ঞানের পতিত হইলে আন্তের কম্পানের সহিত বোধ হয় বেন প্রকৃত চন্দ্রই কাঁপিতেছে, তক্রপ বৃদ্ধিতে পুরুষের ছায়া পড়িলে বৃদ্ধির ধর্ম পুরুষে আরোপ হয়। এই স্থানে বাচম্পতি ও বিজ্ঞান ভিক্রম মহান্তের আছে, বাচম্পতি কেবল বৃদ্ধিতেই পুরুষের ছায়া সীকার

করিয়াছেন। বিজ্ঞান ভিক্সুর মতে উভরের ছায়াই উভরে পতিত হয়। বৃদ্ধিতে পুরুষের ছায়া পড়িলে ঐ ছায়াবিশিষ্ট বিষয়াকারে পরিণত বৃদ্ধির ছায়া পুরুষে পড়ে, ইহাতেই জ্ঞানে আত্মারও অবভাস হয়। প্রথমাধ্যায়ে "বৃত্তিসার্মপ্যমিত-রত্ত্ব" এই স্ত্রে বিশেষ বলা হইয়াছে॥ ২০॥

## সূত্র। তদর্থ এব দৃশ্যস্থাত্মা॥ ২১॥

ব্যাথ্যা। দৃখ্যস্ত (ভোগ্যস্ত বৃদ্ধার্টুদেঃ) আত্মা (স্বরূপম্) তদর্থ এব (পুরুষার্থ এব, বিজ্ঞের ইতি শেষঃ॥ ২১॥

তাৎপর্যা। বৃদ্ধাদি সমস্ত ভোগ্য জড়বর্ণের স্বরূপ পুরুষার্থই সম্পাদন করে,
 উহাদের স্বার্থ প্রবৃত্তি কিছুই নাই॥ ২১॥

ভাষ্য। দৃশিরপেশ্য পুরুষম্ম কর্ম্মরপতামাপন্নং দৃশ্যমিতি তদর্থ এব দৃশ্যম্বাত্মা স্বরূপং ভবতীত্যর্থঃ। তৎ স্বরূপং তু পররূপেণ প্রতি-লব্ধাত্মকং ভোগাপবর্গার্থতায়াং কৃতায়াং পুরুষেণ ন দৃশ্যতে ইতি। স্বরূপহানাদম্ম নাশঃ প্রাপ্তঃ, নতু বিনশ্যতি॥২১॥

অমুবাদ। বৃদ্ধাদি জড়বর্গ দৃশিরূপ চেতনস্বরূপ পুরুষের জ্ঞানের বিষয় হইয়াই দৃশ্য হয় "জ্ঞের হয়", অতএব ঐ দৃশ্যের স্বরূপ পুরুষার্থ ভোগ ও অপবর্গ সম্পাদনের নিমিত্তই হইয়া থাকে। এই দৃশ্যের স্বরূপ পররূপ অর্থাৎ চৈত্তাস্বরূপ প্রুষ দারাই প্রতিশ্বাত্মক হয় অর্থাৎ দৃশ্যনামক নিজের স্বরূপ লাভ করে, ভোগ ও অপবর্গরূপ পুরুষার্থ সিদ্ধি হইলে আর পুরুষের দারা দৃষ্ট হয় না। যদি দৃশ্য না হয় তবে স্বরূপ দৃশ্যভাব বিনষ্ট হইলে বৃদ্ধাদির বিনাশ হউক, না, তাহা ইইবে না, বৃদ্ধাদির অত্যন্ত উচ্ছেদ হইবে না॥২১॥

মন্তব্য। দৃশ্যমাত্রই পরার্থ, ঐ পর (বাঁহার প্রয়োজনসাধনে বৃদ্যাদির প্রবৃত্তি হয়) দৃশ্য অর্থাৎ জড় হইলে দেটীও পরার্থ হয়, এইরপে অনবস্থা হইয়া যায়, অতএব উক্ত পরটা দৃশ্য নহে, কিন্তু চেতন আয়া। দৃশ্যমাত্রই স্থবছঃখাদি স্বরূপ, উহারা অমুকৃল ও প্রতিকৃল স্বভাব, অর্থাৎ কাহারও অমুকৃলে কাহারও প্রতিকৃলে হয়, আপনার অমুকৃল আপনি হইতে পারে না তাহাতে বেটী কর্ত্তা দেইটীই কর্ম এইরপে কর্মকর্ত্ত্ বিরোধ হয়, অতএব দৃশ্য সম্দায়ের অমুকৃলনীয়

( যাঁহার অন্তক্লে হয় ) ও প্রতিক্লনীয় ( যাঁহার প্রতিক্লে হয় ) অতিরিক্ত কেহ আছে, সেইটীই পুরুষ আত্মা। ইহার বিশেষ বিবরণ "সংঘাতপরার্থতাৎ" ইত্যাদি কারিকায় আছে ॥ ২১ ॥

ভাষ্য। কন্মাৎ ?

সূত্র। কৃতার্থং প্রতি নফমপ্যনফং তদম্যসাধারণত্বাৎ ॥২২॥

ব্যাখ্যা। ক্কতার্থং প্রতি (জাতভোগাপবর্গং মুক্তং প্রতি) নষ্টমপি (অদর্শনং নির্ব্যাপারমপি) অনষ্টং (অনুচ্ছিন্নং) তদন্তসাধারণত্বাৎ (মুক্তেতর সর্বানেব পুরুষান্ প্রতি একস্থৈব প্রধানন্ত কার্য্যকারিত্বাৎ, নষ্টমপি দৃশুং ন নষ্ট্র-মিত্যর্থঃ)॥ ২২॥

তাৎপর্য্য। যদিচ মুক্তপুরুষ সম্বন্ধে প্রধান কোনই কার্য্য করে না, তথাপি তদ্ভিন্ন বদ্ধপুরুষের ভোগাপবর্গ সম্পাদন করে, অতএব প্রধান অনিত্য নহে॥২২॥

ভাষ্য। কৃতার্থমেকং পুরুষং প্রতি দৃশ্যং নফ্টমপি নাশং প্রাপ্ত-মপি অনফ্টং তদ্ অন্যপুরুষসাধারণত্বাহ । কুশলং পুরুষং প্রতি নাশং প্রাপ্তমপ্যকুশলান্ পুরুষান্ প্রত্যকৃতার্থমিতি তেষাং দৃশেঃ কর্ম্মবিষয়তা-মাপন্নং লভতে এব পররূপেণাত্মরূপমিতি, অতশ্চ দৃগদর্শনশক্ত্যো-নিত্যত্বাদনাদিঃ সংযোগো ব্যাখ্যাত ইতি, তথাচোক্তং "ধর্মিণামনাদি-সংযোগান্ধর্মমাত্রাণামপ্যনাদিঃ সংযোগ" ইতি ॥ ২২ ॥

অমুবাদ। প্রশ্ন ক্সাৎ কেন, নষ্ট হইরাও হয় না কেন ? উত্তর, মুক্তপুরুষ কর্ত্তক দৃশু না হইলেও প্রধানের স্বরূপ হানি হয় না, কারণ একটী ক্লতার্থ (য়াহার ভোগ ও অপবর্গ হইরাছে) মুক্তপুরুষের প্রতি দৃশু নষ্ট অর্থাৎ ব্যাপারহীন হইলেও একেবারে পরিণাম ত্যাগ করে না, কুশল অর্থাৎ মুক্তপুরুষের প্রতি নির্ব্যাপার হইলেও অকুশল অর্থাৎ বদ্ধ অজ্ঞ পুরুষ সাধারণের প্রতি দৃশ্রের কার্য্য শেষ হয়, না, উক্ত বদ্ধপুরুষ সকলের জ্ঞানের বিষয় হইয়া পররূপ অর্থাৎ পুরুষের চৈত্তক্ত ছারা দৃশ্রের স্বরূপের উপলব্ধি (জ্ঞান) হয়। অতএব দৃক্শক্তি পুরুষ ও দর্শনশক্তি প্রধান এই উভয়ই নিত্য বলিয়া ইহাদের সংযোগ (ভোকৃত্ব

ভোগ্যন্ত সম্বন্ধ ) অনাদি বলিয়া কথিত আছে। শাস্ত্রকারগণ বলিয়াছেন ধর্মী গুণত্রয়ের সহিত পুরুষের অনাদি সম্বন্ধ বলিয়া ধর্মমাত্রই (কার্য্য) মহদাদিরও অনাদি সম্বন্ধ আছে॥ ২২॥

মন্তব্য। প্রধান একটা, পুরুষ নানা "অজামেকাং লোহিতশুক্লরুষ্ণাং বহুবীঃ
প্রজাঃ স্কুমানাং সর্নপাঃ। অক্ষে হেকো জুষ্মাণোহন্থশতে জহাত্যেনাং
ভূক্তভোগামজোহন্তঃ" ॥ এই শ্রুতিতে প্রধানের একত্ব ও পুরুষের নানাত্ব বলা
হইয়াছে। বার্ত্তিককার বলেন গুণত্রমন্ত্রীপ প্রধান এক নহে, তাহা হইলে
উহাদের সংযোগ বিয়োগ হইতে পারিত না, শ্রুতিলিথিত একত্বের ভাব এইরূপ,
সত্বত্ব প্রভৃতি ধর্ম অত্যন্তাভাবের প্রতিযোগিতার অবচ্ছেদক হয় না, অর্থাৎ
সর্ব্বেই সত্বাদি গুণ আছে, সত্বত্বাহিল্ল প্রতিযোগিতাকাত্যন্তাভাব কোনও
হানে নাই, এই কারণে প্রধানকে এক বলিয়া ব্যবহার হয়। ভায়্যকারের
প্রদর্শিত যুক্তি অনুসারে এক পুরুষের মুক্তিতেই সমস্তের মুক্তি ইত্যাদি দোষের
আশক্ষা নাই॥ ২২॥

ভাষ্য। সংযোগস্বরূপাহভিধিৎসয়েদং সূত্রং প্রবর্তে।

সূত্ৰ। স্বস্থামিশক্ত্যোঃ স্বৰূপোপলব্ধিহেতুঃ সংযোগঃ॥২৩॥

ব্যাথ্যা। স্বস্থামিশক্ত্যোঃ (স্বশক্তেঃ দৃশ্মস্ত, স্থামিশক্তেঃ পুরুষস্ত চ)
স্বরূপোপলদ্ধিহেতুঃ (সাক্ষাৎকারহেতুঃ) সংযোগঃ (উভয়োঃ সম্বন্ধবিশেষঃ)॥২৩॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত ভোগ্যভোক্তৃত্ব সম্বন্ধরূপ সংযোগ দৃশ্য ও পুরুষের সাক্ষাৎকারের কারণ। দৃশ্যের সাক্ষাৎকারকে ভোগ ও পুরুষের সাক্ষাৎকারকে মুক্তি বলে॥ ২৩॥

ভাষ্য। পুরুষঃ স্বামী দৃশ্যেন স্বেন দর্শনার্থং সংযুক্তঃ, তস্মাৎ সংযোগাদ্শ্যস্থাপলির্ধা স ভোগঃ, যা তু দ্রফুঃ স্বরূপোলিরিঃ সোহপবর্গঃ। দর্শনকার্য্যাবসানঃ সংযোগ ইতি দর্শনং বিয়োগস্থ কারণমুক্তং, দর্শনমদর্শনস্থ প্রতিদ্বন্দীতি অদর্শনং সংযোগনিমিত্তমুক্তং, নাত্রদর্শনং মোক্ষকারণং, অদর্শনাভাবাদেব বন্ধাভাবঃ স মোক্ষ ইতি, দর্শনস্থ ভাবে বন্ধকারণস্থাদর্শনস্থ নাশ ইত্যতো দর্শনজ্ঞানং কৈবল্য-

कांत्रगत्रुक्तम्। किरक्षमममर्थनः नाम किः खनानामधिकातः। ।। আহোমিদ্ দৃশিরপশু স্বামিনো দর্শিতবিষয়শু প্রধানচিত্তশামুৎপাদঃ, স্বস্মিন দৃশ্যে বিভ্যমানে দর্শনাভাবঃ।২। কিমর্থবত্তা গুণানাম্।৩। অথাবিতা স্বচিত্তেন সহ নিরুদ্ধ। স্বচিত্তস্তোৎপত্তিবীজম। ৪। কিং স্থিতিসংক্ষারক্ষয়ে গতিসংক্ষারাভিবাক্তিঃ, যত্রেদমুক্তং "প্রধানং স্থিত্যৈর বর্ত্তমানং বিকারাকরণাদপ্রধানং স্থাৎ, তথা গত্যৈব বর্ত্তমানং বিকারনিত্যথাদপ্রধানং স্থাৎ, উভয়থা চাস্থপ্রবৃত্তিঃ প্রধানব্যবহারং লভতে নাম্যথা, কারণাস্তরেম্বপি কল্লিতেম্বেষ সমান-শ্চর্চ্চঃ"। ৫। দর্শনশক্তিরেবাদর্শনমিত্যেকে "প্রধানস্থাত্মখ্যাপনার্থা-প্রবৃত্তিঃ" ইতি শ্রুতেঃ, সর্ববোধ্যবোধসমর্থঃ প্রাক্পরুত্তেঃ পুরুষে। ন পশ্যতি, সর্ববিগাধ্যকরণসমর্থং দৃশ্যং তদা ন দৃশ্যতে ইতি। ৬। উভয়-স্থাপ্যদর্শনং ধর্ম ইত্যেকে, তত্ত্রেদং দৃশ্যস্ত স্বাত্মভূতমপি পুরুষপ্রত্যয়া-পেক্ষং দর্শনং দৃশ্যধর্মত্বেন ভবতি, তথা পুরুষস্থানাত্মভূতমপি দৃশ্য-প্রত্যরাপেক্ষং পুরুষধর্মাত্বেনেব দর্শনমবভাসতে। ৭। দর্শনজ্ঞানমেবা-দর্শনমিতি কেচিদভিদধতি। ৮। ইত্যেতে শাস্ত্রগতা বিকল্লাঃ, তত্র বিকল্পবহুত্বনেত্ত সর্ববপুরুষাণাং গুণসংযোগে সাধারণবিষয়ম্ ১৩

অমুবাদ। সংযোগের স্বরূপ কি তাহা বিগিবার নিমিত্ত এই স্ত্তের আরম্ভ।
পূক্ষ স্বামী অর্থাৎ ভোক্তা দর্শনের ( দৃক্ ও দৃশ্রের জ্ঞানের ) নিমিত্ত স্বকীর
ভোগ্য দৃশ্রের সহিত সংযুক্ত হয়। ঐ সংযোগবশতঃ যে দৃশ্রের জ্ঞান হয় তাহাকে
ভোগ বলে, দ্রন্থা পুক্ষের উপলব্ধিকে অপবর্গ বলে, ("অপর্জ্ঞাতে মূচাতে
অনেনেতি" পুক্ষের সাক্ষাৎকার মুক্তির কারণ, মুক্তি নহে, মুক্তির কারণ বলিয়া
উহাকেও অপবর্গ বলা হইয়াছে )। সংযোগটী দর্শনকার্য্যাবসান অর্থাৎ পুক্ষের
সাক্ষাৎকার পর্যান্ত থাকে বলিয়া পুক্ষের দর্শন বৃদ্ধি ও পুক্ষের বিয়োগ কারণ
হয়। উক্ত দর্শন অদর্শনের (অজ্ঞানের ) প্রতিহন্দী (বিরোধী) বলিয়া অদর্শনই
সংযোগের কারণ বলিয়া উক্ত আছে। পাতঞ্জলশান্তে দর্শনিকে মুক্তির কারণ
ক্রিলে না (বলিলে জন্ত হয় বলিয়া মুক্তির অনিত্যতা দোষ হয়), অদর্শনের অভাব

इटेटनरे वसाভाव रव, উराटकरे मुक्ति वटन । नर्मन (ख्नान) উৎপन्न रहेटन वटस्त कात्रण व्यम्भारतत्र नाम इत्र विनिशा मर्भने खानरक स्मास्कृत कात्रण वना इरिशाह । সম্প্রতি অদর্শন পদার্থ বুঝাইবার নিমিত্ত উহার যে কএকটা ভেদ হইতে পারে তাহা দেখান হইতেছে, (অদর্শন শব্দের ঘটক নঞের পর্যাদাস অর্থ গ্রহণ করিয়া প্রথম বিকল্প) এই অদর্শন, কি গুণের অধিকার অর্থাৎ কার্য্য আরম্ভ শক্তি ?। ১। (নঞের প্রসজ্য প্রতিষেধ অর্থ গ্রহণ করিয়া দ্বিতীয় বিকল্প হইতেছে ) যে চিত্ত দারা শব্দাদি ও সম্বপুরুষ ভেদরূপ বিষয় স্বামী পুরুষকে দেখান হইয়াছে তাদুশ চিত্তের অমুৎপত্তি, আপনাতে উক্ত দিবিধ দুখ্য বিজ্ঞমান থাকিয়াও দর্শন না হওয়াকে কি অদর্শন বলে ? ( আত্মজ্ঞান ও ভবিষ্যৎ ভোগ স্ক্রভাবে বুদ্ধিতে থাকে )। ২। (নঞ্জের পর্যাদাস অর্থ গ্রহণ করিয়া তৃতীয় বিকল্প ) অদর্শন শব্দে কি গুণের অর্থবত্তা অথাৎ ভোগ ও অপবর্গরূপ পুরুষার্থ সাধন করা বুঝায় ?। ৩। (পর্যাদাস পক্ষ লইয়াই চতুর্থ বিকল্প) অবিচ্ছা (মিথ্যা-সংস্কার ) নিজের আশ্রয় চিত্তের সহিত বিদেহাদি মুক্তি বা প্রলয়কালে নিরুদ্ধ থাকিয়া স্বকীয় আশ্রয় চিত্তের উৎপত্তির বীজ হয়, অর্থাৎ পুনর্ব্বার তাদৃশ চিত্ত জন্মে, ইহাকেই কি অদর্শন বলে। ৪। ( পর্যুদাস পক্ষেই পঞ্চম বিকল্প ) প্রধানে বর্ত্তমান স্থিতিসংস্থার অর্থাৎ সামা পরিণাম প্রম্পরার অবসান হইয়া গতিসংস্থার অর্থাৎ মহদাদিরূপে বিকার আরম্ভের শক্তির অভিব্যক্তিকেই কি অদর্শন বলে ? এ বিষয়ে উক্ত আছে "প্রধান কেবল স্থিতির অর্থাৎ সদৃশ পরিণামের কারণ হইলে মহদাদি বিকার জন্মাইতে পারে না, স্থতরাং অপ্রধান (প্রধীয়তে জন্ততহনেনেতি প্রধানং) হইয়া উঠে। এবং কেবল গতির অর্থাৎ মহদাদিরূপে বিদদুশ পরিণামের কারণ হইলেও বিকার সকল নিত্য অর্থাৎ সর্বাদাই জায়মান হয় এ পক্ষেও প্রধান ( প্রধীয়তে লীয়তে যত্র তৎ প্রধানম্ ) হইতে পারে না, উভয়রূপে অর্থাৎ ক্থনও সদৃশ পরিণামে প্রলয়, ক্থনও বা বিসদৃশ পরিণামে সৃষ্টি হয় বলিয়া প্রধান শব্দের ব্যুৎপত্তি (প্রধীয়তে জন্মতে কার্য্যজাতং যেন ইতি, প্রধীয়তে লীয়তে কার্য্যজাতং যত্র ইতি চ, প্রপূর্বক ধাধাতোঃ কর্তুরি অধিকরণে চু অন্টু) রক্ষা হয়, অন্তথা কেবল গতির বা কেবল স্থিতির কারণ বলিলে প্রধান শব্দের অর্থ থাকে না, হইটীই প্রধান শব্দের অর্থ, একটীকে পরিত্যাগ করিলে চলিবে না। পরমাণু প্রভৃতি কন্নিত অন্ত অন্ত কারণেও ঐরূপ

দোষের সম্ভাবনা আছে অর্থাৎ পরমাণুর কেবল প্রবৃত্তি স্বভাব বলিলে প্রলয় বা মুক্তি হয় না, কেবল নিবৃত্তি স্বভাব বলিলে সৃষ্টি থাকে না, অতএব উক্ত क्राप्ये दिविधा चौकांत्रका ठर्फ व्यर्थाए विठात कतिए इटेरव। १। ( পर्यामान পক্ষেই ষষ্ঠ বিকল্প) কেহ কেহ বলেন দর্শনশক্তিই অদর্শন, অর্থাৎ প্রধান আপন পরিণাম পুরুষকে দেখাইতে পারে এরূপ শক্তিই অদর্শন, শ্রুতিতে উক্ত আছে:— প্রধানের স্বরূপ প্রদর্শন করিবার নিমিত্তই প্রবৃত্তি হয়, পুরুষ সমস্ত দৃশ্ছের প্রকাশ করিতে সমর্থ হইলেও প্রধানের মহদাদিরূপে প্রবৃত্তি না হইলে প্রকাশ করিতে পারে না ( বিষয়াকারে পরিণত বৃদ্ধিতেই পুরুষের ছায়া পড়ে, ইহাকেই প্রকাশ বলে ) স্থতরাং ঐ অবস্থায় সমস্ত কার্যাজননসমর্থ প্রধানও দৃশু হয় না। ৬। (পর্যাদাস পক্ষে অদর্শন প্রধানে থাকে স্বীকার করিয়া ষষ্ঠ বিকল্প দেখান হইয়াছে, সম্প্রতি ঐ পর্যাদাস পক্ষেই অদর্শন প্রধান পুরুষ উভয়ে পাকে স্বীকার করিয়া সপ্তম বিকল্প) কেহ কেহ বলেন ঐ অদর্শন উভয়েরই ধর্ম, যদিচ ঐ দর্শন ( বৃত্তি জ্ঞান ) দৃশ্য বৃদ্ধির আত্মভূত অর্থাৎ ধর্ম্ম তথাপি বৃদ্ধি জড় বিদিয়া তাহার ধর্মাও জড় স্নতরাং ঐ দর্শনটা দুখ্য ধর্মা বিদিয়া স্বয়ং জ্ঞাত হইতে পারে না, এই নিমিত্ত চেতন পুরুষের ছায়া বুদ্ধিতে প্রতিফলিত হইয়া ঐ দর্শন বৃত্তিকে দৃশ্য ধর্ম্ম বলিয়া জ্ঞাত করায়। (এস্থলে ভবতি শব্দে জ্ঞায়তে জ্ঞাত হয় এইরপই বুঝিতে হইবে ) যদিচ ঐ অদর্শন দুশ্রের ধর্ম্ম, পুরুষের আত্মভূত নহে, তথাপি বুদ্ধিদর্পণে পুরুষের ছায়া পড়ে বলিয়া বুদ্ধির ধর্মমাত্রই পুরুষে আরোপিত হয়, এইরূপেই অদর্শন পুরুষের ধর্ম বলিয়া প্রতীত হয়। १। দর্শন অথাৎ শব্দাদির জ্ঞানকেই কেহ কেহ অদর্শন বলেন।৮। উপরোক্ত শাস্ত্রগত বিকল্প-মাত্রই প্রকৃতি পুরুষ সংবোগে সাধারণ কারণ॥ ২৩॥

মন্তব্য। সামান্ততঃ নঞের অর্থ ছই প্রকার, পয়ুর্দাস ও প্রসজ্যপ্রতিষেধ, প্রাধান্তন্ত বিধেষ্যত্র নিধেধে চাপ্রধানতা। পর্যুদাসঃ সবিজ্ঞেয়ে যত্রোত্তরপদে ন নঞ্॥

অর্থাৎ যেন্থলে বিধির প্রাধান্ত থাকে, নিষেধটী অপ্রধান হয়, যেখানে নঞ্ পদ উত্তর পদের সহিত মিলিত থাকে না তাহাকে পর্যুদাস বলে।

> অপ্রাধান্তং বিধেষ্যত্ত নিষেধে চ প্রধানতা। ' প্রসঙ্গ্য প্রতিষেধাংয়ং ক্রিম্বন্না সহ যত্ত নঞ্॥

অর্থাৎ যেথানে বিধির অপ্রধানতা থাকিয়া নিষেধেরই প্রাধান্ত হয়; যেথানে নঞ্পদের ক্রিয়ার সহিত অন্তয় হয় তাহাকে প্রসজ্যপ্রতিষেধ বলে।

প্রকারাস্তরে নঞের অর্থ ছয় প্রকার,

তৎসাদৃশ্বমভাবশ্চ তদগ্রতা।

অপ্রাশস্তাং বিরোধন্চ নঞর্থাঃ ষট্প্রকীর্ত্তিতাঃ॥

অর্থাৎ সাদৃশ্য, অভাব, ভেদ, অন্নতা, নিন্দা ও বিরোধ এই ছর্টা নঞ্জের অর্থ, ইহার মধ্যে অভাব ভিন্ন অপর সমস্তই পর্যুদাস, অভাবটা প্রসজ্যপ্রতিষেধ। পর্যুদাস স্থলে নঞ্ থাকিলেও উহা পর্য্যবসানে নিষেধ না ব্যাইয়া বিধিকেই ব্যায়। অদর্শন পদের নঞ্জের অর্থ বিরোধ স্মৃতরাং অদর্শন দর্শনের অভাব নহে কিন্তু দর্শন বিনাগ্য জ্ঞানান্তর।

উল্লিখিত অষ্টবিধ বিকল্পের মধ্যে চতুর্থ বিকল্পের গ্রহণ হইবে, উহা পর্যুদাস অর্থেই সম্ভব, স্মৃতরাং অদর্শন একটা ভাবপদার্থ, উহা ভিন্ন ভিন্ন বৃদ্ধি ও পুরুষে অসাধারণক্ষপে অবস্থান করে। বৃদ্ধি ও পুরুষের অসাধারণ সংযোগকেই ভোগের কারণ বিশিতে হইবে, নতুবা ভোগের বৈচিত্র্য হয় না। এই অসাধারণ সংযোগের প্রতি অসাধারণই কারণ হইবে, তাহাই চতুর্থ বিকল্পে প্রদর্শিত হইরাছে॥ ২৩॥

ভাষ্য। যস্তু প্রত্যক্চেতনস্থ স্ববৃদ্ধিসংযোগঃ,

## সূত্র। তম্ম হেতুরবিছা॥ ২৪॥

বাাখ্যা। তহা (স্বকীয়বুদ্ধা সহ পুরুষসংযোগস্থা) হেতুঃ (কারণম্) অবিছা (মিথ্যাজ্ঞানসংস্কারঃ )॥ ২৪॥

তাৎপর্য্য। প্রত্যক্ চেতন পুরুষের সহিত বুদ্ধির সংযোগের প্রতি অবিষ্ঠা অর্থাৎ মিথ্যা জ্ঞান জন্ম অনাদি সংস্কারই কারণ॥ ২৪ ।

ভাষ্য। বিপর্যয়জ্ঞানবাসনেত্যর্থঃ। বিপর্যয়জ্ঞানবাসনাবাসিতা
ন কার্যানিষ্ঠাং পুরুষখ্যাতিং বৃদ্ধিঃ প্রাপ্নোতি সাধিকারা পুনরাবর্ত্তকে,
সা ভু পুরুষখ্যাতিপর্য্যবসানা কার্য্যনিষ্ঠাং প্রাপ্নোতি চরিতাধিকারা
নির্ত্তাদর্শনা বন্ধকারণাভাবান্ধ পুনরাবর্ত্তত। অত্র কন্চিৎ বশুকোপাখ্যানেনোদ্যাতয়ন্তি মুগ্ধয়া ভার্যয়া অভিধীয়তে "বশুক আর্যাপুত্র

অপত্যবতী মে ভগিনী কিমর্থং নাহ"মিতি, স তামাহ "মৃতস্তেংহ-মপত্যমূৎপাদয়িয়ামীতি", তথেদং বিছ্যমানং জ্ঞানং চিন্ডনিবৃত্তিং ন করোতি বিনফং করিয়াতীতি কা প্রত্যাশা। তত্রাচার্য্যদেশীয়ো বক্তিনমু বৃদ্ধিনিবৃত্তিরেব মোক্ষং, অদর্শনকারণাভাবাৎ বৃদ্ধিনিবৃত্তিং, তচ্চাদর্শনং বন্ধকারণং দর্শনান্ধিবর্ত্তে। তত্র চিত্তনিবৃত্তিরেব মোক্ষং, কিমর্থসিম্থান এবাস্থ মতিবিভ্রমঃ॥ ২৪॥

অমুবাদ। প্রত্যক্ স্বরূপ চেতন পুরুষের স্বকীয় বৃদ্ধির সহিত যে সংযোগ অর্থাৎ পূর্ব্বোক্ত ভোগ্যভোকৃত্ব সম্বন্ধ উহার কারণ অবিছা অর্থাৎ ভ্রমজ্ঞান জন্ত সংস্কার। বৃদ্ধি উক্ত সংস্কারবিশিষ্ট হইয়া থাকা পর্যান্ত কার্য্যের নিষ্ঠা অর্থাৎ পরিশেষে পুরুষ দাক্ষাৎকার লাভ করিতে না পারিয়া সাধিকারা অর্থাৎ কার্য্যের আরম্ভের সহিত বর্ত্তমান থাকিয়া বারম্বার উৎপন্ন হয়। বৃদ্ধির অধিকারশদে ভোগ ও অপবর্গ উৎপাদন বুঝায়, অতএব বৃদ্ধি পুরুষখ্যাতি অর্থাৎ জড়বর্গ হইতে পুরুষকে পুথক ভাবে জ্ঞান পর্যান্ত জন্মাইলে কার্য্যের নিষ্ঠা অর্থাৎ শেষ হয়, তথন সমস্ত অধিকার অনুষ্ঠিত হয়, বন্ধের কারণ অবিভার নিবৃত্তি (জ্ঞান দ্বারা) হইলে বুদ্ধি পুনর্মার আরুত হয় না অর্থাৎ মুক্তি হয়। এন্থলে কোনও नास्त्रिक नशुःमत्कत पृष्टोख (प्रथारेया উপराम कित्रा थात्क, नशुःमत्कत्र मुक्षा (সরণা) স্ত্রী তাহার স্বামীকে জিজ্ঞাসা করে আর্য্যপুত্র নাথ! আমার ভগিনীর সম্ভান হইয়াছে, আমার কেন হয় না ় নপুংসক ইহার প্রভাতের এইভাবে দিয়া থাকে, আমি মরিয়া তোমার পুল্র উৎপাদন করিব, সেইরূপ বিভ্যমান জ্ঞান অর্থাৎ সত্ব ও পুরুবের ভেদজ্ঞান বর্ত্তমান থাকিয়া মুক্ত করিতে পারিল না, স্বয়ং বিনষ্ট হইয়া পারিবে ইহা কেবল হরাশা মাত্র। আচার্য্যদেশীয় অর্থাৎ আচার্য্য হইতে কিঞ্চিৎ নাূন, ইহার উত্তর করিতেছেন, ভোগ ও বিবেকখ্যাতিরণে পরিণত বৃদ্ধির নিবৃত্তিকেই মোক্ষ বলে, বৃদ্ধির স্বরূপ থাকিলেও উক্ত দ্বিবিধ वृष्टित जित्त्राधानकाथ नित्त्राध म्याधि इटेटनटे मुक्ति हय, अनर्गनकाथ कांत्रण নিব্লত হইলে বুদ্ধির বৃত্তি হয় না, বদ্ধের কারণ উক্ত অদর্শন ( অবিছা ) দর্শন **অর্থাৎ আ**ত্মজ্ঞান দারাই বিনষ্ট হয়। (এইটা একদেশীর অর্থাৎ শাস্ত্রের সমগ্র-্রিকান্ত পরিজ্ঞাত নহে এমত ব্যক্তির মত, ইহার মতে বৃদ্ধির স্বরূপ থাকিলেও বৃত্তি না হইলেই মুক্তি হয়)। স্বমতে (আচার্য্যের মতে) চিত্তনিবৃত্তি অর্থাৎ লিঙ্গশরীর বিনাশকেই মুক্তি বলে। অতএব নাস্তিকের উল্লিথিত চিত্তবিভ্রম অস্থানে অর্থাৎ বিনা কারণেই জনিয়াছে॥ ২৪॥

মন্তব্য। দেহাদি জড়বর্গে আত্মজ্ঞান ও উহা হইতে তাদৃশ সংস্কার, এই অনাদি প্রবর্ত্তিত সংস্কারই সমস্ত অনুনর্থের মূল, উক্ত সংস্কার থাকিলেই প্রকৃতি পুরুষের সংযোগ দ্বারা সংসার উৎপন্ন হুয়। বহির্বস্তুতে যত অধিক পরিমাণে অহন্ধার মমকার থাকিবে আত্মজ্ঞান লাভ করিতে ততই বিলম্ব হইবে, তাই আত্মদর্শনাভিলাধী যোগিগণ বহির্বস্ত হইতে সম্পূর্ণ অপস্তত হইবার চেষ্টা করিয়া থাকেন।

"ঈষদসমাপ্তৌ কল্পদেশালাঃ" এই প্ত্রাম্নসারে আচার্য্য হইতে কিঞ্চিৎ ন্যন এই অর্থে দেশীয় প্রত্যয় করিয়া আচার্য্যদেশীয় পদ হইয়াছে। আচার্য্যের লক্ষণ বায়ুপুরাণে উক্ত আছে,

> আচিনোতি চ শাস্ত্রার্থমাচারে স্থাপয়ত্যপি। স্বয়মারভতে যম্মাদাচার্য্যস্তেন চোচ্যতে॥

অর্থাৎ যে ব্যক্তি শাস্ত্রার্থ সম্যক্ অবগত হইয়া স্বয়ং আচার অনুষ্ঠান করেন এবং শিশুদিগকে আচার অভ্যাস করাইয়া থাকেন উাহাকে আচার্য্য বলে।

আত্মজ্ঞান বর্ত্তমান থাকিতে মুক্তি হয় না কারণ ঐ জ্ঞানের (চিতত্ত্তির) ছায়া পুরুষে পড়ায় পুরুষ স্বকীয় স্বচ্ছভাবে থাকিতে পারে না। এই নিমিত্তই মরিয়া মুক্তি দিবে এইভাবে উপহাস হইয়াছে। সিদ্ধান্তে আত্মজ্ঞান হইলে অবিছা নিবৃত্তি হয় স্মৃতরাং চিতাদিরও নাশ হয়॥ ২৪॥

- ভায়্য। হেয়ং ছঃখং হেয়কারণঞ্চ সংযোগাখ্যং সনিমিত্তমুক্তং
   অভঃপরং হানং বক্তব্যম্।
  - সূত্র। তদভাবাৎ সংযোগাভাবো হানং তদ্দুশেঃ কৈবল্যম্॥ ২৫॥

ব্যাখ্যা। তদভাবাং (তন্তা অবিগ্রায়া অভাবাং জ্ঞানেনোচ্ছেদাং) সংযোগাভাবঃ ( পুর্বেক্সিভাব্যভোকৃত্বসহন্ধাভাবঃ ) হানং ( আত্যন্তিকো বন্ধোপরমঃ )

তদ্শেঃ কৈবল্যম্ ( তৎ হানং দৃশেঃ আত্মনঃ, কৈবল্যং স্বরূপেহবস্থানং মুক্তি-রিত্যর্থঃ )॥ ২৫॥

তাৎপর্য্য। আত্মজ্ঞান দারা প্রাপ্তক্ত অবিন্যার বিনাশ হইলে প্রকৃতি পুরুষের সংযোগ অর্থাৎ পূর্ব্বোক্ত সম্বন্ধ-বিশেষ বিনষ্ট হয়, উহাকে হান বা মুক্তি বলে, উহাই পুরুষের স্বরূপে অ্বস্থান॥ ২৫ ॥

ভাষ্য। তস্তাদর্শনস্থাভাবাং বুদ্ধিপুক্ষসংযোগাভাবঃ আত্য-স্তিকো বন্ধনোপরম ইত্যর্থঃ, এতদ্ হানং, তদ্ধৃশঃ কৈবল্যম্ পুরুষ-স্থামিশ্রীভাবঃ, পুনরসংযোগে। গুণৈরিত্যর্থঃ। ছঃখকারণনির্ত্থে ছঃখোপরমো হানং তদা স্বরূপপ্রতিষ্ঠঃ পুরুষ ইত্যুক্তম্॥২৫॥

অনুবাদ। ত্যাগের যোগ্য হৃঃখ ও হৃঃখের কারণ প্রকৃতি পুরুষের সংযোগকে কারণের (অদর্শনের) সহিত বলা হইয়াছে, ইহার পর হান অর্থাৎ মুক্তির স্বরূপ বলিতে হইবে।

সেই অদর্শন অর্থাৎ মিথ্যাসংস্কাররূপ অবিভার বিনাশ হইলে তৎকার্য্য বৃদ্ধি ও পুরুষের সংযোগের অর্থাৎ পূর্ব্বোক্ত সম্বন্ধের বিনাশ হয়, ইহাতেই বন্ধনের অর্থাৎ হঃথত্রয়ের আত্যন্তিক বিনাশ হয়, পুনর্বার ইংপত্তি হয় না। ইহাকে হান (মৃক্তি) বলে, এই অবস্থায় চৈতভাস্বরূপ পুরুষের কৈবল্য অর্থাৎ জড়বর্ণের সহিত অসংমিশ্রণ হয়, গুণত্রয়ের সহিত ভোগজনক সম্বন্ধ হয় না। হৃংথের কারণ সংযোগের নাশ হইলে হৃংথের উপরম হয়, এই অবস্থায় পুরুষ স্বরূপে অর্থাৎ স্বকীয় কেবল জ্ঞানরূপে প্রতিষ্ঠা লাভ করে॥ ২৫॥

মন্তব্য। সকল অনর্থের মূলীভূত অবিভার নিবৃত্তি হইলেই মুক্তি করতলগত হয়। ভগবান্ অক্ষপাদ বলিয়াছেন "হু:থজন্মপ্রবৃত্তিদোষমিধ্যাজ্ঞানানামূতরোত্তরাপায়ে তদনস্তরাপায়াপবর্গ:" অর্থাৎ হু:থাদির পর-পর্টীর বিনাশ হইলে
পূর্ব্ব-পূর্ব্বটীর বিগম হইয়া হু:থের নিবৃত্তি হয় ইহাকেই মোক্ষ বলে। মিথ্যাজ্ঞান
(অবিভা.) নিবৃত্তি হইলে দোষ বিনষ্ট হয় ইত্যাদি ভাবে হু:থত্তয়ের অত্যন্ত
বিনাশকেই মুক্তি বলে। হু:থাভাবটী জন্ত হইলেও উহা অনিত্য নহে, কারণ
ক্রম্ভ ভাবেরই বিনাশ হয়, জন্ত অভাবের বিনাশ হয় না, ধ্বংগাভাব জন্ত হইলেও

উহা অনিত্য নহে। অভাবকে মুক্তি বলা হইল, উহা পুরুষের অতিরিক্ত নহে, সাংখ্য পাতঞ্জলমতে অভাবটী অধিকরণের অতিরিক্ত নহে ॥ ২৫ ॥

ভাষ্য। অথ হানস্ত কঃ প্রাপ্তাপায় ইতি।

সূত্র। বিবেকখ্যাতিরবিপ্লবা হানোপায়ঃ॥ ২৬॥

ব্যাখা। অবিপ্লবা (বিপ্লবেন মিপ্লাজ্ঞানেন বিরহিতা) বিবেকখ্যাতিঃ (সম্বপুরুষভেদজ্ঞানম্) হানোপায়ঃ (হানস্থ তঃথত্যাগস্ত উপায়ঃ কারণম)॥২৬॥

তাৎপর্য্য। বিবেকজ্ঞান মিথ্যাজ্ঞান বা তৎকৃতব্যুত্থানবিরহিতভাবে নিরন্তর উৎপত্মান হইলে মোক্ষের কারণ হয়॥ ২৬॥

ভাষ্য। সম্পুরুষান্যতাপ্রত্যয়ো বিবেকখ্যাতিঃ, সা ম্বনিরুত্ত-মিথ্যাজ্ঞানা প্লবতে, যদা মিথ্যাজ্ঞানং দগ্ধবীজভাবং বন্ধ্যপ্রসবং সম্পত্ততে তদা বিধৃতক্লেশরজসঃ সত্বস্থ পরে বৈশারতো পর্স্থাং বশীকারসংজ্ঞায়াং বর্ত্তমানস্থ বিবেকপ্রত্যয়প্রবাহো নির্দ্মলো ভবতি. সা বিবেকখ্যাভিরবিপ্লবা হানস্থোপায়ঃ, ততো মিথ্যাজ্ঞানস্থ দগ্ধ-বীজভাবোপগমঃ পুনশ্চাপ্রদবঃ, ইত্যেষ মোক্ষস্ত মার্গো হানস্তোপায় ইতি ॥ ২৬ ॥

অমুবাদ। হানের প্রাপ্তির উপায় কি তাহা বলা যাইতেছে। সত্ব ( বৃদ্ধি ) ও পুরুষের ভেদজ্ঞানকে বিবেকখাতি বলে, এই বিবেকখাতি মিথাা জ্ঞান-বিরহিত না হইলে অভিভূত অর্থাৎ স্বকার্য্য মোক্ষজননে অসমর্থ হয়। শরীরাদিতে • আত্মজ্ঞান প্রভৃতি মিখ্যাজ্ঞান যেকালে দগ্ধবীজের তুল্য হইয়া বন্ধ্যপ্রসব হয় অর্থাৎ যথন সংযোগাদি কার্য্য করিতে পারে না তথন চিত্তের অবিদ্যাদি ক্লেশরূপ ধূলি তিরোহিত হইলে অতি স্বচ্ছভাব জন্মে, তথন বণীকার সংজ্ঞানামক পরবৈরাগ্যে বর্ত্তমান ঐ চিত্তের কেবল অতি নির্মাল বিবেকজ্ঞান-ধারা বহিতে थात्क, উशांदक व्यविश्वता वित्वकथाां वित्व, উशाहे शांतक कांत्रन, छेश बात्रा মিথ্যাজ্ঞান দগ্ধবীজ দদৃশ হইয়া যায়, পুনর্কার আর প্রসব ( কার্যারম্ভ ) করিডে পারে না, এইরূপ বিবেকখ্যাতিই মোক্ষপথ বা হানের উপায়। ২৬।

মন্তব্য। প্রত্যক্ষ সমাক্ জ্ঞান ঘারাই প্রত্যক্ষ মিথ্যাজ্ঞান অপনোদিত হয় ইহা দিক্বিত্রমাদিস্থলে অনেকেই অমুভব করিয়াছেন, নিজের ভ্রম নিজেই দ্র না হইলে শত সহস্র উপদেশেও তাহাকে দ্র করিতে পারে না। প্রকৃতস্থলে "অহং স্থা" "অহং স্থল" ইত্যাদি প্রত্যক্ষত্রম, ইহাকে দ্র করিতে হইলে আত্মতত্বের সাক্ষাৎকার আবশ্রক। শ্রুতি বা অনুমান প্রমাণ দ্বারা পরোক্ষভাবে আত্মজ্ঞান জন্মিলে উহা প্রত্যক্ষ মিথ্যাজ্ঞানকে উচ্ছেদ করিতে পারে না। পরোক্ষজ্ঞান প্রত্যক্ষজ্ঞানের কারণ, স্ত্রাং প্রথমতঃ শ্রুতির তাৎপর্য অবধারণ-পূর্বাক আত্মতত্ব শ্রুবণ করিবে, অনস্তর অমুক্ল তর্কসহকারে শ্রুত্যর্থ জ্ঞান দৃট্টাক্ষত করিবে, অনস্তর নিদিধ্যাসন ঘারা দীর্ঘকাল সেবাপূর্বাক আত্মত্ব সাক্ষাৎকার হইলে অবিভারে নির্ত্তি হয়॥ ২৬॥

## সূত্র। তম্ম সপ্তধা প্রান্তভূমিঃ প্রজ্ঞা॥ ২৭॥

ব্যাখ্যা। তম্ম (উৎপন্নবিবেকজ্ঞানম্ম যোগিনঃ) প্রান্তভূমিঃ (প্রকৃষ্টঃ অন্তঃ অবসানং ফলং যাসাং তাঃ প্রান্তাঃ ভূময়ো যম্মা: সা) প্রজ্ঞা (বোধঃ) সপ্তধা (সপ্তপ্রকারা ভবতীত্যর্থঃ)॥ ২৭॥

তাৎপর্য্য। বিবেকজ্ঞান উৎপন্ন হইলে যোগীর প্রজ্ঞা সপ্ত প্রকার হয়, ঐ প্রজ্ঞা প্রান্তভূমি অর্থাৎ উহার পরিণাম উত্তম ॥ ২৭ ॥

ভাষ্য। তত্তেতি প্রত্যুদিতখ্যাতেঃ প্রত্যান্ধারঃ, সপ্তধেতি অশুদ্ধা-বরণমলাপগমাচিত্ত প্রত্যুমান্তরাসুৎপাদে সতি সপ্তপ্রকারৈব প্রজ্ঞা বিবেকিনো ভবতি, তদ্যথা পরিজ্ঞাতং হেয়ং নাম্ম পুনঃ পরিজ্ঞেয়মস্তি। ১। ক্ষীণা হেয়হেতবো ন পুনরেতেষাং ক্ষেতব্যমন্তি.। ২। সাক্ষাৎকৃতং নিরোধসমাধিনা হানম। ৩। ভাবিতো বিবেক-খ্যাতিরপো হানোপায়ঃ। ৪। ইত্যেষা চতুষ্টয়ী কার্য্যাবিমুক্তিঃ প্রজ্ঞায়াঃ। চিন্তবিমুক্তিন্ত ত্রয়ী চরিতাধিকারা বৃদ্ধিঃ। ১। গুণা গ্রিমিশ্রকৃট্যুতাইব গ্রাবাণো নিরবন্থানাঃ স্বকারণে প্রলম্মাভিমুখাঃ সহ তেনান্তং গচ্ছন্তি, নচৈষাং বিপ্রলীনানাং পুনরস্ত্যুৎপাদঃ প্রবোক্ষাভাব্যদিতি। ২। এতস্থামবস্থায়াং গুণসম্বদ্ধাতীতঃ স্বরূপমাত্র-

জ্যোতিরমলঃ কেবলী পুরুষঃ ইতি। ৩। এতাং সপ্তবিধাং প্রান্ত-ভূমিপ্রজ্ঞামনুপশ্যন্ পুরুষ: কুশল ইত্যাখ্যায়তে, প্রতিপ্রদবেহপি চিত্তস্য মুক্তঃ কুশল ইত্যেব ভবতি গুণাতীতস্থাদিতি॥২৭॥

অমুবাদ। স্ত্রের "তস্ত্র" পদ, দারা বর্ত্তমান-খ্যাতি অর্থাৎ যে যোগীর বিবেকজ্ঞান প্রত্যক্ষভাবে আছে তাহাকে বুঝাইবে। ক্লেশপঞ্চক ও তৎকার্য্য পাপ প্রভৃতিকে অশুদ্ধি বলে, নির্মান সম্বঞ্জণের আচ্ছাদন করে বনিয়া উহাকেই আবরণ মল বলে, চিত্তের তাদৃশ মল বিদ্রিত হইলে রাজস বা তামস ব্যুখান প্রভৃতি বৃত্তির উদয় হয় না, তখন বিবেকশালী ঘোগীর প্রজ্ঞা সপ্ত প্রকার হইয়া থাকে, তাহা এইরূপ:—হেয় অর্থাৎ হু:থজনক বলিয়া পরিত্যাজ্য প্রকৃতির কার্য্য সমস্তই পরিজ্ঞাত হইয়াছে, জানিতে কিছুই অবশিষ্ট নাই। ১। হেয়ের कांत्रण क्रिम ममुनाग्रहे क्योण इहेग्राष्ट्र, क्या कतिराज व्यविश्वि कि हुई नाई। २। নিরোধ সমাধি ঘারা হান (মুক্তি) হয় ইহা সম্প্রজ্ঞাত অবস্থাতেই নিশ্চয় করিয়াছি, (এ বিষয়ে নিশ্চয় করিতে কিছুই বাকি নাই)।৩। বিবেক খ্যাতি অর্থাৎ জড়বর্গ হইতে পুরুষের ভেদজ্ঞানরূপ মোক্ষ কারণ সম্পাদিত হইরাছে, (ইহা সম্বন্ধে সম্পাদন করিতে কিছু বাকি·নাই)। ৪। সাতটীর মধ্যে এই চারিটী কার্য্যাবিমুক্তি অর্থাৎ পুরুষের যত্ন দারা সম্পাদিত হয়। কার্য্য-বিমুক্তির পর আপনা হইতেই তিন প্রকার চিত্তবিমুক্তি হয়, বেমন বুদ্ধির অধিকার অর্থাৎ কার্য্যারম্ভ শেষ হইয়াছে। ১। বুদ্ধির গুণ স্থথহুঃথ প্রভৃতি পর্বতশিখর পরিভ্রষ্ট প্রস্তররাশির ন্যায় নিরাশ্রয় হইয়া নিজের কারণ প্রকৃতিতে প্রলন্নাভিমুথ হইয়া (প্রতিলোম পরিণামে) চিত্তের সহিত অস্ত যাইতেছে, रेंशामत नम्र रहेरनं चात उर्शिख रहेरत ना, कात्रण आसामन किंडूरे नारे, উৎপত্তির আবশ্রক ভোগও অপবর্গ সম্পন্ন করা, তাহা হইন্নাছে।২। এই অবস্থার পুরুষ গুণসম্বন্ধ অতিক্রম করিয়া আপন চৈতভারপে নির্মালভাবে অবস্থান করে, স্বতরাং কেবলী অর্থাৎ মুক্ত বলা বার।৩। উক্ত সপ্ত প্রকার প্রান্তভূমি প্রজ্ঞাকে অম্ভব করিয়া পুরুষ কুশল বলিয়া কথিত হয়। চিত্তের প্রতি-প্রসব অর্থাৎ মতান্ত বিনাশ হইলেও পুরুষকে কুশল বলা যায়, কারণ তথন পুরুষ গুণাতীত ষ্পাৎ প্রকৃতিও তৎকার্য্য জড়বর্গ হইতে সম্পূর্ণ পৃথক্ হইয়াছে॥ ২৭॥

র্মন্তব্য। বার্ত্তিককার বলেন তস্ত পদের অর্থ হানোপায়, ভাষ্মের প্রভ্যুদিত-খ্যাতে: এইটুকু ভাহারই বিবরণ, পূর্ব্বে যোগীর উল্লেখ হয় নাই, স্থতরাং তাহার উপস্থিতি হইতে পারে না।

নিরোধ সমাধির পরে ব্যুখান হইলে উল্লিখিত সাত প্রকার অন্থত হইয়া থাকে। প্রাস্তভূমির অর্থ শ্বেষ অবস্থা অর্থাং বাহার পরে আর কিছু থাকে না। ভাষ্টে প্রাস্তভূমির বিশেষ বিবরণ কেবল "ন পুনরেতেষাং ক্ষেতব্যমন্তি" এই একটা দেখান হইরাছে, অবশিষ্ট সমুদায় অনুসন্ধান করিয়া জানিতে হইবে, অনুবাদে প্রদর্শন করা হইয়াছে।

কার্যাবিম্ক্তি অথাৎ পুরুষে চেষ্টা করিয়া সম্পন্ন করিতে পারে, চিত্তের বিম্ক্তি পুরুষের চেষ্টায় হয় না, বাবহারক্ষেত্রে চিত্তকেই জীব বলে, আপনার বিনাশ আপনি করিতে পারে না। চিত্তের লয়ের পূর্বে জীবন্মুক্ত অবস্থা, "অমুপশুন্ পুরুষঃ কুশলং" এইটুকু তাহারই বিবরণ। জীবন্মুক্তের শরীরের নাশের সময় চিত্তেরও লয় হয় ইহাকেই বিদেহমুক্তি বা নির্মাণ বলে, "প্রতিপ্রস্বাবহিপি চিত্তেশ্ব মুক্তঃ কুশলং" এইটুকু বিদেহমুক্তের বিবরণ॥ ২৭॥

ভাষ্য। সিদ্ধাভবতি বিবেকখ্যাতির্হানোপায়ঃ, ন চ সিদ্ধিরস্তরেণ সাধনমিত্যেতদারভাতে।

সূত্র। যোগাঙ্গানুষ্ঠানাদশুদ্ধিক্ষয়ে জ্ঞানদীপ্তিরাবিবেক-খ্যাতেঃ॥ ২৮॥

ব্যাখ্যা। যোগাঙ্গামুষ্ঠানাৎ (যমনিয়মাদীনাং আচরণাৎ) অগুদ্ধিক্ষয়ে (ক্লেশাদিনিবৃত্ত্ত্বী) আবিবেকখ্যাতেঃ (বিবেকজ্ঞানপর্য্যস্তং) জ্ঞানদীপ্তিঃ (তত্ব্জ্ঞানস্থাভিব্যক্তির্ভবতীত্যর্থঃ)॥ ২৮॥

তাৎপর্য্য। যমনিয়ম প্রভৃতি অষ্টবিধ যোগাঙ্গের অষ্ট্রান হইতে হইতে অবিভাদি ক্লেশপঞ্চকের তিরোধান হয়, তথন আত্মজ্ঞান পর্যান্ত হইয়া থাকে ধ ২৮॥

ভাষ্য। যোগাঙ্গানি অফীবভিধায়িষ্মমানানি, তেষামনুষ্ঠানাৎ পৃষ্ণপর্ব্বণো বিপর্যয়স্থাশুদ্ধিরূপস্থ কয়ঃ নাশঃ, তৎক্ষয়ে সম্যুগ্জান- স্থাভিব্যক্তি: যথা যথাচ সাধনাত্রমুষ্ঠীয়ন্তে তথা তথা তমুত্বমশুদ্ধি-রাপছাতে, যথা যথাত ক্ষীয়তে তথা তথা ক্ষয়ক্রমানুরোধিনী জ্ঞানস্থাপি দীপ্তিবিবৰ্দ্ধতে, সা খলেষা বিবৃদ্ধিঃ প্রকর্ষমমুভবতি আ বিবেকখাতেঃ আ গুণপুরুষস্বরূপবিজ্ঞানাদিত্যর্থঃ। যোগাঙ্গানুষ্ঠানমশুদ্ধের্বিয়োগ-কারণং যথা পরশুশেছ্ছাস্ত, বিবেকখ্যাতেন্ত প্রাপ্তিকারণং যথা ধর্মঃ স্থস্য, নাম্থাকারণম্। কতিটৈ তানি কারণানি শাত্রে ভবস্তি, নবৈবেত্যাহ, তদ্যণা "উৎপত্তিস্থিত্যভিব্যক্তিবিকারপ্রতায়াপ্তয়ঃ। বিয়োগান্তত্বধুতয়ঃ কারণং নবধা স্মৃত্রন্" ইতি। তত্রোৎপত্তিকারণং মনো ভবতি বিজ্ঞানস্থ, স্থিতিকারণং মনসঃ পুরুষার্থতা, শরীরস্থেবা-হার ইতি। অভিব্যক্তিকারণং যথা রূপস্থালোকস্তথা রূপজ্ঞানম্। বিকারকারণং মনসো বিষয়ান্তরং, যথাহগ্নিঃ পাক্যস্ত। প্রত্যয়কারণং ধুমজ্ঞানমগ্রিজ্ঞানস্থা। প্রাপ্তিকারণং যোগাঙ্গানুষ্ঠানং বিবেকখ্যাতে:। বিয়োগকারণং তদেবাশুদ্ধে:। অত্যত্বকারণং যথা স্থবর্ণস্থ স্থবর্ণকারঃ। এবদেকস্থ স্ত্রীপ্রত্যয়স্থ অবিছা মূঢ়ত্বে, দেষো হুংখতে, রাগঃ স্থুখতে, ত্বজ্ঞানং মাধ্যস্থ্যে। ধৃতিকারণং শরীরমিন্দ্রিয়াণাং তানি চ তস্তু, মহাভূতানি শরীরাণাং তানি চ পরস্পরং সর্বেষাং, তৈর্য্যাগ্যান-মামুষদৈবতানি চ পরস্পরার্থবাৎ, ইত্যেবং নব কারণানি। তানি চ यथामञ्जदः পদার্থান্তরেম্বপি যোজ্যানি। যোগাঙ্গানুষ্ঠানন্ত দিথৈব কারণত্বং লভতে ইতি॥ ২৮॥

অমুবাদ। হানের অর্থাৎ মোক্ষের উপায় বিবেকখ্যাতি সিদ্ধ হইয়া থাকে একথা বলা হইয়াছে, দাধন ব্যতিরেকে সিদ্ধি হয় না, এনিমিন্ত দাধন প্রদর্শন করিবার জ্বন্ত আরম্ভ করা যাইতেছে। যোগাঙ্গ আটটী তাহা অগ্রে বলা যাইবে, উহাদের অ্যুষ্ঠান করিলে পঞ্চপর্ব অর্থাৎ অবিদ্যা, অম্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ এই পাঁচ প্রকার বিপর্যায় (মিথ্যা, ভ্রম )জ্ঞানের ক্ষয় হয়, উহার ক্ষয় হইলে সম্যক্ জ্ঞানের অভিব্যক্তি হইতে থাকে, বোগাঙ্গ অমুষ্ঠানের তারতম্য অমুসারে

অভ্রদ্ধিরও তিরোধান হয়, এবং অভ্রদ্ধির বিনাশ হইলে তদমুসারে ( তার্তমাামু-সারে) জ্ঞানেরও দীপ্তি বৃদ্ধি হয়, ঐ বৃদ্ধি হইতে হইতে বিবেকখ্যাতি অর্থাৎ খ্রণ (বৃদ্ধি প্রভৃতি) ও পুরুষের ভেদজ্ঞান পর্যাস্ত উপনীত হয়। যমনিয়মাদি যোগাঙ্গামুষ্ঠান অগুদ্ধির বিয়োগকারণ হয়, যেমন ছেদের যোগ্য ব্রক্ষের বিয়োগ-কারণ কুঠার। ঐ যোগাঙ্গানুষ্ঠান বিবেকথাইতির প্রাপ্তিকারণ হয়, যেমন ধর্ম স্থবের প্রাপ্তির কারণ, যোগাঙ্গামুষ্ঠান উক্ত দ্বিবিধ রূপেই কারণ হয়, প্রকারা-স্তরে হয় না। কত প্রকার কারণ তাঁহা নির্দারণ করা যাইতেছে, কারণ নয় প্রকার, উৎপত্তিকারণ, স্থিতিকারণ, অভিব্যক্তিকারণ, বিকারকারণ, প্রত্যয় (জ্ঞান) কারণ, আপ্তি (প্রাপ্তি, লাভ) কারণ, বিয়োগকারণ, অন্তম্ব (ভেদ) কারণ ও ধতি (রক্ষা) কারণ, এই নয় প্রকার কারণ হয়। ইহার মধ্যে উৎপত্তিকারণ যেমন জ্ঞানের উৎপত্তিকারণ মনঃ। আহার যেমন শরীরের স্থিতিকারণ তদ্ধপ ভোগ ও অপবর্গ মনের স্থিতিকারণ, অর্থাৎ অহন্ধার তত্ব হইতে মন উৎপন্ন হইয়া ততকাল অবস্থান করে, যতকাল ভোগাপবর্গরূপ পুরুষার্থ সম্পাদিত না হয়, পুরুষার্থ সম্পন্ন হইলে আর মন থাকে না। আলোক ও রূপজ্ঞান রূপের অভিব্যক্তির (প্রকাশের) কারণ। যেমন অগ্নি পাক্য অর্থাং পাকের যোগ্য তণ্ডুলাদির বিকারের ( অগ্রথাভাবের ) কারণ তদ্ধপ বিষয়ান্তর অর্থাৎ ধ্যের বস্তু হইতে অন্ত বিষয় মনের বিকারকারণ। ধুমের জ্ঞান অগ্নি-জ্ঞানের কারণ। যোগাঙ্গানুষ্ঠান বিবেকখ্যাতির প্রাপ্তিকারণ, এই যোগাঙ্গানু-ষ্ঠানই অগুদ্ধির বিয়োগকারণ। স্থবর্ণকার স্থবর্ণথণ্ডের অন্তত্ত্বের অর্থাৎ ভেদের কারণ হয়, একখণ্ড স্থবর্ণকে নানাবিধ অলঙ্কাররূপে পরিণত করে, এইরূপ একই স্ত্রীজ্ঞান দর্শক পুরুষের অবিভা থাকিলে মোহ জন্মায়, দ্বেষ থাকিলে হুঃখ জন্মায়, অনুরাগ থাকিলে স্থুখ জন্মায়, এবং তত্বজ্ঞান (বিবেক) থাকিলে মাধ্যস্থা অর্থাৎ উদাসীন্ত জন্মাইয়া থাকে। ইন্দ্রিয়ণণ শরীরের ও শরীর ইন্দ্রিয়-গণের ধৃতির অর্থাৎ রক্ষার কারণ হয়, ক্ষিত্যাদি পঞ্চমহাভূত শরীরের রক্ষার কারণ হয়, অর্থাৎ ভক্ষ্য পেয়রূপে শরীরের পোষণ করে, মহাভূতগণ পরম্পর পরস্পরের গন্ধ রসাদির রক্ষার কারণ হয়। এইরূপে পশু পক্ষী মহুষ্য দেবতা প্রভৃতির শরীর সকলও পরস্পার পরস্পারের রক্ষার কারণ হঁয়। উক্তরূপে নর ু প্রকার কারণ হইয়া থাকে। পদার্থাস্তরেও কার্য্যকারণভাবে যথাসম্ভব <sup>এই</sup>

কয়েকটীর কোনওটীর যোজনা করিতে হইবে। যোগাঙ্গানুষ্ঠান পূর্ব্বোক্ত বিয়োগ ও প্রাপ্তি এই ছই প্রকার কারণ হইয়া থাকে॥ ২৮॥

মন্তব্য। মন্থাদি পার্থিব শরীরে প্রধানতঃ ক্ষিতির ভাগ স্থিতির কারণ অর্থাৎ উপাদান, অন্ত ভূত সকল সহায়ক হয়। বরণলোকের শরীর জলীয়ভাগে গঠিত। স্থ্যলোকের শরীরের কারণ তেজঃ। বায়ুলোকের শরীরের কারণ বায়ুর ভাগ এবং চক্রলোকের শরীরের কারণ আকাশের ভাগ। ব্যাদ্রাদি শরীর মন্থাদির শরীর দারা বর্দ্ধিত হয়, মন্থ্য কর্ভ্ক প্রদত ছাগাদি পশুশরীর দারা দেবশরীর বর্দ্ধিত হয়, দেবগণও বর্ষণ বরপ্রদান প্রভৃতি দারা মন্থাদির শরীর রক্ষা করেন॥ ২৮॥

ভাষ্য। তত্র যোগাঙ্গান্যবধার্যান্ত।

## সূত্র। যমনিয়মাসনপ্রাণায়ামপ্রত্যাহারধারণাধ্যানসমা-ধয়োহফীবঙ্গানি॥ ২৯॥

ব্যাখ্যা। যমশ্চ নিয়মশ্চ আদনঞ্চ প্রাণায়ামশ্চ প্রত্যাহারশ্চ ধারণা চ ধ্যানঞ্চ সমাধিশ্চ এতান্তপ্তে অসম্প্রজ্ঞাতসমাধেরঙ্গানীতার্থ:॥ ২৯॥

তাৎপর্য্য। যম নিরম প্রভৃতি আটটী যোগের অর্থাৎ অসম্প্রজ্ঞাতরূপ নিরোধ সমাধির কারণ॥ ২৯॥

ভাষ্য। যথাক্রমনেতেষামমুষ্ঠানং স্বরূপঞ্চ বক্ষ্যামঃ॥ ২৯॥

অনুবাদ। যোগাঙ্গ সকলের নিরূপণ করা যাইতেছে, যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সম্প্রজ্ঞাত সমাধি এই আটটী যোগের অর্থাৎ অসম্প্রজ্ঞাত সমাধির কারণ, যথাক্রমে ইহাদের অনুষ্ঠান ও স্বরূপ প্রদর্শন করা যাইবে॥ ২৯॥

মস্বর। একই সমাধি অঙ্গ ও অঙ্গী উভয়রূপে কথিত হইরাছে, অঙ্গের অন্তর্গত সমাধিটী সম্প্রজ্ঞাত, উহা অসম্প্রজ্ঞাতরূপ নিরোধ সমাধির অঙ্গ হয়। গ্রন্থের প্রারম্ভে ইহার আভাস দেওয়া হইরাছে। অভ্যাস বৈরাগ্য শ্রদ্ধা বীর্ঘ্য প্রভৃতি উপায় সমস্ত এই আটটীর মধ্যে মস্তর্ভূত বলিয়া জানিবে॥ ২১॥

ভাষা। ভত্ৰ।

সূত্র। অহিংসাসত্যান্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ॥ ৩০॥

ব্যাখা। অহিংসা চ, সত্যঞ্জ অস্তেয়ঞ্চ (চৌর্য্যাভাব\*চ) ব্রহ্মচর্গ্যঞ্জ অপরি গ্রহ\*চ তে যমা: ॥৩•॥

তাংপর্য্য। অষ্টবিধ যোগাঙ্গের মধ্যে অহিংসা, সত্য, অস্তের অর্থাৎ চুরি না করা, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহ এই পাঁচটাকে বুঁম বলে॥ ৩০॥

ভাষ্য। তত্রাহিংসা সর্ববর্থ। সর্ববদা সর্ববৃত্তানামনভিদ্রোহং, উত্তরে চ ষমনিয়মান্তমূলান্তৎসিদ্ধিপরতয়া তৎপ্রতিপাদনায় প্রতিপাছন্তে, তদবদাতরূপকরণায়ৈবোপাদীয়ন্তে। তথাচোক্তং "স খল্পয়ং ব্রাহ্মণো যথা যথা ব্রতানি বহুনি সমাদিৎসতে তথা তথা প্রমাদকতেভো়া হিংসা-নিদানেভায়ে নিবর্ত্তমানস্তামেবাবদাতরূপামহিংসাং করোতি"। সত্যং যথার্থে বাদ্ধনসে, যথাদৃষ্টং যথানুমিতং যথাশ্রুতং তথা বাদ্ধনশ্চতি, পরক্রস্ববোধসংক্রান্তয়ে বাগুক্তা সা যদি নব্দিতা ভ্রান্তা বা প্রতিপত্তি-বন্ধ্যা বা ভবেদিতি, এয়া সর্ববৃত্তোপকারার্থং প্রবৃত্তা ন ভূতোপঘাতায়, যদি চৈবমপ্যভিধীয়মানা ভূতোপঘাতার বাহুপরের স্থাৎ ন সত্যং ভবেৎ, পাপমের ভবেৎ, তেন পুণ্যাভাসেন পুণ্যপ্রতিরূপকেণ কফ্টতমং প্রাপ্নুয়াৎ, তম্মাৎ পরীক্ষ্য সর্ববভূতহিতং সত্যং ক্রয়াৎ। স্তেয়ং অশান্তপূর্ববিকং দ্রব্যাণাং পরতঃ স্বীকরণম্, তৎপ্রতিষেধঃ পুনরস্পৃহারূপমস্তেয়মিতি। ব্রক্ষাচর্য্যং গুপ্তেক্তিয়ন্ত্রাপস্থ্য সংযমঃ। বিষয়াণামর্জ্জনরক্ষণক্রয়সঙ্গহিংসাদোষদর্শনাদসীঃকরণমপরিগ্রহঃ ইত্যেতে যমাঃ॥ ৩০॥

অন্থাদ। পঞ্চবিধ যমের মধ্যে কোনও প্রকারে কোনও কালে কোনও প্রাণীর অভিদ্রোহ অর্থাৎ প্রাণবিরোগ হয় এরূপ চেষ্টা না করাকে অহিংসা বলে (এইরূপু অহিংসাই যোগের অঙ্গ) উত্তরবর্তী সত্যাদি যম ও শৌচাদি নিয়ন সমস্তই অহিংসামূলক, অর্থাৎ অহিংসা রক্ষা না করিয়া সত্যাদির অন্তর্গান করা বিফল, অহিংসার সিদ্ধির (জ্ঞানের) নিমিত্তই সত্যাদির প্রতিপাদন করা

হইয়াছে অর্থাৎ অহিংসা বৃত্তি কতদূর স্থির হইতেছে তাহার প্রতিশক্ষ্য রাথিয়া সত্যাদির অমুষ্ঠান করা কর্ত্তব্য। এই অহিংদা বুত্তির স্বচ্ছতার নিমিত্ত সত্যাদির অমুষ্ঠান করিতে হয় (তাহা না হইলে অসতা প্রভৃতি দোষে অহিংসা মলিন হইয়া যায়) এইরূপেই শাস্ত্রে উক্ত আছে "মুমুকু ব্রাহ্মণ যেমন যেমন সত্যাদি বহুবিধ ব্রতের অমুষ্ঠান করিতে থাকেন অমনি প্রমাদ (অনবধান) বশতঃ অমুষ্ঠিত হিংদার কারণ হইতে প্রতিনিবৃত্ত হইয়া ঐ অহিংদাকেই অবদাতরূপা অর্থাৎ নির্মাণ করিয়া থাকেন। যথার্থ ব্লাক ও মনকে সত্য বলে, অর্থাৎ যেরূপ প্রত্যক্ষ, অনুমিতি বা শক্ষন্ত জ্ঞান হইয়াছে বলিবার ইচ্ছা হইলে তদ্রপেই বাক্যের ও মনের ব্যাপার করিবে, প্রত্যক্ষাদি দারা নিজের যেরূপ জ্ঞান হইয়াছে, তদ্ধপেই শ্রোতার যাহাতে জ্ঞান জন্মে এ প্রকারে কথা বলিলে সত্য বলা হয়, এতাদৃশ বাক্য যদি বঞ্চার (প্রতারণার) কারণ বা ভ্রমজন্ত হয় তবে সত্য রক্ষা হয় না, শ্রোতা বুঝিতে না পারে এরূপে বাক্য প্রয়োগ করিলেও সত্য হয় না। উক্ত প্রকারে বাক্যের প্রয়োগ এভাবে করিবে যাহাতে সমস্ত জীবের উপকার হয়, অনিষ্টের কারণ না হয়। পূর্ব্বোক্তরূপে বাক্য প্রয়োগ করিলেও যদি পরের অনিষ্ঠ হয় তাহাতে সত্য রক্ষা হয় না, উহাতে বরং পাপ হয়, পরের অনিষ্টকারক সত্য বাক্য গ্রয়োগ করা পুণ্য নহে, আপা-ততঃ পুণ্য বলিয়া প্রতীয়মান হয় বটে, কিন্তু উহা হইতে কষ্টতম নরকছ:খ হইয়া থাকে, অতএব বিবেচনা করিয়া বাক্য প্রয়োগ করিবে যাহাতে জীব সকলের হিত ভিন্ন অহিত না হয়। অশাস্ত্রপূর্ব্বক অথাৎ প্রতিগ্রহ ব্যতিরেকে পরের দ্রব্য গ্রহণ করাকে স্তেয় (চৌর্য্য) বলে, উহার অভাবের নাম অস্তেয়, কেবল চুরি না করা নহে, মন হইতে পরের দ্রব্যে স্পৃহা পরিত্যাগ করিবে। \* শুপ্তেন্দ্রিয় উপস্থের (স্ত্রীপুং চিচ্ছের) সংযম অর্থাৎ মৈথুন ও তদ্বিষয়ে শ্রবণাদির ব্যাপার রহিত করাকে ব্রহ্মচর্য্য বলে। বিষয়ের অর্থাৎ উপভোগ্য বস্তুর উপার্জ্জন, রক্ষা, ক্ষয়, সঙ্গ ও হিংসাদোষ অমুভব করিয়া তাহা হইতে বিরত থাকার নাম অপরিগ্রহ: এই পাঁচটীকে যম বলে ॥ ৩ ।।

মন্তব্য। আধ্যাত্মিক উন্নতির অভিলাষ থাকিলে প্রথমতঃ যম নিয়ম হই-তেই স্ত্রপাত করিতে হয়, কেবল বাহিরে প্রদর্শন করিলে কোনও ফল হয় না, চিত্তের মলিনতা বিদ্রিত হইতেছে কি না তাহার প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য।

অহিংসাদি বৃত্তি স্থির হইরাছে কি না তাহার পরীক্ষা ফল দারাই হইতে পারে, অহিংসা বৃত্তি স্থির হইলে তাদৃশ যোগীর সন্নিধানে হিংশ্রক জন্তুগণেরও শক্রতা থাকে না ইত্যাদি। এই অহিংসা বৃত্তির উৎকর্ষ বিধান করিবার নিমিত্তই সাংখ্যশাস্ত্রকর্ত্তা বৈধহিংসাকেও (বলিদান) পাপের কারণ বলিয়া নির্দেশ করিয়াছেন।

অধর্মের মূল মিথ্যা কথা, সংসারে মিথ্যা কথা না থাকিলে অধর্ম আপনা হইতেই চলিয়া যায়। নিশাকালে চোরে চুরি করে, লম্পটে পরদার করে, প্রাতঃকালে তাহাদিগকে রাত্রির বৃত্তান্ত জিজ্ঞাসা করিলে তাহাদের যদি সত্য কথা বলিতে হয় তবে কি আর পাপাচরণ হইতে পারে, কখনই নহে। সত্য কথা বলিলে যদি কাহারও প্রাণবিয়োগ সম্ভব হয় এমত স্থলে বাক্যের প্রয়োগ করিবে না।

মনে মনে পরের জব্যের অভিলাষ থাকিলে অন্তের রক্ষা হয় না, প্রথমতঃ মানসিক ব্যাপার হইয়া পরে কায়িক ও বাচিক ব্যাপার হয় না, তাই অস্পৃহারূপ আন্তের প্রদর্শিত হইয়াছে।

লোকলজা বা ধার্ম্মিকতার ভাগ করিয়া প্রকাশ্রে স্ত্রীসঙ্গ ত্যাগ করিয়া অহর্নিশ মনে মনে ঐ ভাবনায় জর্জারিত হওয়া ভয়ানক পাপ। পাপ, বা পূণ্য-বিষয়ে কত সময় যাইতেছে সেদিকে লক্ষ্য রাখা উচিত। ব্রহ্মচর্য্য রক্ষা করিতে হইলে মৈথুনপ্রসঙ্গে সমস্ত ব্যাপার পরিত্যাগ করিতে হয়, তাই ভায়্যকার "শুপ্রেক্রিয়ত্ত" বলিয়া প্রয়োগ করিয়াছেন। দক্ষসংহিতায় আট প্রকার মৈথুনের অঙ্গ নির্দিষ্ট আছে, "য়রণং কীর্ত্রনং কেলিঃ প্রেক্ষণং শুহুভাষণম্। সঙ্কল্লোহধ্য-বসায়শ্চ ক্রিয়ানির্বিভিরেব চ। এতন্মথুনমন্ত্রাঙ্গং প্রবদন্তি মনীষিণঃ। ব্রহ্মচর্যের সর্বাপ জানিতে হইলে ঋষ্যশৃঙ্গের প্রথম অবস্থা ও শুকদেবের জীবনচরিত অফ্রসন্ধান করা উচিত।

অপরিগ্রন্থ বিষয়-বৈরাগ্যের নামান্তর। বিষয় অর্জনে কতদুর দোষ তাহা ভূকভোগী সকলেই অবগত আছেন। প্রাণান্ত করিয়া অর্জিত ধন তঙ্করে দইরা যাইবে সর্বাদা এইরূপ ছন্চিন্তা থাকে এইটা রক্ষাদোষ। উপভোগ করিলে সঞ্চিত ধনের শীদ্রই ক্ষর হয় ইহার অঞ্শীলনকে ক্ষরদোষ দর্শন বলে। ভোগ করিতে করিতে ক্রমশঃই লালসা (নেসা) বৃদ্ধি হয়, তথন উত্তরোত্তর অধিক আকাজ্ঞা इम्, ना পाইলে বিশেষ कष्ठे रय এইটা मन्नामा। উপভোগ করিতে গেলেই অপরের কষ্টের কারণ হয় অন্ততঃ ঈর্যাও হইয়া থাকে, এইটা হিংসাদোষ ॥ ৩০॥

ভাষা। তে তু।

পূত্র। জাতিদেশকালসম্যানবচ্ছিলাঃ সার্বভৌমা মহা-ব্ৰতম্॥ ৩১॥

व्याथा। जाजितम् कानमभानविष्ट्रमाः (जाजिर्वाञ्चनपानिः, तमः जीर्धानिः, কাল-চতুর্দশুদি:, সময়: ব্রাহ্মণপ্রযোজনাদি:, এতৈরনবচ্ছিন্না: অথণ্ডিতা:) দার্বভৌমা: ( দর্বাস্থ ভূমিষু বিষয়েষু অন্ধুগতা: ) মহাব্রতং ( এতে অহিংসাদয়: মহাব্রতমিত্যুচ্যুতে ) ॥ ৩১ ॥

তাৎপর্যা। পুর্ব্বোক্ত অহিংদাদি যদি জাতি, দেশ, কাল ও শপথ ছারা সীমাবদ্ধ না হয় এবং সমস্ত বিষয়ে সর্কাণা অমুগত হয় তবে মহাত্রত বলা যাইতে পারে॥ ৩১॥

ভাষ্য। তত্রাহিংসা জাতাবচ্চিত্রা মৎস্থবন্ধকম্ম মৎস্থেষ্যেব নাশ্তত্র হিংসা, সৈব দেশাবচ্ছিল্লা ন তীর্থে হনিয়ামীতি, সৈব কালাবচ্ছিল্লা ন চতুর্দস্যাং ন পুণ্যেংহনি হনিয়ামীতি, দৈব ত্রিভি-রূপরতক্ত সময়াবচিছ্লা দেববান্ধণার্থে নাম্যথা হনিয়ামীতি, যথাচ ক্ষত্রিয়াণাং যুদ্ধ এব হিংদা নান্তত্তেতি। এভিৰ্জ্জাতিদেশকালসময়ৈ-• রনবচ্ছিল্লা অহিংসাদয়ঃ সর্ববৈথব পরিপালনীয়াঃ, সর্ববভূমিষু সর্বব-বিষয়েষু সর্ববৈথবাবিদিভব্যভিচারাঃ সার্ববভৌমা মহাত্রতমিত্যু-**ह्याद्य ॥ ७५ ॥** 

অভুবাদ। জাতি ছারা অবচ্ছিন্ন (নিয়মিত, নঙ্কোচিত) অহিংসা বেমন ধীবরগণ মংস্তজাতিরই ২িংসা করে, অপর প্রাণীর করে না। ঐ অহিংসা দেশ ছারা অবচ্ছিন্ন যেমন তীর্থে হিংসা করিব না, কাল ছারা অবচ্ছিন্ন যেমন চতুर्फनी अथवा পবিত্র দিবদে হিংসা করিব না। উক্ত জাতিদেশ কাল ধারা অবচ্ছিন্ন না হইয়াও সময় অর্থাৎ প্রতিজ্ঞা দ্বারা অবচ্ছিন্ন অর্থাৎ সীমাবদ্ধ হয় মেমন দেবতা ও ব্রাহ্মণের প্রয়োজনবশতঃ হিংসা করিব নতুবা করিব না, ধেমন ক্ষত্রিয়সস্তান যুদ্ধক্ষেত্রেই হিংসা করে, অন্ত স্থানে করে না। উক্ত প্রকারে জাত্যাদি দ্বারা অনবচ্ছিন্ন অহিংসা প্রভৃতি সর্ব্বতোভাবে পালন করিবে। এইরূপে জাত্যাদি সমস্ত বিষয়েই সকল প্রকারে অহিংসা প্রভৃতি অবিচলিত থাকিলে তাহাকে সার্বভৌম মহাত্রত বুলা বায়॥ ৩১॥

মন্তব্য'। যোগমার্গ অলোকিক বৈস্ত, ইহাতে সঙ্গোচের চিহ্নও নাই, ইহা সামাজিক কোনও শৃঙ্খলে দীমাবদ্ধ হয় না, প্রাণিবিশেষে ইহার পক্ষপাত নাই, স্থতরাং জাতি দেশ কাল ইহার সঙ্গোচ করিতে পারে না, যোগিগণ কাহারই উপরোধ রাথেন না, অমুকের জন্ত করিব, অমুকের জন্ত করিব না এরপ কথা তাহাদের প্রতি সম্ভবে না। অহিংসার ন্তায় সত্যাদি স্থলেও অনবচ্ছেদ ব্রিতে হইবে॥ ৩১॥

### ' সূত্র। শৌচ – সন্তোষ – তপঃ – স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ॥ ৩২॥

ব্যাথ্যা। শৌচং, সম্ভোষং, তপং, স্বাধ্যায়ং, ঈশ্বরপ্রণিধানঞ এতানি নিয়মাং ইতি॥ ৩২॥

্ তাৎপর্য্য। নিয়ম পাঁচ প্রকার, শোচ, সম্ভোষ, তপঃ, স্বাধ্যায় ও ঈশ্বর-প্রাণিধান॥ ৩২॥

ভাষ্য। তত্রশৌচং মৃজ্জলাদিজনিতং মেধ্যাভ্যবহরণাদি চ
বাহং। আভ্যন্তরং চিত্তমলানামাক্ষালনং। সন্তোষঃ সন্নিহিতসাধনাদধিকস্থানুপাদিৎসা। তপঃ দক্ষমহনম্, দক্ষেচ জিঘৎসা
পিপাসে, শীতোক্ষে, স্থানাসনে, কাষ্ঠমৌনাকারমৌনে চ, ব্রতানি
চৈব যথাযোগং কুচ্ছু-চান্দ্রায়ণসান্তপনাদীনি। স্বাধ্যায়ঃ মোক্ষশাস্ত্রাণামধ্যয়নং প্রণবজপো বা। ঈশ্বপ্রণিধানং তত্মিন্ প্রমঞ্জীে
সর্ববিদ্যাপণং, "শ্যাসনস্থোহথ পথি ব্রজন্ বা ক্ষত্বঃ পরিক্ষীণবিতর্বজালঃ। সংসারবীজক্ষয়মীক্ষমাণঃ স্থানিত্যমুক্তোহমৃতভোগ-

ভাগী"। যত্রেদমুক্তং "ততঃ প্রত্যক্ চেতনাধিগমোহপ্যস্তরায়াভাবশ্চ" ইতি ॥ ৩২ ॥

অমুবাদ। মৃত্তিকা ও জলাদির মার্জনা ও মেধ্য পবিত্র বস্তু (গোমৃত্র যাবকাদি) আহার করায় বাহ্ শৌচ হয়, অর্থাৎ মৃত্তিকা গোময় প্রভৃতি শরীরে প্রলেপ, পবিত্র সলিলে স্নান, এবং পবিত্র বস্তু গ্রাস পরিমাণ প্রবিক আহার করিলে বাহু অর্থাৎ স্থুল শরীরের শৌচ হয়। চিত্তের মল ( দেষ অস্থাদি) দূর করার ( মৈত্রীকরুণাদি ভাবনা দ্বারা ) নাম অন্তঃশোচ। ক্রধা जुका, भीज जेक, जेथान (माँजान) जेशरवनन (वना), कार्क्टर्मान व्यर्थाः ইঙ্গিত দ্বারাও অভিপ্রায় প্রকাশ না করা, আকার মৌন অর্থাৎ কেবল মুখে কথা না বলা এইরূপ বিষয়কে ছন্দ্র বলে, ইহা সহু করার নাম তপঃ, যথাসম্ভব কুছ্চন্দ্রায়ণ সাস্তপন প্রভৃতি ব্রতকেও তপঃ বলে। উপনিষৎ গীতা প্রভৃতি মোক্ষশাস্ত্র অধ্যয়ন অথবা ওঁকার জপকে স্বাধাায় বলে। প্রমণ্ডক প্রমেশ্বরে সমস্ত কর্ম অর্পণ করার নাম ঈশ্বর প্রণিধান, (এই ঈশ্বরপ্রণিধান দারা ভগবানের প্রসাদে সর্বাদাই যোগযুক্ত হওয়া যায়, শ্লোক দ্বারা তাহাই দেখান হইয়াছে ) ঈশ্বর প্রণিধানকারী যোগী শ্বন করুন, বসিয়া থাকুন বা পথে পথে ভ্রমণ করুন তিনি স্বস্থ (ব্রহ্মনিষ্ঠ) তাঁহার সমস্ত বিতর্ক (হিংসা প্রভৃতি, অথবা সংশয় বিপর্যায় ) বিনষ্ট হইয়াছে, তিনি অবিছা সংস্কার প্রভৃতি সংসারের বীজ সকলের ক্ষয় অমুভব করিয়া নিতামুক্ত হইয়া ব্রহ্মাস্বাদ গ্রহণ করেন। এই বিষয়ে স্ত্রকার বলিয়া আসিয়াছেন "ঈশ্বর প্রণিধান করিলে আত্মজ্ঞান হয় ও ব্যাধি প্রভৃতি অন্তরায়ের বিনাশ হয়"॥ ৩২॥

মন্তব্য। মেধ্যাভ্যবহরণাদি শৌচ নহে শৌচের কারণ, কার্য্যকারণের অভেদ উপচার হইরাছে। সাধারণতঃ বন্ধশন্দে বিরুদ্ধ ছই ছইটী বুঝার, ক্ষ্মা তৃষ্ণা প্রভৃতিতে তাদৃশ বিরোধ না থাকিলেও পারিভাষিক দক্ষ ব্ঝিতে হইবে। দক্ষ সহা করার অর্থ সকল অবস্থাতেই সমানভাব, যেমন শীতে তেমনই গ্রীয়ে, অর্থাৎ শরীরের কঠে কুটবোধ না করা। নিত্যমুক্ত এইস্থলে নিত্যমুক্ত এরপও পাঠি আছে।

বহিংগুদ্ধি সমন্তই অন্ত:গুদ্ধির কারণ, চিত্তগুদ্ধির নিশিক্তই নিত্যবৈদিভিক

ক্রিয়াসমূদায়ের বিধান আছে, সদাচার, সংসঙ্গ, সাত্মিক ভোজন ইত্যাদির সহিত ধর্মের বিশেষ সম্বন্ধ আছে, এই নিমিত্তই ভগবদগীতায় সাত্মিক রাজসিক ও তামসিক ত্রিবিধ আহারের উল্লেখ করিয়া সাত্মিক আহারের প্রশংসা করা হইয়াছে। ছান্দোগ্য উপনিবদে বিশেষরূপে দেখান হইয়াছে:—আহারের স্থুল বা অধম ভাগ মৃত্রপুরীয়াদিরূপে বহিগত হয়, মধ্যম ভাগ দারা রসরক্ত ইত্যাদি সপ্তধাত্র উপচয় পূর্ব্ধক দেহের (স্থুল শ্রীরের) পোষণ হয়, এ নিমিত্তই দেহকে অরময় কোষ বলে, উত্তম ভাগ দারা চিত্তের (স্ক্র্ম শরীরের) পৃষ্টি হয়, এই উত্তম ভাগই সাত্মিক, যে সমস্ত বস্তুতে সাত্মিক অংশ অনিক থাকে তাহাতেই চিত্তের শক্তি বৃদ্ধি হয়, এই উদ্দেশ্যই সাধারণের অয় ভোজন করা নিষিদ্ধ। "অয়ময়ং মনং" ইত্যাদি শ্রুতিতে উক্ত বিষয় প্রদর্শিত আছে।

অন্য: ভদির অভিলাব থাকিলে বহি: ভদির দিকে বিশেব লক্ষ্য রাথা আবভ্রুক, কেবল আমি ভচি হইব নির্দ্মল অন্ত: করণ হইব এরপ ইচ্ছায় কিছুই হয়
না, অভিলাবার্সারে চিত্ত ভদি ইইতেছে কি না, ঈর্বা দ্বের প্রভৃতি চিত্তমল দ্ব
হইতেছে কি না তংপ্রতি দৃষ্টি না রাথিয়া কেবল বাহ্য আড়ম্বরে কোন ফলই
হয় না, উহা একরপ ধর্মের ভাগ মাত্র। এক শ্রেণির লোক কেবল বাহ্য
অনুষ্ঠানকেই পরম পদার্থ মনে করিয়া সর্ব্বথাভাবে তাহারই অনুষ্ঠানে রত থাকে,
চিত্ত ভদি যে একটা স্বর্গীয় বস্তু আছে তাহার অনুসন্ধানও রাথে না, অপর
শ্রেণির লোক চিত্ত ভদি কামনা করে সত্য কিন্তু ঘোর অলস অথবা র্থা
অভিমানী, বাহ্য অনুষ্ঠানে বিশেষ বিদ্বেষী, ইহাদের কেইই চিত্ত ভদি লাভ
করিতে পারে না, চিত্ত ভদি অতি হুর্লভ পদার্থ, সর্ব্বদা সদাচার, সংসংসর্গ,
সৎকর্ম্মান্থান ইত্যাদিতে রত থাকিতে হয়, ব্রত নিয়মাদি কঠোর পালন
করিতে হয়, তবে হইলেও হইতে পারে। কৃচ্ছু চান্দ্রায়ণ প্রভৃতি ব্রত্ত সমুদার
মন্ত্র প্রভৃতি ধর্মাণাম্রে বিহিত আছে গ্রন্থ বাহ্নাভ্রের প্রদর্শিত হইল না॥ ৩২ ৪

ভাকা। এতেষাং যমনিয়মানাম।

# সূত্র। বিতর্কবাধনে প্রতিপক্ষভাবনম্ ॥ ৩৩ ॥

ব্যাখ্যা। বিতর্কবাধনে (বিতর্কিঃ হিংসাদিভিঃ বাধনে উচ্ছেদে) প্রতিপক্ষ-ভাবনম্ (প্রতিক্লচিস্তনম্ কর্ত্তব্যমিতি লেখঃ )॥ ৩৩॥

তাৎপর্যা। হিংসাদি বিতর্ক দ্বারা যমনিরমাণির উচ্ছেদের উপক্রম হইলে বিতর্কগণের দোষের চিন্তা করিবে ॥ ৩৩ ॥

ভাষ্য। यनाय बाक्तनय दिःनानत्य निक्का कात्यवन् इनिष्या-ম্যাহমপকারিণম্, অনুতমপি বক্ষ্যামি, দ্রব্যমপ্যস্থ স্বীকরিষ্মামি, দারেষু চাস্থ ব্যবায়ী ভবিষ্যামি, পরিগ্রহেষু চাস্থ স্বামী ভবিষ্যামীতি। এবমুম্মার্গপ্রবণবিতর্কজ্বরেণাতিদীপ্তেন বাধ্যমানস্তৎপ্রতিপক্ষান ভাব-য়েৎ, ঘোরেষু সংসারাঙ্গারেষু পচ্যমানেন ময়া শরণমুপাগতঃ সর্ব-ভূতাভয়প্রদানেন যোগধর্মঃ, স খল্বহং ত্যক্তা বিতর্কান পুনস্তা-नाममानखनाः भव्राउन देखि ভाবয়েৎ, यथा या वाछावलादी ७था ত্যক্তস্ত পুনরাদদান ইতি, এবমাদি সূত্রান্তরেম্পি যোজ্যম্।। ৩৩।।

অমুবাদ। যমনিয়ম তৎপর রাহ্মণের (ব্রাহ্মণশব্দে শাস্ত্রোক্ত ব্রাহ্মণ বুঝিতে হইবে) যথন এইরূপে হিংসাদি বিতর্ক জন্মে, অমুক অপকারীকে বিনাশ করিব ( এই হিংসাটী অহিংসার বাধক ) ইহার অনিষ্ঠ করিবার নিমিত্ত মিথ্যা বলিতে হয় বলিব ( এইটা সত্যের বাধক ), যে ভাবেই হউক ইহার সব্দস্থ অপহরণ করিব ( অস্তেয়ের বাধক ), ইহার স্ত্রীর সতীত্ব বিনাশ করিব (ব্রহ্মচর্য্যের বাধক) ইহার সম্পত্তি সমুদায় অধিকার করিব (অপরিগ্রহের বাধক) এইরূপে অসং পথপ্রদর্শক অতিশয় উদ্দীপিত বিতর্কজর ( যাহাকে গরম হওয়া বলে ) দ্বারা উত্তেজিত হইলে ঐ সমস্ত বিতর্কের প্রতিপক্ষ (দোষ) চিন্তা করিবে, অসহ ভীষণ সংশার অনলে আমি দগ্ধ হুইয়া সমস্ত ভূতের অভয়দাতা বোগধর্ম অহিংসাদি সমুদায়ের আশ্রয় করিয়াছি, আমি বিতর্ক শ্মানত পরিত্যাগ করিয়া পুনর্কার তাহাদিগকে গ্রহণ করিলে কুকুরের সদৃশ হইব, কুকুর যেমন বমন করিয়া পুনর্কার সেই বনন ভক্ষণ করে, আমিও তজ্রপ পরিত্যক্ত হিংসাদি পুনর্বার গ্রহণ করিতেছি। যোগাঙ্গপ্রতিপাদক অগ্রান্ত সত্ত্রেও এইরূপে প্রতিপক্ষ ভাবনা জানিবে ॥ ৩৩ ॥

মন্তব্য। ভাষ্যে কেবল অহিংদাদি যম পঞ্চকের বিপরীত ভাবনা দেখান হইরাছে, নির্ম করেকটীরও এইরূপে জানিবে, এই অপকারীর অনিষ্ট করিতে শৌচ ( আচার) ত্যাগ করিতে হয় তাহাও করিব ইত্যাদি। অতি কণ্টে কথঞ্চিৎ আধ্যাত্মিক উন্নতি লাভ করিলে যাহাতে ঋলন না হয় সেদিকে বিশেষ লক্ষা রাথা কর্ত্তব্য। সংসারমার্গ অতি ভীষণ, বিষয়-শার্দ্দল সর্ব্বত্রই মুখব্যাদান করিয়া রহিরাছে, চিক্ত কুরঙ্গকে রক্ষা করিয়া যে চলিতে পারে তাহারই জয়॥ ৩৩॥

সূত্র। বিতর্কা হিংসাদয়ঃ কৃতকারিতানুমোদিতা লোভ-ক্রোধমোহপূর্বকা মৃত্যুমধ্যাধিমাত্রা হুঃখাজ্ঞানানন্ত-ফলা ইতি প্রতিপৃক্ষ ভাবনম্॥ ৩৪॥

ব্যাখ্যা। বিতর্কাঃ (বিপরীতান্তর্কা বিচারা যেষু তে) হিংসাদরঃ (হিংসা আদির্যোষাং তে হিংসামিথ্যান্তেরাদরঃ) কৃতকারিতানুমোদিতাঃ (কৃতাঃ স্বরং নিম্পাদিতাঃ, কারিতাঃ কুরু ইতি প্রয়োজকব্যাপারেণ সমুৎপাদিতাঃ, অনুমাদিতাঃ পরেঃ ক্রিয়মাণাঃ সাধুসাধ্বিত্যসীকৃতাঃ), লোভক্রোধমোহপূর্ব্বকাঃ (লোভন্ত্মা, ক্রোধঃ কৃত্যাকৃত্যবিবেকোনুলকঃ কন্দিদান্তরো ধর্মঃ, মোহঃ অজ্ঞানং, তে পূর্বে হেতবো যেষাং তে), মৃত্মধ্যাধিমাত্রাঃ (মৃদবোমন্দাঃ, মধ্যাঃ নাতিমন্দা নাতিতীব্রাঃ, অধিমাত্রান্তীব্রাঃ), হঃথাজ্ঞানানন্তফলাঃ (হঃথ-মজ্ঞানঞ্চ অনন্তক্ষণ যেষাং তে তথাবিধাঃ), ইতি প্রতিপক্ষভাবনম্ (হিংসাদয়ঃ অনন্তং হুঃথমজ্ঞানঞ্চ জনরন্তি ইতি তে ন কর্ত্ব্যাঃ ইতি চিন্তনং)॥ ৩৪॥

তাৎপর্য। হিংসা, মিথা। কথা, চৌর্য্য পরদার প্রভৃতিকে বিতর্ক বলে, ইহারা স্বয়ং কৃত হয়, অথবা পরের দারা করান হয়, অথবা অপরে করিয়ছে তাহাকে ভাল বলা হয়, এই হিংসাদি লোভ, ক্রোধ ও মোহ পূর্ব্বক হইয়া থাকে, ইহারা মন্দ, মধ্যম ও তীব্ররূপে সম্পন্ন হয়, ইহাদের ফল অনস্ত ত্বংথ ও অজ্ঞান অতএব ইহাদের অনুষ্ঠান করা উচিত নহে, এইরূপে প্রতিপক্ষভাবন অর্থাৎ প্রতিকৃশচিস্তা করিবে॥ ৩৪॥

ভাষ্য। তত্র হিংসা তাবৎ কৃতাকারিতাহমুমোদিতেতি ত্রিধা, একৈকা পুনস্ত্রিধা, লোভেন মাংসচর্মার্থেন, ক্রোধেন অপকৃত-মনেনেতি, মোহেন ধর্মো মে ভবিষ্যতীতি। লোভক্রোধমোহাঃ পুনস্ত্রিবিধাঃ মৃত্নমধ্যাধিমাত্রা ইতি, এবং সপ্তবিংশতিভেদা ভবস্তি হিংসায়াঃ, মৃত্নমধ্যাধিমাত্রাঃ পুনস্ত্রেধা, মৃত্নমৃত্যু, মধ্যমৃত্যু, তীব্রমৃত্যু- রিতি; তথা মৃত্যুমধ্যঃ, মধ্যমধ্যঃ, তীত্রমধ্য ইতি; তথা মৃত্যুতীত্রঃ, মধ্যতীত্রঃ, অধিমাত্র তীত্রঃ ইতি, এবমেকাশীতিভেদা হিংসা ভবতি। সা পুনর্নিয়মবিকল্পসমুচ্চয়ভেদাদসন্থেয়া প্রাণভ্রেদেস্থাপরিসংখ্যের-ছাদিতি। এবমন্তাদিম্বপি যোজ্যম্। তে থল্পমী বিতর্কা ছঃখাজ্ঞানানস্তফলা ইতি প্রতিপক্ষভাবনম্ ছঃখমজ্ঞানঞ্চানন্তফলং যেষামিতি প্রতিপক্ষভাবনম্, তথাচ হিংসকঃ প্রথমং তাবদ্ বধ্যস্থ বীর্য্যাক্ষিপতি, ততঃ শক্রাদিনিপাতেন ছঃখয়তি, ততো জীবিতাদিপি মোচয়তি, ততো বীর্যাক্ষেপাদস্থ চেতনাচেতনমুপকরণং ক্ষীণবীর্যাং ভবতি, ছঃখোৎপাদাল্লরকতির্যুক্পেভাদিয়ু ছঃখমনুভবতি, জীবিতব্যপরোপণাৎ প্রতিক্ষণঞ্চ জীবিতাত্যয়ে বর্ত্তমানো মরণমিচছল্পপি ছঃখবিপাকস্থ নিয়তবিপাকবেদনীয়ত্বাৎ কথঞ্চিদেবোচছ্বসিতি, যদিচ কথঞ্চিৎ পুণ্যাবাপাতা হিংসা ভবেৎ তত্র স্থপ্রাপ্তো ভবেদল্লায়ুরিতি, এবমনৃতাদিদ্বিপি যোজ্যং যথাসম্ভবং। এবং বিতর্কানাং চামুমেবানুগতং বিপাকম্বিদি ভাবয়ল্প বিতর্কাঃ॥ ৩৪॥

অমুবাদ। হিংসা প্রথমতঃ তিন প্রকার; কৃত স্বহস্তে প্রাণিবধ, কারিত অমুমতি দিয়া প্রাণিহত্যা করা, অমুমোদিত অপরে প্রাণিবধ করিয়াছে তাহার অমুমোদন করা অর্থাৎ ভাল করিয়াছে এরূপ বলা। ইহার প্রত্যেকটী পুনর্কার তিন প্রকার লোভ বশতঃ বেমন মাংস বা চর্ম পাইবার নিমিত্ত হরিণ প্রভৃতির বিধ করা, জোধবশতঃ বেমন এই ব্যক্তি অপকার করিয়াছে অতএব ইহাকে বিনষ্ট করা, মোহ বশতঃ বেমন ইহাকে (যজ্ঞীয় পঞ্চকে) বধ করিলে ধর্ম হইবে। লোভ, জোধ ও মোহ ইহারা প্রত্যেকে পুনর্কার তিন প্রকার, মৃহ, মধ্য ও অধিমাত্র (তীত্র) স্কুতরাং এতজ্জনিত হিংসাও তিন প্রকার, এইরূপে ৩×৩×৩=২৭ হিংসার ভেদ সপ্তবিংশতি হয়। মৃহ, মধ্য ও অধিমাত্র ইহারা প্রত্যেকে পুনর্কার তিন প্রকার মৃহ্মৃছ, মধ্যমৃছ ও তীত্রমৃহ; মৃহ্মধ্য, মধ্য ও তীত্রমধ্য; মৃহ্তীত্র, মধ্যতীত্র ও অধিমাত্রতীত্র; এইরূপে ২৭×৩=

৮১ একাশীতি প্রকার হিংসার ভেদ হয়। বধা ও ঘাতক প্রাণিগণ অসংখ্যা ইহাদের নিয়ম (প্রতিজ্ঞা এইটীই), বিকল্প (এইটী বা ঐটী) বা সমুচ্চয় (উভয়েরই গ্রহণ) ভেদে পূর্ব্বোক্ত একাশীতি প্রকার হিংসা অসংখ্য হইয়া উঠে। হিংসা স্থলে ক্লুতকারিতাদি ভেদের ক্যায় অনুত (মিথ্যা) প্রভৃতি স্থলেও ভেদ বুঝিতে হইবে। উক্ত হিংসাদি বিতর্কগণ অনন্ত হৃঃথ ও অজ্ঞান উৎপন্ন করে এইরূপে প্রতিপক্ষ চিন্তা করিবে। (অধর্মবশতঃ তমোগুণের আবির্ভাব হইলে অক্তানের উৎপত্তি হইয়া কির্মণে ত্রংখের উৎপত্তি হয় তাহা বলা যাই-তেছে.) হিংদক প্রথমতঃ বধা পশু প্রভৃতির বীর্ঘা নাশ করে পরে শস্ত্রাদির প্রয়োগ করিয়া হু:থ প্রদান করে, অনস্তর বিনাশ করে। হিংসক বধ্য প্রাণীর বীর্য্য আক্ষেপ করে বলিয়া উহার (হিংসকের) চেতন ও অচেতন দ্বিবিধ ভোগের উপকরণ ক্ষীণ বীর্য্য হয় অর্থাৎ ভোগ্য পদার্থের গুণ হ্রাদ হয়. বধ্যের ছাথ উৎপাদন করে বলিয়া নরক প্রেত পশুপক্ষী প্রভতিরূপে ছাথভোগ করে. वरधात कीवन नाम करत विषया मर्सनार मृज्य थाकिया मत्र रेष्टा कतियां अ অধর্মের ফল হঃখ ভোগ করিতেই হইবে বলিয়া কোনওরূপে কর্ছে জীবন ধারণ করে। যদিও কোনওরপে হিংদা পুণ্যাবাপগতা হয় অধিক পুণ্যের মধ্যে অন পরিমাণে অবস্থান করে তাহা হইলেও পুণ্যফল স্থুখভোগকালে অল্লায়ু: হয়। এইরূপে অনুতাদি (মিগ্যা চৌর্যা প্রভৃতি) স্থলেও ত্বংথ ও অজ্ঞানরূপ ফলের যথাসম্ভব অনুসন্ধান করিবে। হিংদাদি বিতর্কগণ সমুদায়ে অনুগত অর্থাৎ হিংসাদির প্রত্যেকের পরিণাম অনস্ত ছঃখ ও অজ্ঞানরূপ অনিষ্ঠ চিস্তা করিয়া যোগিগণ বিতর্ক অন্মন্তানে মনঃ প্রদান করেন না, কোনরূপেই হিংসাদির অমুষ্ঠান করেন না। বিতর্ক সকল উক্তরূপে প্রতিপক্ষ ভাবনা বশতঃ হেয় অর্থাৎ পরিত্যাগের যোগ্য হয়, অনবরতঃ হিংসাদির পরিণাম চিম্বা করিতে করিতে উহাতে আর প্রবৃত্তি হয় না॥ ৩৪॥

মন্তব্য। নিয়ম যথা—কেবল মংস্থই হিংসা করিব, বিকল্প যথা—এক দিনে স্থাবর বা জন্সম ইহার অন্তত্তর হিংসা করিব, উভয়কে করিব না, সমুচ্চয় যথা—উক্ত ব্যবস্থা ত্যাগ করিয়া স্থাবর ও জন্সম উভয়বিধই হিংসা করিব ইত্যাদি।

পরম্পরায় কতরূপে হিংসাদির অমুমোদন হয় তাহা স্থির হয় না, সক<sup>লেই</sup>

মংশু আহার রহিত করিলে ধীবরে মংশু ধরিত না, মাংসভক্ষণ প্রচলিত না থাকিলে কসাই কালীর আাবিভাব হইত না, টুপী ব্যবহার না থাকিলে পালক লোভে পক্ষীর বিনাশ হইত না। ফলতঃ সাক্ষাংই হউক অথবা অল্প বা অধিক পরম্পরাতেই হউক হিংসাদি দোষের অণুমাত্র সংশ্রব থাকিলেও পাপপক্ষে নিমগ্র হইতে হয়।

অবৈব হিংদার পাপ হয় ইহা দর্ম্মাদীনমত। বৈধহিংদা অর্থাৎ অশ্বমেধ প্রভৃতি যাগ অথবা বর্ত্তমান ফুর্গোৎসবাদিতে বলিদান ইহাতে মতভেদ আছে. সাংখ্য পাতঞ্জল ভিন্ন সাধারণ আন্তিকদর্শনের মতে বৈধহিংসার পাপ হয় না. তাহারা বলেন যদিও "মা হিংস্তাৎ সর্বভূতানি" ইত্যাদি সামান্ত শাস্তে হিংসার নিষেধ আছে তথাপি "অগ্নিষোমীয়ং পশুমানভেত" ইত্যাদি বিশেষ শাস্ত দারা উহা বাধিত হইৰে, বিশেষ বিধিকে পরিত্যাগ করিয়াই সামান্তের প্রবৃত্তি হয়, অতএব যাগাদি স্থলে পশুবাতরূপ বৈধহিংদার অতিরিক্ত হিংদাই পাপের জনক। সাংখাও পাতঞ্জলদর্শনের অভিপ্রায় এইরূপ, বিরোধ থাকিলেই প্রবল দারা তুর্বল পরাহত হয়, অনবকাশ হয় বলিয়া বিশেষ শাস্ত্র প্রবল, অবকাশ থাকে বলিয়া দামান্ত শাস্ত্র ছর্বল, একটা ধর্মীতে বিরুদ্ধ धर्मां बराय मारिक स्ट्रांल हे विरागि वरल, हिश्मा अनर्थत रहलू ७ रहलू नरह এইরূপ হইলেই বিরোধ হয়, প্রকৃত স্থলে দেরূপ ঘটে নাই; মা হিংস্থাৎ नर्सकृजनि हेजािन नामाल भारत्वत वर्ष हिश्ना व्यनर्थत कात्रन, অগ্নিবোমীয়ং পশুমালভেত ইত্যাদি বিশেষ শাস্ত্রের অর্থ পশুবধ যাগের সাধন, অনর্থের কারণ নয় এরপ নহে, স্কুতরাং বিরোধের সম্ভাবনা নাই। যাগাদি ু অমুষ্ঠানে প্রচুর পরিমাণে পুণ্য হয়, সঙ্গে সঙ্গে পশু ও বীজাদি বধ হয় বলিয়া অল পরিমাণে অধর্ম দঞ্চিত হয়, ভাষ্যকার তাংগই বলিরাছেন "কথঞ্চিৎ পুণ্যাবাপগতা হিংদা ভবেৎ" পঞ্চশিখাচার্য্য বলিয়াট্ছন "স্বল্লদকর: দপরিহার: সপ্রত্যবমর্শ: ইতি, অর্থাৎ যাগাদিজনিত ধর্মরাশি পশুবীলাদি বধপ্রযুক্ত স্বর পাপের সহিত সঙ্কীর্ণ হয়, যথা কথঞ্চিৎ প্রায়শ্চিত্তের অনুষ্ঠান করিলে ঐ অল পাপ বিনষ্ট হইতে পারে, প্রায়শ্চিত্ত দারা হিংসাজনিত পাপ দূর না করিলে যাগফল স্বর্গভোগের সময় ঐ পাপের পরিণাম হঃখ ভোগ হয় কিন্তু অধিক স্বথের মধ্যে থাকে বলিয়া উহা সহজেই সহু করা যায় ইত্যাদি। এরূপ প্রবাদ

আছে স্থবং রাজা লক্ষ বলিদান করিয়া ভগবতীর প্রসাদ লাভ করিয়াছিলেন কিন্তু বিনিময়ে তাঁহাকেও লক্ষ শস্ত্রাঘাত পাইতে হইয়াছিল।

"প্রতিপক্ষভাবনাৎ হেতোর্হেয়া বিতর্কাঃ" এই ভাষ্মটুকু পরস্ত্রের আভাস ভাষ্মের সহিত অবিত হইবে এইরূপ কেহ কেহ বলেন, অর্থাৎ হানের যোগা হিংসাদি বিতর্ক সকল প্রতিকূল চিস্তা বশতঃ যথন অপ্রসব ধর্মী হয় যথন ফলজননে সমর্থ হয় না; তথন খোগিগানের তৎস্চক ঐশ্বর্য হয়। উলিখিত ভাষ্ম-টুকুর পূর্বস্ত্রে অয়য় করিলে প্রতিকৃল চিস্তা ধারা বিতর্ক সকল হেয় হয় অর্থাৎ হানের যোগা হয় এইরূপ বৃঝিতে হইবে॥ ৩৪॥

ভাষ্য। যদাস্থ্যরপ্রসবধর্মাণস্তদা তৎকৃতনৈশ্বর্য্য যোগিনঃ সিদ্ধি-সূচকং ভবতি, তদ্বথা।

সূত্র। অহিংসাপ্রতিষ্ঠায়াং তৎসন্নিধৌ বৈরত্যাগঃ ॥৩৫॥

ব্যাখ্যা। অহিংসাপ্রতিষ্ঠায়াং (অহিংসায়াঃ সিদ্ধৌ সত্যাং) তৎসন্নিথৌ (তফ্র অহিংসক্ত সন্নিধানে) বৈরত্যাগঃ (শাশ্বতিকবৈরাণামপ্যহিনকুলাদীনাং শক্রতাপরিহারো ভবতি)॥ ৩৫॥

তাৎপর্য্য। অহিংদারত্তি সমাক্রপে স্থির হইলে তাদৃশ যোগীর নিকটে অপর সমুদায় হিংস্রক জন্তর হিংদারত্তি থাকে না॥ ৩৫॥

ভাষ্য। সর্ববপ্রাণিনাং ভবতি॥ ৩৫॥

অন্নবাদ। অহিংসার প্রতিষ্ঠা অর্থাৎ স্বপ্নেপ্ত হিংসাবৃত্তির উদয় না হইলে সেই সিদ্ধ যোগীর সন্নিধানে সকল প্রাণীরই হিংসাবৃত্তি থাকে না। বিতর্ক সকল ফলজননে অসমর্থ হইলে যোগিগণের এইরূপ সিদ্ধিস্চক ঐশ্বর্য্য পরিলক্ষিত হইতে থাকে ॥ ৩৫ ॥

মন্তব্য। ভগবান্ বশিষ্ঠদেবের আশ্রমে হিংসা ছিল না, সেথানে ব্যাঘ্রে ও গাভীতে একত্রে এক জলাশরে জলপান করিত, স্থানাস্তরের ব্যাত্রে গোবধ করে, বশিষ্ঠের আশ্রমে করে না, ব্যাঘ্রহরের স্বাভাবিক এরূপ ভেদ থাকিতে পারে না, বশিষ্ঠের অহিংসা গুতিষ্ঠার বলেই তৎসরিধানে অপর হিংসকের কিংসার্ভি দূর হইরাছিল সন্দেহ নাই। নিজের চিত্তে হিংসার্ভি থাকিলেই অপরে হিংসা করে, দেখা যায় অতি শিশু সম্ভানের প্রতি কুরুরাদি হিংসা করে না। চিত্ত হইতে সর্বতোভাবে হিংসাবৃত্তি দূর করিতে পারিলে আরু অপর প্রাণিগণ হিংসা করে না॥ ৩৫॥

### সূত্র। সত্যপ্রতিষ্ঠায়াং ক্রিয়াফলাশ্রয়ত্বম্॥ ৩৬॥

ব্যাখ্যা। সত্যপ্রতিষ্ঠায়াং (সত্যস্ত, যথার্থবাদিতায়া: প্রতিষ্ঠায়াং স্থৈর্ঘ্যে স্তি) ক্রিয়াফলাশ্রমতং (ক্রিয়াজন্তব্যাবর্দ্মাধর্ময়োন্তংফলয়োন্চ স্বর্গনরকাস্তো: আশ্রমতং বাল্লাত্রেণ দাতৃত্বং বোগিনো ভব্তি)॥ ৩৬॥

তাৎপর্যা। সত্যত্রত স্থির হইলে তাদৃশ যোগিগণের ধর্মাধর্ম ও স্বর্গাদি-প্রদানে সামর্থ্য হয়॥ ৩৬॥

ভাষ্য। ধার্মিকো ভূয়া ইতি ভবতি ধার্মিকঃ, স্বর্গং প্রাপ্নুহীতি স্বর্গস্থাপ্নোতি অনোঘাহস্য বাগ্ভবতি॥ ৩৬॥

অমুবাদ। সত্যপ্রতিষ্ঠ যোগিগণ যাহাকে বলেন তুমি ধার্মিক হও সে তথনই ধার্মিক হয়, যাহাকে বলেন তুমি স্বর্গলাভ করে সে স্বর্গলাভ করে, এই সিদ্ধ যোগীর বাক্য অমোঘ হয় অর্থাৎ কথনই অঞ্থা হয় না, যাহা বলেন তাহাই হয়॥ ৩৬॥

মন্তব্য। শাপ ও বর প্রদানের কথা ধাহা পুরাণ প্রভৃতি শাস্ত্রে বর্ণিত আছে, তাহা এই সত্যপ্রতিষ্ঠারই পরিণাম, নহব রাজা ইক্রন্থ পদ পাইয়াও সত্যপ্রতিষ্ঠ ঋষির বাক্যে বৃহদ্ অজগররূপে পরিণত হইয়াছিলেন, সত্যের কি মুহিমা! শাস্ত্রে বর্ণনা আছে শত অখমেধ একদিকে ও সত্য অপরদিকে রক্ষা করিলে তুলাদণ্ডে সত্যেরই গুরুত্ব অধিক হয়। স্বস্তায়ন প্রভৃতি ক্রিয়ার কল এই সত্যব্রতের উপরই নির্ভর করে। বাক্শক্তি মানসশক্তির উপলক্ষক, মানস-শক্তিও অমোঘ হয়, যাহা মনে করে তাহাই হইয়া থাকে॥৩৬॥

### সূত্র। অন্তেয়প্রতিষ্ঠায়াং সর্বরত্নোপস্থানম্॥ ৩৭॥

ব্যাখ্যা। অন্তেরপ্রতিষ্ঠারাং (চৌর্য্যাভাবদিন্ধৌ) সর্ব্বরত্নোপস্থানং (সর্ব্বেষাং দিব্যরত্বানাং উপস্থানং সম্বন্ধমাত্রেণ লাভো ভবতি )॥ ৩৭॥

তাৎপর্য্য। অন্তেয় ব্রতিসিদ্ধি হইলে অর্থাৎ স্বপ্নেও পরদ্রব্যে অভিলাষ না হইলে যোগীর সম্কল্পমাত্রেই সমস্ত রত্নের উপস্থিতি হয়॥ ৩৭॥

ভাষ্য। সর্বাদিক্স্থান্যসোপতিষ্ঠন্তে রত্নানি॥ ৩৭॥

অমুবাদ। অন্তেম স্থিরত। হইলে সকল দিক্ হইতে রত্ন সকল যোগীর নিকট উপস্থিত হয়॥ ৩৭॥

মস্তবা। গোরক্ষনাথের গুরু মীননাথ কোনও একটা বিষয়াসক্ত ছুরুত্ত রাজাকে ভক্তিযোগ উপদেশ দিয়া সৎপথে লইবেন এই অভিপ্রায়ে কিছুকাল তাঁহার নিকট অবস্থিতি করেন, ক্রমে উভয়ের প্রণয় বৃদ্ধি হয়, পরিণামে ফলে विপরীত হয়, মীননাথই রাজার ভায় বিষয়াসক হইয়া পড়েন। এদিকে গোরক্ষনাথ গুরুদেবের বিপরীত আচরণ দেখিয়া নিতান্ত ব্যথিতহৃদয়ে একদা কোনওক্রমে মীননাথের সহিত দেখা করেন এবং কোনওরূপে পূর্ব্বতন <sup>4</sup>জ্ঞানযোগ তাঁহাকে স্মরণ করাইয়া দেন তথন মীননাথের অধোগতি অনুভত হয় এবং উভয়ে বহির্গত হইয়া গোরক্ষনাথের অনিচ্ছাদত্বেও মীননাথ বহুমূল্য রত্নাদি লইয়া গমন করেন দেখিয়া গোরক্ষনাথ বলেন গুরুদেব ঐ ভার আমায় প্রদান করুন আমি বহন করিব, মীননাথ ঐ রত্মভাও গোরক্ষনাথকে প্রদান করিলে তিনি ক্রমশঃ উহা অরণ্যে নিক্ষেপ করিতে লাগিলেন দেখিয়া মীননাথ কুদ্ধ হইয়া বলিলেন তুমি বহুমূল্য রত্নরাশি নষ্ট করিতেছ, তথন গোরক্ষনাথ বলিলেন ইহার আর মূল্য কি ? প্রস্রাব করিলেও উহা উৎপন্ন হয়। পরীক্ষা করিবার নিমিত্ত মীননাথ গোরক্ষকে আদেশ করেন, আদেশ অনুসারে গোরক্ষ-নাথ প্রস্রাব করিলেন, ভূরি ভূরি রত্নরাজি তাহাতে দেখা গেল, তখন মীননাণ্ড विचिष्ठ इरेब्रा कानित्मन विषय्रदेवच्य जनत्थ्वरे मृन, উरात मृना नारे। शातक-নাথের প্রস্রাব হইতে রত্ন হওয়া অন্তেরপ্রতিষ্ঠার ফল ভিন্ন স্বার কিছুই নহে। এক্লপ বিচিত্র দৃষ্টান্ত অনেক আছে॥ ৩৭॥

## ্সূত্র। বৃদ্ধচর্য্যপ্রতিষ্ঠায়াং বীর্য্যলাভঃ॥ ৩৮॥

ব্যাখ্যা। ব্রহ্মচর্ব্যপ্রতিষ্ঠায়াং (বীর্যানিরোধস্থ সিদ্ধৌ) বীর্যালাভঃ (শরী-রেক্রিয়মনংস্থ নিরতিশ্রসামর্থ্যমূপজায়তে)॥ ৩৮॥

তাৎপর্যা। সমস্ত ইন্দ্রিয় জয় পূর্বকে উপস্থ সংযম করিলে বীর্যা লাভ হয়, অনিমাদি ঐশ্বর্যা লাভের সামর্থ্য হয় ॥ ৩৮ ॥

ভাষ্য। যস্ত লাভাদপ্রতিঘান্ গুণানুৎকর্ষয়তি সিদ্ধশ্চ বিনেয়েষু জ্ঞানমাধাতুং সমর্থোভবতীতি ॥ ৩৮॥

অমুবাদ। ব্রহ্মচর্য্য লাভ করিয়া যোগিগণ মমোঘ অণিমাদি গুণ উপার্জ্জন করেন, স্বয়ং সিদ্ধ হইয়া শিষ্যদিগকে জ্ঞানোপদেশ করিতে সমর্থ হয়েন॥ ৩৮॥

মস্তব্য। ত্রহ্মচর্য্য সিদ্ধ হইলে শরীরের বল কতদূর বৃদ্ধি হয় দধীচ ঋষি তাহার দৃষ্টাস্ত, হর্কার রিপু রুত্রাস্থরের বধমানসে দেবগণ বজ্র অস্ত্র নির্মাণ করেন, তৎকালে দধীচের অস্থি ( হাড় ) হইতে কঠিন বস্তু আর ছিল না, দেব-গণ ঋষির প্রাণভিক্ষা করিয়া তাহার অস্থি দ্বারা বজ্র নির্ম্মাণ করেন। এইরূপে ইন্দ্রিয় ও চিত্তের শক্তি বুঝিতে হইবে॥ ৩৮॥

### অপরিগ্রহস্থৈর্যে জন্মকথন্তাসংবোধঃ ॥ ৩৯ ॥ •

ব্যাখ্যা। অপরিগ্রহবৈর্ঘ্যে (বিষয়বিরক্তিসিদ্ধৌ) জন্মকথস্তাসংবোধঃ (জন্মনঃ কথন্তা কিম্প্রকারতা তম্ভা সংবোধঃ জ্ঞানং ভবতি কীদুশোহহমিতি সমাগ্ জানাতি )॥ ৩৯॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত অপরিগ্রহ অর্থাৎ বিষয় দোষদর্শনবশতঃ বৈরাগ্যসিদ্ধি হইলে অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ জন্মের বিবরণ জানা যায়॥ ৩৯॥

ভাষ্য। অস্ত ভবতি, কোহহমাসং, কথমহমাসং, কিংস্বিদিদং, •কথং স্বিদিদং, কে বা ভবিদ্যামঃ, কথং বা ভবিদ্যামঃ ইতি, এবমস্ত পূর্ববাস্তপরাস্তমধ্যেমাত্মভাবজিজ্ঞাসা স্বরূপেণোপাবর্ত্ততে। এতা যম-স্থৈর্য্যে সিদ্ধয়ঃ। নিয়মেষু বক্ষ্যামঃ॥ ৩৯॥

অমুবাদ। অস্ত ভবতি এই ভাষ্টুকু স্ত্রের সহিত অন্বিত হইবে, অপরি-এহ সিদ্ধি হইলে এই যোগীর জন্মবিষয়ে বিশেষ জ্ঞান হয়, জিজ্ঞাসাপুর্বক তত্ব নিশ্চয় হয়, আমি কি ছিলাম, কি প্রকার ছিলাম ( এই ছুইটী অতীত জন্ম বিষয়ে স্বরূপ ও প্রকার জিজ্ঞাসা) এই শরীরটী কি (কিংসিদিদম্) ও কি প্রকার (এই তুইটী বর্ত্তমান জন্মবিষয়ে স্বরূপ ও প্রকার জিজ্ঞাসা) আমরা কি হইব, কি প্রকার হইব (এই ছইটী ভবিশ্বৎ জন্মের স্বরূপ ও প্রকার জিজ্ঞাসা) এইরূপে সিদ্ধ যোগীর ভূত ভবিশ্বৎ বর্ত্তমান জন্মের স্বরূপ জিজ্ঞাসা হয়, (অনস্বর আপনা হইতেই তদ্বিষয়ে জ্ঞান লাভ হয়) উক্ত কয়েকটী যমহৈর্থ্যে সিদ্ধি, নিয়মে স্থৈয়্ হইলে যেরূপ সিদ্ধি হয় তাহা অগ্রে বলা ঘাইবে॥ ৩৯॥

মন্তব্য। অভিনব দেহাদির সহিত আত্মার সম্বন্ধ বিশেষকে জন্ম বলে, "কিংম্বিদিদ্দ্" এইটা বর্ত্তমান শরীরেগ জিজ্ঞাসা অর্থাৎ শরীরটা কি পঞ্চূতের সমষ্টি, না তাহা হইতে পৃথক্ এই ভাবে জিজ্ঞাসা হয়। চিত্ত স্বভাবতঃ অতীতাদি বিষয়ের পরিগ্রহ করিতে পারে, কিন্তু বিষয়াসক্তি ছারা উহার সেই শক্তি তিরোহিত হয়, অপরিগ্রহ ব্রত সিদ্ধি হইলে চিত্তের সেই স্বাভাবিক শক্তির ( বাহাতে সকল বিষয়ের জ্ঞান হইতে পারে ) আবির্ভাব হয়, তথন করামলকবৎ সমস্ত দেখিতে পার॥ ৩৯॥

## • সূত্র। শোচাৎ স্বাঙ্গজুগুপ্সা পরৈরসংদর্গঃ॥ ৪०॥

ৰ্যাথা। শৌচাৎ (বহি:ভদিতৈষ্ণ্যাৎ) স্বাঙ্গজুপ্তপা (স্বশরীরে ম্বণা) প্রৈরসংস্গ: (প্রকীয়শরীরৈরস্পর্ণো ভবতি, নাপরং স্পৃশতীতি)॥ ৪ • ॥

তাৎপর্য্য। বাহুশোচ নিদ্ধি হইলে নিজের দেহেই ঘুণা বোধ হয়, তথন প্রকীয় শ্রীরের সংস্পর্শ স্থতরাং হইতে পারে না॥ ৪০॥

ভাষ্য। স্বাঙ্গজুগুপ্সায়াং শৌচমারভমাণঃ কায়াবছদর্শী কায়ানভিষঙ্গী যতির্ভবতি। কিঞ্চ পরৈরসংসর্গঃ কায়স্বভাবাবলোকী স্বমপি কায়ং জিহান্তর্ম্বজ্জলাদিভিরাক্ষালয়ন্নপি কায়শুদ্ধিমপশ্যন্ কথং পরকারৈরত্যস্তমেবাপ্রয়েইতঃ সংস্ক্রেড ॥ ৪০ ॥

অমুবাদ। শরীরের প্রতি ঘুণাবোধ করিয়া শৌচ আরম্ভ করে, পরে শরীরের অগুদ্ধিরূপ দোষ দর্শন করিয়া উহাতে অভিষক্ত অর্থাৎ স্থূলশরীরের সম্বন্ধ পরিত্যাগের বাসনা হয় এইটীই স্বাঙ্গ জুগুপ্রা। শরীরের স্থভাব ( স্থান বীজ প্রভৃতি ) সমাক্ অমুশীলন করিয়া নিজ্পরীরেরই পরিত্যাগের ইচ্ছুক্ ইইয়া মৃত্তিকা জলাদি দারা বার্মার সংখার করিয়াও যথন শুদ্ধিবোধ করে না: তথন অতিশয় অশুচি পরকীয় শরীর স্পর্শ করিবে ইহা কথনই সম্ভব নহে॥ ৪০॥

मखबा। घुनारवाथ ना श्रेरल देवजांगा अस्ता ना। देवजांगा ना श्रेरल পরিত্যাগের বাদনা হয় না, শরীরকে স্থলর বোধ হয়, ইহার প্রধান কারণ উহাতে আত্মাভিমান, এই অভিমান থাকাতেই নিজ্পরীরের উপকারক পরকীয় শরীরকেও স্থলর বলিয়া বোধ হয়। শরীর হইতে আত্মাকে পৃথক্ করিয়া জানিতে পারিলে সে ফুন্দর ভাব আর থাকে না, তথন শরীরের বহুবিধ দোষ দর্শন হয়, কিরুপে একেবারে শরীরের সম্বন্ধ ত্যাগ হইবে তাহার চেষ্টা হয়, শরীর ত্যাগকেই মুক্তি বলে। "স্থানাদ্বীজাদ্ ইত্যাদি ভাষ্যে শরীরের দোষ शृद्धि वना इरेग्राष्ट्र ॥ ४० ॥

ভাষা। কিঞা।

সত্বশুদ্ধিসোমনস্মৈকাগ্যেক্তিয়জয়াত্মদর্শনযোগ্য-জানিচ॥ ৪১॥

ব্যাখ্যা। শৌচাদিত্যমুবর্ত্ততে, শৌচাৎ সম্বশুদ্ধিঃ চিত্তশুদ্ধিঃ, সৌমনশ্রং মনসং প্রসাদঃ. ঐকাগ্র্যং স্থিরচিতত্ত্বং, ইন্দ্রিয়জয়ঃ ইন্দ্রিয়াণাং বশীকরণম্, আত্ম-দর্শনযোগারুং স্বরূপসাক্ষাৎকারসামর্থাঞ্চ উপজায়তে॥ ৪১॥

তাৎপর্যা। পূর্ব্বোক্তরূপে শৌচসিদ্ধি হইলে সত্তন্ধি প্রভৃতি পাঁচটীর উৎপত্তি হয়॥ ৪১॥

ভাষ্য। ভবস্তীতি বাক্যশেষঃ। শুচেঃ সত্বশুদ্ধিঃ, ততঃ সৌমনস্থং 'তত ঐকাগ্র্য তত ইন্দ্রিয়জয়ঃ ততশ্চাত্মদর্শনযোগ্যন্থ বুদ্ধিসম্বস্থ ভবতি, ইত্যেতচ্ছোচ্সৈর্য্যাদ্ধিগম্যত ইতি ॥ ৪১ ॥

ঁ অন্থবাদ। "ভবস্তি" এইটা স্ত্রবাক্যের শেষরূপে বুঝিতে হইবে। বহিঃ ভদি হইতে (রজ: ও তমোমল বিদুরিত হইয়া) স্বভদি অর্থাং চিত্ত নির্ম্মল হয়, অনম্বর সৌমনস্থ অর্থাৎ মনের প্রসন্নতা হয়, প্রসন্ন হইলে ঐকাগ্র্য অর্থাৎ বিক্ষেপের অভাবরূপ স্থিরতা জন্মে, চিত্তস্থির হইলে ইন্দ্রিয়গণেরও জয় হয়, পনস্তর চিত্তের আত্মজ্ঞানলাভের শক্তি জন্মে। এই সমস্ত শৌচসিদ্ধির ফল ॥৪.১॥ মস্তবা। "আচারহীনং ন পুনস্তি বেদাং" সদাচার, সদস্থান, জপ, তপং না করিয়া কেবল মৌথিক আন্দোলনে চিত্তগদ্ধি হয় না, তীর্থস্পান পবিত্র গঙ্গামৃত্তিকা প্রলেপ প্রভৃতি বাহ্নশৌচ সর্বাদা করিবে, মৈত্রীকৃত্বণা প্রভৃতির ভাবনা দ্বারা যাহাতে ঈর্ষা, দ্বেম, প্রভৃতি চিত্তমল বিদ্রিত হয় তৎপ্রতি বিশেষ চেষ্টা করিবে, এইরূপ চেষ্টা করিলে চিত্তপ্রসাদ হইতে পারে॥ ৪১॥

# সূত্র। সন্তোষাদকুত্রম স্বখলাভঃ ॥ ৪২ ॥

ব্যাখ্যা। সম্ভোষাৎ (ভৃষ্ণাক্ষররূপাৎ, তৎসিদ্ধাবিতিশেষঃ) অনুত্তম স্থ-লাভঃ (নিরতিশয়ানন্দ-প্রাপ্তির্ভবতি)॥ ৪২॥

তাৎপর্য্য। নিষ্কামব্যক্তির সম্ভোষ সিদ্ধি হইলে অর্থাৎ আপনাতেই আপনি সম্ভষ্ট থাকিলে অপার আনন্দ লাভ হয়॥ ৪২॥

ভাষ্য। তথাচোক্তং "যচ্চ কামস্থং লোকে যচ্চ দিব্যং মহৎ সুখম্। তৃষ্ণাক্ষয়সূথসৈতে নাৰ্হতঃ যোড়শীং কলাম্" ইতি॥ ৪২॥

অমুবাদ। সন্তোষ হইলে নিরতিশয় আনন্দলাভ হয় এই কথাই শাস্ত্রে উক্ত আছে। কাম অর্থাৎ লোকিক বিষয় জনিত যে সমস্ত স্থুথ এবং দিব্য অর্থাৎ সঙ্কল্পমাত্র হইতে লব্ধ যে সমস্ত স্থুথ ইহার কোনটীই ভৃষ্ণাক্ষয় স্থুথের ষোড়শভাগের এক ভাগেরও ভুল্য নহে॥ ৪২॥

মন্তব্য। পূর্ব্বস্থত হইতে শৌচাৎ এই পদের অধিকার করিতে হইবে। পূর্ব্বে বাহুশৌচের বিষয় বলা হইয়াছে এই স্থত্তে অন্তঃশৌচের কথা বলা যাইতেছে।

অভাব বোধই ছঃথের কারণ, তাদৃশ বোধ না থাকিলে আত্মার পরিপূর্ণতা অত্মভব হয়, ইহাকেই আত্মারাম বলে। মহাভারতে উক্ত আছে;
য়য়াতি রাজা বৃদ্ধাবস্থায়ও ভোগতৃষ্ণা দ্র করিতে না পারিয়া নিজের পুঁজ
পুরুর যৌবন গ্রহণ করেন, কিছুকাল পুনর্কার বিষয় ভোগ করিয়াও মথন
দেখিলেন্ ভোগতৃষ্ণা ঘাইবার নহে, বরং ক্রমশঃ বৃদ্ধি হইতেছে, তথ্ন পুজের
যৌবন প্রত্যর্পণ করিয়া বলিলেন "যা হস্তাজা ছর্ম্মতিভি র্যা ন জীর্যাতি
জীর্যতাম্। তাং তৃষ্ণাং সংত্যজন্ প্রাজ্ঞঃ স্ক্রেথনৈবাভিপূর্যতে" ইতি, অর্থাৎ

পামরগণ যে তৃষ্ণাকে ত্যাগ করিতে পারে না, বৃদ্ধ হইলেও যাহা ক্ষীণ হয় না, পণ্ডিতগণ সেই ভৃষ্ণাকে পরিত্যাগ করিয়া স্থথে কাল অতিবাহিত করেন।

ত্রিগুণাত্মক হইলেও চিত্তে সত্বগুণের ভাগ অধিক, সত্বগুণেরই পরিণাম স্থুখ, চিত্তভূমিতে ভূষণ দারা সম্ব অভিভূত থাকায় নৈস্গিক স্থুথের প্রকাশ হইতে পারে না, তৃষ্ণাক্ষয় হইলে সেই অথও আনন্দ প্রকাশ হয়। স্থের নিমিত্ত প্রাণাস্ত না করিয়া বিষয়-স্থুথকে তু:থের কারণ বলিয়া উহা পরিত্যাগ করিলেই সকল বিষয়ে মঙ্গল হইতে পান্তে॥ ৪২॥

## কায়েন্দ্রিয়সিদ্ধিরশুদ্ধিক্ষয়াৎ তপসঃ॥ ৪৩॥

ব্যাখ্যা। তপদঃ (অনুষ্ঠীয়মানাৎ চাক্রায়ণাদেঃ) অভ্তদ্ধিক্ষয়াৎ (অধর্মাদি-বিনাশাৎ) কায়েক্সিয়দিদ্ধিঃ ( কায়দিদ্ধিঃ অণিমাতা, ইক্সিয়দিদ্ধিশ্চ দূরশ্রবণাতা ভবতীত্যৰ্থ: ) ॥ ৪৩ ॥

তাৎপর্যা। তপস্থা করিলে অধর্ম প্রভৃতি অগুদ্ধির বিনাশ হয়, তথন অণিমা লঘিমা প্রভৃতি শরীরের সিদ্ধি এবং দূরদর্শন দূরশ্রবণাদি ইক্রিয়সিদ্ধি হইয়া থাকে॥ ৪৩॥

ভাষ্য। নির্বর্ত্তামানমেব তপোহিনস্ত্যশুদ্ধ্যাবরণমলং: তদাবরণ-মলাপগমাৎ কায়সিদ্ধিঃ অণিমান্তা, তথেন্দ্রিয়সিদ্ধিঃ দুরাচ্ছুবণদর্শনা-গ্ৰেভি॥ ৪৩ ॥

অমুবাদ। তপস্থার অমুষ্ঠান করিতে করিতে তামদ অধর্ম প্রভৃতি আবরণ রূপ চিত্ত মল বিনষ্ট হয়, ঐ মল বিদ্রিত হইলে অণিমা লঘিমা প্রভৃতি শরীরের সিদ্ধি এবং দূর হইতে শ্রবণ দর্শন ইত্যাদি ইন্দ্রিয়সিদ্ধির আবির্ভাব হয়॥ ৪৩॥

মস্তব্য। যাহাতে যাহা জন্মে তাহাতে সেটা প্রচ্ছন্ন ভাবে থাকে, অণিমাদি দিদ্ধি শরীরেই থাকে, উহার কারণের অনুষ্ঠান করিলে কেবল আবরণ বিনাশ হয়, ঐ আবরণ নাশ হইলে তত্তংকার্য্য স্বত:ই প্রকাশ পায়। অণিমাদির वित्भव विवत्न विভृতिপাদে वना याहेत्व॥ ८०॥

্ সূত্র। স্বাধ্যায়াদিষ্টদেবতাসম্প্রয়োগঃ॥ ৪৪॥ ব্যাথাা। স্বাধ্যায়াৎ (মন্ত্রাদিজপর্নপাৎ) ইষ্টদেবতাসম্প্রযোগঃ ( অভিলবিত দেবভাদর্শনং ভবতি )॥ ৪৪ ॥

তাৎপর্য্য। ইষ্টমন্ত্র জপাদি স্বাধ্যায় সিদ্ধি হইলে ইষ্ট দেবতাদর্শন হয়, স্বর্থাৎ বাহাকে দেখিতে ইচ্ছা হয়, দর্শন পাওয়া বায়॥ ৪৪॥

ভাষ্য। দেবা ঋষয়ঃ সিদ্ধাশ্চ স্বাধ্যায়শীলস্থ দর্শনং গচ্ছস্তি, কার্য্যে চাস্থ বর্তস্তে ইতি ॥ ৪৪ ॥

অফুবাদ। স্বাধ্যায়সিদ্ধ খোগীর প্রার্থনাত্মারে দেবগণ ঋষিগণ ও সিদ্ধ পুরুষগণ দর্শন প্রদান করেন এবং উক্ত্'বোগীর কার্য্য সম্পাদন করেন॥ ৪৪॥

মন্তবা। স্ত্রের দেবতাপদটা ঋষি প্রভৃতির উপলক্ষণ, ইষ্টমন্ত্র সিদ্ধি ছইলে সেই দেবতারই সাক্ষাংকার হয় এমত নহে, যে কোনও দেবতা বা সিদ্ধ ঋষি প্রভৃতিকে স্মরণ করা যায় তাহারই দর্শন হয়। মন্ত্রের সিদ্ধি দেবতাদির আকর্ষণী শক্তিমাত্র। পুরাণাদিতে অনেক স্থানে দেখা যায়; সিদ্ধ দেবতা বা ঋষিগণের প্রশস্ত গৃহাদি নির্ম্মাণের আবশ্রুক হইলে অমনি বিশ্বকর্মার স্মরণ হয়, তিনি উপস্থিত হইয়া সমুদায় নির্মাণ করেন। অসংখ্য লোকের আহার দিতে হইলে অন্পূর্ণার স্মরণ হয়, জগদস্বা আসিয়া সকলের আহার প্রদান করেন॥ ৪৪॥

#### সূত্র। সমাধিসিদ্ধিরীশ্বরপ্রণিধানাৎ ॥ ৪৫ ॥

ব্যাখ্যা। ঈশ্বর-প্রণিধানাৎ (ঈশ্বরে সর্ব্বভাব-প্রদানাৎ। সমাধিসিদ্ধিঃ (যোগনিম্পত্তি: ভবতীত্যর্থ:)॥ ৪৫॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত ঈশ্বরপ্রণিধান করিলে সম্প্রজ্ঞাত সমাধির লাভ হয়॥ ৪৫॥

ভাষ্য। ঈশ্বরার্পিতসর্ববভাবস্থ সমাধিসিদ্ধি র্যয়া সর্বন্দীপ্সিতং জানাতি, দেশান্তরে দেহান্তরে কালান্তরে চ, ততোহস্থ প্রজ্ঞা যথা-ভূতং প্রজানাতীতি॥ ৪৫॥

অমুবাদ। যে যোগীর পরমেশ্বরে সমস্ত ক্রিয়া ও তৎফল সমর্পণ রূপ প্রণিধান সিদ্ধি হইয়াছে তাহার অচিরে সমাধি দিদ্ধি হয়, সমাধি দিদ্ধি হইলে তদ্বারা অভীষ্ট বস্তু সম্পায় বথার্থ রূপে জানিতে পারে, (কেবল সন্নিহিত বিষয়ের জ্ঞান হয়, এমত নহে) দেশাস্তরের দেহাস্তরের (জ্লাস্তরীয়) ও

A.

কালান্তরের বিষয় সমুদায়ের বোধ হয়। উক্ত যোগীর চিন্ত যথার্থ বস্তুমাত্রকেই গ্রহণ করিতে সমর্থ হয়॥ ৪৫ ।

মন্তব্য। প্রথম পাদে উক্ত হইয়াছে—"ঈশরপ্রণিধানাদ্বা" এখানেও বলা হইল ঈশরপ্রণিধান করিলে সমাধির দিদ্ধি হয়, আশকা হইতে পারে ঈশরপ্রপ্রণিধান দারা যদি সমাধি দিদ্ধি হয় তবে মমনিয়মাদি যোগাঙ্গের আবশুক কি ? ইহার উত্তর বিকল্প স্বীকার, অর্থাৎ যম নিয়মাদির দ্বারা সমাধি-দিদ্ধি হয় ঈশরপ্রণিধানেও হইতে পারে। এই ঈশরপ্রণিধান ভক্তিযোগের নামান্তর। "দয়া ইক্রিয়কামশ্র ভাবয়েং" এই স্থানে একই দিব সংযোগ-পৃথক্ত লায়ে অর্থাৎ সম্বন্ধ বিশেষে যাগ ও পুরুষার্থ উভয়কেই সম্পন্ধ করে, তদ্ধপ ঈশরপ্রণিধানও সমাধির দিদ্ধি ও যম নিয়মাদি অঙ্কের সামর্থ্যজনন উভয়কে সম্পাদন করে, অর্থাৎ ঈশরে প্রণিহিতমনাঃ যোগী যোগাঙ্গ অনুষ্ঠান করিয়া অচিরে সমাধি লাভ করিতে পারেন, নতুবা সমাধি লাভে বিলম্ব হয়॥ ৪৫॥

ভাষ্য। উক্তাঃ সহসিদ্ধিভির্য্যমনিয়মা আসনাদীনি বক্ষ্যামঃ। তত্র,

#### সূত্র। স্থিরস্থমাসনং ॥ ৪৬॥

ব্যাখ্যা। স্থিরস্থং (স্থিরং নিশ্চলং যৎ স্থুখং স্থুকরং অমুদ্ধেজনীয়মিতি তদ্) আসনম্ (আস্তুতেহস্মিন্ ইতি)॥ ৪৬॥

তাৎপর্য্য। স্থির ভাবে অধিক কাল থাকিলে যাহাতে কষ্ট বোধ হয় না ভাহাকে আসন বলে। তাদৃশ আসনই যোগের অঙ্গ ॥ ৪৬ ॥

ভাষ্য। তদ্যথা—পদ্মাসনং, বীরাসনং, ভদ্রাসনং, স্বস্তিকং দণ্ডাসনং, সোপাশ্রায়ং, পর্য্যক্ষং, ক্রোঞ্চনিষ্দনং, হস্তিনিষদনং, উষ্ট্র-নিষদনং, সমসংস্থানং, স্থিরস্বৃথং, যথাস্বৃথঞ্চ, ইত্যেবমাদীতি ॥ ৪৬ ॥

অমুবাদ। সিদ্ধির সহিত যম নিয়মাদি বলা হইয়াছে সম্প্রতি আসনাদি বলা যাইবে। বিপরীত ক্রেমে অর্থাৎ পৃষ্ঠদেশ বেষ্টন করিয়া হস্তদ্বর দারা পাদাকুষ্ঠদর ধারণ ও উক্লয়ের উপর পাদতল্বর স্থাপন ক্রিলে পল্মাসন হয়। স্থিত অর্থাৎ সরল ভাবে উপবিষ্ট ব্যক্তির এক পাদ ভূমিতে বিস্থাস ও একপাদ আকুঞ্চিত জামুর উপরি বিভাগ করার নাম বীরাসন। পাদতলম্বর বৃষণ অর্থাৎ কোষছয়ের সমীপে সম্পুট করিয়া করকচ্ছপিকা (কচ্ছপের আকারে করছয়) প্রদান করিলে ভদ্রাসন হয়। বামপদ আকুঞ্চিত করিয়া দক্ষিণ জঙ্গা ও উরুর উপর বিক্যাদ এবং দক্ষিণ চরণ আরুঞ্চিত করিয়া বাম জঙ্ঘা ও উরুর উপর বিস্তাস করিলে স্বস্তিকাসন হ্য ়ু, পাদ দ্বরের অঙ্গুলি ও গুল্ফ (গোঁড়) পরস্পর মিলিত করিয়া এরূপে শরন করিবে যাহাতে জঙ্ঘা উরু ও পাদ ভূমি-স্পৃষ্ট হয় ইহাকে দণ্ডাসন বলে। যোগপট্টক অর্থাৎ "চৌগান" নামে বিখ্যাত কাষ্ঠনিশ্মিত ষন্ত্রবিশেষ ( যাহাকে কক্ষে স্থাপন করিয়া উদাসীনগণ উপৰেশন করিয়া থাকেন) আশ্রয় করিয়া উপবেশন করার নাম সোপাশ্রয়। कारूत উপর বাত প্রসারণ করিয়া শয়ন করার নাম পর্যাক্ষাসন। ক্রেকি, (কুঁচিবক) হস্তী ও উদ্ভের উপবেশন দর্শন করিয়া যথাক্রমে ক্রোঞ্চনিষদন, হস্তিনিষদন ও উদ্ভীনিষদন অবগত হইবে। পার্ষ্ণি ও পাদাগ্র দারা আকুঞ্চিত উভয়ের পরস্পর পীড়ন করাকে সমসংস্থান বলে। যেভাবে উপবেশন করিলে অক্লেশে স্থৈর্ঘাসম্পন্ন হয় তাহাকে স্থিরস্থুথ বা যথাস্থুথ বলা ষায় ( ইহাই স্ত্রকারের অভিপ্রেত ও যোগের অঙ্গ), আদিশদে মায়ুরাসন গাৰুড়াসন প্ৰভৃতি জানিবে ॥ ৪৬ ॥

মস্তব্য। শর্মন করিয়া থাকিলে নিদ্রা আদে, অন্তভাবে থাকিলে শরীর-ধারণেই ব্যস্ত থাকিতে হয়, এবং অধিককাল থাকা যায় না, এই নিমিত্ত আদনের উপদেশ হইয়াছে, যেভাবে অধিককাল থাকিলেও কোনওরূপ কট হয় না সেইটীই স্থিরস্থ আদন, উহার নিয়ম কিছুই নাই। আদন কত প্রকার হইতে পারে তাহার সংখ্যা নাই, জগতের এক একটী ক্রিয়া দেখিয়া এক একটী আদনের স্ঠিই হইয়াছে, হস্তিনিষদন প্রভৃতি দেখিয়াই শিখিতে হয়। আদনের বিশেষ বিবরণ যোগপ্রদীপ প্রভৃতি গ্রন্থে আছে।

শুকর উপদেশ ব্যতিরেকে নিজে নিজে আসন শিক্ষা হয় না, তাহাতে বিশরীত ক্ল হইয়া থাকে, অভি উৎকট ব্যাধিগ্রস্ত হইতে হয়। আসন সম্দায় তক্ষ্মিকা করিবার সময় কষ্টকর বোধ হয়, একবার স্থালররূপে অভ্যন্ত হইলে আর বিষয়ে হয় না, বে পর্যান্ত বিনা ক্লেশে আসনে উপবিষ্ট হওয়া যায় ভতদূর অভ্যাস করিবে, উহাই যোগের অঙ্গ। আদন হুই প্রকার বাহু ও শারীর, চেল ( বস্ত্র ) অজিন ও কুশ প্রভৃতি বা্ছ আসন, পদ্ম স্বন্তিকাদি শারীর আসন ॥ ৪৬॥

### সূত্র। প্রযন্ত্রশৈথিল্যানন্তসমাপত্তিভ্যাম্॥ ৪৭॥

वार्था। अरङ्ग कांत्रवार्भात्य रेनिशना वित्रमार, अनस्तार्भ नमार्थक আসনস্থৈয়াং ভবতি॥ ৪৭॥

তাৎপর্য্য। শরীরের চেষ্টারহিত ও অনস্তদেবে সমাধি করিলে আসন-সিদ্ধি হয়॥ ৪৭॥

ভাষ্য। ভবতীতি বাক্যশেষ:। প্রয়ন্ত্রোপরমাৎ সিদ্ধ্য গ্রাসনম্ যেন নাঙ্গমেজয়ো ভবতি। অনন্তে বা সমাপন্নং চিত্তমাসনং নির্বর্ত্তয়-তীতি ॥ ৪৭ ॥

অমুবাদ। ভবতি এই পদটা সত্তের শেষ অর্থাৎ উহার সহিত স্তত্তের অব্বয় করিতে হইবে, পূর্ব্বস্থত্র হইতে—আসন শব্দের অধিকার করিয়া আসনং ভবতি এইরূপ অর্থ করিতে হইবে। প্রযত্ন অর্থাৎ শারীরিক চেষ্টার উপরম করিলে আসনসিদ্ধি হয়, ( যাহাতে শরীরের কম্প না হয় এরপে আসন শিক্ষা করিবে)। (স্থিরতর ফণামওল) অনস্তদেবে সমাধি করিলেও আসনসিদ্ধি হইতে পারে॥ ৪৭॥

মস্তব্য। স্বাভাবিক শরীরের সংস্থানকে আসন বলা যায় না, সেরূপ হইলে আসনের উপদেশ নিরর্থক হয়। স্বাভাবিক স্থিতিরহিত করিয়া শাস্ত্রের উপদেশ-<sup>\*</sup>মত অবয়ব বিস্থাস পূর্ব্বক আসন অভ্যাস করিতে হয়, স্থতরাং স্বাভাবিক শরীরচেষ্টা আসনের বিরোধী হইয়া উঠে, এই বিরোধী ব্যাপার যতই অল হয় ততই সহজে আসনসিদ্ধি হয়। অনস্তদেবের অমুগ্রহেই হউক অথবা তাঁহার ভায় স্থির হইব এইরূপ ভাবনা বশতঃই হউক কিম্বা অদৃষ্ঠ বশতঃই হউক অনস্তদেবের প্রগাড় ভাবনা করিলে আসন হৈর্য্য হয়।

ভোজরাজ, হত্তে আনস্ত্য এইরূপ প্রয়োগ করিয়া আকাশাদির আনস্ত্য (বিভূষ) বিষয়ে সমাধি করিলে আসনসিদ্ধি হয় এইরূপ ব্যাখ্যা করিয়াছেন, আকাশ প্রভৃতি বিভূপদার্থে চলনসম্ভব হয় না, তাদৃশ চিস্তা করিতে করিতে নিজেও অচল ভাবে অবস্থান করিতে পারা যায়॥ ৪৭॥

#### সূত্র। ততো দ্বন্দানভিঘাতঃ॥ ৪৮॥

ব্যাখ্যা। ততঃ (স্বাসনজয়াৎ) দ্বন্দানভিঘাতঃ (দ্বন্দ্ধ: শীতোঞাদিভি-র্ন পীড়াতে ইতি)॥ ৪৮॥

তাৎপর্যা। আসনসিদ্ধি হইলে শীত উষ্ণ প্রভৃতি বিরুদ্ধধর্মরপ হন্দ্বারা অভিভৃত হয় না॥ ৪৮॥

ভাষ্য। শীতোফাদিভির্দ দ্বোসনজয়ারাভিভূয়তে ॥ ৪৮ ॥

অমুবাদ। আসন জয় অর্থাৎ আসনটা স্বাভাবিক হইলে শীত উষ্ণ প্রভৃতি কষ্টদায়ক হয় না॥ ৪৮॥

মন্তব্য। মুরসিদাবাদ বালুচরের নীচে গঙ্গাগর্ভে "থাঁকি বাবা" নামক সন্ন্যাসীকে অনেকে দর্শন করিয়াছেন, প্রচণ্ড শীত, প্রথর গ্রীষ্ম অথবা বিষম বর্ষা কিছুতেই তাঁহার দৃক্পাত নাই, স্থিরভাবে সদানন্দরূপে নিজ কার্য্য করিতেছেন, উহা আসনসিদ্ধির প্রত্যক্ষ ফল॥ ৪৮॥

### সূত্র। তক্মিন্ সতি শ্বাসপ্রশাসয়োর্গতিবিচ্ছেদঃ প্রাণা-য়ামঃ॥ ৪৯॥

ব্যাখ্যা। তশ্বিন্ সতি (আসন জয়ে সতি) শ্বাসপ্রশাসরোঃ গতিবিচ্ছেদঃ (রেচকপূরককুন্তকলক্ষণঃ ত্রিবিধঃ) প্রাণায়ামঃ (প্রাণস্থ আয়ামো গতিরোধঃ ইতি)॥ ৪৯॥

তাৎপর্যা। পূর্ব্বোক্ত আসনসিদ্ধি হইলে শ্বাস প্রশ্বাস হয় না ইহাতে রেচক, পূরক ও কুম্বক নামক তিন প্রকার প্রাণায়াম হইয়া থাকে॥ ৪৯॥

ভাষ্য। সত্যাসনজয়ে বাহস্ত বায়োরাচমনং শ্বাসঃ, কেচিস্ত বায়োনিঃসারণং প্রশ্বাসঃ তয়োর্গতিবিচ্ছেদ উভয়াভাবঃ প্রাণা-য়ামঃ॥৪৯॥ অহবাদ। বহি:স্থিত বায়ুকে অন্তঃপ্রবেশ করানকে শ্বাস ও অস্তরের বায়ুকে বহির্নি:সারণকে প্রশ্বাস বলে এই উভ্রবিধ ক্রিয়ার নিরোধরূপ প্রাণায়াম আসন জয় হইলে সম্পন্ন হয়॥ ৪৯॥

মন্তব্য। খাদ প্রখাদ স্বয়ংই ক্রিয়ারপ, তাহাতে আর গতির দন্তব নাই, স্ক্তরাং খাদপ্রখাদের গতিবিচ্ছেদ্ধ হওয়া অদৃত্বব, তাই স্ক্রন্থ গতিপদের বিবক্ষা না করিয়া ভাষ্যকার খাদপ্রখাদ, এই উভয়ের অভাবকেই প্রাণায়াম বলিয়াছেন। ভিতরের বায়ুকে বাহির করাকেই রেচক বলে না, প্রাণবায়ুকে বাহির করিয়া দেখানেই স্থির রাখাকে রেচক বলে, দদাগতি বায়ুকে স্থির করিয়া রাখিলেই আয়াম হয় অর্থাৎ ক্রদ্ধ করা হয়। এইরূপ বাহিরের বায়ুকে ভিতরে প্রবেশ করানকেই পূরক বলে না কিন্তু ভিতরে প্রবেশ করাইয়া স্থির রাখাকে পূরক বলে। বায়ুকে স্থির রাখিলেই প্রাণায়াম দিদ্ধি হয়।

জোয়ার ভাঁটায় জলপ্রবাহের ন্যায় শ্বাসপ্রশ্বাস ক্রিয়াতে প্রাণবায়ুর গতায়াত-রূপে একটী প্রবাহ আছে, সচরাচর স্বস্থ শরীরে স্বভাবতঃ বহিঃপ্রদেশে বিতস্তি (১২ অঙ্গুলি) পরিমাণ প্রাণবায়ুর সঞ্চলন হয়, ঐ পর্য্যন্ত গমন করিয়া প্রত্যাবৃত্ত হইয়া শরীরাভ্যন্তর কোষ্ঠ প্রভৃতি স্থানে গমন করে তথা হইতে পুনর্কার বাহিরে चारित करें जारत नर्सना अकरों तायूत व्यतार हरता, रेशारक भन्नीतर मृषिक जान পরিত্যাগ করিয়া পরিশুদ্ধ বায়ু অন্তরে প্রবিষ্ট হয়। আধ্যাত্মিক বায়ুর দূষিত ভাগ বিগম ও পরিশুদ্ধ ভাগের আগম ভিন্ন এই প্রাণবায়ুর বিনাশ হয় না, এই প্রাণবায়ু লিঙ্গ শরীরের ঘটক, যত দিন স্থূল শরীরে প্রাণবায়ুর ক্রিয়া থাকে তত দিন জীবিত বলিয়া ব্যবহার হয়। মনঃ ইচ্ছাশক্তিবিশিষ্ট, প্রাণাদি বায়ু ক্রিয়াশক্তিবিশিষ্ট, এই উভয়ের এমনই সম্বন্ধ যে একটার নিরোধ হইলে অপরটার নিরোধ সহজেই হইতে পারে। এই নিমিত্তই প্রাণায়ামকে যোগের প্রধান অঙ্গ বলিয়া নির্দেশ হইয়াছে। প্রাণায়াম শিক্ষা করা বড়ই কঠিন ব্যাপার, গুরুর উপদেশ ব্যতিরেকে আপনা হইতে ঐ কার্য্য করিলে কুষ্ঠ প্রভৃতি নানাবিধ রোগ জন্মিতে পারে। সচরাচর সন্ধ্যাবন্দনাদিতে যে প্রাণায়ামের নির্দেশ আছে উহা একটা অমুপাত মাত্র বেমন ৪ বার মন্ত্রজ্ঞপে পূরক, ১৬ বারে কুস্তক ও ৮ বারে ' রেচক; ১৬ বারে পূরক, ৬৪ বারে কুম্ভক ও ৩২ বারে রেচক ইত্যাদি, অর্থাৎ পুরকের চতুর্ত্তণ কুস্তক, কুম্তকের অর্দ্ধ রেচক এইরূপে অমুপাত ব্ঝিতে হইবে ৷ যমনিয়ম প্রভৃতি কালান্তরে ক্বত হইরাও বোগের অঙ্গ হয়, আসন প্রভৃতি সেরপ নহে, উহা সমকালেই অঙ্গ হয়, এই নিমিত্ত ভাস্থে "সত্যাসনজয়ে" এইরপ বলা হইয়াছে। প্রাণায়ামের পরে চিত্ত স্থির হয়, ইহা অমুভবসিদ্ধ। অভ্যাস থাকিলে অর্থাৎ সহজেই চিত্ত স্থির থাকিলে প্রাণায়াম অধিক না করিলেও চলে, এই নিমিত্ত তন্ত্রশাস্ত্রে এক্বার প্রাণায়ামে এক হাজার পর্যন্ত জপ হইতে পারে এরূপ বিধান আছে. যাঁহারা পুরশ্চরণ করিয়াছেন অর্থাৎ জপ করা যাঁহাদের কতকটা অভাবস হইয়াছে তাঁহাদের এক প্রাণায়ামে হাজারের অধিক জপ হইতে পারে॥ ১৯॥

ভাষ্য। স তু,

### সূত্র। বাহ্যাভ্যন্তরস্তম্ভর্তির্দেশকালসংখ্যাভিঃ পরিদৃষ্টো দীর্ঘসূক্ষাঃ॥ ৫ ॰ ॥

·বাখা। স তু (প্রাণায়ামঃ) বাহাভ্যন্তরন্তন্তর্ত্তিং (বাহ্যন্তিঃ রেচকঃ, আভ্যন্তরন্তিঃ পূরকঃ, স্তন্তর্তিঃ কুন্তকঃ, ইতি ত্রিবিধঃ) দেশকালসংখ্যাভিঃ পরিদৃষ্টঃ (ইয়ান্ দেশঃ বিষয়ঃ, ইয়ান্ কালঃ ক্ষণঃ, ইয়তী চ সংখ্যা ইতি পরিলক্ষিতঃ) দীর্ঘস্কাং (ক্রমশঃ অভ্যন্তঃ দীর্ঘস্কাইতি কথ্যতে)॥ ৫০॥

তাৎপর্য। বাহ্য, আভ্যন্তর ও স্তম্ভবৃত্তিবিশেষে অর্থাৎ রেচক পুরক ও কুম্ভকরূপে ত্রিবিধ প্রাণারাম দেশ, কাল ও সংখ্যাভেদে দীর্ঘস্ক্লরূপে অভিহিত হইয়া থাকে॥ ৫০॥

ভাষ্য। যত্র প্রশাসপূর্বকো গত্যভাবঃ স বাহাং, যত্র শাস-পূর্বকো গত্যভাবঃ স আভ্যন্তরঃ, তৃতীয়ঃ স্তম্বৃত্তি র্যন্তোভয়াভাবঃ সকুৎ প্রযত্নাৎ ভবতি, যথা তপ্তে ক্যন্তমূপলে জলং সর্বতঃ সঙ্কোচ-মাপদ্মতে তথা দয়োর্বগপন্তবভ্যভাব ইতি। ত্রয়োহপ্যেতে দেশেন পরিদৃষ্টাঃ ইয়ানস্থ বিষয়ো দেশ ইতি, কালেন পরিদৃষ্টাঃ ক্ষণানা-মিয়ভাবধারণেনাবিছিয়া ইত্যর্থঃ। সংখ্যাভিঃ পরিদৃষ্টা এভাবিছঃ শাসপ্রশাসৈঃ প্রথম উদ্যাতঃ, ভদমিগৃহীতস্থৈতাবিছিদিতীয় উদ্যাতঃ, এবং তৃতীয়ঃ, এবং মৃত্যু, এবং মধ্যঃ, এবং তীব্রঃ, ইতি সংখ্যাপরি-দৃষ্টঃ, স খল্পয়মেবমভ্যস্তো দীর্গসূক্ষয় ॥ ৫০ ॥

অমুবাদ। প্রশ্বাদ পূর্ব্বক গতির অভাব হইলে বাহু অর্থাৎ রেচক বলে, খাস পূর্ব্বক গতির অভাব হইলে আভ্যন্তর অর্থাৎ পূরক বলে। যেন্থলে একবার মাত্র বিধারক প্রযন্ত্র ( যাহাতে প্রাণের ক্রিয়া হয় না, খাদ প্রখাদ হয় না) হইতে খাদ প্রখাদ উভয়ের অভাব হয় দেইটা তৃতীয় অর্থাৎ কুন্তক উহাকে স্তম্ভবৃত্তি বলে। ধেমন উত্তপ্ত প্রস্তব্যতি জলবিন্দু প্রক্ষেপ করিলে তাহা চতুর্দ্দিক্ হইতে সঙ্কুচিত থাকে, তজ্ঞপ একটা মাত্র বিধারক প্রযত্ন হইতেই শ্বাস প্রশাস উভয়ের অভাব একদাই হইতে পারে। রেচক, পূরক ও কুম্ভকরপ এই ত্রিবিধ প্রাণায়াম দেশ অর্থাৎ বিষয় দারা পরিলক্ষিত হয়, এইটুকু (বিতস্তি প্রভৃতি) ইহার দেশ অর্থাৎ শরীরের বাহিরে কতদূর পর্য্যস্ত বায়ুর সঞ্চার হয় তাহা জানা যায়। উক্ত ত্রিবিধ প্রাণায়াম কাল অর্থাৎ ক্ষণদ্বারাও লক্ষিত হইয়া থাকে, এতক্ষণ কুম্ভক হইয়াছিল এরপ নিশ্চয় হয়। এবং সংখ্যা দারা প্রাণায়াম পরিদৃষ্ট হয় অর্থাৎ এতগুলি খানপ্রখান ক্রিয়ার কাল দারা প্রথম উদ্বাত অর্থাৎ পূরক হইয়াছে, এতগুলি ছারা নিগৃহীতের অর্থাৎ দিতীয় কুম্ভক এবং এতগুলি দারা তৃতীয় রেচক সিদ্ধ হইল ইত্যাদি, ইহাদের আবার তারতম্য অনুসারে মৃত্, মধ্য ও তীবভাবে সংখ্যা পরিদৃষ্ট হয়। প্রাণায়াম এইরূপে অভ্যন্ত হইলে দীর্ঘ কৃদ্ধ বলা যায়, অর্থাৎ দেশকাল সংখ্যার আধিক্য रहेरन मौर्च ७ नानजा रहेरन रुख तरन ॥ ४० ॥

মন্তব্য। রেচক স্থলে আপূরণ প্রযন্ত্র সমুদারের অর্থাৎ যেরপ চেষ্টায় বাহিরের বায়ু অন্তরে প্রবেশ করে ভাহার প্রতিরোধ করিতে হয়, পূরক স্থলে রেচক প্রযন্ত্র সমুদারের নিরোধ করিতে হয়, কৃষ্ণক স্থলে এই উভরের ক্রম অপেক্ষা না করিয়া একেবারেই উভয়টা সম্পন্ন হয়। তৃতীয় প্রাণায়াম কৃষ্ণক ঘারা প্রাণবায়ু কৃষ্ণগতি হইয়া স্ক্রভাবে শরীরে অবস্থান করে, বোধ হয় যেন প্রাণবায়ুর অভাব হইয়াছে।

বায়্হীন প্রদেশে লঘু তুলারাশি রাখিয়া খাদ বহন করিলে বিতন্তি প্রভৃতি বহিঃ বিষয়ের অঞ্ভব হইতে পারে, অর্থাৎ কতদ্বে প্রাণবায়ুর কম্পন হয় তাহা দেখিয়া জানিতে পারা যায়। পদতশ হইতে মন্তক পর্যান্ত পিপীলিকার স্পর্শ সদৃশ স্পর্শ জান ঘারা প্রাণবায়ুর গতি সঞ্চার জানা যায়, ইহাকেই প্রাণবায়ুর অন্তর্বিষয় বলে। বিতন্তি অথবা ঐরপ কোনও পরিমিত প্রদেশ বিশেষ পর্যান্ত খাদ পরিত্যাগ করিয়া দেই স্থানেই প্রাণবায়ুর গতিরোধ করা এইরূপে দেশপরিদৃষ্ট রেচক প্রাণায়াম হয়। শরীরের সমস্ত স্থানেই প্রাণাদি বায়ৣর সঞ্চার আছে, অভ্যন্তরে কোনও একটী স্থান বিশেষ পর্যান্ত খাদ টানিয়া লইয়া দেই স্থানেই উহার গতিরোধ করিলে দেশপরিদৃষ্ট পূরক প্রাণায়াম হয়, উক্তবিধ শ্বাদপ্রশাদ উভরের গতিরোধ করিলে তাদৃশ কুন্তক প্রাণায়াম হয়। বেটুকু সময়ে চক্ষুর নিমেষ হয় উহার চারি ভাগের এক ভাগের নাম ক্ষণ, এই ক্ষণের ইয়ভা ঘারা অর্থাৎ এতক্ষণ রেচক, এতক্ষণ পূরক, এতক্ষণ কুন্তক এই ভাবে কাল ঘারা উক্ত ত্রিবিধ প্রাণায়াম পরিলক্ষিত হয়। যতক্ষণে স্কৃত্ব ব্যক্তির খাদপ্রশাদ হয় তাহাকে মাত্রা বা ছোটিকা বলে।

"কুন্তে কমিব" এইরূপে কুন্তকশব্দের বাৎপত্তি, যেমন কলসীতে জল পরিপূর্ণ থাকিলে তাহাতে কোনওরূপ শব্দ শুনা যায় না। অল্প কিছু থালি থাকিলে শব্দ হয়, তত্রপ পূরক দারা দেহের সমস্ত অবয়বে বায়ুর পূরণ হইলে আর তাহাতে বায়ুর সঞ্চার হয় না, স্কুতরাং স্থিরভাবে থাকে। অল্প পরিমাণ মুর্ক্ত দ্রব্যের (সীমাবদ্ধ বস্তুর) স্থিতিবিরোধ গুণ আছে, তাহাতে একটা মুর্ক্ত দ্রব্য (ঘটপটাদি) এক স্থানে থাকিলে দেখানে আর দ্বিতীয়টী থাকিতে পারে না, গৃহের এক দিকে জানালা না থাকিলে অপর দিক হইতে বায়ুর সঞ্চার হয় না, এইরূপ শরীরের সকল স্থানে বায়ুপূর্ণ থাকিলে এক স্থান হইতে অন্ত স্থানে বায়ুর সঞ্চার হয় না, কাজেই শরীর স্থির ও লঘু হয়। পূর্ব্বোক্ত কাল ও সংখ্যা ফলত: একরূপ হইলেও ক্ষণের ইয়তা কাল ও মাত্রার ইয়তা সংখ্যা এইরূপে কথঞ্চিৎ ভেদ বুঝিতে হইবে। ৩৬টী মাত্রায় প্রথম উর্দ্বাত অর্থাৎ মৃত্, তাহার দিগুণে দিতীয় উদ্বাত অর্থাৎ মধ্যম ও ত্রিগুণে তৃতীয় অর্থাৎ তীব্র হয়, এইরূপে বাচম্পতি ব্যাখ্যা করিয়াছেন। "প্রাণেন প্রের্যামাণেন অপান: পীডাতে বদি। গদ্বা চোৰ্দ্ধং নিবৰ্ত্তেত এতছান্যাতলক্ষণং" অৰ্থাৎ চালিত প্ৰাণবায়ু দারা অপান ৰায়ু পীড়িত হইয়া যদি উর্জনিকে উত্থিত হয় এবং পুনর্কার নিবৃত্ত হয় ইহাকে উদ্বাত বলে, এই প্রমাণ অবলম্বন করিয়া ভোজরাজ বলিয়াছেন "নাভিমূল

হইতে প্রেরিত বায়ুর মস্তকদেশে অভিঘাতকে উদ্বাত বলে, "উদ্ উর্দ্ধং ঘাতঃ ইননম্"। বার্ত্তিক কার বলেন প্রথম উদ্বাত পূরক, দ্বিতীয় কুস্তক এবং তৃতীয়টী রেচক, ইহার মতে উদ্বাত শব্দের অর্থ বায়ুর গতিরোধ। প্রাণায়ামের বিশেষ বিবরণ লিখিতে হইলে স্বতন্ত্র একখানি পুস্তক হয়, বাহুলাভয়ে পরিত্যাগ করা হইল॥ ৫০॥

## সূত্র। বাহ্যাভ্যন্তরবিষয়াক্ষেপী চতুর্থঃ॥ ৫১॥

ব্যাখ্যা। বাহাভ্যম্ভরবিষয়াক্ষেপী (বাহশু বিতম্ভাদিপরিমিতদেশশু, আভ্যম্ভরশু চ নাভিচক্রাদের্বিষয়শু আক্ষেপঃ পর্যালোচনং স বিহাতে পূর্ববিষয়পদং ব্যালায়ামঃ কুম্ভকঃ চতুর্থঃ, বিষয়পদং কালসংখ্যোরগলক্ষণম্)॥ ৫১॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত বাহা ও আভ্যন্তর বিষয়, কাল ও সংখ্যার পর্যালোচনা করিয়া চিরকাল অভ্যাস করিলে চভূর্থ প্রাণায়াম বলে, ইহাকে কেবল কুন্তক বলে॥ ৫১॥

ভাষ্য। দেশকালসংখ্যাভির্বাহ্যবিষয়ঃ পরিদৃষ্ট আক্ষিপ্তঃ তথা-ভাস্করবিষয়ঃ পরিদৃষ্ট আক্ষিপ্তঃ, উভয়থা দীর্ঘসূক্ষাঃ, তৎপূর্বকো ভূমিজয়াৎ ক্রমেণোভয়োর্গত্যভাবশ্চতুর্থঃ প্রাণায়ামঃ। তৃতীয়স্ত বিষয়ানালোচিতো গত্যভাবঃ সক্লারন্ধ এব দেশকালসংখ্যাভিঃ পরিদৃষ্টো দীর্ঘসূক্ষাঃ, চতুর্থস্ত শাসপ্রশাসয়োর্বিষয়াবধারণাৎ ক্রমেণ ভূমিজয়াৎ উভয়াক্ষেপপূর্বকে। গত্যভাবশ্চতুর্থঃ প্রাণায়াম ইত্যয়ং "বিশেষঃ॥ ৫১॥

অনুবাদ। বাহ্ বিষয় অর্থাৎ রেচক পূর্ব্বোক্ত দেশ, কাল ও সংখ্যা দারা আদিপ্ত ( নির্দারিত ) হইরা পরিদৃষ্ট ( সীমাৰদ্ধ ) হর, এইরূপ আভ্যন্তর বিষয় প্রকণ্ড দেশ প্রভৃতি দারা পরিলক্ষিত হয়, উভয়ই পূর্বের ভায় দীর্ঘস্ক হয়, উভ বিষয় দর্শনপূর্বেক ক্রমশঃ সেই সেই ভূমি ( অবস্থা ) জয় অর্থাৎ বশীভৃত করিয়া দীর্ঘকাল অভ্যাস করিলে শ্বাসপ্রশাসের অভাবদ্ধপ চতুর্থ প্রাণায়াম দিদ্ধ হয়। পূর্ব্বোক্ত তৃতীয় ( কৃস্তক ) প্রাণায়ামেও শ্বাসপ্রশাস উভয় ক্রিয়ার

ষ্ণভাব হয়, কিন্তু তাহাতে বিষয়ের আলোচনা থাকে না, এবং উহা একবার প্রয়ত্ব দ্বারাই সাধিত হইয়া দেশ, কাল ও সংখ্যা দ্বারা পরিলক্ষিত হয়। চতুর্থ প্রাণায়ামে বিশেষ এই ইহাতে শ্বাসপ্রশ্বাসের বিষয় নিশ্চয় করিয়া ক্রমশঃ অল হইতে অধিক ভূমি (অবস্থা) বশীকৃত করিয়া উভয়ের (শ্বাসপ্রশ্বাসের) গৃতির স্মভাব হয়॥ ৫১॥

মন্তব্য। চতুর্থ প্রাণায়ামটী পূর্ব্বোক্ত তৃতীয় (কুন্তক) প্রাণায়ামের্ক্ট উত্তর অবস্থা, তৃতীয় প্রাণায়াম পূরক ও রেচকের মধ্যবর্ত্তী হয়, চতুর্থ টী সেরপ নহে ইহা কেবল নিরোধ মাত্র, ইহা দেশকালাদি দ্বারা সীমাবদ্ধ হয় না, অর্থাৎ ইচ্ছামুসারে যে কোনও দেশ, কাল বা সংখ্যায় পরিণত করা যায়। যেমন সঙ্গীতশাস্ত্রের অভ্যাসকালে স্থর লাগাইলে সপ্ত স্বরের কোনও একটী স্বর হইয়া যায়, গায়কের ইচ্ছামত স্বর হয় না, ক্রমশঃ ইচ্ছামত স্থর লাগাইতে পারে, তক্রপ প্রাণায়াম চিরকাল অভ্যন্ত হইলে যোগীর ইচ্ছামত ইহার ব্যাপার হয়। পূর্ব্বোক্ত তৃতীয় প্রাণায়ামটী বিষয় প্রভৃতির আলোচনা পূর্ব্বক হয় না, চতুর্থটী বিষয়াদির আলোচনা পূর্ব্বক হয় এইটুকু বিশেষ। বিষ্কুপ্রাণে গ্রুবের যে প্রাণায়াম বর্ণিত আছে তাহা এই চতুর্থ। মাস সন্ত্বংসর প্রভৃতি কাল যোগীর ইচ্ছাম্পারেই অভিবাহিত হইয়া থাকে। এই প্রাণায়ামের বিশেষ বিবরণ বশিষ্ঠ সংহিতায় উক্ত আছে॥ ৫১॥

#### সূত্র। ততঃ ক্ষীয়তে প্রকাশাবরণম্॥ ৫২॥

ব্যাখ্যা। ততঃ (প্রাণায়ামাভ্যাসাৎ) প্রকাশাবরণম্ (বিবেকজ্ঞানপ্রতি-বন্ধকং কর্ম্ম) ক্ষীয়তে (অভিভূয়তে)॥ ৫২॥

তাৎপর্য্য। প্রাণায়ামের অভ্যাস বশতঃ প্রকাশের আবরণ অর্থাৎ বিবেক জ্ঞানের প্রতিবন্ধক কর্ম, অধর্ম ও ক্লেশ সমুদায়ের ক্ষর হয়॥ ৫২॥

ভাষ্য। প্রাণায়ামানভ্যস্ততোহস্থ যোগিনঃ ক্ষীয়তে বিবেক-জ্ঞানাবরণীয়ং কর্মা, যত্তদাচক্ষতে "মহামোহময়েনেক্রজালেন প্রকাশ-শীলং সম্মার্ত্য তদেবাকার্য্যে নিযুঙ্জ্তে" ইতি। তদস্য প্রকাশাবরণং কর্ম সংসারনিবন্ধনং প্রাণায়ামাভ্যাসাৎ তুর্বলং ভবতি, প্রতিক্ষণঞ্চ ক্ষীয়তে। তথাচোক্তং "তপো ন পরং প্রাণায়ামাৎ ততো বিশুদ্ধি-र्मलानाः मीखिन्छ ज्ञानत्युष्ठि"॥ ५२॥

অমুবাদ। প্রাণায়াম অভ্যাসশীল যোগীর বিবেকজ্ঞানাবরক অধর্ম ও তৎকারণ অবিভাদি ক্লেশ অপক্ষীণ হয়। (শাস্ত্রকারগণ ইহাকে লক্ষ্য করিয়া বলিয়াছেন) "বিবেকজ্ঞানের আবরক কর্ম ইক্রজাল সদুশ মহামোহ অর্থাৎ বিষয়ামুরাগ দারা প্রকাশ স্বভাব চিত্তসম্বুকে আবরণ করিয়া অধর্মে নিযুক্ত করে, প্রাণায়াম অভ্যাস করিলে প্রকাশের অর্থাৎ সম্বগুণের আচ্ছাদক সংসারের কারণ উক্ত কর্মাসমূহ ছুর্বল হয়, এবং প্রতিক্ষণ ক্রমশঃ ক্ষয় হইতে থাকে"। শান্ত্রকারগণ বলিয়াছেন "প্রাণায়াম হইতে উৎক্বই তপঃ আর নাই. এই প্রাণায়াম দারা চিত্তমলাদির শোধন হয়, এবং জ্ঞানশক্তির আবিষ্ঠাব হয়"॥ ৫২ ॥

মন্তব্য। আবরণশক্তি (যাহা দারা রজ্জু প্রভৃতির স্বরূপ আরুত থাকে) ও বিক্ষেপশক্তি ( যাহা দ্বারা দর্প প্রভৃতির উৎপত্তি হয় ) যাহা বেদান্তশাল্তে বর্ণিত আছে, এই হত্তে প্রকারান্তরে তাহাই বলা হইয়াছে। ভাষ্টে মহামোহ নামক রাগের উল্লেখ আছে, উহা দ্বারা উহার কারণ অবিষ্ঠা ও অস্মিতা বুঝিতে হইবে।

প্রাণায়াম দারা ইন্দ্রিয়ের দোষ শাস্তি হয় একথা ভগবান মহও বলিয়া-ছেন "দহুত্তে গ্লায়মানানাং ধাতৃনাং হি যথা মলা:। তথেক্রিয়াণাং দহুত্তে দোষা: প্রাণস্থ নিগ্রহাৎ"। স্বর্থাৎ অগ্নিতে দাহ করিলে যেমন স্বর্ণ প্রভৃতি ধাতুর মল ( গাঁদ ) বিগত হয় তত্ত্বপ প্রাণায়াম দারা ইক্রিয়ের মল বিদ্রিত হয়। ৫২।

#### ভাগা। কিঞ্চ।

#### সূত্র। ধারণাস্থ চ যোগ্যতা মনসঃ॥ ৫৩॥

ব্যাখ্যা। ("ততঃ" ইত্যমুবর্ত্তনীয়ং, প্রাণায়ামাভ্যাসাং) ধারণাস্থ ( একাগ্র-তাস্থ ) মনসঃ যোগ্যতা ( চিত্তস্থ সামর্থ্যম্ উপজায়তে ইত্যর্থঃ ) ॥ ৫৩ ॥

তাৎপর্য্য। পূর্ব্বাক্ত প্রাণায়াম অভ্যাস করিলে একাগ্রতারূপ ধারণা-বিষয়ে চিন্তের শক্তি জন্মে॥ ৫৩॥

ভাষ্য। প্রাণায়ামাভ্যাসাদেব। "প্রচ্ছর্দ্দনবিধারণাভ্যাং বা প্রাণস্থা ইতি বচনাৎ ॥ ৫৩ ॥

অন্থবাদ। প্রাণায়ামের অভ্যাস বশতঃই চিত্ত একাগ্র হয়। (প্রথম পাদে বলা হইয়াছে) প্রাণবায়ুর রেচন ও নিরোধ দারা সমাধিসিদ্ধি হয়॥ ৫৩॥

মন্তব্য। প্রাণায়ামই চিত্তস্থৈরের প্রধান উপায় ইহাই দেখাইবার নিমিত্ত ভায়্যে "প্রাণায়ামাত্যাদাদেব" এবকারু প্ররোগ করা হইয়াছে, এস্থলে এব শব্দ অপরের ব্যাবর্ত্তক নহে অর্থাৎ প্রাণায়াম ভিন্ন অপর কোনও উপায়ে সমাধি হন্ন না এরপ নহে, তবে প্রাণায়ামে নিশ্চয়ই সমাধি হন্ন ইহাই ব্যাইয়াছে, এব শব্দ "স্বাযোগবাবছেদক"। ইছ্যাশক্তি ও ক্রিয়াশক্তি এই উভয়ের এমনই নিয়ত সম্বন্ধ আছে যে একটার নিরোধ করিলে সেই সঙ্গে অপরটার নিরোধ হইয়া য়ায়, ক্রিয়াশক্তির নিরোধরূপ প্রাণায়াম করিলে ইছ্যাশক্তির নিরোধরূপ সমাধি হয়, এইরূপ ইছ্যাশক্তির নিরোধেও প্রাণায়াম দিদ্ধি হয়। উভয়রপেই য়োগের সিদ্ধি হয়য়া থাকে॥ ৫৩॥

ভাষ্য। অথ কঃ প্রত্যাহারঃ।

সূত্র। স্ববিষয়াসম্প্রয়োগে চিত্তস্ত স্বরূপানুকার ইবে-ন্দ্রিয়াণাং প্রত্যাহারঃ॥ ৫৪॥

ব্যাখ্যা। স্ববিষয়াসম্প্রয়োগে (স্বর্বিষরেঃ গোচরৈঃ শব্দাদিভিঃ সহ অসম্প্রয়োগে অসম্বন্ধে সতি ) ইন্দ্রিয়াণাং (চক্ষুরাদীনাং) চিত্তস্ত স্বরূপাকুকার ইব (চিত্তে নিরুদ্ধে নিরুদ্ধানীব ইন্দ্রিয়াণি ইত্যর্থঃ) প্রত্যাহারঃ (অসৌ অরুকারঃ প্রত্যাহার ইতি কথ্যতে, ইন্দ্রিয়াণি বিষয়েভাঃ প্রাতিলোম্যেনাথ্রিয়ঞ্জেইইম্মিনিতি প্রত্যাহারঃ)॥ ৫৪॥

তাৎপর্যা। চিত্ত শব্দাদি বিষয় হইতে প্রতিনিবৃত্ত হইলে ইক্রিয়গণও নিবৃত্ত হইয়া চিত্তের অন্থকরণ করে, ইহাকে প্রত্যাহার বলে। ইক্রিয়গণ ঠিক চিত্তের স্থার একুটী তত্বে অভিনিবিষ্ট হইতে পারে না, ইবশব্দ দ্বারা চিত্ত ও ইক্রিয়গণের কথঞ্চিৎ ভেদও দেখান হইরাছে ॥ ৫৪ ॥

ভাষ্য। স্ববিষয়সম্প্রয়োগাভাবে চিত্তস্বরূপামুকার ইবেতি চিত্ত-

নিরোধে চিত্তবৎ নিরুদ্ধানীন্দ্রিয়াণি নেতরেন্দ্রিয়জয়বজুপুায়ান্তর-মপেক্ষন্তে, যথা মধুকররাজ মক্ষিকা উৎপতন্তমনৃৎপতন্তি, নিবিশমান মনু নিবিশন্তে, তথেন্দ্রিয়াণি চিত্তনিরোধে নিরুদ্ধানি, ইত্যেষ প্রত্যাহারঃ॥ ৫৪॥

অনুবাদ। ইন্দ্রিয়গণের স্ব স্থ বিষয় শকাদির সহিত সংযোগ না হইলে চিত্তের স্বরূপের বেন অন্ধকরণ হয়। কৈতি নিরুদ্ধ অর্থাং বিষয় হইতে প্রতিনিরুদ্ধ হইলে চিত্তের ভায় শ্রোত্রাদি ইন্দ্রিয়গণও নিরুদ্ধ হয়, একই প্রয়েষ্ক চিত্ত ও ইন্দ্রিয়ের নিরোধ হয়, আগামী স্থত্রে ইন্দ্রিয়জয়ের যে সমস্ত উপায় নির্দিষ্ট আছে তাহার অপেক্ষা থাকে না। মধুমক্ষিকাদলে একটী রাজা অর্থাৎ প্রধান মৌমাছী আছে, ঐ মক্ষিকারাজ উড়িলে সেই সঙ্গে ঝাঁকের আর সকল মাছীও উড়িয়া যায়, মক্ষিকারাজ কোনও এক স্থানে পড়িলে সেই সঙ্গে অপর মক্ষিকা সকলও পড়ে। এইরূপে চিত্তের নিরোধ হইলে ইন্দ্রিয়-গণেরও নিরোধ হয়, ইহাকে প্রত্যাহার বলে॥ ৫৪॥

মস্তব্য। ইবশব্দের অর্থ সাদৃশু, ভেদ না থাকিলে সাদৃশু হয় না, সাদৃশু শব্দে সমান ধর্ম ব্ঝায়, একই প্রযন্ত্র দারা চিত্ত ও ইন্দ্রিয়গণ নিরুদ্ধ হয়, অতএব একপ্রযন্ত্র-নিরোধটী উভয়ের সমান ধর্ম, এইকপ বিষয় হইতে প্রতিনিবৃত্তিও উভয়ের সাধারণ ধর্ম, চিত্ত বিষয় হইতে প্রতিনিবৃত্ত হইয়া ধ্যেয় বিষয় অবলম্বন করে, ইন্দ্রিয়গণ কেবল বিষয় হইতে প্রতিনিবৃত্ত হয়, ধ্যেয়কে অবলম্বন করে না, এইটী চিত্ত হইতে ইন্দ্রিয়গণের ভেদ, অতএব উভয়ের ভেদ ও অভেদ উভয় আছে।

স্ত্রের "শ্ববিষয়াসম্প্রয়োগে" এই সপ্তমীটী নিমিভার্থে, অর্থাৎ শ্ববিষয় হইতে নিবৃত্ত হইবার নিমিত্ত, কেহ কেহ বলেন উহা "দতি সপ্তমী" অর্থাৎ অসম্প্রয়োগ হইলে, এইরূপ বুঝাইবে ॥ ৫৪ ॥

### সূত্র। ততঃ পরমাবশ্যতে ক্রিয়াণাম্॥ ৫৫॥

ব্যাখা। 'ততঃ (প্রত্যাহারাৎ) ইন্দ্রিয়াণাং পরমাবশুতা (সর্বাথা বনীকারঃ, পরাজয় ইত্যর্থঃ )॥ ৫৫॥ তাৎপর্যা। পূর্দোক্ত প্রত্যাহার সিদ্ধি হইলে ইন্দ্রিরগণ সর্বতোভাবে বিজিত হয়॥ ৫৫॥

ভাষ্য। শব্দাদিষব্যসনং ইন্দ্রিয়জয় ইতি কেচিৎ, সক্তির্ব্যসনম্ ব্যস্থাত্যেনং শ্রেয়স ইতি। অবিরুদ্ধা প্রতিপত্তি র্ন্যায়া। শব্দাদি-সম্প্রয়োগঃ স্বেচ্ছয়েত্যয়ে।, রাগদেষাভাবে স্থাহুঃখশৃষ্যং শব্দাদি-জ্ঞানমিন্দ্রিয়জয় ইতি কেচিৎ। চিত্তৈকাগ্র্যাদপ্রতিপত্তিরেবেতি জৈগীষব্যঃ, ততশ্চ পরমান্থিয়ং বশ্যতা যচ্চিত্তনিরোধে নিরুদ্ধানীন্দ্রি-য়াণি, নেত্রেন্দ্রিয়জয়বৎ উপায়ান্তরমপেক্ষন্তে যোগিন ইতি॥ ৫৫॥

অম্বাদ। কেহ কেহ বলেন শকাদিবিষয়ে অব্যসন অর্থাৎ রাগের অভাব ইন্দ্রিম্বজন, সক্তি অর্থাৎ অম্বরাগকেই ব্যসন বলে, কেননা এই আসক্তিই জীবগণকে মৃক্তিপথ হইতে দ্রে নিক্ষেপ করে। (অন্তর্মপ বশুতা এইরূপ) শ্রুতি প্রভৃতির অবিরোধরূপে শকাদির সেবাকেই বশুতা বলে, ইহাই ন্যান্য অর্থাৎ প্রান্তর অম্বরত। কেহ কেহ বলেন ইচ্ছাম্বসারে অর্থাৎ বিষয়ের অধীন না হইরা স্বতন্ত্রভাবে শকাদিবিষয়ের উপভোগই ইন্দ্রিম্বজন্ন। অপর কেহ বলেন রাগ ঘেন না থাকার দক্ষন স্থবহুংথরহিতভাবে শকাদি বিষয়ের অপ্রতিপত্তি অর্থাৎ জ্ঞানের অভাবই ইন্দ্রিম্বজন্ন। এই নিমিত্তই ইহাকে পরমাবশুতা অর্থাৎ পূর্বোক্ত বশুতা চতুইন্ন হইতে শ্রেষ্ঠভাবে বশুতা বলা হইরাছে, কেননা চিত্তের নিরোধ হইলে যোগীর ইন্দ্রিম্বরণ সেই সঙ্গেই নিরুদ্ধ হইরাছা, অন্তভাবে ইন্দ্রিম্বজন্মের স্থান্ন প্রথম্ব দ্বারা সম্পাদিত অন্থবিধ উপায়ের অপেকা রাথে না, অর্থাৎ বত্নানসংজ্ঞা নামক বৈরাগ্যে একটা ইন্দ্রিম্বজন্ম হইলেও অপর ইন্দ্রিম্বজন্মের নিমিত্ত চেষ্টা করিতে হন্ন, এন্থলে সেরপ আবশুক করে না, একই প্রয়ন্তে তিত্ত ও ইন্দ্রিম্ব উভয়ের নিরোধ হয়॥ ৫৫॥

মন্তব্য। অপকৃষ্ট না থাকিলে উৎকৃষ্টের পরিচয় হয় না, "অপরমা" না থাকিলে "পর্মা" বলা যায় না, তাই ভাষ্যকার অপরমাবশুতা চতুষ্টর প্রথমতঃ উল্লেখ করিয়াছেন, শব্দাদিতে অব্যসন ইত্যাদি। বিষয়সমূহে সঞ্চরণ করিয়া জাগ্যক্ষকভাবে অবস্থান করা অপেক্ষা বিষয় হইতে একেবারে পৃথক থাকাই শ্রেমস্কর, কেননা কি জানি কথনও পদস্থলন হইতে পারে, তথন একেবারে সমস্ত বিনষ্ট হইবার সন্তব, সাহাতে কোনওরপে ভয়ের আশঙ্কা নাই, সেই শকাদির অপ্রতিপত্তিই (অনুভব না হওয়া) প্রমাবশুতা। বিষ্ণুপুরাণে উক্ত আছে—

"শব্দাদিষমুষক্তানি নিগৃহাক্ষাণি যোগবিৎ।
কুর্য্যাচ্চিতামুকারীণি প্রত্যাহারপরায়ণঃ॥
বপ্রতা পরমা তেন জার্ত্তানিকলাত্মনাম্।
ইব্দিয়ণামবল্পৈকৈ নিযোগী যোগসাধকঃ"॥

অর্থাৎ প্রত্যাহারসিদ্ধ যোগজ্ঞ ব্যক্তি শব্দাদির অধীন শ্রোত্রাদি ইন্ত্রিয়গণকে নিরুদ্ধ করিয়া চিত্তামুকারী করিবে, ইহাতে ইন্ত্রিয়গণের পরমাবশুতা জন্ম।

বিষয়ের সম্বন্ধ থাকিলে বিক্ষেপ হয় একথা গীতাতে উক্ত আছে—

"যততোহহুপিকৌস্তের পুরুষয় বিপশ্চিতঃ। ইন্দ্রিরাণি প্রমাথীনি হরস্তি প্রসভং মনঃ॥ তানি সর্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ। বশেষ্ঠি যাগ্রেন্দিয়াণি তক্ত প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥"

অর্থাৎ ষত্নশীল পণ্ডিতগণের চিত্তকেও প্রবল ইন্দ্রিয়গণ হরণ করে, বিষয়ভোগে কামুক করে, ইন্দ্রিয় সকলের নিরোধ করিয়া সমাধি করিবে। ইন্দ্রিয়গণ বাঁহার বনীভূত তাঁহার চিত্ত স্থির হয়।

দ্বিতীয় পাদের সংগ্রহ শ্লোক যথা—

"ক্রিয়াযোগং জগৌ ক্রেশান্ বিপাকান্ কর্মণামিহ। তদ্ধুংথত্বং তথা ব্যহান্ পাদে যোগস্ত পঞ্কম্॥"

অর্থাৎ সাধন নামক দ্বিতীয় পাদে পাঁচটী বিষয় আছে, ক্রিয়াযোগ, ক্লেশ, কর্ম্মের বিপাক, বিপাকের তুঃখময়তা ও ব্যুহচ্চুষ্টয় ॥ ৫৫॥

ইতি।

পাতঞ্জলদর্শনে সাধন নির্দেশ নামে দ্বিতীয়পাদ সমাপ্ত হইল।

# বিভূতি পাদ।

## ভাষ্য। উক্তানি পঞ্চ বহিরঙ্গানি সাধনানি, ধারণা বক্তব্যা। সূত্র। দেশবন্ধশিচততত্ত ধারণা॥ ১॥

ব্যাখ্যা। দেশবন্ধঃ (দেশে অন্তর্বা বহির্বা বিষয়ে, বন্ধঃ সম্বন্ধঃ বিষয়াস্তর-পরিহারেণ স্থিরীকরণম্) চিত্তস্থ ধারণেত্যুচাতে ॥ > ॥

তাৎপর্য্য । অপর বিষয় হইতে প্রতিনির্ত্ত করিয়া নাভিচক্র প্রভৃতি অন্তর্বিষয় এবং দেবতামূর্ত্তি প্রভৃতি বাহ্যবিষয়ে চিত্তকে স্থির করার নাম ধারণা॥ >॥

ভাষ্য। নাভিচক্রে, হৃদয়পুগুরীকে, মূর্দ্ধিজ্যোতিষি, নাসিকাগ্রে, জিহ্বাগ্রে, ইভ্যেবমাদিষু দেশেষু, বাহে বা বিষয়ে, চিত্তস্থ বৃত্তিমাত্রেণ বন্ধ ইতি ধারণা॥ ১॥

অনুবাদ। পূর্ব্বপাদে যম, নিয়ম, আসন, প্রাণায়াম ও প্রত্যাহার এই পাঁচটী বহিরঙ্গসাধন (যোগের) বলা হইয়াছে, সম্প্রতি ধারণা ধ্যান ও সমাধিরূপ অন্তরঙ্গ সাধনতায় বলিতে হইবে, তন্মধ্যে প্রথমসাধন ধারণা বলা যাইতেছে।

নাভিচক্র অর্থাৎ চক্রাকার নাভিস্থান, স্থৎপদ্ম, মস্তকস্থ জ্যোতিঃ, নাসিকার অগ্রভাগ, জিহ্নার অগ্রভাগ প্রভৃতি আধ্যাত্মিক দেশে অথবা দেবমূর্দ্ধি প্রভৃতি বাহুদেশে চিত্তকে স্থির করার নাম ধারণা, আধ্যাত্মিক দেশে স্বরূপতঃই চিত্ত স্থিরভাবে থাকে, বহির্বিয়য়ে রুত্তিরূপে অবস্থান করে॥ ১॥

মন্তব্য। প্রথম ও বিতীরপাদে দমাধি ও সমাধির সাধন বিশেষ করিরা বলা হইর্মুছে, অভীষ্টসিদ্ধির বোধ না হইলে কোন বিষয়েই প্রার্ত্তি জন্মে না। যোগের দ্বারা বিভৃত্তিরূপ অভীষ্টের সিদ্ধি হয়, সংযম দ্বারা বিভৃতি সিদ্ধি হয়, সাংঘমশনে ধারণা, ধ্যান ও সমাধির সমষ্টি বুঝায়, প্রথমতঃ ধারণা বলা ঘাইতেছে।

ধারণার সিদ্ধি হইলে ধ্যান হয়, ধ্যান হইলে সমাধি হয়, স্কুতরাং অত্যে ধারণার উপত্যাস করা হইয়াছে। ধারণাদি ত্রয় অন্তরঙ্গসাধন, ঘমনিয়মাদির স্থায় विश्वत्र-माथन नरह, हेश व्याहेवांत्र निभिन्न धात्रभाषितक विजीव शास ना विवा তৃতীয় পাদে বলা হইয়াছে। পুরাণশাস্ত্রে ধারণার উল্লেখ আছে "প্রাণায়ামেন পবনং প্রত্যাহারেণ চেক্রিয়ম্। বশীকৃত্য ততঃ কুর্য্যাচিত্তস্থানং শুভাশ্রয়ে"॥ অর্থাৎ প্রাণায়াম দ্বারা আধ্যাত্মিক বায়ুর ও প্রত্যাহার দ্বারা ইন্দ্রিয়ের জয় করিয়া চিত্তকে স্থন্দর কোনও আলম্বনে ( হিরণ্যগর্ভ প্রভৃতি মূর্তিবিশেষে ) স্থির করিবে। প্রথমতঃ বাহুবিষয়ে চিত্ত স্থির করিয়া অনস্তর আধ্যাত্মিক দেশে স্থির করিতে হয়। গারুড়পুরাণে আধ্যাত্মিক দেশ সকলের উল্লেখ আছে। "প্রাঙ-নাভ্যাং হৃদয়ে বাথ ভৃতীয়ে চ তথোরসি। কণ্ঠে মুথে নাসিকাগ্রে নেত্রজ্মধ্য-মুর্দ্ধস্থ। কিঞ্চিত্তস্মাৎ পরস্মিংশ্চ ধারণা দশকীর্ত্তিতাঃ"॥ অর্থাৎ প্রথমতঃ নাভিতে, পরে হৃদয়ে, বক্ষঃস্থলে, কণ্ঠমধ্যে, জিহ্বাগ্রে, নাদিকাগ্রে, নেত্রভাগে, ক্রমধ্যে, মুর্দ্ধন্থ জ্যোতিঃপদার্থে, এবং তাহার কিঞ্চিৎ উপরি ( দ্বাদশাঙ্গুলি উপরে ) ভারে চিত্তের ধারণা করিবে। গারুড়পুরাণে তালুশব্দের উল্লেখ না থাকিলেও মৈত্রী উপনিষদে "অতঃপরা২শু ধারণাতালুরসনাগ্রনিপীড়নাৎ" তালুর উল্লেখ আছে বলিয়া বাচস্পতিমিশ্র বলিয়াছেন "আদিশব্দেন তারাদয়ো গ্রাহাঃ" অর্থাৎ ভাষ্যের আদিশব্দে তালু প্রভৃতি স্থান বুঝিতে হইবে॥১॥

#### সূত্র। তত্র প্রত্যয়ৈকতানতাধ্যানম্॥২॥

ব্যাখা। তত্র (মত্র চিত্তং স্থিরীকৃতং তত্র দেশে) প্রত্যাধৈকতানতা ্প্রত্যয়স্ত চিন্তবৃত্তেরেকতানতা সদৃশঃ প্রবাহঃ ) ধ্যানম্ (চিন্তনমিতার্থঃ)॥ ২॥

তাৎপর্যা + বিষয়াস্থর হইতে প্রতিনিবৃত্ত করিয়া পূর্ব্বোক্ত যে বিষয়ে চিত্ত স্থির করা ২য়, সেই বিষয়াকারে বারম্বার চিত্তর্ত্তি হওয়াকে ধ্যান वना यात्र॥ २॥

ভাষ্য। তশ্মিন্ দেশে ধ্যেয়ালম্বনস্ত প্রত্যয়কৈতানতা সদৃশঃ প্রবাহঃ প্রত্যয়ান্তরেগাপরামুফো ধ্যানম্॥ ২॥

অম্বাদ। পূর্ব্বোক্ত যে কোনও বিষয়ে চিত্তের ধারণা হইরাছে, সেই

विषय वांत्रशांत मृष्णेकाल वृद्धि इत्यादिक धान वर्तन, व्यर्शेष द्याप्र व्यानश्वन जिन्न অক্ত বিষয়ে চিত্তবৃত্তি না হইয়া ধ্যেয়াকারে চিত্তবৃত্তির সদৃশ প্রবাহকে ধ্যান वना यात्र॥२॥

মস্তব্য। ধারণার পরিণাম ধ্যান, প্রযন্ত্র সহকারে বিষয়ান্তর হইতে বিনির্ত্ত कतिया (शाय विशरत विख्टक श्वित कतात भाग धातना, এই करण (धाय विशरत অনায়াদে অর্থাৎ প্রযন্ত্র ব্যাতিরেকে কাপনা হইতেই যথন একভাবে বারম্বার চিত্তবৃত্তি হইতে থাকে তাহাকে ধ্যান বলা যায়। যদিচ ধারণা ও ধ্যান সামান্ততঃ নির্দিষ্ট হইয়াছে তথাপি উহাদের কালের বিবরণ শাস্ত্রান্তর হইতে জানিতে হটবে। সমাধিস্থত্তের মন্তব্যে তাহা বলা বাইবে॥২॥

#### সূত্র। তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশূর্যমিব সমাধিঃ ॥ ৩॥

ব্যাখা। তদেব (পূর্ব্বেক্তিং ধ্যানমেব) অর্থমাত্রনির্ভাসং (ধ্যেয়াকারেণ ভাসমানং) স্বরূপশুভূমিব (জ্ঞানস্বরূপেণ বিরহিত্মিব) সমাধিঃ (ধ্যানভৈব পরাকান্তা ইতার্থঃ ) ॥ ৩॥

তাৎপর্যা। ধ্যানের পরিণাম সমাধি, আমি অমুককে চিন্তা করিতেছি এই ভাবটী ধ্যানের অবস্থায় থাকে, সমাধিতে তাহা থাকে না, তথন জ্ঞান কেবল ধ্যেয় বিষয়ের আকারেই ভাদমান হয়, স্থতরাং বোধ হয় যেন চিত্তরুত্তি নাই। চিন্তবৃত্তি থাকিয়াও না থাকার ভার বোধ হয়, ইব শব্দ দারা তাহাই বলা হইয়াছে॥৩॥

ভাষ্য। ধ্যান্মের ধ্যেয়াকারনির্ভার্যং প্রত্যয়াত্মকেন স্বরূপেণ শৃক্তমিব যদা ভবতি ধ্যেয়স্বভাবাবেশাৎ তদা সমাধিরিত্যুচ্যতে ॥ ৩ ॥

व्यक्रवीन । शानरे ८११म् वर्था९ शान्त्र विषम्नोकाद्य जाममान रहेमा विषम् শ্বরূপে উপরক্ত হইয়া যথন প্রত্যয়াত্মক অর্থাৎ বৃত্তিশ্বরূপ জ্ঞানকে থেন পরিত্যাগ করিয়াই অবভাসিত হয়, তখন তাহাকে সমাধি বলা যায়॥ ৩॥

মন্তব্য। জপাকুস্থমের সন্নিধানে পরিশুদ্ধ ফটিকের স্বীর শুকুগুণ ভাসমান रम ना, जजन विरम्नाकारत मर्सवा नीन रहेन्ना निख्यु हि পृथंक् जार अञ्चल रम ना, এই अवद्यादक नमाधि बरन ।

াবিজাঙীয় বৃত্তি দারা ধারণার বিচেছদ হয়, বিচেছদ না হইলে উক্ত ধারণাকেই ধ্যান বলে। এই ধ্যান ধ্যায়, ধ্যানও ধ্যাতা এই ত্রিতয়াকারে ভাসমান থাকে, উক্ত ত্রিতম আকার না থাকিয়া কেবল ধ্যেমরূপেই ভাসমান रहेरन थानरकरे नमाथि वरन। नीर्घकान यावर नमाथित जाजान रहेरन সম্প্রজ্ঞাত বোগদিদ্ধি পূর্ব্বক অসম্প্রজ্ঞাত সমাধি হয়, ইহাকেই মুক্তি বলে।

সম্প্রজ্ঞাত যোগরূপ অঙ্গী হইতে অঙ্গসমাধির বিশেষ এই, সমাধি চিস্তারূপ, স্থতরাং ইহাতে সমস্ত ধ্যেরের অবভাস ফুর না, কেবল যাহার চিন্তা করা যায় তাহারই স্বরূপ ভাসমান হয়। সম্প্রজ্ঞাত যোগকালে সমাধির বিষয় নছে: এতাদৃশ পদার্থও ভাসমান হয়, চিত্তে একটা অনির্বাচনীয় শক্তির আবির্ভাব **इ**त्र, ममुलाव विषयवर्दे माक्काल्कात इत्र। ममाधित खक्तभ भूतागंभारक वर्गिङ আছে, "তক্তৈৰ কল্পনাহীনং স্বৰূপগ্ৰহণং হি যৎ। মনসা ধ্যাননিস্পান্তং সমাধিঃ সোহভিধীয়তে" ॥ ৻য়য় হইতে য়ৢৢৢৢৢানের ভেদকে কল্পনা বলে, তদ্রহিত হইকে সমাধি হয়।

ধারণার কাল গারুড়পুরাণে উক্ত আছে, "প্রাণায়ামৈর্ঘাদশভির্যাবৎকালঃ কতো ভবেং। স তাবংকালপর্যান্তং মনো ব্রহ্মণি ধার্যেং" ॥ দ্বাদশবার প্রাণায়াম করিতে যত কালের আবশুক, তত কাল ধারণা করিবে। এইরূপ ধারণাকালের ছাদশগুণ পরিমিত কালে ধ্যান ও ধ্যানের ছাদশগুণ পরিমিত কালে সমাধি বুঝিতে হইবে॥৩॥

ভাষ্য। তদেতৎ ধারণাধ্যানসমাধিত্রমেকত্র সংযমঃ।

#### সূত্র। ত্রয়মেকত্র সংযমঃ॥ ৪॥

ব্যাখ্যা। একত্র (একস্মিন্ বিষয়ে) ত্রয়ং (ধারণাধ্যানসমাধিরূপম্) সংষমঃ ( ত্রয়াণাং সংযম ইতি পরিভাষা )॥ ।।।।

তাৎপর্য্য। একটা বিষয়ে ধারণা, ধাান ও সমাধিকে সংযম বলে॥ ৪॥

একবিষয়াণি ত্রীণি সাধনানি সংযম ইত্যাচ্যতে, তদস্ত ত্রযুম্ম তান্ত্রিকীপরিভাষা সংযম ইতি॥ ৪॥

अस्ताम । এकটी আखत्र अथवा वर्शिवरम धात्रना, धान ও मुमाधिक्रण

ধোগান্তরের অনুষ্ঠান হইলে তাহাকে সংঘম বলে। ধারণা, ধান ও সমাধি এই তিন্টীর যোগশাল্লীয় পরিভাষা ( সংজ্ঞাবিশেষ ) সংযম, অর্থাৎ যোগশাল্পে সংযমশন্দে উক্ত তিনটী বুঝিতে হইবে, (সাধারণতঃ সংযমশন্দে উক্ত তিনটা वृक्षात्र ना )॥ 8॥

মম্ভবা। তত্তৎস্থলে এক একটা করিয়া ধারণা, ধাান ও সমাধির উল্লেখ করিলে গৌরব হয়, তাই পরিভাষা করিয়া সংঘদশব্দে তিনটীকে বুঝাইয়াছে। "পরিণামত্রয়সংযমাৎ সর্বভূতক্বজ্ঞানং" ইত্যাদিস্থলে সংযম শব্দের সার্থকতা পরিদৃষ্ট হইবে ॥ ৪ ॥

#### য়াৎ প্ৰজ্ঞালোকঃ॥ ৫॥ সূত্ৰ।

ব্যাথ্যা। তজ্জ্মাৎ (তশু সংযমশু জ্মাৎ স্থৈর্যাৎ) প্রজ্ঞালোক: (প্রজ্ঞান্না: সমাধিজ্ঞায়া বুদ্ধেরালোক: প্রসরো ভবতীত্যর্থ: )॥ ৫॥

তাৎপর্য্য। অভ্যাদ পূর্বক দংঘমের জয় অর্থাৎ শ্বাদপ্রশ্বাদের ভায় স্বাধীন করিতে পারিলে জ্ঞানশক্তির পূর্ণ বিকাশ হইতে থাকে ॥ ৫॥

তস্ত সংযমস্ত জয়াৎ সমাধিপ্রজ্ঞায়া ভবত্যালোক:. যথা যথা সংযমঃ স্থিরপদে। ভবতি তথা তথা সমাধিপ্রজ্ঞ। বিশারদী ভবতি ॥ ৫ ॥

व्यक्षतीम । त्मरे मःयस्पत्र अत्र व्यर्था९ रेक्टा स्ट्रेटनरे मःयम कतित्व भातितन সমাধিজনিত প্রজ্ঞার (জ্ঞানশক্তিবিশেষের) আলোক অর্থাৎ বিজাতীয় জ্ঞান দারা অনস্তরিত হইয়া স্বচ্ছ প্রবাহে অবস্থান হয়, সংষম ষেমন ষেমন স্থির হইতে থাকে, সঙ্গে সংগে সমাধি প্রজ্ঞাও নির্মাণ হয়, অতি সুন্দ্র ব্যবহিত অর্থের অবধারণে সমর্থ হয় ॥ ৫॥

মস্তব্য। ইতন্ততঃ বিক্ষিপ্ত ধারাকে একত্র সংযত করিলে তাহার শক্তি-विल्लासत्र श्रीकृष्टीय हत्र, वर्षाकारन ठाति पिरकत थावार क्रम कतिना धकरी ধারা প্রবাহিত রাখিলে তাহাতে বেমন বিষম বেগ হয়, তত্ত্বপ নানা বিষয় ছুইডে চিন্তবৃত্তি প্রতিনিবৃত্ত করিয়া একটা বিষয়ে রাখিতে পারিলে তাহাতে এমন একটা অপূর্ব শক্তির প্রাত্নভাব হয় যে তাহার প্রভাবে সমস্তই সিদ হইতে পারে। একেবারে রুদ্ধ করিয়া নদী বেগ ছাড়িয়া দিলে যেমন আরও অতিরিক্ত বেগ জন্মে তদ্রপ সমস্ত চিত্তবৃত্তি রোধ করিয়া (অসম্প্রজ্ঞাতভাবে) তাদৃশ পরিশুদ্ধ চিত্তকে বিষয়বিশেষে অবস্থাপিত করিলে তাহাতেও অত্যধিক শক্তির প্রাত্র্ভাব হয়॥ ৫॥

#### সূত্র। তস্ত ভূমিষু বিনিযোগঃ॥৬॥

ব্যাখ্যা। তম্প্র (সংযমস্থ) ভূমিষু ক্রিপ্রজ্ঞাতাবস্থাস্থ ) বিনিষোগঃ (বিনি-যোজনং কর্ত্তবাম্, পূর্বাং পূর্বাং ভূমিং বিজিত্য উত্তরাম্ন বিনিষোগঃ কর্ত্তব্য ইত্যর্থঃ )॥ ৬॥

তাৎপর্য। স্থূল হক্ষ প্রভৃতি পূর্ব্বোক্ত সম্প্রজাত সমাধির বিষয় সমূদায়ে পূর্ব্ব পূর্ব্ব অবস্থা সম্যক্রপে আয়ত্ত করিয়া উত্তরোত্তর বিষয়ে সংযম করিবার চেষ্টা করিবে ॥৬॥

ভাষ্য। তক্স সংযমস্য জিতভূমের্যানস্তরাভূমিস্তত্র বিনিয়োগঃ, নহাজি গাধরভূমিরনস্তরভূমিং বিলজ্য প্রান্তভূমিষু সংযমং লভতে, তদভাবাচচ কৃতস্তম্য প্রজ্ঞালোকঃ, ঈশ্বরপ্রসাদাৎ জিতোত্তরভূমিকস্য চ নাধরভূমিষু পরচিত্তজ্ঞানাদিষু সংযমো যুক্তঃ, কস্মাৎ, তদর্থস্থাস্থত এবাবগতত্বাৎ। ভূমেরস্থা ইয়মনস্তরা ভূমিরিত্যত্র যোগ এবোপাধ্যায়ঃ, কথং, "যোগেন যোগো জ্ঞাতব্যো যোগো যোগাৎ প্রবর্ততে। যোহপ্রমন্তস্ত্র যোগেন স যোগে রমতে চিরম্" ইতি॥ ৬॥

অন্ধবাদ। সংযমের পূর্বভূমি অর্থাৎ অবস্থাবিশেষ বিজিত হইয়াছে দেখিয়া অজিত অব্যবহিত উত্তর ভূমিতে বিনিয়োগ করিবে, উত্তর অবস্থায় সংযম করিবার চেষ্টা করিবে, অধর (পূর্বে) ভূমি জয় (আয়ত্ত) না করিয়া অনস্তর ভূমির লব্দন করিয়া একেবারেই শেষ ভূমিতে সংযম লাভ হয় না, স্থতরাং সংযম-জয়সাধ্য প্রজ্ঞালোক (বুদ্ধিবিকাশ) কিরপে হইবে ? পরমেশ্বরের অন্থ্রহে যদি উত্তর ভূমি (প্রকৃতিপুরুষ বিবেক প্রভৃতি) জয় হয় তবে আয় পরচিত্ত জ্ঞানাদি অধর ভূমিতে সংযমের আবশুক করে না, কারণ অধরভূমিতে সংযম করিলে বাহার (উত্তর ভূমিতে সংযমসিদ্ধির) লাভ হইবে তাহা কারণাস্তর্ম

অর্থাৎ ঈশবের অন্প্রহেই লব্ধ হইয়াছে। এই ভূমির অনস্তর এই ভূমি ইহার উপাধ্যায় অর্থাৎ শিক্ষক বোগশাস্ত্র ভিন্ন আর কেহই নহে, কেননা, শাস্ত্রে উক্ত আছে—"যোগের দ্বারাই (যোগ করিতে করিতেই) যোগের জ্ঞান হয়, যোগের দ্বারাই যোগের লাভ হয়, অর্থাৎ স্থূল বিষয়ে যোগায়্র্যান করিতে করিতেই স্ক্র্যাস্থ্যতের উপস্থিতি হয়। যে ব্যক্তি যোগ দ্বারা প্রমন্ত অর্থাৎ যোগাসিদ্ধি অণিমা প্রভৃতির কামুক নহে সেই ব্যক্তিই চিরকাল যোগাবলম্বন করিতে পারে, (সিদ্ধির কামনা করিলে যোগভংশ ছয়, কারণ সাধারণের পক্ষেই অণিমা প্রভৃতি ঐশ্বর্যা সিদ্ধি বলিয়া প্রতীত হয়, যোগীর পক্ষে ঐ সমস্তই বিদ্ব )॥ ৬॥

মন্তব্য। বেমন স্মট্রালিকাশিথরে আরোহণ করিতে হইলে নিমু স্তরে প্রথম দ্বিতীয় ইত্যাদি সোপান আরোহণ করিয়া ক্রমশঃ উর্দ্ধে আরোহণ করা যায়. বেমন স্বর ও ব্যঞ্জন বর্ণের পরিচয় না হইলে তাহাদের মিশ্রণ (ফলা বানান) শিক্ষা করা যায় না, যোগ শিক্ষাকালেও তদ্রুপ প্রথমতঃ স্থুল বিষয়ে আরম্ভ ক্রিয়া ক্রমশঃ স্ক্র স্ক্রতর বিষয়ে উপস্থিত হইতে হয়। প্রথমতঃই শেষ সীমায় (নির্গুণভাবে) আরোহণ করিবার চেষ্টা কেবল বিভূম্বনা ও আত্মাভিমানের পরিচয় মাত্র। যোগের ক্রম বিষয়ে পুরাণশান্তে উপদেশ "ততঃ শঙ্খগদাচক্র-শার্ম্পাদিরহিতং বুধঃ। চিস্তয়েন্তগবদ্রপং প্রশান্তং সাক্ষস্ত্রকম। যদা চ ধারণা ভিস্মিরস্থানবতী ততঃ। কিরীটকেন্তুরমুথৈর্ভ্ষণৈ রহিতং স্মরেৎ। তদৈকাবয়বং দেবং সোহহং চেতি পুনর্ধ:। কুর্যান্ততোহহুহমিতি প্রণিধানপরো ভবেৎ" ইতি, অর্থাৎ উপাসনা করিতে হইলে প্রথমতঃ নারায়ণ প্রভৃতি উপাস্ত দেবতার আয়ুধ ও অলঙ্কারাদিভূষিতরূপ চিন্তা করিবে, ইহার অভ্যাস হইলে ক্রমে ঐ মূর্ত্তির আয়ুধ ( চক্রাদি অস্ত্র ) হীন করিয়া পরে কুগুলাদি ভূষণ রহিত করিয়া কেবল সেই মূর্ত্তি ও আমি একরূপ, পরে আমিই সেই এইরূপে ধ্যান করিবে। গরুড়পুরাণে উক্ত আছে—"স্থিত্যর্থং মনসঃ পূর্বাং স্থলরপং বিচিন্তয়েং। তত্র তরিশ্চলীভূতং ফ্লেছপি স্থিরতাং ব্রজেং" ইতি, অর্থাৎ চিত্তের স্থৈয়া শিক্ষা করিবার নিমিত্ত প্রথমতঃ স্থলরূপের চিন্তা করিবে, ঐ স্থলরূপে চিত্ত স্থির হইলে পরের হন্দ্র বিষয়ে চিস্তা করিবে। প্রথমতঃ হন্দ্র বিষয়ের অবলম্বন করিবার नौंक थाकिरन दून विषय अवनयन कतिवात आवश्रक नार्ट, 'এই अভि প্রায়েই ভন্তশাস্ত্রে "বাহ্যপূজাহধমাধমা" ইত্যাদির উল্লেথ আছে॥ ७॥

#### সূত্র। ত্রমন্তরঙ্গং পূর্বেভ্যঃ॥ १॥

ব্যাথা। ত্রয়ং (ধারণাদিত্রয়ং) পূর্ব্বেভাঃ (য়মনিয়মপ্রভৃতিপঞ্চাঃ) অন্তর্কসং (সম্প্রজাতসমাধ্যে সাক্ষাৎসাধনম্)॥ १॥

তাৎপর্যা। ধারণা, ধান ও সুমাধি এই তিন্টী সম্প্রজ্ঞাত সমাধির অস্তরক্ষ (সাক্ষাৎ) সাধন, যমনিয়মাদি পাঁচটী বহিরক্ষ সাধন ॥ ৭ ॥

ভাষ্য। তদেতদ্ ধারণাধ্যানশীমাধিত্রয়ং অন্তরঙ্গং সম্প্রজ্ঞাতস্থ সমাধ্যে পূর্বেভ্যাে যমাদিসাধনেভ্য ইতি।

অমুবাদ। যম নিয়ম প্রভৃতি পূর্ব্বোক্ত পাঁচটী সাধন অপেক্ষা করিয়া ধারণা, ধ্যান ও সমাধি এই তিনটী সম্প্রজাত সমাধির অন্তরঙ্গসাধন, যম নিয়মাদি পাঁচটী বহিরঙ্গ অর্থাৎ পরম্পরা কারণ॥ ৭॥

মস্তব্য। যমাদি পঞ্চ সাধন দ্বারা ধারণাদিত্রয়রূপ সংগমের সিদ্ধি হয়, এবং তদ্বারা সম্প্রজ্ঞাত সমাধি সিদ্ধি পূর্বকে অসম্প্রজ্ঞাত সমাধি হয়।

"সমাধির সাধন সমাধি" একথা প্রথমতঃ ভ্রমজনক বলিরা বোধ হয়। বস্তুতঃ সংযমেরই উত্তর (পরিপাক) অবস্থা সম্প্রজাত সমাধি, উভয়ই ধ্যের বিষয়ে চিত্তের একাকারা বৃত্তি, এই নিমিত্তই অন্তরঙ্গসাধন বলা হইয়াছে॥ १॥

#### সূত্র। তদপি বহিরঙ্গং নিবীজস্ত॥ ৮॥

ব্যাথাা: তদপি (ধারণাদিত্রয়মপি) নির্বীজস্ত (অসম্প্রজাতসমাধেঃ) বহিরক্ষং (পরম্পরাকারণং, নতু সাক্ষাৎ)॥৮॥

তাৎপর্য্য। ধারণাদি ত্রয় সম্প্রজ্ঞাত সমাধির অস্তরঙ্গসাধন হইলেও নির্বিষয় অসম্প্রজ্ঞাত সমাধির বহিরঙ্গসাধন ॥ ৮॥

ভাষ্য। তদপি অন্তরঙ্গং সাধনত্রয়ং, নিবীজস্ম যোগস্ম বহিরঙ্গং, কস্মাৎ তদভাবে ভাবাদিতি॥৮॥

অস্থ্রাদ। সেই অন্তরঙ্গদাধন ধারণাদি তার নির্বীক্ত অর্থাং বিষয়হীন সর্ব্ব চিত্তবৃত্তি-নিরোধরূপ অসম্প্রজাত সমাধির বহিরঙ্গদাধন, কেননা ধারণাদিত্তম-রূপ সংযমের সম্পূর্ণ বিগম হইলেই অসম্প্রজাত সমাধির ভাব (সভা) হয়॥৮॥

মন্তব্য। 'ষেটার অনস্তর ষেটা হয় তাহার প্রতি সেইটা ( পূর্বাটা ) অন্তরঙ্গ-সাধন, এরপ বলা যায় না, কেননা, ঈশ্বর প্রণিধানের অনন্তর সমাধিসিদ্ধি इट्रेश छेटा नमाधित अखन्ननाधन नट्ट, किछ वटित्रन । यादात नमान विषय হইয়া যেটী যাহার সাধন হয়, সেইটীই তাহার অন্তরঙ্গসাধন, স্থতরাং ধারণাদি ত্রন্ন সম্প্রজ্ঞাতেরই অন্তরঙ্গ উপান্ন, উহারা অসম্প্রজ্ঞাত সমাধির কোন-রূপেই (অনস্তরভাবে অথবা দমান বিষ্যুরূপে) সাধন নহে, স্কুতরাং বহিরঙ্গ-সাধন। অসম্প্রজ্ঞাত সমাধিতে বিষয়ই থাকে না স্কুতরাং সমান বিষয় হইবার সম্ভাবনা নাই। পরবৈরাগাই অসম্প্রজাত সমাধির অন্তরঙ্গ অর্থাৎ সাক্ষাৎ-সাধন ॥ ৮ ॥

ভাষ্য। অথ নিরোধচিত্তক্ষণেযু চলং গুণর্ত্তমিতি কীদৃশস্তদা চিত্রপরিণামঃ।

সূত্র। ব্যুত্থাননিরোধসংস্কারয়োরভিভবপ্রাহুর্ভাবে নিরোধ-ক্ষণচিত্রাময়ে। নিরোধপরিণামঃ॥ ৯॥

ব্যাথা। ( বুংখানং অসম্প্রজাতাপেক্ষয়া সম্প্রজাতসমাধি:, নিরুধ্যতে-হনেনেতি নিরোধঃ পরং বৈরাগ্যং, তয়োঃ সংস্কারৌ, তয়োর্যাথাক্রমমভিভব-প্রাত্মভাবে).) নিরোধকণচিত্তাবয়ঃ ( নিরোধাবসরস্থ চিত্তস্থ ধর্মিতয়া উভয়ত্রা-चरबार क्रांश: ) निर्द्धां भित्रिणामः ( हिज्यः निर्द्धां प्राप्तिः ) ॥ २ ॥

তাৎপর্য। সম্প্রজ্ঞাত সমাধি জন্ম সংস্কারের অভিভব, অসম্প্রজ্ঞাত সমাধি জন্ম সংস্কারের প্রাহর্ভাব, এই উভয় অবস্থার সমাবেশকালে নিরোধকালীন চিত্তের অবস্থাকে নিরোধ পরিণাম বলে ॥ ৯॥

ভাষ্য। ব্যুত্থানসংস্কারাশ্চিত্তধর্মা ন তে প্রত্যয়াত্মকা ইতি প্রত্যয়নিরোধে ন নিরুদ্ধাঃ, নিরোধসংস্কারা অপি চিত্তধর্মাঃ, তয়ো-রভিত্তবপ্রাহুর্ভাবে ব্যুত্থানসংস্কারা হীয়ন্তে, নিরোধসংস্কারা আধী-য়ন্তে, নিরোধক্ষণং চিত্তমধেতি, তদেকস্ত চিত্তস্ত প্রতিক্ষণমিদং সংস্কারাক্তথাত্বং নিরোধপরিণাম:। তদা সংস্কারশেষং চিত্তমিতি নিরোধসমাধো ব্যাখ্যাতম্॥ ৯॥

অমুবাদ। সর্বারতি নিরোধরণ অসম্প্রজাত অবস্থায় চিত্তের কিরূপ পরি-ণাম হইয়া থাকে ? গুণের ( জড়বর্গের ) স্বভাব এইরূপ যে তাহারা অ্পরিণত-ভাবে ক্ষণকালও থাকিতে পারে না, এই আশঙ্কায় নিরোধকালে চিত্তের পরিণাম বলা বাইতেছে। বদিচ ব্রাখানশব্দে ক্ষিপ্ত, মৃচ ও বিক্ষিপ্ত এই তিনটী অবস্থা ব্ঝায় তথাপি এস্থলে অসম্প্রজাত যোগ, অপেক্ষা করিয়া সম্প্রজাত সমাধিকে ( একাগ্রভূমিকে ) ব্যুখান বলা হইয়াছে। উক্ত ব্যুখান জন্ম সংস্কার-গুলি চিত্তের ধর্ম, উহারা প্রত্যয়াত্মক নীহে অমুগুবের ধর্ম বা স্বরূপ নতে ( সংস্কারের প্রতি অনুভব সমবায়িকারণ নহে, কিন্তু নিমিত্তকারণ ), স্কুতরাং প্রতারের (চিত্তবৃত্তিরূপ অমুভবের) নিরোধে (অপগমে) সংস্থারের নিরোধ হয় না, এইরূপ নিরোধ সংস্থারও চিত্তধর্ম, এই উভয়বিধ সংস্থারের অভিভব প্রাহর্ভাব অর্থাৎ ব্যুখান সংস্কারগুলি ক্রমশঃ হীন হওয়ায় নিরোধ সংস্কারগুলি আবিভূত হইতে থাকে, নিরোধ অবস্থাপর চিত্ত উভয়ন্থলে অবিত থাকে, এইরূপে একই চিত্তে প্রতিক্ষণ সংস্কারের আবির্ভাব ও তিরোভাব হওয়াকে নিরোধ পরিণাম বলে। সেই সময় (নিরোধ সমাধিতে) চিত্তে কেবল সংস্থার-মাত্র থাকে. কোনওরূপ বৃত্তির উদয় হয় না॥ ৯॥

মন্তব্য। অমুভব (চিত্তবৃত্তি) হইলে সংস্কার হয়, নিরোধ অবস্থায় কোনও-রূপ চিত্তবৃত্তি হয় না, স্থতরাং কিরূপে নিরোধ সংস্কার হইতে পারে, নিরোধ সংস্কার না হইলেও ব্যুত্থান সংস্কার তিরোহিত হয় না. বিরোধী সংস্কার ছারাই সংস্কারের বিনাশ হয়। নিরোধের অনন্তর বুঁগখান হইলে এতকাল সমাহিত ছিলাম, এইরূপে যোগীর ক্ষরণ হইয়া থাকে, এই ক্ষরণরূপ কার্য্য বারা নিরোধ मः हारत्त्र असूमान क्तिए इहेर्दा । ममाधि भारत्त्र त्यव एव राव ॥ » ॥

#### তস্ম প্রশান্তবাহিতা সংস্কারাৎ॥ ১০॥

ব্যাখ্যা ৷ তন্ত (নিরোধাবস্থাপন্নত চিত্তন্ত ) প্রশাস্তবাহিতা (ব্যুথানসংস্কার-মলরাহিত্যেন নিরোধপরম্পরামাত্রবাহিতা ) সংস্কারাৎ ( নিরোধসংস্কারাদের ভবতি ) ॥ ১০ ॥

তাৎপর্যা। নিরোধ সংশ্বার দৃঢ়তর হইলে চিত্তের প্রশান্তরূপে অবস্থান ষ্পর্থাৎ ব্যুখানসংস্থার দ্রীভূত হইরা বচ্ছরূপে স্থিতি হর॥ > ॥

ভাস্ত। নিরোধসংক্ষারাৎ নিরোধসংক্ষারাভ্যাসপাটবাপেক। প্রশাস্তরাহিতা চিত্তস্ত ভবজি, তৎসংক্ষারমান্দ্যে ব্যুত্থানধর্মিণা সংক্ষা-রেণ নিরোধধর্মসংক্ষারোহভিভূয়ত ইতি॥ ১০॥

অমুবাদ। নিরোধ সংস্থারের পুন:পুন: অমুষ্ঠান হইলে ( একবার হইলেই চিন্ত স্থির হয় এমত নহে ) ঐ বিষয়ে দক্ষতা জন্মে অর্থাৎ ইচ্ছাবশতঃই নিরোধ করিতে পারা যায়, অথন চিন্ত হইটে ব্যুখানজনিত সমস্ত সংস্থার তিরোহিত হইয়া নিরোধ সংস্থার পরস্পরারূপ প্রশাস্তবাহিতা জন্মে ( ইহাকেই যোগিগণ চিন্ত স্থৈয় বলিয়া থাকেন ), এই নিরোধ সংস্থার মন্দ অথাৎ অল্পভাবে সঞ্চিত হইলে উহা বলবৎ বৃংখান সংস্থার ঘারা অভিভূত হইয়া যায়॥ ১০॥

মন্তবা। ভাষ্যে "নাভিভূষতে" এরপেও কেহ কেহ পাঠ করেন, এপক্ষে "তৎসংস্কার" শব্দে বৃংখান সংস্কার বৃঝিতে হইবে, অর্থাৎ বৃংখান সংস্কার মন্দীভূত হইবে তদ্ধারা আর নিরোধ সংস্কার অভিভূত হইবার আশস্কা থাকে না। নিরোধ সংস্কার একবার হইলেই কৃতার্থ বাধে করা উচিত নহে, কারণ বিষয়বাসনা বলবতী, উহাকে নিরাশ করা হংসাধ্য, প্রতিপক্ষরপ নিরোধ ভাবনা স্ক্রচাক্রপে অন্তণ্ডিত না হইলে তাহা ঘটিয়া উঠে না, প্রভূতে নিরোধ সংস্কারই সমূলে বিনষ্ট হইতে পারে, "শ্রেয়াংসি বছবিদ্বানি" ॥ ১০॥

#### সূত্র। সর্বার্থ তৈকাগ্রতয়োঃ ক্ষয়োদয়ো চিত্তস্থ সমাধি-পরিণামঃ॥ ১১॥

ব্যাখ্যা। সর্বার্থ তৈকাগ্রতয়ো: (সর্বার্থতা বিক্ষিপ্ততা, একাগ্রতা এক-মাত্রবিষয়তা, তয়ো: বথাক্রমং) ক্লুয়োদয়ৌ ( হাসরুদ্ধী ) চিত্তপ্র সমাধিপরিণামঃ ( ধর্মিভাবেন উভয়ত্র অমুগমঃ সমাধিপরিণামঃ ইতি ) ॥ ১১ ॥

তাৎপর্য। চিত্তভূমিতে ক্রমশ: বিক্লিপ্তভাব বিদ্রিত হইয়া একাপ্রভাব ( একাল্যনতা ) সমুদায়ের উদয়ের নাম সমাধিপরিণাম। ইহা যুগপৎ হয় না, ক্রমশ: একাপ্রভাব প্রবল ও বিক্লিপ্তভাব ত্র্বল হইতে থাকে॥ ১১॥

ভাষ্য। সর্ববিধিতা চিত্তধর্মা, একাগ্রতা চিত্তধর্মা, সর্ববার্ধতায়াঃ
ক্ষয়ঃ তিরোভাব ইত্যর্থঃ, একাগ্রতায়া উদয়ঃ আবির্ভাব ইত্যর্থঃ,

তরোর্ধশ্মিকেনামুগতং চিত্তং, তদিদং চিত্তমপায়োপজননয়োঃ স্বাত্ম-ভূতয়োর্ধর্ময়োরমুগতং সমাধীয়তে স চিত্তস্ত সমাধিপরিণামঃ॥ ১১॥

অমুবাদ। নানা বিষয় হয় বলিয়া বিক্ষিপ্ততাকে সর্বার্থতা বলে, এবং একাগ্রতা অর্থাৎ একটা মাত্র বিষয় করা, এই উভয় অবস্থাই চিত্তের ধর্ম, সর্বার্থতা ধর্মটীর ক্ষয় অর্থাৎ তিরোধান (বিনাশ নহে) এবং একাগ্রতা ধর্মটীর উদর অর্থাৎ আবির্ভাব (উৎপত্তি নহে) হওয়া এইরূপে চিত্তরূপ ধর্মীর উভয় অবস্থায় অমুগম হওয়া অর্থাৎ চিত্তরূপ ধর্মীর স্বকীয় ধর্ম সর্বার্থতা ও একাগ্র-তার যথাক্রমে অপায় ও উপজনন অবস্থায় অমুবৃত্তির নাম সমাধি পরিণাম॥১১॥

মন্তব্য। সাংখ্য পাতঞ্জলমতে সতের বিনাশ ও অসতের উৎপত্তি নাই, অতএব প্রত্যের ক্ষরশন্দে তিরোভাব, এবং উদয়শন্দে আবির্ভাব ব্ঝিতে হইবে। এইটা বিক্ষিপ্ত অবস্থা হইতে প্রথমতঃ সমাধির আরম্ভ অবস্থা, চিত্ত সমাহিত হইলে তাহার কিরূপ পরিণাম হয় তাহা উত্তর প্রত্যে প্রকাশ হইবে॥ ১১॥

#### সূত্র। ততঃ পুনঃ শান্তোদিতো তুল্যপ্রত্যয়ে চিন্ত-স্থৈকাগ্রতাপরিণামঃ॥ ১২॥

ব্যাখ্যা। ততঃ (বিক্ষিপ্ততায়া নিংশেষক্ষয়ানস্তরং) তুল্য প্রত্যয়ে (একা-কারবোধে) শাস্তোদিতৌ (অতীতবর্ত্তমানে), পূর্বঃ শাস্ত উত্তরশ্চ তাদৃশ উদিতঃ) চিত্তপ্ত একাগ্রতাপরিণামঃ (.ধর্মিতয়া চিত্তপ্প উভয়ত্র অবস্থানং একাগ্রতাপরিণামঃ)॥ ১২॥

ু তাৎপর্যা। বিক্ষিপ্তভাব সম্পূর্ণ বিদ্রিত হইলে এক বিষয়ে পূর্ব্ব জ্ঞান নিবৃত্ত হইরা সমান বিষয়ে তুল্যরূপে উত্তর জ্ঞান উৎপন্ন হয়, উভয় অবস্থায় চিত্তের অনুগমকে একাগ্রতাপরিণাম বলে॥ ১২॥

ভাষ্য। সমাহিতচিত্তস্থ পূর্ববপ্রতারঃ শাস্তঃ, উত্তরস্তৎসদৃশ উদিতঃ, সমাধিচিত্তমূভয়োরমুগতং পুনস্তথৈব, আ সমাধিজেষাদিতি, স খল্বয়ং ধর্ম্মিণশ্চিততৈ কাগ্রতাপরিণামঃ॥ ১২॥

অমুবাদ। সমাধিবিশিষ্ট অর্থাৎ একটী মাত্র বিষয় অবশস্থন করিয়াছে এরূপ

চিত্তের পূর্ববৃত্তি (জ্ঞান) তিরোহিত হইয়া তৎসদৃশ অপর একটা বৃত্তির আবির্ভাব হয়, সমাহিত চিত্ত (ধর্মিভাবে) উভয় অবস্থায় অমুগত হয়, এইরূপে সমাধিভঙ্গ পর্যাস্ত বারস্থার হওয়াকে চিত্তের একাগ্রতাপরিণাম বলে॥ ১২॥

মন্তব্য। বাচম্পতি ও বিজ্ঞানভিকু "ততঃ পুনঃ" এই অংশটুকু স্ত্রের অবয়বরূপে ব্যাখ্যা করিয়াছেন। মণিপ্রভা ও ভোজরৃত্তির মতে উহা ভায়ের অংশ। পূর্ব্ব পূর্ব্ব স্বত্রের সমালোচনা ও স্ত্রের লিখন প্রণালীর প্রতি দৃষ্টি করিলে উহা ভায়ের অংশ বলিয়া ঝে হয়। অর্থাংশে কোনও বিরোধ নাই, কেননা ওটুকু স্ত্রাবয়ব না হইলেও স্ত্রের পুরণ ভায় বলিতে হইবে, এরূপ পুরণ অনেক স্থানে আছে। পরস্ত্রে ধর্মা, লক্ষণ ও অবস্থা এই ত্রিবিধ পরিণামের উল্লেখ হইবে, তল্মধ্যে একাগ্রতা প্রভৃতি চিত্তরূপ ধর্মীর ধর্মপরিণাম॥১২॥

#### সূত্র। এতেন ভূতেন্দ্রিয়েষু ধর্মলক্ষণাবস্থাপরিণাম। ব্যাখ্যাতাঃ॥ ১৩॥

. ব্যাখ্যা। এতেন (পূর্ব্বোক্তেন চিত্তস্ত পরিণামত্রমণ) ভূতেক্রিয়েষ্ (পঞ্চস্থলভূতেষ্ একাদশেক্রিয়েষ্ চ) ধর্মলক্ষণাবস্থা-পরিণামাঃ (ধর্মপরিণামঃ লক্ষণপরিণামঃ অবস্থাপরিণামন্চ) ব্যাখ্যাতাঃ (প্রদর্শিতাঃ)॥ ১৩॥

তাৎপর্যা। পূর্ব্বোক্ত চিত্তপরিণাম প্রদর্শন দ্বারা স্থূল পঞ্চভূত ও একাদশ ইক্রিয়ে ধর্মপরিণাম, লক্ষণপরিণাম ও অবস্থাপরিণাম দেখান হইয়াছে ॥ ১৩॥

ভাষ্য। এতেন পূর্বেবাক্তেন চিত্তপরিণামেন ধর্মালক্ষণাবস্থারপেণ, ভূতেন্দ্রিয়ের ধর্মপরিণামো লক্ষণপরিণামোহবস্থা-পরিণামশ্চাক্তো বেদিতব্যঃ। তত্র ব্যুত্থাননিরোধয়োর্ধর্মায়োরভিভবপ্রাছ্রভাবে ধর্মিণি ধর্মপরিণামঃ, লক্ষণপরিণামশ্চ নিরোধদ্রিলক্ষণদ্রিভিরধ্বভির্যুক্তঃ, স ধর্মনাগতলক্ষণমধ্বানং প্রথমং হিছা ধর্মাজমনতিক্রান্তো বর্ত্তমানং লক্ষণং প্রতিপর্মো বত্রাস্থ স্বরূপেণাভিব্যক্তিঃ, এযোহস্থ দিতীয়োহধ্বা, ন চাতীভানাগতাভ্যাং লক্ষণাভ্যাং বিযুক্তঃ। তথা ব্যুত্থানং ত্রিলক্ষণং ত্রিভিরধ্বভির্যুক্তঃ বর্ত্তমানং লক্ষণং হিছা ধর্মাত্বমনতিক্রান্তমতীভলক্ষণং প্রতিপর্মং, এযোহস্থ তৃতীয়োহধ্বা, নচানাগতবর্ত্তমানাভ্যাং লক্ষণাভ্যাং

বিযুক্তম্। এবং পুনর্ব্তথানমূপসম্পত্তমানমনাগতং লক্ষণং হিত্ব। ধর্মত্ব-মনতিক্রান্তং বর্ত্তমানং লক্ষণং প্রতিপন্নং, যত্রাস্থ স্বরূপেণাভিব্যক্তো সত্যাং ব্যাপারঃ, এষোহস্থ দিতীয়োহধ্বা, নচাতীতানাগতাভ্যাং বিযুক্তমিতি। এবং পুনর্নিরোধঃ এবং পুনর্তথানমিতি। তথাহবস্থা পরিণামঃ তত্র নিরোধক্ষণেযু নিরোধসংস্থারা বলবস্তো ভবস্তি চুর্ববলা ব্যুত্থানসংস্কারা ইতি, এষ ধর্ম্মাণামবস্থাপরিণামঃ। তত্র ধর্মিণো ধর্মৈঃ পরিণামঃ, ধর্ম্মাণাং লক্ষণৈঃ পরিণামঃ, লক্ষণানামপ্যবস্থাভিঃ পরিণাম ইতি। এবং ধর্মলক্ষণাবস্থা-পরিণামৈঃ শৃত্যং ন ক্ষণমপি গুণবৃত্ত-মবতিষ্ঠতে, চলঞ্চ গুণবৃত্তং, গুণস্বাভাব্যস্ত প্রবৃত্তিকারণমুক্তং গুণানা-মিতি। এতেন ভূতেন্দ্রিয়েয়ু ধর্ম্মধর্ম্মিভেদাৎ ত্রিবিধঃ পরিণামো বেদিতব্যঃ, পরমার্থতক্তেক এব পরিণামঃ, ধর্ম্মিস্বরূপমাত্রো হি ধর্মো ধর্ম্মিবিক্রিটেয়বৈষা ধর্মাদ্বারা প্রপঞ্চাতে ইতি। তত্র ধর্মাস্থ্য ধর্ম্মিনি বর্ত্তমানস্থৈবাধ্বস্বতীতানাগত-বর্ত্তমানেযু ভাবান্যথাত্বং ভবতি ন দ্রব্যান্তথাত্বং, যথা স্থবর্ণভাজনস্থ ভিত্বাহন্তথা ক্রিয়মাণস্থ ভাবান্তথাত্বং ভবতি ন স্থবর্ণান্তথাত্বমিতি। অপর আহ ধর্মানভ্যধিকো ধর্মী পূর্ববতত্বা-নতিক্রমাৎ, পূর্ববাপরাবস্থাভেদমমুপতিতঃ কোটস্থোন বিপরিবর্ত্তেত যছাষয়ীস্থাদ্ ইতি। অয়মদোষঃ, কম্মাদ্, একাস্তানভ্যুপগমাৎ, তদেতৎ ত্রৈলোক্যং ব্যক্তেরপৈতি, কম্মাৎ, নিত্যত্ব-প্রতিষেধাৎ। অপেতমপ্যস্তি বিনাশ-প্রতিষেধাৎ। সংসর্গাচ্চাস্ত সৌক্ষ্যাং, সৌক্ষ্যাচ্চামুপলব্ধি-• রিতি। লক্ষণপরিণামঃ ধর্ম্মোহধ্বস্থ বর্ত্তমানোহতীতোহতীতলক্ষণ-যুক্তোহনাগতবর্ত্তমানাভ্যাং লক্ষণাভ্যাম্ বিযুক্তঃ, তথাহনাগতোহ-নাগতলক্ষণযুক্তো বর্ত্তমানাতীতাভ্যাং লক্ষণাভ্যামবিষুক্তঃ, বর্ত্তমানো বর্ত্তমানলক্ষণযুক্তোহতীতানাগতাভ্যাং লক্ষণাভ্যামবিযুক্ত ইতি। যথা পুরুষ একস্থাং স্ত্রিয়াং রক্তো ন শেষাস্থ বিরক্তো ভব-তীতি। অত্র লক্ষণপরিণামে সর্ববস্থ সর্ববলক্ষণযোগাদধ্বসকরঃ প্রাপ্নোতীতি পরৈদ্যোষ্টোছত ইতি, তম্ম পরিহারঃ, ধর্মাণাং

ধর্মাত্বমপ্রসাধ্যং, সতি চ ধর্মাত্বে লক্ষণভেদোহপি বাচ্যঃ, ন বর্ত্তমান-সময় এবাস্থ ধর্মত্বং, এবং হি ন চিত্তং রাগধর্মকং স্থাৎ ক্রোধকালে त्रागचार्त्रम्पानातापिछ । किश्रः, ज्यानाः लक्ष्णानाः युग्रशाप्तकचाः वारको नास्त्रि मस्रवः क्रांत्रभ कु श्रवाक्षकाञ्चनश्च ভावा ভবেদিতি। উক্তঞ্চ "রূপাতিশয়া বৃত্যতিশয়াশ্চ পরম্পরেণ বিরুধ্যন্তে সামান্সানি-ত্বভিশয়ৈঃ সহ প্রবর্ত্তত্তে" তন্মাদসঙ্করঃ। যথা রাগস্থৈব কচিৎ সমুদা-চার ইতি ন ভদানীমন্মত্রাভাবঃ, কিন্তু কেবলং সামান্মেন সমন্বাগত ইত্যস্তি তদা তত্ৰ তস্থ ভাবঃ, তথা লক্ষণস্থেতি। ন ধৰ্ম্মী ত্ৰ্যধ্বা ধৰ্ম্মাস্ত ত্র্যধানঃ, তে লক্ষিতা অলক্ষিতাশ্চ তাস্তামবস্থাপ্রস্থোহস্থাপ্র প্রতিনির্দিশ্যন্তে অবস্থান্তরতো ন দ্রব্যান্তরতঃ, যথৈকা রেখা শতস্থানে শতং দশস্থানে দশ একঞ্চৈকস্থানে, যথা চৈকত্বেহপি স্ত্ৰী, মাতা চোচ্যতে ছুহিতা চ স্বসাচেতি। অবস্থাপরিণামে কোটস্থ্যপ্রসঙ্গদোষঃ কৈশ্চিত্নক্তঃ, কথম্, অধ্বনো ব্যাপারেণ ব্যবহিতত্বাৎ যদা ধর্ম্মঃ স্ব व्याभातः न करताि जनाश्नागराः, यना करताि जना वर्खमाराः, ষদ। কৃত্ব। নিবৃত্তন্তদাহতীতঃ ইত্যেবং ধর্মধর্মিণো র্লক্ষণানামবস্থানাঞ্চ কৌটস্থ্যং প্রাপ্নোতীতি পরে দোষ উচ্যতে, নাসো দোষঃ, কস্মাৎ, श्विभिन्ना एक श्विमानाः विमर्ग दिविक्ता । यथा मः स्थानमा निमन धर्म्ममाळः भकाषीनाः विनाश विनाशिनाः, এवः लिक्रमापिमप धर्ममाळः সত্বাদীনাং গুণানাং বিনাশ্যবিনাশিনাং, তম্মিন্ বিকারসংজ্ঞেতি। তত্ত্রদমুদাহরণং মৃদ্ধর্মী পিগুকারাদ্ধর্মাদ্ধর্মান্তরমুপসম্পভামানো • ধর্মতঃ পরিণমতে ঘটাকার ইতি, ঘটাকারোহনাগতং লক্ষণং হিত্বা বর্ত্তমানলক্ষণং প্রতিপভতে ইতি লক্ষণতঃ পরিণমতে, ঘটো নব-পুরাণতাং প্রতিক্ষণমন্তুত্বন্ধবস্থা-পরিণামং প্রতিপদ্যতে ধর্মিণোহপি ধর্মান্তরমবস্থা, ধর্মস্থাপি লক্ষণান্তরমবস্থেত্যেক এব দ্রব্যপরিণামো ভেদেনোপদর্শিত ইতি। এবং পদার্থ।স্তরেম্বপি যোজ্য-মিতি। এতে ধর্মলকণাবস্থাপরিণামা ধর্মিস্বরূপমনতিক্রাস্তা ইত্যেক-

এব পরিণামঃ সর্বানমূন্ বিশেষানভিপ্লবতে। অথ কোহয়ং পরিণামঃ, অবস্থিতস্থ দ্রবাস্থ পূর্বধর্ম্মনির্ত্তো ধর্মান্তরোৎপত্তিঃ পরিণামঃ ॥১৩॥

অমুবাদ। পূর্ব্বোক্ত ধর্ম, লক্ষণ ও অবস্থা এই তিনপ্রকার চিত্তপরিণাম দারা স্থুলভূত ও ইক্রিয়গণে ধর্মপ্রিণাম, লক্ষণপ্রিণাম ও অবস্থাপ্রিণাম উক্ত হইয়াছে বুঝিতে হইবে। ইহার মধ্যে, চিত্তরূপ-ধর্মীতে ব্যুখান ও নিরোধরূপ ধর্ম্মন্বয়ের যথাক্রমে অভিভব ও প্রাত্নভাবিকে ধর্ম্মপরিণাম বলে। লক্ষণপরিণাম যথা, নিরোধটা ত্রিলক্ষণ অর্থাৎ তিনটা অধ্ব (কাল) দারা যুক্ত (পরিচিত), দেই নিরোধ অনাগত (ভবিষ্যৎ) লক্ষণ প্রথমতঃ পরিত্যাগ করিয়া ধর্মত্বকে অতিক্রম না করিয়া বর্ত্তমানরূপ লক্ষণকে (কালকে) প্রাপ্ত হয়, যেখানে এই নিরোধের স্বরূপতঃ প্রকাশ পায়, এইটা ইহার দ্বিতীয় অধ্বা (অবস্থা, কাল), এই অবস্থায়ও অতীত ও ভবিন্তং লক্ষণ দারা বিযুক্ত হয় না। এইরূপ ব্যুত্থানও ত্রিলক্ষণ অর্থাৎ তিনটা অধ্ব (অবস্থা, কাল) যুক্ত হইয়া বর্ত্তমান লক্ষণ পরিত্যাগ করিয়া ধর্মত্বকে অতিক্রম না করিয়া অতীত অবস্থাকে প্রাপ্ত হয়, এইটা (অতীতটী) ইহার তৃতীয় পথ (অবস্থা), এই অবস্থায়ও অনাগত বর্ত্তমান লক্ষণ দারা বিযুক্ত হয় না। এই রূপে পুনর্ব্বার ব্যুত্থান বর্ত্তমানভাবে উপস্থিত হইয়া অনাগত অর্থাৎ ভবিষ্যুৎ অবস্থা পরিত্যাগ করিয়া ধর্মত্বকে অতিক্রম না করিয়া (নিজেই ধর্মারূপেই থাকিয়া) বর্ত্তমান অবস্থাকে প্রাপ্ত হয়, যেকালে ইহার স্বরূপতঃ প্রকাশ হইয়া ব্যাপার হয়, ( কার্য্য করিতে পারে ) এইটী ইহার দ্বিতীয় অবস্থা, এই অবস্থায়ও অতীত ও ু ভবিশ্বৎ অবস্থা বিযুক্ত হয় না ( স্ক্লভাবে থাকিয়া যায় ), এইরূপে পুনর্বার নিরোধ ও পুনর্কার বৃংখান উপস্থিত হয়। অবস্থাপরিণাম বলা যাইতেছে, সবল ছ্র্বল, নৃতন পুরাতন প্রভৃতি অবস্থাপরিণাম, নিরোধ কালে নিরোধ-সংস্কার সমস্ত বলবান্ হয়, তখন বাংখান সংস্কার সকল ছর্বল হইতে থাকে, ইহাই ধর্ম্মদায়ের অবস্থা পরিণাম। উক্ত পরিণামত্রয়ের মধ্যে ধর্ম্মবারা ধর্মীর, লক্ষণ দারা ধর্ম-সমুদায়ের এবং অবস্থা দারা লক্ষণ সকলের পরিণাম হয় ব্ঝিতে হইবে। এই ভাবে ধর্ম, লক্ষণ ও অবস্থা এই তিন প্রকার পরিণাম বিরহিত হইরা खात्रुख व्यर्थार अपूर्वर्ग क्रगकारणत अग्रुख व्यवसान करत ना, व्यर्थार क्वत

টিভিশক্তি পুরুষ ভিন্ন প্রকৃতি প্রভৃতি সমস্ত জড়জাতই কোনও না কোনও একটা রূপে পরিণত হইয়া থাকে। গুণের স্বভাবচঞ্চলতা অর্থাৎ পরিণাম-শীলতা, গুণের এই স্বভাবই তাহাদের প্রবৃত্তির (কার্য্যারম্ভের) কারণ (পুরুষার্থ অথবা ধর্মাধর্ম কেবল আবরণ অর্থাৎ প্রতিবন্ধক নিবৃত্তি করে)। প্রদর্শিত পরিণাম দারা ভূত ও ইন্দ্রিয় সকলে ধর্ম ও ধর্মী অপেকা করিয়া তিন প্রকার পরিণাম বলা হইয়াছে বৃদ্ধিতে হইবে। (ধর্মী হইতে ধর্মের ভেদ বিবক্ষা করিয়া এই ত্রিবিধ পরিণাম বলা হইল, অভেদ বিবক্ষা করিলে) বাস্তবিকরণে একটা মাত্র পরিণাম হয়, অর্থাৎ সমস্তই ধর্মীর বিক্রিয়া, ধর্ম সকল ধর্মীর স্বরূপ হইতে অতিরিক্ত নছে, বিশেষ এই, ধর্ম লক্ষণ ও অবস্থা (ধর্মশব্দে ধর্ম, লক্ষণ ও অবস্থা বুঝিতে হইবে) দারা ধর্মীরই বিক্রিয়া (পরিণাম) বিস্তারিত হয়, এজন্তই এইটী ধর্ম্ম-পরিণাম এইটী লক্ষণ-পরিণাম ইত্যাদি অসম্বীর্ণভাবে ব্যবহার হইয়া থাকে। ধর্মীতে অবস্থিত ধর্মের অতীত. অনাগত ও বর্ত্তমানকালে কেবল ভাবের (সংস্থানের, মূর্ত্তির) অন্তথা হয়, দ্রব্যের অক্তথা হয় না, একথণ্ড স্থবর্ণকে ভঙ্গ করিয়া অক্তর্নপে পরিণ্ড করিলে রুচকস্বস্তিক প্রভৃতি নানাবিধ অলম্বার রূপে তাহার পরিণাম হয়, স্থবৰ্ণ স্থবৰ্ণই থাকিয়া যায়, অন্তথাভাব হয় না। ধর্মদমূহ হইতে ধর্মী পুথক নহে. এইরূপে ধর্ম-ধর্মীর অত্যন্ত অভেদরূপ একান্ত বাদী (ভেদ বা অভেদ একপক্ষ বাদী ) বৌদ্ধ বলেন, ধর্মী ধর্ম্মেরই সমূহ, অর্থাৎ প্রতিক্ষণ যে নানারূপ धर्म इटेटलाइ, উटारे धर्मी, अञ्चलक धर्मी नामक क्लानं वस्त्र नाहे. यनि পূর্বাপর অবস্থা অনুগামী স্বতন্ত্র ধর্মী স্বীকার করা হয়, তবে ঐ ভাবে অতীতাদি স্থলেও ধর্মীর অমুগম সম্ভব হয়, তাহা হইলে চিতিশক্তি পুরুষের স্তাম কৃটস্থভাবেই পরিবর্ত্তিত হওয়া সম্ভব (সিদ্ধান্তে জড়বর্গপুরুষের স্তায় কৃটস্থ নিতা নহে, তথাপি পুরুষের স্থায় হইলে পাতঞ্জনমতেও অনিষ্টের আপাদন হয়, অতএব স্বীকার করিতে হইবে প্রতিক্ষণ জায়মান ধর্ম্মসমূহই ধর্মী, অতিরিক্ত কথনই নহে ), এই আশকায় উত্তর করিতেছেন, উক্ত দোষ হইবে না; কারণ পাতঞ্জলমতে একান্ত অভ্যুপগম অর্থাৎ ধর্ম্ম-ধর্মীর 'অত্যন্ত दं वा अठाख जाउन श्रीकाद नारे, कथिश एक ए कशिश जाउन ক্ষীকার আছে। এই ত্রৈলোক্য অর্থাৎ জডজগুৎ ব্যক্তি অর্থাৎ বর্ত্তমান অবস্থা

হইতে অপগত হয় (অতীত হয়), কেন না ইহার নিতাতা থণ্ডন করা হইয়াছে, অপগত হইয়াও (হল্পভাবে) থাকে, কেন না ইহার বিনাশ প্রতিষেধ হইয়াছে, অর্থাৎ বিনষ্ট হইলে কিছুই থাকে না এরপ বলা হয় নাই, ধর্ম বা কার্যারপে বিনষ্ট (তিরোহিত) হয়, ধর্মী বা কারণরপে অবস্থিত হয়। কার্য্য সকল সংসর্গ অর্থাৎ স্বকারণে লয়বশতঃ হল্ম বলিয়া ব্যবহৃত হয়. এই হল্মতাবশতঃই অনাবিভাবকালে উপলব্ধি হয় না।

লক্ষণ হইয়াছে পরিণাম যার তাদৃশ বর্ম (ঘটাদি) অধ্য অর্থাং কালত্রয়ে বর্তমান, তন্মধ্যে অতীতকালে অবস্থিত হইয়াও ভবিষ্যুৎ ও বর্ত্তমান লক্ষণ বিরহিত হয় না ( ঘটাদি অতীতকালে স্ক্লভাবে ভবিষ্যুৎ ও বর্ত্তমান থাকে ). এইরূপে অনাগত (ভবিশ্বৎ) লক্ষণযুক্ত হইয়া বর্ত্তমান ও অতীত লক্ষণ বিরহিত হয় না, এইরূপে বর্ত্তমান-লক্ষণবিশিষ্ট হইয়া অতীত ও অনাগত লক্ষণ বিরহিত হয় না; দৃষ্টাম্ব, যেমন কোনও একটা কামুক পুরুষ একটা স্ত্রীতে অমুরক্ত থাকে ব্ৰিয়া অন্ত স্ত্ৰীগণে তাঁহার অন্তরাগ থাকে না এরপ বলা যায় না, বিশেষ এই পূর্ব্বোক্ত স্ত্রীতে উক্ত কামুকের অমুরাগ বর্ত্তমান থাকে, ঐ কালে অঞ স্ত্রীতে সন্মভাবে অবস্থান করে। এই লক্ষণ পরিণামে কেহ কেহ (নৈয়ায়িক) আশক্ষা করেন, যদি বর্ত্তমান কালেও অতীত অনাগত থাকিয়া যায় তবে অধ্ব (कारलंद्र) मक्क ना रहेवांद्र कांद्रण कि ? ममकारलंहे वर्खमान, अञीज अ ভবিশ্বং কেন না হইবে ? ইহার উত্তর এই, ধর্ম সকলের ধর্মত অপ্রসাধ্য ष्पर्था९ शृद्धि वना इरेग्नाष्ट्र, नृञन कतिया माधन कतिए इरेटव ना, धर्माष मिक হইলে তাহাতে লক্ষণভেদও অবশ্র স্বীকার করিতে হইবে, কেবল বর্তমান সময়েই ইহার ধর্মত্ব এরপ নহে, তাহা হইলে চিত্ত ক্রোধকালে রাগ-ধর্মবিশিষ্ট ইইতে পারে না, কেননা, ক্রোধকালে রাগের আবির্ভাব নাই। আরও কথা এই, একটা বস্তুতে অতীতাদি লক্ষণত্রয়ের এককালে আবির্ভাব সম্ভব হয় না, আপন আপন অভিব্যঞ্জক সহকারে ক্রমশঃ আবির্ভাব হয় (ইহাতে অধ্বসকর অথবা অসহংপত্তি কোন দোষেরই সম্ভাবনা নাই)। এ বিষয়ে পঞ্চশিখাচার্য্য বলিয়াছেন, "আবির্ভুতরূপে রূপাতিশয় অর্থাৎ ধর্মাধর্মাদি আটটা ও স্থথাদিবৃত্তি ইহারা পরত্পর বিরোধী হয়, অর্থাৎ একটার আবির্ভাবকালে অপরটার আবি-র্ভাব (কলজননে আভিমুখ্য) হইতে পারে না, সামান্ত অর্থাৎ চিত্তক্পথর্মী সর্ব্বিই অফুগত হয়," অতএব সন্ধরের আশকা নাই। যেমন এক রাগেরই বিষরবিশেষে সমুদাচার (সম্যক্ আবির্ভাব) কালে বিষয়ন্তরে অভাব থাকে না, সে স্থলে কেবল সামান্ত অর্থাৎ চিত্তরূপ ধর্মীভেই স্ক্রভাবে অবস্থান করে। লক্ষণপরিণামস্থলেও এইরূপ জানিবে, অর্থাৎ কোথাও বা সমুদাচার কোথাও বা অতীত অনাগত ইত্যাদি। বিশেষ এই, ধর্মীর ধর্ম পরিণাম ও ধর্মের লক্ষণ পরিণাম হয়, ধর্মী অর্থাৎ মৃৎস্কর্বাদি ত্রাধ্বা অর্থাৎ অতীত, অনাগত ও বর্ত্তমান এই তিনভাবে হয় না, অতীতাদি অর ধর্ম্মেরই (ঘটাদিরই) হইয়া থাকে। ঘটাদি ধর্ম সকল লক্ষিত (বর্ত্তমান) ও অলক্ষিত (অতীত, অনাগত) রূপে সেই সেই অবস্থা (সবল হর্ত্বলভাব) প্রাপ্ত হইয়া ধর্ম, লক্ষণ ও অবস্থা বশতঃ আর একটীরূপে প্রতীয়মান হয়, দ্রব্যান্তররূপে হয় না অর্থাৎ মৃদ্ঘট ন্তন প্রাতন, অনাগত বর্ত্তমান হইতে পারে কিন্তু কথনই মৃদ্রূপ পরিত্যাগ করে না। যেমন একটী রেথা (১) শত স্থানে (১০০) শত হয়, দশ (১০) স্থানে দশ হয়, ও এক স্থানে (১) এক বলিয়া নির্দিষ্ট হয়, যেমন একই স্ত্রী পুল্রাপেক্ষা করিয়া মাতা, পিতাকে অপেক্ষা করিয়া হিছতা ও ল্রাতাকে অপেক্ষা করিয়া ভগিনী হয়।

ধর্ম, লক্ষণ ও অবস্থাপরিণামে কেহ কেহ (বৌদ্ধগণ) কৌটস্থা (সর্বাদা সভারপ নিত্যতা) আপত্তি দোষের উদ্ভাবন করিয়া থাকেন, কিরুপে ঐ দোষ হয় তাহা দেখান যাইতেছে, দধিরূপ ধর্মীর যে অনাগত অধ্বা তাহার ব্যাপার ছয়ের বর্ত্তমানতা, এই ব্যাপার ছারা ব্যবহিত বলিয়া দধি আপন ব্যাপার (শরীর পোষণাদি দধিকার্য্য) করিতে পারে না, এইকালে অনাগত বলা যায়, যথন আপন কার্য্য করে তথন বর্ত্তমান ও যথন স্বকার্য্য সম্পাদন করিয়া নির্ভ্ত হয় তথন অতীত বলা যায়, তবেই দেখা যাইতেছে দধি চিরকালই থাকে, কেবল অভিব্যক্ত ও অনভিব্যক্তরূপ পার্থক্য থাকায় কার্য্য করা ও না করা এই বৈচিত্র্য হয় মাত্র। এইরূপে ধর্ম্ম, ধর্ম্মা, লক্ষণ ও অবস্থা সকলেরই কোটস্থা (চিরস্থায়িতা) প্রসঙ্গ হয়, (ধর্মাদি চতুষ্টয়ের সর্বাদা সন্তা বা সর্বাদা অসত্তা কোনও পক্ষেই উৎপত্তি হয় না, সর্বাদা সন্তা স্বীকার করিলেই কোটস্থ্য প্রসঙ্গ হয়্ম। পৃড়ে, এইরূপ ভিয় পৃত্রবের কোটস্থোও কোন বিলেষ নাই), উক্ত আপত্তির উত্তর এই, উল্লিখিত দোষ হইতে পারে না, বেহেতু গুণীর (ধর্মীর)

রূপে বৈলক্ষণা হয়, (কেবল নিভাতা মাত্রই কোটস্থ্যের লক্ষণ নহে, কিন্তু ঐকাস্তিক নিত্যতাই কৌটস্থা, উহা কেবল চিতিশক্তি পুরুষেরই আছে, সম্বাদি-গুণত্রম নিত্য হইলেও তাহাদের ধর্ম্মের (কার্য্যের) আবির্ভাব তিরোভাব বশতঃ কৌটস্থ্য প্রদক্ষ হয় না )। যেমন বিনাশশীল আদিমৎ সংস্থান অর্থাৎ পৃথিব্যাদি পঞ্চমহাভূত, তদপেক্ষায় অবিনাশি শ্বতনাত্রাদির ধর্মমাত্র অর্থাং বিকার. এইরূপ লিক্ক অর্থাৎ মহত্তত্বও আদিমৎ ও বিনাশশীল, উহা অবিনাশি সন্তাদি গুণত্রয়ের ধর্মমাত্র অর্থাৎ বিকার, এই মহত্তর্খাদিরূপ ধর্ম্মেই বিকার অর্থাৎ পরিণাম সংজ্ঞা হয়। উক্ত বিষয়ে উদাহরণ এইরূপ মৃত্তিকারূপ ধর্ম্মী পিণ্ডাকার ধর্ম্ম হইতে ঘটরূপ ধর্মান্তর পরিগ্রহ করিয়া ধর্মপরিণাম লাভ করে, অর্থাৎ মুৎপিণ্ডের ধর্মপরিণাম মূদ্রট। ঘটরূপ ধর্ম অনাগত লক্ষণ পরিত্যাগ করিয়া বর্ত্তমান লক্ষণ প্রাপ্ত হয়, এইটা লক্ষণপরিণাম। ঐ ঘট নৃতন ও পুরাতন ভাব পরিগ্রহ করিয়া প্রতিক্ষণেই অবস্থাপরিণাম প্রাপ্ত হইতেছে। কোনও একটা ধর্মীর এক ধর্ম হইতে অন্ত ধর্ম পরিগ্রহ করাকে অবস্থা বলা যাইতে পারে; এইরূপ ধর্ম্মেরও এক লক্ষণ হইতে অন্ত লক্ষণ পাওয়াকে অবস্থা বলা যায়, অতএব একটী (অবস্থা) দ্রব্য-পরিণামকেই ভেদ করিয়া (গোবলীবর্দ্ধন্তায়ে সামান্ত বিশেষ-ভাবে ) ধর্ম, লক্ষণ ও অবস্থারূপে নির্দেশ করা হইরাছে। অক্তান্ত পদার্থস্থলেও এইরূপ যোজনা করিতে হইবে। ধর্ম, লক্ষণ ও অবস্থা এই ত্রিবিধ পরিণামের একটাও ধর্ম্মীর স্বরূপ অতিক্রম করে না. অর্থাৎ সকলেই ধর্মীতে অফুগত থাকে. অতএব ধর্মার মন্ত্রেদবশতঃ তিনটাকেই কেবল ধর্মপরিণাম বলা যাইতে পারে।

প্রশ্ন,—পরিণাম কাহাকে বলে ? উত্তর, অবস্থিত অর্থাৎ কোনওরূপে স্থির পঁনার্থের পূর্ব্বধর্ম (ধর্ম লক্ষণ অবস্থা যাহা কিছু) বিনিত্তত হইয়া ধর্মান্তর উৎপত্তি ইইলে তাহাকে পরিণাম বলে॥ ১৩॥

মন্তব্য। একখণ্ড স্থবর্ণকে পিটিয়া বলয়রূপে পরিণত করা যায়, ঐ বলয়কে পিটিয়া কুগুল করা যায়, এইরূপে অসংখ্যরূপে পরিণাম হইতে পারে। স্থবর্ণরূপ ধর্মীর বলয় কুগুল প্রভৃতি ধর্মপরিণাম। স্থাকারের ব্যাপারের পূর্বে বলয় ছিল না, বলয়ের তথন অনাগত (ভবিয়ও) ভাব, স্থাকার ডায়মলকাটা বলয় প্রস্তুত্বির, রং মিশাইল, বলয়ের তথন বড়ই সৌভাগা, বৎসরকাল গৃহিণীর হস্ত

উজ্জ্বল করিল, কিন্তু কিছুকান পরে আর সে শোভা নাই, তথন গৃহিণীর পছন্দ रुरेन ना, ভानिया कुछन करा रुरेन। यठकान गृहिनीत रुख हिन खेंगे बनायत नेमुना চার অর্থাৎ বর্ত্তমান ভাব। কুগুল হইলে তথন বলয় অতীত হইয়াছে, বলয় স্মার দেখা যায় না। এটা বলয়রূপ ধর্ম্মের স্পনাগত, বর্তমান ও স্মতীতরূপ লক্ষণ পরিণাম। বর্ত্তমানটীও নৃতন (উজ্জ্বল অবস্থার) ও পুরাতন (মলিন অবস্থার) ভাব অবলম্বন করে ইহাকেই অবস্থা পরিণাম বলে। বস্তমাত্রেরই উক্ত নৃতন পুরাতন ভাব চেষ্টা ব্যক্তিরেকেই হইয়া থাকে, চেষ্টা দারাও কেহ উহা নিবারণ করিতে পারে না। আপনার অথবা বিকারের দ্বারা অবস্থা পরি-ণাম হয়, যাহার বিকার নাই সেই কৃটস্থ নিতা পুরুষের অবস্থা পরিণাম নাই, ন্তন পুরাতন ভাব নৃতন কাল অপেকা করিয়াই গৃহীত হইয়া থাকে, গুণত্রয় নিত্য হইলেও উহার পরিণাম আছে, দদুশ পরিণাম হইতে বিদদুশ পরিণাম (মহদাদি) প্রাপ্তি কালকে এবং বিসদৃশ পরিণাম হইতে সদৃশ পরিণামপ্রাপ্তি (প্রলয়ের প্রথম ক্ষণ) কালকে নৃতন বলিয়া গ্রহণ করিয়া উহাকে অপেকা कतिया পুরাতন বলিয়া নির্দেশ করা ঘাইতে পারে। পুরুষ চিরকালই দমান, তাহার নতন ভাব গৃহীত হইতে পারে না। এই নিমিত্ত পুরুষকে কুটম্থনিত্য ও ঞ্চণত্রযুকে পরিণামনিতা বলা যার।

পূর্ব্ব পূর্ব্ব পূর্ব পর সকলে নাম করিয়া তিন প্রকার পরিণাম বলা না হইলেও বস্তুতঃ তাহাদের স্বরূপ প্রদর্শিত হইয়াছে। ধর্ম্মীর অবস্থাসত্তে পূর্ব্ব ধর্ম্ম তিরোধান পূর্বক ধর্মান্তরের আবির্ভাবকে ধর্মপরিণাম বলে। নিরোধ-পরিণামস্ত্রে ধর্মপরিণাম বলা হইয়াছে, ব্যুখান ও নিরোধ উভয়ই চিত্তের ধর্ম, চিত্তরূপ ধর্মীর অবস্থিতি সত্ত্বে উক্ত উভয়বিধ ধর্মের আবির্ভাব ও তিরোভাবকে চিত্তরূপ ধর্মীর ধর্মপরিণাম বলে, নিরোধ পরিণামস্ত্রে লক্ষণ পরিণামও বলা হইয়াছে, লক্ষণশব্দে কালভেদ ব্যায়, একটা স্ক্র কাল ক্ষণাদি দারা তৎকালীন বস্তুকে আর একটা স্ক্রকালীন বস্তু হইতে পূথক্ করা বাইতে পারে।

পুর্বে স্বর্ণবলর ও কুওল দৃষ্টান্ত হারা অচেতনের পরিণাম দেখান হইয়াছে, সচেতনের পরিণামও ঐরপ ব্ঝিতে হইবে, পৃথিবাদি পঞ্চত্তর্গ ধর্মীর গ্রাদি ধর্মপরিণাম, গ্রাদি ধর্মের অনাগত, বর্তমান ও অতীত্রপ লক্ষণপরিণাম, বর্ত্তমান গবাদির বাল্য, কৌমার ও বার্দ্ধক্য প্রভৃতি অবস্থা-পরিণাম। এইরূপে ইক্রিয়গণেরও পরিণাম বৃঝিতে হইবে, ইক্রিয়রূপ ধর্মীর নীলপীতাদি বিষয়ে আলোচন ধর্মপরিণাম, আলোচনরূপ ধর্মের বর্ত্তমানতা প্রভৃতি লক্ষণপরিণাম, ঐ লক্ষণের ফুট অফুটভাব অবস্থাপরিণাম।

নৈয়ায়িকের আশস্কার অভিপার এইরপ, লক্ষণত্রয় ক্রমশঃ হয় ইহাও
বলা যায় না, তাহা হইলে অসংকার্য্যের উৎপত্তি স্বীকার করিতে হয়, তাহা
সাংখ্য পাতঞ্জলের সিদ্ধান্তবিক্ষন। স্কতএব স্বীকার করিতে হইবে কেবল
একটা মাত্র বর্ত্তমানই অবস্থা, অনাগত বা অতীত শব্দে তত্তৎ লক্ষণবিশিষ্ট বস্তু
ব্রায় না, কিন্তু অনাগত শব্দে প্রাগভাবপ্রতিযোগী ও অতীত শব্দে ধ্বংসপ্রতিযোগী ব্রুবায়।

পূর্ব্বে বলা হই রাছে চিত্তের একটা স্থাদি বৃত্তিকালে অন্তবিধ বৃত্তি হঃখাদি হয় না, সম্প্রতি "ঘথা রাগস্থৈব সমুদাচার ইতি" ইত্যাদি হলে বলা যাইতেছে, চিত্তের একবিধ বৃত্তিই (রাগই) এক বিষয়ে আবির্ভাবকালে বিষয়ান্তরে আবির্ভূত হয় না।

ধর্ম ও ধর্মীর ভেদাভেদ সম্বন্ধ সহজেই ব্ঝা যাইতে পারে। অত্যন্ত ভেদ থাকিলে ধর্মধর্মিভাব হয় না, গো ও অখের তাদৃশ সম্বন্ধ নাই। অত্যন্ত অভেদ হইলেও হয় না, একটা অখ স্বয়ং নিজের ধর্ম হয় না। অতএব স্বীকার করিতে হইবে ধর্মধর্মীর কথঞিং ভেদ ও কথঞিং অভেদ আছে, ইহাকেই ভেদসহিষ্ণু অভেদ বলা হইয়া থাকে॥ ১৩॥

ভাষ্য। তত্ৰ।

সূত্র। শাস্তোদিতা-ব্যপদেশ্য-ধর্মাকুপাতী ধর্মী॥ ১৪॥

ব্যাখ্যা। শান্তেত্যাদি। (শান্তা অতীতাঃ, উদিতা বর্ত্তমানাঃ, অব্যপদেশ্রা অনাগতাঃ (ভবিয়ন্তঃ) যে ধর্মা ঘটাদিবিকারান্তানমুপতিতুং অমুগত্তং শীলং যশু সঃ,) ধর্মী (ধর্মো বিশ্বতে যশু সঃ মৃৎস্থবর্ণাদিরিত্যর্থঃ)॥ ১৪॥

তাংপর্য। অনাগত, বর্ত্তমান ও অতীত ধর্মসকলে বে অনুগত হয়, তাহাকে ধর্মী বলে। কৃচকবন্তিক প্রভৃতি ধর্মে স্বর্ণ অনুগত হইরা থাকে ॥১৪॥ ভাষ্য। যোগ্যভাবচিছয়া ধর্মিণঃ শক্তিরেব ধর্মঃ, স চ ফলপ্রসব-ভেদাসুমিতসন্তাব একস্থাহযোগ্যশ্চ পরিদৃষ্টঃ। তত্র বর্ত্তমানঃ স্বব্যাপারমসুভবন্ ধর্মো ধর্মাস্তরেভ্যঃ শাস্তেভ্যশ্চাব্যপদেশ্রেভ্যশ্চ ভিছতে, যদা তু সামান্তেন সমন্বাগতো ভবতি তদা ধর্মিস্বরূপমাত্র-ঘাৎ কোহসৌ কেন ভিছেত্ব। তত্র ক্রয়ঃ খলু ধর্মিণো ধর্মাঃ শাস্তা উদিতা অব্যপদেশ্যাশ্চেতি, তত্র শাস্তা যে কৃষা ব্যাপারাসুপরতাঃ, সব্যাপারা উদিতাঃ, তে চানাগতস্থ লক্ষণস্থ সমনস্তরাঃ, বর্ত্তমানস্থানম্ভরা অতীতাঃ। কিমর্থমতীতস্থানম্ভরা ন ভবন্তি বর্ত্তমানাঃ, পূর্বব্র্ণশিচমতায়া অভাবাৎ, যথাহনাগতবর্ত্তমানয়েঃ পূর্ব্বপশ্চিমতা নৈব্রন্তান্তম্ভা, তত্মান্নাতীতস্থান্তি সমনস্তরঃ, তদনাগত এব সমনস্তরে। ভবতি বর্ত্তমানস্থেতি।

অথাব্যপদেশ্যাঃ কে ? সর্ববং সর্বাত্মকমিতি। যত্রোক্তং "জল-ভূম্যোঃ পারিণামিকং রসাদি বৈশ্বরূপ্যং স্থাব্রেষ্ দৃষ্টং তথা স্থাবরাণাং জঙ্গমেষ্ জঙ্গমানাং স্থাব্রেষ্ ইতি, এবং জাত্যমুচ্ছেদেন সর্ববং সর্বাত্মকমিতি। দেশকালাকারনিমিত্তাপবদ্ধান্নথলু সমানকালমাত্মনা-মিতিব্যক্তিরিতি। য এতেম্বভিব্যক্তানভিব্যক্তেষ্ ধর্মেম্পুপাতী সামাশ্য-বিশেষাত্মা সোহষ্মী ধর্ম্মী। যস্ত তু ধর্মমাত্রমেবেদং নিরম্বয়ং তস্ত ভোগাভাবঃ, কন্মাৎ, অন্যেন বিজ্ঞানেন কৃতস্থ কর্ম্মণোহন্তৎ কথং ভোক্ত্বেনাধিক্রিয়েত; তৎ-স্মৃত্যভাবশ্চ, নান্যদৃষ্টস্থ স্মরণমন্যস্থা-স্তীতি। বস্তু-প্রত্যভিজ্ঞানাচ্চ স্থিতোহয়্মী ধর্ম্মী যো ধর্ম্মান্তথাত্ম-ভ্যুপগতঃ প্রত্যভিজ্ঞারতে। তন্মান্নেদং ধর্মমাত্রং নিরম্বয়ং ইতি॥ ১৪॥

অন্থবাদ। মৃত্তিকা প্রভৃতি দ্রব্যরূপ ধর্মীর চুর্ণ পিগু ঘটাদি জননশক্তিকে ধর্ম বলে, ঐ শক্তি জলাহরণাদি যোগ্যতা বিশিষ্ট হয়, (নতুবা ঘটাদি কার্যাঘারা জলাহরণাদি সম্ভব হয় না, কারণে অব্যক্তভাবে কার্য্যের অবস্থানকেই কারণগত শক্তি নলে)। অথবা ভাষ্যটুকু দারা ধর্মী ও ধর্ম উভয়েরই কথা বলা ইইডেছে, ধর্মী সকল যোগ্যতাবিছিল, অর্থাৎ ফলজনন যোগ্যতা বিশিষ্ট হয়,

এবং শক্তিকেই ( যোগ্যতাকেই ) ধর্ম বলা যায়। এই শক্তিরূপ ধর্ম ফল প্রসব ভেদ্বারা অনুমিত হয়, মৃত্তিকাতেই ঘট জন্মে, তন্তুতেই পট জন্মে ইত্যাদি কার্য্য-কারণ-ভাব নিয়মের দারা বুঝিতে হইবে কার্য্যামুকুল একটা শক্তি কারণে আছে. এই শক্তি অব্যক্তরূপে কারণে কার্য্যেরই অবস্থান মাত্র। এই ধর্ম বিভিন্ন বিভিন্নরূপে এক এক ধর্মীর হয়, য়েমন একই মৃত্তিকারূপ ধর্মীর চূর্ণ পিণ্ড ঘটাদি नाना धर्म इम्र । धर्मज्दम् मत्था वर्जमान धर्म जाशन व्याशांत्र (जनार्वाम ) সম্পাদন করে স্মৃতরাং উহা অতীত ও অনাগত ধর্ম হইতে পুথক (অতীত ष्मनागठ घटेवाता जलाहत्र इम्र ना )। किन्छ यनि धेक्र राज्यानानि वित्नव বিশেষ ধর্ম্মের বিরক্ষা না করিয়া কেবল দামান্ত মৃত্তিকামাত্রকেই বলা হয়. তবে ধর্ম-সমুদায় ধর্মীর স্বরূপ হয় বলিয়া কোনটীই কোনটা হইতে পুথক হয় না, অতাতই হউক, বর্ত্তমানই হউক অংবা ভবিশ্বৎই হউক, ঘটমাত্রই মুগার, মুগারত্বরূপে অতীতাদির কোনও ভেদ নাই। ধর্মীর ধর্ম তিন প্রকার, শান্ত (অতীত), উদিত (বর্ত্তমান) ও অব্যপদেশ অর্থাৎ ভবিশ্বং। স্বকীয় জনাহরণাদি ব্যাপার সম্পন্ন করিয়া যে তিরোহিত হয়, তাহাকে শান্ত বলে; উক্ত ব্যাপার কালে বর্ত্তমান বলে, এই বর্ত্তমান ধর্ম অনাগতলক্ষণের (ভবিয়াৎ ধর্ম্মের) সমনস্তর অর্থাৎ পশ্চাদ্রাবী হইয়া থাকে, বর্ত্তমানের পশ্চাদ্রাবী অহীত হইয়া থাকে। প্রশ্ন, অতীতের অনম্ভর বর্তমান কেন হয় না ? উত্তর, পূর্ব-পশ্চিমভাব নাই, যেমন ভবিশ্বৎ ও বর্ত্তমান এই উভয়ের পূর্ব্বপশ্চিম ভাব আছে, সেরূপ অতীতের নাই. অতএব অতীতের পশ্চাম্ভাবী কেহই নাই, এই জন্ম অনাগতই (ভবিশ্বৎই) বর্ত্তমানের সমনন্তর (পূর্বভাবিরূপে) হইয়া থাকে।

সম্প্রতি অব্যাপদেশ্য অর্থাৎ ভবিশ্বৎ কি তাহা বলা যাইতেছে, সমস্তবস্তই সর্ববায়ক, অর্থাৎ সর্বজনন শক্তি বিশিষ্ট হয়, এ বিষয়ে উক্ত আছে "জল ও ভূমির পরিণাম বশতঃ বৃক্ষনতাদি স্থাবর বস্ততে রসাদির বৈচিত্র্য দৃষ্ট হয়, এইরূপ স্থাবরের অংশদারা জঙ্গমের (যাহাদের গতি-শক্তি আছে) ও জঙ্গমের অংশদারা স্থাবরের পোষণ পরিলক্ষিত হইয়া থাকে"। এইরূপে জলম্ব ভূমিস্থ জাতির উচ্ছেদ না করিয়া সকল বস্তুই সকল রূপ হয়, অর্থাৎ ভূমির জঙ্গাক্ষণ করিয়া বৃক্ষাদি বৃদ্ধিত হয়, এ জলভাগ (জলীয় পরমাণু) বিনষ্ট

रम् ना, উহা ভূমিতে ना थाकिया तुक्कामिए थारक এই মাত বিশেষ। সকল বস্তু সকলাত্মক হইলেও দেশ, কাল, আকার (মৃত্তি) ও নিমিত্ত অর্থাৎ ধর্মা-ধর্মের অভাব বশতঃ সর্বব্য সর্বদা সকল বস্তুর উৎপত্তি হয় না। অভিবাক্ত ও অনভিবাক্ত উক্ত ধর্ম সকলে যে সামান্ত বিশেষ অর্থাৎ ধর্মি-ধর্মাত্মক পদার্থ অনুগত হয় তাহাকে ধর্মী বলা যায়। যে বৌদ্ধের মতে ধর্মী নাই কেবল প্রতিক্ষণ জারমান ও গীরমান ধর্মমাত্রই (বিজ্ঞানই) অনহগত রূপে থাকে, তন্মতে ভোগের সম্ভব হয় লা, কেননা, অন্ত বিজ্ঞান (বৌদ্ধমতে আছা) ক্লত স্থক্কত হৃদ্ধতের ফল অপর আত্মায় কথনই ভোগ করিতে পারে না, কর্ম্মকারী আত্মা ভোগকালে থাকে না। উক্তমতে স্থতিরও সম্ভব নাই, অপর দারা অমুভূত পদার্থের শ্বরণ অপরে করিতে পারে না। "দেই এই ঘট" ইত্যাদি বস্ত্র প্রত্যভিজ্ঞান বশতঃও স্থির অমুগত ধর্মীর দিদ্ধি হয়, এই ধর্মী (মুৎ প্রভৃতি) ধর্মের অর্থাৎ পিণ্ড-ঘটাদির অগ্রথা সম্বেও প্রত্যাভিজ্ঞাত हहेबा शांक, व्यथार शिख विनष्टे हब, यह उर्रे अर्भन्न हब, यह विनष्टे हब थख (চাঁড়া) হয়, কিন্তু পিণ্ডমৃত্তিকা, ঘটমৃত্তিকা ইত্যাদি প্রত্যতিজ্ঞানের বাধা হয় না, অতএব স্বীকার করিতে হইবে, কেবল অনমূগত ধর্মমাত্রই (ক্ষণিক বিজ্ঞানই ) সকল নহে, স্থির অমুগত ধর্মীও আছে। ধর্ম সকল নিরম্বয় নহে, ধৰ্মী দারা অমুগত॥ ১৪॥

মস্তব্য। জলসিঞ্চন ও ভূমির উর্ক্তরাশক্তি বশতঃ বৃক্ষাদি সতেজ হইরা থাকে। বৃক্ষাদি স্থাবর পদার্থের পরিণাম বশতঃ মহন্যাদি জক্ষম সকলের বৃদ্ধি হর, অরপানাদি ভক্ষণ করিরাই মানব প্রভৃতি প্রাণিগণ জীবিত ও বর্দ্ধিত হইরা থাকে। এইরূপ জক্ষম প্রাণিগণের শারীরভাগ দারা স্থাবরের বৃদ্ধি ক্ষিত হয়, ইহা দেখা যায় মৃল প্রদেশে ক্ষধির সেক করিলে দাড়িম্ব ফল তাল কলের স্থার বৃহৎ হয়।

দেশকালাদির দৃষ্টাস্ত যথা, কাশ্মীর দেশেই কুন্ধ (জাফ্রান্) জন্মে, দেশাস্তরে ঐ বীজ বপন করিলেও হয় না। গ্রীমকালে বর্বা না হওয়ায় ধান্তাদির সমূল্যম হন্ধ না। পশুর গর্ভে মহন্য জন্মে না। প্ণ্যরূপ নিমিন্ত না থাকিলে স্থের উপভোগ হ্র না ইত্যাদি।

্ৰানামণিক পরীক্ষার যেমন কোন্ বস্তুতে কোন্ ভাগ আছে তাহা পৃথক্-

রূপে দেখা যার, তদ্রুপ দৃশ্রদান জড় জগতের ৰহিঃ স্থুনভাগ বিভক্ত করিয়া উহার অস্তর্নিবিষ্ট মূল দ্রব্যের অন্ধুননান বিশেষরূপে করিলেই জানা যায় সকল বস্তুই সর্বাত্মক, কেবল সহকারী বস্তুর মিলন বশতঃই সেই সেই আকার ধারণ করে। এইভাবে তন্ধ তন্ধ করিয়া বিচার করিলে জড় জগতে অভিমান থাকে না, তথন স্থুরুমা হর্ম্মা ও সামান্ত মৃত্তিকা স্তুপে, বৃত্ত্মূল্য মণি মুক্তা ও প্রস্তুর্বওও কিছুমাত্র বিশেষ দেখায় না, উভয়েরই উপাদান এক, মূল্য কেবল নিজের চিত্ত ঘারাই গঠিত হয়। এইভাবে পরিশেষে জীবের রুথা অভিমান অনায়াদেই বিদ্বিত হইতে পারে॥ ১৪॥

#### সূত্র। ক্রমান্তত্বং পরিণ।মান্তত্বে হেতুঃ॥ ১৫॥

ব্যাখ্যা। ক্রমাশ্রত্বং (ক্রমস্থ মৃচ্চ্র্পম্ংপিগুদিপৌর্বাপর্যান্থ, যদস্তব্বং ভেদঃ তদেব) পরিণামাশ্রত্বে (বিকারনানাত্বে) হেতৃঃ (প্রযোজকঃ ভবতীতি শেষঃ)॥ ১৫॥

তাৎপর্যা। চূর্ণ পিণ্ড ঘটাদি বিকার সকলের পৌর্বাপর্য্যরূপ ক্রমের নানাত্ব বশতঃ পরিণামের নানাত্ব হইয়া থাকে। এই নিমিত্তই একটা ধর্মীর একবিধ পরিণাম না হইয়া নানা পরিণাম হইয়া থাকে॥ ১৫॥

ভাষ্য। একস্থ ধর্মিণঃ এক এব পরিণাম ইতি প্রসত্তে ক্রমান্তবং পরিণামান্তবে হেতুর্ভবতীতি, তদ্যথা চূর্ণমৃদ্, পিগুমৃদ্, ঘটমৃদ্, কপালমৃদ্, কণমৃদ্, ইতি চ ক্রমঃ। যো যত্ত ধর্মাত্ত সমনস্তরো ধর্মঃ স তত্ত ক্রমঃ, পিগুঃ প্রচ্যবতে ঘট উপজায়ত ইতি ধর্মপরিণামক্রমঃ। লক্ষণপরিণামক্রমঃ ঘটস্থানাগতভাবাদ্বর্তমানভাবক্রমঃ, তথা পিগুস্থ বর্ত্তমানভাবাদতীতভাবক্রমঃ, নাতীতস্থান্তি ক্রমঃ, কস্মাৎ, পূর্ববপরতায়ঃ সত্যাং সমনস্তরহং, সা তু নাস্ত্যতীতস্ত্র, তত্মাদ্যোরেব লক্ষণয়োং ক্রমঃ। তথাবস্থাপরিণামক্রমোহপি ঘটস্থাভিনবস্থ প্রান্তে পুরাণতা দৃশ্যতে, সা চ ক্ষণপরস্পরাহমুপাতিনা ক্রমেণাভিব্যক্র্যমানা পরাং ব্যক্তিমাপন্তক ইতি, ধর্ম্মলক্ষণাভ্যাং চ বিশিষ্টোহয়ং তৃতীয়ঃ পরিণাম ইতি। ত এতে ক্রমাঃ, ধর্মধর্মিভেদে সতি প্রতিলক্ষ্মন্ত্রপাঃ

ধর্মোহিপি ধর্মীভবত্যস্তধর্মস্বরূপাপেক্ষয়েতি, যদা তু পরমার্থতো ধর্মিণ্যভেদোপচারস্তদারেণ স এবাভিধীয়তে ধর্মস্তদাহয়মেকস্থেনিব ক্রমঃ প্রত্যবভাসতে। চিত্তস্ত হয়ে ধর্মাঃ পরিদৃষ্টাশ্চাপরিদৃষ্টাশ্চ, তত্র প্রত্যয়াত্মকাঃ পরিদৃষ্টাঃ, বস্তমাত্রাত্মকা অপরিদৃষ্টাঃ, তে চ সপ্রৈব ভবন্তি অনুমানেদ প্রাপিতবস্তমাত্রসন্তাবাঃ, "নিরোধধর্ম-সংস্কারাঃ পরিণামোহথ জীবনমূর্ট চেন্টাশক্তিশ্চ চিত্তস্ত ধর্মাদর্শন-বর্জিভাঃ" ইতি॥ ১৫॥

অমুবাদ। একটা ধর্মীর (মুদাদির) একটাই পরিণাম (ঘটাদি) হউক এইরূপ আপত্তির উত্তর ক্রমভেদ পরিণাম ভেদের প্রযোজক, যেমন মৃচ্চূর্ণ, মুৎপিণ্ড, মূল্বট (ইত্যাদি উৎপত্তিক্রম), এইরূপ মুংকপান, মুংকণ (ইত্যাদি বিনাশক্রম), যে ধর্ম্মের অনস্তর যে ধর্ম্ম উৎপন্ন হয় সেইটা তাহার ক্রম অর্থাৎ পৌর্ব্বাপর্য্য, যেমন মুৎপিণ্ড বিনষ্ট (তিরোহিত) হইয়া ঘট উৎপন্ন হয়, সামান্ত মুদ সর্ব্বত্রই অনুগত থাকে এইটা ধর্মপরিণামক্রম। লক্ষণ পরিণামক্রম এই, ঘট ভবিশ্বৎ দশা হইতে বর্ত্তমান দশায় উপনীত হয়, এবং মুংপিণ্ডের বর্ত্তমান দশা হইতে অতীত দশার উপনীত হয়। অতীতের ক্রম অর্থাৎ অনন্তরভাবী নাই, কেননা, পূর্বপর অবস্থা থাকিলেই সমনম্ভরক্ষপ ক্রম সম্ভব হয়, তাহা অতীতের নাই। অতএব অনাগত ও বর্ত্তমান এই উভন্ন লক্ষণেরই ক্রম (পশ্চাম্ভাবী সমনন্তর) আছে। অবস্থাপরিণাম কি তাহা বলা যাইতেছে. অভিনব একটা ष्ठे উৎপদ रहेल कानविनास छारा भूताजन रहेमा याम, अन नमाम धेन्नभ পরিবর্ত্তন পরিদক্ষিত না হইলেও ক্ষণপরম্পরা বিলম্বে ক্রমে অভিব্যক্ত হয়, অর্থাও দীর্ঘকাল বিলম্বে ঐ পুরাতন ভাব সম্যক্ অমুভূত ইইতে পারে। এই অবস্থাপরিণাম ধর্ম ও লক্ষণপরিণাম হইতে অতিরিক্ত, প্রেতিক্ষণ ধর্ম বা नक्रगंभित्राम इस ना, किन्न व्यवसाभित्राम मर्काहे इहेना थाटक )। धर्म ७ 🌉 ধর্মীর ভেদ বিবকা করিয়াই উক্ত ক্রমত্রয় সম্ভব হয়। ধর্মপ্ত (কেবল ধর্মী বলিয়া কথা নাই) ধর্দ্মান্তর অপেকা করিয়া ধর্মী হইতে পারে, (তন্মাত্রকে অপেকা क्त्रित्रा मुख्कात्क धर्म तला यात्र, এবং ঐ मृखिका घटामिर्टक अरशका कतित्रा ্বিদ্রশ্নী হয়)। যদি প্রমার্থভাবে কেবল ধ্র্মীরই বিবক্ষা করা যায় অর্থাৎ ধর্ম ধর্মীর

অভেদ প্রতিপাদন করা যায় তবে কেবল একটাই (ধর্ম্মীই) পরিণাম হয়. কেননা অভেদ উপচার বশতঃ ঐ ধর্মীতেই ধর্ম, লক্ষণ ও অবস্থা সকলের অন্তর্ভাব হয়। চিত্তের ধর্ম ছই প্রকার, একটা পরিদৃষ্ট অর্থাৎ প্রত্যক্ষ, অপরটা অপরিদৃষ্ট অর্থাৎ পরোক্ষ। প্রমাণাদি বৃত্তি ও কামাদিকে পরিদৃষ্ট বলে। (ইহাদের প্রতিবিম্ব চিৎশক্তিতে প্ড়ে বলিয়া পরিদৃষ্ট অর্থাৎ প্রত্যক্ষ বলে)। বস্তুমাত্র অর্থাৎ বাহার প্রতিবিশ্ব পুরুষে পতিত হয় না, পরমাণু প্রভৃতির ন্যায় তাদৃশ বস্তুকে অপরিদৃষ্ট বলা যায়। এই অধরিদৃষ্ট চিত্তধর্ম সপ্ত প্রকার, অনুমান ও আগম প্রমাণ দারা উহাদের সত্তা গৃহীত হয়, সেই সাতটা এই,। ১। নিরোধ অর্থাৎ অসম্প্রজ্ঞাত যোগ, যাহাতে কোনওরূপ বুত্তির উদয় হয় না, ইহা যোগ-শান্ত্রপ আগম প্রমাণ দারা জ্ঞাত হয়, সংস্কার-শেষ অবস্থা আগম ও অনুমান উভয় দারা গৃহীত হয়। ২। ধর্ম, এই ধর্মাশনে পুণা ও পাপ উভয়ই বুঝিতে হইবে, কোনও স্থানে "কৰ্ম্ম" এইরূপ পাঠ থাকে, সে পক্ষেও কর্ম্মশন্দে তজ্জনিত পাপপুণ্য উভয় বুঝিতে হইবে, উক্ত উভয়ই শাস্ত্র ও স্থধহ:থোপভোগরূপ হেতু দ্বারা অনুমান এই উভয় প্রমাণ দ্বারা জ্ঞাত হয়। ৩। সংস্কার, ইহা স্মৃতিরূপ হেতু দারা অন্থমিত হয়। ৪। পরিণাম, গুণমাত্রই প্রতিক্ষণপরিণামী, চিত্তও ত্রিগুণাত্মক, অতএব সর্ম্বদাই তাহাতে পরিণাম হয়। ৫। জীবন, অর্থাৎ প্রাণ-ধারণ ব্যাপারবিশেষ, ইহা খাদ ও প্রখাদ দারা অনুমিত হয়। ৬। চেষ্টা, অর্থাৎ ক্রিয়া, চিত্তের এই ক্রিয়া, শরীরেক্রিয়ের সহিত সংযোগ দারা অনুমিত হয়, চিত্ত শরীর ও ইক্রিন্নের সহিত সংযুক্ত হয়, অবশুই সংযোগের পূর্ব্বে ক্রিয়া হইয়াছিল, ক্রিয়া না হইলে সংযোগ হয় না। १। শক্তি, অর্থাৎ উদ্ভূতকার্য্যের অনভিব্যক্ত অবস্থা, চিত্তের এই ধর্ম্মটীও স্থূল কার্য্য দর্শন দারা অনুমিত হয়। এই সাতটী ধর্ম দর্শন-বর্জ্জিত অর্থাৎ অপরিদৃষ্ট, পরোক্ষ ॥ ১৫ ॥

মস্তব্য। ক্রিয়াভেদ বশতঃই নানা পরিণাম হয়, ভায়ে যে চুর্ণমৃদ্, পিণ্ড-ষুদ্ প্রভৃতি ক্রম দেখান হইয়াছে, উহা ক্রিয়াভেদেরই নিদর্শন। যেমন চক্রের গতি প্রত্যক্ষ দেখা যায় না, কিছুকাল বিলম্বে স্থান পরিবর্ত্তন দেখিয়া জানা যায় অবশ্রই গতি আছে, নতুবা এক দেশ হইতে অপর দেশে গমন সম্ভব হয় না, সেইরূপ অবস্থা পরিণামস্থলেও বৃঝিতে হইবে। একথও নৃতন্ত্রী বস্ত্রের পুরাণতা হুই এক মাসে সমাক্ জ্ঞাত হয় না, অতিপ্রবন্ধ সহকারে গৃছে

রাথিলেও দশ পনর বংসর অথবা অধিককালে দেখা যায় তাহাতে হাত দিলেই থণ্ডথণ্ড হইয়া যায়, অবশুই স্বীকার করিতে হইবে, বস্ত্রথণ্ড অতি স্ক্র-তমভাবে ক্রমশঃ জীর্ণ হইতে হইতে ঐ দশায় উপনীত হইয়াছে। ইহা ছারা জানা বায় জড় জগং সমস্তই প্রতিক্ষণ পরিণামী॥ ১৫॥

ভান্য। অতো বোগ্নিন উপাত্ত-সর্ববদাধনস্থ বুভূৎসিতার্থপ্রতি-পত্তয়ে সংযমস্থ বিষয় উপক্ষিপ্যতে।

#### সূত্র। পরিণামত্রয়দংযমাদতীতানাগতজ্ঞানম্॥ ১৬॥

ব্যাখ্যা। পরিণামত্রসংযমাৎ (পরিণামত্রে পূর্ব্বোক্তে ধর্মালক্ষণাবস্থারূপে, সংযমাৎ ধারণাধ্যানসমাধিরূপাৎ) অতীতানাগতজ্ঞানম্ (ভূতভবিশ্ববিষরকং জ্ঞানং ভবতি)॥ ১৬॥

তাৎপর্যা। ধর্ম, লক্ষণ, ও অবস্থারূপ পূর্ব্বোক্ত ত্রিবিধ পরিণামে সংযম অর্থাৎ ধারণা-ধ্যান ও সমাধি করিলে ভূত ভবিশ্বৎ সমস্তই জানা যায়, উক্ত যোগীর অজ্ঞাত কিছুই থাকে না॥ ১৬॥

ভাষ্য। ধর্ম-লক্ষণাবস্থা-পরিণামেষু সংযমাৎ যোগিণাং ভব-ত্যতীতানাগতজ্ঞানম্। ধারণা-ধ্যান-সমাধিত্রয়মেকত্র সংযম উক্তঃ, তেন পরিণামত্রয়ং সাক্ষাৎ-ক্রিয়মাণমতীতানাগতজ্ঞানং তেষু সম্পা-দয়তি॥ ১৬॥

অমুবাদ। অনস্তর, জিজ্ঞাসিত বিষয়ে জ্ঞানের নিমিত্ত ধারণা ধ্যান-সমাধিনিষ্ঠ বোগীর সংখমের বিষয় সমুদায় দেখান যাইতেছে। ধর্ম, লক্ষণ ও অবহা পরিণামে সংখম স্থির হইলে যোগিগণের ভূত ও ভবিষ্যুৎ বিষয়ে সাক্ষাৎকার জন্মে। একটা বিষয়ে ধারণা, ধ্যান ও সমাধি এই তিনটাকে সংখম বলা হইরাছে, উক্ত সংখম ঘারা পরিণামত্রয় সাক্ষাৎকার হইলে অতীত ও অনাগত বিষয়ে প্রত্যক্ষ জ্ঞান হইতে পারে॥ ১৬॥

মন্তব্য। যে বিষয়ে সংযম করা যায় তাহারই সাক্ষাৎকার হয় এই সামাগ্ত নিষম রক্ষা করিবার নিমিত্ত বাচম্পত্তি বলিয়াছেন, পরিণামত্ত্যের মধ্যেই অতীত ও অনাগত অন্তর্নিবিষ্ট রহিয়াছে, স্মতরাং পরিণামত্রয়ে সংযম দারা অতীত অনাগত জ্ঞান হইতে পারে। বার্ত্তিককার বলেন, অন্ত বিষয়ে সংযম দারাও অন্ত বিষয়ের দাক্ষাৎকার হইতে পারে, সূর্য্যে সংযম করিলে ভূবন জ্ঞান হয় ইত্যাদি, অতএব কোনও একটা বিষয়ে পরিণামত্রয় সংযম দ্বারাই অতীত অনাগত সমস্ত বিষয়ের জ্ঞান হইতে বাধা নাই ॥ ১৬ ॥

### শব্দার্থপ্রত্যয়ানামিতরেতরাধ্যাসাৎ সঙ্করস্তৎপ্রবি-ভাগদংযমাৎ দৰ্কভূতরুতজ্ঞানম্॥ ১৭॥

ব্যাখ্যা। শব্দার্থপ্রত্যয়ানাং ইতরেতরাধ্যাসাৎ (গৌরিত্যাদিশব্দে অর্থ-জ্ঞানয়ো:, গৌরিত্যাভর্থে শব্দজ্ঞানয়ো:, গৌরিত্যাদিজ্ঞানে চ শব্দার্থয়ো:. পরম্পরং অভেদারোপাৎ) সঙ্করঃ (মিশ্রণং, একত্বেনাবভাসনমিত্যর্থঃ) তৎ-প্রবিভাগদংযমাৎ (তেষাং ভেদে সংযমাৎ), সর্বভৃতক্বতজ্ঞানম্ (সমস্তপ্রাণিনাং শব্দজ্ঞানং জায়তে ইত্যৰ্থ: ) ॥ ১৭ ॥

তাৎপর্যা। শব্দ, অর্থ ও জ্ঞান ইহাদের পরস্পরে পরস্পরের অধ্যাস হইয়া সঙ্কর হয় অর্থাৎ উক্ত তিনটীকেই এক বলিয়া প্রতীতি হয়, বিভাগ করিয়া উহাদের প্রত্যেকে সংযম করিলে সমস্ত প্রাণীর শরু জানা ধার, পশুপক্ষী প্রভৃতি কি অভিপ্রায়ে কিরূপ শব্দ করিতেছে তাহা বুঝা যাইতে পারে॥ ১৭॥

ভাষ্য। তত্র বাগ্বর্ণেষেবার্থবতী, শ্রোত্রঞ্ধবনিপরিণামমাত্র-বিষয়ং, পদং পুনর্নাদানুসংহারবুদ্ধিনির্গ্রাহং ইতি। বর্ণা একসময়া-হসম্ভবিত্বাৎ পরস্পরনিরমুগ্রহাত্মানঃ তে পদমসংস্পৃশ্যামুপস্থাপ্যাবি-\* র্ভান্তিরোভূতাশ্চেতি প্রত্যেকমপদস্বরূপ। উচ্যন্তে। বর্ণঃ পুনরেকৈকঃ পদাত্মা সর্ব্বাভিধানশক্তিপ্রচিতঃ সহকারিবর্ণান্তর প্রতিযোগিত্বাৎ বৈশ্ব-রূপ্যমিবাপন্নঃ পূর্ববশ্চোত্তরেণোত্তরশ্চ পূর্বেবণ বিশেষেহবস্থাপিতঃ ইত্যেবং বহবো বর্ণাঃ ক্রমানুরোধিনোহর্থসঙ্কেতেনাবচ্ছিয়া ইয়ন্ত এতে সূর্ব্বাভিধানশক্তিপরিবৃত্তা গকারোকার্বিসর্জ্জনীয়াঃ সাম্নাদি-মন্ত্রমর্থং ছোত্রন্তীতি। তদেতেযামর্থসঙ্কেতেনাবচ্ছিন্নানামুপসংক্ত ধ্বনিক্রমাণাং য একো বুদ্ধিনির্ভাসস্তৎপদং বাচকং বাচ্যস্ত সক্ষেত্যতে

তদেকং পদমেকবৃদ্ধিবিষয় একপ্রযত্নাক্ষিপ্তম্ অভাগমক্রমমবর্ণং বৌদ্ধনন্ত্যবৰ্ণপ্ৰত্যয়ব্যাপারোপস্থাপিতং পরত্র প্রতিপিপাদয়িষয়া বর্ণৈ-বেবাভিধীয়মানৈঃ শ্রায়মানৈশ্চ শ্রোতৃভিরনাদিবাগ্ব্যবহারবাসনামু-বিদ্ধয়া লোকবৃদ্ধ্যা সিদ্ধবৎসংপ্রতিপত্ত্যা প্রতীয়তে, তম্ম সঙ্কেত-বৃদ্ধিতঃ প্রবিভাগঃ এতাবকানেবং-জাভীয়কোহমুসংহার একস্থার্থস্থ বাচক ইতি। সঙ্কেতস্ত পদপদার্থরোরিতরেতরাধ্যাসরূপঃ স্মৃত্যাত্মকঃ, যোহয়ং শব্দঃ সোহয়মর্থঃ, যোহর্থঃ দ শব্দ ইত্যেবমিতরেতরাধ্যাসরূপঃ সঙ্কেতো ভবতি, ইত্যেবমেতে শব্দার্থপ্রভ্যয়া ইতরেতরাধ্যাসাৎ সঙ্কীর্ণাঃ গৌরিতি শব্দে। গৌরিত্যর্থো গৌরিতি জ্ঞানং। য এষাং প্রবিভাগজ্ঞঃ স সর্ববিৎ। সর্বাপদেয় চাস্তি বাক্যশক্তিঃ, রুক্ষ ইত্যক্তে২স্তীতি গম্যতে ন সন্তাং পদার্থো ব্যভিচরতীতি। তথা নহুসাধনা ক্রিয়া২স্তীতি, তথা চ পচতীত্যক্তে সর্ববকারকাণামাক্ষেপোনিয়মার্থোহতুবাদঃ কর্তৃ-কর্ম্মকরণানাং চৈত্রাগ্নিভণুলানামিভি, দৃষ্টঞ্চ বাক্যার্থে পদরচনং, শ্রোত্রিয়শ্চন্দোহধীতে, জীবতি প্রাণান ধারয়তি। তত্র বাক্যে পদার্থাভিব্যক্তিঃ ততঃ পদং প্রবিভজ্য ব্যাকরণীয়ং ক্রিয়াবাচকং কারকবাচকং বা. অন্তথা ভবতি অশ্বঃ অজাপয়ঃ ইত্যেবমাদিযু নামাখাতিসারপাদনির্জ্ঞাতং কথং ক্রিয়ায়াং কারকে বা বাাক্রিয়েতেতি। তেষাং শব্দার্থপ্রত্যয়ানাং প্রবিভাগঃ, তদ যথা শ্বেততে প্রাসাদঃ ইতি ক্রিয়ার্থ: শেতঃ প্রাসাদঃ ইতি কারকার্থঃ শব্দঃ, ক্রিয়াকারকার্য়া তদর্থঃ প্রত্যয়শ্চ, কম্মাৎ সোহয়মিত্যভিসম্বন্ধাদেকাকার এব প্রত্যয়ঃ मह्मा है । यस स्था । स्था स्था । स्था स्था । স হি স্বাভিরবস্থাভির্বিক্রিয়মানো ন শব্দসহগতো ন বুদ্ধিসহগতঃ, এবং শব্দঃ, এবং প্রত্যয়ো নেতরেতর-সহগত ইতি। অন্যথা শব্দোহ-অধাহর্ষোঞ্চধা প্রত্যয় ইতি বিভাগঃ. এবং তৎপ্রবিভাগসংয্যাদ্ ্ৰোগিনঃ সৰ্বভূতকৃতজ্ঞানং সম্পত্ততে ইতি ॥ ১৭ ॥

স্থিত সহবাদ। কিন্ত্ৰপ শব্দ অৰ্থ বোধ করায় তাহা বুঝাইবার নিমিত্ত শব্দ

প্রথমতঃ তিন ভাগে বিভক্ত করা হইরাছে। বাগিক্রির অকারাদি বর্ণ বিষয়েই मार्थक रहा, व्यर्था९ अमिक वा, वा, क. थ. रेजािन वर्गमांना वातितिसह बाता উচ্চারিত হয়। বাগিন্দ্রিয় হইতে উৎপন্ন উক্ত বর্ণমালা অর্থের বাচক নহে. এইটী প্রথম শব্দ। বিতীয় শব্দ যথা হৃদয়দেশ হইতে উভিত উদানবায়ু বাগিন্দ্রিয়ে অভিহত হইয়া বর্ণাকারে শব্দ জন্মায়, উহাই প্রবাহরূপে শ্রোত্বর্নের কর্ণকুহরে প্রবিষ্ট হইয়া অমুভূত হয়, প্রবর্ণেক্রিয় উক্ত ধ্বনির (উদান বায়ুর) পরিণাম শব্দ মাত্র গ্রহণ করে, এটাও স্মর্থের বাচক নহে। প্রাদিদ্ধ নাদগুলিকে (বর্ণগুলিকে) প্রত্যেকে গ্রহণ করিয়া উত্তরকালে সেই সকলের একত্বপ্রতীতি হওয়াকে অমুদংহার বৃদ্ধি বলে, উহা দ্বারাই পদ গৃহীত হয়, ইহাকেই পদ বা শনকোট বলা যায়, এইটা তৃতীয় শব্দ এবং অর্থের বাচক। বর্ণ হইতে অতিরিক্ত তাদৃশ পদক্ষোট স্বীকার না করিলে কেবল বর্ণ হইতেই অর্থবোধ হইতে পারে না যে হেতু বর্ণ সকল এক সময়ে অবস্থান করিতে পারে না, বেমন "নারামণ " শব্দের প্রথমতঃ "না" উচ্চারিত হইয়া দিক্ষণ পর্যান্ত থাকে, "রা" উচ্চারণ করিলে "না" থাকেনা, এইরূপে তৃতীয়টীর উচ্চারণ কালে দ্বিতীয়টী নষ্ট হয়। এই ভাবে কোনরপেই বর্ণ সকলের সহাবস্থান সম্ভব হয় না; স্মতরাং পরম্পর এক অপরের সাহায্যও করিতে পারে না; স্মতরাং বর্ণ সকল বাচক পদ নহে। কিন্তু বর্ণ সকলের এক একটাকে বাচকন্ফোট পদের অভিনন্ধপে গ্রহণ করিলে উক্ত দোষ হয় না। সমস্ত বর্ণেরই সমস্ত অর্থ প্রকাশক শক্তি আছে, বিশেষ এই, সহকারী অন্ত বর্ণের সন্মিলনে একই বর্ণ যেন ভিন্ন ভিন্ন রূপে প্রতীয়মান হয়, পূর্ব্ব বর্ণ উত্তর বর্ণের সহিত ও উত্তর বর্ণ পূর্ব্ব বর্ণের সহিত মিলিত হইয়া-একটা বিশেষে অর্থাৎ স্ফোটরূপ বাচকপদে পরিণত হয়, এইরূপে অনেক গুলি বর্ণ ক্রমান্তরোধী হইয়া কোনও একটী অর্থ বিশেষের পরিচায়ক হয়, এই অবস্থাকে অর্থাৎ "এই পদ এই অর্থের বাচক" "এই অর্থ এই পদের বাচ্য" এইরূপ নিয়মকে সঙ্কেত বলে, এইরূপে অর্থসক্ষেত দারা নিয়মিত হইয়া গকার ঔকার ও বিদর্গ এই তিনটী বর্ণ সমস্ত-পদার্থের অভিধান শক্তি রিরহিত হইয়া (পাতঞ্জল মতে সকল বর্ণই সকল অর্থের বাচক) কেবল সালাদিমান্ অর্থাৎ গোরূপ অর্থকেই প্রকাশ করে।

এইরূপে পদার্থ বিশেষে সঙ্কেত বিশিষ্ট বর্ণ সকলের ধ্বনিরূপ ক্রম অর্থাৎ পৌর্ব্বাপর্য্য উপসংস্কৃত হইলে চিত্তপটে যাহা একরূপে প্রতীয়মান হয় তাহাকেই বিষয়ের (বাচ্যের) বাচক পদ বলা যায়। অতএব একবৃদ্ধির বিষয় একটা পদ একপ্রযন্ত্র দ্বারা উচ্চারিত হয়, উহা ভাগ ( অংশ ) রহিত, স্কুতরাং উহাতে ক্রম নাই, যদিচ বর্ণ সকল উহার অংশ বুলিয়া প্রতীতি হওয়ায় ক্রমেরও সম্ভাবনা আছে, কিন্তু প্রকৃতপক্ষে তাহা নহে, বর্ণ সকল পদের ভাগ নহে, উহা সংস্কার বশতঃ কল্পনামাত্র ৮পন, থৈবিদ্ধ অর্থাৎ পূর্ব্বোক্ত তৃতীয় বাচক পদ কেবল বুদ্ধিতেই এক বলিয়া ভাসমান হয় । ⁴েশ বর্ণের প্রবণ হইলে সংস্কার হয়, ঐ সংস্কার পূর্ব্ব পূর্ব্ব বর্ণের সংস্কার সহিত মিলিত হইয়া একপদ বলিয়া বুঝাইয়া দেয় । বিষয়ের প্রতিপাদন (বোধন) নিনিত্ত বক্তা কর্তৃক উচ্চারিত, শ্রোতা কর্ত্তক শ্রুত বর্ণ সমুদায় দ্বারা অনাদিকাল হইতে অভ্যস্ত বাক্ ব্যবহার হয়, অর্থাৎ পদোচ্চারণ সংস্থার সহকারে লোকের বৃদ্ধিতে বাস্তবিকরূপে প্রতীয়মান হয়। যদিচ স্বভাবতঃ পদের অংশ নাই, তথাপি সাধারণ লোকের সঙ্কেত-বৃদ্ধি অনুসারে বর্ণ সকলই পদের বিভাগরূপে প্রতীয়মান হয়; সেই বিভাগ এইরূপ, এই কয়েকটা বর্ণের (গ, ও, ঃ) এইরূপ পৌর্বাপর্য্য বিশেষ এক-বুদ্ধিতে প্রতিফ্রিত হইয়া একটা পদার্থের বাচক হয়, যেমন গকার, ঔকার ও বিদর্গ এই তিনটা বর্ণ অব্যবধানে ক্রমশঃ উচ্চারিত হইয়া বুদ্ধিতে একরপে প্রতীত হইলে গোরপ একটা অর্থের বাচক হয়। "যেটা শব্দ সেইটা অর্থ." "বেটী অর্থ দেইটী শব্দ" এইরূপে স্মৃতিপটে অন্ধিত পদ ও পদার্থের পরম্পর অধ্যাস অর্থাৎ একে অপরের অভেদ আরোপকে সঙ্কেত বলা যায়। এইরপে শব্দ, অর্থ ও জ্ঞান পরস্পরে অভেদ অধ্যাস হয় বলিয়া সঙ্কীর্ণ হয়। "গোঃ" এইটা যথন শব্দের তাৎপর্য্যে প্রযুক্ত হয়, তথন অর্থ ও জ্ঞান ইহাতে সংশ্লিষ্ট থাকে। এইরূপে অর্থের তাৎপর্য্যে প্রয়োগকালে শব্দ ও জ্ঞানের এবং জ্ঞানের তাৎপর্য্যে প্রয়োগ কালে শব্দ ও অর্থের সঙ্কর থাকে। যে ব্যক্তি উক্ত সঙ্কর নিরাস পূর্ব্বক অসঙ্কীর্ণরূপে শব্দ, অর্থ ও জ্ঞানের তত্ব বুঝিতে পারে, স্েই বাক্তি সমস্ত প্রাণীর শব্দ (কি বলিতেছে তাহা) বুঝিতে পারে, ভাহাকে সক্ষবিৎ বলা যায়।

্ৰাবেমন পদের আরোপিত ভাগস্বরূপ বর্ণসমুদায়ের সমষ্টি একত্বরূপে প্রতীত

হইয়া বাচকপদ নামে কথিত হয়, তজ্ঞপ পদসমুদায়ের সমষ্টিকে বাক্য বলা ষায়। সমস্ত পদেই বাক্যশক্তি আছে, কেবল বৃক্ষ বলিলে অস্তি ইছার বোধ হয়, কারণ কোন পদার্থই সন্তার (অন্তিতার) ব্যভিচারী নহে অর্থাৎ সন্তা-বিরহিত কোনও পদার্থ নাই, স্থতরাং কেবল পদার্থের উল্লেখ করিলে সঙ্গে সঙ্গে সন্তার বোধ হয়। এইরূপে সাধন (উপায়, কারক) ব্যতিরেকে ক্রিয়া হয় না, অতএব পচতি বলিলে সমস্ত, কারকের আক্ষেপ হয়, পুনর্বার চৈত্র, অগ্নি, তণ্ডুলরপ কর্ত্ত, করণ ও কর্মকার্মকের ( চৈত্র: অগ্নিনা তণ্ডুলান পচত্তি ) উল্লেখ করা কেবল নিয়মমাত্র অর্থাৎ কোন্ কর্ত্তা, কোন্ করণ ও কোন্ কর্ম তাহা বিশেষরূপে বুঝাইবার নিমিত্তই উল্লেখ হয়, ক্রিয়া ছারা কেবল সামাঞ্চত:ই বোধ हहेग्रा थाकে। वाकार्थ व्याहेट कवन वकी भरमत त्रहनां प्रथा যাইয়া থাকে, যেমন ছলঃ (বেদ) অধ্যয়ন করে এইরূপ বাক্যার্থে "শ্রোতিয়" এই পদের প্রয়োগ দেখা যায়, এইরূপ প্রাণধারণ করে এই অর্থে "জীবতি" এই পদের প্রয়োগ হয়। বাক্যার্থেও পদ রচনা দেখা যায় বলিয়া পদকে প্রকৃতি প্রতায় দারা বিভক্ত করিয়া দেখান আবশুক, "এইটা ক্রিয়ার বাচক" "এইটা কারকের বাচক" ইত্যাদি, নতুবা ভবতি, অশ্বঃ, অজাপয়ঃ ইত্যাদি স্থলে নাম ও আখ্যাতের সাদৃশ্য বশতঃ সন্দেহ জন্মে, ভবতি পদে ঘটো ভবতি স্থলে লট্ ( বর্ত্তমানা ), ভবতি ভিক্ষাং দেহি স্থলে সম্বোধন, ভবতি তিঠতি স্থলে সপ্তমী (ভাব সপ্তমী) বিভক্তির একতা সমাবেশের সম্ভাবনা। "অশ্বঃ" স্থলে শ্বিধাভুর লঙি ( অন্ততনী ) মধ্যম পুরুষে অথবা অধাে যাতি ঘাটক অর্থে প্রয়োগ ইহার সন্দেহ জন্ম। "অজাপয়:" স্থলে নিজম্ভ জিধাতুর লঙ্ ( হস্তনী ) অথবা অজার পয়ঃ অর্থাৎ ছাগীর হগ্ধ এইরূপ সংশয় হয়। অতএব ক্রিয়া কিয়া কারক তাহা বিশেষরূপে বিবরণ করা কর্ত্তব্য।

স্কীর্ণক্লপে প্রতীয়মান শব্দ, অর্থ ও প্রত্যয়ের বিভাগ অর্থাৎ অসকর এইরূপ, "বেততে প্রাসাদঃ" অর্থাৎ অট্টালিকা খেতবর্ণ হয়, এস্থলে খেততে এই খেতপদ ক্রিয়ার বাচক, "খেতঃ প্রাসাদঃ" এন্থলে ক্রৎপ্রত্যন্নাস্ত খেতপদ কারকের বাচক। খেততে ও খেতঃ এই হুইটী শব্দের অর্থ ক্রিয়া ও কারক, খেততে এইটা 'ক্রিয়া, খেতঃ এইটা কারক। ইহার জ্ঞানও ভদর্থক অর্থাৎ ক্রিয়াবিষয়ক ও কারকবিষয়ক। সঙ্গেতের নিমিত্ত "সেই এই" অধীৎ শব্দই অর্থ, অর্থই শব্দ ইত্যাদি একাকার প্রত্যন্ন হয়, উহা বাস্তবিক নহে, কেননা খেতরূপ অর্থটী শব্দ ও জ্ঞানের আলম্বন অর্থাৎ বিষয়, সেই খেতরূপ পদার্থটী নিজের অবস্থার বিকারী হয় (নৃতন রং পুরাতন হয়), শব্দ বা জ্ঞান তাহার সহচর হয় না অর্থাৎ পদার্থের বিকারে শব্দ ও জ্ঞানের বিকার হয় না। এইরূপে অর্থ ও জ্ঞানের সহচর শব্দ হয়় না, শব্দ ও অর্থের সহচর জ্ঞান হয় না। শব্দ অয়্ররূপ, অর্থ অয়্ররূপ এবং জ্ঞানও অয়্ররূপ, এই ভাবে শব্দ, অর্থ ও জ্ঞানের বিভাগ করিবে। শব্দ, অর্থ ও জ্ঞানের উল্লিখিত বিভাগে সংযম অর্থাৎ ধারণাধ্যান ও সমাধি করিলে যোগীর সমস্ত প্রাণীর শব্দ বিষয়ে জ্ঞান হয়॥ ১৭॥

মন্তব্য। ক্ষোট বাদে এত কথা আছে যে তাহা বিস্তারিতরূপে লিখিতে হইলে স্বতন্ত্র একথানি পুস্তক হয়, স্থতরাং বাহুলাভয়ে তাহার সমালোচনা করা হইল না। সংক্ষেপতঃ এইরপ, স্থায়মতে পুর্ব্ব বর্ণ শ্রবণ ও তৎসংস্কার সহিত অন্তাবর্ণের শ্রবণ ও সংস্কার হইতে অর্থ বোধ হয়, এই মতে বর্ণের শ্রতিরিক্ত ক্ষোট স্বীকার নাই। ব্যাকরণ শাস্ত্রে পদক্ষোট বাক্যক্ষোট প্রভৃতির অতিরিক্তভাবে স্বীকার আছে।

আমরা প্রতিক্ষণ যাহার ব্যবহার করিতেছি, তাহার তম্বপর্যালোচনা করি না, বর্ণগুলি পদের অংশ বলিয়া বোধ হয়, উহা কেবল রেথাবিস্তাসস্থলেই সংস্কার বশতঃ উপলব্ধি হইয়া থাকে। বস্ততঃ ধ্বনিরূপ বর্ণের সাহিত্য সম্ভব হয় না, বিতীয়টী উচ্চারিত হইলে প্রথমটী থাকে না, অবয়ব সমস্ত এককালে বর্তমান না থাকিলে অবয়বী জয়িতে পারে না, বর্ণ ও পদস্থলে ঐরপ্রপে অবয়ব অবয়বিভাব ঘটে না, অথচ চিরস্তন সংস্কার বশতঃ এক বলিয়া পদকে জানা যাইতেছে, ঐরূপ সংস্কার বশতঃই বিভিন্ন বিভিন্ন পদ বিভিন্ন বিভিন্ন প্রথম বশতঃ যুগপদ্ উচ্চারিত হয়। যেরূপ পদ অর্থের বাচক হয় তাহা অম্বাদের প্রথমেই উল্লেখ করা হইয়াছে। শারীরক স্ত্রের প্রথম অধ্যায় প্রথম পাদের ২৮ স্ত্রে বিস্থৃতভাবে স্ফোট বিচার আছে॥ ১৭॥

## পূত্র। সংস্কারদাক্ষাৎকরণাৎ পূর্বেজাতিজ্ঞানম্॥ ১৮॥

ৰাশ্যা। সংস্থারদাক্ষাৎকরণাৎ (সংস্থারসংঘমেন ইতি পূরণীয়ং, সংস্থারের্
ভাতিকেশহেতুর্ বিপাক্ষহেতুর্ চ শ্রুতের্ অহমিতের্ বা সংঘমেন প্রত্যক্ষী-

করণাৎ ) পূর্বজাতিজ্ঞানং (স্বকীয়পরকীয়পূর্বজন্মপরম্পরায়াঃ সাক্ষাৎকারো ভবতি)॥১৮॥

তাৎপর্য্য। অমুভব ও অবিভাদিজন্ত সংস্কার এবং কর্মজন্ত ধর্মাধর্মরূপ সংস্কার, এই উভয়বিধ সংস্কারে সংয়ম ছারা সাক্ষাৎকার করিলে স্বকীয় বা পরকীয় ব্যক্তির পূর্ব্ব পূর্ব্ব জন্ম পরিজ্ঞান হয়॥ ১৮॥

ভাষ্য। দ্বয়ে খল্পনী সংস্কারাঃ স্মৃতিক্লেশহেতবো বাসনারপাঃ. বিপাকহেতবো ধর্মাধর্মরপাঃ, তৈ পূর্বভবাভিসংস্কৃতাঃ পরিণাম-চেফানিরোধশক্তিজীবনধর্ম্মবদপরিদুফাশ্চিত্তধর্মাঃ, তেষু সংযমঃ সংস্কারসাক্ষাৎক্রিয়ায়ৈ সমর্থঃ, নচ দেশকালনিমিত্তামুভবৈর্বিনা তেষামন্তি সাক্ষাৎকরণম্, তদিখং সংস্কারসাক্ষাৎকরণাৎ পূর্বজাতি-জ্ঞানমুৎপত্ততে যোগিনঃ। পরত্রাপ্যেবমেব সংস্কারসাক্ষাৎকরণাৎ পরজাতিসংবেদনম্। অত্রেদমাখ্যানং শ্রায়তে, ভগবতো জৈগীষব্যস্থ সংস্কারসাক্ষাৎকরণাৎ দশস্থ মহাসর্গেষু জন্মপরিণামক্রমমমুপশ্যতো বিবেকজং জ্ঞানং প্রাত্মরভবৎ, অথ ভগবানাবট্যস্তমুধরস্তমুবাচ, দশস্থ মহাসর্গেষু ভব্যত্বাদনভিভূতবুদ্ধিসত্বেন ত্বয়া নরকতির্য্যগর্ভসম্ভবং ছুঃখং সংপশ্যতা দেবমকুষ্যেষু পুনঃপুনরুৎপত্যগানেন স্থবছঃখায়োঃ কিমধিকমুপলব্ধমিতি, ভগবন্তমাবট্যং জৈগীষব্য উবাচ, দশস্থ মহা-সর্গেষু ভব্যম্বাদনভিভূতবুদ্ধিসম্বেন ময়া নরকতির্য্যগ্ভবং হঃখং সম্পশ্যতা দেবমকুয়েষু পুনঃপুনরুৎপভ্যমানেন ষৎকিঞ্চিদকুভূতং তৎ-, সর্ববং তুঃখমেব প্রত্যবৈমি। ভগবানাবট্য উবাচ, যদিদমায়ুত্মতঃ প্রধানবশিত্বমসুত্তমং চ সভ্যোষস্ত্রখং, কিমিদমপি ছঃখপক্ষে নিক্ষিপ্ত-মিতি। ভগবান্ জৈগীধব্য উবাচ, বিষয়স্থাপেক্ষরৈবেদমসুত্তমং সন্তোষস্থমুক্তং, কৈবল্যাপেক্ষয়া ছঃখমেব। বুদ্ধিসম্বস্তায়ং ধর্মন্ত্রি-গুণঃ, ত্রিগুণশ্চ প্রত্যয়ো হেয়পকে শুস্ত ইতি। ত্বংশস্বরূপস্থকাতস্কু-ख्याद्रंश्मखाभाभगमाजु अमन्नमवाधः मर्वापूक्नः स्वमिनमूकः মিডি॥ ১৮॥

অমুবাদ। সংস্কার ছই প্রকার, অমুভব জন্ম সংস্কার স্মৃতির কারণ, অবি-ভাদির সংস্কার অবিভাদির কারণ হয়, ধর্মাধর্মরূপ সংস্কার জাতি, আয়ুঃ ও ভোগরূপ বিপাকের কারণ। স্ব স্ব কারণ দারা পূর্বজন্মে নিপাদিত চিত্তে বর্ত্তমান উল্লিখিত সংস্থার সকল পরিণাম, চেষ্টা, নিরোধ, শক্তি ও জীবনরূপ ধর্ম্মের স্থায় व्यविष्ठि हम्र वर्षा हिरामित প্রত্যক हम ना। উক্ত সংস্থারে সংযম করা हहेल উহাদের সাক্ষাৎকার হইতে পারে। দেশ, কাল ও শরীরেক্রিয়াদি নিমিত্তের অমুভব ব্যতিরেকে সংস্থারের সাক্ষাংকরে হয় না, স্মতরাং সংস্কার প্রত্যক্ষ হইলে যোগিগণের পূর্বজন্ম পরম্পরার জ্ঞান উৎপন্ন হয়। এইরূপ পরকীয় সংস্কার সাক্ষাৎকার হইলে পরকীয় জাতির অন্তত্তব হয়। উক্ত বিষয়ে একটা আখ্যান ( কিম্বন্তী ) শুনা যাইয়া থাকে, সংস্কার সাক্ষাৎকার বশতঃ ভগবান জৈগীবব্যের দশ মহাকল্পের জন্মপরস্পরাক্রমের সন্দর্শন হয়, এইরূপে তাঁহার বিবেকজ জ্ঞান অর্থাৎ আত্মসাক্ষাৎকার লাভ হইয়াছিল। অনস্তর স্বেচ্ছায় শরীর ধারণ করিতে সমর্থ ভগবান আবট্য জৈগীবন্যকে প্রশ্ন করিয়াছিলেন, রক্ষঃ ও ত্যোমল বিদুদ্মিত হওয়ায় আপনার বুদ্ধিসত্ব বিকাশ হইয়াছে, আপনি ভব্য নির্দোষ শোভন, দশ মহাসর্গেও আপনার বৃদ্ধিসত্ত্বের অভিতব হয় নাই, অর্থাৎ আপনি জাতিম্বর, দশ মহাসর্গের কোন কোন জন্মে কিরূপ স্থথত্বংথ অমুভব করিয়াছেন তাহা সমস্তই আপনার শ্বরণ আছে, আপনি নরক ও তির্য্যা্যানিতে জিমিয়া ছঃথভোগ ও দেব মহয় জন্ম স্থুপভোগ করিয়াছেন, বলুন দেখি এত দীর্ঘকাল স্থুখ ও ত্বংখের মধ্যে কাহার আধিক্য দেখিয়াছেন। জৈগীষব্য ভগবান আবট্যকে বলিলেন, আমি নরক ও তির্যাগ্যোনিতে যে সমস্ত হংগ এবং দেব মমুদ্য যোনিতে বারম্বার জন্মগ্রহণ করিয়া যাহা কিছু স্থথের অমুভব করিয়াছি, চিত্তমল বিদূরিত হওরার সত্বিকাশ নিবন্ধন আমার বেশ শ্বরণ আছে সে সমস্তই হুঃথ বলিয়া ' বোধ হইতেছে। ভগবান্ আবট্য বলিলেন আর্মন্ (চিরঞ্জীব) আপনার যে এই প্রধান-বশিত্ব অর্থাৎ স্বেচ্ছার প্রকৃতি-পরিচালনারূপ অন্তর্ত্তম সস্তোষ স্থ हेरों कि इस्थारक निकिश विषय (वाध रुप्त ? जगवान किमीयवा विगतन বৈষ্ট্ৰিক হুখ অপেকা করিয়া প্রধান-বশিষ্ঠেক অহুত্তম সম্ভোধ হুখ বলা যাইতে পারে, मुक्तित मिरक नका করিলে উহাকেও হৃঃথ বলিরা রোধ হইরে। অথ চিত্তের ধর্ম স্থতরাং ত্রিগুণ, ত্রিগুণমাত্রই হেয়, তবে হথ বলা হয় তাহার

কারণ ভৃষ্ণা (রাগ) রূপ রক্ষ্ক্ ছংখস্বরূপ, ভৃষ্ণা ছংখের অপগমকেই বাধরহিত চিত্তপ্রসাদ সর্বান্ত্রুল স্থুখ বলা মহিতে পারে॥ ১৮॥

মন্তব্য। সংযমসিদ্ধির প্রকরণ বশতঃ "সংস্কারসংঘমেন" এইটা প্রত্তের আদিতে পূরণের আবশ্রক। ভাষ্যের "পরত্রাপ্যেবমেব" ইহার ব্যাখ্যার বাচম্পতি বলেন, পরত্র পরকীয় সংস্কারে অর্থাৎ যেমন নিজের সংস্কার দাক্ষাৎকার দারা নিজের পূর্বজন্ম পরম্পরার অন্তব হয় তদ্ধ্রপ অপরের সংস্কারে সংঘম করিলেও হইতে পারে। যোগবার্ত্তিককার বলেন পরত্র অর্থাৎ ভাবিজন্ম, পূর্বজন্মের স্থায় পরজন্মেরও জ্ঞান হইতে পারে।

আবট্য জৈগীষব্য উপাধ্যানটা স্থত্রোক্ত দিদ্ধিতে বিশ্বাস স্থাপনের নিমিত্ত প্রদর্শিত, হইয়াছে। প্রধান-বশিত্বশব্দে প্রকৃতি চালনা বুঝায় অর্থাৎ ইচ্ছা হইলেই সকলকেই অভিমত শরীর ইন্দ্রিয়াদি দান করিতে পারেন। স্বয়ং সহস্র সহস্র শরীর ধারণ পূর্ব্বক ত্রিভূবনে যথেচ্ছ বিচরণ করিতে পারেন॥ ১৮॥

#### সূত্র। প্রত্যয়স্থ পরচিত্তজানম্॥ ১৯॥

ব্যাথ্যা। প্রত্যরশু মুখরাগাদিনা কেনচিৎ লিঙ্গেন গৃহীতশু পরচিত্তস্থ সংযমেন সাক্ষাৎকারাৎ জ্ঞানং রক্তং বা বিরক্তং বেতি বোধো ভবতি॥ ১৯॥

তাৎপর্য্য। কোনও একটা বাহিরের চিহ্ন দ্বারা পরকীয় চিত্তের রাগ বৈরাগ্যাদি জ্ঞান পূর্ব্বক তাহাতে সংযম করিলে উহার প্রত্যক্ষ হয়॥ ১৯॥

ভাষ্য। প্রত্যয়ে সংযমাৎ প্রত্যয়স্ত সাক্ষাৎকরণাৎ ততঃ পর-চিত্তজানম্॥ ১৯॥

ু অমুবাদ। পরকীয়চিত্তে সংযম করিয়া উহার সাক্ষাৎকার করিলে রুন্তি সহিত পরকীয় চিত্তের প্রত্যক্ষ হয়॥ ১৯॥

মস্তব্য। বার্ত্তিককার বলেন স্বকীয় চিত্তবৃত্তিতে সংযম করিলে পরকীয় চিত্তের সাক্ষাৎকার হইতে পারে॥ ১৯/॥

সূত্র। নচ তৎ সালম্বনং তস্থাবিষয়ীভূতম্বাৎ॥ ২০॥ ব্যাথায় তিও (পরকীয়ং চিত্তং) সালম্বনং (সবিষয়ং) নচ (ন সাক্ষাৎ ক্রিয়তে) তত্মাবিষয়ীভূতমাং (তত্ত্ব আলম্বনস্ত অগোচরম্বাৎ)॥২০॥

তাৎপর্য্য। পরকীর চিত্ত সামান্ততঃ রক্ত কি বিরক্ত তাহার জ্ঞান হইতে পারে, অমুক বিষয়ে অহুরাগ কিম্বা বিরাগ তাহার জ্ঞান হয় না, কারণ বিষয়-বিশেষ সহকারে সংযম মারা পরচিত্তের প্রত্যক্ষ হয় না॥ ২০॥

ভাষ্য। রক্তং প্রত্যয়ং জানাতি, অমুমিয়ালম্বনে রক্তমিতি ন জানাতি, পরপ্রত্যয়স্থ য়দালম্বনং তদ্যোগিচিত্তেন নালম্বনীকৃতং, পরপ্রতায়মাত্রস্ত যোগিচিত্তস অংলম্বনীভূতমিতি॥ ২১॥

অমুবাদ। পরকীয় চিত্ত দামান্তত: অমুরাগবিশিষ্ট কি না তাহা সংযম দ্বারা জানা যায়, অমুক বিষয়ে অমুরক্ত এরপে বিশেষতঃ জানা যায় না, কারণ পর-কীয় চিত্তবৃত্তির বিষয় যোগিচিত্তের বিষয় হয় না, কেবল পরকীয় চিত্তবৃত্তি রক্তই হউক অথবা বিরক্তই হউক তাহা যোগিচিত্তের বিষয় হইতে পারে॥২০॥

মস্তব্য। দেশকালাদি অমুবন্ধ (কারণ) সহকারে সংস্কার সাক্ষাৎকার দারা যেমন পূর্বজন্মের দেশকালাদির অবগম হয় (ধাহা ১৮ হত্তে বলা হইয়াছে) তত্রপ পরচিত্ত সাক্ষাৎকারেও তাহার বিষয়ের প্রত্যক্ষ হউক না কেন এই আশস্কায় নিষেধ করা হইয়াছে। পূর্ব্বে অমুবন্ধের সহিত সংস্কারে সংযম বলা হইয়াছে স্কুতরাং দেশকালাদি অমুবন্ধের প্রত্যক্ষ সন্তব্য, এখানে কেবল পরকীয় চিত্তমাত্রে সংঘম ও তদ্মারা সাক্ষাৎকারের কথা বলা হইতেছে, স্কুতরাং পরকীয় চিত্তের বিষয়ের সাক্ষাৎকার হইতে পারে না। রাগাদি র্ভি সমস্তই চিত্তের অভিন্ন স্কুতরাং চিত্তের সাক্ষাৎকার হইলে রাগাদিরও সাক্ষাৎকার হইতে পারে, বিষয়গুলি সেরপে চিত্তের অভিন্ন নহে, কাজেই চিত্তে সংঘম দারা তাহাদের প্রত্যক্ষ হয় না। বিষয় সহকারে পরকীয় চিত্তে সংঘম করিলে বিষয় বিশিষ্ট পরিচিত্তের জ্ঞান হইতে পারে, সেটা আরও একটু উষ্ট ভূমি বিশিয়া এখানে প্রকাশ হয় নাই॥২০॥

## সূত্র। কায়রূপসংয্মাৎ তদ্গ্রাহ্শক্তিন্তন্তে চক্ষুঃপ্রকাশা সম্প্রাগেইন্তদ্ধানম্॥ ২১॥

বাখা। কাররপদংযমাৎ (শরীররূপে সংযমাৎ সংযমেন রূপতত্ব-সাকাৎ-কারাৎ) ভদ্গাহ্শক্তিস্তত্তে (তভ রূপত চক্তাহ্তাশক্তে: প্রতিবন্ধে) চক্ প্রকাশাসম্প্রযোগে (পরচাক্ষজানাবিষয়ত্বে) অন্তর্ধানং (যোগিনঃ অনব-লোকনীয়তা ভবতীত্যর্থঃ)॥ ২১॥

তাৎপর্য্য। চক্ষ্ণ রূপকে গ্রহণ করে, স্বকীয় শরীরের রূপে সংযম করিলে সেই রূপকে আর চক্ষ্ণ গ্রহণ করিতে পারে না, স্থতরাং অন্তর্ধান সিদ্ধি হয় ॥২১॥

ভাষ্য। কায়রূপে সংযমাৎ রূপস্থ যা গ্রাহ্যা শক্তিস্তাং প্রতি-বগ্গাতি, গ্রাহ্মাক্তিস্তম্ভে সতি চক্ষুপ্রপ্রকাশাসম্প্রয়োগেহস্তর্ধানমুৎ-পদ্মতে যোগিনঃ। এতেন শব্দান্তস্তর্ধানমুক্তং বেদিতব্যম্॥ ২১॥

অমুবাদ। দেহেররূপে সংযম করিলে, রূপ চকুর দারা গৃহীত হয় এই শক্তির প্রতিবন্ধ হয়, গ্রাহশক্তির প্রতিবন্ধ হইলে পরকীয় চাক্ষ্মজ্ঞানের বিষয় হয় না, এইরূপে যোগীর অন্তর্ধান (অপরে দেখিতে পার না) সিদ্ধি হয়। এইরূপে শক্ষাদির অন্তর্ধানও ব্ঝিতে হইবে, অর্থাৎ যোগীর রূপ পরে দেখিতে পার না, শক্ষ শুনিতে পার না ইত্যাদি॥২১॥

মস্তব্য। নৈষধকাব্যে নলরাজের যে অন্তর্ধান বর্ণনা আছে, তাহা এই
- সিদ্ধিরই ফল। শব্দে সংযম করিলে সেই যোগীর কথা অপরে শুনিতে পায় না,
এইরূপে তাঁহার গন্ধাদিবিষয়েরও অন্তর্ধান বুঝিতে হইবে। যোগশক্তি অলোকিক
ইহা যোগী ভিন্ন অপরের হৃদয়ঙ্গম হওয়া কঠিন॥২১॥

#### ্ সূত্র। সোপক্রমং নিরুপক্রমঞ্চ কর্ম তৎসংযমাৎ অপরান্তজ্ঞানং অরিফেভ্যো বা॥২২॥

ব্যাখ্যা। কর্ম (ধর্মাধর্মকর্পং দিবিধম্) সোপক্রমং নিরুপক্রমঞ্চ (উপক্রমেণ কলদানব্যাপারেণ সহ বর্ত্তমানং সোপক্রমং তদিপরীতং চিরেণ ফলপ্রদাং নিরুপক্রমম্) তৎসংঘমাৎ (তত্র দিবিধে কর্মণি ধারণাদিত্রয়াৎ) অপরাস্তজ্ঞানং (মরণবোধঃ, অমুদ্মিন্ দেশে কালে বা ভবতীতি), অরিষ্টেভ্যো বা, (মৃত্যুচিত্নেভ্যো বা মরণজ্ঞানং ভবতি) ॥ ২২ ॥

তাৎপর্য়। আয়ুং প্রদান করে এরপ কর্ম (ধর্ম ও অধর্ম) ছই প্রকার, সোপক্রম অর্থাৎ বৈটী ফল প্রদান করিতে আরম্ভ করিয়াছে, ও নিরূপক্রম অর্থাৎ বাহা বিলক্ষে ফল্যান করিবে, এই বিবিধ কর্মে সংযম করিলে মরণজ্ঞান অর্থাৎ কোন্ কালে কোন্ দেশে কিরূপে শরীর ত্যাগ হইবে তাহা জানা যায়। নানাবিধ অরিষ্ঠ অর্থাৎ মরণচিত্ন দারাও মরণজ্ঞান হইয়া থাকে ॥ ২২ ॥

ভাষ্য। আয়ুর্বিপাকং কর্ম দিবিধং সোপক্রমং নিরুপক্রমঞ্চ, তত্র যথা আর্দ্রবস্ত্রং বিভানিতং লঘীয়সা কালেন শুয়েৎ এবং নিরুপক্রমন্। যথা চাগ্নিঃ শুদ্ধে কক্ষে মুক্তো বাতেন সমস্ততো যুক্তঃ ক্ষেপীয়সা কালেন দহেৎ তথা সোপক্রমং, যথা বা স এবাগ্নিস্তৃণরাশো ক্রমশোহবয়বেয় স্বস্তু শিচরেণ দহেত্তথা নিরুপক্রমন্ম তদৈকভবিকনায়ুক্তরং কর্ম দিবিধং সোপক্রমং নিরুপক্রমঞ্চ, তৎসংযমাৎ অপরাস্তম্ব প্রায়ণম্ব জ্ঞানন্। অরিষ্টেভ্যো বেতি ত্রিবিধমরিষ্টং আধ্যাত্মিকমাধিভৌতিকমাধিদৈবিকঞ্চেত্তি, তত্রাধ্যাত্মিকং ঘোষং স্বদেহে পিহিতকর্দো ন শৃণোতি, জ্যোতির্ববা নেত্রেহবষ্টরে ন পশ্যতি, তথাধিভৌতিকং যমপুরুষান পশ্যতি, পিতৃনতীতানকম্মাৎ পশ্যতি, আধিদৈবিকং স্বর্গমকম্মাৎ সিদ্ধান্ বা পশ্যতি, বিপরীতং বা সর্ব্বমিতি, জ্যানেন বা জানাত্যপরান্তমুপস্থিতমিতি॥ ২২॥

অমুবাদ। আয়ুর্বিপাক শব্দে জাতি, আয়ু ও ভোগের হেতু কর্ম ব্রিতে হইবে, কারণ তিনটীই নিয়ত সম্বদ্ধ, উক্ত আয়ুর্বিপাক কর্ম হই প্রকার একটী সোপক্রম অর্থাৎ কালবিলম্ব না করিয়া শীদ্রই কলদান করিতে প্রবৃত্ত হইয়াছে, যাহার বহুকল প্রদন্ত হইয়াছে, অলমাত্র অবশিষ্ট আছে, ঐ অবশিষ্ট ফল এক শরীরে নিঃশেষ হয় না বলিয়া বিলম্ব হইতেছে, তাহাকে সোপক্রম বলে। ইহার বিপরীত নিরুপক্রম অর্থাৎ কল প্রদান করিতে যে আরম্ভ করে নাই। উক্ত হই প্রকার কর্ম ব্রাহিবার নিমিত্ত হই প্রকার দৃষ্ঠান্ত প্রদর্শিত হইতেছে, ঘেমন আর্দ্রবন্ধ (ভিজা কাপড়) প্রসারিত করিয়া শুকাইতে দিলে শীদ্রই শুদ্ধ হয়, সেইরূপ সোপক্রম কর্ম অল্পকারে রাখিলে বিলম্বে শুদ্ধ হয়, সেইরূপ নির্মাণক্রম কর্ম। যেমন উক্ত বন্ধ্রখণ্ড স্তৃপাকারে রাখিলে বিলম্বে শুদ্ধ হইতে বায়ুদারা উদ্বীপিত হইলে অতি সম্বরেই দগ্ধ করে, সেইরূপ সোপক্রম, যেমন সেই স্বাধি ক্রমণঃ ভ্রামণিতে প্রদন্ত হইলে বিলম্বে দাহ করে সেইরূপ

নিরুপক্রম। এইরূপে ঐকভবিক অর্থাৎ এক জন্মে শেষ হুইতে পারে এমত পূর্ব্বেন্স অজ্ঞিত ধর্মাধর্মকপ কর্ম সোপক্রম এবং নিরুপক্রমভাবে হুই প্রকার, ইহাতে সংযম করিলে মরণজ্ঞান হয়। মরণজ্ঞানের আর একটা কারণ অরিষ্ঠ অর্থাৎ মৃত্যুচিহ্ন দর্শন। সেই অরিষ্ট তিন প্রকার আধ্যান্মিক, আধিভৌতিক ও आधिरेनिविक, कर्ल अत्रूनिश्रमान कतित्व आधाश्चिक अर्था९ श्वरमत्हत नक छना यात्र ना ; अकृति बात्रा हकूः युवारेत्व त्नाविः वर्गन रत्र ना । व्याधित्वीिक यथा, यमन्त्र नर्नन इय, महभा निजृत्नाक नर्नन इय। व्याधितिक যথা, অকস্মাৎ স্বৰ্গ বা দিল্পপুৰুষগণ দৰ্শন হয়, বিশ্বসংসার বিপরীত ভাবে দৃষ্ট হয়, (পশ্চিমে সূর্য্য উদয় হয় ইত্যাদি) এই সমস্ত কারণেও মরণ উপস্থিত হইয়াছে জানা যায় ॥ ২২ ॥

মন্তব্য। পরের প্রজাপতির অন্তকে পরান্ত অর্থাৎ মহাপ্রালয় বলে, অপর অর্থাৎ মহয়ের অন্তকে অপরাম্ভ মরণ বলে। এক শরীর দারা প্রারন্ধ কর্ম্বের ভোগ শীঘ্ৰ হইতে পারে না. অথচ সংযম দারা জানা যায় কর্ম (প্রারক্) ফলদান করিতে প্রব্রত্ত হইয়াছে, এরপ অবস্থায় যোগের দ্বারা বহু শরীর ধারণ ু করিয়া সমস্ত প্রারন্ধ ভোগ করিয়া অচিরাৎ মুক্ত হওয়া যায়।

অরির (শত্রুর) স্থায় যে ত্রাস জন্মায় তাহাকে অরিষ্ট বলে। বশিষ্ঠ মার্কণ্ডের প্রভৃতি ঋষিগণ অবিষ্ট সকল বর্ণনা করিয়াছেন। নীতি শাস্ত্রে উল্লেখ আছে। "দীপনিৰ্ব্বাণগৰ্ধক স্কন্ধাক্যমক্ৰ্নতীম। ন জিন্তব্তি ন শৃৰ্বন্তি ন পশুন্তি গতাযুষ:"॥ অর্থাৎ আসন্নমূত্য ব্যক্তিগণ দীপনির্মাণগন্ধ পায় না, স্থহাক্য खेरण करत ना ७ अक्रक्क**ी नक्**छ पर्नन कतिएक शारत ना। अतिष्ठे विद्र হইতে সাধারণেও উপস্থিত মরণ বুঝিতে পারে, যোগিগণ নিঃসন্দেহরূপে শীঘই জানিতে পারেন, এইটা বিশেষ॥ ২২॥

## मृत् । सित्तां मित्रू वनानि ॥ २०॥

ব্যাখ্যা ৷ মৈত্র্যদিষু ( মৈত্রীকরুণামুদিতেষু ) বলানি (উত্তেষু সংযমাৎ তত্তবিষয়বীৰ্ব্যাণি ভৰত্তি, তথাচ সংযমী প্ৰাণিনাং স্থপাতা, ছংথহৰ্ত্তা অপক্ষ-পাতীচ কাদিতার্থ: ) । ২৩॥

তাৎপর্যা। প্রথম পাদোক মৈত্রী করুণা ও মুদিতারপ চিক্তপ্রদাদের

উপার তিনটীতে সংযম করিলে সেই সেই বিষয়ে জমোঘ শক্তি জন্মে, যাহা হইলে ইচ্ছামাত্রেই যোগিগণ প্রাণিমাত্রের স্থগান হংথহরণ ইত্যাদি অনাগা-সেই করিতে পারেন॥ ২৩॥

ভাষ্য। মৈত্রী করণা মুদিতেতি তিন্সোভাবনাঃ, তত্র ভূতেষ্
স্থািতেষু মৈত্রীং ভাবয়িক্সা মৈত্রীবলং লভতে, ছঃখিতেষু করণাং
ভাবয়িস্বা করণাবলং লভতে, প্র্ণ্যশীলেষু মুদিতাং ভাবয়িস্বা মুদিতা
বলং লভতে, ভাবনাতঃ সমাধির্যাঃ স সংযমঃ ততাে বলাম্যবদ্ধ্য
বীর্য্যাণি জায়ন্তে, পাপশীলেষু উপেক্ষা নতু ভাবনা, ততক তক্তাং
নাস্তি সমাধিরিতি, অতােন বলমুপেক্ষাতন্তত্র সংযমাভাবাদিতি॥২৩॥

অমুবাদ। পূর্ব্বে মৈত্রী, কর্মণা ও মুদিতা এই তিনটা ভাবনা (চিন্তনা) উক্ত হইয়াছে, তাহার মধ্যে স্থবী ব্যক্তিগণের প্রতি মৈত্রী (বন্ধুতা) ভাবনা করিয়া মৈত্রী-বল লাভ করা যায়। ত্রংখিতগণের প্রতি করুণা (দয়া) ভাবনা করিয়া করুণা বল লাভ হয়, পুণাশীল ধার্ম্মিকগণের প্রতি মুদিতা (হর্ষ) ভাবনা করিয়া মুদিতা বল লাভ হয়, ভাবনা হইতে জায়মান সমাধিরূপ সংযম হইতে উক্ত বলগুলি অবস্থাবীয়্য অর্থাৎ অব্যর্থরূপে উৎপদ্ম হয়। পাপায়াগণের প্রতি উপেক্ষার বিধান আছে, ভাবনার বিধান নাই, স্মৃতরাং তাহাতে সমাধিও নাই, অতএব উপেক্ষা বিষয়ে কোনও বল লাভ হয় না, যেহেতু ভাহাতে সংব্যের অভাব আছে॥ ২৩॥

মন্তব্য। সংযমণীল যোগিগণ মৈত্রী-ভাবনায় লোকের স্থুখনান, করুণা-ভাবনায় ছংথহরণ ও মুদিতা-ভাবনায় অপক্ষপাত সম্পাদন করেন। কেবল ভাবনা হইতেই বীর্ঘ্য লাভ হয় না, কিন্তু তবিষয়ে সংযম করা আবশুক, তাই বলা হইয়াছে "ভাবনাতঃ সমাধির্ঘঃ স সংযমঃ" ইতি, কেবল সমাধিকে সংযম না বলিলেও সমাধির পরক্ষণেই সিদ্ধিলাভ হয় বলিয়া সমাধিকেই সংযম বলা গিয়াছে, অর্থাৎ সমাধি বলায় ধারণা ও ধ্যান বলা হইয়াছে ব্নিতে হইবে, ক্রেরণ উহা না হইলে সমাধিও হয় না। বার্ত্তিক কার "ভাবনা-সমাধিঃ" এইরণ পাঠ স্বীকার করিয়া ভাবনা অর্থাৎ চিন্তনাকেই সমাধি বলিয়া নির্দেশ

#### সূত্র। বলেষু হস্তিবলাদীনি॥ ২৪॥

ব্যাথা। বলেরু ( হস্ত্যাদিবীর্যোরু, সংযমাৎ ইত্যর্থঃ ) হস্তিবলাদীনি (যোগিনাং হস্ত্যাদিবলানি ভবস্তি, আদিপদেন বৈনতেয়াদি বলানি গৃহস্তে) ॥২৪॥

তাৎপর্য্য। হস্তি প্রভৃতির বলে সংযম করিলে সেই সেই বল লাভ হয়, আদি শব্দ দারা গরুড় প্রভৃতির বল বুঝিতে হইবে॥ ২৪॥

ভাষ্য। হস্তিবলে সংযমাৎ হস্তিবলো ভবতি, বৈনতেয়বলে সংযমাৎ বৈনতেয়বলো ভবতি, বায়ুবলে সংযমাৎ বায়ুবল ইত্যেবমাদি॥ ২৪॥

অমুবাদ। যোগিগণ হস্তিবলে সংযম করিয়া হস্তিবল, বৈনতেয় (গরুড়) বলে সংযম করিয়া বৈনতেয়বল ও বায়ুবলে সংযম করিয়া বায়ুবল লাভ করেন, এইরূপে যাঁহার বলে সংযম করা যায়, তাহারই স্থায় বলবান হয়॥ ২৪॥

মন্তব্য। চিত্তের বলই শরীর বলের কারণ, ক্ষুদ্রকায় ব্যক্তিও স্থলকায় লোককে পরাজয় করে দেখা যায়, "নায়তিগুরুতা গুরুতা বিক্রমগুরুতা গরীয়সী প্রাম্ম"। কোনও বলিষ্ঠ জীবের প্রতি চিত্তকে তক্ময় করিতে পারিলে সেই জীবের বল লাভ করা যায়, চিত্তের অসাধ্য কিছুই নাই ॥ ২৪॥

# সূত্র। প্রবৃত্ত্যালোকস্থাসাৎ সৃক্ষব্যবহিতবিপ্রকৃষ্ট-জ্ঞানম্॥ ২৫॥

ব্যাখ্যা। প্রবৃত্ত্যালোকস্থাসাৎ ( প্রাপ্তকারা জ্যোতিম্বত্যাঃ প্রবৃত্তের্য জালোকঃ নির্দ্মলসত্বপ্রকাশঃ তহ্য স্থাসাৎ হল্মে বা ব্যবহিতে বা বিপ্রকৃষ্টে বা বিষয়ে প্রক্রেপাৎ) হক্ষব্যবহিতবিপ্রকৃষ্টজ্ঞানম্ ( হক্ষাদিবিষয়াণাং সাক্ষাৎকারো ভবতীত্যর্থঃ)॥ ২৫॥

তাৎপর্য্য। প্রথমপাদোক্ত জ্যোতিষ্মৃতী প্রবৃত্তির আলোক অর্থাৎ সম্ব-প্রকাশকে স্ক্র ব্যবহিত দ্রবর্ত্তী পদার্থে নিকেপ করিলে সেই সেই বিষয়ের জ্ঞান হয়॥ ২৫॥

ভাষা। জ্যোতিমতী প্রবৃত্তিরুক্তামনশঃ তত্তা য আলোকন্তং:

যোগী সূক্ষে বা ব্যবহিতে বা বিপ্রকৃষ্টে বা অর্থে বিশ্বস্থ তমর্থ-মধিগচ্ছতি॥২৫॥

অমুবাদ। সমাধিপাদে "বিশোকা বা জ্যোতিমতী" এই স্ত্রে যে জ্যোতিমতী প্রবৃত্তির উল্লেখ আছে উহার আলোক অর্থাৎ নির্মাণ সম্প্রাকাশকে
যোগিগণ সংযম দারা পরমাণ্ প্রভৃতি স্ক্র গদার্থে হউক, ভূমধ্যে নিহিত গুগ
ধন প্রভৃতিতে হউক অথবা স্থমেকুর পরপারে অতি দ্রবর্তী বিষয়েই হউক,
বিস্তাস করিয়া নিক্ষেপ করিলে সেই দৈই বিষয় জানিতে পারেন॥ ২৫॥

মস্তব্য। ভগবান্ অর্জ্নকে, বেদব্যাস সঞ্জয়কে যে দিব্য চক্ষ্ণ প্রদান করিয়াছিলেন তাহা উল্লিখিত বিভৃতির প্রভাব মাত্র। চতুর্দশ ভূবন প্রকাশ করার শক্তি চিত্তের আছে, কেবল রক্ষা ও তমোগুণে আছের থাকার পারেনা, রক্ষা ও তমোমল বিদ্বিত হইলে সমস্তই জানা যাইতে পারে॥ ২৫॥

### मृख। जूरनब्बानः मृर्या मःयमा ॥ २७॥

ব্যাধ্যা। স্থের (স্থ্রাদি-দারকে মার্ভগুমগুলে) সংয্মাৎ (ধারণাদি-ত্রমাৎ) ভ্রমজ্ঞানম্ (চতুদিশভ্রমজ্ঞানং সম্পল্তে)॥ ২৬॥

তাৎপর্যা। সুষুমা নাড়ীকে দার করিয়া স্থ্যমণ্ডলে সংযম করিলে সমস্ত ভূবনের অববোধ হয়॥ ২৬॥

ভান্ত। তৎপ্রস্তারঃ সপ্তলোকাঃ, তত্রাবীচেঃ প্রভৃতি মেরুপৃষ্ঠং যাবদিত্যের ভূলোকঃ, মেরুপৃষ্ঠাদারভ্যাধ্রবাৎ গ্রহনক্ষত্রভারাবিচিত্রো-হস্তরিক্ষলোকঃ, তৎপরঃ স্বর্লোকঃ পঞ্চবিধঃ, মাহেক্রস্থতীয়ো লোকঃ, চতুর্থঃ প্রাক্তাপত্যো মহর্লোকঃ, ত্রিবিধো ত্রাক্ষঃ, তদ্বথা জনলোক-স্তপোলোকঃ সত্যলোক ইতি। "ত্রাক্ষান্ত্রভূমিকো লোকঃ প্রাক্তাপত্য-স্ততো মহান্। মাহেক্রক স্বরিত্যুক্তো দিবি তারাভূবি প্রকা" ইতি সংগ্রহ শ্লোকঃ। তত্রাবীচেক্রপর্যুপরিনিবিষ্টাঃ বগ্রহানরকভূময়ো ঘন-সলিলানলানিলাকাশতমঃ প্রতিষ্ঠাঃ মহাকালাম্বরীবরৌরবনহারৌরব-কারস্ত্রাম্বতামিঞাঃ, যত্র স্বকর্মোপার্ক্তিভত্বঃখবেদনাঃ প্রাণিনঃ কই-

মায়ুদীর্ঘমাক্ষিপ্য জায়ন্তে, ততো মহাতল-রসাতলাতল-স্তুতল-বিতল-তলাতল-পাতালাখ্যানি সপ্ত পাতালানি, ভূমিরিয়মফীমী সপ্তদ্বীপা ৰস্থমতী, যস্তাঃ স্থমেরুর্মধ্যে পর্বতরাজঃ কাঞ্চনঃ, তস্ত রাজভবৈদূর্য্য-ক্ষটিক-ছেম-মণিময়ানি শৃঙ্গাণি, তত্র বৈদূর্য্যপ্রভানুরাগাল্লীলোৎপল-পত্রস্থামো নভসো দক্ষিণো 'ভাগঃ, শ্বেছঃ পূর্ববঃ, স্বচ্ছঃ পশ্চিমঃ, কুরুগুকাভ উত্তরঃ। দক্ষিণপার্ষে কুদ্রাস্য জম্বূং যতোহয়ং জম্বুদীপঃ, তক্ত সূর্য্যপ্রচারাদ্ রাত্রিদিবং লগ্নমিব বিবর্ত্ততে, তক্ত নীলখেতশুক্সবস্ত উদীচীনান্ত্রয়ঃ পর্ববতা দ্বিসহস্রাযামাঃ, তদস্তবেষু ত্রীণি বর্ষাণি নব নব যোজনুসাহস্রাণি রমণকং হিরমায়মুত্তরাঃ কুরব ইতি। নিষধহেমকৃট-হিমশৈলা দক্ষিণতো দ্বিসহস্রামাঃ, তদস্তরেষু ত্রীণি বর্ষাণি নবনব যোজনসাহস্রাণি হরিবর্ষং কিস্পুরুষং ভারতমিতি। স্থনেরোঃ প্রাচীনা ভদ্রাখা মাল্যবৎদীমানঃ, প্রতীচীনাঃ কেতুমালা গন্ধমাদনসীমানঃ. मर्था वर्षमिलावुष्ठः, जरमञ्म् रयाजनभञ्मश्ट्यः स्रामरवार्मिन मिनि जनक्ति वृाएः, म थवाः भजमश्याद्याद्यारा जन्नवीभन्नता विश्वरान লবণোদধিনা বলয়াকৃতিনা বেপ্তিতঃ। ততশ্চ দ্বিগুণা দ্বিগুণাঃ শাক-কুশ-ক্রেঞ-শাল্মল-মগধ-পুকরদ্বীপাঃ, সপ্তসমূতাশ্চ সর্বপরাশিকল্লাঃ সবিচিত্রশৈলাবভংসা ইক্ষুরস-স্থরা-সর্পি-র্দধি-মগুক্ষীরস্বাদৃদকাঃ। সপ্ত-সমুদ্রবেপ্টিতা বলয়াকৃতয়ো লোকালোকপর্বতপরিবারাঃ পঞ্চাশদ্-যোজনকোটিপরিসংখ্যাতাঃ। তদেতৎ সর্ববং স্থপ্রতিষ্ঠিতসংস্থানমণ্ডমধ্যে 'ব্যুঢ়ং, অণ্ডঞ্চ প্রধানস্থাপুরবয়বো যথাকাশে খছোভঃ, তত্র পাতালে জলধৌ পর্ববভেম্বভেষু দেবনিকায়া অস্থর-গদ্ধর্ব্ব-কিম্নর-কিম্পুরুষ-যক্ষ-রাক্ষস-ভূত্ত-প্রেত-পিশাচাপস্মারকাপ্সরো-ত্রহ্মরাক্ষস-কুষ্মাগু-বিনা-প্রতিবসন্তি, সর্কেষ্ দীপেষ্ পুণ্যাত্মানো স্থ্যেক্সিদ্রশানামুম্ভানভূমিঃ, তত্ত্র মিশ্রবনং নন্দনং চৈত্ররথং স্থ্যানস্-মিত্যুম্বানানি, স্থধর্মা দেবসভা, স্থদর্শনং পুরং, বৈজয়ন্তঃ প্রাসাদঃ। अहनक्के जातकाञ्च अत्य निवक्षा वाश्विरक्षशनिव्राम्तानिक्

প্রচারাঃ স্থমেরোরুপর্য্যুপরি সন্নিবিষ্টা বিপরিবর্তত্তে। মাহেন্দ্র-নিবাসিনঃ ষড়দেবনিকায়াঃ, ত্রিদশা অগ্নিষাতা যাম্যাঃ তুষিতা অপরি-নির্ম্মিতবশবর্ত্তিনঃ পরিনির্ম্মিতবশবর্ত্তিনশ্চেতি, সর্বের সঙ্কল্পসিদ্ধা অণিমাল্যৈশ্বর্য্যোপপন্নাঃ কল্লায়ুষো বৃন্দারকা কামভোগিন ঔপপাদিক-দেহা উত্তমাসুকূলাভিরপ্দরোভিঃ কৃঙপরিবারা:। মহতি লোকে প্রাঙ্গাপত্যে পঞ্চবিধাে দেবনিকায়ঃ কুমুদাঃ ঋভবঃ প্রতর্দনা অঞ্চনাভা প্রচিতাভা ইতি, এতে মহাভূতবশিনো ধ্যানাহারাঃ কল্পসহস্রায়ুষঃ। প্রথমে ব্রহ্মণো জনলোকে চতুর্বিধো দেবনিকায়ো ব্রহ্মপুরোহিতা বক্ষকায়িকা বক্ষমহাকায়িকা অমরা ইতি, এতে ভূতেক্সিয়বশিনঃ। দ্বিতীয়ে তপসি লোকে ত্রিবিধো দেবনিকায়ঃ অভাস্বরা মহাভাস্বরাঃ সত্যমহাভাস্বরা ইতি। এতে ভূতেন্দ্রিয়প্রকৃতিবশিনো দ্বিগুণদ্বিগুণো-ত্তরায়ুব: সর্বের ধ্যানাহারা উদ্ধরেতসঃ উদ্ধমপ্রতিহতজ্ঞানা অধর-ভূমিম্বনার্তজ্ঞানবিষয়া:। তৃতীয়ে ত্রহ্মণঃ সত্যলোকে চম্বারো দেবনিকারা: অচ্যতা: শুদ্ধনিবাসা: সত্যাভা: সংজ্ঞাসংজ্ঞিনশ্চেতি। অকৃতভবনস্থাসাঃ স্বপ্রতিষ্ঠাঃ উপর্য্যুপরিস্থিতাঃ প্রধানবশিনো যাবৎ স্বর্গায়ুষঃ। তত্রাচ্যতাঃ সবিতর্কধ্যানস্থাঃ, শুদ্ধনিবাসাঃ সবিচারধ্যান-স্থাঃ, সত্যাভা আনন্দমাত্রধ্যানস্থাঃ, সংজ্ঞাসংজ্ঞিনশ্চান্মিতামাত্র-ধ্যানমুখাঃ, তেহপি ত্রৈলোক্যমধ্যে প্রতিতিষ্ঠন্তি। ত এতে সপ্ত-লোকা: गर्ब এব बन्नालाका:। विरानश्थकृ िनग्राञ्च साम्म भरान বর্ত্তন্তে, ন লোকমধ্যে হান্তা ইতি। এতদ্যোগিনা দাক্ষাৎকর্ত্তবাদ্ সূর্যাঘারে সংযমং কৃষা, তভোহ ক্সত্রাপি। এবস্তাবদভাসেৎ যাবদিদং সর্ববং দৃষ্টমিতি॥ ২৬॥

অম্বাদ। চতুর্দশ ভ্বনের প্রস্তার অর্থাৎ বিশ্রাস (পরিমাণ) বলা বাইতেছে। সমস্ত লোকের অধোভাগে অবীচি নামে নরকস্থান আছে, সেই অরীচি হইতে স্থমেরু পৃষ্ঠ পর্যান্ত স্থানকে ভূলোক বলে। স্থমেরু পৃষ্ঠ হইতে ক্রীন্ত নক্ষত্র পর্যান্ত গ্রহ নক্ষত্রাদি বেষ্টিত স্থান অম্বরিক্ষ (ভূবঃ) লোক, ইহার

পরে স্বর্গলোক পাঁচ প্রকার, ভূলোক ও ভুবর্লোক অপেক্ষা করিয়া মাহেন্দ্র-নামক স্বৰ্গলোক ভৃতীয়, তদুৰ্দ্ধে মহৎ নামে প্ৰাঞ্চাপত্য চতুৰ্থলোক, তৎপরে ত্রিবিধ ব্রাহ্মলোক যথা জনলোক, তপোলোক ও সত্যলোক। এই সপ্তবিধ া লোকের বিবরণ একটী সংগ্রহ শ্লোক দারা বলা যাইতেছে, ব্রান্ধলোক ত্রিভূমিক অর্থাৎ তিবিধ, তল্পিয়ে মহান্ নাম্ক প্রাজাপত্যলোক, মাহেল্রলোক স্বঃ ( স্বর্গ) বলিয়া কথিত, অন্তরিক্ষলোকে তারুকা ও ভূলোকে প্রাণিগণ বাস করে। অবীচি স্থান হইতে ক্রমশ: উর্দ্ধে পৃথিবী হইতে নিম্নে ছয়টা মহানরক স্থান আছে, ইহারা ক্ষিতি, জল, তেজঃ, বায়ু, আকাণ ও অন্ধকারের আশ্রয়. हेशामत्र नामाखत्र थथा महाकान, जन्नत्रीम, त्रोत्रव, महात्रोत्रव, कानस्व ७ ব্দমতানিশ্র। যেথানে প্রাণিগণ স্বকীয় পাপের ফল তীব্র যাতনা অনুভব করিতে করিতে অতি কষ্টে দীর্ঘজীবন অতিবাহিত করে। ইহার নিমে সপ্ত পাতাল যথা, মহাতল, রসাতল, অতল, স্থতল, বিতল, তলাতল ও পাতাল, এই সপ্ত-পাতাল অপেক্ষা অষ্টমী এই বস্তুমতী ভূমি সপ্তদীপরূপা, এই সপ্তদীপা মেদিনীর মধ্যস্থলে কাঞ্চনময় স্থমেক নামক পর্বতরাজ আছে, সেই স্থমেকর ঘণাঁক্রমে পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম ও উত্তরভাগে রজত, বৈদুর্য্য ( ক্লফ্ম পীতবর্ণ মণি, পোধ্-রাজ), ক্ষটিক ও হেমমণিময় চারিটী শৃঙ্গ আছে, তন্মধ্যে বৈদুর্য্য প্রভায় আকাশের দক্ষিণভাগ নীলপন্ম দলের স্তায় লক্ষিত হয়, রজত প্রভায় পূর্বভাগ খেতবর্ণ দেখার, পশ্চিমভাগ ক্ষটিক প্রভার স্বচ্ছ নির্মাণ দেখার, উত্তরভাগ কুরুগুক ( পীতবর্ণ পুষ্প ) পুষ্পের বর্ণের স্থায় দেখায়। এই স্থমেরুর দক্ষিণ পার্ষে জম্বু (জাম) রক্ষ আছে, যাহার নামে এই দ্বীপকে জমুদ্বীপ বলে। স্থমেরুর চতুর্দিকে স্থ্য ভ্রমণ করে বলিয়া বোধ হয় রাত্রি ও দিন সর্বাদাই লাগিয়া রিহিয়াছে, অর্থাৎ যথন বে ভাগে স্থ্য থাকে সেই ভাগে দিন ও তাহার বিপরীত ভাগে রাত্রি হয়। স্থমেরুর উত্তর ভাগে দিসহস্র যোজন দীর্ঘ নীল খেত শৃঙ্গ-বিশিষ্ট তিনটা পর্বত আছে, ইহাদের অন্তরালে (মধ্যভাগে) রমণক, হিরগ্নন্ন ও উত্তরকুক নামে নব নব যোজন সহস্র পরিমাণ তিনটা বর্ষ আছে। দক্ষিণ দিকে বি সহস্ৰ যোজন দীৰ্ঘে নিষধ, হেমকৃট ও হিমশৈল নামে তিনটী পৰ্বত আছে, তাহাদের মধ্যস্থানে নব নব যোজন সহস্র পরিমাণ হরিবর্ধ, কিম্পুরুষ ও ভারতনামে তিনটা বর্ষ আছে। প্রাদিকে মাল্যবান্ পর্বাত পর্যান্ত ভত্তাখনামে

দেশ আছে। পশ্চিমদিকে গন্ধমাদন পর্বত পর্যান্ত কেতুমাল দেশ, এই ছই मिन्दक छमात्र अवर क्लूमान वर्षक वरन । मधाञ्चातन हेनावृछ वर्ष । अहे नज সহস্র যোজনপরিমিত স্থানের ঠিকু মধ্য স্থানে স্থমেরু থাকায় প্রত্যেক পার্ষে পঞ্চাশৎ সহস্র বোজন পরিমাণে এই জমুদীপের পরিমাণ শতসহস্র বোজন দীর্ঘ, ইহার দ্বিগুণ পরিমাণ লবণ সমুদ্র দ্বারা বলয় (গোল) আকারে বেটিত রহি-ब्राष्ट्र। जसू, भाक, कून, त्कोर्क, भाजन, मगद ও প्रुक्त এই मश्रेषीय स्थाउत দিগুণ পরিমাণ অর্থাৎ জমুদ্বীপের দিগুণী পরিমাণ শাকদীপ ইত্যাদিরপে পরিমাণ বুঝিতে হইবে। লবণ, ইক্ষু রস, স্থরা, সর্পিঃ ( ঘৃত ), দধিমণ্ড, ক্ষীর ( হৃষ্ণ ) ও জল এই সপ্ত সমূদ্র সর্বপরাশির স্থায় বিশেষ উন্নতও নয় নিতান্ত নিয়ও নয়। হুন্দর পর্বতমালা সমুদ্রগণের অবতংস ( শিরোভূষা ) স্বরূপ। উক্ত সপ্তদ্বীপ উক্ত সপ্ত সমুদ্র ছারা ষথাক্রমে বেষ্টিভ, সমুদ্রগণ স্ব স্ব দ্বীপের (যে যাহাকে বেষ্টন করিয়াছে ) দিগুণ পরিমাণ। সপ্ত সমৃদ্র পরিবেষ্টিত এই সপ্তদীপ গোল আকারে অবস্থিত। ইহা চতুর্দশ ভূবনের বহিঃস্থিত লোকালোক পর্বত দারা বেষ্টিত। সপ্ত সমুদ্র সহিত সপ্ত দ্বীপ বস্ত্রমতীর পরিমাণ পঞ্চাশ কোটি যোজন। উদ্ভিধিত ভূলোক বন্ধাওমধ্যে অসম্বীর্ণভাবে সংক্ষিপ্ত রহিয়াছে। যাহার মধ্যে এই সমস্ত ভুবন অন্তর্নিহিত আছে, ধারণার অতীত অতি বৃহৎ সেই ব্রহ্মাণ্ডও প্রধানের (প্রকৃতির) একটা কুদ্র অবয়ব, যেমন আকাশে খন্তোত (জোনাকি) অবস্থান করে, তদ্রুপ প্রক্তাতির মধ্যে ব্রহ্মাণ্ড আছে। উক্ত সপ্ত লোকের মধ্যে त्वात्क त्य काजीय कीव वाम कत्त्र ठांश वित्यय कतिया वना याहेत्व्रह, ভূলোকের মধ্যে, পাতালে ও সমুদ্র পর্বত প্রভৃতি স্থানে দেবজাতীয় ও অস্তর, গন্ধর্ম, কিন্নর, কিম্পুরুষ, যক্ষ, রাক্ষস, ভূত, প্রেত, পিশাচ, অপন্মারক, অব্দরঃ বন্ধরাক্ষ্য, কুমাও ও বিনায়কগণ বাস করে। সমস্ত দ্বীপেই দেবগণ ও মনুষ্যগণ ইহারা পুণ্যাত্মা অর্থাৎ পুণ্যফলে দেবতা ও মানবন্ধনা লাভ হয়। দেবগণের উষ্ঠানভূমি (বিহার স্থান) স্থমের পর্বাত, উহাতে মিশ্রবন, নন্দন, ি চৈত্ররথ, ও স্থ্যানস নামক চারিটী উত্থান আছে। দেবগণের সভার নাম স্থধর্মা, প্তারর নাম্্রেদর্শন, প্রাসাদের নাম বৈজয়ন্ত। ভ্রবেলাকে (অন্তরিক লোকে) হর্মাদি গ্রহণ্ণ, অখিনী প্রভৃতি নক্ষত্রগণ ও ইতর অর জ্যোতিঃ তারা गुक्त अन नक्छ बायुक्तभ तक्कू बाता वक श्रेश वायुत मधानटन निष्ठ

গতিতে <del>স্বমেদর উপরিভা</del>গে নিয়তরূপে স্থিত থাকিয়া অনবরত **পুরিতেছে।** ভূতীয় অর্লোকে (মহেক্রলোকে) ছয়টা দেবজাতীয় জীব আছে, য়খা ত্রিদশ, অधিৰাত, যাম্য, তুৰিত, অপরিনির্মিত বশবর্ত্তী ও পরিনির্মিত বশবর্ত্তী, সকলেই সম্মাসিদ, অর্থাৎ ইচ্ছামুসারেই উপভোগ করিতে সক্ষম, অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্যুক্ত, কল্প অর্থাৎ চতুর্যুগ সহত্র বঙ্গর রূপ বন্ধার দিন পরিমাণ ইহাদের আয়ু:কাল। বৃন্দারক (পূজ্ঞ্চ) কামভোগী (মৈপুনপ্রিয়) ইহারা अभागिक त्मर वर्षार भिजामाजात एक मीनिज वाजितत्व जेरक मे भगकतन िष्या भन्नीत्रथात्री । देशात्रा नर्समा स्वन्तत्री अभावात्र महिक विशाद करत्रन । প্রাক্ষাপত্য মহৎ (মহর্লোক) লোকে কুমুদ, ঋভব, প্রতর্দন, অঞ্চনাভ ও প্রচিতাভ এই পাঁচ প্রকার দেবজাতিবিশেষ বাস করেন। মহাভূত সকল ইহাদের বশীভূত অর্থাৎ ইহাদের অভিনাষ অমুসারে মহাভূতের পরিণাম হয়। ইহারা ধ্যানাহার, ধ্যানমাত্রেই পরিভৃগু, কল্পহস্র ইহাদের আয়ু:। ত্রন্ধার তিনটা (জন, তপঃ সত্য) লোকের মধ্যে প্রথম জনলোকে চারি প্রকার দেবজাতি বাস করে, ব্রহ্মপুরোহিত, ব্রহ্মকায়িক, ব্রহ্মমহাকায়িক ও অমর, ইহারা ভূত ও ইক্রিয়ের প্রভু অর্থাৎ পূর্ব্বোক্ত দেবগণ কেবল ক্ষিত্যাদি ভূতের পরিচালক, ইহারা ভূত ও ইক্রিয় উভয়ের নিয়ামক। অভাস্বর, মহাভাস্বর-ও সত্যমহাভাশ্বর নামে ত্রিবিধ দেবজাতির বাস; ভূত, ইন্দ্রির ও প্রকৃতি ইহাদের অধীন, ইহাদের ইচ্ছামত প্রকৃতিরও পরিণাম হয়, ইহারা যথোত্তর **বিশুণ আয়ুঃ অর্থাৎ অভাস্বর দেবগণের বিশুণ আয়ুঃ মহাভাস্বর, তাহার বিশুণ** আয়ুঃ সত্যমহাভাম্বর ইত্যাদি। সকলেই ধ্যানমাত্রে পরিভৃপ্ত, উর্দ্ধরেতঃ, ইহাদের বীর্যাত্মলন হয় না, উর্দ্ধে অর্থাৎ সত্যলোকেও ইহাদের জ্ঞানের অবিষয় নাই, অধরভূমিতে অর্থাৎ অবীচি হইতে সমস্ত লোকেই ইহাদের জ্ঞান অপ্রতি-হত। তৃতীয় ব্রন্ধলোকে (সভ্যলোকে) চারি প্রকার দেবতার বাস, অচ্যুত, ভদ্ধনিবাস, স্ত্যাভ ও সংজ্ঞাসংজ্ঞী। ইহাদের গৃহবিভাস নাই, স্ক্তরাং স্বপ্রতিষ্ঠ অর্থাৎ নিজেই নিজের আশ্রয়। অচ্যুত দেবগণের উপরি ওদ্ধ নিবাস দেবগণের বাদস্থান, এইরূপে যথোত্তর উর্জে উর্জে বাদস্থান ব্ঝিতে হইবে। रेराता नकरनर अधान जाननात्र नमर्थ, रेरात्तत्र आतुःकान रहिकारनत्र नमान, স্টির বিনাশ মহাপ্রলয়ের সময় ইহাদের নাশ হয়। অচ্যুতগণ সবিতর্ক-খ্যানে

পরিত্থ, শুদ্ধনিবাসগণ সবিচার ধ্যানে রত, সত্যাভগণ সানন্দমাত্র ধ্যানে স্থাও সংজ্ঞাসংজ্ঞিগণ অস্মিতামাত্র ধ্যানে নিরত। ইহারাও ত্রৈলোক্য অর্থাৎ ব্রহ্মাণ্ড মধ্যে বাদ করেন। এই সপ্তলোক বলা হইল, সকলকেই ব্রহ্মলোক বলা যাইতে পারে, কারণ ব্রহ্মার (হিরণ্যগর্ভের) লিঙ্গ দেহ দ্বারা সমস্তই পরিব্যাপ্ত। উপরোক্ত সকলেই সম্প্র্জ্ঞাত সমাধিতে নিরত। বিদেহ ও প্রকৃতিলয় যোগিগণ অসম্প্র্জ্ঞাত সমাধি দ্বারা দিদ্ধ, তাঁহারা মোক্ষপদে অবস্থিত, ব্রহ্মাণ্ডা, তাহাতে সংযম করিয়া যোগিগণ প্রের্জ্ ভ্বনজ্ঞান লাভ করেন, কেবল স্থ্যন্বার বলিয়া কথা নাই যোগাচার্য্য প্রদর্শিত অন্ত স্থানে সমাধি করিলেও হয়। সমস্ত ভ্বনের জ্ঞান না হওয়া পর্যান্ত সংযম অত্যাস পরিত্যাগ করিবে না। স্থ্যন্বার ও অন্ত বিষয়ে সংযমের বিশেষ এই, স্থ্যন্বারে সংযম করিলে সমস্ত ভ্বনের জ্ঞান হয়, অন্তর্জ সেইটুকুর মাত্র জ্ঞান হয়॥ ২৬॥

় মস্তব্য। ভাষ্যে যে ভূবনের বিবরণ প্রদর্শিত হইয়াছে, উহা পুরাণসম্মত, জ্যোতিঃ শাস্ত্রের সহিত উহার ঐক্য হয় না। এই মতে পৃথিবী অচলা, অন্তরিকে রাশি চক্রে স্থ্যাদি গ্রহণণ পরিভ্রমণ করিতেছে, পৃথিবীর নিমে অনন্তদেব কুর্ম প্রভৃতি অবস্থান করে, তাঁহারা নিরালমে থাকিয়া ধরা ধারণ করিতেছেন। সপ্ত পাতালের উপরি অবীচি নামক নরকভূমি, তাহার উর্দ্ধে ্ ভুরাদি সপ্তলোক, ভূর্লোকের (পৃথিৰীর) ঠিক মধাস্থানে স্থমেক পর্বত, উহা সমস্ত বর্ষেরই উভরে স্থিত "সর্কেষামেৰ বর্ষাণাং মেরুকুত্তরতঃ স্থিতঃ," ইহার কারণ হুর্যা হ্রমেরুর চতুর্দিকে দক্ষিণাবর্ত্তে ভ্রমণ করে, ষেস্থানে প্রথমে ऋर्रगामम मृष्टे रम रमरेगे भूर्कमिक, এर ভাবে यमन रमन ऋर्ग पूजिया आर्म, পূর্ব্যের প্রথম দৃষ্টি অনুসারে স্থমেকও সেই ভাবে সকল বর্ষের উত্তর হয়, বর্ষগুলি স্থমেরুর চারি দিকে অবস্থিত। স্থমেরুর যে পার্শ্ব স্থ্যকিরণে সমুত্তাসিত হর, তাহা দিন, উহার বিপরীত ভাগ রাত্রি। স্থমেরুর উপরি ভাগে শুন্তে স্থ্য ভ্রমণ করে, তথাপি যেরপ রক্ষের ছারা পড়ে, তজ্ঞপ স্থমেরুং ছারা পঁড়ার রাত্তি হয়। অন্তরিক লোকে (ভূবর্লোকে) ধ্রুবনামক একট ্ব স্থির নুক্ত আছে, গ্রহনক্ত্রগণ উহাতে সম্মানরূপে থাকিরা আপন আপ<sup>ন</sup> কক্ষে ভ্ৰমণ করে, বেমন ক্ষকগণ মেটি কাঠে (মেই কাঠে) বন্ধ রাণির

ক্রমশ: এক শৃঙ্খলে ৪।৫টা গরু বাঁধিয়া অনবরত ঘুরাইয়া পল (বিছালী) হইতে ধান্ত পৃথক্ করে (ধানমলে), তদ্রপ প্রবনক্ষত্রে আবদ্ধ থাকিয়া বাযুরপ রুষক কর্তৃক পরিচালিত গ্রহনক্ষত্রগণ পরিত্রমণ করিতেছে। ইহার বিশেষ বিবরণ ভাগবত বিষ্ণুপুরাণাদিতে আছে॥ ২৬॥

## সূত্র। চল্রে তারাব্যহজ্ঞানম্॥ ২৭॥

ভাষ্য। চল্রে সংযমং কৃষা তারীব্যুহং বিজানীয়াৎ ॥ ২৭ ॥

অফুবাদ। চক্রমগুলে সংযম করিলে তারাগণের ব্যুহের (সন্নিবেশের) জ্ঞান হয়॥ ২৭॥

মস্তব্য । সুর্য্যের আলোকে তারাগণ অভিভূত থাকার সুর্য্যে সংযম ধারা তারাগণের বিশেষ জ্ঞান হইতে পারে না, তাই পৃথক্ ভাবে সংযমের কথা বলা হইরাছে, নতুবা ভূবনের অন্তর্গত তারাগণের জ্ঞান পূর্বস্ত্রোক্ত স্থ্য-সংযম ধারাই হইতে পারিত॥ ২৭॥

### সূত্র। ধ্রুবে তদ্গতিজ্ঞানম্॥ ২৮॥

ভাক্স। ততো ধ্রুবে সংযমং কৃত্বা তারাণাং গতিং জানীয়াৎ। উদ্ধবিমানের কৃতসংযমস্তানি জানীয়াৎ॥২৮॥

অন্থবাদ। তারকাগণের স্বরূপজ্ঞানের অনস্তর ধ্রুবনামক স্থির নক্ষত্র প্রধানে সংযম করিলে তারাগণের গতি জানা যায়, এই তারাটা এই কালে এই রাশিতে এই নক্ষত্রের সহিত গমন করে তাহা বিশেষ করিয়া জানিতে পারা যায়। এইরূপে উর্জবিমান অর্থাৎ আদিত্যাদি রথে সংযম করিলে সেই সমস্ত বিষয় জানিতে পারা যায়॥ ২৮॥

মস্তব্য। উদ্ধবিমানাদির কথা স্ত্ত্রে নাই, উহা যোগশাস্ত্রান্তরের কথা, ভাষ্যকার অন্তুক্ত-পূরণ করিয়াছেন॥ ২৮॥

· সূত্র। নাভিচক্রে কায়ব্যহজ্ঞানম্ ॥ ২৯॥ ভাষ্য। নাভিচক্রে সংযমং কৃতা কায়ব্যহং বিশ্বানীয়াৎ। বাঙপিত্তশ্লেমাণত্তয়ো দোবাঃ সন্তি, ধাতবঃ সপ্ত ছণ্লোহিত-মাংস-স্নাযু স্থিমজ্জা-শুক্রাৰি, পূর্ববং পূর্ববেষষাং বাছমিতি বিশ্বাস:॥ ২৯॥

অমুবাদ। বাহু সিদ্ধি পূর্বে বলা হইয়াছে, সম্প্রতি আধ্যাত্মিক সিদ্ধি বলা বাইতেছে। শরীরের ঠিক মধ্যস্থানে নাভিচক্রে সংযম করিলে কার্ন্যুহ অর্থাৎ দেহাস্তর্গত সমস্ত পদার্থের সম্যক্ জ্ঞান হয়,। বাত, পিত্ত ও শ্লেমা এই তিনটী দোৰ, দপ্তধাভূ বথা ত্বক্ (রুস), লোহিত, মাংস, স্নায়ু (মেদ) অস্থি, মজ্জা ও ভক্র (রেতঃ), ইহাদের পূর্ব-পূর্ব্বটা উত্তর উত্তরটীর বাছ অর্থাৎ কারণ, রস হইতে রক্ত জন্মে, রক্ত হইতে মাংসজন্মে এইরূপে সপ্তধাতুর উৎপত্তি হয়, ভুক্তব্য প্রথমতঃ রুসরূপে পরিণত হয়, উহা হইতে ক্রমশঃ রক্তাদির উৎপত্তি হইয়া থাকে॥ ২৯॥

मस्या। आधात ७ विकटरकात उभित्रिजारा मनमन माजिहक अथरम रे উৎপন্ন হয়, উহার উর্দ্ধ ও অধোভাগে অভাভ শরীরাবয়ব হইয়া সমস্ত শরীর জন্মে। চক্রসমূদায়ের বিশেষ বিবরণ ষ্ট্চক্র গ্রন্থে আছে। আয়ুর্বেদ শারীর-স্থানে শরীরের বিশেষ বিবরণ আছে।

ছান্দোগ্য উপনিষদে বর্ণনা আছে, আমাদের ভুক্ত-দ্রব্য তিন ভাগে বিভক্ত হয়, উৎকৃষ্ট অংশে স্ক্রেশরীর পুষ্ট হয়, মধ্যম অংশে স্থূলদেহের উপচয় হয়, निकृष्टें जारा मनमुजानि करा । मधाम जाम व्यथमजः त्रम, त्रम हरेराज कथित এইভাবে শুক্রপর্যান্ত পরিণত হয়। এই কারণেই গীতাপ্রভৃতি স্থানে ত্রিবিধ আহারের উল্লেখ আছে ॥ ২৯॥

# সূত্র। কণ্ঠকূপে ক্ষুৎপিপাসা নির্ত্তিঃ॥ ৩০॥

ভাষ্য। জিহ্বায়া অধস্তাৎ তন্ত্রঃ, ততোহধন্তাৎ কৃপঃ, তত্র-সংযমাৎ ক্ষুৎপিপাসে ন বাধেতে ॥ ৩০ ॥

অমুবাদ। জিহ্বার নিমে তম্ভ, (কণ্ঠশিরা), তাহার নিমে কণ্ঠ (তম্ভ-মূল হইতে ৰক্ষ:হল পৰ্যান্ত ), তাহার নিমে বে কুপাকার স্থান আছে তাহাতে भश्यम कविता क्या ज्या थाटक मा॥ ७०॥

সম্বৰান সামায়ণের বর্ণনা, বনবাসকালে লক্ষণ চতুর্দশ বৎসর পান ভোজন

করেন নাই, বিশ্বামিত্র-শ্ববি, রামলক্ষণকে জয়া-বিজয়া নামক বিভাপ্রদান করেন, তাহাতে ক্ষ্মা তৃষ্ণা হয় না। এই বিভা উক্ত কণ্ঠক্পে সংঘমসিদ্ধি ভিন্ন আর কিছুই নহে। অধিক দিনের কথা নহে প্রাচীন লোক অনেকেই জানেন. কলিকাতা খিদিরপুরের ভূকৈলাসের রাজারা অরণ্য হইতে একটী ঘোগীকে ধরিয়া আনেন, যোগীর পান আহার নাই, নিশ্চেষ্ট এবং সমাধিনিরত, নানারপ কঠোর প্রয়োগে উইার ধ্যান ভঙ্গ হয় এবং অবশেষে মরিয়া যায়।

সত্তের লিখিত কুপাকার স্থানে প্রাণবায়্র সংযোগে কুৎপিপাসা বোধ হয়, সমাধি ধারা প্রাণবায়ু যাহাতে উক্তস্থানে ঘাইতে না পারে এরপ করিতে পারিলে আর কুধা ভৃষ্ণা হয় না। যোগগুরুর উপদেশে উক্ত সিদ্ধি হইতে পারে, শাস্ত্রে ও তাদৃশ গুরুবাক্যে বিশ্বাস আবশ্রক ॥ ৩০ ॥

### সূত্র। কুর্ম্মনাড্যাং স্থৈর্য্যয়॥ ৩১॥

ভাষ্য। কৃপাদধ উরসি কূর্মাকারা নাড়ী, তস্তাং কৃতসংবমঃ স্থিরপদং লভতে, যথা সর্পো গোধাবেতি ॥ ৩১ ॥

অমুবাদ। উক্ত কুপাকার স্থানের নিম্নে বক্ষ:স্থলে কুর্ম্ম আকারে বে নাড়ী আছে, তাহাতে সংযম করিলে চিত্ত স্থির হয়, যেমন সর্প গোধা প্রভৃতি কুগুলিত হইয়া থাকে তজ্ঞপ॥ ৩১॥

মস্তব্য। কুগুলিত 'সর্পের স্থার অবস্থান করে বলিয়া বক্ষঃস্থলকে কুর্ম-নাড়ী বলে ॥ ৩১ ॥

### সূত্র। মূর্দ্ধজ্যোতিষি সিদ্ধদর্শনম্॥ ৩২॥

ভাষ্য। শিরঃ কপালেহস্তশ্ছিদ্রং প্রভাস্বরং জ্যোতিঃ, তত্র সংযমাৎ সিদ্ধানাং ভাষাপৃথিব্যোরস্তরালচারিণাং দর্শনম্॥ ৩২॥

অমুবাদ। শির: কপালে অর্থাৎ ব্রহ্মর্ম্নুস্থানে যে প্রভাস্কর জ্যোতিঃ সম্ব-প্রকাশ আছে, তাহাতে সংযম করিলে অন্তরিক্ষবাসী সিদ্ধরণের দর্শন হয় ॥৩২॥

মন্তব্য। হৃদয়স্থানস্থিত চিত্তরূপ মণির প্রভা স্থ্যুয়া নাড়ী সহকারে। বন্ধরদ্ধে সম্পিতিভভাবে থাকে, উহাতে সংযম করিতে হয়॥ ৩২॥

#### সূত্র। প্রাতিভাৎ বা সর্বম্॥ ৩৩॥

ভাক্স। প্রাতিজ্ঞ নাম তারকং, তদিবেকজস্ম জ্ঞানস্ম পূর্ববিরূপং যথোদয়ে প্রভা ভাস্করস্ম, তেন বা সর্বমেব জানাতি যোগী প্রাতিজস্ম জ্ঞানস্যোৎপত্তাবিতি॥ ৩৩॥

অমুবাদ। প্রতিভা (উহ, তর্ক), হুইতে উৎপন্ন অর্থাৎ উপদেশ ব্যতিরেকে স্বভাবতঃ জান্নমান জ্ঞানকে প্রাতিভ বলৈ, ঐ জ্ঞান প্রসংখ্যান জ্ঞানকে উৎপাদন করে বলিয়া সংসার হইতে তরণ করান্ন, অতএব উহাকে তারক বলে। স্বর্য্যোদয়ের পূর্বারূপ প্রভার (অরুণোদয়ের) স্থায় উহা বিবেকজ জ্ঞানের পূর্বারূপ, এই প্রাতিভজ্ঞানের উৎপত্তিতেই যোগিগণ সমস্ত বিষয় জানিতে পারেন॥ ৩৩॥

মস্তব্য। "তারকং সর্কবিষয়ং" এই আগামী স্থত্রে যদিচ বিবেকজ্ঞানকেই তারক বলা হইয়াছে, তথাপি তাহার কারণ বলিয়া প্রাতিভজ্ঞানকেও তারক বলা যায়। "উৎপত্তৌ" এই সপ্তমী বিভক্তি দ্বারা প্রকাশ হইয়াছে যে উহাতে অস্ত উপারের আবশুক নাই। সংযমসিদ্ধির প্রকরণে অস্তবিধ সিদ্ধির কথা বলা হয় নাই, কারণ, "ক্ষণতৎক্রময়োঃ সংযমাৎ বিবেকজং জ্ঞানম্" এই স্থত্রে সংযমের ফল বিবেকজ্ঞান বলা হইবে, স্কৃতরাং তাহার পূর্বরূপ প্রাতিভ-জ্ঞানও সংযমসাধা ব্রিতে হইবে॥ ৩৩॥

## मृख। ऋनरत्र हिन्दमः विष्॥ ७८॥

ভাষ্য। যদিদমন্মিন্ ব্রহ্মপুরে দহরং পুশুরীকং বেশ্ম, তত্র বিজ্ঞানং তন্মিন্ সংযমাৎ চিত্তসংবিৎ ॥ ৩৪ ॥

অমুবাদ। এই যে ব্রহ্মপুর (আত্মার গৃহ) শরীর, ইহাতে গর্ভের আকার কুদ্র অধােমুখ হৃৎপদ্ম স্থান আছে, ইহা বেশ্ম অর্থাৎ চিত্তের আলয়, ইহাতে সংযম করিলে (সংস্কার রহিত) চিত্তজ্ঞান জন্মে॥ ৩৪ ॥

মন্তবী। চিত্তের স্থান মন্তক কি হাদয়, এ বিষয়ে আনেকের মততেদ আছে, পাশ্চাত্য দার্শনিকগণের মতে মন্তকই চিত্তের স্থান। পাতঞ্জলমতে ক্রিক্টান হুদয়, এস্থান হুইতে মন্তকে ব্রহ্মরন্ধে চিত্ত-সম্বের প্রভা বিকীর্ণ হর, তাহাতেই জ্ঞান জ্বেন। উপাসকগণ হৃৎপদ্মকেই আরাধ্যদেবের রত্বসিংহাসনরূপে প্রদান করিরাছেন, "হৃৎপদ্মমাসনং দভাং" এইরূপে মানসপূজার বিধান
আছে। ২৭ স্ত্র হইতে ৩৪ স্ত্র পর্যাস্ত স্থাম বিবেচনার ব্যাখ্যা ও তাৎপর্য্য
পৃথক্রপে করা হইল না॥ ৩৪॥

সূত্র। সত্বপুরুষয়ো, রত্যন্তাসৃষ্কীর্ণয়োঃ প্রত্যয়াবিশেষো ভোগঃ পরার্থত্বাৎ স্থার্থসংযমাৎ পুরুষজ্ঞানম্॥৩৫॥

ব্যাথ্যা। অত্যন্তাসন্ধীর্ণরোঃ (অত্যন্তভিন্নরোঃ) সত্বপুরুষরোঃ (বৃদ্ধিচিৎশক্ত্যোঃ) প্রত্যন্তাবিশেষঃ (বিবেকাগ্রহঃ) ভোগঃ (বিষয়ামূভবঃ, দ চ দৃশ্রঃ)
পরার্থত্বাৎ (পরপ্ররোজননিম্পাদকত্বাৎ, চিত্তস্ত ইতি শেষঃ), স্বার্থসংযমাৎ
(চিতিমাত্ররূপে সংযমাৎ), পুরুষজ্ঞানং (আত্মসাক্ষাৎকারঃ ভবতীতি শেষঃ) ॥৩৫॥

তাৎপর্য। পরিণামিত্ব অপরিণামিত্বাদি বিভিন্ন ধর্ম বশতঃ বৃদ্ধি ও পুরুষ সন্ধীর্ণ অর্থাৎ তুল্য নহে, তথাপি বৃত্তি সারূপ্য নিবন্ধন স্থখছঃথাদির ভোগ অর্থাৎ চিত্তের ধর্ম পুরুষে আরোপ হয়, কারণ বৃদ্ধি ও তাহার বৃত্তি পরার্থ অর্থাৎ পুরুষের নিমিত্ত, যে বস্তু পরার্থ নহে কেবল চৈতক্তস্বরূপ সেই পুরুষে সংযম করিলে আযুক্তান হয়॥৩৫॥

ভাষ্য। বৃদ্ধিদন্ধং প্রখ্যাশীলং সমানসন্বোপনিবন্ধনে রজস্তমসী বশীকৃত্য সন্থপুরুষান্ততা প্রভ্যনেন পরিণতং তত্মাচ্চ সন্থাৎ পরিগামিণোহতাস্ত বিধর্মা শুদ্ধোহন্তাশ্চিতিমাত্ররূপঃ পুরুষং, তয়োরত্যস্তাসঙ্কীর্ণয়োঃ প্রভ্যমাবিশেষো ভোগঃ পুরুষত্য দর্শিতবিষয়ন্তাং, স
ভোগপ্রভায়ঃ সন্থত্ত পরার্থনাদ্ দৃশ্যঃ, যস্ত তত্মাদ্বিশিষ্টশ্চিতিমাত্ররূপোহন্তঃ পৌরুষেয়ঃ প্রভায়ন্তত্র সংয্যাৎ পুরুষবিষয়া প্রজ্ঞা জায়তে
নচ পুরুষপ্রভায়েন বৃদ্ধিসন্থান্থানা পুরুষো দৃশ্যতে, পুরুষ এব
প্রভায়ং স্বাত্মাবলম্বনং পশ্যতি, তথাঞ্জুং "বিজ্ঞাভারমরে কেন
বিজ্ঞানীয়াদ্" ইতি॥ ৩৫॥

অসুবাদ। প্রথানীল (বিষয়প্রকাশস্থভাব) বৃদ্ধিসত্ব (চিন্ত) তুল্যভাবে । সত্বপ্রণের সহিত নিয়তসম্বন্ধ রক্ষঃ ও তমোগুণকে অভিতব করিয়া বৃদ্ধি ও পুক্রের অক্সতা (ভেদ) জ্ঞানরূপে পরিণত হয়, তাদৃশ অতিবছ চিত্তসম্ব হৈছেও পুরুষ ভিয়, কারণ, সম্বপ্তণ পরিণামী, পুরুষ পরিশুদ্ধ পরিশামবিরহিত, আত্যন্ত বিভিন্ন সেই চিত্তসম্ব ও পুরুষের প্রত্যয়াবিশেষ অর্থাৎ বৃত্তিসারপ্য বশতঃ স্থবঃখাদির পুরুষে আরোপের নাম ভোগ, ঐ ভোগের কারণ পুরুষ দর্শিত-বিষয় অর্থাৎ চিত্ত সমস্ত বিষয়কে পুরুষের উদ্দেশে দেখায় ৷ চিত্তসম্ব পরার্থ অর্থাৎ পরপুরুষের প্রয়োজন সম্পাদন করে বলিয়া তাহার উক্ত ভোগও পরার্থ, স্বতরাং দৃশ্য (পুরুষের জ্ঞের ), যেটা উক্ত ভোগ (জন্তজ্ঞান, বৃত্তি, ব্যবসায়) হইতে পৃথক, কেবল চৈতন্তরূপ পৌরুষের জ্ঞান (অন্ব্যবসায়), অর্থাৎ ভদ্ধপুরুষম্বরূপের বাৈধ ভাহাতে সংঘম করিলে পুরুষ-বিষয়জ্ঞান (আয়সাম্বাংকার) হয় ৷ পুরুষাকারে চিত্তবৃত্তি দ্বারা পরিশুদ্ধপুরুষের বােধ হয় না, কারণ জড়ের (চিত্ত-বৃত্তির) দ্বারা চৈতন্ত প্রকাশ হয় না, চৈতন্ত দ্বারাই জড়ের প্রকাশ হইয়া থাকে ৷ পুরুষই নিজের আলম্বন প্রত্যয়কে (চিত্তবৃত্তিকে ) প্রকাশ করে, এই নিমিত্তই উক্ত হইয়াছে "বিজ্ঞাতা পুরুষকে কোন্ করণ দ্বারা জানিতে পারে ? এমন কোনও জড়বস্ত নাই যে পুরুষকে প্রকাশ করিতে পারে ॥ ৩৫ ॥

মন্তব্য। এই স্ত্রের গৃঢ় মর্দ্ম প্রথম পাদে "বৃত্তিসাত্মপামিতরত্র" ইত্যাদি স্থানে বিশেষক্রপে প্রকাশ করা হইয়াছে। পুরুষের জ্ঞান কিরূপে হইতে পারে, আপনার জ্ঞান আপনি হয় না, জ্ঞের ও জ্ঞাতা এক জন হইতে পারে না, এই প্রশ্নের উত্তর এই, যেমন দর্পণে প্রতিবিশ্বিত পুরুষকে পুরুষ নিজেই দেখিতে পার, তক্রপ বৃদ্ধিদর্পণে প্রতিবিশ্বিত পুরুষকে পুরুষ নিজেই দেখিতে পারে। যে ভাবে চিত্তবৃত্তি ঘটপটাদিকে প্রকাশ করে পুরুষকে সে ভাবে পারে না, কারণ জড় হারা চৈতন্তের প্রকাশ হয় না। চিত্তবৃত্তিতে পুরুষের প্রতিবিদ্ধ হয়, বৃত্তি ত্যাগ করিয়া কেবল শুদ্ধ সেই প্রতিবিদ্ধে সংযম করাই পুরুষজ্ঞানের ( আত্মসাক্ষাৎকারের ) অসাধারণ কারণ ॥ ৩৫ ॥

সূত্র। ততঃ প্রাতিভশ্রাবণবেদনাদর্শাস্বাদবার্ত্তা জায়স্তে॥৩৬॥
ন্যাখ্যা। ততঃ (পূর্ব্বোক্তাৎ স্বার্থসংখ্যাৎ চিন্নমভ্যভ্যনানাৎ), প্রাতিভেজাদি (মুখানকালেংশি প্রাতিভাদি শক্তরো ভবস্তীত্যর্থঃ)॥ ৩৬॥

তাৎপর্য্য। স্বার্থে সংঘম স্মারম্ভ করিয়া আত্মপ্রান হওরা পর্যান্ত যোগীর ব্যুখানকালেও প্রাক্তিভাদি নামক স্মলৌকিক সিদ্ধি হইয়া থাকে॥ ৩৬॥

ভাষ্য। প্রাতিভাৎ সূক্ষন্যবহিত্বিপ্রকৃষ্টাতীতানাগতজ্ঞানং, প্রাবণাৎ দিব্যশব্দপ্রবণং, বেদনাৎ দিব্যস্পর্শাধিগমঃ, আদর্শাৎ দিব্যক্ষপমংবিৎ, আস্বাদাৎ দিব্যরদসংবিৎ, বার্ত্তাতো দিব্যগন্ধবিজ্ঞানং, ইত্যেতানি নিত্যং জায়স্তে॥ ৩৬॥ ।

অমুবাদ। প্রাতিভশব্দে চিত্তের সামর্থ্য বিশেষ বুঝার, উহা দ্বারা স্ক্রা, ব্যবহিত, দ্ববর্ত্তী, অতীত ও ভবিশ্বং বিষয়ের জ্ঞান হয়। প্রাবণ শক্তি দ্বারা দিব্য শব্দের প্রবণ হয়। বেদন (ত্বক্ ইক্রিয়ের শক্তিবিশেষ) হইতে দিব্য স্পর্শের বোধ হয়। আদর্শ (চক্রুর শক্তিবিশেষ) হইতে দিব্য রূপের বোধ হয়। আম্বাদ (রসনাশক্তি) হইতে দিব্য রসজ্ঞান ও বার্ত্তা (ঘ্রাণের শক্তি) হইতে দিব্য গদ্ধের জ্ঞান হয়। উক্ত শক্তি সমুদায় সর্ব্বদাই হইয়া থাকে॥ ৩৬॥

মস্তব্য। স্থাত্তের "ততঃ" শব্দের অর্থ বিজ্ঞান ভিক্ষুর মতে পুরুষজ্ঞান, বাচম্পতির মতে স্বার্থসংযম, বাচম্পতির মতই সমীচিন বোধ হয়॥ ৩৬॥

সূত্র। তে সমাধাবুপদর্গা ব্যুত্থানে দিদ্ধয়ঃ॥ ৩৭॥

ভাষ্য। তে প্রাতিভাদয়ঃ সমাহিতচিত্তস্থোৎপঞ্চমানা উপসর্গাঃ তদ্দর্শনপ্রত্যনীকত্বাৎ, ব্যুথিভচিত্তস্থোৎপঞ্চমানাঃ সিদ্ধয়ঃ॥ ৩৭॥

অমুবাদ। সমাহিত্তিত্ত যোগীর পক্ষে প্রাতিভ প্রভৃতি সিদ্ধি সকল জুন্মিলে উপসর্গ অর্থাৎ অনিষ্ঠ বলিয়া বোধ হয়, কারণ, উহারা আত্মজ্ঞানের প্রতিবন্ধক, ব্যথিতটিত্ত অর্থাৎ সমাধি রহিতের পক্ষে উৎপন্ন হইলে সিদ্ধি বলিয়া পরিগণিত হয়॥ ৩৭॥

মন্থবা। নিঃশ ব্যক্তি বৎসামাল অর্থকেও অধিক বলিয়া বোধ করে, কোটি পত্তি সহস্র মুজাকেও ভুচ্ছ বোধ করে। চিত্তবৃত্তির বৈষমেই ভাল মন্দ বোধ হয়, উহা বিষয়ের ধর্ম নহে, চিত্তেরই ধর্ম, অর্থাৎ বিষয় সকল অভারতঃ মূল্যবান্ বা স্থলভ নহে, চিত্তের আসক্তি যে বিষয়ে বত্দুর প্রবল হয়, ভাহারই মূল্য ভত্ত অধিক। বাহিরের পদার্থকে চিত্ত মধ্যে নিবিষ্ট করিয়া একরশ জালোকিক অথবা নিতান্ত তুচ্ছ বলিয়া স্থির করা হয়। পঞ্চদশী গ্রন্থে ঈশ ও জীব স্ষ্ট ছিবিধ পদার্থের উল্লেখ করিয়া জীবস্ষ্টকেই (অন্তর্জ্গৎকেই) বন্ধের কারণ বলিয়া নির্দেশ করা হইয়াছে॥ ৩৭॥

## সূত্র। বন্ধকারণশৈথিল্যাৎ প্রচারসংবেদনাচ্চ চিত্তস্থ পরশরীরাবৈশঃ ॥ ৩৮॥

ব্যাখ্যা। বন্ধকারণশৈথিন্যাৎ ( বন্ধস্ত শরীরস্থিতে: কারণং চিত্তন্ত ধর্মাধর্মো, তয়ো: শৈথিন্যাৎ তমুত্বাৎ) প্রচারসংবেদনাচ্চ ( প্রচারাণাং চিত্তসর্পানাড়ীনাং; সংবেদনং সংঘমেন তত্ববোধঃ, তত্মাচ্চ হেতোঃ) চিত্তন্ত পর-শরীরাবেশঃ ( পরকীরদেহে চিত্তন্ত প্রবেশো ভবতীত্যর্থঃ ) ॥ ৩৮॥

তাংপর্য্য। চিত্ত সর্ব্বদা চঞ্চল, এক স্থানে স্থির থাকিতে পারে না, ধর্মা-ধর্ম বশতঃই চিত্তের শরীরে বন্ধ হয়, সংযম দারা সেই বন্ধন শিথিল হইলে এবং ধে যে নাড়ী দারা চিত্তের গমনাগমন হয়, সংযম দারা তাহার জ্ঞান হইলে ক্ষপরের (মৃতের বা জীবিতের) শরীরেও চিত্তের প্রবেশ হইতে পারে॥ ৩৮॥

ভাষ্য। লোলীভূততা মনসোহপ্রতিষ্ঠতা শরীরে কর্মাশয়বশাদ্ধঃ প্রতিষ্ঠেত্যর্থঃ, ততা কর্মণো বন্ধকারণতা শৈথিল্যং সমাধিবলাৎ ভবতি, প্রচারসংবেদনক্ষ চিত্ততা সমাধিজমেব, কর্মবন্ধক্ষয়াৎ স্বচিত্ততা প্রচার-সংবেদনকৈ যোগী চিত্তং স্বশরীরান্ধিষ্কৃত্য শরীরান্তরেষু নিক্ষিপতি, নিক্ষিপ্তং চিত্তং চেল্রিয়াণ্যমুপতন্তি, যথা মধুকররাজানং মক্ষিকা উৎপতন্তমনূৎপতন্তি নিবিশমানমন্থনিবিশন্তে, তথেন্দ্রিয়াণি পরশরীরা-বেশে চিত্তমনূবিধীয়ন্ত ইতি ॥ ৩৮॥

অহবাদ। সর্বাদা চঞ্চল স্থতরাং এক স্থানে থাকিতে অক্ষম ব্যাপক মনের
ধর্মাধর্মকপ কর্মাশয় বশতঃ শরীরে প্রতিষ্ঠা (ভোগ্যতাসম্বন্ধ) হয়। সমাধি
ক্রাণতঃ বন্ধের কারণ সেই কুর্মের শিথিলতা (অদৃঢ়তা) হইরা থাকে। প্রচার
ক্রান্তেমন অধাৎ চিত্ত যে নাড়ী পথে গমনাগমন করে তাহার জ্ঞান অধাৎ এই
ক্রম্মর এই নাড়ী ধারা সঞ্চরণ হইতেছে ইত্যাদি জ্ঞানও সমাধি হইতেই হয়।
ক্রমাধি ধারা উক্ত কর্ম্মবন্ধ ক্ষয় ও প্রচার সংবেদন হইলে যোগী স্থকীয় চিত

শশরীর হইতে বাহির করিয়া পরকীয় শরীরে প্রবেশ করাইতে পারেন।
চিত্ত প্রবেশ করিলে পশ্চাৎ পশ্চাৎ অহ্য অহ্য ইন্দ্রিয়গণও অহ্বগমন করে,
অর্থাৎ পরশরীরে প্রবেশ করে, যেমন মধুমক্ষিকা দলের প্রধান মক্ষিকা উড়িয়া
গোলে দক্ষে সঙ্গে অপর মক্ষিকা সকলও উড়িয়া যায়, মক্ষিকারাজ যে স্থানে
উপবেশন করে অহ্য মক্ষিকা সকলও সেইখানে বসে, তদ্ধপ ইন্দ্রিয় সকলও
পরশরীরে প্রবেশ কালে চিত্তের অহুগমন করে ॥ ৩৮॥

মস্তব্য। আত্মা ও চিত্ত উভয়ই বার্নপিক (বিভূ), ধর্মাধর্ম বশতঃ শরীর-বিশেষে আত্মার ভোক্তারূপ ও চিত্তের ভোগ্যতারূপ সম্বন্ধ হয়, ইহাকেই হৃদয়গ্রন্থি বলে, সমাধি বশতঃ ঐ বন্ধনের শিথিলতা হইলে চিত্ত স্থশরীরের ক্সায় পরকীয় মৃত বা জীবিত শরীরে ক্রিয়া করিতে পারে। ভগবান্ শঙ্করাচার্য্য অমরু রাজার মৃত শরীরে প্রবেশ করিয়া কিছুকাল বিহার করিয়াছিলেন॥ ৩৮॥

# সূত্র। উদানজয়াজ্জলপঙ্ককণ্টকাদিষসঙ্গ উৎক্রান্তিশ্চ ॥৩৯॥

ব্যাখ্যা। উদানজয়াৎ (সংষমেন উদানবায়োর্বশীকারাৎ) জলপদ্ধকণ্ট-কাদিখসঙ্গং (জলাদিরু অসংশ্লেষঃ) উৎক্রাস্তিশ্চ (উৎক্রমণঞ্চ মরণকালে ভবতি, ইচ্ছামুত্যুর্ভবতীত্যর্থঃ)॥ ৩৯॥

তাৎপর্য্য। সংষম করিয়া উদান বায়ুকে জন্ম করিতে পারিলে জ্বল, কর্দ্দম ও কণ্টকাদিতে সংস্পর্শ হয় না। ইচ্ছাপূর্ব্বক জীবন ত্যাগ করিতে পারে॥ ৩৯॥

ভাষ্য। সমস্তেন্দ্রির্বিঃ প্রাণাদিলক্ষণা জীবনম্, তস্ত ক্রিয়া পঞ্চয়ী, প্রাণো মুখনাসিকাগতিরাহৃদয়র্তিঃ, সমং নয়নাৎ সমান-শ্চানাভির্তিঃ, অপনয়নাদপান আপাদতলর্তিঃ, উয়য়নাছ্দান আশিরোর্তিঃ, ব্যাপী ব্যান ইতি, তেষাং প্রধানঃ প্রাণঃ। উদানজয়াৎ জলপক্ষকণ্টকাদিয়সঙ্গং, উৎক্রান্তিশ্চ প্রায়ণকালে ভবতি, তাং বশি-ত্বন প্রতিপভ্ততে॥ ৩৯॥

অমুবাদ। ইন্দ্রিয়গণের সামান্তর্ত্তি প্রাণাদিবায়ুপঞ্চক, উহাকে জীবন (জীবনযোনিপ্রাহত্ব) বলে, তাহার ক্রিয়া পাঁচপ্রকার, মুখ ও নাসিকারে প্রাণের গতি হয়, হ্বদয় পর্যান্ত উহার সঞ্চার। ভূক্তক্রব্যের সমতা অর্থাৎ রম্ ক্ষবিশাদিরপে পরিণত করে যে বায়ু তাহাকে সমান বলে, হৃদয় হইতে
নাভি পর্যন্ত ইহার সঞ্চার। অপনয়ন অর্থাং মল-মৃত্রাদি নিঃসারণ করে
বিলয়া সেই বায়ুকে অপান বলে, নাভি হইতে পাদতল পর্যন্ত ইহার সঞ্চার।
যে বায়ুর গতি উর্দ্ধিকে তাহাকে উদান বলে, নাসিকার অগ্র হইতে মন্তক
পর্যন্ত ইহার সঞ্চার। সমন্ত শরীর ব্যাপক বায়ুর নাম ব্যান। এই পঞ্চ
বায়ুর মধ্যে প্রাণবায়ুই প্রধান। সমাধি ছারা উক্ত উদান বায়ুর জয় করিতে
পারিলে জল, কর্দম ও কণ্টকাদি জীক্ষ পদার্থে সঙ্ক হয় না, অর্থাৎ জলের
উপর দিয়া চলিয়া যাইতে পারে, কর্দমের পরে ভ্রমণ করিলে পদে স্পর্ণ
হয় না, কণ্টকের উপর দিয়া চলিলে রক্তপাত হয় না। মরণসময়ে উৎক্রান্তি
হয় অর্থাৎ ইচ্ছামুসারে অর্চিচরাদি পথে গমন করিতে পারে॥ ৩৯॥

মন্তব্য। ইন্দ্রিয়গণের বৃত্তি ছই প্রকার, একটা বহির্বিষর প্রকাশ করা, এটা অসাধারণ বৃত্তি, যেমন চকুর রূপ প্রকাশ করা ইত্যাদি, অপরটা অন্তরিন্দ্রিয় ও বহিরিন্দ্রির উভয়ের সাধারণ ব্যাপার প্রাণাদি পঞ্চ বাযু অর্থাৎ শরীরের রক্ষা (জীবন) করা। সাংখ্য পাতঞ্জল মতে আধ্যাত্মিক বায়ুপঞ্চকের পৃথক্ অন্তিতা নাই, উহা ইন্দ্রির সাধারণের বৃত্তি মাত্র।

অনেকেই প্রত্যক্ষ করিয়াছেন অসংখ্য পেরেক মারা একখানি তক্তার উপর কোন কোন সন্থাসী শয়ন উপবেশন করিয়া থাকেন, অথচ তাঁহাদের শরীরে চিহ্নমাত্রও হয় না, উহা উক্ত উদানজয়েরই আংশিক ফল। একপও ভনা যায় সাধুগণ কার্চ-পাছকা সহকারে নদী পার হইয়া যান, উদান বাযুব জয় করিলে শরীর লঘু হয়, স্কতরাং জলাদিতে স্পর্শ হয় না॥৩৯॥

#### সূত্র। সমানজয়াজ্জলনম্॥ ৪০॥

ভাষ্য। ব্লিতসমানস্তেক্তস উপগ্নানং কৃত্বা জ্লতি॥ ৪০॥

অনুবাদ। নাভির নিকটবর্ত্তী জাঠর অগ্নিকে ব্যাপিয়া সমান নামক যে বারু আছে, সংযম বারা উহার জয় করিয়া উত্তেজনা করিতে পারিলে অগ্নিতুল্য তেজস্বী হইতে পারে॥ ৪০॥

মন্তব্য। বার্তিককার বলেন দক্ষযজ্ঞে সতী বেরূপ বোগায়িতে শরীর শাহ করিয়া ছিলেন সিদ্ধবোগী সংঘদ ছারা উক্ত সিদ্ধিলাত করিয়া নিজ্ঞশরীর দাহ করিতে পারেন। সংযম ধারা অগ্নির আবরণ নষ্ট হয়, স্থতরাং উর্দ্ধদিকে প্রজ্ঞানত হওয়ায় যোগীর দেহে অগ্নিত্ব্য আভা প্রকাশ পায়, ইহাই অনেকের মত ॥ ৪০ ॥

সূত্র। শ্রোতাকাশয়োঃ সম্বন্ধসংয্মাৎ দিব্যং শ্রোত্রম্॥৪১॥

ব্যাখ্যা। শ্রোত্রাকাশয়ো: সম্বন্ধসংয্মাও (আধারাধেয়ভাবরূপে গগন-শ্রবণয়ো: সম্বন্ধে সংয্মাও) দিব্যং শ্রোত্রং (দিবি ভবং দিব্যং অলোকিকং শ্রোত্রং ভবতীত্যর্থঃ)॥ ৪১॥

তাৎপর্য্য। আকাশ আধার (আশ্রয়), কর্ণ আধেয় (আশ্রত) উভয়ের এইরূপ সম্বন্ধে সংযম করিয়া সাক্ষাৎকার করিলে দিব্য শ্রোত্র লাভ হয়॥ ৪১॥

ভাষ্য। সর্বশ্রোত্রাণামাকাশং প্রতিষ্ঠা, সর্বশব্দানাঞ্চ, যথোক্তং "তুল্যদেশশ্রবণানামেকদেশশুতিহং সর্বেষাং ভবতি" ইতি। তচ্চৈতদাকাশস্থা লিঙ্কং, অনাবরণং চোক্তম্। তথাহমূর্ত্তসানাবরণদর্শনিদ্ধিত্বন্দিপ প্রখ্যাতমাকাশস্থা। শব্দগ্রহণামুমিতং শ্রোত্রং, বিধরাবধিরয়ো-রেকঃ শব্দং গৃহ্লাত্যপরো ন গৃহ্লাতীতি, তত্মাৎ শ্রোত্রমেব শব্দবিষয়ম্। শ্রোত্রাকাশয়োঃ সম্বন্ধে কৃতসংযমস্থা যোগিনো দিব্যং শ্রোত্রং প্রবর্ত্তে॥ ৪১॥

অমুবাদ। শ্রোত্রমাত্রের প্রতিষ্ঠা (আশ্রর) আকাশ, সম্দার শব্দেরও আশ্রর আকাশ। পঞ্চলিথাচার্য্য এই কথাই বলিয়াছেন "তুল্যদেশ শ্রবণ অর্থাৎ শব্দের উৎপত্তিস্থানে শ্রোতাদের কর্ণ বৃত্তিপরম্পরায় গমন করিয়া থাকে, উক্ত শ্রোভ্গণের শ্রোত্র সকল আকাশে (কর্ণশঙ্কুলী অবচ্ছিন্ন নভোজাগে) আশ্রিত। এই শব্দ ও শ্রোত্র ইন্ত্রিয় আকাশের লিঙ্গ অর্থাৎ অমুমাপক, আকাশের আর একটী স্চক অনাবরণ অর্থাৎ অনাবরণ (আবরণের অভাব নহে, একটী ভাবরূপ দ্রব্য) রূপ আকাশ না থাকিলে পার্থিবাদি দ্রব্য পরম্পার মিলিত হুইয়া যাইত, মূর্ত্তদ্রব্য (পরিচ্ছিয়) অনাবরণ হয় না, স্বভরাং আকাশ বিভূ (স্বর্বত্র বিশ্বমান) একথাও বলা হইল। শব্দকে গ্রহণ করে বলিয়া বিশ্বতে হইবে, বধির ও ববির নহে ইহাদের

মধ্যে এক জন ( ষে ্বধির নহে ) শব্দ গ্রহণ করিতে পারে, অপর জন (বধির) পারে না, অতএব শ্রোত্র ইন্দ্রিয় ছারাই শব্দের জ্ঞান হয়। যে বোগী শ্রোত্র ও আকাশের সম্বন্ধে সংঘম করিয়াছেন তাঁছার দিব্য অর্থাৎ স্ক্লা, ব্যবহিত ও দূরবর্তী শব্দগ্রহণে সমর্থ শ্রোত্র হয়॥ ৪১॥

মন্তব্য। পূর্ব্বে স্বার্থ সংযমের প্রাসঙ্গিক, ফল দিব্য শ্রোত্রাদি লাভ বলা হইয়াছে, সম্প্রতি প্রবণাদি পদার্থে শৃংখনের ফল তত্তদিন্দ্রিয়ের উৎকর্ষ লাভ বলা হইল।

ইন্দ্রির সমুদার সাত্মিক অহন্ধার হইতে উৎপন্ন হইলেও কর্ণশঙ্কুলী (কর্ণের মধ্যে স্কল্প চর্মা) অবচ্ছিন্ন আকাশের ভাগকে শ্রোত্রের আশ্রম বলা যায়, কারণ উক্ত নভোভাগের উপচয় ও অপচয়ে শ্রোত্রের উপচয় ও অপচয় হইয়া থাকে, আয়, বৈশেষিক ও বেদান্ত মতে ইন্দ্রিয় সকল ভৌতিক অর্থাৎ ক্ষিত্যাদি পঞ্চভূতের সাত্মিক অংশ হইতে উৎপন্ন, সাংখ্য পাতঞ্জল মতে ইন্দ্রিয়গণ অহঙ্কার হইতে উৎপন্ন, এই বিরোধেরও খণ্ডন ব্ঝিতে হইবে, অর্থাৎ ভূত সকলের উৎকর্ম অপকর্ষে ইন্দ্রিয়ের উৎকর্মাপকর্ম হয় বলিয়া ইন্দ্রিয়গণকে ভৌতিক বলা হইয়া থাকে।

চুম্বকে লোহ আকর্ষণের স্থায় বক্তার মুথে উচ্চারিত শব্দ শ্রোভ্বর্নের শ্রোত সকল বৃত্তিপরম্পরা দারা আকর্ষণ করিয়া বিষয়দেশে লইয়া যায়, এই কারণেই অমুক দিকে অমুক স্থানে শব্দ হইতেছে ইহার জ্ঞান হয়। স্থায়শাস্ত্র মতে শ্রোত্র-ইন্দ্রিয় শব্দের উৎপত্তি স্থানে গমন করে না, শব্দই বীচি তরঙ্গ অথবা কদম্ব কোরক স্থায়ে শ্রোত্রদেশে গমন করে, এই মতে অমুক স্থানে শব্দ হইতেছে ইহার জ্ঞান হইতে পারে না, অতএব চক্ষুর স্থায় শব্দও বৃত্তি দারা, শব্দোৎপত্তি স্থানে গমন করে স্বীকার করিতে হইবে।

অনাবরণ ধর্মটী আকাশ নামক অতিরিক্ত ভাব পদার্থের, অভাব মাত্রই একটা ভাব পদার্থে আশ্রিত, ওরূপ বিশ্বব্যাপক অনাবরণের আশ্রয় সর্বব্যাপী আকাশ ভিন্ন আর কে হইবে ? ব্যাপক চিতি শক্তিকেও উহার আশ্রয় বলা যায় না, কারণ তাহার পরিণাম নাই, স্কৃতরাং অবচ্ছেদে অর্থাৎ দেশবিশেষে আশ্রয় হয় না। উক্ত অনাবরণ স্বীকার না করিলে জগতের সমৃদায় পদার্থ মিশিত হইয়া একটা পিগুকার হইয়া ঘাইত, বিশ্বের বিকাশ হইকে পারিত

না, আকাশে পক্ষী সকল উভিতে পারিত না। বৌদ্ধগণ আকাশ স্বীকার করেন না, তাঁহাদের মতে উক্ত দোষ সমুদায় হয়।

ক্রিয়া মাত্রই করণসাধ্য, ছেদনাদি ক্রিয়া পরগু প্রভৃতি ক্রিয়া দারা নিষ্পন্ন হয়, শব্দের গ্রহণও একটা ক্রিয়া, অতএব কোনও করণ দারা নিষ্পন্ন হইবে, সেই করণ শ্রোত্র-ইন্দ্রিয়।

স্ত্রের শব্দ ও আকাশের সম্বন্ধ উপলক্ষণ, উহা দারা ত্বক্ ও বায়ুর, চক্ষু: ও তেজের, জিহ্বা ও জলের এবং নাসিকা ও পৃথিবীর সম্বন্ধে সংযম করিলে দিব্য ত্বগাদি ইন্দ্রিয় অর্থাৎ ইন্দ্রিয়গণের বিশেষ বিশেষ শক্তি হয় বুঝিতে হইবে ॥৪১॥

#### ্সূত্র। কায়াকাশয়োঃ সম্বন্ধসংয্মাৎ লঘুভূলসমাপত্তে-শ্চাকাশগমন্ম্॥ ৪২॥

ব্যাখ্যা। কারাকাশয়েঃ সম্বন্ধসংঘমাৎ (কারঃ ব্যাপ্যঃ আকাশো ব্যাপকঃ ইতি এতয়োঃ সম্বন্ধ সংঘমাৎ লঘুত্লসমাপত্তেশ্চ (লঘুরু ত্লাদিরু সমাধেঃ চ), আকাশগমনম্ (চেতসস্তন্ময়ভাবাৎ স্বয়ং লঘুর্ভা স্বচ্ছনং আকাশে বিহরতি)॥ ৪২॥

তাৎপর্য্য। যেথানেই শরীর সেই থানেই আকাশ এইরূপ শরীর ও আকাশের ব্যাপ্তিরূপ সম্বন্ধে সংযম করিয়া এবং তুলা প্রভৃতি লঘু পদার্থে সংযম দ্বারা চিত্তের সমাপত্তি (তন্ময়তা) জন্মিলে আকাশগমন সিদ্ধি হয়॥ ৪২॥

ভাষ্য। যত্র কায়স্তত্রাকাশং তস্থাবকাশদানাৎ কায়স্থা, তেন সম্বন্ধঃ প্রাপ্তিঃ, তত্র কৃতসংযমো জিম্বা তৎসম্বন্ধং লঘুরু তূল।দি-মাপরমাণুভ্যঃ সমাপত্তিং লব্ধা জিতসম্বন্ধে। লঘুঃ, লঘুমাচচ জলে পাদাভ্যাং বিহরতি, তত্তস্থানাভিতস্ত্রমাত্রে বিহুত্য রশ্মিষু বিহরতি, ততো যথেষ্টমাকাশগতিরস্থা ভবতীতি ॥ ৪২ ॥

অমুবাদ। আসন প্রভৃতি যে কোনও স্থানে শরীর আছে, (শরীরের অবচ্ছেদভাবে) আকাশও সেই থানে আছে, কারণ, আকাশ শরীরের অবকাশ (স্থান) প্রদান করে, অতএব উভয়ের প্রাপ্তি অর্থাৎ ব্যাপ্যব্যাপক-ভাব (ব্যাপ্তি) সম্বন্ধ, উক্ত সম্বন্ধে সংযম করিয়া তাহাকে জয় (বশীকার) করিয়া এবং প্রমাণু পর্যন্ত তৃলা প্রভৃতি অতি লঘু পদার্থে সংযম করিয়া সমাপত্তি (চিভের তন্মরতা) লাভ করিয়া উক্ত সম্মক্ষমী যোগী লঘু হয়েন, লঘু হইয়া পদ ছারা সলিলে বিহরণ (জলের উপর পদত্রজে গমন) করেন, অনন্তর উর্ণনাভি (মাকড্যার জাল) মাত্র অবলম্বনে বিচরণ করিয়া স্থ্যিকিরণ মাত্র অবলম্বন করিয়া ক্রমশ: যথেচছ আকাশে গমন করিতে পারেন॥ ৪২॥

মন্তব্য। পুরাণ ইতিহাসে অনেকের (বিশেষতঃ নারদের) আকাশগতি বর্ণনা আছে, ক্ষকদেব আকাশমার্গে পমন করিয়া স্থ্যমণ্ডলে প্রবেশ করেন একথা ভাগবতে আছে, উহা উল্লিখিত দিদ্ধি ভিন্ন আর কিছুই নহে। যে বিষয়ে চিন্ত দৃঢ় অভিনিবেশ করে তাহারই গুণ গ্রহণ করিতে পারে, চিন্ত এভাবে বিষয়ময় হইবে যাহাতে কেবল সমাধির আলম্বন বিষয়েরই প্রকাশ পায়, বিষয়ান্তরের সংস্রব না থাকে॥ ৪২॥

### সূত্র। বহিরকল্পিতার্তির্মহাবিদেহা ততঃ প্রকাশাবরণ-ক্ষয়ঃ॥ ৪৩॥

ব্যাখ্যা। বহিঃ অকল্পিতা বৃত্তিঃ মহাবিদেহা (শরীরনৈরপেক্ষ্যেণ মনসোষা বহির্বৃত্তিধারণা সা মহাবিদেহা নাম ) ততঃ প্রকাশাবরণক্ষয়ঃ (উক্ত বহির্বৃত্তিঃ প্রকাশরপস্ত চিত্তসত্বস্ত যদাবরণং রজন্তমোমূলং ক্লেশকর্মাদি তম্ত ক্ষয়ঃ অপগমো ভবতি )॥ ৪৩॥

তাৎপর্য্য। শরীরে অহংভাব না রাথিয়া চিত্তের বহির্বস্তুতে অবস্থানকে মহা-বিদেহা নামক ধারণা বলে, উহার সিদ্ধি হইলে চিত্তের আবরণ নষ্ট হয়॥ ৪৩॥

ভাষ্য। শরীরাদহির্মনসো বৃত্তিলাভো বিদেহা নাম ধারণা, সা'
যদি শরীরপ্রতিষ্ঠস্থ মনসো বহির্বৃত্তিমাত্রেণ ভবতি সা কল্লিডেত্যুচ্যতে, যা তু শরীরনিরপেক্ষা বহির্ভৃতিস্থেব মনসো বহির্বৃত্তিঃ সা
খলকল্লিডা, তত্র কল্লিডয়া সাধয়ত্যকল্লিডাং মহাবিদেহামিতি, যয়া
পরলরীরাণ্যাবিশস্তি যোগিনঃ, ততশ্চ ধারণাডঃ প্রকাশাত্মনো বৃদ্ধিসক্ষে যদাররণং ক্লেশকর্মবিপাকত্রয়ং রজস্তমোম্লং তন্ত চ ক্ষয়ো

অমুবাদ। শরীর হইতে বাহিরের বিষয়ে চিত্তের বৃত্তিলাভকে বিদেহানামক ধারণা (দেশবন্ধ) বলে, উহা যদি শরীরে থাকিয়াই বৃত্তিমাতা দারা চিত্তের বহি:স্থিতি হয় তবে তাহাকে করিতা বলে, অর্থাৎ শরীরে অভিমান রাধিয়া আমার চিত্ত অমুক বিষয়ে অবস্থান করুক এইরূপে কল্পনা করিয়া যদি চিত্তের বহি:স্থিতি হয় তাহাকে কল্লিডা বলে, আর যদি শরীরের অপেক্ষা না রাথিয়া শরীর হইতে বহির্ভৃত-চিত্তের বহির্বৃত্তি হয় তবে তাহাকে অকল্পিতা বৃত্তি বলে। পূর্ব্বোক্ত কল্লিতা ধারণা দারা মহাবিদেহা নামক অকল্লিত **धार्रिक क्रिंद्र । এই মহা-विद्यार जिक्कि रुटेल द्यां जिल्ल श्रद्ध महीद्र** প্রবেশ করিতে পারেন। উক্ত ধারণা হইতে প্রকাশস্বভাব চিত্তের আবরণ নষ্ট হয়, রজঃ ও তমোগুণ হইতে সম্ৎপন্ন অবিছা প্রভৃতি পঞ্চবিধ ক্লেশ, ধর্মাধর্ম এবং জাতি, আয়ু: ও ভোগরূপ ত্রিবিধ বিপাক ইহাদিগকে চিত্তের আবরণ বলে॥ ৪৩॥

মস্তব্য। কল্পিতা ধারণাটী অকল্পিতা ধারণার কারণ, চিত্তকে শরীরে রাথিয়া "অমুক বিষয়ে গমন করুক" এইরূপ দূঢ়ভাবনা দ্বারা বৃত্তিরূপে বাহিরে অবস্থানকে কল্পিতা ধারণা বলে, অকল্পিতা ধারণাতে চিত্ত একেবারে শরীর হইতে বহির্গত হয়। চিত্তের স্বভাব সমস্ত বিষয় প্রকাশ করা কেবল রজঃ ও তমোগুণ ও উহাদের কার্য্য ধর্মাধর্মাদি দারা অভিভূত থাকার পারে না, ঐ আবরণ নষ্ট হইলে চিন্ত বিশ্বসংসার প্রকাশ করিতে পারে। উক্তরূপে সিদ্ধযোগী ইচ্ছাফুসারে সর্ব্বত্র চিত্তকে চালনা করিতে পারেন, স্বয়ং সর্ব্বজ্ঞ হন॥ ৪৩॥

সূত্র। স্থূলস্বরূপসূক্ষাস্বয়ার্থবন্ত্বসংযমাৎ ভূতজয়ঃ॥ ৪৪॥

ব্যাখা। স্থূলেত্যাদি (স্থূলং, স্বরূপং, স্ক্রং, অবরঃ, অর্থবন্ধঞ্চ, এতেরু ভূতস্বভাবেষু সংযমাৎ তত্তৎস্বরূপসাক্ষাৎকারাৎ) ভূতজরঃ (যোগিনাং ইচ্ছা-মাত্রেণ ভূতপরিণামো ভবতি )॥ ৪৪॥

তাৎপর্য্য। পৃথিব্যাদি পঞ্চতুতের পাঁচটী অবস্থা, । ১। শব্দ স্পর্শাদি বিশেষ,। ২। পৃথিবীদাদি সামান্ত (জাতি),। ৩। কৃদ্ধ তন্মাত্র,। ৪। আবন্ধ অর্থাৎ কারণরূপে প্রত্যেকে অনুগত সম্বাদি গুণত্রর,। ৫। অর্থবন্ধ অর্থাৎ ভোগ ও অপবর্গরূপ পুরুষার্থের সাধন। সংযম ধারা উক্ত পঞ্চবিধ অবস্থার

সাক্ষাৎকার হইলে ভূতজয় হয় অর্থাৎ যোগীর ইচ্ছা বশতঃ পৃথিব্যাদির পরিণাম হ্র ॥ ৪৪ ॥

ভাষ্য। তত্র পার্থিবাছাঃ শব্দাদয়োবিশেষাঃ সহাকারাদিভি-র্ধশ্যিঃ স্থুলশব্দেন পরিভাষিতাঃ, এতৃদ্ ভূতানাং প্রথমং রূপম্। দিতীয়ং রূপং স্বসামান্তং, মূর্ত্তিভূমিঃ, স্নেহোজলং, বহ্লিরুফতা, বায়ুঃ প্রণামী, সর্বতোগভিরাকাশঃ ইতি, এতৎ স্বরূপশব্দেনোচ্যতে, অস্ত সামান্তস্ত শব্দাদয়ে। বিশেষাঃ। তথাচোক্তং "একজাতিসমন্বিতানা-মেষাং ধর্মমাত্রব্যার্ত্তিঃ" ইতি। সামান্তবিশেষ-সমুদায়োহত দ্রব্যম্, দিষ্ঠোহি সমূহঃ প্রভান্তমিতভেদাবয়বামুগতঃ শরীরং বৃক্ষো যৃথং বনমিতি। শব্দেনোপাতভেদাবয়বামুগতঃ সমূহঃ, উভয়ে দেবমমুয়াঃ. সমূহস্থ দেবা একোভাগো মমুম্বা দিতীয়োভাগঃ, তাভ্যামেবাভিধীয়তে সমূহ:, সচ ভেদাভেদবিবক্ষিত:, আত্রাণাং বনং ত্রাহ্মণানাং সজ্ঞঃ, আ্রবনং ব্রাহ্মণসঙ্বঃ ইতি, স পুনর্দ্বিধাে যুতসিদ্ধাবয়বােহযুতসিদ্ধা-বয়বশ্চ, যুত্তসিদ্ধাবয়বঃ সমূহো বনং সজ্বইতি, অযুত্তসিদ্ধাবয়বঃ সজ্বাতঃ শরীরং বৃক্ষঃ পরমাণুরিতি। অযুত্সিদ্ধাবয়বভেদামুগতঃ সমূহো দ্রব্যমিতি পতঞ্জলিঃ, এতৎ স্বরূপমিত্যুক্তম্। অথ কিমেষাং সূক্ষরূপং, তন্মাত্রং ভূতকারণং, তক্তৈকোহবয়বঃ পরমাণুঃ সামান্যবিশেষাত্মাহ-যুত্তসিদ্ধাবয়বভেদামুগতঃ সমুদায় ইতি, এবং সর্বতন্মাত্রানি, এতৎ তৃতীয়ম্। অথ ভূতানাং চতুর্থং রূপং খ্যাতি-ক্রিয়া-স্থিতিশীলা গুণাঃ कार्यायञ्चावायूभाजित्नाश्यय्यात्मत्नात्काः। यरेशयाः भक्षमः क्रभमर्थ-বন্ধন, ভোগাপবর্গার্থতা গুণেষম্বয়িনী, গুণাস্তমাত্রভূতভৌতিকেমিতি সর্ব্বমর্থবং। তেখিদানীং ভূতেষু পঞ্চয় পঞ্জপেষু সংযমাত্তস্ত তস্ত রূপ্ত স্তর্মপদর্শনং জয়শ্চ প্রাত্ত্বতি, তত্র পঞ্চ ভূতস্বরূপাণি জিছা ভূতৰয়ী ভবতি, ভজ্জয়াৎ বৎসামুসারিণ্য ইব গাবোহস্ত সম্বরামু-বিধায়িস্তো ভূতপ্রকৃতয়ো ভবস্তি॥ ৪৪॥

অমুবাদ। আকার প্রভৃতি ধর্মের সহিত পার্থিবাদি শব্দকে বিশেষ বলে, উক্ত বিশেষ অবস্থা ভূতগণের প্রথমরূপ অর্থাৎ স্থূলভাব। দ্বিতীয় অবস্থা স্বদামান্ত অর্থাৎ স্ব স্ব অমুগত ধর্ম সাধারণ লক্ষণ পৃথিবীছাদি জাতি। ভূমিকে মূর্ত্তি বলে, মূর্ত্তিটী ভূমির ধর্ম্ম হইলেও ধর্মধর্মীর অভেদ ইহা বুঝাইবার নিমিত্ত "মূর্ত্তির্ভূমিঃ" এইরূপ বলা হইয়াছে, মূর্জিশন্দে স্বাভাবিক কাঠিন্ত বুঝায়। "মেহো জলং," শ্বেহ শব্দে মজ্জা পুষ্টি বলাধানের কারণ বুঝায়, 'উহা জলের অসাধারণ চিহ্ন, ঐ চিক্তে জলম্ব জাভিও সামার্য, শব্দে বুঝায়। "বহ্নিক্ষতা," উষ্ণতা অগ্নির স্বাভাবিক ধর্ম্ম, উহা কি উদর, কি সূর্য্য, কি পৃথিবীসম্বন্ধীয় বহ্নি, সর্ব্বতই বিশ্বমান আছে। "বায়ুঃপ্রণামী" অর্থাৎ বহনশীল ( সদা গতি )। "সর্বতো গতি-রাকাশঃ," আকাশ দর্বত্রই আছে, কেননা দর্বত্রই শব্দের অনুভব হয়। স্বরূপ শব্দে এই কয়েকটা বুঝায়, এই সামান্তের (অমুগত ধর্ম্মের) বিশেষ বোবর্ত্তক ধর্ম। শব্দাদিগুণ। এই বিষয়ে পূর্ব্বাচার্য্যগণ বলিয়াছেন "একজাতি-সমন্বিতানা-মেষাং ধর্মমাত্র-ব্যাবৃত্তিঃ" অর্থাৎ প্রত্যেকে পৃথিবীত্ব প্রভৃতি এক এক জাতিতে সম্বদ্ধ পৃথিবী প্রভৃতি ভূতগণ ষড়জাদি ধর্মা দারা পরস্পর বিভিন্ন হয়। মড়জ মধ্যম প্রভৃতি শব্দের ধর্মা, উষ্ণ শীত প্রভৃতি স্পর্শের, শুক্লত্ব পীতহাদি রূপের, কষায়ত্ব কট্রত্ব প্রভৃতি রদের এবং স্থরভিত্ব প্রভৃতি গদ্ধের বিশেষ বিশেষ ধর্ম। উক্ত সামাত ও বিশেষের সমুদায়কে ( সমূহকে ) जुवा वल, অর্থাৎ তায়বৈশে-ষিক মতে যেমন সামান্ত ও বিশেষের আশ্রয় তদতিরিক্ত দ্রবা, এমতে সেরূপ নহে, দ্রব্য সামান্ত বিশেষের সমূহ স্বরূপ, অতিরিক্ত নহে। সমূহ বিশেষই দ্রব্য, সাধারণতঃ সমূহ নহে, অতএব সমূহের বিভাগ দেখান যাইতেছে, সমূহ ছই প্রকার (বিষ্ঠ), এক প্রকার সমূহের অবয়বের (সমূহীর) ভেদ প্রকাশিত থাকে 'না বেমন শরীর, বৃক্ষ; যুধ ও বন, শরীর প্রভৃতি বলিবা মাত্রই উহাদের অবরবের ভেদ স্পষ্টতঃ বুঝা যায় না। অন্ত প্রকার সমূহের অবয়ব (সমূহী) স্পষ্টতঃ শব্দ দারা প্রকাশিত থাকে, যেমন "দেবমসুবা উভন্ন," এন্থলে দেব-মতুয়ারপসমূহের একভাগ দেব, অপর ভাগ মতুয়, ঐ ছইটী ভাগ বারাই সমূহ উক্ত হইয়াছে। উক্ত সমূহকে সমূহী হইতে ভিন্ন ও অভিন্নরূপে বলা यात्र, श्रांट्यंत्र तम, बाकार्गत मञ्च এই इरेंगे ट्लाम्ब डेमारबन, (ट्लामरे विष्ठी विष्ठिक रत्र)। आञ्चयन, वाकानमञ्च धरे इरेंगे चालामत्र उनार्त्रन,

( কর্মধারর সমাস ছারা অভেদ প্রতিপন্ন হইরাছে )। উক্ত সমূহ প্রকারাস্তরে দিবিধ, যুতসিদ্ধাবয়ব ও অযুতসিদ্ধাবয়ব, যে সম্হের অবয়ব (সম্হিগণ) যুত্তিদিদ্ধ ('পৃথক্ভাবে স্থিত ) অর্থাৎ পরস্পার অসংশ্লিষ্টভাবে অবস্থিত, তাহাকে যুতিসিদ্ধাবয়ব বলে, যেমন বন, সভ্য ইত্যাধি। যাহার অবয়ব পৃথক্ ভাবে शांक ना शत्रम्भन्न भिनिञ ভাবেই অবস্থান করে, তাহাকে অযুত্রসিদ্ধাবন্নব বলে, বেমন শরীর বৃক্ষ ও পরমাণু প্রভৃতি। পৃতঞ্জলি বলেন অযুতসিদ্ধাবয়ব ভেদের ष्रपूर्व ममृह्हे स्वा, व्यर्वार घठेने हिने स्वा विनात এक नि ममृह व्याप्त, छहात অবয়ব সকল পরস্পার অসংশ্লিষ্ট নহে, কিন্তু সর্ব্বতোভাবে মিলিত। এইটী স্বরূপ বলা হইল, সম্প্রতি ভূতগণের স্ক্র অবস্থা বলা যাইতেছে, ভূতের কারণ শব্দাদি পঞ্চন্মাত্রই স্ক্র অবস্থা, পরমাণু উহার একটী পরিণাম (অবয়ব) বিশেষ, অর্থাৎ পরমাণু বলিলে মূর্ত্তি প্রভৃতি সামান্তের ও শব্দাদি বিশেষের সমূহ বুঝার, উক্ত মূর্দ্তি প্রভৃতি ও শব্দাদি অপৃথক্রপে অবস্থিত আছে। এইরপেই সমস্ত তন্মাত্র বুঝিতে হইবে, অর্থাৎ তন্মাত্র হইতে পরমাণু-ক্রমে স্থল ভৌতিক ঘটাদি জন্মে। এই তন্মাত্রই ভূতগণের তৃতীয় অবস্থা। অনম্ভর ভূতগণের চতুর্থরূপ অন্বয় বলা বাইতেছে, গুণত্ৰয় থ্যাতি, ক্ৰিয়া ও স্থিতিস্বভাব অৰ্থাৎ সম্বগুণ থ্যাতি (প্রকাশ) স্বভাব, রজোগুণ ক্রিয়া (প্রবর্ত্তনা) স্বভাব, তমোগুণ স্থিতি অর্থাৎ আবরণস্বভাব, ইহারা স্বকীয় কার্য্যে অনুগত, (কারণমাত্রই কার্য্যে অমুগত থাকে, নতুবা কার্য্যের আশ্রয় কে হইবে ?), অন্বরশকে কার্য্যমাত্রে অনুগামী গুণত্রমকে বুঝার। অনস্তর ভূতগণের অর্থবন্ধরপ পঞ্চম অবস্থা বলা যাইতেছে, পুরুষের ভোগ ও অপবর্গ সাধন করাই গুণত্রয়ের শ্বভাব, এই গুণত্রয় তন্মাত্র ও পঞ্চভূতে অনুগত আছে, স্থতরাং জড়বর্গমাত্রই অর্থবৎ অর্থাৎ পুরুষের উপকরণ স্বরূপ। ইদানীস্তন দৃশু স্থূল পঞ্চবিধ পঞ্চভূতে সংযম করিলে সেই সেই রূপের সাক্ষাৎকার ও বশীকার জন্মে, সংযম ছারা ভূতগণের পঞ্চবিধস্বরূপ বশীভূত করিলে বোগী ভূতজ্বয়ী বলিয়া অভিহিত হয়েন। গাঁভীগণ যেমন বৎসগণের অনুগমন করে, যেদিকে বৎস যায় গাভীও সেই দিকে ধার, তক্রপ ভৃতপ্রকৃতি (পঞ্ভৃত) উক্ত দিদ্ধ মোগীর সঙ্গরের অন্তুসরণ করে,। যোগীর ইচ্ছামত ভূত-ভৌতিক পরিণাম হয়,॥ ৪৪ ॥

े মন্তব্য। আকারো গৌরবং রৌল্লং বরণং হৈর্য্যমেবচ। বৃত্তির্ভেদঃ কমা

কার্দ্যং কাঠিখাং সর্বভোগ্যতা। স্নেহঃ সোল্ধাং প্রভা শৌরাং মার্দ্দবং গৌরবঞ্চ বং। শৈত্যং রক্ষা পবিত্রন্ধাং সেরানাং চৌদকা গুণাঃ। উর্দ্ধভাক্ পাবকং দগ্ধ্ পাচকং লঘ্ ভাস্বরম্। প্রধাংখোজস্বি বৈ তেজঃ পূর্বাভ্যাং ভিরলক্ষণম্। তির্যাগ্যানাং পবিত্রন্থমাক্ষেপো নোদনং বলম্। চলমচ্ছায়তা রৌক্ষ্যং বারোর্ধর্মাঃ পৃথিদ্বিধাঃ। সর্বতোগতিরব্যুহো বিষ্টুস্তশ্চেতি চ ত্রয়ঃ। আকাশধর্মা ব্যাখ্যাতাঃ পূর্বধর্ম-বিলক্ষণাঃ। আকার শব্দে অবমুব সংস্থান ব্রায়। স্থাম বলিয়া শ্লোক কয়েকটীর অমুবাদ করা হইল না। শর্বভোগ্যতা পর্যান্ত কিতির, সন্ধান পর্যান্ত জলের, ওজস্বিতা পর্যান্ত তেজের, রৌক্ষ্য পর্যান্ত বায়ুর ও বিষ্টম্ভ পর্যান্ত আকাশের গুণ বৃথিতে হইবে।

সাংখ্য পাতঞ্জলমতে পরমাণু স্বীকার আছে, কিন্তু ন্থায় বৈশেষিকের ন্থার উহাকে নিত্য বলেন না, শব্দাদি তন্মাত্র হইতে পরমাণু জন্মে, স্ক্তরাং উহার অবয়ব আছে। সাংখ্যকার পরমাণু হইতেও স্ক্লে প্রবেশ করিয়া ক্রমশ: প্রকৃতি পর্যান্ত ব্ঝিয়াছেন, নৈয়ায়িক পরমাণুর উপরে আর অনুসন্ধান করেন নাই। প্রথম অধিকারীকে উপদেশ প্রদান করা নৈয়ায়িকের উদ্দেশ, স্ক্তরাং অতিস্ক্লতত্বে প্রবেশ করার আবশ্রুক হয় নাই॥ ৪৪॥

### সূত্র। ততোহণিমাদি-প্রাত্নভাবঃ কায়সম্পৎ তদ্ধর্মানভি-ঘাতশ্চ॥ ৪৫॥

ব্যাখ্যা। ততঃ (ভূতজয়াৎ) অণিমাদি-প্রাহ্রভাবঃ (অণুস্থাদীনাং অষ্টানা-মৈশ্বর্যাণামুপগমঃ) কায়সম্পৎ (রূপলাবস্থাদীনাং বক্ষ্যমানানাং প্রাপ্তিঃ) তদ্ধশানভিঘাতশ্চ (তদ্ধশাণাং কায়বর্শাণাং অনভিঘাতঃ অবিনাশঃ ভবতীত্যর্থঃ)॥৪৫॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্তভাবে ভূতজন্ম হইলে যোগীর অণিমা লঘিমা প্রভৃতি অষ্টপ্রকার ঐশ্বর্যা ও রূপলাবণ্য প্রভৃতি কান্ত্রসম্পৎ জন্মে এবং ক্ষিতি প্রভৃতি ভূতগণ দ্বারা তাঁহার শরীরের অভিঘাত হন্ম না, অন্নিতে দগ্ধ হন্ম না ইত্যাদি॥ ৪৫॥

ভাষ্য। তত্রাণিমা ভবত্যণুং, ল্ঘিমা লঘুর্ভবতি, মহিমা মহান্ ভবতি, প্রাপ্তিঃ অঙ্গুল্যগ্রেণাপি স্পৃশতি চন্দ্রমসং, প্রাকাম্যং ইচ্ছানভিঘাতঃ, ভূমাবুন্মজ্জতি নিমজ্জতি যথোদকে, বশিন্বং ভূতভৌতিকেরু বশীভবতি অবশ্যন্টান্থেষাং, ঈশিন্বং তেষাম্প্রভ্রাপ্যয়ন্ত্রানামীষ্টে, ষত্রকামাবসায়িন্বং সত্যসকল্পতা, যথা সকল্পত্তথাভূতপ্রকৃতীনামবস্থানং, নচ
শক্তোহিপি পদার্থবিপর্য্যাসং করোতি, কম্মাৎ, অন্যস্ত যত্রকামাবসায়িনঃ পূর্ববিদ্ধস্ত তথা ভূতেরু সকল্পাদিতি, এতাক্সফাবৈশর্যাণি।
কায়সম্পৎ বক্ষ্যমাণা। তদ্ধর্মান্তিঘাতশ্চ পৃথী মূর্ত্ত্যা ন নিরুণদ্ধি
যোগিনঃ শরীরাদি ক্রিয়াং, শিলামপ্যমূপ্রবিশতীতি, নাপঃ ম্লিয়াঃ
ক্রেদয়ন্তি, নাগিরুক্ষোদহতি, ন বায়ঃ প্রণামী বহতি, অনাবরণাত্মকেহ
প্যাকাশে ভবত্যার্তকায়ঃ, সিদ্ধানামপ্যদৃশ্যো ভবতি॥ ৪৫॥

অমুবাদ। স্থল হইয়াও অতিস্কা হওয়ার শক্তিকে অণিমা বলে, গুরু হইরাও কাশভূণের ভার অতি লঘু হওয়ার শক্তিকে লঘিমা বলে, অতিকুদ্র হইরাও হস্তিপর্বতাদি বৃহদাকার ধারণ করা শক্তির নাম মহিমা। যে শক্তি-দ্বারা ভূমিতে থাকিয়াও অঙ্গুলির অগ্রভাগ দারা চন্দ্র স্পর্শ করা যায় তাহাকে প্রাপ্তি ঐশ্বর্য্য বলে। প্রাকাম্য শব্দের অর্থ ইচ্ছার অনভিঘাত (বাধা না হওয়া), ইহাতে জ্বলের স্থায় ভূমিতে উন্মজ্জন নিমজ্জন করিতে পারে। বশিত্ব শক্ষের অবর্থ স্বয়ং অপরের বশীভূত না হইরা পৃথিবী প্রভৃতি ভূত ও গো ঘটাদি ভৌতিক পদার্থের বশী (নিয়ামক) হয়, অর্থাৎ আপন ইচ্ছায় ভৃত-ভৌতিক সকল পদার্থকে অবস্থাপন করিতে পারে। ঈশিত্ব ঐশ্বর্যা দারা ভূত-ভৌতিক-গণের উৎপত্তি-বিনাশ ও অবয়ব-সংস্থান অনায়াসেই করিতে পারা যায়, कार्रा, मृनश्रकृति अत्र रहेरान श्रकृतित कार्या अग्र ममस्यहे चळळ्ळा अस्म। যত্ত-কামাবসায়িত্বের অর্থ সত্যসঙ্কল্প অর্থাৎ তাদৃশ যোগিগণ যেরূপ সঙ্কল করেন দেই ভাবেই ভূতপ্রকৃতিগণ অবস্থিত থাকে। উক্তভাবে সিদ্ধ যোগী সমর্থ হইয়াও পদার্থের বৈপরীত্য অর্থাৎ একটাকে আর একটা (চক্রকে স্র্য্য করা ইত্যাদি) করিতে পারেন না, কেবল পদার্থের শক্তির অন্তথা করিতে,পারেন, কারণ পদার্থের নিয়ম বিষয়ে আর একজন পূর্বাসিদ্ধ ( ঈশ্বর ) ষত্র-কামাবদায়ী যোগীর দঙ্কর আছে, অর্থাৎ ঈশবের দঙ্কর বশতঃ জগতের মর্য্যাদা স্থির আছে, ভাহার বিপরীত করা অপর যোগীর সাধ্য নহে, দেশকাগ-, ভেদে পদার্থ শক্তির অন্তথাভাব হইয়া থাকে, সিদ্ধ যোগিগণ শক্তির অন্তথা করিতে পারেন। এই আট প্রকার ঐশ্বর্য্য বলা হইল। কায়ের সম্পৎ অগ্রে বলা যাইবে। তদ্ধর্মের অনভিঘাত অর্থাৎ শরীরের ধর্ম গুণ ক্রিয়াদির অভিঘাত (প্রতিবন্ধ) অন্ত পদার্থ দারা হয় না, পৃথিবী মূর্ত্তি (কাঠিন্ত) দারা যোগীর শরীরাদি ক্রিয়ার প্রতিবন্ধ করিতে পারে না। সিদ্ধযোগী প্রস্তরের মধ্যেও প্রবেশ করিতে পারেন। স্নেহ (আর্ক্ররণশক্তি) যুক্ত জল উক্ত যোগীকে আর্ক্র করিতে পারে না। অর্থা দাহ করিতে পারে না। প্রণামী (চালক) বায়ু উহাকে স্থানান্তরে লইতে পারে না। আবরণ-হীন আকাশ্বভাগেও আর্তকার হইয়া সিদ্ধগণেরও অদৃশ্য হয়॥ ৪৫॥

মন্তব্য। স্থল, স্বরূপ, স্ক্র্য, অস্বয় ও অর্থবত্ব এই পাঁচটা ভূতস্বভাবে পূর্ব্বে সংষম উক্ত হইয়াছে, উহার মধ্যে স্থলে সংযম করিলে অণিমা লিখিমা, মহিমা ও প্রাপ্তি এই চারিটা ঐশ্বর্য হয়, স্বরূপে সংযম করিলে প্রাকাম্য সিদ্ধি, স্ক্রে সংযম করিলে বশিত্ব সিদ্ধি, অহয়ে সংযম করিলে ঈশিত্ব সিদ্ধি, ও অর্থবত্বে সংযম করিলে যত্র-কামাবসায়িতা সিদ্ধি হয়।

আশক্ষা হইতে পারে যত্র-কামাবসায়িতা সিদ্ধি হইলে অপর গুলির আবস্থাক কি ? ইহার উত্তর প্রধানটা প্রথমতঃ হয় না, যত্র-কামাবসায়িত্বটা শেষ ঐশ্বর্যা, উহা প্রথমে হইতে পারে না, বিশেষতঃ উক্ত অষ্টবিধ ঐশ্বর্যা যুগপৎ হয় না, পূর্ব্বোক্ত সংযমের ভূমির তারতম্যাহ্মসারে সিদ্ধিরও তারতম্য হয়। অনিমাদি সিদ্ধি হইলে কায়ধর্ম্বের অনভিঘাত পূথক্ ভাবে বলিবার উদ্দেশ্য এই, ভূতগণের স্থলাদি পঞ্চবিধ অবস্থার যে কোনও অবস্থায় সংযম করিলে পূথক্ পূথক্ সিদ্ধিলাভ হয়, ইহাই বুঝাইবার নিমিত্ত কায়সিদ্ধি ও তদ্ধর্মানভিঘাত পূথক ভাবে নির্দিষ্ট হইয়াছে॥ ৪৫॥

সূত্র। রূপ-লাবণ্য-বল-বক্সদংহননত্বানি কায়সম্পৎ॥৪৬॥

ব্যাখ্যা। রূপেত্যাদি (রূপং চক্ষ্প্রিয়ো গুণবিশেষং, লাবণ্যং সৌন্দর্য্যং, বলং বীর্যাং, বন্ধ্রসংহননস্থং বন্ধ্রপ্রেব সংহননং দৃঢ়ঃ অবরবসমূহো যশু তন্থ ভাবঃ ) কারসম্পৎ (এভানি কারশু সম্পদ্ গুণবিশেষঃ। ইত্যর্থঃ )॥ ৪৬॥

তাৎপর্য্য। স্থন্দররূপ, শরীবের মাধুর্যা, অতিশর বীর্য্য ও বক্তের স্থার

। [পাত। সূ ৪৭।]

আনতি দৃঢ়, এই সমস্ত শরীরের সম্পং, পূর্ব্বোক্ত ভূতস্বভাবে সংযম ক্রিলে ইহা হয়॥৪৬॥

ভাষ্য। দর্শনীয়ঃ কান্তিমান্, অতিশয়বলো বজ্রসংহননশ্চেতি ॥৪৬॥

স্ব্রাদ। ভূতঙ্গরসিদ্ধ যোগী স্থদৃশ্চ, মনোহর কান্তি, অতিশয় বলবান্ ও

ও বজ্রের ভার দৃঢ় শরীর হইয়া থাকেন ॥ ৪৬॥

মস্তব্য। বজ্রসংহনন শব্দে বজের ক্রায় বাঁহার প্রহার এরপও কেহ কেহ ব্যাখ্যা করেন। সিদ্ধ যোগীর শরীর পৃঢ় হয় দধীচ মুনি তাহার সম্পূর্ণ দৃষ্টান্ত স্থল॥ ৪৬॥

সূত্র। গ্রহণ-স্বরূপাহস্মিতাহম্বয়ার্থবত্বসংযমাদিন্দ্রিয়জয়ঃ॥৪৭॥

ব্যাখ্যা। গ্রহণেত্যাদি (গ্রহণং শব্দাছাকারা বৃত্তিঃ, স্বরূপং চক্ষুরাদিকং, অস্মিতা>হঙ্কারঃ, অন্বয়ার্থবত্বে চ পূর্ব্বোক্তে, এতেরু সংযমাৎ সংযমেন সাক্ষাৎকারাৎ) ইন্দ্রিয়জ্বঃ (চক্ষুরাদীনাং বশীকারো ভবতি) ॥ ৪৭ ॥

'তাৎপর্য্য। ইন্দ্রিয়গণের গ্রহণ অর্থাৎ বিষয়াকারে বৃত্তি, স্বরূপ চক্ষুরাদি স্বর্ম্ম, অস্মিতা অর্থাৎ কারণ অহঙ্কার, অমুগত সন্থাদি গুণত্রম ও অর্থবন্ধ অর্থাৎ প্রক্রের ভোগ ও অপবর্গের জনকতা এই পঞ্চবিধ অবস্থায় সংযম করিলে ইন্দ্রিয়ের জয় হয় ॥ ৪৭ ॥

ভাষ্য। সামান্যবিশেষাত্মা শব্দাদির্প্রাহ্য, তেম্বিন্দ্রিরাণাং বৃত্তির্থান্য, ন চ তৎসামান্যমাত্রগ্রহণাকারং, কথমনালোচিতঃ স বিষয়-বিশেষ ইন্দ্রিরেণ মনসাহসুব্যবসীয়েতেতি। স্বরূপং পুনঃ প্রকাশাত্মনা বৃদ্ধিসত্বস্থ সামান্যবিশেষয়োরযুত্ত সিদ্ধাহবয়বভেদানুগতঃ সমূর্হো দ্রব্য-মিন্দ্রিয়ম্। তেষাং তৃতীয়ং রূপমিন্যাতালক্ষণোহহঙ্কারঃ, তস্থ সামান্য-স্থেন্দ্রিয়াণি বিশেষাঃ। চতুর্থং রূপং ব্যবসায়াত্মকাঃ প্রকাশক্রিয়ান্থিতি-শীলা গুণাঃ, যেষামিন্দ্রিয়াণি সাহক্ষারাণি পরিণামঃ। পঞ্চমং রূপং গুণেষু যদনুগতং পুরুষার্থবত্তমিতি। পঞ্চস্থেতেরু ইন্দ্রিয়রূপেরু যথাক্রমং সংঘমঃ, 'ভত্র তত্র জরং কৃষা পঞ্চরূপজন্মাদিন্দ্রিয়জয়ঃ প্রাত্তবতি ষোগিনঃ॥ ৪৭॥

অমুবাদ। সামাপ্ত ও বিশেষ (৪৪ স্ত্রোক্ত) উভয়াত্মক শব্দাদি বিষয় গ্রাহ্ম অর্থাৎ অনুভাব্য, উক্ত বিষয়াকারে ইন্দ্রিয়গণের বুক্তিকে (পরিণামকে) গ্রহণ বলে, এই গ্রহণ কেবল শব্দাদির সামান্তাকারে হয় না, বিশেষ আকারেও (তথ্যক্তিরূপেও) হয়, কারণ, বিশেষ আকারটা ইন্দ্রিয় হারা আলোচিত না হইলে চিত্ত দারা কিরপে উহার নিশ্চয় হইবে ? (ইক্রিয়ের সাহায্য ব্যতিরেকে বহির্বিষয়ে চিত্তের বৃত্তি হয় না), স্বরূপ কি তাহা বলা যাইতেছে, প্রকাশ স্বভাব বুদ্ধিসত্ব হইতে অহঙ্কারকে দার করিয়া ইক্রিয়গণের উৎপত্তি হয়, ইক্রিয়ের কারণ দান্ধিক অহস্কার, ইন্দ্রিয়ন্থ সামান্ত ও তত্তদিন্দ্রির বিশেষ এই উভয়াত্মক ইক্রিয়রূপ দ্রব্য, ইহার অবয়ব সাত্বিক অহঙ্কার অযুত্রসিদ্ধ (পূথক সিদ্ধ) নহে, অর্থাৎ পৃথক থাকিয়া মিলিয়া অবস্থিত আছে এরূপ নহে, উক্ত অবয়ব সমূহই দ্রবারূপ ইন্দ্রির। ইন্দ্রিরগণের তৃতীর অবস্থা অস্মিতারূপ অহঙ্কার, উক্ত অস্মিতা-রূপ সামান্তের বিশেষ ইন্দ্রিয়গণ। ইন্দ্রিয়গণের চতুর্থ অবস্থা ব্যবসায় (মহতত্ত্ব, নিশ্চয়-বুত্তিবিশিষ্ট বৃদ্ধি) রূপে পরিণত প্রকাশ, ক্রিয়া ও স্থিতিশীল সম্বাদি গুণত্রয়, মহতত্ত্বরূপে পরিণত গুণত্রয়ের পরিণাম অহঙ্কার ও ইক্রিয়গণ। ইক্রিয়ের পঞ্চম অবস্থা গুণত্রয়ে অনুগত পুরুষার্থবত্ব অর্থাৎ পুরুষের ভোগ ও অপবর্গজননরূপ পরার্থতা। ইন্দ্রিয়গণের এই পঞ্চবিধ অবস্থায় যথাক্রমে ( গ্রহণাদিরাপে ) সংযম করা কর্ত্তবা, উক্ত বিষয় সম্পূর্ণ অধিকার করিলে যোগিগণের ই ক্রিয় জয় সম্পন্ন হয় ॥ ৪৭ ॥

মন্তব্য। বিষয়ের সহিত ইক্রিয়ের সংযোগ হইলে যে সামান্ত জ্ঞান (আলোচন) হয় উহাকে ইক্রিয়ের ধর্ম বলিয়া নির্দেশ হইয়াছে, ৰাস্তবিক ইহা ইক্রিয়ের ধর্ম নহে চিত্তেরই ধর্ম, ইক্রিয়ের সংযোগে হয় বলিয়া ইক্রিয়ের বলা হইয়াছে, বহির্বিয়ের ইক্রিয়ের সহায়তার চিত্ত প্রকাশ করে।

পদার্থ মাত্রই, সামান্ত ও বিশেষরূপ, পরোক্ষপ্রমাণে কেবল সামান্তাকারে জ্ঞান জন্মে, ইন্দ্রিররূপ প্রত্যক্ষ প্রমাণেই বিশেষটা প্রকাশিত হয়, ইহার বিশেষ বিবরণ প্রথম পালে প্রত্যক্ষ লক্ষণে বলা হইয়াছে। রৌজেরা বলেন উক্ত বিশেষটা মনেরই গ্রাছ, উহাতে ইন্দ্রিরের আরগ্রকতা নাই। গুণত্রয় হইতে দ্বিধি কার্য্য জন্মে, একটা তমোবহল জড়বর্গ, অগয়টা সম্বহল প্রকাশস্কার ইন্দ্রিরাণ। ইন্দ্রিরাণ নিরবর্ব নহে, অহকারই উহার জবর্ব ॥ ৪৭ ॥

### সূত্র। ততো মনোজবিত্বং বিকরণভাবঃ প্রধান-জয়শ্চ ॥ ৪৮ ॥

ব্যাখ্যা। ততঃ (ইন্দ্রিয়জয়াৎ) মনোজবিত্বং (মনোবৎ শীঘ্রগামিত্বং), বিকরণভাবঃ (স্থূলদেহানপেক্ষয়া ইন্দ্রিয়াণাং অভিপ্রেতবিষয়াকারেণ বৃত্তিলাভঃ) প্রধানজয়শ্চ (প্রকৃতিবশিত্বক উপজারতে ইত্যর্থঃ)॥ ৪৮॥

তাৎপর্যা। পূর্ব্বোক্তরূপে ইক্রিয় জয় হইলে মনের ন্তায় দেহের অতি শীঘ গতি, দেহকে অপেকা না করিয়া ইক্রিয়গণের বহির্বিষয়ে বৃত্তিলাভ ও সমস্ত প্রকৃতিবর্গ জয়রূপ সর্বেশ্বরত্ব লাভ হয়॥ ৪৮॥

ভাস্ত। কায়স্থামুত্তমো গতিলাভো মনোজবিত্বং, বিদেহানা-মিন্দ্রিয়াণামভিপ্রেতদেশকালবিষয়াপেক্ষো বৃত্তিলাভো বিকরণভাবঃ, সর্ববিপ্রকৃতিবিকারবশিত্বং প্রধানজয় ইতি, এতান্তিশ্রঃ সিদ্ধয়ো মধু-প্রকৃতি। উচ্যন্তে, এতাশ্চ করণপঞ্চকরপজয়াদধিগম্যন্তে ॥ ৪৮॥

ভ অনুবাদ। যাহা হইতে অধিক হইতে পারে না দেহের এরপ শীঘ গতিকে মনোজবিত্ব বলে, স্থুল শরীরকে অপেক্ষা না করিয়া ইচ্ছানুসারে অ তি দ্রদেশস্থ ও বহুকালীন অতীতাদি বিষয় আকারে ইন্দ্রিয়ের বৃত্তিলাভের নাম বিকরণভাব, প্রকৃতি ও তৎকার্য্য বর্গকে আপনার অধীন করার নাম প্রধান জয়, এই তিনটী দিদ্ধির নাম মধুপ্রতীকা, পূর্ব্বোক্ত গ্রহণাদি পঞ্চরপ ইন্দ্রিয় স্বভাবে সংঘম দারা জয় করিলে এই সমস্ত দিদ্ধি হইয়া থাকে ॥ ৪৮॥

মন্তব্য। দেবর্ষি নারদ ক্ষণমাত্রে চতুর্দশ ভ্বন ভ্রমণ করেন, পুরাণাদিতে বর্ণিত উক্ত বিষয় মনোজবিত্ব সিদ্ধির ফল, মনঃ যেরপ অপ্রতিবদ্ধে ক্ষণকালে সমস্ত জগৎ চিস্তা করিতে সমর্থ, তজপ শরীরেরও স্বচ্ছল গমন হয়। কোনও দেশবিশেষে অবস্থিত থাকিয়া অতি দ্রদেশের ও অতি দ্রতর অতীত ভবিশ্বৎ কালের বিষয় সকলের ইন্দ্রিয় ছারা জ্ঞানকে বিকরণ-ভাব বলে। প্রধান-জয় অর্থাৎ ইচ্ছাম্পারে প্রকৃতির পরিচালনা করিতে পারিলে সর্বেশ্বরত্ব লাভ হয়। বৈশিশাস্ত্রে এই সিদ্ধির নাম মধুপ্রতীকা, অর্থাৎ মধুর যেমন সমন্ত অবরবে অমৃত রুল, এই সিদ্ধিরও তক্ষপ হয়॥ ৪৮॥

### সূত্র। সত্বপুরুষাত্যতাখ্যাতিমাত্রত্ত সর্বভাবাধিষ্ঠাতৃত্বং সর্ববজ্ঞাতৃত্বঞ্চ॥ ৪৯॥

ব্যাখ্যা। সম্বপুরুষাম্যতাখ্যাতিমাত্রশ্ব (বৃদ্ধিপুরুষদ্বোরম্যতাখ্যাতির্ভেদজ্ঞানং, তন্মাত্রশ্ব তরিষ্ঠশ্ব, সংঘ্যান তন্ময়শ্বেতি যাবং) সর্বভাবাধিষ্ঠাভৃত্বং (সর্ব-নিয়স্তৃ মং) সর্ব্বজ্ঞাভৃত্বঞ্চ (সমস্তবিবয়কজ্ঞানঞ্চ উপজায়তে ইত্যর্থঃ)॥ ৪৯॥

তাৎপর্য্য। বৃদ্ধি পৃথক্ পুরুষ পৃথকু 'এইরূপ বিবেকজ্ঞানে সংযম অভ্যাস করিয়া যোগিগণ সর্কনিয়ামক ও সর্বজ্ঞ হয়েন॥ ৪৯॥

ভাষ্য। নির্দ্ধৃতরজন্তমোমলস্থ বুদ্ধিদম্বস্থ পরে বৈশারত্তে পরস্থাং বশীকারসংজ্ঞারাং বর্ত্তমানস্থ সম্পুরুষান্যভাখ্যাভিমাত্ররপপ্রভিষ্ঠস্থ সর্বভাবাধিষ্ঠাতৃত্বং, সর্ববাত্মানো গুণা ব্যবসায়-ব্যবসেয়াত্মকাঃ স্থামিনং ক্ষেত্রজ্ঞং প্রভাগেষদৃশ্মাত্মনোপভিষ্ঠন্তে ইত্যর্থঃ। সর্ববজ্ঞাতৃত্বং সর্ববাত্মনাং গুণানাং শাস্তোদিভাব্যপদেশ্যধর্মত্বেন ব্যবস্থিতানামক্রমো-পারুত্বং বিবেকজং জ্ঞানমিত্যর্থঃ, ইত্যেষা বিশোকা নাম সিদ্ধিঃ, যাম্প্রাপ্য যোগী সর্ববজ্ঞঃ ক্ষীণব্লেশবন্ধনো বশী বিহরতি॥ ৪৯॥

অমুবাদ। রজঃ ও তমঃ রূপ কালুয়্য অপগত হইলে বৃদ্ধিদত্বের (অন্তঃকরণের) পরবৈশারত্ব অর্থাৎ অতিশয় স্বচ্ছতা জন্মে, তথন বশীকার নামক পরবৈরাগ্যস্কু চিত্তের কেবল দত্ব ও পুরুষের বিবেকজ্ঞানে প্রতিষ্ঠা (স্থিতি) হয়, অর্থাৎ বিবেকজ্ঞানে সংযম অভ্যাদ করিলে চিত্তের অন্তর্মপ বৃত্তি না হইয়া কেবল তদাকারে বৃত্তি হয়, চিত্তের এই অবস্থায় যোগিগণ দর্মভাবের '(সমস্ত জড়বর্গের) অধিষ্ঠাতা (নিয়ামক) হন, অর্থাৎ ব্যবদায় (জ্ঞান) ও ব্যবদেয় (জ্ঞেয়) রূপ দমস্ত গুণবর্গ ক্ষেত্রজ্ঞ (জীব) প্রভু দকলের উপভোগ্য-রূপে পরিণত্ত হয়, একক্ষণেই দাধারণ বিষয়ের জ্ঞান (এটা জ্ঞানিয়া উটা জ্ঞানা, এভাবে নহে) হয়। ইহাকে যোগিগণ বিশোকা নামক সিদ্ধি বলেন, এই সিদ্ধি লাভ করিয়া যোগী দর্মজ্ঞ হয়েন, তাঁহার অবিস্থাদি ক্লেশ ও ধর্ম্মাধর্ম্ম রূপ বন্ধন থাকে না॥৪৯॥

মন্তব্য। প্রথম পাদে চারি প্রকার বৈরাগ্য বর্ণিত আছে, বনীকার নামে

বৈরাগাটী সকলের শেষ। পুরুষখ্যাতি হইলে গুণত্তরেও বৈরাগ্য জন্মে, "তৎপরং পুরুষখ্যাতের্গুণবৈভ্ষ্যম্। ঐশ্বর্য হুই প্রকার, ক্রিরৈশ্বর্যা ও জ্ঞানৈ-শ্বর্যা, সর্বভাবাধিষ্ঠাভৃত্বটী ক্রিরেশ্বর্যা, সর্বজ্ঞাভৃত্বটী জ্ঞানৈশ্বর্যা ॥ ৪৯ ॥

### সূত্র। তদৈরাগ্যাদপি দোষবীজক্ষয়ে কৈবল্যম্॥ ৫০॥

ব্যাখ্যা। তবৈরাগ্যাদপি ( ওঁস্থাং বিবেকখাঁতে রাগাভাবাৎ ) দোষবীজক্ষয়ে ( দোষবীজানাং ক্লেশকর্ম্মণাং ক্ষয়ে আঁতাুন্তিকে তিরোভাবে ) কৈবল্যং ( স্বরূপ-প্রতিষ্ঠত্বং মুক্তিরপি পুরুষস্থ ভবতি ) ॥ ৫০॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত সম্বপুরুষাগুতাখ্যাতিরূপ বিবেকজ্ঞানেও বিরক্তি হইলে অবিষ্ঠাদিক্রেশ ও ধর্মাধর্মরূপ কর্মবন্ধন বিনষ্ট হয়, তথন পুরুষের স্বরূপে অবস্থানরূপ নির্বাণ মুক্তি হয়॥৫০॥

ভায়। যদাহস্থৈবং ভবতি ক্লেশকর্মক্সের সম্বস্থারং বিবেকপ্রভারো ধর্মঃ, সম্বন্ধ হেরপক্ষে হাস্তং, পুরুষশ্চাপরিণামী শুদ্ধাহন্যঃ
সম্বাদিতি, এবং অস্ত ততো বিরজ্যমানস্থ বানি ক্লেশবীজানি দন্ধশালিবীজকল্পান্যপ্রসবসমর্থানি তানি সহ মনসা প্রত্যস্তং গচ্ছন্তি, তেরু
প্রলীনেরু পুরুষঃ পুনরিদং তাপত্রয়ং ন ভূঙ্ক্তে, তদেতেষাং গুণানাং
মনসি কর্মক্লেশবিপাকস্বরূপেনাভিব্যক্তানাং চরিতার্থানাং প্রতিপ্রসব পুরুষস্থাত্যন্তিকোগুণবিয়োগঃ "কৈবল্যং", তদা স্বরূপপ্রতিষ্ঠা
চিতিশক্তিরের পুরুষ ইতি॥ ৫০॥

অমুবাদ। ক্লেশ ও কর্ম্মের অত্যন্ত বিনাশ হইলে যোগীর যথন এরপ ধারণা হয়, বিবেকপ্রত্যের (ভেদজ্ঞান) সম্বের (বৃদ্ধির) ধর্মা, দেই সম্ব হেম পক্ষে স্তন্ত অর্থাৎ পরিত্যাজ্য বলিরা নির্ণীত হইয়াছে, পুরুষ পরিণামী নহে, শুদ্ধ, অর্থাৎ তাহাতে কোনও বিকার নাই, অতএব বিকারী সম্ব হইতে পৃথক্, এইরূপে বিবেকখ্যাতি হইতে বিরক্তযোগীর দগ্মশালি বীজক্র (শোজ্যা ধানের স্থার) অতএব প্রসব আর্থাৎ পাপপুণ্য বারা বিপাক্তর জন্মইতে অসমর্থ এরূপ ক্লেশবীজ সমস্ত মনের সহিত অন্তমিক্ত হইয়া ধার। উর্মুশ্রী বিনষ্ট হইলে পুরুষ আর হঃখত্তর ভোগ করে না। কর্মা, ক্লেশ ও

জাত্যাদি বিপাকরপে পরিণত, চিত্তে অবস্থিত, পুরুষের ভোগ ও অপবর্গ সম্পাদন করায় ক্বতক্বতা গুণল্যের তথন প্রতিপ্রসব অর্থাৎ প্রলয় (বিনাশ) হইলে পুরুষের আত্যস্তিক গুণ বিয়োগ হয়, আর কথনও গুণের সহিত সম্বন্ধ হয় না, তথন চিতিশক্তি (পুরুষ) আপনার স্বরূপে অবস্থান করে, অর্থাৎ পুরুষে আর চিত্তধর্মের আরোপ হয় না॥৫০॥

মস্তব্য। "উপর্যুপরি পশুন্তঃ সর্ব্ধ এব দরিদ্রতি" উর্দাদিকে দৃষ্টিপাত করিলে নিজের সম্পত্তিকে ভূচ্ছ বোধ হয়, বিবেক খ্যাতিটী সকলের শিরোমণি বটে, কিন্তু পুরুষের স্বরূপে অবস্থানের প্রতি লক্ষ্য করিলে আর উহাতে বাঞ্ছা থাকে না। বিবেকখ্যাতি চিত্তের বৃত্তি, বৃত্তি হইলেই পুরুষে আরোপ হয়, নিস্তরঙ্গ-মহার্গবে তরঙ্গের রেখা হয়, এরূপ বিবেকখ্যাতির প্রয়োজন কি? পুরুষ-মহাসাগর প্রশান্তভাবে থাকাই মঙ্গল। বন্ধন ও মৃক্তির স্বরূপ "তদান্দ্রষ্টুই স্বরূপেহবস্থানম্" "বৃত্তিসারুপ্যমিতরত্র" ইত্যাদি স্থতে দ্রন্থব্য। ৫০॥

### সূত্র। স্থান্যুপনিমন্ত্রণে সঙ্গন্ময়াকরণং পুনরনিষ্ট-প্রসঙ্গাৎ ॥ ৫১ ॥

ব্যাখ্যা। স্থান্ম্যপনিমন্ত্রণে (স্বর্গস্থানস্থৈ: মহেল্রাদিভিরুপনিমন্ত্রণং আহ্বানং তিশ্বিন্ সতি ) সঙ্গস্থারাকরণং ( সঙ্গঃ কামঃ স্বরঃ ক্বতার্থতাভিমানঃ, তয়ােরকরণম্, সঙ্কঃ স্বরুষ্ঠ ন কর্ত্তব্যঃ ) পুনরনিষ্ঠপ্রসঙ্গাৎ ( তথা সতি পুনঃ সংসারপতন-সম্ভবাৎ ) ॥ ৫১ ॥

তাৎপর্য্য। কি জানি আমাদের পদ কাড়িয়া লয় এই ভয়ে স্বর্গবাদি-দেবগণ যোগীর সমাধিভঙ্গ করিবার নিমিত্ত নানাবিধ প্রলোভন প্রদর্শন করিয়া থাকেন তাহাতে অন্তরাগ বা বিময় করিবে না, কেননা তাহাতে পুনর্কার পতনের সম্ভাবনা আছে॥ ৫১॥

ভাষা। চত্বারঃ খল্মী যোগিনঃ, প্রথমকল্লিকঃ, মধুভূমিকঃ, প্রজ্ঞাজ্যোতিঃ, অতিক্রাস্তভাবনীয়শ্চেতি। তত্রাভ্যাসী প্রবৃত্তমাত্র-জ্যোতিঃ প্রথমঃ। ঋতস্তরপ্রজ্ঞো দিতীয়ঃ। ভূতেক্রিয়জয়ী তৃতীয়ঃ, সর্বেব্রু ভাবিতেরু ভাবনীয়েরু কৃতরক্ষাবন্ধঃ কৃতকর্ত্ব্যসাধনাদিমান্।

চতুর্থো যন্ত্রতিক্রাস্তভাবনীয়স্তস্ত চিত্তপ্রতিদর্গ একোহর্থঃ, সপ্তবিধাহস্ত প্রান্তভূমিপ্রজ্ঞা। তত্র মধুমতীং ভূমিং সাক্ষাৎ-কুর্বতো ব্রাক্ষণস্থ স্থানিনো দেবাঃ সৃষ্ঠুদ্ধিমমুপশান্তঃ স্থানৈরুপনিমন্ত্রয়ন্তে, ভোঃ ইহাস্ততাং, ইহ রম্যতাং কমনীয়োহয়ং ভোগঃ, কমনীয়েয়ং কন্সা, রসায়নমিদং জরামৃত্যুং বাধতে, বৈহায়সমিদং যানং, অমী কল্লক্রনাঃ, পুণ্যা মন্দাকিনী, সিদ্ধা মহর্ষয়, উত্তমা অসুকূলা অপ্সরসঃ, দিব্যে শ্রোত্রচক্ষ্মী, বজ্রোপমঃ কায়ঃ, স্বগুণৈঃ সর্বামিদমুপার্জ্জিতমায়ুম্মতা, প্রতিপদ্মতামিদমক্ষয়মজরমমরস্থানং দেবানাং প্রিয়মিতি। এবমভিধীয়-मानः मञ्जरमायान् ভाবरয়ष, याद्रयू সংসারাঙ্গারেষু পচ্যমানেন ময়া জননমরণান্ধকারে বিপরিবর্ত্তমানেন কথঞ্চিদাসাদিতঃ ক্লেশতিমির-বিনাশো বোগপ্রদীপঃ, তস্ত চৈতে তৃষ্ণাযোনয়ো বিষয়বায়বঃ প্রতি-পক্ষাঃ, স খল্মহং লক্কালোকঃ কথমনয়া বিষয়মূগতৃষ্ণয়া বঞ্চিতস্ত স্থৈব পুনঃ প্রদীপ্তস্ত সংসারাগ্নেরাত্মানমিন্ধনী কুর্য্যামিতি। স্বস্তিবঃ স্বপ্নোপ-মেভ্যঃ কুপণজনপ্রার্থনীয়েভ্যো বিষয়েভ্যঃ ইত্যেবং নিশ্চিতমতিঃ সমাধিং ভাবয়েৎ। সঙ্গমকৃত্বা স্ময়মপি ন কুর্য্যাৎ এবমহং দেবানামপি প্রার্থনীয় ইতি, স্ময়াদয়ং স্থৃস্থিতং-মন্মত্রা মৃত্যুনা কেশেষু গৃহীত-মিবাত্মানং ন ভাবয়িয়তি, তথা চাস্ত ছিদ্রান্তরপ্রেক্ষী নিত্যং রত্রোপ-চর্য্য: প্রমাদো লব্ধবিবরঃ ক্লেশাকুত্তস্তায়িয়তি, ততঃ পুনরনিষ্টপ্রসঙ্গঃ, এবমস্থ সঙ্গস্ময়াবকুর্ববতো ভাবিতোহর্থো দৃঢ়ী ভবিষ্যতি, ভাবনীয়-শ্চার্থোহভিমুখী ভবিষ্যতীতি॥ ৫১॥

অনুবাদ। বোগী চারি প্রকার, প্রথমকল্লিক, মধুভূমিক, প্রজ্ঞাজ্যোতিঃ ও অতিক্রান্ত-ভাবনীয়। যোগশিক্ষা কেবল আরম্ভ করিয়াছেন, বাঁহার পরচিত্তাদি বিষয়ে জ্ঞান দৃঢ় হয় নাই, হইবার উপক্রম হইয়াছে, তাঁহাকে প্রথমকল্লিক যোগী বলে। দিতীয় অর্থাৎ মধুভূমিক যোগীর নাম ঋতস্তরপ্রজ্ঞ, ইনি
ভূত ও ইন্দ্রিয়গণের জয়ের অভিলাষী। তৃত্তীয় যোগী প্রজ্ঞাজ্যোতিঃ পঞ্চভূত ও
ইন্দ্রিয়গণকে সম্পূর্ণ বশীভূত করিয়াছেন, ভূত ও ইন্দ্রিয়জয় বশতঃ পরচিত্তাদি

জ্ঞানরূপ সমস্ত ভাবিত (সম্পাদিত) বিষয়ে কুতরক্ষাবন্ধ অর্থাৎ উক্ত সিদ্ধ যোগীর আয়ত্ত বিষয় সমস্তের বিনাশ হন্দ না. এই বোগী ভাবনীয় ( সম্পাদনীয় ) অর্থাৎ যাহার দিদ্ধি করিতে হইবে এমত বিশোকা হইতে পরবৈরাগ্য পর্যাম্ভ বিষয়ে ক্বতকর্ত্তব্য সাধনাদিমান অর্থাৎ সম্যক্ উপায়ের অনুষ্ঠাতা। অতিক্রান্ত ভাবনীয় নামক চতুর্থ যোগীর কেবল চিত্ত লুমুরূপ একটা কার্য্য অবশিষ্ট থাকে, ইহাকেই জীবন্তু বলে, ইহারই সপ্ত প্রকার প্রান্তভূমি প্রজ্ঞা (প্রাপ্তং প্রাপনীয়ং ইত্যাদি ) পূর্ব্বে বর্ণিত হইয়াছে। এই চারি প্রকার যোগীর মধ্যে মধুমতী ভূমি (দ্বিতীয় অবস্থা) সাক্ষাৎ করিয়াছেন এমত ব্রাহ্মণের (যোগীর) চিত্তশুদ্ধি অবগত হইয়া স্বৰ্গস্থানবাসী ইক্ৰাদি দেবগণ স্থান অৰ্থাৎ স্বৰ্গাদি স্থানের বিবিধ উপভোগ্য বিষয় দ্বারা উহাদের প্রলোভন প্রদর্শন ( আহ্বান ) করেন, কারণ, দেবগণের ভয় হয়, পাছে যোগদিদ্ধি প্রভাবে আমাদের অধিকার চ্যুতি করে। আহ্বানের আকার এই, আপনি এই স্থানে অবস্থিতি করুন, এথানে বিহার করন, এই ভোগ কমনীয় (মনোহর), এই কল্লা কমনীয়া চিত্তহারিণী, এই রসায়ন (ঔষধ বিশেষ) জরা মৃত্যু বিনাশ করে, এই যান (রথ) গগনচারী, ইহা ঘারা স্বেচ্ছায় বিচরণ করুন্, এই কল্পরুক্ষ সকল আপনার ভোগ প্রদান क्रित्रित, वर्गका मन्ताकिनी, देशांत्र कि चन्त्र जन। এখানে निक्त मर्श्वित्र বিরাজ করিতেছেন, এখানে স্থন্দরী মনোহারিণী অপ্যরা সকল বাস করিতেছে, এখানে থাকিলে চক্ষ: শ্রোত্র প্রভৃতি ইন্দ্রিয়/পকল দিব্য হয়, অর্থাৎ দ্রের বিষয় গ্রহণ করিতে পারে, এথানে শরীর বজ্রের ঠাায় দৃঢ় হয়। আয়ুখন্ আপনি স্বকীয় প্রভাবে এই সমস্ত উপার্জন করিয়াছেন, দেবগণের প্রিয় এই অক্ষয় অঙ্গর স্বর্গ স্থান গ্রহণ করুন। এইরূপ কথিত হইয়া বিষয় সঙ্গের ( অমুরাগের) দোষ চিস্তা করিবে, আমি চিরকাল সংসারানলে দগ্ধ হইয়া জন্ম মৃত্যু অন্ধকারে ঘুরিয়া বেড়াইয়া সম্প্রতি কোনওরূপে অতি কষ্টে ক্লেশ-তিমিরনাশক যোগপ্রদীপ লাভ করিয়াছি, তৃষ্ণার কারণ বিষয়রূপ বায়ু ঐ প্রদীপের প্রতিকূল, আমি কিরূপে যোগ আলোক লাভ করিয়াও বিষয় মুগতৃষ্ণায় বঞ্চিত হইয়া সেই ( যাহা চির-কাল জ্ঞাত আছি ) সংসার-হুতাশনে আপনাকে কাঠরূপে দগ্ধ করিব। হে রূপণ জনের ( বাহাদের আত্মজ্ঞান নাই ) প্রার্থনীয় ব্রগ্নসূদ বিষয় সকল, জোমাদের মঙ্গল হউক, এইরূপ স্থির করিয়া সমাধির অমুষ্ঠান করিবে। উক্তরূপে স্বর্গ- ভোগে আসক্তি ত্যাগ করিয়া বিশ্বয়কেও (আমি কত বড় লোক, দেবগণও আমাকে সাধ্যসাধনা করিতেছেন, এইরূপ আত্মাতিমানকেও) ত্যাগ করিবে, কারণ ঐ ভাবে বিশ্বয় হইলে তাহাতে স্থান্থিতমনা অর্থাৎ যথেষ্ট হইনাছে এরূপ বোধ হওয়ায় আর সমাধির অফুষ্ঠান করে না, যমরাজ্ঞ যে তাহার কেশাকর্ষণ করিয়াছে তাহা জানিতে পারে না, তথন ছিলোরেষী, সর্বাদা প্রযত্নসহকারে প্রতীকার করিতে হয় এমত প্রমাদু (আসক্তি) অবকাশ লাভ করিয়া অবিভাদি ক্লেশ সকলকে উদ্দীপিত করে, তথন পুনর্বার অনিষ্ঠের সম্ভাবনা অর্থাৎ সংসারে পতন অবশুস্ভাবী। এইরূপে সঙ্গ ও শ্বয় করেন না এরূপ যোগীর লব্ধ বিষয় (সিদ্ধি) শ্বির থাকে, এবং যাহা ভাবনীয় অর্থাৎ সিদ্ধি করিতে হইবে উক্ত যোগীর তাহা সন্মুখীন হয়॥ ৫১॥

মন্তব্য। যোগের প্রারম্ভ হইতে কৈবল্য পর্য্যস্ত অবস্থাকে শাস্ত্রকারগণ চারিভাগে বিভক্ত করিয়াছেন। উহার প্রথম অবস্থায় দেবগণের সাক্ষাৎকারের সম্ভাবনা নাই, তৃতীয় ও চতুর্থ অবস্থাপর যোগিগণ দেবগণ অপেক্ষা উন্নত, স্ক্তরাং দেবগণ তাঁহাদের প্রলোভন দেখাইতে সমর্থ নহেন, পরিশেষে দিতীয় অবস্থা, যাঁহাতে সিদ্ধির অস্কুর দেখা দিয়াছে, অথচ চিত্ত দৃঢ় নহে, সহজেই টলিতে পারে, এমত অবস্থায় প্রলোভনে মুগ্ধ হওয়া অসম্ভব নহে। রদেবগণের লোভ প্রদর্শন করিবার কারণ, তাঁহাদের অধিকার কাঁড়িয়া লইবে এই ভয়, আর এক কারণ এই, মানবগণ চিরকাল সংসারে বদ্ধ থাকিয়া বাগ যজ্ঞ দারা প্রীতি উৎপাদন কর্মক ইহাই দেবগণের ইচ্ছা, মহুদ্মগণ মুক্তির পথে পথিক হইবে, ইহা দেবগণ দেখিতে পারেন না, এ বিষয় বৃহদারণ্যক উপনিষদের প্রথমে বর্ণিত আছে। উন্নত জীব নিয় শ্রেণির উন্নতি দেখিতে পারে না, ইহা স্বতঃসিদ্ধ।

দেবগণ মন্থয়ের সাধ্যসাধনা করেন একথা আপাততঃ আশ্চর্য্য বোধ হইতে পারে, বিষয় শম্পট আসক্ত জীবের পক্ষে দেবপদ অতি উৎকৃষ্ট বোধ হইতে পারে, কিন্তু বিরক্ত যোগীর পক্ষে দেবপদ নিকৃষ্ট বই উৎকৃষ্ট নহে, বিশেষতঃ তাগস ব্রাহ্মণ দেবগণের অপেক্ষা উন্নত একথা পুরাণের অধিকাংশ হলে দেখা যায়। ভাষ্মকার বিতীয় যোগীকে ব্রাহ্মণ বলিয়া নির্দেশ করিয়াছেন, এ ব্রাহ্মণ তপারী, ব্রহ্মতেজে বলীয়ান্, কলির ব্রাহ্মণ নহে। এক ভৃগু মুনির বৃত্তান্ত জানি-দেই ব্রাহ্মণের কতদ্র গৌরব তাহা জানিতে পারা যায়, উক্ত মুনিবর বিকৃর

বক্ষঃস্থলে পদক্ষেপ করিয়াছিলেন। সাধারণতঃ লোক সকল অতি নীচমনা, দেবপদের কথা দ্রে থাকুক, সামাগু একটা দাসত্ব পদকেই মোক্ষপদ বলিয়া বোধ করে, চিত্ত ছর্বল হইলে লঘুকেও গুরু বলিয়া বোধ হয়; শরীরাদিতে আত্মাভিমানই উহার কারণ॥ ৫১॥

সূত্র। ক্ষণতৎক্রময়েঃ সংযমাদ্বিবেকজং জ্ঞানম্॥ ৫২॥ ব্যাখ্যা। ক্ষণতৎক্রময়োঃ (ক্ষণে স্বাচ্ছে কালভাগে বস্তভূতে, অবিচ্ছেদে চ তৎপ্রবাহে) সংযমাৎ (তৎ সাক্ষাৎকারাৎ) বিবেকজং জ্ঞানম্ (সর্ববস্তৃনাং ভেদেন তত্ত্বসাক্ষাৎকারো ভবতি)॥ ৫২॥

তাৎপর্যা। বিভাগ হয় না এরপ স্থা কালাবয়বকে ক্ষণ বলে, উহাতে এবং উহাদের অবিচ্ছেদে পৌর্বাপর্য্য প্রবাহে সংযম করিলে বিবেকজ অর্থাৎ সমস্ত বস্তুর অসঙ্কীর্ণরূপে সাক্ষাৎকার হয় ॥ ৫২ ॥

ভাষ্য। যথাহপকর্ষপর্যান্তং দ্রব্যং পরমাণ্ঃ এবং পরমাপকর্ষ-পর্যান্তঃ কালঃ ক্ষণঃ, যাবতা বা সময়েন চলিতঃ পরমাণুঃ পূর্বদেশং জহুগুতুরদেশমুপসম্পত্যেত স কালঃ ক্ষণঃ, তৎপ্রবাহাবিচেছদস্ত ক্রমঃ, ক্ষণতৎক্রময়োনাস্তি বস্তুসমাহার ইতি বুদ্ধিসমাহারো মুহূর্তাহোরাত্রাদয়ঃ, স খল্লয়ং কালো বস্তুশুটো বুদ্ধিনির্মাণঃ শব্দজ্ঞানামুপাতীলোককানাং ব্যুত্থিতদর্শনানাং বস্তুস্বরূপ ইবাবভাসতে, ক্ষণস্ত বস্তুপতিতঃ ক্রমাবলম্বী, ক্রমশ্চ ক্ষণানস্তর্য্যাত্মা, তং কালবিদঃ কাল ইত্যাচক্ষতে যোগিনঃ। ন চ দ্বৌ ক্ষণৌ সহ ভবতঃ, ক্রমশ্চ ন ঘয়েঃ সহভুবোরসম্ভবাৎ, পূর্বস্রাত্মন্তরভাবিনো যদানস্তর্যাং ক্ষণশু স ক্রমঃ, তন্মাহারঃ। যে তু ভূতভাবিনঃ ক্ষণাঃ তে পরিণামান্বিতা ব্যাখ্যোয়াং, তেনৈকেন ক্ষণেন কৃৎস্নো লোকঃ পরিণামমনুভবতি, তৎক্ষণোপারুঢ়াঃ খল্মী ধর্ম্মাঃ, তয়োঃ ক্ষণতৎক্রময়োঃ সংব্যাৎ তয়োঃ সাক্ষাৎকরণম্, তভ্রুচ্চ বিবেককং জ্ঞানং প্রাতুর্ভবতি॥ ৫২॥

অনুবাদ। ঘটাদি দ্রব্যের বিভাগ করিতে করিতে বেখানে পরিমাণের

অপকর্ম (ন্যুনতা) শেষ হয় অর্থাৎ ধাহার আর বিভাগ হয় না, ধাহার ষ্ঠবন্ধব নাই, এরূপ দ্রব্যকে ষেমন প্রমাণু বলে, তদ্রপ দণ্ড পল প্রভৃতি কালের বিভাগ করিতে করিতে যেখানে আর বিভাগ হয় না, দেই নিরবয়ব কালের অংশকে ক্ষণ বলে, পরমাণুতে ক্রিয়া হইয়া যতটুকু সময় মধ্যে পূর্বদেশ পরিত্যাগ করে, অথবা উত্তর দেশ গ্রহণ করে সেই স্ক্ষকালকে ক্ষণ বলা যায়, উক্ত ক্ষণ ধারার অবিচ্ছেদকে (নৈরস্তর্য্যকে) ক্রম বলে। ক্ষণ ও তৎ ক্রমের বস্তুতঃ সমাহার (মিলন) না হইলেও বৃদ্ধিকৃত অর্থাৎ কল্পিত মিলন হইতে পারে। এক সময়ে বিভ্যমান পদার্থ সকলেরই সমাহার সম্ভব, মুহূর্ত্ত (দণ্ডদর) দিবা রাত্রি প্রভৃতি কাল ক্ষণেরই সমষ্টি, কিন্তু একটা ক্ষণ উৎপন্ন হইলে তাহার পূর্বক্ষণ বিনষ্ট হয়, এইরূপে উত্তরোত্তর ক্ষণের উৎপত্তিতে পূর্ব্ব পূর্বে ক্ষণের বিনাশ হয়, বহুসংখ্যক ক্ষণের মিলন অতি দূরের কথা, ছইটা ক্ষণও এক সময়ে মিলিত হইতে পারে না, কেবল বুদ্ধিতে মিলন হয় অর্থাৎ আমাদের জ্ঞান হয় যেন কতকগুলি ক্ষণ একত্র ক্রমিক-ভাবে মিলিত হইয়া আছে, উহাই মুহুর্ত প্রভৃতি কাল। দিন, মাস প্রভৃতি শব্দ আছে, উহার উচ্চারণ করিলে লোকের একটা জ্ঞানও হয়, অথচ উহা বস্তুশূন্ত অর্থাৎ কিছুই নহে, কেবল বিচারশক্তি রহিত সাধারণের বৃদ্ধিতে উचिত इरेब्रा यथार्थ विनव्रा প্রতীব্নমান रब्र। উराव मध्य कर्गी वास्वविक, ক্রমের অবলম্বন, কারণ ক্রম আর কিছুই নহে, কেবল ক্ষণের আনস্তর্য্য অর্থাৎ অবিরল ভাবে ক্ষণপ্রবাহই ক্রম। এই ক্রমবিশিষ্ট ক্ষণকেই কালজ্ঞেরা कान विनया शारकन। क्रमी मिथा, देशांत कावन, इटेंने करनव এकव অবস্থান সম্ভব নহে, ছইটীর ক্রমও হইতে পারে না, কারণ সহভাবী ( একত্র থাকে) এরপ হুইটী ক্ষণ নাই। পূর্ব্বক্ষণ হইতে উত্তর ক্ষণের যে আনন্তর্য্য তাহাই ক্রম। অতএব কেবল বর্ত্তমানই একটা ক্রণ, পূর্ব্বোত্তর অর্থাৎ ভূত-ভবিশ্বৎ ক্ষণ বলিয়া কিছুই নাই। উহারা হক্ষরূপে পরিণাম অর্থাৎ সামান্ত ষারা অন্বিত হয়, বস্তুর নৃতন পুরাতন ভাবের উপযোগী হয়। অতএব কেবল একটা বর্ত্তমান ক্ষণ ধারাই সাধারণের পরিণাম (ক্রিয়া) সম্পন্ন হয়। অপরা-পর ( ভূত ভবিশ্বং ) ধর্ম সমস্ত ঐ বর্ত্তমানের আশ্রিত, অর্থাৎ উহারই অবস্থা মাত্র। উক্ত কণ ও তাহার ক্রমে সংযম করিয়া সাক্ষাৎকার করিলে বস্তু- মাত্রেরই বিবেকজ অর্থাৎ ইতর বস্তু হইতে পৃথক্ ভাবে কেবল সেই বস্তুর প্রত্যক্ষ হয়, তদ্যক্তিরূপ বিশেষ ভাবে সমস্ত পদার্থের জ্ঞান হয়॥ ৫২॥

্মস্তব্য। ক্সায় বৈশেষিক মতে কাল একটা অতিরিক্ত পদার্থ, উহা নিত্য, উপাবি (ক্রিয়া) বশতঃ ক্ষণাদি ব্যবহারের কারণ হয়। সাংখ্যপাতঞ্জলমতে অতিরিক্ত কালনামে পদার্থ নাই, ক্রিয়াকেই কাল বলে। অতিরিক্ত নিত্য মহাকাল দারা কোনও ব্যবহার হয় না, খণ্ডকাল (দিন মাদ প্রভৃতি) দারাই ব্যবহার হইয়া থাকে, এমত জার্বস্থায় নিভ্যকাল স্বীকারের আবশুক কি ? জগতে এরূপ অনেক পদার্থ আছে, অথবা আছে বলিয়া জ্ঞাত থাকে. যাহার সত্তা মাত্রও নাই, কেবল লোকের বুদ্ধিপটে আবহমার্নকাল হইতে অঙ্কিত থাকায় যথার্থ বলিয়া বোধ হয়। দিন রাত্রি মাস প্রভৃতি এই ভাবের পদার্থ, দিন বলিলে কি বুঝায় তাহা কাহাকেও বলিতে হয় না, আমরা সকলেই অনায়াদে বুঝিতে পারি, কিন্তু কি বুঝি তাহা কেহই বিচার করে না. গ্রহগণের ক্রিয়া (গতি ) দ্বারা কালের গঠন হয়, ক্রিয়ার সমষ্টিই দিন প্রভৃতি কাল, কিন্তু সমষ্টি হইবার সন্তব নাই, অসংখ্য ক্রিয়া ব্যক্তি একত্র দণ্ডায়মান थार्क ना. উত্তরটী হইলে পূর্ব্বটী নষ্ট হয়, এই ভাবেই চিরকাল চলিয়া ষাইতেছে, তথাপি আমরা বৃদ্ধিতে একরূপ গড়িয়া লই, এইরূপে কতকগুলি ক্রিয়া ক্ষণের সমষ্টি হইতে দিন মাদ প্রভৃতি কল্পিত হয়, এই কতকগুলিই বা কোনু কতকগুলি তাহাও জানা কঠিন, গ্রহণতির বিশ্রাম নাই, উহার সমষ্টির আদি অন্ত নির্দেশ হয় না. কেবল গ্রহক্রিয়ার অমুক্রিয়া দারা একটা সমষ্টি করা যায়, যেমন সূর্য্যের ক্রিয়া বশতঃ পৃথিবীতে আলোক পতনের অনন্তর অন্ধকার বিনাশ ইহাকে আদি ধরিরা পৃথিবীতে আলোক রহিত <sup>\*</sup>হইয়া অন্ধকারের আগমন ইহাকে অন্ত ধরিয়া দিন নামক একটা কাল হয়. এইরূপে রাত্রি প্রভৃতিরও কল্পনা বুঝিতে হইবে॥ ৫২॥

ভাষ্য। তম্ম বিষয়বিশেষ উপক্ষিপ্যতে।

সূত্র। জাতিলক্ষণদেশৈরগুতাহনবচ্ছেদাৎ তুল্যয়োস্ততঃ
. প্রতিপত্তিঃ॥ ৫৩॥

ব্যাখ্যা। জাতিলক ।দেশৈঃ (জাতির্গোত্বাদিঃ, লক্ষণং অসাধারণধর্শঃ, দেশঃ

স্থানং তৈ:) অন্ততাহনবচ্ছেদাৎ (ভেদানবধারণাৎ) তুল্যরো: (সমানরো: বস্তনো:) ততঃ প্রতিপত্তিঃ (পূর্বোক্তসংয্মাৎ প্রতিপত্তিঃ ভেদেন সাক্ষৎকার: তম্যক্তিয়েন ভানমিতি যাবং॥ ৫৩॥

্তাৎপর্য। গোদ্বাদি জাতি, বস্তুর অসাধারণ ধর্ম ও দেশ দ্বারাই বস্তুর ভেদ প্রদশিত হয়, বেখানে এই তিনটার কোনটারও সম্ভব নহে, অথচ এক পদার্থ হইতে অন্ত পদার্থকে ভিন্ন ব্লিয়া জানিতে হইবে সেথানে পূর্ব্বোক্ত বিবেকক জ্ঞানই একমাত্র উপায়॥ ৫০॥

ভাষ্য। তুল্যয়োর্দেশলক্ষণসারূপ্যে জাতিভেদোহস্যতায়া হেতুঃ, গৌরিয়ং বড়বেয়মিতি। তুল্যদেশজাতীয়ত্বে লক্ষণমন্তত্বকরং, কালাক্ষী গৌঃ স্বস্তিমতী গৌরিতি। দ্বয়োরামলকয়োর্জাতিলক্ষণসারূপ্যাৎ দেশভেদোহগ্রত্বকরঃ, ইদম্পূর্ববিমিদমুত্তরমিতি। যদা তু পূর্ববমামলক-মক্সব্যগ্রস্থ জ্ঞাতুরুত্তরদেশ উপাবর্ত্তাতে তদা তুল্যদেশতে পূর্বমেত-ছুত্তরমেতদিতি প্রবিভাগামুপপত্তিঃ, অসন্দিঞ্চেন চ তত্বজ্ঞানেন ভবি-তব্যম্, ইত্যত ইদমুক্তং ততঃ প্রতিপত্তিঃ বিবেকজজ্ঞানাদিতি। কথং, পূর্ব্বামলকসহক্ষণো দেশ উত্তরামলকসহক্ষণদেশাৎ ভিন্নঃ তে চামলকে স্বদেশকণামুভবভিয়ে, অন্তদেশকণামুভবস্ত তয়োরন্তত্বে হেতুরিতি। এতেন দৃষ্টান্তেন পরমাণোস্তল্যজাতিলক্ষণদেশস্থ পূর্ববিপরমাণুদেশ-সহক্ষণসাক্ষাৎকরণাত্বতরতা পরমাণোস্তদ্দেশামুপপতাবুতরতা তদ্দেশা-মুভবো ভিন্নঃ সহক্ষণভেদাৎ তয়োরীশ্বরস্থ যোগিনোহন্মগ্রপ্রত্যয়ো ভবতীতি। অপরে তু বর্ণয়ন্তি, যেহন্ত্যা বিশেষাস্তেহন্ততাপ্রত্যয়ং• কুর্বস্তীতি, তত্রাপি দেশলক্ষণভেদো মূর্ত্তিব্যবধিজাতিভেদশ্চাশ্যত্ব-হেতুঃ, ক্ষণভেদস্ত যোগিবুদ্ধিগম্য এবেতি, অত উক্তং "মূর্ত্তিব্যবধি-জাতিভেদাভাবান্নাস্তি মূলপৃথক্তং" ইতি বার্ষগণ্যঃ ॥ ৫৩ ॥

শ্বন্ধান । পূর্ব্বোক্ত সংযমের বিষয় বিশেষ বলা যাইতেছে, যে স্থানে স্থান আৰ্থাৎ আধীর দেশ ও লক্ষণ ( বর্ণ প্রভৃতি ) সদৃশ হয়, সেথানে তুলা বস্তু ছয়ের কারিওই ( গোড়াদি ) ভেদের কারণ হয়, যেমন এইটা গাভী এইটা ঘোটকী,

গাভী ও ঘোটকী উভয়েরই বর্ণ রক্ত, ক্ষণভেদে এক স্থানেই উভয়ে অবৃস্থিত. এরপ স্থলে উভয়ের জাতি ( গোছ অখছ) উভয়ের ভেদ জ্ঞাপন করার। বস্তুদ্ধ जुनारमभीय ও जुनाकाजीय श्रेरण नक्ष्मरे (वित्मय हिन्हरे ) जाशामंत्र एजनक হয়, বেমন কালাকী গাভী (গাভীবিশেষ) স্বস্তিমতী গাভী, ইহারা উভয়ই গোজাতীয়, উভয়েরই ক্লণভেদে এক দেশে অবস্থান সম্ভব, এমত স্থলে তাহাদের শরীরে কোনও বিশেষ চিহ্ন ঘারা ভেদ্ জ্ঞান ইইয়া থাকে। হুইটা আমলকের জাতিগত বা লক্ষণগত কোনও ভেদ নাই, উভয়ই আমলক জাতীয়, উভয়েরই আকার একরপে. কোন মতেই ভিন্ন বলিয়া জানা যায় না, এরপ স্থলে দেশ-ভেদই ( আধার স্থানভেদই ) উহাদের পরম্পর ভেদের কারণ হয়। একটা দেশই ( হস্ত প্রভৃতি ) ক্ষণভেদে পূর্ব্ব ও উত্তর বলিয়া নির্দিষ্ট হইতে পারে, ঐ পূর্ব্বোত্তর দেশে অবস্থিত বলিয়া এই আমলকটা পূর্ব্ব এইটা উত্তর এইব্লপে পৃথকভাবে জানা যাইতে পারে, কিন্তু জ্ঞাতাকে (এন্থলে যোগীকে) পরীক্ষা করিবার নিমিত্ত অন্ত ব্যগ্র অর্থাৎ বিষয়ান্তরে নিবিষ্ট করিয়া ঐ আমলক চুইটা যদি উল্টাইয়া রাখা যায়, তবে আর পৃথক্রপে জানিবার কোনই উপায় থাকে না, তত্বজ্ঞানে সন্দেহ থাকিতে পারে না, যদি যোগীর তত্বজ্ঞান হইয়া থাকে তবে নিঃসন্দেহরূপে বলিতে হইবে কোন্টী পূর্ব্ব ও কোন্টী উত্তর, এই নিমিত্ত বলা হইয়াছে—"ততঃ প্রতিপত্তিঃ" অর্থাৎ উক্ত স্থলে বিবেকজ জ্ঞানশক্তি দারাই আমলকদ্বয়ের পরস্পর ভেদ লক্ষিত হইবে। পূর্বাক্ষণে পূর্ব আমলক পূর্বাদেশে ছিল, ইহাতে আমলকে ক্ষণ ও দেশ দারা একটা বিশেষ ধর্ম জন্মিয়াছে, এই-রূপে উত্তর আমলকেও জ্বিয়াছে, আমলকদ্বয় উন্টা পান্টা করিয়া রাথিলেও ক্ষণসহকারে একই দেশের যে ভেদ আছে উহা দারা সংযম বলে যোগী পৃথক্-ক্রপে চিনিতে পারেন, অর্থাৎ দিদ্ধ যোগী পূর্ব্বক্ষণ, দেশ ও আমলক এই ত্রিতয়ের বৈশিষ্টো (সাহিত্য, মিলন) সংযম করিয়া পূর্বক্ষণ সহকারে দেশ ও আমলকের সম্বন্ধ ধরিয়া উত্তর আমলক হইতে পৃথক্ করিতে পারেন। উক্ত স্থুল দৃষ্টান্ত দারা তুলাজাতি-লক্ষণ-দেশ পরম স্ক্র পরমাণ্-দয়ের পরস্পর ভেদ ব্ঝিতে হইবে, যেমন তুইটী পার্থিব পরমাণুর পৃথিবীত্ব এক জাতি, গন্ধ প্রভৃতি লক্ষণও উভয়ের তুল্য এবং দেশও (অবস্থিতি স্থান) এক হইলে পূর্ব্ব পর-মাণুর বে ক্ষণে যে দেশে স্থিতি হইয়াছে ঠিক সেই ভাবে উত্তর পরমাণুর হয় নাই, অর্থাৎ একক্ষণে একদেশে ছইটা পরমাণু থাকিতে পারে না; ক্ষণ, দেশ ও পরমাণু এই ত্রিতয়ের মিলনে যে একটা নৃতনত্ব জন্ম সংযম দ্বারা উহার সাক্ষাংকার হইলে জ্ঞানৈশ্ব্যশক্তিশালী যোগীর উহা অনায়াসেই বিদিত হয়।

কেহ কেহ (বৈশেষিককার) বলেন অস্ত্য অর্থাৎ স্বতো ব্যাবর্ত্ত্য, যাহার নিজের পরিচয় নিজেই প্রদান করে, এমত বিশেষ নামক একটা পদার্থ আছে, উহা নিত্য দ্রব্যে সমবায় সম্বন্ধে থাকে, উহা দ্বারা পরমাণ্রর পরম্পর ভেদ হয়। দে স্থলেও (পরমাণ্ প্রভৃতিতে) দেশ প্রভৃতি পূর্ব্বোক্ত হেতু, মূর্ত্তি, অবয়ব সংস্থান ও ব্যবধান ইত্যাদি নানাবিধ ভেদক ধর্ম আছে, অতএব অতিরিক্ত বিশেষ পদার্থ স্বীকার করিবার প্রয়োজন নাই। জাতি, দেশ, লক্ষণ, মূর্ত্তি ও ব্যবধান প্রযুক্ত ভেদ সাধারণের বৃদ্ধির বিষয় হইতে পারে, যেখানে জাতি প্রভৃতি নাই, কেবল পূর্ব্বোক্ত ক্ষণপ্রযুক্তই ভেদ থাকে তাহা কেবল সিদ্ধ যোগিগণেরই বৃদ্ধিগম্য, উহা অপরে জানিতে পারে না। বার্ষগণ্য অর্থাৎ আচার্য্য পতঞ্জলি বলেন মূল কারণের (সম্ব, রজঃ ও তমঃ এই স্কণত্রয়রূপ প্রকৃতির) ভেদ নাই, কারণ ভেদের হেতু মূর্ত্তি ব্যবধি জাতি প্রভৃতির পার্থক্য উহাতে কিছুই নাই॥ ৫৩॥

মন্তব্য। অবয়বী ঘটপটাদি পদার্থের মধ্যে একটা হইতে অপরটা ভিয়
তাহা সহজেই বোধগম্য হয়, কারণ একের অবয়ব হইতে অপরের অবয়ব
ভিয়, ঐ অবয়বই অবয়বীর ভেদক হয়, নিরবয়ব পরমাণ্ প্রভৃতি পদার্থের
ভেদক কে হইবে ? ভেদক না থাকিলে মাধারস্তক পরমাণ্ হইতে মুদেশর
আরম্ভ হইতে পারে, উহা অভিমত নহে, এবং মুক্ত আত্মা সকলের পরস্পর
ভেদ হইতে পারে না এই নিমিত্ত বৈশেষিক দর্শনে বিশেষ নামে একটা
অতিরিক্ত পদার্থ স্বীকার আছে, উহা কেবল নিত্য দ্রব্যে থাকে, স্বয়ংও
নিত্য, "অস্ত্যো নিত্যদ্রব্যবৃত্তির্বিশেষঃ পরিকীর্তিতঃ," এই বিশেষ পদার্থ
অপরের ভেদক হয়, ইহার আর ভেদক নাই, স্বয়ংই ভেদক (ব্যাবর্ত্তক)।
পতঞ্জলির মতে পরমাণ্ নিরবয়ব নহে, মুক্তপুক্ষ সকলেরও পূর্বশ্বীর সম্বন্ধ
ভারা ভেদ্ প্রতীতি হইতে পারে, অতএব অতিরিক্ত বিশেষ পদার্থ স্বীকারের
আবস্তুক নাই। মূর্ত্তি শব্দে অবয়ব সংস্থান বুঝায়, উহাছারা ভেদ জ্ঞান হয়,

বুঝার, যদিচ মুক্তপুরুষের শরীর সম্বন্ধ নাই, তথাপি বদ্ধাবস্থার শরীর সম্বন্ধ ছিল, সংঘম দারা তাহা পরিজ্ঞাত হইয়া মুক্তগণকে পরস্পর ভিন্ন বলিয়া জানা যাইতে পারে। কুশপুদ্ধর প্রভৃতি দ্বীপের ভেদের কারণ ব্যবধি অর্থাৎ দূরবর্তিতা। কেবল কাল বা কেবল দেশ ভেদের জ্ঞাপক হয় না, কাল ও দেশ মিলিত হইয়াই আধেয়ের পরিচয় জন্মায়। এই ক্ষণাবচ্ছেদে এই বস্তু এই ক্ষণে আছে, "দেশ-রুত্তৌ কালস্থেব, কালরুত্তৌ দেশস্থাপার্মচ্ছেদকত্তং," এইরূপেই প্রতীতি হইয়া থাকে। ক্ষণরুত্তিতা দ্বারা যে বস্তর ভেদ হইতে পারে তাহা সাধারণের বুদ্ধিগম্য নহে, উহা সংঘ্মশীল সিদ্ধযোগীরাই জানিতে পারেন॥ ৫৩॥

# সূত্র। তারকং সর্ববিষয়ং সর্ববিধা বিষয়মক্রমং চেতি বিবেকজং জ্ঞানমু॥ ৫৪॥

ব্যাখ্যা। বিবেকজং জ্ঞানম্ (পূর্ব্বোক্ত সংযমবলাং জায়মানং ভেদজ্ঞানম্) তারকং (সংসারার্ণবাৎ তারয়তীতি তারকম্) সর্ব্ববিষয়ং (নাস্ত অবিষয়ঃ কিঞ্চিৎ) সর্ব্বথা বিষয়ং (সপ্রকারং সর্ব্বং প্রকাশয়তি) অক্রমং (যুগপদেব সর্ব্বং বিষয়ীকরোতি) ॥ ৫৪॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত ক্ষণ ও তৎক্রমে সংযম ছারা যে বিবেকজ জ্ঞান জন্মে, ঐ জ্ঞান যোগীকে সংসার-সমুদ্র হইতে উদ্ধার করে, উহার অবিষয় কিছুই থাকে না, অশেষ বিশেষরূপে বস্তুমাত্রকেই একদা প্রকাশ করে,॥৫৪॥

ভাষ্য। তারকমিতি স্বপ্রতিভোশ্বমনৌপদৈশিকমিত্যর্থঃ, সর্বব-বিষয়ং নাস্থ কিঞ্চিদবিষয়ীভূতমিত্যর্থঃ, সর্ববথা বিষয়ং অতীতানাগত-প্রভূত্যপক্ষং সর্ববং পর্য্যায়েঃ সর্ববথা জানাতীত্যর্থঃ, অক্রমমিতি একক্ষণোপারূঢ়ং সর্ববং সর্ববথা গৃহ্লাতীত্যর্থঃ, এতদিবেকজং জ্ঞানং পরিপূর্ণং, অস্থৈবাংশো যোগপ্রদীপঃ, মধুমতীং ভূমিমুপাদায় যাবদস্থ পরিসমাপ্তিরিতি॥ ৫৪॥

অমুবাদ। / সত্ব ও পুরুষের ভেদে ও ক্ষণতৎক্রমে সংযম হইতে লৌকিক জানসামগ্রী ইক্রিয়াদি ব্যতিরেকে উৎপন্ন যথার্থ জ্ঞানশব্দিকে প্রতিভা বলে,

উহা হইতে যে স্বভাবতঃ জ্ঞান জ্বে তাহাকে তারক্জ্ঞান বলে, উহা জ্বাপিদৈশিক অর্থাৎ উপদেশ (শব্দ প্রয়োগ) ব্যতিরেকেই জ্বে, সমস্ত পদার্থই ইহার বিষয়, জগতে এমত কোনও বস্তু নাই যাহা ইহার গোচর না হয়, এই জ্ঞান সর্বাথা বিষয়, অর্থাৎ ভূত ভবিয়্যৎ ও বর্ত্তমান সমস্ত পদার্থই অবাস্তর বিশেষের সহিত এই জ্ঞানের বিষয় হয়, এই জ্ঞান অক্রম অর্থাৎ মৃগপৎ সমস্ত বিষয় গ্রহণ করে, এটা গ্রহণ করিয়া উটা গ্রহণ করা এরূপে নহে, একদাই সকল পদার্থ বিষয় করে, বিবেক্জ জ্ঞান পরিপূর্ণ অর্থাৎ কোনও স্থলে, কোনও বস্তু, কোনওরূপে, কোনও কালে ইহার অগোচর হয় না, (অক্যজ্ঞানের কথা দ্রে থাকুক) সম্প্রজ্ঞাতযোগ প্রদীপও এই জ্ঞানস্বর্যার একটা অংশমাত্র। "স্থান্যুগনিমন্ত্রনে" ইত্যাদি স্বত্রে বর্ণিত ঋতজ্ঞরা-প্রজ্ঞা নামক মধুভূমিকরূপ বিতীয় ভূমিই মধুমতী ভূমি, উহাকে আরম্ভ করিয়া সপ্তধা প্রান্তভূমি প্রজ্ঞা নামক পরিস্বাপ্তি এই আ্রোগান্ত সম্প্রজ্ঞাতযোগ স্ব্রুলিথিত তারক্জ্ঞানের অংশ বলিয়া ইহাকে তারক্জ্ঞান বলা হইরাছে॥ ৫৪॥

মস্তব্য। তারকজ্ঞান অনৌপদৈশিক, ইহা শব্দ দ্বারা জন্মিতে পারে না, কারণ শব্দ পরোক্ষভাবে সামান্তরূপেই পদার্থের জ্ঞান জন্মায়, তারকজ্ঞান প্রত্যক্ষরূপে বিশেষভাবে সমস্ত পদার্থের প্রকাশ করে, অতএব উহা শব্দ হইতে উৎপন্ন হয় না।

পূর্ব্বে অনেক স্থানে সংযমবলে সর্বজ্ঞতার কথা বলা হইরাছে, পুনর্ব্বার এথানে বিবেকজ জ্ঞানকেও সর্ব্ব বিষয় বলা হইল, ইহাতে পুনরুক্তি হইরাছে বোধ হয়, তাহা হয় নাই, কারণ, সর্ব্বশক্ষ প্রকার ও অশেষ অর্থে ব্যবহৃত হইয়া থাকে, বিবেকজ জ্ঞানই সর্ব্ব বিষয় অর্থাৎ অশেষ বিষয়ক, ইহার অবিষয় কিছুই নাই। পূর্ব্বোক্ত সর্বাশক এইরূপে প্রযুক্ত হইয়াছে, "সমস্ত ব্যঞ্জন দ্বারা আহার করা হইয়াছে" বলিলে পাকশালায় যত প্রকার ব্যঞ্জন প্রস্তুত ছিল তাহার প্রত্যেকের কতক অংশ দ্বারাই ভোজন হইয়াছে এরূপ ব্যায়। "সমস্ত ব্যক্ষণ ভোজন করান হইয়াছে" বলিলে যতগুলি নিমন্ত্রিত সকলেই ভোজন করিয়াছে এইরূপ বোধ হয়, সংসারের সমস্ত ব্রাহ্মণ ব্রায় না, পূর্ব্বে পূর্বের্বিক্ত সর্ব্বায় না, পূর্ব্বের্বিক্ত সর্ব্বায় না, প্রব্রের্বায় নার বিশেষ বৃথিতে হইবে। পাত্রন্থ সর্ব্বায় নার

ভোজন করা হইয়াছে, এন্থলে সর্কাশকে নিঃশেষ অর্থ ব্ঝার অর্থাৎ একটুকুও বাকি নাই এইরূপ ব্ঝার, বিবেকজ জ্ঞানস্থলেও ঐরূপ ব্ঝিবে। রজঃ ও তমঃ-রূপ বৃদ্ধির আবরণ বিদ্বিত হইলে বিশুদ্ধ সত্ব জ্যোতিঃ প্রকাশ-রূপ প্রতিভাজন্ম, উহা হইলে আপনা হইতেই বিষয় সকল প্রকাশিত হয়, কোনওরূপে প্রমাণের অপেক্ষা থাকে না ॥ ৫৪ ॥

ভাষ্য। প্রাপ্তবিবেকজজ্ঞানস্থাপ্রাপ্তবিবেকজজ্ঞানস্থ বা।

ব্যাখ্যা। সম্বপুরুষয়ো: শুদ্ধিসাম্যে (সম্বস্ত চিত্তস্ত শুদ্ধি: বৃত্তিরাহিতাং, পুরুষস্ত চ শুদ্ধি: স্বরূপপ্রতিষ্ঠা চিত্তধর্মাণামনারোপ: ইতি যাবং, এবং সতি) কৈবলামিতি (মুক্তির্ভবতি, তত্র চ বিবেকজং তারকজ্ঞানং ভবতু মা বা ভূৎ নাপেক্ষাতে ইতার্থঃ, ইতিশব্ধ: অধ্যায়সমাপ্তার্থঃ)॥ ৫৫॥

তাৎপর্য্য। পূর্ব্বোক্ত বিবেকজ জ্ঞান হউক বা নাই হউক, বিষয়াকারে বৃদ্ধির পরিণাম না হইলে স্থতরাং তাহার প্রতিবিম্ব পুরুষে না পড়িলে মৃক্তি হয়॥ ৫৫॥

ভাষ্য। যদা নির্দৃতরজন্তমোমলং বৃদ্ধিসত্বং পুরুষস্থান্যভাপ্রতারমাত্রাধিকারং দগ্ধক্রেশবীজং ভবতি তদা পুরুষস্থ শুদ্ধিসারূপ্যমিবাপরং
ভবতি, তদা পুরুষস্থাপচরিতভোগাভাবং শুদ্ধিং, এতস্থামবস্থারাং
কৈবল্যং ভবতীশ্বস্থানীশ্বস্থা বা বিবেকজজ্ঞানভাগিন ইতরস্থা বা,
ন হি দগ্ধক্রেশবীজন্ম জ্ঞানে পুনরপেক্ষা কাচিদন্তি, সম্প্রুদ্ধিঘারেণৈত্ব
সমাধিজনৈশ্বর্যক্ষ জ্ঞানক্ষোপক্রান্তম্, পরমার্থতন্ত জ্ঞানাদদর্শনং
নিবর্ত্তবে, তিম্মিরিত্তে ন সন্ত্যন্তরে ক্রেশাং, ক্রেশাভাবাৎ কর্ম্মবিপাকাভাবং, চরিতাধিকারাশৈচতস্থামবস্থারাং গুণা ন পুরুষম্থ পুনদৃশ্যন্থেনোপতিষ্ঠন্তে, তৎপুরুষম্থ কৈবল্যং, তদা পুরুষঃ স্বরূপমাত্রজ্যোতিরমলঃ কেবলীভবতি॥ ৫৫॥

অমুবাদ। বৃদ্ধিসত্বের (চিত্তের) রজঃ ও তমোরূপ মল বিদ্রিত হইলে কেবল পুরুষের ভেদজ্ঞান উৎপাদন করা তাহার অবশিষ্ট কার্য্য থাকে, তথন

অবিষ্মা প্রভৃতি ক্লেশরূপ বীজ সকল দগ্ধ হইয়া যায়, স্থতরাং চিত্তে কথঞ্চিৎ পুরুষের শুদ্ধির ( ऋছতার ) সদৃশ শুদ্ধি অর্থাৎ নির্মাণতা জন্মে, বিষয়াকারে পরিণাম না হওয়াই চিত্তের ভদ্ধি, উপচরিত অর্থাৎ চিত্তর্তির প্রতিবিধ গ্রহণরূপ ভোগের অভাবকে পুরুষের শুদ্ধি অর্থাৎ স্বরূপে অবস্থান বলে। এই অবস্থাকে কৈবলা অর্থাৎ মুক্তি বলে। অণিমাদি সিদ্ধি হউক বা নাই হউক, বিবেকজ তারকজ্ঞান লাভ হউক বা নাই হউক ( তাহার অপেকা নাই), যাঁহার ক্লেশবীজ দগ্ধ হইয়াছে, তাঁহার তত্বজ্ঞানোৎপত্তিতে অন্স কাহারও व्यालका नाई। नमाधि इटेट उर्लन व्यानमानि क्षेत्रया ও বিবেকজ্ঞानानित উল্লেখের কারণ উহারা চিত্তভূদ্ধি জন্মাইয়া তত্বজ্ঞানোৎপত্তির কারণ হয়। ফলকথা এই, জ্ঞান জিন্মলে অদর্শন ( অবিছা ) নিবৃত্ত হয়, অদর্শন নিবৃত্ত হইলে উত্তরবর্ত্তী অর্থাৎ অবিদ্যা হইতে উৎপন্ন অস্মিতা, রাগ, দেব ও অভিনিবেশ ক্লেশ থাকে না. কেশ না থাকিলে ধর্মাধর্ম ও তাহার পরিণাম জাতি, আয়ুঃ ও ভোগ জন্মে না, এই অবস্থায় গুণ ( সত্ব, রজ: তম: ও তাহার কার্য্য ) সকল চরিতাধিকার হয়, উহাদের অধিকার অর্থাৎ কার্য্য থাকে না, ভোগ ও অপবর্গ উৎপাদন করাই প্রকৃতির কার্যা, তত্বজ্ঞান উৎপাদন করিলে আর কিছুই অবশিষ্ট থাকে না, স্থতরাং পুনর্কার বৃত্তি জন্মাইয়া পুরুষের ভোগ্যরূপে উপস্থিতও হয় না, ইহাকেই পুরুষের মুক্তি বলে, কারণ, তথন, পুরুষ জ্যোতিঃস্বরূপ নির্মান স্বভাবে অবস্থিতি করে, কেবলী হয় অর্থাৎ বুদ্ধির বৃত্তি পতিত হইয়া পুরুষের স্বচ্ছতা নষ্ট করে না। পুরুষের স্বরূপে অবস্থানই কৈবল্য। স্বত্তের ইতি শব্দে অধ্যায়ের সমাপ্তি বুঝাইয়াছে॥ ৫৫॥

মস্তব্য। পত্তের পূর্বভাষ্যটুকু পত্তের সহিত অবম করিতে হইবে। ঐরপ ভাষ্যকে পূরকভাষ্য বলা যায়।

বেমন যাগের সমগ্র অনুষ্ঠান করিয়াও যদি কামনা অর্থাৎ স্বর্গাদির অভিলাষ না থাকে তবে স্বর্গাদি জন্মে না, তক্রপ বিভৃতির কারণ সংযমের অনুষ্ঠান করিয়াও কামনা না করিলে পুর্ব্বোক্ত বিভৃতি সমুদার জন্মে না, উহা না জ্যিলেও ক্ষতি নাই, জ্ঞান হইলেই মুক্তি হইবে, বিভৃতির আবশুক করে না।

🏄 ভগৰান পোতম মুক্তির ক্রম এই ভাবে ব্লিয়াছেন, "তু:থ-জন্ম-প্রবৃত্তি-

দোষ-মিথ্যাজ্ঞানানামূত্তরোত্তরাপায়ে তদনস্তরাপায়াদপবর্গঃ" অর্থাৎ হঃথ হইতে মিথ্যাক্ষান পর্যান্ত পর পরটীর অভাবে পূর্ব্ব পূর্ব্বটীর অভাব হয়, এইভাবে ছ:থের অভাবই মুক্তি, এ স্থলেও ভাষ্যে "জ্ঞানাদদর্শনং নিবর্ত্ততে" ইত্যাদি দারা সেই ক্রমই প্রদর্শিত হইয়াছে।

বাচম্পতি বিরচিত তৃতীয় পাদের সংগ্রহশ্লোক যথা, অত্রান্তরঙ্গাণ্যন্থানি পরিণাুমাঃ প্রপঞ্চিতাঃ। সংযমাভূতিসংযোগস্তান্ত্ৰ জ্ঞানং বিবেকজম্॥

অর্থাৎ এই তৃতীয় পাদে ধারণা, ধ্যান ও সমাধিরূপ যোগের অন্তরঙ্গসাধন, পদার্থ মাত্রের ধর্মা, লক্ষণ ও অবস্থাপরিণাম, সংযমজন্ত বিভৃতি ও বিবেকজ-জ্ঞান বৰ্ণিত হইয়াছে॥ ৫৫॥

ইতি

পাতঞ্জল দর্শনে বিভৃতি নামক তৃতীয় পাদ সমাপ্ত হইল।

# কৈবল্য পাদ

সূত্র। জন্মোষধি-মন্ত্র-তশঃ-সমাধিজাং সিদ্ধয়ঃ॥ ১॥

ব্যাখ্যা। জন্মেত্যাদি (জন্মজা, ঔষধিজা, মন্ত্ৰজা, তপোজা, সমাধিজা চ) সিদ্ধয়ঃ (শক্তিবিশেষাঃ পঞ্চেত্যৰ্থঃ )॥ ১॥

তাৎপর্যা। সিদ্ধি অর্থাৎ শরীর, ইন্দ্রিয় ও অন্তঃকরণের অলোকিক শক্তি পাঁচ প্রকার। ১। জন্মনাত্রেই উৎপন্ন। ২। ঔষধি প্রভাবে সমুৎপন্ন। ৩। মন্ত্র প্রভাবে জায়মান। ৪। তপস্থা প্রভাবে সমুৎপন্ন। ৫। পূর্ব্বোক্ত সমাধি হইতে লক্ষ্য ১॥

. ভাষ্য। দেহান্তরিতা জন্মনাসিদ্ধিং, ঔষধিভিঃ অস্ত্রভবনেষু রসায়নেনেত্যেবমাদি, মদ্রৈঃ আকাশগমনাণিমাদিলাভঃ, তপসা সঙ্কল্পনিদিঃ, কামরূপী যত্র তত্র কামগ ইত্যেবমাদি, সমাধিজাঃ সিদ্ধয়ো ব্যাখ্যাতাঃ ॥ ১ ॥

অমুবাদ। যে সিদ্ধি দেহান্তরিত অর্থাৎ অন্ত দেহে প্রকাশ পায় তাহাকে জন্মসিদ্ধি বলে, যেথানে দেখা যায় জন্মলাত করিয়াই কোনও অলৌকিক সিদ্ধিলাত করিয়াছে সেইটা দেহান্তরিত সিদ্ধি, যে দেহে সিদ্ধির উপায় সংযম অমুষ্ঠিত হইয়াছে, অথচ সিদ্ধিটী সেই দেহে প্রকাশ হয় নাই, সে দেহে হইতেও পারে না, যেমন মমুন্তদেহে সংযম অভ্যাস করিয়া মরণানস্তর দেবদেহ পাইয়াই অণিমাদি সিদ্ধি, যেমন পক্ষিগণের আকাশগমনরূপ সিদ্ধি। মমুন্তগণ কোনও কারণে দৈত্যপুরে গমন করিয়া অমুরক্তাগণ প্রদত্ত রসায়ন ( ঔষধ বিশেষ ) সেবন করিয়া শরীরের অজর অমরভাব ও অন্তান্ত নানাবিধ সিদ্ধিলাত করে এইটা ঔষ্ধিসিদ্ধি, (কেবল অমুরভবনে নয় এখানেও রসায়ন প্রয়োগে মাণ্ডব্য মৃদ্ধির সিদ্ধিলাত হইয়াছিল)। মন্ত্রপ্রত্বে আকাশগমন অণিমা প্রভৃতি সিদ্ধি

হয়, উহাকে মন্ত্রসিদ্ধি বলে। তপস্থা দ্বারা সঙ্কলসিদ্ধি (ইচ্ছাপূরণ হয়) হয়, কামরূপী অর্থাৎ ইচ্ছামুসারে শরীর ধারণ করিয়া যেথানে সেথানে গমন করিতে পারে এইটা তপঃসিদ্ধি। সমাধিজন্ত সিদ্ধি সকল পূর্ব্ব পাদে বলা হইয়াছে॥১॥

মস্তব্য। প্রথম পাদে সমাধি, দ্বিতীয় পাদে সাধন ও তৃতীয় পাদে সিদ্ধির বিষয় প্রধানত: বলা হইয়াছে, প্রসঙ্গক্রমে অন্ত অন্ত কথাও বলা হইয়াছে, সম্প্রতি চতুর্থ পাদে সমাধিজন্ত কৈবলা, (মুক্তি) বলিতে হইবে। কিরপ চিত্তে কৈবলা হইতে পারে, পরলোকগামী স্ক্র্মাদির উপভোক্তা বিজ্ঞানের অতিরিক্ত আত্মতত্ব, ও প্রসংখ্যানের শেষ সীমা প্রভৃতি আবশ্রকীয় বিষয় সমস্ত প্রকাশিত না হইলে মুক্তি কি তাহা বুঝান যায় না, এই নিমিত্ত উক্ত সমস্ত কথা বলিতে হইতেছে।

সিদ্ধচিত্ত সমুদায়ের মধ্যে কোন্রূপ চিত্ত মুক্তি লাভ করে তাহা দেখাইবার নিমিত্ত পাঁচ প্রকার সিদ্ধি দেখান হইরাছে। যদি চ সমস্ত সিদ্ধিরই মূল কারণ সংযম, তথাপি যেরূপ সিদ্ধির সাক্ষাৎকারণ সংযম তাহাকেই সংযমসিদ্ধি বলা হইরাছে, অন্ত গুলি যাহা কালান্তরে বা অন্তকে দার করিয়া হয় তাহাই জন্মাদিসিদ্ধি, ফল কথা সকলেরই মূলে সমাধি আছে; সমাধির ফল অবিলম্বে না হইলেও ভবিষ্যতে হইয়া থাকে, যোগশাস্ত্রে বিশ্বাস করা কর্ত্তব্য ইহাই দেখাইবার নিমিত্ত নানারূপ সিদ্ধির কথা বলা হইয়াছে॥ ১॥

ভাষ্য। তত্র কায়েন্দ্রিয়াণামশুজাতীয়-পরিণতানাম্।

সূত্র। জাত্যন্তরপরিণামঃ প্রকৃত্যাপূরাৎ॥ ২॥

ব্যাখ্যা। তত্র (তাস্থ পঞ্চিবধাস্থ সিদ্ধিষ্), অন্তজাতীয়পরিণতানাং (মন্থ্যাদিরপেণ পরিণতানাং), কায়েন্দ্রিয়াণাং (দেহানাং ইন্দ্রিয়াণাঞ্চ), জাত্যস্তরপরিণামঃ (দেবতির্য্যাদিরপেণ অন্তথাভাবঃ), প্রকৃত্যাপূরাৎ (প্রকৃতেরুপাদানশ্র পৃথিব্যাদেঃ অস্মিতায়াশ্চ আপূরাৎ অন্থপ্রবেশাৎ ভবতীতি শেষঃ)। ২॥

তাৎপর্য্য। মুমুম্ম প্রভৃতি অন্ম জাতিতে পরিণত দেহ ও ইন্দ্রিয়ের অন্মরূপে অর্থাৎ দেব অথবা পশু পক্ষী প্রভৃতির শরীরেন্দ্রিয়রূপে পরিণাম প্রকৃতির (উপাদান কারণের) অন্মপ্রবেশ বশতঃ ইইয়া থাকে॥ ২॥

ভায়। পূর্ববপরিণামাপায়ে উত্তরপরিণামোপজনন্তেষামপূর্বা-বয়বামুপ্রবেশান্তবভি, কায়েন্দ্রিয়প্রকৃতয়শ্চ স্বং স্বং বিকারমমুগৃহুস্ত্যা-পূরেণ ধর্মাদিনিমিত্তমপেক্ষমাণা ইতি ॥ ২ ॥

অমুবাদ। পূর্ব্ব পরিণামের (মমুশ্বদেহেন্দ্রিরের) অপগম হইরা উত্তর পরিণামের (দেবতির্যাক্শরীরেন্দ্রিরের) আবির্ভাব অপূর্ব্ব অর্থাৎ যাহা পরে হইবে সেই দেহ ও ইন্দ্রিরের অবরক-দর্কলের অমুপ্রবেশ বশতঃ হয়। শরীরের প্রকৃতি পৃথিবী প্রভৃতি পঞ্ভূত ও ইন্দ্রিরের প্রকৃতি অহঙ্কার ধর্মাধর্মরূপ নিমিত্রের বশবর্ত্তী হইরা আপন আপন বিকারের সহায়তা করে॥ ২॥

মন্তব্য। রাজকুমার নন্দীধর না মরিয়াই উগ্রতপঃ প্রভাবে দেবশরীর লাভ করেন, নহুষরাজ শাপ বশতঃ সর্পশরীর ধারণ করেন, ইহা কিরপে সন্তব হয় ? মন্থ্যশরীরেন্দ্রিয়ের উপাদান একরূপ, দেবাদির অভ্যরূপ, একরূপ কারণ হইতে অভ্যরূপ কার্য্য হয় না, বিনা কারণেও কার্য্য জয়ের না। ইহার উত্তর, যদিচ মন্থ্যাদির শরীরেন্দ্রিয় যেটুকু উপাদান দারা গঠিত হইয়াছে সেইটুকু দারা দেবাদির শরীরাদি হইতে পারে না, তথাপি সামান্ততঃ শরীর মাত্রের উপাদান পৃথিবী প্রভৃতি পঞ্চতুত এবং সামান্ততঃ ইন্দ্রিয়ের প্রকৃতি অন্থিতা, এই সম্দায় প্রকৃতির অন্থপ্রবেশ বশতঃ নৃতন দেবাদি শরীর উৎপর হয়। সর্ব্যত্তই পরতর সকল প্রকার পরিণামের সম্ভব আছে, কেবল ধর্ম ও অধর্ম্বরূপ নিমিত্ত বশতঃ হইতে পারে না, উৎকট তপঃ অথবা অধর্মের প্রভাবে মনুষ্মশরীর নষ্ট না হইয়াই অভ্যরূপে পরিণত হইতে পারে। প্রকৃতির পূরণের ভারার অপসরণও বৃঝিতে হইবে, অগন্ত্য ঋষি সমৃদ্র পান করিয়াছিলেন অর্থাৎ সমৃদ্রের অবয়ব সমৃদায় অপসারিত করিয়াছিলেন। শুক্রশোণিত হইতে দাবানলের উৎপত্তি প্রভৃতি প্রকৃতির আপুরণ বশতঃ হয় বৃঝিতে হইবে॥ ২॥

সূত্র। নিমিত্তমপ্রয়োজকং প্রকৃতীনাং বরণভেদস্ত ততঃ ক্ষেত্রিকবর্ণ॥ ৩॥

ুব্যাখ্যা। নিমিত্তং (ধর্মাধর্মাদি ), প্রকৃতীনাং (পৃথিব্যাদীনাং অপ্রয়োজকং

( পরিণামে প্রবর্ত্তকং ন ভবতি ), ততঃ ( নিমিন্তাৎ ) বরণভেদঃ ( প্রতিবন্ধ-নির্ত্তিরেব ভবতি), ক্ষেত্রিকবৎ (যথা ক্ষেত্রিক: ক্ষীবলঃ, ধা্সক্ষেত্রাৎ ক্ষেত্রাস্তরং ন জলং নয়তি, আবরণমেব কেবলমপনয়তি, জলং তু স্বয়মেব ক্ষেত্রাস্তরং প্রবিশতি, তদ্বৎ )॥ ৩॥

তাৎপর্যা। ধর্মাদিরূপ নিমিত্ত প্রকৃতিকে প্রবর্ত্তনা করে না, কেবল প্রতি-বন্ধকনিবৃত্তি করে, উহাতে প্রকৃতি স্কল আপনা হইতেই পরিণত হয়, যেমন কৃষক সকল বাঁধ কাটিয়া দেয়, জল আপনা হইতেই এক ক্ষেত্ৰ হইতে অন্ত ক্ষেত্রে গমন করে॥৩॥

ভাষ্য। ন হি ধর্মাদিনিমিত্তং প্রয়োজকং প্রকৃতীনাং ভবতি ন কার্য্যেণ কারণং প্রবর্ত্তাতে ইতি, কথন্তর্হি, বরণভেদস্ত ততঃ ক্ষেত্রিকবং, যথা ক্ষেত্রিকঃ কেদারাদপাম্পরণাৎ কেদারান্তরং পিপ্লাবয়িষুঃ সমং নিম্নং নিম্নতরং বা নাপঃ পাণিনাহপকর্ষতি, আবরণং তু আসাং ভিনতি, তক্মিন্ ভিন্নে স্বয়মেবাপঃ কেদারান্তরমাপ্লাবয়ন্তি, তথা ধর্ম্মঃ প্রকৃতীনামাবরণমধর্ম্মং ভিনত্তি তস্মিন ভিন্নে স্বয়মেব প্রকৃতয়ঃ স্বং বিকারমাপ্লাবয়ন্তি, যথা বা স এব ক্ষেত্রিকস্তস্মিমেব কেদারে ন প্রভবত্যোদকান ভৌমান বা রসান্ ধাত্যমূলাত্যসূপ্রবে-শয়িতৃং কিন্তুৰ্হি মৃদ্যা-গবেধুক-শ্যামাকাদীন্ ততোহপকৰ্ষতি, অপকৃষ্টেষু তেষু সম্মনেব রসা ধাতামূলাতাকুপ্রবিশন্তি, তথা ধর্ম্মো নির্তিমাত্রে কারণমধর্মস্থ, শুদ্ধ্যশুদ্ধ্যোরত্যস্তবিরোধাৎ, নতু প্রকৃতিপ্রবৃত্তো ধর্ম্মো হৈতুর্ভবতীতি। অত্র নন্দীশ্বরাদয় উদাহার্ঘাঃ, বিপর্য্যয়েণাপ্যধর্মো। ধর্মং বাধতে, ততশ্চাশুদ্ধিপরিণাম ইতি, তত্রাপি নহুষাজগরাদর উদাহার্যাঃ ॥ ৩ ॥

অমুবাদ। ধর্মাধর্ম প্রভৃতি নিমিত্ত সকল প্রকৃতিগণের (উপাদান কারণ-সমূহের ) প্রবর্ত্তক হয় না, কার্য্যের দারা কারণ প্রবর্ত্তিত ( চালিত ) হইতে পারে না, ( অতএব ধর্মাধর্মরূপ কার্য্য স্বকীয় প্রকৃতির প্রয়োজক কিরূপে হইবে ? )। উক্ত নিমিত্ত হইতে কেবল বরণভেদ অর্থাৎ প্রতিবন্ধ নিবৃত্তি হয়, ক্ষেত্রিকের

(ক্বাকের) স্থায়, যেমন ক্ষেত্রিক কোনও একটা জলপূর্ণ কেদার (ভূমি) হইতে জলু লইয়া অন্ত ক্ষেত্র প্লাবন করিবার ইচ্ছুক হইয়া জলপূর্ণ ক্ষেত্রে, সমতল ক্ষেত্রে বা তাহা হইতে নিম্ন নিম্নতর ক্ষেত্রে হস্ত ঘারা জলসিঞ্চন করে না, জল গমনের প্রতিবন্ধক (আলি প্রভৃতি) অপনোদন করে, ঐ আবরণ ভেদ হইলে জল আপনা হইতেই অন্তক্ষেত্রে গম্ন করে, তদ্ধুপ ধর্ম প্রকৃতির আবরণ অধর্মকে দুর করে, ঐ অধর্মরূপ প্রতিবন্ধকু দূর হইলে প্রকৃতি সকল আপনা হইতে স্ব স্ব কার্য্যের অতুকূল হয়, অর্থাৎ প্রবৃতি সকল তত্তৎ কার্য্যরূপে পরিণত হয়। যেমন সেই কৃষক উক্ত ধান্তক্ষেত্রে ধান্তমূলে পার্থিব রস প্রবেশ করাইতে পারে না, কিন্তু মুগ, গবেধুক (গড়গড়ে) ও খ্রামাক প্রভৃতি তুণ সকল ঐ ক্ষেত্র হইতে উৎপাটন করিয়া ফেলে, ঐ সমস্ত প্রতিবন্ধক তুণ অপনীত হইলে পার্থিব রুস আপনা হইতে ধান্তমূলে প্রবেশ করে, সেইক্লপ ধর্ম কেবল অধর্মের নিবৃত্তিরই 'কারণ হয়, কারণ, শুদ্ধি ও অশুদ্ধি অত্যস্ত বিক্লম্ব পদার্থ, যেথানে শুদ্ধি (ধর্ম্ম) থাকে সেথানে অণ্ডদ্ধি ( অধর্ম্ম ) থাকিতে পারে না। ধর্ম প্রকৃতির প্রবর্ত্তনার হেতুঁ হয় না, অধর্মের অভিভব করে মাত্র, এ বিষয়ে ননীখন প্রভৃতি দৃষ্টাস্ত। ইহার বিপরীতে অধর্ম ধর্মের বাধা জন্মায়, তথন অশুদ্ধি পরিণাম অর্থাৎ অজ্ঞান বছল (তির্য্যক্ প্রভৃতি) জন্ম হয়, এ বিষয়ে নছষ অজগর প্রভৃতি দৃষ্টান্ত॥ ৩॥

শস্কব্য। নিরীশ্বর সাংখ্যমতে অনাগতাবস্থ (ভবিশ্বৎ) পুরুষার্থ ভোগ ও অপবর্গই প্রকৃতির প্রবর্ত্তক "পুরুষার্থ এব হেতু র্ন কেনচিৎ কার্য্যতে করণম্" সাংখ্যকারিকা। সেশ্বর সাংখ্য অর্থাৎ পাতঞ্জলমতে পুরুষার্থের উদ্দেশে ঈশ্বরই প্রবর্ত্তক, সর্বাদা পরিণত হওয়াই প্রকৃতির ধর্ম্ম, উত্তেজনা করিবার প্রয়োজন নাই, কেবল প্রতিবন্ধক নিবৃত্তি হইলেই হয়। ধর্ম অধর্মারূপ প্রতিবন্ধক নিবৃত্তি করে, তাই নন্দীশ্বরের ধর্মপ্রধান দেবশরীর লাভ হইয়াছিল। অধর্ম ধর্মকে বাধা দেওয়ায় ইন্দ্রপদে প্রতিষ্ঠিত নছ্য রাজার অধর্ম প্রধান সর্পশরীর লাভ হইয়াছিল। মহয়ুশরীরে ধর্ম ও অধর্ম উভয়েরই সংশ্রব আছে॥৩॥

ভাষ্য। যদা তু যোগী বহুন্ কায়ান্ নির্মিনীতে তদা কিমেক-মনস্বাস্তেক্তবস্তাথানেকমনস্কা ইতি।

সূত্র। নির্মাণচিত্তাম্মরিতামাত্রাৎ ॥ ৪॥

ব্যাখ্যা। অস্মিতামাত্রাৎ (যোগিন ইচ্ছয়া কেবলাদেব অহস্কারাৎ) নির্মাণ-চিন্তানি (রচিতেরু কায়েরু চিন্তানি জায়ন্তে ইত্যর্থ:) ॥ ৪ ॥

তাৎপর্য্য। ইচ্ছাপূর্ব্বক যোগিগণ অনেক শরীর ধারণ করিলে ঐ সমস্ত শরীরে কেবল সঙ্কর বশতঃ অহকার হইতেই চিত্ত সকল উৎপন্ন হয়॥ ৪॥

ভাষ্য। অস্মিতামাত্রং চিত্তকারণমুপাদায় নির্ম্মাণচিত্তানি করোতি, ততঃ সচিত্তানি ভবস্তি ॥ ৪ ॥

অমুবাদ। যোগিগণ সিদ্ধিপ্রভাবে যথন বছ শরীর ধারণ করেন, তথন তাঁহাদের সকল শরীরে কি একটাই চিত্ত থাকে ? (প্রদীপের স্থায় উহার বৃত্তির প্রসার হয়), অথবা প্রত্যেক শরীরে এক একটা চিত্ত থাকে, এই আশঙ্কায় বলা হইতেছে অম্মিতা মাত্র (কেবল অহঙ্কার) চিত্তের উপাদান গ্রহণ করিয়া যোগিগণ (সঙ্করপ্রভাবে) নির্মাণচিত্ত স্থাষ্ট করেন, তাহাতেই প্রত্যেক নির্মাণ শরীর চিত্তযুক্ত হয়॥ ৪॥

মস্তব্য। প্রত্যেক নির্মাণ শরীরে এক একটা চিত্ত হইলে তাহাদের পরম্পর ইচ্ছার বিভিন্নতা হইতে পারে, এবং একের অভিপ্রায় অপরে জানিতে পারে না, অতএব সমস্ত শরীরে একটা চিত্ত হউক, এই আশঙ্কায় হুত্রের উপস্থান হইয়াছে। জীবিত শরীর মাত্রই চিত্তযুক্ত, নির্মাণ শরীর সকলও জীবিত, অতএব শরীরভেদে চিত্তেরও ভেদ হইবে॥ ৪॥

সূত্র। প্রবৃত্তিভেদে প্রয়োজকং চিত্তমেকমনেকেষাম্॥৫॥

ব্যাখ্যা। একং চিত্তং (পূর্ব্বসিদ্ধং যোগিনশ্চিত্তং) অনেকেযাং (অবাস্তর-চিত্তানাং) প্রবৃত্তিভেদে (ইচ্ছানানাডে) প্রয়োজকং (অধিষ্ঠাভৃত্তেন নিয়ামকং ভবতি)॥ ৫॥

তাৎপর্য্য। বোগিগণ সিদ্ধিপ্রভাবে অনেক শরীর ধারণ করেন, উহার প্রত্যেক শরীরে চিত্ত থাকে, অনেক চিত্তের অভিপ্রায় ভিন্ন ভিন্ন হইতে পারে বলিয়া বোগিগণ সমস্ত চিত্তের নিয়ামক একটা চিত্ত সৃষ্টি করেন॥ ৫॥

ভান্য। বহুনাং চিত্তানাং কথমেকচিতাভিপ্রায়পুরঃসরাপ্রবৃত্তি-

রিতি সর্ববিচিত্তানাং প্রয়োজকং চিত্তমেকং নির্দ্মিণীতে, ততঃ প্রবৃত্তি-ভেদঃ॥৫॥

অমুবাদ। একটা চিত্তের অভিপ্রায় অমুসারে অনেকগুলি চিত্তের প্রবৃত্তি হইতে পারে না, এই নিমিত্ত যোগী সমস্ত চিত্তের নিয়ামকরপে স্বত্য একটা চিত্ত নিশ্মাণ করেন, সেই প্রধান চিত্তের ইচ্ছামুসারেই অন্ত অন্ত চিত্তের প্রবৃত্তি হয়॥৫॥

মন্তব্য। সমস্ত চিত্তের নিয়ামক একটা চিত্ত, কোন্টা, যেটা প্রথম হইতেই যোগিশরীরে আছে সেইটা না অতিরিক্ত আর একটা ? বাচম্পতি বলেন অতিরিক্ত আর একটা। পূর্ববার দারাই চলিতে পারে অতিরিক্তের প্রয়োজন কি ? এরূপ আশক্ষার কারণ নাই, শাস্ত্রসিদ্ধবিষয়ে আক্ষেপ করিতে হয় না, "নির্মিমীতে" নির্মাণ করেন স্পষ্ট রহিয়াছে, সংশয়ের কারণ কি ? বার্ত্তিককার ও ভোজরাজের মতে পূর্বসিদ্ধ চিত্তই প্রয়োজক হয়, "চিত্তমেকং নির্মিমীতে" ইহার অর্থ পূর্বসিদ্ধ চিত্তকেই প্রয়োজকরূপে অভিমত করেন। শেষোক্ত পক্ষই ভাল বোধ হয়। যোগীর পূর্ববিদ্ধ চিত্ত ও নির্মাণচিত্ত ইহাদের অতিরিক্তরূপে প্রয়োজক চিত্ত স্বীকার করিলে কোন না কোন শরীরে অবশ্রুই চিত্তম্ব মানিতে হয়, তাহা যুক্তিসিদ্ধ নহে।

সিদ্ধি প্রভাবে যোগিগণ নানা শরীর ধারণ করেন এ বিষয় পুরাণে বর্ণিত আছে।

"একস্তপ্রভূশক্তা বৈ বহুধা ভবতীশ্বর:।
ভূষা যুমাকু বহুধা ভবতোকঃ পুনস্ততঃ॥
তত্মাচ্চ মনসোভেদা জারস্তে চৈত এব হি।
একধা স বিধাচৈব ত্রিধা চ বহুধা পুন:॥
যোগীশ্বর: শরীরাণি করোতি বিকরোতি চ॥
প্রাপ্রাধিষয়ান্ কৈশ্চিৎ কৈশ্চিছ্গ্রং তপশ্চরেৎ।
সংহরেচ্চ পুনস্তানি সুর্যো রশ্মিগণানিব॥"

 অনেক চিত্ত জন্মে। যোগীশ্বর আপনার শরীর একরূপে, ছইরূপে ও বছরূপে স্থাষ্ট করেন, শরীরের বিকার করিতে পারেন। উক্ত যোগী কোন কোন শরীর ছারা শব্দাদি বিষয় উপভোগ করেন, কোন কোন শরীর ছারা উগ্র তপস্থা করেন, স্থ্য যেরূপ রশ্মিগণের প্রতিসংহার করেন তদ্ধপ যোগী-শ্বরও শরীর সকল প্রতিসংহার করিয়া থাকেন। ৫।

## সূত্র। তত্র ধ্যানজমনাশয়ম্॥ ৬॥

ব্যাথা। তত্র (তেষু জন্মাদিপঞ্চিদ্ধিচিত্তেষু) ধ্যানজং সমাধিসংস্কৃতং চিত্তম্) অনাশয়ম্ (আশেরতে চিত্তভূমো ইতি আশয়াঃ কর্মবাসনাঃ ক্লেশ-বাসনাশ্চ, তে ন বিভান্তে যশু তং)॥ ৬॥

তাংপর্য্য। জন্মজ প্রভৃতি পাঁচ প্রকার সিদ্ধি, স্কুতরাং সিদ্ধৃচিত্তও পাঁচ-প্রকার, তন্মধ্যে সমাধি দ্বারা পবিত্র সিদ্ধৃচিত্তে ধর্মাধর্ম ও অবিছাদি সংস্কার থাকে না, এইটাই মুক্তির উপযোগী॥ ৬॥

ভাষ্য। পঞ্চবিধং নির্মাণচিত্তং জন্মৌষধি-মন্ত্রতপঃ-সমাধিজাঃ সিদ্ধয় ইতি, তত্র যদেব ধ্যানজং চিত্তং তদেবানাশয়ং তত্যৈব নাস্ত্যা-শয়ঃ রাগাদিপ্রবৃত্তি নাতঃ পুণ্যপাপাভিসম্বন্ধঃ ক্ষীণক্লেশ্বাৎ যোগিন ইতি, ইতরেষাস্ত্র বিভাতে কর্মাশয়ঃ॥ ৬॥

অনুবাদ। জন্ম, ঔষধি, মন্ত্র, তপং ও সমাধি এই পঞ্চ উপায় হইতে পঞ্চবিধ সিদ্ধি জন্মে, অতএব নির্মাণচিত্ত অর্থাং কেবল সংকল্ল হইতে উৎপন্ন চিত্তও পাঁচ প্রকার, ইহার মধ্যে ধ্যানজ (সংষম বারা পরিশুদ্ধ) চিত্তে আশয় অর্থাৎ সংস্কার নাই, রাগ বেষাদি নিবন্ধন উহাতে প্রবৃত্তি হয় না, স্মৃতরাং পূণ্য ও পাপের সম্বন্ধ নাই, অবিছ্যাদি ক্লেশ পূর্বক প্রবৃত্তি হইলেই পাপপূণ্যের উৎপত্তি হয়, যোগিগণের উক্ত ক্লেশ নাই স্মৃতরাং তাঁহাদের আর পাপপূণ্য জন্মে না, অপর সাধারণের কর্মাশয় অর্থাৎ সংস্কার আছে, স্মৃতরাং তাহাদের পাপপূণ্যও আছে ॥ ৬॥

শস্তব্য। . অদৃষ্ট জন্মিতেও অদৃষ্টের অপেক্ষা করে, জ্বন্তমাত্রের প্রতি অদৃষ্ট কারণ, আত্মন্ত যোগীর প্রারক ভিন্ন সমন্ত ধর্মাধর্ম নষ্ট হয়, রাগাদি পূর্বক প্রবৃত্তি হয় না, স্থতরাং অভিনব ধর্মাধর্ম হইতে পারে না, ভোগের ছারা প্রারদ্ধ কর্মের ক্ষর হয়, আত্মজ্ঞান ছারা প্রারদ্ধের অভিরিক্ত সঞ্চিত কর্ম সকল বিনষ্ট হইয়াছে, পুনর্বার জন্ম হইবে এরপ উপার নাই, কারণ জন্মের কারণ ধর্মাধর্ম জন্মিতে পারিতেছে না, এরপ অবস্থায় প্রারদ্ধ কর্ম শেষ হইলে ধোগীর স্বরূপে অবস্থানরূপ মুক্তিলাভ হয়॥ ৬॥

ভাষ্য। যতঃ।

#### সূত্র। কর্মাশুক্লাকৃষ্ণং যোগিনস্ত্রিবিধমিতরেষাম্॥ ৭॥

ব্যাখ্যা। বোগিন: (কলসন্থাসিন:) কর্ম্ম (ব্যাপার:, ক্রিয়া), অশুক্লাকুঞ্চং (পুণ্যস্থ পাপস্থ বা জনকং ন ভবতি) ইতরেষাং (যোগিভিন্নানাং কর্ম্ম), ত্রিবিধং (তিস্রো বিধাঃ প্রকারা যস্থ তৎ, শুক্লং কুঞ্চং শুক্লকুঞ্চং চেতার্থঃ)॥ १॥

তাৎপর্য্য। যোগিগণের কর্ম অশুক্র অকৃষ্ণ অর্থাৎ পাপ বা পুণ্য কাহারই জনক নহে, ইতর সকল অর্থাৎ যাহারা যোগী নহে তাহাদের কর্ম তিন প্রকার শুক্র (কেবল ধর্ম্মের জনক), কৃষ্ণ (কেবল অধর্মের জনক) ও শুক্রকৃষ্ণ অর্থাৎ ধর্মাধর্ম উভয়ের কারণ॥ ।॥

ভাষ্য। চতুম্পাৎ থবিয়ং কর্মজাতিঃ, কৃষ্ণা, শুক্লকৃষ্ণা, শুক্লা, ব্যান্ত্রাহ্বাহকৃষ্ণা চেতি, তত্র কৃষ্ণা ছরাত্মনাং, শুক্লকৃষ্ণা বহিঃ সাধন-সাধ্যা, তত্র পরপীড়ামুগ্রহঘারেণ কর্মাশয়প্রচয়ঃ, শুক্লা তপঃ স্বাধ্যায়ধ্যানবতাং, সা হি কেবলে মনস্থায়তত্বাদবহিঃ সাধনাহধীনা ন পরান্ পীড়য়িছা ভবতি, অশুক্লাকৃষ্ণা সংখ্যাসিনাং ক্ষীণক্রেশানাং চরম-দেহানামিতি। তত্রাহশুক্লং যোগিন এব ফলসংখ্যাসাৎ অকৃষ্ণং চামুপাদানাৎ, ইতরেষাং তু ভূতানাং পূর্ববিমেব ত্রিবিধমিতি॥ ৭॥

অমুবাদ। সামান্ততঃ কর্ম চারি প্রকার, রুঞ্চ, শুক্ররুঞ্চ, শুক্র ও অশুক্রাহরুঞ্চ। কেবল হিংসা প্রভৃতি কুকার্য্যে রত ছরাত্মাগণের কর্ম রুঞ্চ অর্থাৎ কেবল পাপের জনক। যে সমস্ত কার্য্য বহিঃসাধনসাধ্য অর্থাৎ যব-ব্রীহি, পশু পক্ষী প্রভৃতি উপায় ধারা সম্পন্ন হয়, তাহাকে শুক্ররুঞ্চ অর্থাৎ পাশপুশ্য উভয়ের জনক বলে, সে হলে পরের পীড়া (পশু প্রভৃতির বিনাশ) ও প্রাক্ত্রহ (ব্রাহ্মণাদিকে দক্ষিণা প্রদান) ধারা ধাগ প্রভৃতি কার্য্য পাপ- পুণ্য উভয়েরই জনক হয়। চান্দ্রায়ণ প্রভৃতি তপস্থা, ওঁকার জপ ইত্যাদি এবং ধ্যানাদি ধারা শুক্ল অর্থাৎ কেবল পুণ্যের জনক হয়। ক্ষীণক্লেশ অর্থাৎ यांशात्मत व्यविष्णामि शक्षातम् नारे, यांशात्रा हत्रमान्य व्यर्थाः स्मरेही स्मरमतीत আর শরীরধারণ হইবে না, তাদৃশ সন্তাসী যোগিগণের কর্ম অঞ্জনাক্লফ অর্থাৎ পাপ বা পুণ্য কাহারই জনক নহে, তাঁহাদের কর্ম শুক্ল অর্থাৎ স্থজনক ধর্ম নহে কারণ ফলত্যাগ ক্রিয়াছেন, ক্ষণ্ড ( তুঃখজনক অধ্মাও ) নহে, কারণ হুফার্য্য কখনই করেন না। যোগি ভিন্ন অপরের কর্ম পূর্ব্বোক্ত তিন প্রকার শুক্ল, রুষ্ণ ও শুক্লরুষ্ণ ॥ १ ॥

মন্তব্য। বৈধহিংসায় পাপ আছে কি না এ বিষয়ে শাস্তকারগণের মধ্যে মৃতভেদ আছে, গ্রায়মীমাংসা মতে বৈধহিংসায় (বলিদান প্রভৃতিতে) পাপ নাই, সাংখ্য পাতঞ্জলমতে পাপ আছে তবে পাপের অপেকা পুণাের ভাগ বেশী তাই লোকে অনুষ্ঠান করে। যজ্ঞাদি স্থলে অস্ততঃ ব্রীহিপ্রভৃতির বীজ নষ্ট করিতে হয় (এক একটা বীজ এক একটা জীব), তুষবিমোক সময়ে উদূথল মুষল সজ্বর্ষণে পিপীলিকা প্রভৃতির বিনাশ হইতে পারে ইত্যাদি कांत्रण छेश একেবারে পাপের জনক নহে এরপ বলা যায় না। যাঁহারা 'কৈবল নিজের শরীর, ইন্দ্রিয় ও মনঃ ছারা ধর্ম সঞ্চয় করেন, যাহাতে পর-পীড়ন সম্ভব নহে, অথচ যাঁহারা কর্মকল ত্যাগ করেন নাই, তাদৃশ সকাম ব্যক্তিগণের শুক্লধর্ম্ম (সম্বর্দ্ধক, কেবল ধর্ম্মের জনক) উৎপন্ন হয়। যোগি-গণের শুক্লধর্ম্ম না হইবার কারণ তাঁহারা যোগাঙ্গানুষ্ঠানের ফল ঈশ্বরে সমর্পণ করিয়াছেন, তাঁহারা নিষাম। যোগিগণের যে একেবারে কর্ম নাই এরপ নহে, চিত্তশুদ্ধির নিমিত্ত তাঁহারা কর্ম্ম করিয়া থাকেন তাহাতে ফলের অভিসন্ধি থাকে না, যোগিগণের কর্ম এইভাবে বিহিত আছে।

> "कारमन मनमा वृक्षा। क्वरेन ति क्रिरेम तिश्र विश्व যোগিনঃ কর্ম্ম কুর্বস্তি সঙ্গং ত্যক্তাত্মগুদ্ধয়ে॥ কার্যামিত্যের যৎকর্ম নিয়তং ক্রিয়তেহর্জুন। সঙ্গং ত্যক্তা ফলঞৈব স ত্যাগঃ সান্ধিকো মতঃ ॥ -ত্যক্তা কর্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়:। কর্ম্মণ্যভিপ্রবুত্তোহপি নৈব কিঞ্চিৎ করে। ।

ষত্ত নাহংক্কতো ভাবো বৃদ্ধিৰ্যত্ত ন লিপ্যতে। হত্বাহপি স ইমান লোকান ন হস্তি ন নিবধ্যতে ॥"

অর্থাৎ, যোগিগণ আসক্তি পরিত্যাগ করিয়া কেবল চিত্তগুদ্ধির নিমিত্ত শরীর, মনঃ, বৃদ্ধি ও ইন্ত্রিয় ধারা কর্ম্মের অফুষ্ঠান করিয়া থাকেন। হে অর্জ্কন! সঙ্গ ও ফল পরিত্যাগ করিয়া কেবল কর্ত্তবাবোধে যে নিত্য কর্ম্মের অফুষ্ঠান হয় ভাহাকে সাত্মিক ত্যাগ বলে। নিত্যত্বপ্ত আত্মারাম আশ্রয়বিহীন যোগিগণ কর্ম্মফল কামনা পরিত্যাগ করিয়া কর্ম্ম করিলেও কিছু করেন না বৃদ্ধিতে হইবে, ফলজনক হয় না বলিয়া ঐ কর্ম্মকে কর্ম্মই বলা যায় না। যাহার অভিমান নাই অর্থাৎ আমি করিতেছি এরূপ বৃদ্ধি যাহার নাই, যাহার বৃদ্ধি লিপ্ত হয় না, সেই ব্যক্তি সমস্ত লোক বিনষ্ট করিয়াও হনন করেন না, তিনি কোন কার্যোই লিপ্ত থাকেন না।

ভাষ্যের "যতঃ" এই অংশটুকু স্ত্ত্রের সহিত একত্র করিয়া অর্থ করিতে হইবে॥ ৭॥

· সূত্র। ততস্তদ্বিপাকাসুগুণানামেবাভিব্যক্তির্বাসনানাম্ ॥৮॥

ব্যাখ্যা। ততঃ (পূর্ব্বোক্তাৎ ত্রিবিধাৎ কর্ম্মণঃ) তদিপাকামুগুণানাং এব (তেষাং কর্ম্মণাং বিপাকা জাত্যায়ুর্ভোগাঃ, তদমুক্লানাং বাসনানাং সংস্কারাণাং এব ) অভিব্যক্তিঃ (উদ্বোধো ভবতি, নেতরাসাম্)॥৮॥

তাৎপর্যা। পূর্বকথিত শুক্ল, কৃষ্ণ ও শুক্লকৃষ্ণ এই তিনরূপ কর্ম হইতে কর্মাফল জাতি, আয়ুঃ ও ভোগের অতুক্ল সংস্কার গুলিরই উদ্বোধ হয়, অগুবিধ সংস্কারের উদ্বোধ হয় না॥৮॥

ভাষ্য। তত ইতি ত্রিবিধাৎ কর্ম্মণঃ, তদ্বিপাকামুগুণানামেবেতি যজ্জাতীয়স্থ কর্ম্মণো যো বিপাকস্তস্থামুগুণা যা বাসনাঃ কর্ম্মবিপাক-মমুশেরতে তাসামেবাভিব্যক্তিঃ, ন হি দৈবং কর্ম্ম বিপচ্যমানং নারক-তির্যাদ্মমুশ্য-বাসনাহভিব্যক্তিনিমিত্তং ভবতি, কিন্তু দৈবামুগুণা এবাস্থ বাসনা ব্যক্তান্তে, নারক-তির্যাদ্মমুশ্যেষু চৈবং সমানশ্চর্চঃ॥৮॥

অনুবাদ। পাপজাতীয়, পুণাজাতীয় ও পাপপুণামিশ্রজাতীয় এই তিবিধ কর্ম হইতে জাতি, আয়ু: ও ভোগরূপ বিপাক হয়, তথন ঐ বিপাকের অনুকূল অর্থাৎ সেই সেই জন্ম প্রভৃতির নির্বাহ যাহা ভিন্ন হইতে পারে না, এরূপ সংস্কার সকলেরই উদ্বোধ হয়, অগুবিধ সংস্কার সকল তথন চিত্তে অব্যক্ত **अ**वञ्चात्र थात्क, त्य कर्षा श्रेटिक त्मवनतीत अन्तित्व अर्थाः अर्थाक्रनक त्य कर्षा, তাহা হইতে নরক, পশু, পক্ষী ও মহয় প্রভৃতি জন্মে যে যে সংস্কারের প্রয়োজন তাহার উদ্বোধ হয় না, দেবশরীরের উপযুক্ত সংস্কার গুলিরই উদ্বোধ হয়। নরক, তির্যাক্ (পশু পক্ষী) মুমুখ্য প্রভৃতি শরীরে এইরূপ জানিবে, ष्पर्था९ नत्रकामि जन्म रहेवात मख्य रहेर्ग उउमसूत्रत्र मश्चारत्र्वे উष्टांध रस् অক্রবিধের হয় না॥ ৮॥

মন্তব্য। মন্তব্যের কায়িক, বাচিক ও মানসিক এই ত্রিবিধ কর্ম হইতে धर्म ও अधर्म উৎপন হয়, সংকার্য্যের ফল সুখ, অসংকার্য্যের ফল হু:খ. এই সং ও অসং কর্ম সকল পরক্ষণেই স্ব স্ব ফল স্থগতুঃথ জনাইতে পারে না. স্বৰ্গ নরকাদি স্থানে বছকাল পরে উহার ভোগ হয়, ভোগকালে সদসৎ কর্ম থাকে না, কারণ না থাকিলেও কার্য্য হয় না, এই নিমিত্ত সং বা অসং কার্য্যের ব্যাপার স্বরূপ ধর্ম ও অধর্ম স্বীকার করা যায়। ক্রিয়া করিলে ( আত্মায় বা চিত্তে ) সংস্থাররূপে ধর্মাধর্ম থাকে, ঐ ধর্মাধর্মরূপ অদৃষ্ট হইতে যথাসময়ে স্থথতুঃথফন উৎপন্ন হয়, উক্ত অদৃষ্ট স্বীকার না করিলে জগতের বৈচিত্র্য অর্থাৎ কেহ স্থুখী কেহ হঃখী ইত্যাদি তারতম্যের সংঘটন হয় না, তাই বৈচিত্র্যের কারণ অদৃষ্ট স্বীকার করিতে হয়। স্বষ্টিপ্রবাহের আদি নাই, স্থতরাং প্রথম স্বষ্টতে কিরূপে বৈচিত্র্য হয় ? এরূপ আশঙ্কা হইতে পারে না। কতকগুলি কর্ম (অদৃষ্ট) একত্র মিলিত হইয়া একবিধ জাতি, আয়ুঃ ও ভোগের কারণ হয়, মরণের পর প্রবলভাবে যে কর্মসমষ্টি ফলপ্রদানে উন্মুখ হইয়াছে উহাকেই প্রারন্ধ বলে। ভিন্ন ভিন্ন জাতিতে আহার বিহারাদির নিয়ম পৃথক্ পৃথক্, উহা কাহাকেই শিথাইতে হয় না, সামান্ত ভাবে উলোধ হঁইলে আপনা হইতেই প্রকাশ পায়। সকল জীবই সকল জন্ম পরিগ্রহ করিয়াছে, আত্মজ্ঞান দারা মুক্তিলাভ না হইলে ভবিষ্যতে সকলরূপ জন্ম ধারণেরই সম্ভাবনা। ফলোমূথ কর্ম (প্রারন্ধ) আপন আপন বিপাক (জাতি, আয়ুঃ ও ভোগ) জন্মাইতে গিয়া তহুপযোগী সংস্কার সকলেরও উদোধ করিয়া দেয়, কিন্ধপে আহার বিহার করিতে হয়, কি ভাবে শয়ন, কি ভাবে উপবেশন ইত্যাদি ব্যবহার কাহারই শিখিতে হয় না, কর্ম প্রভাবে জীবগণ আপনা হইতেই শিক্ষালাভ করে, কিরপে মন্থ্য মুথে হস্ত দারা আহার তুলিয়া দেয়, কিরপে বৎসগণ ছয় পান করে তাহা কেইই শিখার না। চিত্তক্ষেত্রে সকল জাতিরই উপযোগী সংস্কার আছে, আবশুক মত তাহাদের উলোধ হয়, অনাবশুক সমস্ত অব্যক্তরূপে অবস্থান করে। সেই সেই জন্ম পরিগ্রহই তহ্পযোগী সংস্কার সকলের উলোধের কারণ॥৮॥

### সূত্র। জাতি-দেশ-কাল-ঘ্যবহিতানামপ্যানন্তর্য্যং স্মৃতি-সংস্কারয়োরেকরূপত্বাৎ॥৯॥

ব্যাখ্যা। জাতি-দেশ-কাল-ব্যবহিতানাং অপি (জাতির্দ্ময়্যুত্থাদিং, দেশঃ কাশ্মীরাদিং, কালঃ যুগাদিং, তৈর্ব্যবহিতানাং অন্তর্বিতানাং অপি বাসনানা-মিত্যর্থং) আনস্তর্যাং (সমীপবর্ত্তিত্বং ফলোপজনকত্বং ইতি ধাবং) শ্বৃতি-সংশ্বারয়োরেকরূপত্বাং (শ্বরণশ্ব তৎকারণসংশ্বারশ্ব চ তুল্যবিষয়ত্বাং)॥৯॥

'তাৎপর্য্য। পূর্ব্ব পূর্ব্ব জন্মের অমুভবজন্ত সংস্কার সম্দায় অসংখ্য জন্ম, দেশ ও কাল দারা ব্যবহিত হইলেও হয় না, স্মরণকে উৎপন্ন করে, কারণ, স্মৃতি ও সংস্কার একরূপ, সংস্কারই উদ্বোধক সহকারে স্মৃতিরূপে পরিণত হয়। ১॥

ভায়। বৃষদংশবিপাকোদয়ঃ স্বব্যঞ্জকাঞ্জনাভিব্যক্তঃ স যদি জাতিশতেন বা দূরদেশতয়া বা কল্পতেন বা ব্যবহিতঃ পুনশ্চ স্বব্যঞ্জকাঞ্জন এবাদিয়াৎ দ্রাগিত্যেব পূর্ববানুভূতর্ষদংশবিপাকাভি-সংস্কৃত। বাসনা উপাদায় ব্যজ্যেত, কস্মাৎ, যতো ব্যবহিতানামপ্যাসাং সদৃশং কর্মাহভিব্যঞ্জকং নিমিন্তীভূতমিত্যানন্তর্য্যমেব, কুতশ্চ, স্মৃতি-সংস্কারয়েরেকরূপছাৎ, যথামুভবান্তথা সংস্কারাঃ তে চ কর্মবাসনামু-রূপাঃ, যথা চ বাসনা তথা স্মৃতিঃ, ইতি জাতি-দেশ-কাল-ব্যবহিত্তভাঃ সংক্ষারেভ্যঃ স্মৃতিঃ, স্মৃতেশ্চ পুনঃসংস্কারাঃ, ইত্যেতে স্মৃতিসংস্কারাঃ কর্মাশয়র্ভিলাভবশাদ্ব্যজ্যন্তে, অতশ্চ ব্যবহিতানামপি নিমিন্ত-ব্যবিত্ত-ভাবানুচ্ছেদাদানন্তর্য্যমেব সিদ্ধমিতি॥৯॥

অञ्বान। व्यनः ( मार्कात्र) विभाक वर्धाः मार्कात-खन्म ও म्हे खत्मत्र আয়ু: ও ভোগের প্রাপক কর্মাশর ( অদৃষ্ট ) আপন কারণ দ্বারা অভিব্যক্ত হয়, উহা অসংখ্য জাতি. বহু দূরদেশ ও অসংখ্য কল্পের দ্বারা ব্যবহিত হইলেও পুনর্কার স্বকীয় কারণরূপ ব্যঞ্জক (উদ্বোধক) সহকারে অভিব্যক্ত হইতে গিয়া শীঘ্রই পূর্বে মার্জারজন্মের অমুভবজন্ত সংস্কারের সহিতই উদ্বন্ধ হয়, অর্থাৎ মার্জার জীবনে যেরূপ থেরূপ সংস্কার হইয়া ছিল তৎসমস্তই উদৃদ্ধ रुप्त, स्वार प्रिक्ति क्याप्त, काद्रण क्षेत्रमेख वामना অতি দূदवर्जी स्टेटमेख উহাদের তুল্য কর্ম অভিব্যঞ্জক হয়, বলিয়া উহাদের আনন্তর্য্য বিনষ্ট হয় না। এরূপ হওয়ার অন্ত কারণ এই, শ্বৃতি ও সংস্কার একরূপই অর্থাৎ তুল্য-বিষয়ই হইয়া থাকে যেরূপে অন্থভব হয় সেই রূপেই সংস্কার হইয়া থাকে, ঐ সংস্কার সকল কর্মবাসনা অর্থাৎ ধর্মাধর্মরূপ অদৃষ্টের সমান, অদৃষ্ট বেমন ক্ষণবিনশ্বর ক্রিয়া হইতে উৎপন্ন হইয়া স্থচির কালবিলম্বে স্বর্গ-নরকাদি উৎপন্ন করে, অনুভবজন্ত সংস্কারও তজ্ঞপ দীর্ঘকাল পরে শ্বতি জন্মায়, যেরূপ বাসনা অর্থাৎ সংস্কার থাকে স্মৃতিও সেইরূপ হয়, এইরূপে জাতি, দেশ ও কাল ধারা ব্যবহিত হইলেও সংস্কার হইতে স্মৃতি হয়, পুনর্বার স্মৃতি হইতে সংস্কার হয়, এই স্মৃতি ও সংস্কার সমুদায় প্রারন্ধকর্ম্মের ব্যাপার অনুসারেই উৰুদ্ধ হয়। অতএব ব্যবহিত হইলেও নিমিন্ত-নৈমিত্তিক অর্থাৎ কার্য্যকারণ-ভাবের উচ্ছেদ হয় না বলিয়া আনস্তর্যাও বিনষ্ট হয় না॥ ১.॥

মস্তব্য। মনুযাজনের পর মার্জারজন হইলে অব্যবহিত পূর্ব মানব-জন্মের সংস্কার সমস্তের উদ্বোধ হয় না, অথচ অসংখ্য কাল পূর্বে যে মার্জারজন্ম হইয়াছিল তাহাতে যে সমস্ত সংস্কার জন্মিয়াছিল তাহার উদ্বোধের আবশুক, নতুবা মার্জারজীবন নির্বাহ হয় না, অব্যবহিত্টীর উলোধ হয় না, বছ ব্যবহিত্টীর উদ্বোধ কিরূপে হয় ? এই আশস্কায় স্থত্তের অবতারণা হইয়াছে। कीवमां वह ममल क्या थाथ श्हेत्राष्ट्र, रुष्टि अवार्ट्य आपि नाहे, कीवगरणंत्र চিত্তে সমুদায় জন্মেরই উপযোগী সংস্কার থাকে, আবশ্রক অনুসারে কতকগুলির উদ্বোধ হয়, কতকগুলির হয় না, উহারা প্রস্থগুভাবে থাকে। একজাতীয় কর্মদাষ্টি হইতে এক একটা জন্ম হয়, মানবজন্ম ও মার্জ্জারজন্মের প্রাপক কর্ম অবশ্রই একরপ নহে, যেরপ কর্মসমষ্টির সন্মীননে মার্জারজন্ম হয় সেই কর্ম

সমষ্টিই ব্যবহিত মার্জারজন্ম সংস্কারের উদ্বোধ করে, এরূপ না হইলে সংসার-যাত্রা নির্বাহ হয় না, ইহাতে ব্যবধান অব্যবধানের কোনও বিশেষ নাই, তুল্যকর্ম (মার্জারজন্মের প্রাপক অনুষ্ঠ) উদ্বোধক হয় বলিয়া সংস্কারের ব্যবধান থাকে না, এটা তুল্যব্যঞ্জক (কারণ) বলিয়া হইয়াছে ব্রিতে হইবে, তুল্যকার্য্য স্থৃতি দ্বারাও অব্যবধান সম্পন্ন হয়, অর্থাৎ উদ্বোধক হইলেই পূর্ব-সংস্কার তুল্যবিষয়ে স্থৃতি উৎপাদন করে ॥ ১ ॥

### সূত্র। তাসামনাদিত্বঞ্চ আশিষো নিত্যত্বাৎ॥ ১০॥

ব্যাখ্যা। আশিষঃ (অহং সদাভূয়াসং ইত্যেবং রূপস্ত (অভিনিবেশস্ত) নিত্যত্বাৎ (সার্ব্বজনীনত্বাৎ) তাসাং (বাসনানাং) অনাদিত্বঞ্চ (আদিরহিতত্বং ন কেবলং আনস্তর্যামিতি)॥ ১০॥

তাৎপর্য। আমি যেন মরি না, চিরকালই জীবিত থাকি, সকলেরই এইরূপ আত্মাশীর্কাদ আছে, না মরিলে মরণ হঃথের অনুভব হয় না, অতএব উক্ত, আশীর্কাদ হয় বলিয়া ব্ঝিতে হইবে পূর্কোক্ত বাসনা (সংস্কার) সকল অনাদি॥ ১ • ॥

ভাষ্য। তাসাং বাসনানাং আশিষো নিত্যন্থাদনাদিন্বং, যেয়মাত্মাশীর্মানভূবং ভূয়াসমিতি সর্ববস্থ দৃশ্যতে সা ন স্বাভাবিকী, কস্মাৎ,
জাতমাত্রস্থ জন্তোরনসূভূতমরণধর্মকস্থ দ্বেষত্বংথাসুস্থৃতিনিমিত্তো মরণত্রাস্থ কথং ভবেৎ, ন চ স্বাভাবিকং বস্তু নিমিত্তমুপাদত্তে তস্মাদনাদিবাসনাহসুবিদ্ধমিদং চিত্তং নিমিত্তবশাৎ কাশ্চিদেব বাসনাঃ প্রতিলভ্য
পুরুষস্থ ভোগায়োপাবর্ত্ত ইতি। ঘটপ্রাসাদপ্রদীপ-কল্লং সন্ধোচবিকাশি চিত্তং শরীরপরিমাণাকারমাত্রমিত্যপরে প্রতিপন্নাঃ, তথা
চাল্তরাভাবঃ, সংসারশ্চ যুক্ত ইতি। বৃত্তিরেবাস্থ বিভুনঃ সন্ধোচবিকাশিনীত্যাচার্যঃ। তচ্চ ধর্মাদিনিমিত্তাপেক্ষং, নিমিত্তঞ্চ দিবিধং
বাহ্মমাধ্যাত্মিকঞ্চ, শরীরাদিসাধনাপেক্ষং বাহুং স্তুতিদানাভিবাদনাদি,
চিত্তমাত্রাধীনং আদ্বাভাধ্যাত্মিকং, তথাচোক্তং "যে চৈত্তে মৈত্রাদরোধ্যায়িনাং বিহারাত্তে বাহ্মপ্রধান-নিরস্প্রহাত্মানঃ প্রকৃষ্টং ধর্মমভি-

निर्ववर्षप्रस्ति" जात्रामीनमः वलीयः, कथः ख्वानदेववारगा कानिज-भरिगारल, मधकात्रभार हिख्यमगुलित्तरक्न कः भातीरत्न कर्म्मणा भृजाः কর্ত্মুৎসহেত, সমুদ্রমগস্তাবদা পিবেৎ॥ ১০॥

**ष्ट्राम । आग्रा**वियरत्र ष्ट्रांगीर्साम ष्ट्रशं राम চित्रकानरे शांकि **এ**हेन्नश প্রার্থনা নিত্য অর্থাৎ সমস্ত প্রাণী্রই আছে বুলিয়া পূর্ব্বোক্ত বাসনা সমুদায় व्यनानि दनिया जानित्व। व्यामि ना शांकि प्रवत्न ना हव किन्न हित्रकान वाहिया থাকি এইরূপ আত্মাশীর্বাদ (মরণত্রাস) সকলেরই আছে, উহা স্বাভাবিক নহে, বিনা কারণে হয় না। (নাস্তিকের প্রশ্ন) কেন হয় না ? (আস্তিকের উত্তর ) জাতমাত্র জন্তু, যে কথনও মরণরূপ ধর্মকে অনুভব করে নাই, তাহার, দেষের বিষয় ছাথের স্বৃতি বশতঃ মরণত্রাস কিরূপে হইতে পারে ? স্বাভাবিক (প্রকৃতিসিদ্ধ) বস্তু কারণকে অপেকা করে না. (জাতমাত্র বালককে ফেলিয়া দিবার উপক্রম করিলে ভয়ে মাতৃবক্ষঃ অবলম্বন করে, মরণভন্ন স্বাভাবিক হইলে পতনের উপক্রম অথবা ঐরূপ অন্ত কোনও ভয়ের কারণ উপস্থিত হইলেই কম্পিত হয় কেন গ সর্বাদাই কম্পিত হইতে পারে, যেটা যাহার স্বাভাবিক সেটা তাহার সর্বাদাই থাকে, অগ্নির স্বভাব উষ্ণতা সর্বাদাই থাকে, মরণতাস স্বাভাবিক নহে, বালক পূর্বজন্মে মরণ-ত্বঃথ অন্থভব করিয়াছে, তাই মরণের কারণ উপস্থিত হইলেই ভীত হয় ) অতএব চিত্তে অনাদি কাল হইতে বাসনা ( সংস্কার ) আছে, অদৃষ্ট বশতঃ কতকগুলির উদ্বোধ হয়, এবং পুরুষের ভোগের নিমিত্ত উপযোগী হয়। প্রসঙ্গক্রমে চিত্তের পরিমাণ বলা যাইতেছে, চিত্ত ঘট প্রাসাদ প্রদীপের ক্সায় সঙ্কোচ বিকাশশালী, অর্থাৎ প্রদীপ কলদের মধ্যে রাখিলে কেবল কল্সের মধ্যবর্ত্তী স্থানকেই প্রকাশ করে, ঐ প্রদীপকে গৃহমধ্যে অনার্তভাবে রাখিলে গ্রহের সমস্ত ভাগই প্রকাশ করে, এস্থলে প্রদীপের আলোক যেমন ক্থনও ক্লসের মধ্যে থাকিয়া সঙ্চিত হয়, কথনও বা অনার্তভাবে থাকিয়া প্রসারিত হয়, তত্রপ চিত্ত পিপীলিকার ক্ষুদ্র শরীরে প্রবেশ করিলে পিপীনিকার শরীরের পরিমাণ লাভ করে, হস্তি প্রভৃতি বৃহৎ কায়ে প্রবেশ করিলে প্রদারিত হইয়া হস্তি প্রভৃতি শরীরের পরিমাণ পায়, স্বতরাং শরীর পরিমাণের তার্ক্ত তম্য অমুসারে চিত্তপরিমাণের তারতম্য হয় স্বীকার করিতে হইবে, অতএব অন্তরাভাব অর্থাৎ পূর্বদেহ ত্যাগ ও উত্তরদেহ পরিগ্রহ এবং স্বর্গনরকানি স্থানে গমনরূপ সংসারেরও নির্বাহ হয়, (চিত্ত বিভূ অর্থাৎ সর্বতম্ভিত হইলে এক্লপ ঘটতে পারিত না, আকাশ প্রভৃতি বিভূপদার্থের গমনাগমন হয় না, ইহাই সাংখ্যের মত)। আচার্য্য স্বয়ম্ভ অথবা পতঞ্জলি বলেন চিত্ত বিভূ অর্থাৎ পরম-মহৎ-পরিমাণ, উহার কেবল বৃত্তি (চেতনা) সঙ্কোচ বিকাশশালী হয়, অর্থাৎ ক্ষুদ্র দেহে সম্কৃচিত হয় বৃহৎ দেহে বৃহৎ হয়। এই বৃত্তি ধর্মাধর্ম্মরূপ নিমিত্ত (অদৃষ্ঠ) বশতঃই হইয়া থাকে ! উঁক্ত নিমিত্ত ছই প্রকার, একটা বাহু অপরটা আধ্যাত্মিক, শরীর বাক্ গুভৃতি দারা যে তত্ত্ব, দান ও অভিবাদন (নমস্কার) প্রভৃতি হয় তাহাকে বাহ্ বলে, আদি শব্দে অধর্মের কারণ পরদ্রব্য অপহরণ প্রভৃতি বুঝিতে হইবে। কেবল চিত্তদারা যে শ্রদ্ধা প্রভৃতি সম্পন্ন হয় তাহাকে আধ্যাত্মিক বলে. এথানেও আদি-শব্দে পাপের কারণ অশ্রদ্ধা প্রভৃতি বুঝিতে হইবে। এ বিষয়ে আচার্য্যগণ বলিয়াছেন, "ধ্যানশালী যোগিগণের মৈত্রীকরুণাদি বিহার (ব্যাপার) সকল বহিঃসাধনের অপেক্ষা না করিয়াই প্রকৃষ্ট ধর্ম্ম (শুকুধর্ম্ম) উৎপন্ন করে। বাহ্ ও আধ্যাত্মিক সাধনের মধ্যে আধ্যাত্মিক মানসই প্রধান, কেননা, জ্ঞান ও বৈরাগ্যরূপ মানসধর্ম অপর কাহারও দারা অভিভূত হয় না, বরং জ্ঞান ও বৈরাগ্য হইতে উৎপন্ন ধর্মই অপর ধর্মদকলকে অভিভব করে, ( বুঝাইবার নিমিত্ত প্রসিদ্ধ ছইটী উদাহরণ দেখান হইতেছে) চিত্তের বল ব্যতিরেকে শরীর ব্যাপার দারা কোন্ ব্যক্তি দণ্ডকারণ্য শৃত্ত করিতে পারে ? কেই বা অগস্ত্যের স্থায় সমুদ্র পান করিতে সমর্থ হয়॥ ১০॥

মন্তবা। পূর্ব পূত্রে বলা হইরাছে, পূর্ব পূর্বে বাদনা ( সংস্কার ) সমুদায় মার্জারাদিজন্ম ঘারা উদ্বন্ধ হয়, পূর্ব্ব পূর্ববতর জন্ম থাকিলে উক্ত বিষয় যুক্তি-যুক্ত হইতে পারে, পূর্বজন্মে প্রমাণ কি ? আন্তিক বলিবেন জাতমাত্র বালক স্বন্তপানে প্রবৃত্ত হয়, ভয়ের কারণ দেখিলে কম্পিত হয়, হর্ষের কারণে আনন্দিত হয়, ইহাতে বুঝিতে হইবে পূর্ব-জন্ম আছে, সেই জন্মে স্তম্পানাদির উপযোগিতা জানিয়াছে, পুনর্কার সেই গুলির শ্বরণ হওয়ায় ওরূপ করিয়া থাকে। এ বিষয়ে নাস্তিকের আপত্তি, তাহা কেন হুইবে? উহা সভাবতঃই হইয়া থাকে, দিবাভাগে পদ্ম বিকশিত হয়, রাত্রিতে মুদ্রিত হয়, ইহা বেমন স্বান্তাবিক, বালকের মুখ স্লান ও মুখ প্রসন্নতাও ঐক্লপ স্বাভাবিক।

নাস্তিক সর্ব্বতাই ঐরপ স্বভাববাদের দোহ্লাই দিয়া থাকেন। আস্তিক वत्नन, छेश चार्जाविक नरह, चार्जाविक हरेतन रुप्त मुख्यारे रहेल, ना रुप्त मर्सनारे ना ररेंछ: कथन रखग्ना, कथन । ना रखग्ना अन्न पिंठ ना, भागत বিকাশ ও মুদ্রণ স্বাভাবিক নহে, স্থা্যের কিরণে বিকাশ হয়, কিরণের অভাবে পন্ম স্থিতিস্থাপক গুণে পূর্ব্বরূপ ধারণ করে। অত্এব জাতমাত্র বালকের স্কল্পান ব্যাপার প্রভৃতি স্বাভাবিক নহে, উহা-দ্বারা পূর্বজন্মের এইরূপে অনুমান হয়, বালকের প্রদর্শিত কম্পটী ভয় প্রযুক্ত, ভয় ভিন্ন কম্প হয় না, যেমন আমা-দিগের কম্প, বালকের ভয়, ছেবের বিষয় ছঃথ স্মরণ প্রযুক্ত, কেননা ভয় ঐরপেই হইয়া থাকে, যেমন আমাদিগের ভয়, ভবিষ্যতে হঃথ হইবে এরূপ তর্ককে ভয় বলে, উহা কেবল হঃথের স্মরণ বশতঃ হয় না, যাহা হইতে ভয় হয় সেই বস্তু অনিষ্টের কারণ এইরূপ জানিয়াই ভয় হয়, পতনে বালকের ভয় হয়, বালক জানে পতনে কষ্ট হইবে, ঐ জ্ঞানটী ইহজন্মে হয় নাই, জাতমাত্র বালক কথনই পতিত হয় নাই, তবে কেন ভীত হয়, পূর্ব্ব পূর্ব্ব জন্মে অনেকবার পতিত হইয়া জানিয়াছে, পতনে বড়ই কষ্ট, তাই পতনের উপক্রমেই ওরপ ভীত হইয়া থাকে॥ ১০॥

# সূত্র। হেতু-ফলাশ্রয়ালম্বনৈঃ সংগৃহীতত্বাদেধামভাবে তদভাবঃ ॥ ১১ ॥

ব্যাখ্যা। হেতুফলাশ্রয়ালম্বনৈঃ (বাসনানাং হেতবঃ ক্লেশকর্মাণি, ফলং জাত্যায়ুর্ভোগাঃ, আশ্রয়ন্চিত্তং, আলম্বনং শব্দাদিকং, এতৈঃ) সংগৃহীত্ত্বাৎ (ব্যাপ্তত্বাং) এযামভাবে (জ্ঞানেন এষাং অভাবে দগ্ধবীজভাবে), তদভাবঃ (ঁ তাসাং বাসনানাং অভাবঃ ভবতীত্যর্থঃ )॥ ১১॥

তাৎপর্য্য। বাসনা সমুদায় অসংখ্য এবং অনাদি হইলেও কারণের উচ্ছেদে ইহাদের উচ্ছেদ হয়। বাসনার হেতু অবিগ্রাদি ক্লেশ ও ধর্মাধর্ম্মরপ কর্ম, জাতি, আয়ু: ও ভোগ উহাদের ফল, চিত্ত আশ্রয়, শকাদি বিষয় আলম্বন, আত্মজ্ঞান দারা এই সকলের উচ্ছেদ হইলে বাসনা সকলেরও উচ্ছেদ হয়॥ ১১॥

ভাষ্য। 'হেতুঃ ধর্মাৎ সুখং অধর্মাৎ চুঃখং, সুখাৎ রাগঃ চুঃখাৎ দ্বেষঃ, ততশ্চ প্রযত্ত্বঃ, তেন মনসা বাচা কায়েন বা পরিস্পান্দমানঃ পরমনুগৃহাত্যুপহন্তি বা, তত্ত্বপুনর্ধর্মাধর্মো সুখদুংখে রাগদ্বেষো ইতি প্রবৃত্তিনিদং বড়বং সংসারচক্রম্, অস্ত চ প্রতিক্ষণমাবর্ত্তমানস্থাবিচ্যান্ত্রীমূলং সর্ববিক্রেশানাম, ইত্যেষ হেতুং। ফলস্তু বমাঞ্রিত্য বস্তু প্রত্যুৎপন্নতা ধর্মাদেং, নহ্মপূর্ব্বোপজনং, মনস্তু সাধিকারমাশ্রয়ো বাসনানাং, নহ্মবিস্তিধিকারে মনসি নিরাশ্রয়া বাসনা স্থাতুমুৎসহস্তে। যদভিমুখীভূতং বস্তু যাং বাসনাং, ব্যনক্তি তস্তাস্তদালম্বনম্, এবং হেতুফলাশ্রয়ালম্বনৈরেতঃ সংগৃহীতাঃ সর্ব্য বাসনাঃ, এষামভাবে তৎসংশ্রয়াণামপি বাসনানামভাবঃ॥ ১১॥

অমুবাদ। "হেতু:" হইতে "ইত্যেষ হেতুঃ" পর্য্যন্ত স্ত্ত্রের হেতুশব্দের বিবরণ। ধর্ম হইতে সুথ ও অধর্ম হইতে হঃখ জন্মে, সুথ হইতে রাগ ও হঃখ হইতে দ্বেষ জন্মে, রাগ ও দ্বেষ হইতে প্রথত্ন হয়। প্রযত্ন হইলে মন্ত্র্যা সকল মনঃ, বাক্ বা শরীরের দারা পরিস্পল্মান (ক্রিয়াবান্) হইয়া অপরের প্রতি অনুগ্রহ (উপ-কার) বা হিংসা (অপকার) করে, এইরূপে উপকার ও অপকার হইতে পুনর্বার ধর্ম ও অধর্ম তাহা হইতে স্থুখ ও হু:খ এবং তাহা হইতে যথাক্রমে রাগ ও দ্বেষ সমুৎপন্ন হয়, এই ভাবে ষড়র (ষট্ অরা যাহার) ছয়টী শলাকাযুক্ত সংসারচক্র ভ্রমিত হইতে থাকে। ধর্ম, অধর্ম, স্থুখ, তুঃখ, রাগ ও দ্বেষ এই ছয়টী সংসাররূপ চক্রের অরা অর্থাৎ শলাকা, উক্ত সংসাররূপ চক্র সর্বদা ঘুরিতেছে, ইহার নেত্রী অর্থাৎ পরিচালক অবিহ্যা, এই অবিদ্যাই সমস্ত ক্লেশের মূল, অতএব দাক্ষাৎ অথবা পরম্পরায় অবিতাহি সংদারের মূল কারণ। ফল কি তাহা বলা যাইতেছে, যাহাকে আশ্রয় করিয়া যে ধর্মাদির প্রত্যুৎপরতা অর্থাৎ বর্ত্তমান ভাব হয় সেইটা তাহার ফল, ধর্মাধর্মের ফল বিপাক অর্থাৎ জাতি, আয়ুঃ ও ভোগ। অপূর্ব্বের ( যাহা পূর্ব্বে ছিল না, অসং ) উপজন অর্থাৎ উৎপত্তি হয় না, স্ক্রারূপে অবস্থিত বিষয়ের স্থলরূপে আবির্ভাব হয় মাত্র। সাধিকার অর্থাৎ ক্লেশবিশিষ্ট মন:ই বাসনার আশ্রয়, মনের অধিকার শেষ হইলে (ভোগ ও অপবর্গ সম্পন্ন হইলে ) বাসনা সকল আশ্রয়হীন হইয়া আর থাকিতে পারে না। যে বস্তু (শব্দাদি বিষয়) অভিমুখীভূত ইন্দ্রিয় সংযুক্ত হইয়া যে वाननात ( मरबादतत ) वाक्षक ( উरवाधक ) इत्र दाने वक्ष दाने वाननात व्यानधन

অর্থাৎ বিষয়। এইরূপে হেতু, ফল, আশ্রয় ও আলম্বন দ্বারা সমস্ত বাসনা সংগৃহীত অর্থাৎ ব্যাপ্ত হয়, স্তরাং হেতু অভৃতির অভাব হইলে তদাশ্রিত বাসনা সকলেরও সমুচ্ছেদ হয় ॥১১॥

মস্তব্য। চিত্তে যে কতরূপ সংস্কার থাকে তাহার সংখ্যা করা দুরের কথা कन्नना इर ना, अमिरक मश्चारतत ममून উচ্ছেদ ना इरेल अ मुक्ति इन्न ना, अक একটা করিয়া সংস্কারের উচ্ছেদ করা এবং কুশাগ্র দারা উত্তোলন করিয়া সমুদ্র-জল শেষ করা একই কথা। উক্ত°ভাবে হয় না বলিয়া প্রকারাস্তরে স্থত্তে বাদনার উচ্ছেদ বলা হইয়াছে, মূলের বিনাশ হইলে আর কিছুই থাকিতে পারে না, জ্ঞানের দারা বাসনার (সংস্কারের) মূল অবিভার বিনাশ হইলে আর কিছুই থাকিতে পারে না, পূর্ব্ব পূর্ব্ব ভ্রম সংস্কারকেই অবিছা বলে, এই অবিছা হইতে—"অহং" এই অহন্ধার জন্মে, তাহা হইতে "আমি অমুক" "আমার এই" ইত্যাদি ভ্রম জন্মে, এই ভ্রম হইতেই রাগ ও দ্বেষ হয়, তাহা হইতে পরের প্রতি উপকার ও অপকার দারা ধর্মাধর্ম উৎপন্ন হয়; এই ধর্মাধর্ম হইতে ভোগ জন্মে, ভোগ হইতে পুনর্জার বাসনা জন্মে, এইরূপে সংসারচক্র সর্জান घुतिया थाटक, मून व्यविष्ठा नष्टे इटेलिटे ममल वामना नष्टे हय। कियाराग, অষ্টাঙ্গযোগ ও বিবেকখ্যাতি এই সকলের অনুষ্ঠানই অবিচা নাশের কারণ।

পুণ্য কি, পাপ কি এ বিষয় জানিতে সকলেরই ইচ্ছা হয়, শাস্তে উক্ত আছে—"পূণ্যং পরোপকারেণ পাপঞ্চ পরপীড়নে," ভাষ্যকারও বলিতেছেন "পরমমুগুহ্লাত্যুপহস্তি বা, ততঃ পুনর্ধর্মাধর্ম্মের," অর্থাৎ পরোপকার দারা ধর্ম ও পরাপকার দ্বারা অধর্ম হয়। যদি চ টীকাকারগণ ভাষ্মের অনুগ্রহ ও উপঘাত 🕯 উপহস্তি ) শব্দে ধর্ম্ম ও অধর্মোর জনক কর্মমাত্রেরই উপলক্ষণ করিয়াছেন অর্থাৎ "পরমমুগৃহ্লাতি" ইহার দ্বারা পুণ্যজনক সকল কর্মাই (তপস্থাদিও) ব্ঝিতে হইবে, এবং "উপহস্তি" ইহা দারা পাপ জনক সমস্ত কর্মই ব্ঝিতে হইবে, তথাপি পুণ্য পাপের মৃল ভিত্তি পরোপকার ও পরপীড়ন এ কথার বাধা নাই, যে ব্যক্তি চিত্তে পরোপকার ভাবিয়া কাজ করেন সেই ধার্ম্মিক ॥ ১১ ॥

ভাগ্য। .নাস্ত্যসতঃ সম্ভবঃ, ন চাস্তি সতো বিনাশঃ ইতি দ্রব্যত্বেন সম্ভবস্তাঃ কথং নিবর্তিয়ান্তে বাসনা ইতি।

# সূত্র। অতীতানাগতং স্থুরূপতোহস্ত্যধ্বভেদাদ্বর্মাণাম্ ॥১২॥

ব্যাথ্যা। অতীতানাগতং (ভূতং ভবিষ্যচ্চ) স্বরূপতঃ অন্তি (ধর্মিজেন বিন্ততে), ধর্মাণাং (সমবেতানাং ঘটাদীনাম্), অধ্বভেদাৎ (কালভেদাৎ বর্ত্তমানান্তবস্থাভেদাদিত্যর্থঃ)॥ ১২॥

তাৎপর্যা। ভূত ও ভবিশ্বং-একেবারে থাকে না এরপ নহে, কিন্তু ধর্মি-স্বরূপে (মৃত্তিকা প্রভৃতিতে) স্ক্ষভাবে খবস্থান করে, কারণ ধর্মমাত্রই তিন প্রকার অতীত, অনাগত ও বর্ত্তমান॥ ১২॥

ভাষ্য। ভবিষ্যদ্যক্তিকমনাগতং, অমুভূতব্যক্তিকমতীতং, স্বব্যাপারোপার্নতং বর্ত্তমানং, ত্রয়ং চৈতদস্ত জ্ঞানস্থ জ্ঞেয়ং, যদি চৈতৎ
স্বরূপতো নাভবিষ্যরেদং নির্বিষয়ং জ্ঞানমুদপৎস্থত, তন্মাদতীতানাগতং
স্বরূপতোহস্তীতি। কিঞ্চ ভোগভাগীয়স্থ বাহপবর্গভাগীয়স্থ বা কর্ম্মণঃ
ফলমুৎপিৎস্থ যদি নিরুপাখ্যমিতি তহুদ্দেশেন তেন নিমিত্তেন কুশলামুষ্ঠানং ন যুজ্যেত। সতশ্চ ফলস্থ নিমিত্তং বর্ত্তমানীকরণে সমর্থং
নাপূর্বেরাপজননে, নিদ্ধং নিমিত্তং নৈমিত্তিকস্থ বিশেষামুগ্রহণং কুরুতে,
নাপূর্ব্বমুৎপাদয়তি। ধর্ম্মীচানেকধর্মস্বভাবঃ, তস্থ চাধ্বভেদেন ধর্ম্মাঃ
প্রত্যবস্থিতাঃ, ন চ যথা বর্ত্তমানং ব্যক্তিবিশেষাপঙ্গং, দ্রব্যতোহস্ক্যেবমতীতমনাগতং বা, কথং তহি, স্বেনৈব ব্যঙ্গ্যেন স্বরূপেণানাগতমস্তি,
স্বেন চামুভূতব্যক্তিকেন স্বরূপেণাতীতমিতি, বর্ত্তমানস্থৈবাধ্বনঃ
স্বরূপব্যক্তিরিতি ন সা ভবতি অতীতানাগতয়োরধ্বনাঃ. একস্থ
চাধ্বনঃ সময়ে দাবধ্বানী ধর্ম্মিসময়াগতৌ ভবত এবেতি নাহভূত্বাভাবস্বয়াণামধ্বনামিতি॥ ১২॥

অমুবাদ। অসতের উৎপত্তি নাই, সতের বিনাশ নাই, অতএব দ্রব্যরূপে (ধর্মিভাবে, চিত্তরূপে) স্ক্র অবস্থার বাসনা সকল বর্ত্তমান থাকে, স্থতরাং উচ্ছিন্ন হইতে পারে না, বাসনাই বন্ধ, উহার উচ্ছেদ না হইলে মুক্তিও হইতে পারে না, এই আশস্কার স্ত্র করা হইরাছে। যাহার ব্যক্তি (প্রকাশ) ভবিষ্যৎ অর্থাৎ পরে হইবে তাহাকে অনাগত বলে, যাহার ব্যক্তি অমুভূত হইরাছে

তাহাকে অতীত বলে, নিজের ব্যাপারে (ক্রিয়ায়) প্রবৃত্তকে বর্দ্তমান বলে। এই ত্রিবিধ বস্তুই জ্ঞানের জ্ঞেয় ! স্বরূপতঃ এই ত্রিবিধ বস্তু না পাকিলে নির্বিষয় জ্ঞান হইতে পারে না, অতএব বরপতঃ ( অব্যক্ত অবস্থায় ) অতীত ও অনাগত थांटक. (विषय ना थांकिटन ब्लान इस ना, ब्लान इस विनयांहे वर्खमान विषय স্বীকার করিতে হয়, অতীত ও অনাগত বিষয়ে জ্ঞান হইয়া থাকে, স্মতরাং অতীত ও অনাগত হক্ষভাবে থাকে অবগ্রহ স্বীকার করিতে হইবে ), আরও কথা এই ভোগজনক বা মুক্তিজনক কর্মের ফল (ভোগাপবর্গ) যাহা উৎপন্ন रहेरत जारा यिन निक्न भाषा अर्था९ अन् रम जरत जारात जेतन कुनन वाकित (যোগীর) অনুষ্ঠান উপযুক্ত হয় না, অর্থাৎ যে কোনও ফল হউক না কেন তাহা ভবিষ্যৎ, যদি ঐ ফল সম্পূর্ণ অসৎ হয়, তবে তাহার উদ্দেশে অভ্রান্তযোগী ( কুশল ব্যক্তি ) কথনই প্রবৃত্ত হইতেন না। সৎ অর্থাৎ অব্যক্ত অবস্থায় কারণে অবস্থিত ফলের বর্ত্তমান ভাব ( কার্য্যকারিতারূপে আবির্ভাব ) জননের নিমিত্তই নিমিত্তের ( কারণের ) ব্যাপার হয়, কারণ, যাহা নাই তাহা করিতে পারে না, সিদ্ধ নিমিত্ত অর্থাৎ পূর্ব্বে নিষ্পন্ন কারণ নৈমিত্তিকের ( সাধ্য কার্য্যের ) বিশেষ অমুগ্রহ অর্থাৎ প্রকাশ্তরূপে আবির্ভাব করে, অপূর্ব্ব ( যাহা ছিল না ) এরপ কার্য্যকে জন্মাইতে পারে না। ধর্মীর ( মুৎপিণ্ড স্থবর্ণাদির ) ধর্ম ( ঘটকুণ্ডলাদি ) অনেক প্রকার, অধ্বভেদে অর্থাৎ অবস্থাবিশেষে ঐ ধর্মীর ধর্ম সকল অবস্থান করে, অর্থাৎ কোন ধর্ম বর্ত্তমান, কোনওটা অতীত এবং কোনওটা বা অনাগত-রূপে থাকে। বর্ত্তমান ধর্ম্ম যেমন ব্যক্তি বিশেষ ( আবির্ভাব ) প্রাপ্ত হইয়া দ্রব্যে (ধর্মীতে) অবস্থান করে, অতীত ও অনাগত সেরূপ থাকে না, তবে কিরূপে থাকে ? অনাগতটা স্থকীয় ব্যঙ্গ্য (যাহা প্রকাশিত হইবে) স্বরূপে থাকে, অতীতটী অমুভূত ব্যক্তি ( যাহা প্রকাশিত হইয়াছে ) ভাবে থাকে। বর্ত্তমান অধ্বাতেই (অবস্থায়ই) স্বরূপের প্রকাশ পায়, সে ভাবে অতীত ও অনাগত অবস্থায় হয় না। একটা অধ্বার (অবস্থার) সত্তাকালে অপর হুইটা ধর্মিস্বরূপে ষ্পব্যক্ত ষ্পবস্থায় নিহিত থাকে, অতএব না থাকিয়া হওয়া কোন ষ্পৰারই रुष्र ना॥ >२॥

মস্তব্য। সাংখ্য সাম্প্রদায়িক পাতঞ্জন মতে অসতের উৎপত্তি নাই, সতের বিনাশ নাই, যাহাতে যাহা থাকে না তাহা হইতে তাহার উৎপত্তি হয় না, স্ক্র অবস্থার অতীত ও অনাগত থাকে, এই মতে প্রাগভাব ও ধ্বংস নাই, কার্য্যের অনাগত অবস্থাকে প্রাগভাব এবং অতীত অবস্থাকে ধ্বংস বলে। অতীত, অনাগত ও বর্ত্তমান এই তিনটা বিরুদ্ধ অবস্থা কিরূপে একদা এক স্থানে থাকে এরূপ আশঙ্কার কারণ নাই, কারণ, ব্যক্তরূপে এককালে এক স্থানে তিনটা থাকে না, প্রকৃত স্থলে কেবল বর্ত্তমানই ব্যক্তভাবে থাকে, অতীত ও অনাগত অব্যক্তভাবে থাকে স্কৃতরাং বিরোধ হয় না। ব্যক্ত অবস্থা পাইয়াছে এরপ কারণই কার্য্য জন্মাইতে পারে, স্কৃত্রাং সর্বদা কার্য্য হয় না কেন এরপ আশঙ্কা হইবারও কোন কারণ নাই। কার্য্য সং না হইলে কারণের সহিত সংক্ষ হয় না ইত্যাদি অনেক যুক্তি আছে॥ ১২॥

#### সূত্র। তে ব্যক্তসূক্ষা গুণাত্মানঃ॥ ১৩॥

ব্যাখ্যা। তে (পূর্ব্বোক্তাস্ত্রিবিধাধর্মাঃ), ব্যক্তস্ক্ষাঃ (ব্যক্তা আবির্ভূতাঃ অর্থক্রিয়াকারিণঃ, স্ক্ষাঃ অব্যক্তাঃ তিরোহিতা অনাবির্ভূতান্চ), গুণাস্থানঃ (মর্ব্বেচ সম্বরম্বস্তমঃ-স্বভাবা ইতি)॥ ১৩॥

তাংপর্যা। পূর্ব্বোক্ত তিন প্রকার কর্ম সকল ব্যক্তস্ক্র, কতকগুলি ব্যক্ত অর্থাৎ বর্ত্তমানরূপে কার্য্যকারী, কতকগুলি স্ক্র অর্থাৎ কারণে অব্যক্তভাবে অবস্থিত, সকলই ত্রিগুণাম্মক ॥ ১৩ ॥

ভাষ্য। তে থল্পমী ত্রাধ্বানো ধর্মা বর্ত্তমানা ব্যক্তাত্মানঃ, অতীতা-হনাগতাঃ সূক্ষমাত্মানঃ ষড়বিশেষরপাঃ, সর্ক্ষমিদং গুণানাং সন্ধিবেশ-বিশেষমাত্রমিতি পরমার্থতো গুণাত্মানঃ, তথাচ শান্ত্রাসুশাসনম্ "গুণানাং পরমং রূপং ন দৃষ্টিপথমূচ্ছতি। যতু দৃষ্টিপথং প্রাপ্তং তশ্মারের স্তৃচ্ছকম্" ইতি ॥ ১৩ ॥

অমুবাদ। বর্ত্তমান, অতীত ও ভবিশ্বং এই ত্রিবিধ ধর্ম্মের মধ্যে বর্ত্তমানটা ব্যক্ত অর্থাৎ স্বরূপে প্রকাশিত, অতীত ও অনাগত এই চুইটা স্ক্ষাত্মক অর্থাৎ অব্যক্তভাবে স্বকারণে লুকারিত। ছয়টা অবিশেষ স্বরূপ, সেই ছয়টা পঞ্চ তন্মাত্র ও অহঙ্কার (কেবল এই ছয়টা নহে, কারণকে অপেক্ষা করিয়া সর্ব্বত্রই কার্য্যকে বিশেষ, এবং ক্রিয়াকে অপেক্ষা করিয়া কারণকে অবিশেষ বলে), কার্য্য-

বর্গমাত্রই গুণত্রমের সন্নিবেশ ( সংযোগ ) বিশেষ মাত্র, অতএব বাস্তবিক পক্ষে গুণাত্মক, কারণ হইতে কার্য্য অতিরিক্ত নহে, স্কুতরাং কার্য্যমাত্র কারণের অভিন্ন, এই কথাই শান্তে উক্ত আছে, "গুণ সকলের শ্রেষ্ঠ স্বরূপ অর্থাৎ মূল কারণ দৃষ্টির বিষয় হয় না, যেটা দৃষ্টিপথে পতিত হয় তাহা মায়ার স্তার অতিশয় তুচ্ছ অর্থাৎ মিথা।"॥ ১৩॥

মস্তব্য। বার্ত্তিককার বলেন ভাষ্মের "ষ্ড্বিশেষরূপা:" এই পাঠ প্রামাদিক, উহা সঙ্গত হয় না, কারণ, কেবল পঞ্চন্মাত্র ও অইকার এই ছয়টীই গুণাত্মক এরূপ নহে, সমস্ত কার্য্যই ত্রিগুণাত্মক। একবিধ প্রধান কারণ হইতে কিরূপে নানারপ কার্য্য জন্মে এই আশস্কায় স্তত্তের অবতারণা হইয়াছে, যদিচ মূল কারণ প্রধান এক, তথাপি অনাদি ক্লেশ ও বাসনার ভেদ বশতঃ প্রকৃতির সংযোগবিশেষে সংসারে বৈচিত্র্য সম্পন্ন হয়। ভাষ্মের লিখিত শাস্ত্রামুশাসনটা ষষ্ঠিতন্তপ্রণেতা বার্ষগণ্য ঋষি বিরচিত ॥ ১৩ ॥

ভাষ্য। यদা তু সর্বের গুণাঃ কথমেকঃ শব্দঃ একমিল্রিয়মিতি ?

# সূত্র। পরিণামৈকত্বাৎ বস্তুতত্বম্॥ ১৪॥

ব্যাখ্যা। পরিণামশু ( কার্য্যস্ত অবয়বিন: ইত্যর্থ: ) একত্বাৎ ( অভেদাৎ ) বস্তুতত্বং ( বস্তূনাং গুণানামপি তত্বং তস্ত একস্ত ভাবং একত্বমিতার্থঃ )॥ ১৪॥

তাৎপর্যা। यদি সমস্ত পদার্থই ত্রিগুণাত্মক হয়, তবে একটা শব্দ একটা ইন্দ্রিয় ইত্যাদিরূপে একত্ব ব্যবহার হয় কেন? এই আশকায় বলা হইতেছে. ষ্দিচ সমস্তই ত্রিগুণাত্মক, তথাপি পরস্পর অঙ্গাঙ্গিভাব সহকারে পরিণাম ( কার্য্য, বিকার ) এক হয় বলিয়া গুণত্রয়রূপ বস্তুরও একত্ব ব্যবহার হয় ॥ ১৪॥

ভাষা। প্রখা-ক্রিয়া-স্থিতিশীলানাং গুণানাং গ্রহণাত্মকানাং করণভাবেনৈকঃ পরিণামঃ ভোত্রমিন্দ্রিয়ম্, গ্রাহ্যাত্মকানাং শব্দভাবে-নৈকঃ পরিণামঃ শব্দে৷ বিষয় ইতি, শব্দাদীনাং মূর্ত্তিসমানজাতীয়ানা-মেকঃ পরিণামঃ পৃথিবীপরমাণুস্তন্মাত্রাবয়বঃ, তেষাং চৈকঃ পরিণামঃ পৃথিবী; গোঃ বৃক্ষঃ পর্ববঙঃ ইত্যেবমাদিঃ, ভূতান্তরেষপি স্লেছেফ্যে-প্রণামিত্বাহ্বকাশদানামুগুপাদায় সামাত্তমেকবিকারারন্তঃ সমাধেয়ঃ। নাস্ত্যর্থো বিজ্ঞানবিসহচরঃ অস্তি তু জ্ঞানমর্থবিসহচরং স্বপ্নাদে কল্লিভমিভ্যনয়া দিশা যে বস্তুস্বরূপমপস্কুবতে জ্ঞানপরিকল্পনামাত্রং বস্তু স্বপ্নবিষয়েশিমং ন পরমার্থতঃ অস্তীতি যে আহুঃ তে তথেতি প্রত্যুপস্থিতমিদং স্বমাহাজ্যেন বস্তু কথমপ্রমাণাত্মকেন বিকল্পজ্ঞানবলেন বস্তুস্বরূপমূৎস্ক্যু তদেবাপলপন্তঃ প্রদ্ধেরবচনাঃ স্থ্যঃ ॥ ১৪ ॥

শহুবাদ। প্রথা। প্রকাশ), ক্রিয়া। প্রার্ত্তি ) ও স্থিতি (নিয়মন, স্থাণ)
সভাব গুণত্রয় (সয়, রয়ঃ তমঃ) যথন গ্রহণায়ক (প্রকাশ স্বরূপ) অর্থাৎ
সম্বন্ধণ প্রধান হইলে রয়ঃ ও তমোগুণ তাহার অল হয় তথন অহলাররূপে
পরিণত এই গুণত্রয়ের করণ (ইক্রিয়) রূপে শ্রোত্রনামে একটা ইক্রিয় পরিণাম
হয়। গ্রাহায়্মক অর্থাৎ তমোগুণ প্রধান হওয়ায় জড়স্বভাব পূর্ব্বোক্ত গুণত্রয়ের
শব্দরূপে একটা পরিণাম হয়, (এস্থলে শব্দ বলায় শব্দত্রমাত্র ব্রিতে হইবে,
উহা ইক্রিয়ের বিষয় না হইলেও বিষয়শব্দে জড় বৃঝিতে হইবে)। মূর্ত্তি(ক্রাঠিয়), পৃথিবীয়) তুলাজাতীয় শব্দাদি তন্মাত্রের একটা পরিণাম পৃথিবী
পরমাণ্, তন্মাত্র সকল উহার অবয়ব, উক্ত পরমাণ্ সকলের একটা পরিণাম গো
বৃক্ষ পর্বতি প্রভৃতি স্বরূপ পৃথিবী। জল প্রভৃতি অন্যান্ত মহাভৃত্তেও স্লেহ, ঔষ্ণা,
প্রণামিম্ব ও অবকাশদান গ্রহণ করিয়া সামান্ত অর্থাৎ সজাতীয় এবং অনেকের
ধর্ম্ম স্বরূপ এক একটা বিকারারস্তের সমাধান করিতে হইবে, স্নেহশন্দে জলম্ব
জাতি, ঔষ্ণাশন্দে তেজন্ব, প্রণামিম্ব (বহনস্বভাব) শব্দে বায়ুম্ব এবং অবকাশ
দানশব্দে আকাশম্বরূপ ধর্মকে বৃঝিতে হইবে।

সম্প্রতি বিজ্ঞানবাদী বৌদ্ধের মত বলা হইতেছে, বিজ্ঞানকে পরিত্যাগ করিয়া অর্থ থাকে না, অর্থ থাকিলেই বিজ্ঞান থাকে, অর্থকে পরিত্যাগ করিয়া বিজ্ঞান থাকে ইহা স্বপ্নাদি স্থলে দেখা যায়। এইরূপ যুক্তি দ্বারা যাহারা বস্তুর স্বরূপ অপহুব (নিরাকরণ) করেন, অর্থাৎ যাহা কিছু দৃশুমান আছে বলিয়া বোধ হয়, উহা সমস্তই মিথ্যা, স্বপ্ন পদার্থের স্থায় কেবল জ্ঞানেরই পরিণাম, বাস্তবিক পক্ষে বিজ্ঞানের অতিরিক্ত কোনও পদার্থ নাই, এইরূপ দ্বারা বলেন, তাহারা, ইদংভাবে (এটা এইরূপ এ ভাবে) প্রতিজ্ঞানে স্বকীয় মাহাজ্মে (জ্ঞানের ক্রেরণ বলিয়া, বিষয় না থাকিলে জ্ঞান

হয় না বলিয়া ) উপস্থিত সমস্ত বস্তুকে অপ্রমাণ বিকল্প জ্ঞানের ( অভেদে ভেদের আরোপ, এক জ্ঞানকেই জ্ঞান ও বিষয়াকারে কল্পনার) প্রভাবে ব্স্তুম্বরূপকে অপলাপ করিয়া কিরুপে শ্রদ্ধের বচন অর্থাৎ বিশ্বাদের যোগ্য হইতে পারে ॥১৪॥

মস্তব্য। অহঙ্কার তত্ত্বের অবাস্তর কার্য্য তিন প্রকার, সত্বপ্রধান গুণত্রের, রজঃপ্রধান গুণত্রয় ও তমঃপ্রধান গুণত্রয়,, সত্বপ্রধান গুণত্রের পরিণাম জ্ঞানেন্দ্রিয়, রজ্ঞাধানের কার্য্য কর্মেন্দ্রিয় ও তমঃপ্রধানের কার্য্য পঞ্চতনাত্র (জড়বর্গ) এই তিনটী অহঙ্কারের অবাস্তর বলিয়া পুথক তত্ত্ব বলিয়া অভিহিত হয় না।

সাংখ্যপাতঞ্জলমতে প্রমাণুশব্দে নির্বয়ব দ্রব্য বুঝায় না, তন্মাত্রই উহার অবয়ব, এই পরমাণু বৈশেষিকের ত্রসরেণুস্থানীয়, শব্দতন্মাত্র হইতে আকা-শাণু, শব্দম্পর্শতনাত্র হইতে বায়বীয়পরমাণু, শব্দম্পর্শরপতনাত্র হইতে তেজঃপরমাণু, শক্ষম্পর্সতন্মাত্র হইতে জলীয় পরমাণু ও শকাদিপঞ্চ-তন্মাত্র হইতে পাধিব পরমাণু জন্ম।

रवीक्ष्मण वरनन छात्नत अञितिक मनाि विषय नारे, विकानरे छोन, জ্ঞের ও জ্ঞাতারূপে পরিণত হয়, অভেদে ভেদের আরোপ হয় বলিয়া উহাকে বিকল্পবৃত্তি বলে। জ্ঞানই বিষয়ের প্রমাণ, যথন জ্ঞান থাকেনা তথন বিষয় আছে কে বলিতে পারে ? অন্তদিকে স্বপ্নজ্ঞান ভ্রমজ্ঞান প্রভৃতি-স্থলে দেখা যায় জ্ঞানই জ্ঞেমুরূপে ভাসমান হয়, স্থতরাং জ্ঞানের অতিরিক্ত विषयात्र व्यावश्रक नार्टे। এ विषया व्याखिक नार्गनिक वर्णन, निर्विषयुक জ্ঞান হয় না জ্ঞানের পরিণাম বিষয় হইলে "আমি শব্দ" "আমি ম্পশ" ুইত্যাদি রূপে ভান হইত, "এই শব্দ" এই ম্পর্ন" এরূপে হইত না। "সেই এই ঘট" ইত্যাদি প্রত্যভিজ্ঞা বিষয়সন্তার প্রমাণ। এ বিষয়ের বিশেষ বিবরণ শারীরক তর্কপাদ, আত্মতত্ববিবেক, সর্বাদর্শন সংগ্রহ প্রভৃতি গ্রন্থে আছে ॥ ১৪॥

ভাষ্য। কুত্তশ্চৈতৎ স্থাযাম ?

সূত্র। বস্তুসাম্যে চিত্তভেদাৎ তয়োর্ব্বিভক্তঃ পন্থা: ॥১৫॥ ব্যাথ্যা। বুস্তুসাম্যে (জ্ঞেয়স্ত অভেদে) চিত্তভেদাৎ (জ্ঞানভেদাৎ) তয়ো: (জ্ঞান জ্ঞেয়য়ো:) বিভক্ত: পন্থা (পৃথক্ স্বভাব:)॥ ১৫॥

তাৎপর্য্য। জ্ঞান ও জ্ঞেয়ের ভেদ কেনই বা যুক্তিযুক্ত হয়? এই অভিপ্রায়ে স্থ্র। বস্তু (বনিতা প্রভৃতি বিষয়) এক হইলেও জ্ঞান ভিন্ন ভিন্ন হয়, অতএব বস্তু (জ্ঞেয়) ও জ্ঞানের স্বভাব একবিধ নহে॥১৫॥

ভাষ্য। বহুচিন্তালম্বনীভূতমেকং বস্তু সাধারণং, তৎখলু নৈকচিন্তপরিকল্পিভং, নাপ্যনেকটিন্তপরিকল্পিভং, কিন্তু স্বপ্রতিষ্ঠং, কথং,
বস্তুসাম্যে চিন্তভেদাৎ ধর্মাপেক্ষং, চিন্তস্থ বস্তুসাম্যেহপি স্থখজ্ঞানং
ভবতি, অধর্মাপেক্ষং তত এব দুঃখজ্ঞানং, অবিচ্যাপেক্ষং তত এব
মৃঢ্জ্ঞানং, সম্যাদর্শনাপেক্ষং তত এব মাধ্যস্থ্যজ্ঞানমিতি, কস্থ তচ্চিন্তেন পরিকল্পিভং, ন চান্যচিন্তপরিকল্পিতেনার্থেনান্যস্থ চিন্তোপরাগোযুক্তঃ, তস্মাৎ বস্তুজ্ঞানয়োর্গ্রাহ্থাহণভেদভিন্নয়োর্বিভক্তঃ
পদ্মাঃ নানয়োঃ সন্ধরগদ্ধোহপানীতি। সাংখ্যপক্ষে পুনঃ বস্তু ত্রিগুণং
চলঞ্চ গুণবৃত্তমিতি ধর্মাদিনিমিন্তাপেক্ষং চিন্তেরভিসম্বধ্যতে, নিমিন্তামুরপ্তস্থ চ প্রত্যয়স্থোৎপত্যমানস্থ তেন তেনাত্মনা হেতুর্ভবতি॥ ১৫॥

অমুবাদ। একটা বস্তু অনেকের চিত্তের (জ্ঞানের) বিষয় হয়, অতএব উহা সাধারণ অর্থাৎ সকলের বেছা, ঐ বস্তু কথনই একের বা অনেকের চিত্ত হারা করিত হইতে পারে না, উহা স্বতম্বভাবে অবস্থিত, কেননা, বস্তুর সাম্য (অভেদ) হইলেও জ্ঞানের ভেদ হয়। একই বিষয়ে জ্ঞাতার ধর্ম থাকিলে চিত্তে স্থুখ জন্মে, অধর্ম থাকিলে সেই বস্তু হইতেই হংখ জন্মে, অজ্ঞান থাকিলে সেই একবস্তু হইতেই মোহ জন্ম এবং তত্বজ্ঞান থাকিলে সেই বস্তু হইতেই মাধ্যস্থ্য অর্থাৎ ওদাসীয় জ্ঞান হয়। এরপস্থলে ঐ বস্তুটী কাহার চিত্ত হারা করিত হইবে ? একের চিত্ত হারা করিত পদার্থে অপরের চিত্তবৃত্তি হইতে পারে না, অতএব গ্রাহ্থ (জ্ঞেম্ব) ও গ্রহণ (জ্ঞান) রূপ স্বভাবে ভিন্ন বস্তু ও জ্ঞানের স্বন্ধপ এক নহে, এই উভরের সম্বন্ধসন্ধ অর্থাৎ অভেদের আশক্ষাও হইতে পারে না। সাংখ্যমতে বস্তুর অভেদেও জ্ঞানের ভেদ হইতে পারে, কারণ, বস্তুমাত্রই ত্রিগুণাত্মক, গুণত্রমের স্বভাব চল অর্থাৎ সর্বাদা পরিবর্ত্তন। ধর্মাদি কারণ অপেক্ষা করিয়া চিত্তের

সহিত বিষয়ের সম্বন্ধ হয়, এই গুণত্রয় নিমিত্ত (ধর্মাধর্ম) অনুসারে উৎপত্মান স্থাদিজ্ঞানের সেই সেই রূপে কারণ হয়, অর্থাৎ ত্রিগুণাত্মক একই বস্তু জ্ঞাতার ধর্মানুসারে রজোগুণের সহিত সম্বগুণে স্থাজ্ঞান জ্মান্ন, সম্বগুণ হইতে রজোভাগ নিরস্ত হইলে ওলাসীত হয়। রজোগুণের প্রাধাতে ত্বংথ হয়, তমোভাগের আধিক্যে মোহ জন্মে । ১৫ ॥

মন্তব্য। যাহার স্বপ্ন সেই তাহা দেখে, যাহার ভ্রম সেই ভ্রান্ত হয়, একের স্বপ্ন অপরে দেখে না, একের ভ্রমৈ অপরে ভ্রান্ত হয় না, স্বপ্ন ও ভ্রমজ্ঞান ছইটীই চিন্তকল্লিত পদার্থের প্রধান দৃষ্টান্ত, ঘটপটাদি যে কোনও পদার্থে সাধারণের জ্ঞান হয়, সেই এই ঘট ইত্যাদি প্রত্যভিজ্ঞা হয়, একই ঘট সকলে দেখিয়াছি এরপ সম্বাদ (একমত) হয়, স্কতরাং প্রমাজ্ঞানের বিষয় বস্তু ঐ জ্ঞান হইতে পৃথক্, এইরপ যুক্তিসহকারে বস্তুর সত্তাসিদ্ধি হয়। এস্থলে বৌদ্ধেরা বলিতে পারেন, একবস্তু সকলে অমুভ্র করেন একথা মিথাা, অমুভ্রই বস্তু, দেই এই বলিয়া যে প্রত্যভিজ্ঞা হয় উহা সংস্কার মাত্র, দীপশিখা নদীপ্রবাহ প্রভৃতি স্থলে প্রতিক্ষণে পরিবর্ত্তন হইলেও একই শিখা একই প্রবাহ ইত্যাদি প্রত্যভিজ্ঞা হয়য়া থাকে অতএব প্রত্যভিজ্ঞা প্রমাণ নহে। একবস্তু সকলে দেখিলাম ইহার অর্থ সকলেরই একভাবে জ্ঞান হইল।

স্থন্দরী স্ত্রীকে দেখিরা স্বামীর স্থ্য, সগন্ধীর হৃঃথ এবং কামুকের মোহ হয়, উদাসীনের কিছুই হয় না, জ্ঞাতার ধর্মা, অধর্মা, অজ্ঞান ও বিবেকজ্ঞান অমুসারেই যথাক্রমে উক্ত স্থথাদি জন্মে। এই নিমিত্তই জীবের স্পষ্টজ্ঞগৎ বদ্ধের
কারণ বলিয়া শাস্ত্রে উক্ত আছে, গীতাশাস্ত্রে উক্ত আছে "ধ্যায়তো বিষয়ান্
পুংসঃ সঙ্গস্তেষ্পজায়তে" ইত্যাদি ॥ ১৫ ॥

ভাষ্য। কেচিদাহঃ, জ্ঞানসহভূরেবার্থো ভোগ্যন্থাৎ স্থ্যাদিবৎ ইতি, ত এতয়াদ্বারা সাধারণত্বং বাধমানাঃ পূর্বেবাত্তরেয়ু ক্ষণেয়ু বস্তু স্বরূপমেবাপহ্নুবতে।

সূত্র। ন চৈকচিত্ততন্ত্রং বস্তু তদপ্রমাণকং তদা কিং স্থাৎ॥১৬॥ ব্যাখা। বস্তু (বিষয়ঃ) একচিত্ততন্ত্রং ন চ (একজ্ঞানাধীনং নতু) তদ-প্রমাণকং (তদ্বস্তু অপ্রমাণকং চিত্তস্ত ব্যপ্রতায়াং বৃত্তিরহিতত্বে বা প্রমাণবির-হিতং) তদা কিং স্থাৎ (তন্মিন কালে ন কিমপি স্থাৎ নষ্টং ভবেদিত্যর্থঃ) ॥১৬॥

তাৎপর্যা। বস্তু একটা চিত্তের বিষয় এরূপ বলা যার না, কারণ সেই চিন্ত ব্যগ্র অথবা নিরুদ্ধ হইলে সেই সমুষ বস্তুটীর প্রুমাণ থাকে না, স্কুতরাং বস্তু তথন থাকে না বলিতে পারা যায়॥ ১৬॥

ভাষ্য। একচিত্ততন্ত্বং চেদ্বস্তু স্থাৎ তদা চিত্তে ব্যক্তে নিরুদ্ধে বা স্বরূপমেব তেনাপরাম্ট্রমন্ত্রস্থাবিষয়ীভূতমপ্রমাণকমগৃহীতস্বভাবকং কেনচিৎ তদানীং কিং তৎ স্থাৎ, সম্বধ্যমানং চ পুনশ্চিত্তেন কুত উৎপল্পেত, যে চাস্থাহমুপস্থিতা ভাগাস্তে চাস্থান স্থাঃ, এবং নাস্তি পৃষ্ঠমিত্যুদরমপি ন গৃহেত, তন্মাৎ স্বতন্ত্রোহর্থঃ সর্ববপুরুষসাধারণঃ, স্বতন্ত্রাণি চ চিত্তানি প্রতিপুরুষং প্রবর্তন্তে, তয়োঃ সম্বন্ধাত্রপলবিঃ পুরুষস্থ ভোগ ইতি॥ ১৬॥

অমুবাদ। কেহ কেহ (বৌদ্ধবিশেষ) বলেন পদার্থ জ্ঞান হইতে অতিরিক্ত হইলেও উহা জ্ঞানসহভূ (জ্ঞানসমস্তাক) অর্থাৎ জ্ঞান না থাকিলে থাকে না, কারণ পদার্থ ভোগ্য (বেজ্ঞ), যাহা ভোগ্য হয় তাহা জ্ঞানের অভাবকালে থাকে না, যেমন স্থবহংখাদি (অজ্ঞাত স্থবহংখাদিতে প্রমাণ নাই), উহারা পূর্ব্বোক্ত যুক্তি অমুসারে জ্ঞানের পূর্ব্ব ও উত্তর ক্ষণে বস্তুর সাধারণতার (সর্বজনবেজ্ঞতার) নিরাকরণ করিয়া স্বরূপই অপহৃব করেন, জ্ঞানের পূর্ব্বোত্তর ক্ষণে যদি বস্তু না থাকে তবে জ্ঞানকালেই বা কিরূপে থাকিবে, জ্ঞানের উপাদান হইতে বস্তুর উপাদান পৃথক্, স্কৃতরাং জ্ঞানকালে বস্তু থাকে যাহা বৌদ্ধেরা স্বীকার করেন তাহা কিরূপে ঘটতে পারে, উপাদান না থাকায় জ্ঞানকালেও বস্তু থাকিতে পারে না, এই বিষয় বুঝাইবার নিমিত্ত স্ত্তের অবতারণা।

বস্তু যদি এক চিত্তের অধীন হয়, চিত্ত থাকিলে থাকে, না থাকিলে থাকে না এক্লপ হয়, তবে চিত্ত, রাগ্র হুইলে (অন্ত বিষয়ে ব্যাপৃত থাকিলে) অথবা নিক্ক (বৃত্তিশৃক্ত) হইলে বস্তু স্বরূপ অন্ত চিত্তের সহিত সম্বন্ধ হয় না, স্থতরাং অপর চিত্তের বিষয়ত্ত নহে এক্লপ স্থলে কোনত জ্ঞান দারা যে বস্তুর স্বরূপ পৃথীত হয় নাই সেই বস্ত কি আছে ? নাই বলিতে হইবে। পুনর্বার চিত্তে অমুপস্থিত অর্থাৎ অজ্ঞাত এরূপ বস্তুও থাকে না বলিতে পারা যায়। এইরূপে পৃষ্ঠদেশের জ্ঞান হয় না স্কুতরাং নাই ) বলিয়া উদরও থাকিতে পারে না, কেননা উদরদেশ পৃষ্ঠদেশের ব্যাপ্ত, পৃষ্ঠদেশের জ্ঞান নাই, উদরের জ্ঞান আছে, এরূপ স্থলে উদরও নাই বলিতে পারি, ব্যাপকের অভাবে ব্যাপ্যের অভাব হয়। এইরূপ দোষ হয় বলিয়া বলিতে হইবে পদার্থ স্বতন্ত্র, উহা জ্ঞানের অধীন নহে, এই পদার্থ সমস্ত পুরুষের লাধারণ অর্থাৎ এক বস্তু সকলেরই বেল্প হইতে পারে। চিত্ত সকলও স্বতন্ত্র অর্থাৎ পদার্থের অধীন নহে, এই চিত্ত প্রত্যেক পুরুষের ভোগের নিমিত্ত প্রতিযুক্ত হয়, পদার্থ ও চিত্তের সম্বন্ধ বশতঃ উপল্রি (জন্মজ্ঞান, বৃত্তি ) হয়, উহাই পুরুষের ভোগ॥ ১৬॥

মন্তব্য। ভাষ্মে "ভোগ্যত্বাৎ স্থাদিবং" দৃষ্টান্ত প্রদর্শিক হইরাছে, উহা সাংখ্যমতে হইতে পারে না, সাংখ্যমতে কেবল চিত্তই স্থাদির আশ্রন্ন নহে, বিষয়েও স্থাদি আছে, জ্ঞানের অভাব কালেও বিষয়ে স্থাদি থাকে, অতএব "রাগদ্বেধাদিবং" এইটাই সাংখ্য বৌদ্ধ উভয়সম্মত দৃষ্টান্ত হইতে পারে।

পূর্ব্বাদী বৌদ্ধের মতে বিজ্ঞানের অতিরিক্ত শ্বতম্ব চিত্ত নাই, শ্বতরাং তন্মতে প্রের চিত্তশব্দে বিজ্ঞান (ক্ষণিক জ্ঞান, রৃত্তি) বুঝিতে হইবে। চিত্ত যথন যে বিষয়ে বৃত্তি গ্রহণ করে তথনই যদি সেই বিষয় থাকে, সেই বিষয় কারে চিত্তের বৃত্তি না হইলে যদি সেই বিষয় না থাকে, তবে চিত্ত সেই বিষয় ত্যাগ করিয়া অন্তবিষয়াকারে পরিণত হইলে সেই বিষয় থাকে কে বলিতে পারে পূ সেই বন্ধ অন্ত চিত্তেরও বিষয় হইতে পারে না, অথবা চিত্তে যদি কোনওরূপে বৃত্তি না থাকে, সর্ব্বাথা নিরুদ্ধ হয়, তবে কোনও বিষয়ের সত্তা প্রমাণ হয় না। নিরুদ্ধ কথাটী বিবেক অভিপ্রায়ে বলা হইয়াছে, অর্থাৎ চিত্তে কোনওরূপ বৃত্তি না থাকিলে, কি বিবেক, কি পুরুষ, কি মোক্ষ, কিছুই থাকিতে পারে না। অতএব ওরূপ অসংপক্ষ ত্যাগ করিয়া চিত্তের অতিরিক্ত পৃথক্ পদার্থ শ্বীকার করাই শ্রেম্বর। পূর্ববাদী মতে শ্বতম্ব ছিরচিত্ত নাই, ক্ষণিক বিজ্ঞান ধারাই চিত্ত, এই নিমিত্ত সিদ্ধান্তে বলা হইরাছে "শ্বতন্ত্রাণি চ চিত্তানি" অর্থাৎ চিত্তের সত্তা পদার্থ সন্তার অপেক্ষা করে না, উহা শ্বতঃসিদ্ধ ॥ ১৬ ॥

## সূত্র। তদুপরাগাপেকিছাৎ চিত্তস্থ বস্তু জ্ঞাতাজ্ঞাতম্॥১৭॥

ব্যাখ্যা। চিত্তস্থ তত্ত্পরাগাপেক্ষিত্বাং (তস্ত বিষয়স্ত উপরাগঃ সংযোগেন চিত্তস্থ তদাকারপরিগ্রহঃ, তদপেক্ষয়া) বস্ত জ্ঞাতাজ্ঞাতম্ (কদাচিৎ জ্ঞাতং কদাচিচ্চ অজ্ঞাতং ভবতি, যদৈব হি চিত্তং বিষয়োপরক্তং ভবতি তদৈব বস্ত জ্ঞাতং, অন্তথা অজ্ঞাতং তিষ্ঠতীগ্র্যথঃ)॥ ২৭ ॥

তাৎপর্যা। যদিচ চিন্ত বিভূ, যদ্ভিচ চিত্তের স্বভাব বিষয় প্রকাশ করা, তথাপি সর্বাদা সকল বিষয়ের জ্ঞান হয় না, ইন্দ্রিয়কে দ্বার করিয়া চিত্ত যথন যে বিষয়াকারে পরিণত হয় তথনই সেই বিষয়ের জ্ঞান হয়, নভূবা অজ্ঞাত থাকে॥ ১৭॥

ভায়। অয়স্বাস্তমণিকল্পা বিষয়া অয়ঃ-সধর্ম্মকং চিত্তমভি-সংবধ্যোপরঞ্জয়ন্তি, যেন চ বিষয়েণোপরক্তং চিত্তং স বিষয়ো জ্ঞাত স্ততোহন্তঃ পুনরজ্ঞাতঃ, বস্তুনো জ্ঞাতাজ্ঞাতস্বরূপত্বাৎ পরিণামি চিত্তম্॥১৭॥

অন্থবাদ। শব্দাদি বিষয় সকল অয়স্কান্তমণির (চুম্বক পাথেরের) তুলা, চিত্তের স্বভাব লোহের স্থায়, অর্থাৎ অয়স্কান্তমণি যেরূপ নিজে কোনও ব্যাপার না করিয়া লোহকে স্বসন্ধিধানে আকর্ষণ করে, তত্ত্বপ শব্দাদি বিষয়-সকলও স্বয়ং কোনও ব্যাপার না করিয়া স্বসন্ধিধানে চিত্তকে আকর্ষণ করিয়া উপরক্ত করে অর্থাৎ নিজের আকারে চিত্তকে আকারিত করে। এইরূপে যে বিষয়ের সহিত চিত্ত উপরক্ত হয় সেই বিষয়ই জ্ঞাত হয়, তাহার অস্তটী যাহাতে চিত্তের সম্বন্ধ হয় নাই তাহা অজ্ঞাত অবস্থায় থাকে। এইরূপে বস্তুর স্বরূপ কথনও জ্ঞাত কথনও বা অজ্ঞাত থাকে বলিয়া চিত্ত পরিণামী হয়॥ ১৭॥

মন্তব্য। চিত্ত হইতে পুক্ষের ভেদপ্রদর্শন করাই গ্রন্থের মূল উদ্দেশ্য, ইহাই মুক্তির কারণ, তাহাই দেখান যাইতেছে, চিত্ত পরিণামী, পুরুষ অপরিণামী কৃটস্থ, চিত্তের বিষয় ঘটপটাদি কথনও জ্ঞাত থাকে, কখনও বা অজ্ঞাত থাকে, পুরুষের বিষয় চিত্তবৃত্তি দর্মনাই জ্ঞাত থাকে, এই নিমিত্তই চিত্ত- পরিণামী, পুরুষ অপরিণামী হয়। যেরপ নদীর জল ক্যালাল বাহিরা ক্ষেত্রে পতিত হয়, এবং ত্রিকোণ চতুকোণ প্রভৃতি ক্ষেত্রের বেরূপ আকার থাকে সেইরূপ ধারণ করে তজ্ঞপ চিত্ত ইন্দ্রিয়রূপ নালা বাহিয়া বিষয়কোশে গমন করিয়া বিষয়াকার ধারণ করে, উহাকেই বৃত্তি বলে। চিত্ত বৃত্তিরূপেই বিষয়দদেশে গমন করে স্কৃতরাং দেহের মধ্যে একেবারে থাকে না এরূপ আশঙ্কা হইবার কারণ নাই, এই কারণেই প্রত্যক্ষের প্রতি বিষয়েক্রিয় সংযোগকে কারণ বলা হইয়া থাকে। এইরূপে, চিত্ত যথন বিষয়াকারে পরিণত হয়, তথনই সেই বিষয় জ্ঞাত হয়, না হইলে অজ্ঞাত থাকে। পুরুষের বিষয় চিত্তবৃত্তি, উহা সর্বাদাই জ্ঞাত থাকে॥ ১৭॥

ভাষা। যশ্ৰ তু তদেব চিত্তং বিষয়স্তশ্ৰ।

সূত্র। সদা জ্ঞাতাশ্চিত্তর্তয়ঃ তৎপ্রভাঃ পুরুষস্থা পরিণামিত্বাৎ॥ ১৮॥

ব্যাখ্যা। চিত্তবৃত্তরঃ (চিত্তস্থ বিষয়াকারেণ পরিণামাঃ) সদা জ্ঞাতাঃ (সর্বাদা প্রকাশিতাঃ ন জাতু অজ্ঞাতান্তিষ্ঠন্তি)। তৎপ্রভোঃ (তদধিষ্ঠাতুঃ পুরুষস্থ ), অপরিণামিত্বাৎ (সদৈকরূপত্বাদিত্যর্থঃ)॥ ১৮॥

তাৎপর্যা। পূর্ব্বোক্ত চিত্তই যাঁহার বিষয় অর্থাৎ ভোগ্য, চিত্তবৃত্তি সম্দায় সেই ভোক্তৃপুরুষের সর্বাদা পরিজ্ঞাত থাকে, কারণ পুরুষের পরিণাম নাই ॥১৮॥

ভান্য। যদি চিত্তবৎ প্রভুরপি পুরুষ: পরিণমেত ততন্ত দ্বিয়া-শ্চিত্তবৃত্তয়ঃ শব্দাদিবিষয়বৎ জ্ঞাতাহজ্ঞাতাঃ স্থ্যঃ, সদা জ্ঞাতত্বস্তু 'মনসন্তৎপ্রভোঃ পুরুষস্থাপরিণামিত্বমনুমাপরতি॥ ১৮॥

অমুবাদ। ধদি চিত্তের স্থার প্রভু (অধিপতি, ভোক্তা) পুরুষও পরিণামী হইত তবে তাহার বিষয় চিত্তবৃত্তি সকল শব্দাদি বিষয়ের স্থায় কথনও জ্ঞাত কথনও বা অজ্ঞাত থাকিত, চিত্ত সর্বাদাই পরিজ্ঞাত, ইহাই পুরুষের অপরিণামিতার স্টক হয়॥ ১৮॥

মন্তব্য । কেবল চিক্ত পুরুষের বিষয় নহে, বিষয়াকারে বৃত্তিবিশিই চিক্তই পুরুষের বিষয় (ভোগা), এই নিমিত বৃত্তির অক্সভব হইবার জন্ত বৃত্তি বিষয়ে স্বাদ্মক বৃত্তি (বেটী গ্রহণ করে ও যাহাকে গ্রহণ করে, এই উভয়্গী অতিরিক্ত নহে) স্বীকার করা হয়। নৈয়ায়িকের আত্মা ও সাংখ্যের চিত্ত এক স্থানীয়, নৈয়ায়িকও এনিমিত্ত বিলেষ গুণের সহিতই প্রত্যক্ষ হয়, আমি স্থা আমি জানি ইত্যাদি রূপেই আত্মার প্রত্যক্ষ হয়, কিপ্ত, মৃঢ়, বিক্ষিপ্ত ও একাগ্র সকল অবস্থায়ই বৃত্তিবিশিষ্ট চিত্ত পুরুষের ভোগ্য হয়। নিরুদ্ধ অবস্থায় চিত্তের বৃত্তি না থাকাম পুরুষের ভোগ্য হয় ।

ভাষ্য। স্থাদাশকা, চিত্তমেব স্বাভাসং বিষয়াভাসঞ্চ ভবিষ্যতি অগ্নিবং।

#### সূত্র। ন তৎ স্বাভাসং দৃশ্যত্বাৎ॥ ১৯॥

ব্যাখ্যা। তৎ (চিন্তং) স্বাভাসং ন (স্বপ্রকাশং ন ভবতি) দৃশ্যদ্ধাৎ (জেয়ন্ত্বাং ঘটাদিবদিত্যর্থঃ)॥১৯॥

তাৎপর্যা। চিত্ত স্বপ্রকাশ হইতে পারে না, কারণ দৃত্য অর্থাৎ জ্ঞের, যে দৃত্য হয় সে স্বপ্রকাশ নহে, যেমন ঘটপটাদি॥ ১৯॥

ভাস্ত। যথেতরাণীন্দ্রিয়াণি শব্দাদয়শ্চ দৃশ্যত্বান্ধ স্বাভাসানি, তথা মনোহপি প্রত্যেতব্যং, ন চাগ্রিরত্র দৃষ্টান্তঃ, নহুগ্নিরাত্মস্বরূপমপ্রকাশং প্রকাশয়তি, প্রকাশশচায়ং প্রকাশ্যপ্রকাশকসংযোগে দৃষ্টঃ, ন চ স্বরূপমাত্রেহন্তি সংযোগঃ। কিঞ্চ স্বাভাসং চিন্তমিত্যগ্রাহ্মমেব কস্যাচিদিতি শব্দার্থঃ, তদ্যথা স্বাত্মপ্রতিষ্ঠমাকাশং ন পরপ্রতিষ্ঠ-১ মিত্যর্থঃ, স্ববুদ্ধিপ্রচারপ্রতিসংবেদনাৎ সন্থানাং প্রবৃত্তির্দৃশ্যতে, ক্রুদ্ধোহহং ভীতোহহং, অমৃত্র মে রাগঃ, অমৃত্র মে ক্রোধঃ ইতি, এতৎ স্ববুদ্ধরগ্রহণে ন যুক্তমিতি॥ ১৯॥

অমুবাদ। অমির ক্সায় চিত্তও কেন আগনাকে ও পরকে প্রকাশ করে না ? এই আশকায় বলা হইতেছে, চিত্ত ইতর ইন্সিয় চকুরাদি ও শকাদির ক্সায় দৃখ্য (ভোগা) স্থতরাং স্থাভাস অর্থাৎ স্বপ্রকাশ হইতে পারে না, এন্থলে অগ্নি দৃষ্টান্ত হইতে পারে না, কারণ অগ্নি অপ্রকাশ (প্রকাশবিহীন) আপনার স্বরূপকে (নিজকে) প্রকাশ করে না। এন্থলে প্রকাশ (পুরুষ প্রকাশ নহে ) শব্দে যাহা বুঝায় উহা প্রকাশ্ম গৃহাদি ও প্রকাশক দীপাদির সংযোগেই হইয়া থাকে দেখা যায়, স্বরূপমাত্রে (আপনাতে) সংযোগ হয় না। আরও কথা এই, স্বাভাস বলিলে স্ব দারা প্রকাশিত এরপ বুঝায় না, কিন্তু কাহারও প্রকাশ্র নহে এরপ র্ঝায়, যেমন আকাশ স্বাত্মপ্রতিষ্ঠ বলিলে আপনাতে স্থিত এরপ না বুঝাইয়া পরপ্রতিষ্ঠ (পরে আগ্রিভ) নহে এরপ বুঝার। চিত্ত জ্ঞের নহে এরূপও বলা যার না, কারণ প্রাণিমাত্রেরই দেখা যায়, স্বচিত্তব্যাপারের (বৃত্তির) জ্ঞানপূর্বকই প্রবৃত্তি (চেষ্টা) হয়, আমি কুদ্ধ হইরাছি, ভীত হইরাছি, এই বিষয়ে আমার অনুরাগ, এই বিষয়ে ক্রোধ ইত্যাদি স্বকীয় বৃদ্ধির গ্রহণ (জ্ঞান) না হইলে উহা ঘটতে পারে না, অর্থাৎ ক্রোধাদির আশ্রয় চিত্তের জ্ঞান ব্যতিরেকে ক্রোধাদির জ্ঞান হইতে পারে না, স্বতরাং চিত্তের জ্ঞান হয় না এরপ বলা যায় না॥ ১৯॥

মস্তব্য। প্রকাশ (জ্ঞান) হই প্রকার একটা ইক্রিয়াদি দারা উৎপন্ন হয়, উহাকে বৃত্তি বা জন্মজ্ঞান বলে, অপরটী নিত্য উহা পুরুষের স্বর্নপ, প্রথমটা ক্রিয়াত্মক, দিতীয়টা নৈস্গিক, প্রদীপ স্বপ্রকাশ বলিলে প্রদীপ আপনি আপনাকে প্রকাশ করে এরপ বুঝায় না, কিন্তু প্রদীপ অপরের দ্বারা প্রকাশ্ত নহে এই রূপই বুঝায়, অর্থাৎ প্রদীপ কথনও অপ্রকাশ থাকে না, প্রকাশই উহার স্বভাব, এন্থনে প্রকাশ শব্দে জ্ঞানরূপ প্রকাশকে বলা হইতেছে না, জ্ঞানপ্রকাশ ঘারা প্রদীপাদিও প্রকাশিত হয়, কিন্তু ভৌতিক ু প্রকাশ বলা হইতেছে বৃঝিতে হইবে। প্রদীপ গৃহকে প্রকাশ করে বলিলে গৃহের অন্ধকার দূর করে এরূপ বুঝার। বৌদ্ধমতে চিত্ত (জ্ঞান) প্রকাশ-স্বভাব, উহাতে তমের সম্পর্ক নাই। চিত্ত স্বপ্রকাশ বলিয়া বৌদ্ধগণ বৃদ্ধির অতিরিক্ত আত্মা স্বীকার করেন না॥ ১৯॥

# একসময়ে চোভয়ানবধারণম্॥ ২০॥

ব্যাখ্যা। একসময়ে চ ( একস্মিন্নেব ক্ষণে ), উভয়ানবধারণম্ ( স্বস্তু পর্ক্ত চ গ্ৰহণং ন সম্ভবতি, চিত্তস্ত কুণিকন্দাদিত্যৰ্থ: ) ॥ ২০॥

তাৎপর্য। টিভ একক্ষণে আপনাকে ও পরবিষয়কে গ্রহণ করিতে পারে না, কারণ চিভ এক ক্ষণের অতিরিক্ত থাকে না ইহাই বৌদ্ধের সিদ্ধান্ত॥ ২০॥

ভাষ্য। ন চৈকস্মিন্ ক্ষণে স্বপররূপাবধারণং যুক্তং, ক্ষণিক-বাদিনো যন্তবনং সৈব ক্রিয়া তদেব চ কারকমিত্যভাগুগগমঃ॥ ২০॥

অমুবাদ। একই ক্ষণে স্ব (চিন্ত) ও পর (বাহুবিষয়) এই উভয়ের অমুভব হইতে পারে না, ক্ষণিকবাদী বোদ্ধ মতে যেটা উৎপত্তি সেইটা ক্রিয়া এবং সেইটীই কারক এইরূপ স্বীকার আছে, অর্থাৎ উক্ত সমস্তই এক ক্ষণে ঘটে॥ ২০॥

ন মস্তব্য। উৎপত্তিক্ষণে স্বরূপের গ্রহণ হয় না, পূর্ব্ধসিদ্ধ পদার্থেরই জ্ঞান হইয়া থাকে। চিত্তের উৎপত্তি ক্ষণের দ্বিতীয় ক্ষণে জ্ঞান হইবে এরপও বলা যায় না, তাহা হইলে চিত্ত দ্বিক্ষণ থাকে স্বীকার করিতে হয়, ইহাতে ক্ষণভঙ্গুর-বাদের অপলাপ হয়। একই ব্যাপার দ্বারা স্ব ও পর উভয়কে প্রকাশ করা ঘটে,না, অথচ ব্যাপারভেদ স্বীকার করিলে ক্ষণিকবাদের হানি হয়, ক্ষণিকবাদে উৎপত্তির অতিরিক্ত কোনও ব্যাপার নাই "ভৃতির্বেধাং ক্রিয়া সৈব কারকং সৈব চোচ্যতে" ইতি। পূর্ব্বোক্ত সমস্ত দোষের পর্য্যালোচনা করিলে ক্ষণিকবাদ নিতাস্তই অসম্বত বলিয়া বোধ হয়॥ ২০॥

ভাষ্য। স্থান্মতিঃ, স্বরসনিরুদ্ধং চিত্তং চিত্তান্তরেণ সমনস্তরেণ গৃহতে ইতি।

সূত্র। চিত্তান্তরদৃশ্যে বুদ্ধিবুদ্ধেরতিপ্রসঙ্গঃ স্মৃতিসঙ্করশ্চ ॥২১॥

ব্যাধ্যা। চিত্তান্তর দৃখ্যে (অন্তেন চিত্তেন দৃখ্যে দৃখ্যজেন স্বীক্বতে চিত্তে ইতি শেঁবঃ) বুদ্ধিবুদ্ধেঃ অতিপ্রসঙ্গঃ (জ্ঞানবিষয়কজ্ঞানন্ত অতিপ্রসঙ্গঃ অনবস্থা) স্থাতিসঙ্করশ্চ (স্থাতীনাং অনিরূপণং চ স্থাৎ, ইয়ং নীলচিত্তস্থতিঃ, ইয়ং পীতচিত্তস্থাতঃ ইতি বিজ্ঞাগো ন সম্পদ্ধতে)॥ ২১॥

ভাৎপর্য। চিত্ত স্বপ্রকাশ নাই হউক, স্বভাবতঃ বিনষ্ট চিত্ত অব্যবহিত পরস্কলে উৎপন্ন চিত্ত দারা গৃহীত হইবে, অতিরিক্ত পুরুষ স্বীকারের আবশ্রক কি ? এই আশ্রাম বলা হইতেছে, চিত্ত যদি অস্ত চিত্তের দৃশ্র হয়, তবে সেই অস্ত চিত্তও অস্ত চিত্তের দৃশ্য হউক, এইরপে অনবস্থা হইরা যায়, এবং যুগপদ্ অসংখ্য জ্ঞান হওরার সংস্কার ও স্থৃতি অসংখ্য হইতে পারে স্কৃরাং স্থৃতির নিশ্চর (এইটা ইহার স্থৃতি, এইটা উহার স্থৃতি ইত্যাদি) না হওরার স্থৃতিসঙ্কর হইরা উঠে॥ ২১॥

ভাষ্য। অথ চিত্তং চেচ্চিত্তান্তরেণ গৃহেত বৃদ্ধিবৃদ্ধিঃ কেন গৃহতে, সাপ্যক্তয়া সাপ্যক্তয়েত্য তিপ্রসঙ্গঃ। শ্বতিসঙ্করন্চ, যাবন্তো বৃদ্ধিবৃদ্ধীনামপুভবান্তাবন্ত্যঃ শ্বতয়ঃ প্রাপুবন্তি, তৎসঙ্করাচ্চেকশ্বত্যন্বধারণং চ স্থাৎ, ইত্যেবং বৃদ্ধিপ্রতিসংবেদিনং পুরুষমপলপন্তিবৈনানিকঃ সর্বমেবাকুলীকৃতং, তে তু ভোক্ত্সরূপং যত্র কচন কল্লয়ন্তোন আয়েন সঙ্গচ্ছন্তে। কেচিৎ সন্থমাত্রমপি পরিকল্ল্যান্তি স সন্থো য এতান্ পঞ্চসন্ধান্ নিঃক্ষিপ্যান্তাংশ্চ প্রতিসন্দধাতীত্যক্ত্বা তত এব পুনস্রস্থান্তি, তথা কন্ধানাং মহানিবেদায় বিরাগায়ামুৎপাদায় প্রশান্তিয়ে গুরোরন্তিকে ব্রহ্মচর্য্যং চরিক্সামীত্যক্বা সন্থন্ত পুনঃ সন্থমেবাপ্রকৃবতে। সাংখ্যযোগাদয়ন্ত প্রবাদাঃ স্বশব্দেন পুরুষমেব স্বামিনং চিত্তম্ভ ভোক্তারমুপয়ন্তি, ইতি॥ ২১॥

অমুবাদ। চিন্ত যদি অন্ত চিন্ত দারা গৃহীত হয় তবে বৃদ্ধি (জ্ঞান) বিষয়ক বৃদ্ধি কাহার দারা গৃহীত হইবে, সেটা অন্তের দারা, সেটাও অন্তের দারা এইরূপে অনবস্থা হইয়া যায়। এবং শ্বতিসঙ্করও হয়, কারণ বৃদ্ধিবিষয়ক (যাহার বিষয় বৃদ্ধি) বৃদ্ধির যতগুলি অমুভব, সংশ্বার দারা শ্বতিও ততগুলি জন্মে, এইরূপে শ্বতির সঙ্কর হওয়ায় একটা শ্বতির নিশ্চয় হয় না। এইরূপে বৃদ্ধির প্রতিসংবেদী অর্থাৎ সাক্ষী দ্রন্তী পুরুষের অপলাপ করিয়া বৌদ্ধগণ সকলকে আকুল করিয়া তুলিয়াছে, ঐ বৌদ্ধগণ যে কোনও পদার্থে ভোক্তৃশ্বরূপ (আত্মা) কল্পনা করিয়া কোনওরূপে যুক্তিপথের পথিক হয় না। কেহ কেহ (ক্ষণিকবাদিগণ) ক্ষণিক বিজ্ঞান চিন্তরূপ সম্ব কল্পনা করিয়া বলেন ঐ সম্ব সাংসারিক বিজ্ঞান, বেদনা, সংজ্ঞা, রূপ ও সংশ্বার নামক পঞ্চশ্বন্ধ পরিত্যাগ্য করিয়া (মৃক্ত অবস্থায়) অন্তবিধ পঞ্চন্ধ অমুভব করেন, এইরূপ বলিয়া পুনর্বার্ম্ব

স্বকীর ক্ষণিক মত হইতে ভর পার, কারণ একই চিত্ত যদি সাংসারিক পঞ্চয় পরিত্যাগ করিয়া অন্তবিধ স্করের অন্তব করে তবে ক্ষণিকবাদ থাকে না, স্থিরচিত্ত স্বীকার হইয়া পড়ে। অপর শৃত্যবাদিগণ উক্ত পঞ্চয়েরে মহানির্বেদ নামক বৈরাগ্যের ও অন্তংপত্তিরূপ প্রশান্তির নিমিত্ত জীবন্মুক্ত গুরুর নিকটে ব্রহ্মচর্য্যের অন্তর্ভান করিব বলিয়া শৃত্যবাদ স্বীকার পূর্বক উক্ত সন্তেরই (চিত্তেরই) সভার অপক্তব করে। সাংখ্যযোগ প্রভৃতি, প্রকৃত্তবাদ সকল স্থশকে স্বামী পুরুষ-কেই চিত্তের ভোক্তারপে স্বীকার করেন॥ ২১॥

মস্তব্য। একটা চিত্তের বিষয় আর একটা চিত্ত হইতে পারে না, কারণ সজাতীয় বস্তু সজাতীয়ের প্রকাশক হয় না, একটা প্রদীপ আর একটা প্রদীপের প্রকাশ করিতে পারে না, স্থত্রাং জ্ঞানের বিষয় জ্ঞান এ কথার কোন যুক্তি নাই। পুরুষ চিত্তের প্রকাশক হইতে পারে, কারণ, পুরুষ চিত্তের সজাতীয় নহে, পুরুষ স্বতঃপ্রকাশস্বভাব, চিত্ত জড়।

স্থারবৈশেষিক মতে ব্যবদার জ্ঞান (জন্নং ঘটঃ ইত্যাদি) অমুব্যবদার জ্ঞানের (ঘটমহং জানামি ইত্যাদির) বিষয় হয়, কিন্তু অমুব্যবদারের আর অমুব্যবদার স্থীকার নাই, এন্থলে বেদান্ত সাংখ্য প্রভৃতি স্থপ্রকাশবাদী বলিতে পারেন যদি উত্তর জ্ঞান অমুব্যবদার স্থপ্রকাশ হইতে পারে তবে প্রথম জ্ঞান ব্যবদারের অপরাধ কি ? বেদান্ত সাংখ্য মতে অনন্ত অমুব্যবদার স্থানে স্থপ্রকাশ হৈত্য (পুরুষ, সাক্ষী) স্থীকার করা হয়। জ্ঞানের বিষয় জ্ঞান হয় বলিলে অনবস্থা হয়, উত্তর জ্ঞানটী স্বয়ং জ্ঞাত (প্রকাশিত) না হইয়া পূর্ব্ব জ্ঞানের প্রকাশ করন্তর পারে না, "য়য়মসিদ্ধঃ কথং পরান্ সাধ্যতি," স্থতরাং বিষয়ের প্রকাশ অসম্ভব হওয়ার জ্ঞাতের অদ্ধতার প্রশক্তি হয়, সমস্ত ব্যবহারের উচ্ছেদ্ হয়া উঠে. উক্ত অনবস্থা মূলের ক্ষতিকারক হয় স্থতরাং অত্যন্ত দোষাবহ "সৈবানবস্থা দোষার যা মূলক্ষতিকারিণী," অতএব স্থপ্রকাশ অতিরিক্ত পুরুষের স্বীকার করাই প্রেয়য়র।

বৌদ্ধগণের পঞ্চয় এইরপ, "অহং অহং" এইরপ আলর বিজ্ঞান প্রবাহকে বিজ্ঞানম্বর্ক (জীবাত্মা) বলে, সুখাদির অমুভবের নাম বেদনায়্বর্ক, সবিকর জ্ঞানকে (বাহাতে বিশেষ্য বিশেষণের প্রতীতি হয়) সংজ্ঞায়ন্ধ বলে, শব্দাদি বিষয়ের সহিত ইন্দ্রিরগণকে রূপয়ন্ধ বলে এবং রাগ, দেয়, মোহ, ধর্ম ও অধর্ম প্রভৃতিকে সংস্কার স্কন্ধ বলে। ইহার বিশেষ বিবরণ শারীরক তর্কপাদ ও সর্ব্ব-দর্শনসংগ্রহ প্রভৃতি গ্রন্থে জ্ঞাতব্য॥ ২১॥

ভাষ্য। কথং 🤊

সূত্র। চিতেরপ্রতিসংক্রমায়াস্তদাকারাপত্তো স্ববুদ্ধি-সংবেদনম্ ॥ ২২॥

ব্যাখ্যা। অপ্রতিসংক্রমায়াঃ ( সঞ্চাররহিতায়াঃ ) চিতেঃ (পুরুষস্ত ), তদা-কারাপত্তৌ (বৃদ্ধির্ত্তৌ প্রতিবিধেন র্ত্ত্যাকারলাভে ), ববৃদ্ধিসংবেদনম্ ( স্বচিত্ত-র্ত্তিবোধঃ ইত্যর্থঃ ) ॥ ২২ ॥

তাৎপর্য্য। যদিচ বৃদ্ধির স্থায় পুরুষ বিষয়াকারে পরিণত হয় না, তথাপি বৃদ্ধিবৃত্তিতে প্রতিবিম্বিত হইয়া পুরুষ বৃত্তিসারপ্য ধারণ করে, এইরূপে পুরুষের স্ববৃদ্ধি বৃত্তির বোধ হয়॥ ২২॥

ভাষ্য। অপরিণামিনী হি ভোক্তৃশক্তিরপ্রতিসংক্রমা চ পরি-ণামিষ্টর্থে প্রতিসংক্রান্তেব তদৃত্তিমমুপত্তি, তন্তাশ্চ প্রাপ্তিটেতন্তোপ-গ্রহস্বরূপায়া বুদ্ধিরত্তেরমুকারিমাত্রতয়া বুদ্ধির্ত্ত্যবিশিষ্টা হি জ্ঞান-র্ত্তিরাখ্যায়তে। তথা চোক্তম্ "ন পাতালং ন চ বিবরং গিরীণাং নৈবান্ধকারং কুক্ষয়ো নোদধীনাম্। গুহা যন্তাং নিহিতং ব্রহ্ম শাশ্বতং বুদ্ধির্ত্তিমবিশিষ্টাং কবয়ো বেদয়স্তে" ইতি॥ ২২॥

অমুবাদ। ভোক্রশক্তি (পুরুষ) পরিণামিনী নহে, অর্থাৎ বিকার যুক্ত , নহে, এবং উহার প্রতিসংক্রম (প্রতিসঞ্চার) অর্থাৎ অক্সত্র গমন নাই, অর্থ (চিন্ত) বিষয়াকারে পরিণত (বৃত্তিবিশিষ্ট) হইলে ভোক্তৃশক্তি পুরুষ তাহাতে প্রতিসংক্রান্তের স্থায় (প্রতিবিশিষ্টতর) হইয়া ঐ চিন্তর্তির অমুপাতী হয়, অর্থাৎ চিন্তর্ত্তির অমুসারে বৃত্তিবিশিষ্ট হয়, চিন্তর্ত্তিই যেন পুরুষের বৃত্তি এইরূপ বোধ হয়। বৃদ্ধির্ত্তিতে চিৎপ্রতিবিদ্ব পতিত হওয়ায় ঐ বৃত্তি প্রাপ্ততিত-স্থোপগ্রহ অর্থাৎ চেতনায়মান হওয়ায় জ্ঞানর্ত্তি অর্থাৎ পুরুষ বৃদ্ধির্ত্তির অবিশিষ্ট (অভিন্ন) বিলয়া ক্থিত হয়। এই কথাই শাল্লে উক্ত আছে, "যে গুহাতেঃ (সাধারণের অবেল্প স্থানে) শাশ্বত অর্থাৎ সংস্করপ ব্রহ্ম নিহিত্ত (প্রচ্ছন্নভাবে অবস্থিত) আছে পশুতগণ উহাকে অবিশিষ্ঠ অর্থাৎ পুরুষের অভিন্নরূপে ভাসমান বৃদ্ধিবৃত্তি বলিয়া নির্দেশ করিয়া থাকেন, উহা পাতাল, পর্বতের বিবর (শুহা), অন্ধকার স্থান বা সমুদ্রের মধ্য ইহার কিছুই নহে ॥২২॥

মন্তব্য। যদি চিত্ত শ্বপ্রকাশ না হয়, অথবা অন্ত চিত্তের প্রকাশ না হয়, তবে পুরুষের দারাই বা কিরূপে, প্রকাশ হটুবে, কারণ শ্বপ্রকাশ আন্মার কোনও ক্রিয়া নাই, ক্রিয়া না থাকিলে কর্ত্তা হইতে পারে না, চিত্তরপ কর্মের সহিত সম্বন্ধ না হইয়াই বা ক্রিরপে চিত্তের ভোক্তা হইবে, এইরূপ আশক্ষার স্ট্রনা করিবার নিমিত্ত ভায়ে "কথং" এইরূপ আভাস দেওয়া হইয়াছে। উক্ত আশক্ষার সমাধানরূপ এই স্থত্রের তাৎপর্য্য "বৃত্তিসারূপামিতরক্ত" স্থ্রে বর্ণিত হইয়াছে।

চিত্তবৃত্তির বোধ সম্বন্ধে বাচম্পতি ও বিজ্ঞান ভিক্ষুর সম্পূর্ণ মতভেদ আছে, বাচম্পতি বলেন, বেমন জলে স্বর্য্যের প্রতিবিম্ব পড়িলে, ঐ জলে টেউ উঠিলে প্রতিবিম্ব স্থ্য কম্পিত হয়, উহা দেখিয়া অজ্ঞলোকে মনে করে প্রকৃত স্থাই কাঁপিতেছে, তদ্ধপ চিত্তবৃত্তিতে পুরুষ প্রতিবিম্বিত হয়, উহাতে প্রতিবিম্বিত পুরুষে চিত্তধর্ম্মের আরোপ হয়, ইহাতেই অবিবেকিগণ মনে করে প্রকৃত পুরুষেরই ভোগ হইতেছে, বাস্তবিক পক্ষে যথার্থ পুরুষের ভোগ নাই, উহা চিত্তেরই ধর্ম । বিজ্ঞান ভিক্ষু বলেন, যেমন চিত্তবৃত্তিতে পুরুষের প্রতিবিম্ব পড়ে, তদ্ধপ পুরুষেও চিত্তবৃত্তির প্রতিবিম্ব পড়ে, ইহাকেই ভোগ বা সাক্ষাৎকার বলে॥ ২২॥

ভাষ্য। অতংশ্চতদভাপগম্যতে।

সূত্র। দ্রফ্ট্-দৃশ্যোপরক্তং চিত্তং সর্ব্বার্থম্॥ ২৩॥

ব্যাখ্যা। দ্রন্থ্র্ট্র্ন্থ্রোপরক্তং (দ্রন্থ্য পুরুষ:, দৃশ্রানি শবাদীনি ইন্দ্রিয়াণি চ, তহপরক্তং সম্বদ্ধং) চিত্তং সর্বার্থং (সর্ব্বে গৃহীত্গ্রহণগ্রাহ্য অর্থা ষম্র তৎ, চিত্তং তাদৃশং ভবতি )॥ ২৩॥

তাৎপর্যা। চিত্ত জন্তী পুক্ষ ও দৃশ্য শব্দাদি ও ইক্রিয়ের সহিত সম্বন্ধ হইয়া সকল বিষয়ের অবভাসক হয়॥ ২৩॥ ভাষ্য। মনো হি মন্তব্যেনার্থেনোপরক্তং তৎ স্বয়ঞ্চ বিষয়ত্বাৎ বিষয়িলা পুরুষেণাত্মীয়য়া বৃত্ত্যাংভিসম্বদ্ধং তদেতচিতত্তমেব দ্রষ্ট্রন্থাপরক্তং বিষয়বিষয়িনির্ভাসং চেতনাচেতনম্বরূপাপর্য়ং বিষয়াত্মক-মপ্যবিষয়াত্মকমিবাচেতনং চেতনমিব স্ফটিকমণিকল্পং সর্ববার্থমিত্যুচ্ছে, তদনেন চিত্তসার্রপ্যেণ ভান্তাঃ কেচিত্তদেব চেতনমিত্যান্তঃ, অপরে চিত্তমাত্রমেবেদং সর্ববং নাস্তি খল্মং গবাদির্ঘটাদিশ্চ সকারণোলোক ইতি, অমুকম্পনীয়াস্তে, কস্মাৎ, অস্তি হি তেষাং ভান্তিবীজং সর্বর্বেপাকারনির্ভাসং চিত্তমিতি, সমাধিপ্রজায়াং প্রজ্ঞেয়োহর্থঃ প্রতিবিশ্বীভৃতস্তম্ভালম্বনীভৃতত্মদন্তঃ, সচেদর্থশিত্তমাত্রং স্থাৎ কথং প্রজ্ঞবৈর প্রজ্ঞারপমবধার্য্যেত, তস্মাৎ প্রতিবিদ্বীভৃত্তাহর্থঃ প্রজ্ঞায়াং যেনাবধার্য্যতে স পুরুষ ইতি। এবং গৃহীভৃগ্রহণগ্রাহম্বরূপচিত্তভেদাৎ ত্রয়মপ্যতৎ জ্ঞাতিতঃ প্রবিভজ্জে তে সম্যগ্দর্শিনঃ, তৈরধিগতঃ পুরুষ ইতি॥ ২০॥

অনুবাদ। চিত্তের অতিরিক্ত আত্মা স্বীকার করিতে হইবে এ বিষয়ে আরও (লোক প্রত্যক্ষও) প্রমাণ আছে। যেহেতু মনঃ মন্তব্য (জ্ঞের) পদার্থে উপরক্ত অর্থাৎ তদাকারে আকারিত হইয়া নিজেও পুরুষাকারে স্বীর বৃত্তি সহকারে বিষয়ি (জ্ঞানরূপ) পুরুষের সহিত সম্বদ্ধ হয়, এইরূপে চিত্তই দ্রাই (পুরুষ) ও দৃশু (গবাদি ঘটাদি বিষয়) তাবে অর্থাৎ বিষয় বিষয়িরূপে ভাসমান হইয়া চেতন (পুরুষ সহযোগে) ও অচেতন (বিষয় সহযোগে) স্বরূপ প্রাপ্ত হয়, স্মৃতরাং নিজে বিষয়াত্মক (পুরুষের দৃশু) হইয়াও অবিষয়াত্মক অর্থাৎ স্বয়ং যেন দ্রাষ্ঠা আত্মা এবং অচেতন হইয়াও চেতনরূপে ভাসমান হয়, ফটিকমনির তুল্য (যাহাতে সনিহিত পদার্থের প্রতিবিশ্ব পড়ে) চিত্ত সর্বার্থ হয়, সকল পদার্থের অবভাসক বলিয়া কথিত হয়। এইরূপে চিত্ত আত্মার সমানরূপ ধারণ করে বলিয়া কেহ কেহ (বাহার্থবাদী বৈনাশিক) ত্রান্তি বশতঃ সেই চিত্তকেই চেতন বলে, অর্থাৎ চিত্তের অতিরিক্ত আত্মা স্বীকার করে না। আর কেহ কেহ (ক্ষণিকবাদী বৌদ্ধ) দৃশুমান বস্তু সকল চিত্তের

অতিরিক্ত বলিয়া স্বীকার করে না, তাহাদের মতে গবাদি ঘটাদিরপ চেতনাচেতন জগৎ সমস্তই জ্ঞানের পরিণাম। ঐ সমুদায় অবোধ লোকের প্রতি
দয়া করা কর্ত্তব্য, কারণ উহাদের শ্রমের কারণ আছে, চিত্ত সকলরপেই
(পুরুষাকারেও) ভাসমান হয়, তাই বুঝিতে না পারিয়া উহারা চিত্তকেই
আয়া বলে। আয়বিবয়ে সমাধিপ্রজ্ঞাতে অবতারণা করিয়া ঐ সকল অবোধ
লোককে বুঝাইতে হয়, উক্ত সমাধি স্থলে আয়াই আলম্বন (বিষয়) হয়,
স্থতরাং সমাধিপ্রজ্ঞা (চিত্তের রৃঙি),হইতে উহা পৃথক্, নিজেই নিজের
বিষয় হইতে পারে না, চিত্তরত্তিতে পুরুষের প্রতিবিম্ব পড়ে, ঐ প্রতিবিশ্বটী
সমাধির আলম্বন, ঐ প্রতিবিশ্ব পদার্থ বিদি চিত্তমাত্র হয়, তবে প্রজ্ঞাতে
(সমাধির্ত্তিতে) প্রতিবিশ্ব পদার্থটী বাহা দ্বারা প্রকাশিত হয় সেই পুরুষ।
এইরূপে গৃহীত্ (আয়া) গ্রহণ (ইক্রিয়) ও গ্রাছ (বিষয়) স্বরূপ জ্ঞানভেদে
এই তিনটীকেই স্বভাবতঃ পৃথক্রপে সম্যগ্দশী ঘোগিগণ বিভাগ করিয়া
বুঝাইয়া দেন, উহারাই বিশেষরূপে পুরুষের স্বরূপ অবগত আছেন॥ ২৩॥

মস্তব্য। একটা স্বচ্ছ ক্ষটিকের এক দিকে জপাকুসুম ও অন্ত দিকে নীলকাস্তমণি স্থাপন করিলে যেমন ঐ ক্ষটিক উভয়রূপে ভাসমান হয়, ক্ষটিকের স্বীয়রূপ থাকিয়াও তাহা প্রচ্ছন্ন থাকে, তদ্রুপ চিত্তদর্পণে এক দিকে গো ঘটাদি বিষয়ের ও অন্ত দিকে পুরুষের ছায়া পতিত হয়, চিত্তের স্বরূপ তথন ঐ উভয়রূপেই ভাসমান হয়, পুরুষের ছায়া গ্রহণ করিয়া চিত্তই পুরুষরূপে ভাসমান হয়, ইহাকে ভোক্তপুরুষ (জীবাত্মা) বলা যায়। স্থধ-ছঃথাদি সম্বলিত এই চিত্ত হইতে নির্দ্তাপুরুষকে পৃথক্ করিয়া জানা বড়ই কঠিন ব্যাপার, তাই বৌদ্ধগণ চিত্তকেই আত্মা বলে। নৈয়ায়িকগণ অতিরিক্ত আত্মা স্থীকার করিয়াও প্রকারান্তরে ঐ সগুণ চিচ্ছায়াপন্ন চিত্তকেই জীবাত্মা বলিয়া নির্দেশ করেন, নির্দ্তাপ্রশ্বণাশ চৈত্ত্ব পুরুষকে অমুভব করা যায় না, বিশ্ব না থাকিলে প্রতিবিশ্বত হইলে পুরুষের অমুভব হইনা থাকে॥ ২৩॥

**जाग्र**। कूंडरेन्डडर ?

## সূত্র। তদসংখ্যেয়বাসনাভিশ্চিত্রমপি পরার্থং সংহত্য কারিছাৎ॥২৪॥

ব্যাখ্যা। তৎ (চিত্তম্), অসংখ্যেরবাসনাভিঃ (পরিগণয়িতুমশকৈয়ঃ সংস্কারৈঃ), চিত্রমপি (নানারূপমপি), পরার্থং (পরস্ত ভোকুঃ পুরুষস্ত ভোগাপবর্গার্থং), সংহত্যকারিস্বাৎ (দ্হেন্দ্রিয়াদিভির্মিলিস্বা ভোগজনক্ষাৎ)॥২৪॥

তাৎপর্য্য। যদিচ চিত্ত অসংখ্য সংস্কার দ্বারা খচিত অর্থাৎ অনাদি অসংখ্য সংস্কারের আশ্রয়, তথাপি উহা পরার্থ অর্থাৎ পুরুষের ভোগজনক, কেননা উহা সংহত্যকারী, অপরের সহিত মিলিত হইয়া কার্য্য করে॥ ২৪॥

ভাষ্য। তদেতচিত্তমসংখ্যেয়াভির্বাসনাভিরেব চিত্রীকৃতমপি পরার্থং পরস্থ ভোগাপবর্গার্থং, ন স্বার্থং সহত্যকারিয়াৎ গৃহবৎ, সংহতকারিণা চিত্তেন ন স্বার্থেন ভবিতব্যম্, ন স্থ্যচিত্তং স্থপার্থং, ন জ্ঞানং জ্ঞানার্থং, উভয়মপ্যেতৎ পরার্থং, যশ্চ ভোগেনাপবর্গেণ-চার্থেনার্থবান্ পুরুষঃ স এব পরঃ, ন পরঃ সামান্যমাত্রং, যকু কিঞ্চিৎ পরং সামান্যমাত্রং স্বরূপেণোদাহরেদ্বৈনাশিকস্তৎ সর্ববং সংহত্যকারিয়াৎ পরার্থমেব স্থাৎ, যস্ত্র্যেসী পরো বিশেষঃ স ন সংহত্যকারী পুরুষ ইতি॥ ২৪॥

অনুবাদ। ইহা (চিত্তের অতিরিক্ত আত্মা স্বীকার করা) কেনই বা যুক্তিদিদ্ধ হয়, তাহা বলা যাইতেছে, উক্ত চিত্ত অসংখ্য কর্ম্মবাসনা (ধর্মাধর্ম)
বুও ক্লেশবাসনা (অবিভাদি সংস্কার) দ্বারা পরিব্যাপ্ত হইয়াও পরের প্রয়োজন
দিদ্ধি করে, সেই প্রয়োজন প্রুষ্কের ভোগ ও অপবর্গ, চিত্ত স্বার্থ অর্থাৎ
নিজের প্রয়োজন সম্পাদক নহে, কারণ সংহত্যকারী অর্থাৎ অপরের
সাহায্যে কার্য্য সম্পন্ন করে, যাহারা অপরের সাহায্যে কার্য্য করে তাহারা
পরার্থ হয়, যেমন গৃহাদি গৃহস্বামীর প্রয়োজন দিদ্ধি করে, অতএব দেহাদির
সহিত মিলিত হইয়া কার্য্যকারী চিত্তও স্বার্থের নিমিত্ত কার্য্য করে এরূপ
বলা যায় না, স্থাচিত্ত (এথানে স্থাশক্ষে সাধারণ ভোগ বৃঝিতে হইবে)
স্থেপর নিমিত্ত অথবা জ্ঞান জ্ঞানের নিমিত্ত এরূপ বলা যায় না, এই স্থাদি

ও জ্ঞান উভয়ই পরার্থ হয়, অর্থাৎ স্থ্রখাদি পুরুষের উপভোগের কারণ এবং জ্ঞান মুক্তির কারণ হয় (য়ে পুরুষ উক্ত ভোগ ও অপবর্গরূপ প্রয়োজনে প্রয়োজনশালী অর্থাৎ উক্ত ভোগ ও অপবর্গ ষাহার হয় এয়লে সেই পুরুষকেই পর বলিয়া ব্ঝিতে হইবে, ঐ পর সাধারণ ভাবে নহে অর্থাৎ উক্ত পর সংহত্যকারী পরার্থ নহে। বৈনাশিক (বৌদ্ধ) সামান্তভাবে উক্ত পর বলিয়া যাহাকে আত্মা বলিয়া পরিগণিত করেন, তাহাও পরার্থ, কারণ তাহাদের মতে চিত্তই পর, কিন্তু চিত্ত সংহত্যকারী বলিয়া স্বার্থ হইতে পারে না। য়ে পরপুরুষের (নির্ভ্রণ, অসংহত্যকারী) কথা বলা হইতেছে উহা বিশেষ অর্থাৎ সাধারণ জড়বর্গ হইতে অতিরিক্ত, সংহত্যকারী নহে, মৃতরাং পরার্থও নহে॥ ২৪॥

মস্তব্য। জাতি, আয়ুং ও ভোগরূপ বিপাক সমস্ত বাসনার (সংস্কারের) অধীন, বাসনা সকল চিত্তের ধর্ম, অতএব ভোগ ও অপবর্গ চিত্তেরই হউক, পুরুষের কেন হইবে, এই অভিপ্রায়ে স্ত্তের পূর্ব্বে আভাসভায়ে "কুতকৈতং" বলা হইয়াছে। স্ক্লভাবে বিচার করিলে জানা যায় ভোগ ও অপবর্গ কিছুই পুরুষের নহে, উহা চিত্তেরই ধর্ম, পুরুষে আরোপ হয় মাত্র, এ বিষয় পূর্ব্বে অনেক বার বলা হইয়াছে। বাসনা সহকারে চিত্তে ভোগ ও অপবর্গ হয়, উহাই পুরুষে প্রতিফলিত হয়, এই নিমিন্তই পুরুষকে দর্শিত বিষয় বলা হইয়াছে।

যদিচ অনুমান দারা সামান্তভাবেই বস্তুসিদ্ধি হইরা থাকে, তথাপি অনবস্থা হয় বলিয়া এয়লে অসংহতরূপ পর বুঝিতে হইবে, নতুবা সেই পর পরের নিমিন্ত, সেই পর পরের নিমিন্ত এইভাবে অনবস্থা হইতে পারে। তামস বিষয় হইতে শরীর পর, শরীর হইতে ইক্রিয় পর, ইক্রিয় হইতে অস্তঃ-১ করণ পর, অস্তঃকরণ হইতে পুরুষ পর, এই পুরুষ হইতে আর পর নাই প্রুক্ষাৎ ন পরং কিঞ্জিৎ সা কান্তা সা পরা গতিঃ"॥ ২৪॥

## मृज । वित्निषमिन वाज्यভाव-ভाবনা-विनिवृद्धिः ॥ २৫ ॥

ব্যাখ্যা,। বিশেষদর্শিনঃ (চিত্তাদক্তঃ শুদ্ধোহহমিতি তত্বং বিজানতঃ) আত্ম-ভাবভাবনা-বিনির্ভিঃ (আত্মভাবভাবনারাঃ কোহহমাসং ইত্যাদিরূপারান্চিন্তারাঃ বিশির্ভিঃ নিরাসঃ, স্ববিষয়লাভনিবর্ত্তাত্মাদিচ্ছারা ইত্যর্থঃ) ॥ ২৫॥ তাৎপর্যা। ধে ব্যক্তি চিত্ত হইতে আত্মাকে ভিন্নরূপে অনুভব করিয়াছেন তাঁহার কি ছিলাম কি হইব ইত্যাদি আত্মস্বরূপ জিজ্ঞাসা থাকে না, বিষয় জ্ঞাত হইলে আর জানিবার ইচ্ছা হয় না॥ ২৫॥

ভাষ্য। যথা প্রার্ষি তৃণাস্কুরস্যোদ্ভেদেন তদীক্ষসন্তাহনুমীয়তে, তথা মোক্ষমার্গশ্রবণেন যক্ষ রোমহর্ষাশ্রুণাতো দৃশ্যেতে, তত্রাপ্যস্তি বিশেষদর্শনবীক্ষমপবর্গভাগীয়ং কর্মাভিনির্বন্তিত্তমিত্যমুমীয়তে, তক্ষাত্মভাবভাবনা স্বাভাবিকী প্রবর্ততে, যক্ষাহভাবাদিদমুক্তং "স্বভাবং মুক্ত্বা দোষাদ্ যেষাং পূর্ববপক্ষে রুচির্ভবতি অরুচিন্চ নির্ণয়ে ভবতি," তত্রাত্মভাবভাবনা কোহহমাসং, কথমহমাসং, কিংস্বিদ্ ইদং, কথং স্বিদ্ ইদং, কে ভবিষ্যামঃ, কথং বা ভবিষ্যামঃ ইতি, সা তু বিশেষদর্শিনো নিবর্ত্ততে, কুতঃ, চিত্তক্ষৈষ্বিচিত্রঃ পরিণামঃ, পুরুষস্বস্বত্যান্মবিলায়াং শুদ্ধন্চিত্রধর্মেরপরাম্ষ্ট ইতি, তত্যাহস্যাত্মভাবভাবনা কুশলস্থ নিবর্ত্তে ইতি॥ ২৫॥

অমুবাদ। যেমন বর্ষাকালে তৃণের অঙ্কুরোলাম দেখিয়া মৃত্তিকায় তৃণের বীজ ছিল অমুমান হয়, তদ্রপ মোক্ষমার্গ অর্থাৎ অধ্যাত্মশাস্ত্র শ্রবণ করিলে যে ব্যক্তির রোমাঞ্চ ও অশ্রু পতন দেখা যায়, তাঁহার বিশেষ দর্শনের (আত্মতত্ব জ্ঞানের) কারণ মোক্ষজনক কর্ম্ম ফলোমুথ হইয়াছে এরপ অমুমান করা যাইতে পারে। ঐ ব্যক্তির আত্মতাব ভাবনা অর্থাৎ আত্মত্মরপ জিজ্ঞানা আপনা হইতেই হইয়া থাকে। উক্ত কর্ম্ম থাহার নাই সেই ব্যক্তিসম্বন্ধে শাস্ত্রকার কর্তৃক এরপ ক্ষথিত আছে, "দোষ (পাপপ্রযুক্ত নান্তিক্য বৃদ্ধি) বশতঃ যাহাদিগের স্বভাব (আত্মতত্ব জিজ্ঞানা) পরিত্যার পূর্ব্ধক পূর্ব্ধক্ষে অর্থাৎ আত্মার নান্তিত্ববিষয়ে অমুরাগ হয়, এবং তত্বনির্ণয়ে অরুচি হয়"। আমি কি ছিলাম (মুয়য় কি অন্ত কোন জীব), কিরূপে ছিলাম (স্থেথ বা ছঃথে), এখনই বা আমার স্বরূপ কি (দেহাদি কি অতিরিক্ত), কি ভাবেই বা বাঁচিয়া আছি (পুণ্য বা পাপ বশতঃ), ভবিয়তে কি হইব, কিরূপে থাকিব, ইত্যাদি অমুসন্ধানকে আত্মতাবভাবনা বলে। যে ব্যক্তি বিশেষ অর্থাৎ চিত্ত হইতে ভিয়রপে আত্মন্দর্শন করিয়াছেন, তাঁহার উক্ত ভাবনা থাকে না, কেননা, তিনি জানেন, এই

নানাবিধ পরিণাম চিত্তেরই ধর্ম। অবিগ্রা না থাকিলে পুরুষ স্থুখছঃথাদি চিত্তধর্মে জড়ীভূত হয় না, স্থুতরাং শুদ্ধভাবে অবস্থিতি করে। এই নিমিত্তই উক্ত তত্বদর্শী যোগীর আত্মস্বরূপ জিজ্ঞাসা নিবৃত্তি হয়॥২৫॥

মস্তব্য। উৎকট জিজ্ঞাসা হইলে জানিবার চেষ্টা হয়, জানিতে পারিলে আর জিজ্ঞাসা থাকে না, আত্মজিজ্ঞাসা সহজে হয় না, উহা পূর্বজন্মের সৎকর্ম অফুষ্ঠানের ফল, এই নিমিন্তই "অথাতাঁ ব্রমজিজ্ঞাসা" এই ব্রহ্মত্তে জিজ্ঞাসায় অধিকার বর্ণনা আছে। পামর নরাধ্মের আত্মজিজ্ঞাসাও নাই, তাহার নির্ত্তিও নাই, "পাষাণে নান্তি কর্দ্মঃ"। তন্ত্রশাস্ত্রের পূরশ্চরণ প্রয়োগ প্রকরণে উক্ত অধিকারের অনেক কথা আছে ॥ ২৫ ॥

# সূত্র। তদা বিবেকনিম্নং কৈবল্যপ্রাগ্ভারং চিত্তম্ ॥২৬॥

ব্যাখ্যা। তদা (বিশেষদর্শনাবস্থায়াং) চিত্তং (বিশেষদর্শিনঃ অস্তঃকরণং) বিবেকনিয়ং (বিবেকপথপ্রবাহি) কৈবল্যপ্রাশ্ডারং (অপবর্গাভিমুথি চ ভকতীত্যর্থঃ)॥ ২৬॥

তাৎপর্য্য। বিশেষ দর্শনকালে যোগীর চিত্ত বিবেকপথে প্রবাহিত হইয়া মুক্তির অভিমুখ হয়॥ ২৬॥

ভাষ্য। তদানীং যদস্য চিত্তং বিষয়প্রাগভারং অজ্ঞাননিম্নমাসী-ত্তদস্যাহন্যথা ভবতি, কৈবল্যপ্রাগভারং বিবেকজ্ঞাননিম্নমিতি॥ ২৬॥

অমুবাদ। পুর্বে যোগীর যে চিত্ত বিষয়ভিমুখে অজ্ঞানপথে প্রবাহিত ছিল, উক্ত বিশেষ দর্শন অবস্থায় তাহার বৈপরীত্য জন্মে, সেই চিত্ত বিবেক-জ্ঞানপথে প্রবাহিত হইয়া কৈবল্য স্থানে উপনীত হয়॥ ২৬॥

মন্তব্য। প্রথম পাদে ১২ স্থতে বলা হইয়াছে—"6িন্তনদীনামোভয়তো বাহিনী" ইত্যাদি, উহার মর্ম স্মরণ থাকিলে এই স্থতটী সহজে বৃঝিতে পারা যাইবে। জল বেমন নিম্নপথে প্রবাহিত হইয়া কোনও একটী নির্দিষ্ট স্থানে পৌছায়, চ্বিন্তও সেইরূপ কথনও বিষয়মার্গে কখনও বা জ্ঞানমার্গে সঞ্চরণ করিয়া কোনও স্থানে পৌছে, বিষয়মার্গে সঞ্চারের ফল বন্ধন (স্বর্গাদিকেও বন্ধন বলে), জ্ঞানমার্গে সঞ্চারের ফল মুক্তি॥২৬॥

#### সূত্র। তচ্ছিদ্রেষু প্রত্যয়ান্তরাণি সংস্কারেভ্যঃ॥ ২৭॥

ব্যাথা। তচ্ছিদ্রেষ্ (তশ্মিন্ বিবেকবাহিনি চিত্তে বে ছিদ্রা অপ্তরালান্তেষ্ ) সংস্কারেভ্যঃ (পূর্ববৃংখানাকুভবজন্তেভ্যঃ সংস্কারেভ্যঃ), প্রত্যয়ান্তরাণি (অক্তে প্রত্যয়া বৃংখান-জ্ঞানানি ভবস্তীত্যর্থঃ) ॥ ২৭ ॥

তাৎপর্যা। বিৰেকদর্শনকাশেও ছিদ্র (ফাঁক) পাইলে পূর্ব্বসংস্থার বশতঃ অহং মম ইত্যাদি রূপে ৰুগখানজ্ঞান জুলিতে পারে॥ ২৭॥

ভাষ্য। প্রত্যয়বিবেকনিম্নস্থ সম্পুরুষাম্যতাখ্যাতিমাত্রপ্রবাহিণ-শ্চিত্তস্থ তচ্ছিদ্রেষ্ প্রত্যয়াস্তরাণি অস্মীতি বা, মমেতি বা, জানামীতি বা, ন জানামীতি বা। কুতঃ, ক্ষীয়মাণ-বীজেভাঃ পূর্বসংস্কারেভাঃ ইতি॥২৭॥

অমুবাদ। প্রত্যয় অর্থাৎ চিত্ত ইইডে চিতিশক্তিপুরুষের বিবেক (তেদ)
রপ নিয়পথে প্রবহনশীল চিত্তের ছিজ অর্থাৎ প্রমাদ (ফাক) উপৃদ্ধিত
হইলে আমি বা আমার, জানি বা না জানি ইত্যাদিরূপে অন্তবিধ (বিবেকজ্ঞান
হইতে অন্তবিধ) জ্ঞান সমস্ত উৎপন্ন হয়, ইহার কারণ অবিভাদি বীজ ক্রমশঃ
ক্রীণ হইতেছে এরূপ পূর্ব্ব অর্থাৎ বুখানকালীন সংস্কার সমুদায়॥২৭॥

মন্তব্য। বিবেকদর্শী ষোশ্বিগণেরও ভিক্ষাটন প্রভৃতি ব্যুখানব্যবহার দেখা যায়, উহা কিরূপে সন্তব হয় ? উক্ত যোগীর সর্ব্বদাই বিবেকজ্ঞান হইবার কথা, এই আশঙ্কায় স্ত্ত্রের উপস্থাস করা হইয়াছে। প্রথম পাদে যেরূপ "ক্লিষ্টছিদ্রেষ্ অক্লিষ্টাঃ, অক্লিষ্টছিদ্রেষ্ ক্লিষ্টাঃ" এইরূপ বলা হইয়াছে এথানেও সেইরূপ ব্রিতে হইবে। ব্যুখান সংস্কার সম্দায় অনাদি কাল হইতে চিত্তে দৃঢ়মূলভাবে অবস্থিত আছে, প্রণিধানের একটুকু হ্রাস হইলেই উহা আপনা হইতেই প্রকাশ পায়, ইহাকেই ছিদ্র বলিয়া নির্দেশ করা হইয়াছে॥ ২৭ য়

#### সূত্র। হানমেষাং ক্লেশবছক্তম্ ॥ ২৮ ॥

ব্যথ্যা। • ক্লেশবং (ক্লেশানাং অবিভাদীনামিব) এষাং (ব্যুখানসংস্কারাণাং) হানং (দুরীকরণং ) উক্তং (শান্ত্রকারৈঃ কথিতং বেদিতব্যম্ )॥ ২৮ ॥ তাৎপর্য। অবিভাদি ক্লেশ সকল যেরূপ জ্ঞানপ্রভাবে মৃতকল্ল হয়, ব্যুখানসংস্কার সকলেরও সেইরূপ বুঝিতে হইবে, অর্থাৎ উহারাও জ্ঞানপ্রভাবে বিনষ্ট হয়॥ ২৮॥

ভাষ্য। যথা ক্লেশা দগ্ধবীজভাবা ন প্রবাহসমর্থা ভবন্তি, তথা জ্ঞানাগ্নিনা দগ্ধবীজভাবঃ পূর্বসংস্কারো ন প্রভ্যয়প্রসূর্ভবতি, জ্ঞান-সংস্কারাস্ত চিতাধিকারসমাপ্তিমসুশেরতে ইতি ন চিন্তান্তে॥ ২৮॥

অনুবাদ। জ্ঞানাগ্নি প্রভাবে অবিভাদি ক্লেশসমুদায় যেরপ দগ্ধবীজভাব অর্থাৎ পোড়াধানের ভার হইরা প্ররোহ (অন্তুর জনন) যোগ্য হয় না, পূর্বসংস্কার সকলও সেইরপ জ্ঞানাগ্নিতে দগ্ধ হইয়া আর ব্যুত্থানজ্ঞানের জনক হইতে পারে না, জ্ঞানসংস্কার সকল, চিত্তের অবিকার সমাপ্তি অপবর্গ পর্যান্ত অপেক্ষা করে, অর্থাৎ চিত্তের অধিকার শেষ হইলে চিত্তবিনাশের সহিতই নষ্ট হইয়া যায়, আশ্রয় নাশে বিনষ্ট হয়॥ ২৮॥

মন্তব্য। বিবেকজ্ঞান হইলেও যদি বুখানসংস্কার সকল বুখানজ্ঞান জন্মাইতে পারে, তবে আর ইহাদের নাশের উপায় কে হইবে? সম্পূর্ণ ভরদা স্থল বিবেকজ্ঞানরূপ ব্রহ্মান্ত যদি ব্যর্থ হয় তবে অন্ত প্রয়োগে কি হইবে? এরূপ আশঙ্কার কারণ নাই, বিবেকজ্ঞানের অপরিপক অবস্থায় ঐরূপ বুখানসংস্কারের আবির্ভাব থাকে, পরিপক হইলে আর সেরূপ ঘটিতে পারে না, তথন ক্রমশঃ অবিল্ঞাদি বিনাশের ল্যায় পূর্ব্বসংস্কার সকলও বিরুদ্ধজ্ঞান সংস্কারদারা তিরোহিত হইতে থাকে। এই বিরোধিজ্ঞানসংস্কারের কিরূপে নাশ হইবে তাহার চিন্তার আবশ্রুক নাই, উহা চিন্তের সহিতই নষ্ট হইরা যায়, উহাদের আশ্রুষ চিন্ত, স্মৃতরাং চিত্তরূপ আশ্রুষ নষ্ট হইলে আর কিরূপে থাকিতে পারে। পরবৈরাগ্যসংস্কারকেই জ্ঞানসংস্কার বলা হইয়াছে ॥২৮॥

# সূত্র। প্রসংখ্যানেহপ্যকুসীদশু সর্ববিথা বিবেকখ্যাতের্ধর্মামেঘঃ সমাধিঃ ॥ ২৯ ॥

বাধ্যা। প্রসংখ্যানেহপি (বিবেকদাক্ষাৎকারেহপি, কা কথা অন্তত্ত্র )
অকুশীদন্ত (ফলমলিপো: পরং বিরক্তন্ত যোগিন:) দর্বাথা বিবেকখ্যাতেঃ

(সমাগ্ভেদজ্ঞানাৎ) ধর্ম্মমেঘঃ সমাধিঃ (ধর্মং তত্ত্বাক্ষাৎকারং মেহতি দিঞ্জি বর্ষতীতি ধর্মমেঘঃ তাদৃশঃ সমাধির্তবতী তার্থঃ)॥ ২৯॥

তাৎপর্য। যে বিরক্ত যোগী বিবেকসাক্ষাৎকারেও ঈশরপদরূপ ফল-লাভে অনিচ্ছুক, তাঁহার সমাগ্ভাবে সর্মান বিবেকজ্ঞানের উদর হওয়ায় ধর্মমেঘ নামে সমাধি উৎপন্ন হয়, প্রকৃষ্ট ধর্ম আত্মতম্ব সাক্ষাৎক্রারের কারণ বলিয়া উহাকে ধর্মমেঘ বলে॥ ২৯ ॥ •

ভাষ্য। যদাহয়ং ব্রাহ্মণঃ প্রসংখ্যানেহপ্যকুসীদঃ ততোহপি
ন কিঞ্চিৎ প্রার্থয়তে, তত্রাপি বিরক্তস্থ সর্ববিথা বিবেকখ্যাতিরেব
ভবতীতি, সংস্কারবীজক্ষয়ায়াস্থ প্রত্যয়ান্তরাণ্যুৎপদ্ধন্তে, তদাহস্থ
ধর্মমেঘো নাম সমাধিভবতি ॥ ২৯ ॥

অনুবাদ। যে সমন্ন এই ব্রাহ্মণ (তত্বজ্ঞযোগী) প্রসংখ্যানেও অর্থাৎ বিবেকসাক্ষাৎকারেও অকুসীদ হয়, অনুরাগবিহীন হয়, অর্থাৎ তাহা হইতেও অণিমাদি ঐশ্বর্য্য কামনা না করে, এবং ঐ বিবেকজ্ঞানেও বিরক্ত হয়, তথন তাঁহার সর্বাদা কেবল বিবেকজ্ঞানই উৎপন্ন হইতে থাকে, সংস্কারের বীজ্ব অবিভাদি বিনষ্ট হওয়ায় আর অভ্যবিধ প্রতায় (ব্যখানজ্ঞান) জন্মিতে পারে না। এই সময় যোগীর ধর্মমেঘ নামে সমাধির আবির্ভাব হয়। অশুক্রক্তরূপ প্রকৃষ্ট ধর্মকে বর্ষণ করে বিনিয়া ইহাকে ধর্মমেঘ বলা যায়, (ইহা সম্প্রজ্ঞাত সমাধির শেষ সীমা)॥ ২৯॥

মন্তব্য। কুৎসিতের বিষয়ের সীদতীতি কুসীদো রাগঃ, অথাং শলাদি নিক্কষ্ট বিষয়ে যে ব্যাপৃত থাকে, সেই ছুপুর কামকেই কুদীদ বলে, তদ্রহিত ব্যক্তি অকুদীদ অথাৎ সর্ব্বথা বিরক্ত। শুক্লাদি ত্রিবিধ কর্ম্মের অতিরিক্ত মোক্ষফলদায়ক পরিশুদ্ধ ধর্ম্মকে যে প্রসব করে তাহাকে ধর্মমেঘ বলে, এই ধর্মমেঘ সমাধির উদয় হইলে পরবৈরাগ্যের উদয় হওয়ায় উক্ত প্রসংখ্যানেরও নিরোধ হয়:

স্ত্রের কুসীদ শক্টী রূপকভাবে বলা হইরাছে, মহাজনে কুসীদ অর্থাৎ স্থানের লোভে টাকা ধার দের, অণিমাদি ঐশ্বর্যালাভের ইচ্ছুক হইরা যোগী মহাজন সমাধি ব্যবসা করিতে পারেন, কিন্তু বিরক্ত যোগী কোন ফলেরই কামনা করেন না॥ ২৯॥

#### সূত্র। ততঃ ক্লেশকর্মনির্ভিঃ॥ ৩০ ॥

ব্যাখ্যা। ততঃ (ধর্মমেঘসমাধেঃ) ক্লেশকর্মনিবৃত্তিঃ (ক্লেশানাং অবিখাদীনাং কর্মণাঞ্চ শুক্লাদীনাং ত্রিবিধানাং তজ্জ্ঞাদুষ্ঠানামিত্যর্থঃ, নিবৃত্তিঃ সমূলোকুলনং ভবতীতার্থ: ) ॥ ৩०॥

তাৎপর্য্য। উক্ত ধর্মমেঘ সমাধি হইলে অবিচ্চাদি পঞ্চিধ ক্লেশ ও ধর্মাধর্মারপ কর্মা সমুদায়ই নিবৃত্ত হইয়া যার॥ ৩०॥

ভাষ্য। তল্লাভাদবিস্ভাদয়ঃ ক্লেশাঃ সমূলকাষং কষিতা ভবস্তি, কুশলাহকুশলাশ্চ কর্ম্মাশয়াঃ সমূলঘাতং হতা ভবস্তি, ক্লেশকর্ম-निद्ररको की तरक्षत विद्यान् विमूरका खवि, कन्त्राष, यन्त्राम् विপर्यारम् ভবস্থকারণং, ন হি ক্ষীণবিপর্য্যয়ঃ কশ্চিৎ কেনচিৎ কচিজ্জাতো দৃশতে ইতি ॥ ৩০॥

অমুবাদ। ধর্মমেঘ লাভ হইলে অবিগ্রা প্রভৃতি ক্লেশপঞ্চক মূলের (সংস্কারের) সহিত উচ্ছিত্র হয়, কুশল ও অকুশল অর্থাৎ পুণ্য ও পাপরূপ কর্মাশয় (অদৃষ্ট) সমূলে (ক্লেশের সহিত) বিনষ্ট হয়, এইরূপে ক্লেশ ও কর্দের নিবৃত্তি হইলে বিশ্বান তত্ততে বোগী জীবদশাতেই বিমৃক্ত হয়েন, कांत्रण, विश्वराग्न व्यर्थाए मिध्याख्यान मः मारतत कांत्रण, याशांत्र मिथा। ख्यान विनष्टे হইয়াছে এরূপ কোনও ব্যক্তি কোনও রূপে কোনও স্থানে জন্মগ্রহণ করিয়াছে এরপ দেখা যায় না॥ ৩০॥

ঁ মন্তব্য। বার্ত্তিককার বলিয়াছেন ছঃথের অত্যন্ত নিবৃত্তিই মোক্ষ, 🛭 জীবদ্দশায় তাহা ঘটে না. শ্রুতিতে আছে "ন হ বৈ স্পরীরস্ত প্রিয়াপ্রিয়য়ো-রপহতিরন্তি," অর্থাৎ শরীর থাকিতে স্থতঃথের সম্বন্ধের বিনাশ হয় না। অতএব ছ:থের কারণ অবিফাদির নিবৃত্তিকে গৌণমুক্তি ভিন্ন আর কিছুই বলা যায় না। ক্লেশ না থাকিলে জন্ম হয় না একথা গোতমও বলিয়াছেন "বীতরাগজন্মাদর্শনাং," অর্থাৎ যাঁহার রাগ অর্থাৎ কাম নাই তাহার জন্ম হয় ना. এश्राम श्रीमारक अविद्यापि १४०क्रम हे द्विए इहेरत। बीवमुक्टिकारम অবিষ্ঠার লেশ থাকে একথা শঙ্করাচার্য্য স্বীকার করিয়াছেন, বার্দ্ধিককার

বলেন ও কথা অবিভামূলক অর্থাৎ না ব্ঝিয়া ওরূপ সিদ্ধান্ত করা, এইরূপে শক্ষরাচার্য্যকে আধুনিক বেদান্তী বলিয়া অনেক উপহাস করা, হইয়াছে। শক্ষরের প্রতি বিজ্ঞানভিক্ষ্র ঐরূপ উপহাস উক্তি অনেক স্থানে দেখা যায়॥ ৩০॥

# সূত্র। তদা সর্বাবরণ্মলাপেতভ জানভানন্ত্যাজ্জেয়-মল্লম্॥ ৩১॥ •

ব্যাখ্যা। তদা (জীবন্মুক্তিদশারাং), সর্বাবরণমলাপেতভ (সর্বেভ্য আবরণমলেভ্য: নিথিলক্লেশকর্মভ্যোহপেতভ মুক্তন্ত) জ্ঞানভ (চিত্তসম্বভ্ত) আনুস্তাৎ (বিভূম্বাৎ) জ্ঞেরং (বিষয়সমূহঃ) অল্লং (ন্যুনং, বিষয়জাতং যদস্তি ততোহপি অধিকং চেৎ তদপি চিত্তং প্রকাশগ্রিতুমর্হতীতি ভাবঃ)॥ ৩১॥

তাৎপর্যা। উক্ত জীবন্মক্তিকালে চিত্তসত্বের আবরক তমঃ, ক্লেশ ও কর্মাশর বিদ্রিত হয় বলিয়া জ্ঞানের ভাগ অধিক হয়, জ্ঞেয়ের ভাগ অয় হয়, অর্থাৎ বর্ত্তমান চতুর্দ্দশ ভুবনাত্মক জগৎ হইতে অতিরিক্ত কিছু থাকিলেও তাহাকে প্রকাশ করিতে চিত্ত সক্ষম হয় নাই বলিয়া বেটুকু জগৎ আছে তাহাই প্রকাশ করিয়া নিরস্ত থাকে॥ ৩১॥

ভাষ্য। সর্বৈর ক্লেশকর্মাবরণৈর্বিমুক্তন্ত জ্ঞানস্তানন্ত্যং ভবতি, আবরকেণ তমসাহভিভূতমার্তজ্ঞানসত্বং কচিদেব রজসা প্রবর্তিন্মুদ্যাটিতং গ্রহণসমর্থং ভবতি, তত্র যদা সর্বৈরাবরণমলৈরপগতমলং ভবতি তদা ভবত্যস্তানন্ত্যং, জ্ঞানস্তানন্ত্যাজ্জ্যেমল্লং সম্পত্ততে, যথা আকাশে খত্যোতঃ, যত্রেদমুক্তং "অদ্ধো মণিমবিধ্যৎ তমনঙ্গলিরাবয়ৎ, অগ্রীবস্তং প্রত্যমুক্তৎ, তমজিহ্বোহভ্যপূজয়ৎ ইতি॥৩১॥

অমুবাদ। সমস্ত অবিষ্ঠাদি ক্লেশ ও কর্ম্মরপ আবরণ হইতে চিত্তসত্ব বিমুক্ত হইলে তাহার আনস্ত্য অর্থাৎ সর্ব্বতঃ প্রসার হয়। আবরক (আচ্ছাদক) তমঃ দ্বারা অভিভূত হইরা আবৃত চিত্তসত্ব কোনও স্থানে রজোগুণ দ্বারা প্রবর্ত্তিত (উদ্বাটিত) হইরা কেবল সেই বিষয়টী গ্রহণ করিতে সমর্থ হয়, ঐ চিত্ত মধন সকল আবরণরূপ মল হইতে বিমুক্ত হইরা স্বচ্ছ হয়, তথন উহার আনস্তা হয়,

অর্থাৎ আচ্ছাদন দূর হওয়ায় জ্যোতিঃ প্রসার সকল স্থানেই পরিব্যাপ্ত হয়। এইরূপে জ্ঞানশক্তির আধিকা হইলে জ্ঞেয়ভাগ তথন অর হুইয়া পড়ে, যেমন আকাশে থত্যোত (জ্যোতিরিঙ্গণ, জোনাকী পোকা) অতি অর স্থান ব্যাপিয়া থাকে, তত্রূপ জ্ঞানাকাশে জ্ঞেয় ভাগ অতি সামান্ত হইয়া পড়ে, অজ্ঞাত বিষয় কিছুই থাকে না। ধর্মমেঘদমাণি হারা বাসনার সহিত ক্রেশ ও কর্মাশয়ের অপগম হইলেও পুনর্কার জন্ম হয় না কেন? এই বিষয়ে দৃষ্টান্তস্বরূপ উক্ত হইয়াছে, "অয় ব্যক্তি মণির বেধ (ছিন্রু) করিয়াছে, অঙ্গুলিবিহীন ব্যক্তি সেইমণির মালা গাঁথিয়াছে, গ্রীবাহীন লোক গ্রমালা গলায় পরিয়াছে, জিহ্বারহিত ব্যক্তি উহাকে স্তব করিয়াছে, এই সমস্ত হুর্ঘট ব্যাপার যেমন কথনই হইতে পারে না, মূল ক্রেশাদি বিনষ্ট হইলেও সেইরূপ জন্ম প্রভৃতি কার্য্য জন্মতে পারে না। ॥৩১॥

মন্তব্য। আপাততঃ দেখিলে বোধ হয়, যেন হয়্য কেবল এই দৃশ্রমান ভ্বন্কেই প্রকাশ করিতে পারে, উহার অতিরিক্ত প্রকাশ করিবার শক্তি হয়্যের নাই, ওকথা ঠিক্ নহে, ওরূপ অনস্তকোটি ভ্বন থাকিলেও হয়্য তাহা প্রকাশ করিতে পারিত, আর নাই বলিয়া ঐটুকুই প্রকাশ করিয়া নিরস্ত থাকে, চিত্তেরও স্বভাব প্রকাশ করা. কেবল তমোগুণ দ্বারা আর্ত থাকায় সকল বিষয় প্রকাশ করিতে পারে না, রজোগুণ দ্বারা য়থন যে বিয়য়র আবরক তমঃ উদ্যাটিত হয় তগন সেই বিয়য়টী মাত্র প্রকাশ করে, কাজেই আমাদের পক্ষে জ্ঞানের ভাগ অপেক্ষায় জ্ঞেয়ের ভাগ অধিক, ব্রহ্মাণ্ডে জ্ঞেয় বস্ত কতই কি আছে, আমরা অতি সামান্ত কিছু জানিতে পারি মাত্র, চিত্তসত্বের আবরক তমোগুণের একেবারে উচ্ছেদ হইলে চিত্তসত্ব তথন সকল পদার্থই প্রকাশ করিতে পারে, কারণ প্রকাশ করাই তাহার স্বভাব।

"যত্ত্রেদমুক্রং" ইত্যাদি দৃষ্টাস্ত সকলের অভিপ্রায় বার্ত্তিককার অন্তর্মণে বর্ণনা করিয়াছেন, তিনি বলেন, ওটা বৌদ্ধগণের উপহাসবাক্য, ক্ষুদ্রজীব যোগবলে যদি উক্তরূপ সর্ব্বজ্ঞতা লাভ করিতে পারে তবে "অন্ধো মণি-মবিধ্যৎ" ইত্যাদি দৃষ্টাস্ত চতুষ্টরের অসম্ভাবনা কি ? ॥ ৩১ ॥

সূত্র। ততঃ কৃতার্থানাং পরিণামক্রমসমাপ্তির্গণানাম্॥৩২॥

ব্যাখ্যা। ততঃ (ধর্মমেঘোদয়াৎ) ক্বতার্থানাং গুণানাং (সম্পাদিত-ভোগাপবর্গাণাং স্থাদীনাম্) পরিণামক্রমসমাপ্তিঃ (বিকারপর্য্যবসানং জায়তে ইতি শেষঃ)॥ ৩২॥

তাৎপর্য। পূর্ব্বোক্ত ধর্মমেঘসমাধির উদয় হইলে বুদ্ধিরূপে পরিণত সম্বপ্রভৃতি গুণত্রর ক্কতার্থ হয় অর্থাৎ পুরুষের ভোগ ও অপবর্গ সম্পাদন করিয়া ক্বতক্ষতা হয়, তথন উহাদের পরিণামক্রমের সমাপ্তি হয়, উহাদের আর কোনও কার্য্য হয় না, উহার্য্য আর অবস্থান করিতে পারে না, বিনষ্ট হয় যায়॥ ৩২॥

ভাষ্য। তস্ত ধর্মমেঘস্টোদয়াৎ কৃতার্থানাং গুণানাং পরিণামক্রমঃ পরিসমাপ্যতে, নহি কৃতভোগাপবর্গাঃ পরিসমাপ্তক্রমাঃ ক্ষণমপ্যবস্থা তু মুৎসহস্তে॥ ৩২॥

অনুবাদ। সেই ধর্মমেঘ সমাবির উদর হইলে গুণত্রর কৃতার্থ অর্থাৎ কৃতকৃত্য হয়, তথন তাহাদের পরিণামক্রম (প্রতিক্ষণে কার্যাজনন) পরিসমাপ্ত হয়, পুক্ষের ভোগ ও অপবর্গ (মুক্তি) জন্মাইলে গুণত্ররের ক্রম অর্থাৎ পরিণাম শেষ হয়, তথন আর সেই পুক্ষের (যাহার ভোগাপবর্গ জন্মাইয়াছে) নিমিত্ত সেই কার্য্য (বুদ্ধি-প্রভৃতি) রূপে গুণত্রয় একক্ষণও অবস্থান করিতে পারে না॥ ৩২॥

মন্তব্য। ধর্মমেব সমাধির পরাকাঠা জ্ঞানপ্রসাদমাত্র পরবৈরাগ্য বৃ্থান ও সমাধিসংস্কারের সহিত ক্লেশকর্মাশয় বিনাশ করুক্, কিন্তু গুণত্রেরের স্বভাব ন সর্বাদাই কার্যক্রপে পরিণত হওয়া, অতএব সেই মুক্তপুরুষের নিমিত্ত দেহাদির রচনা কেনই বা না করিবে ? এই আশক্ষায় স্থ্র বলা হইয়াছে, উক্ত আশক্ষায় সমাধান এইরূপ, পুরুষের অদৃষ্ট বশতঃই গুণত্রয় ভোগের উপবৃক্ত দেহাদি ও ভোগাপদার্থ সকল স্থাষ্ট করে, সেই ভোগজনক অদৃষ্ট না থাকিলে আর সেই সেই দেহাদিরূপে অবস্থান করিতে গুণত্রয় পারে না। এই নিমিত্তই ভোগের সম্পাদক নিথিল অদৃষ্টের নাশে প্রলম্ম হইয়া থাকে ॥৩২॥

ভোগ্য। অথ কোহয়ং ক্রমো নামেতি।

সূত্র। ক্ষণপ্রতিযোগী পরিণামাপরান্তনির্গ্রাহ্ণঃ ক্রমঃ॥৩৩॥

ব্যাখ্যা। ক্ষণপ্রতিযোগী (ক্ষণ: কালস্ত স্ক্র: অংশ:, প্রতিযোগী প্রতিসম্বন্ধী নিরূপকো যস্ত সঃ) পরিণামাপরাস্তনির্গ্রাহ্য (পরিণামস্ত অন্তথা-ভাবস্ত অপরাস্তেন পর্যাবদানেন নির্গ্রাহ্য গৃহীতুং যোগ্যঃ) ক্রমঃ (পূর্বাপরী-ভাবঃ, উক্তম্বরূপো ভবতীত্যর্থ: ॥৩৩॥

তাৎপর্য্য। ক্রম কাহাকে বলে তাহা নিরূপণ করা যাইতেছে, যাহা ক্ষণের ( অতি স্ক্র্ম কালভাগের ) দ্বারা নিরূপিত হয়, যাহা পরিণামের অবসান দেথিয়া স্থির করা যায় তাহাকে ক্রম বলে॥ ৩৩॥ ব

ভাষ্য। ক্ষণানন্তর্য্যাত্মা পরিণামস্থাপরান্তেন অবসানেন গৃহতে ক্রমঃ, ন হুনসুভূতক্রমক্ষণা নবস্থপুরাণতা বস্ত্রস্থান্তে ভবতি, নিত্যেষু চ ক্রমো দৃষ্টঃ, দ্বয়ী চেয়ং নিত্যতা কূটস্থ-নিত্যতা পরিণামি-নিত্যতা চ, তত্র কূটস্থনিত্যতা পুরুষস্থা, পরিণামিনিত্যতা গুণানাং, যশ্মিন্ পরিণম্যমানে তত্বং ন বিহন্ততে তন্নিত্যং, উভয়স্ত চ তত্বাহনভিঘাতা-ন্নিত্যন্থং, তত্র গুণধর্মেয়ু বুদ্ধ্যাদিয়ু পরিণামাপরাস্তনির্গ্রাহঃ ক্রমো লরূপর্য্যবসানঃ, নিত্যেষু ধর্মিষু গুণেষু অলরূপর্য্যবসানঃ, কৃটস্থ-নিত্যেষু স্বরূপমাত্রপ্রতিষ্ঠেষু মুক্তপুরুষেষু স্বরূপাহস্তিতাক্রমেণৈবা-২মুভূয়ত ইতি তত্ৰাপ্যলব্ধপর্য্যবসানঃ শব্দপৃষ্ঠেনাহস্তি-ক্রিয়ামুপাদায় কল্লিত ইতি। অথাস্থ সংসারস্থ স্থিত্যা গত্যা চ গুণেষু বর্ত্তমানস্থাস্তি ক্রমসমান্তির্ন বেতি, অবচনীয়মেতৎ, কথং, অন্তি প্রশ্ন একান্তবচনীয়ঃ সর্বো জাতো মরিশ্রতি, ওঁ ভো ইতি। অথ সর্বের। মুদ্বা জনিশ্রতে ইতি, বিভজ্য বচনীয়মেতৎ, প্রত্যুদিতখ্যাতিঃ ক্ষীণতৃষ্ণঃ কুশলো ন জনিয়তে ইতরস্ত জনিয়তে। তথা মনুয়জাতিঃ শ্রেরসী ন বা শ্রেরদীত্যেবং পরিপৃষ্টে বিভজ্য বচনীয়ঃ প্রশ্নঃ, পশ্রুদ্দেশ্য গ্রেরদী, দেবান্ ঋষীংশ্চাধিকৃত্য নেতি। অয়স্ত্বচনীয়া প্রশ্না, সংসারোহয়-मखवान् अशानु इिंछ, कूमनेश्वास्त्रि मः मात्रक्रममास्त्रिर्नि छत्यार्छ, অন্যতরাবধারণেহদেশিয়, তম্মাদ্ ব্যাকরণীয় এবায়ং প্রশ্ন ইতি ॥৩৩॥

অতুবাদ। ক্ষণ অর্থাং যাহার বিভাগ হয় না এরপ কালের স্ক্ষ্ম ভাগের আনস্তর্যাকে ( অব্যবধানকে ) ক্রম বলে, উহা বস্তুর পূর্বধর্শ্বের অপায়ে ধর্শ্বান্তর গ্রহণরূপ পরিণামের অবসান (শেষ) দ্বারা গৃহীত হয়, ক্রমিকক্ষণ অন্তভ্ব না করিয়া নৃতন বস্ত্রের শেষে পুরাণতা লক্ষিত হয় না, অর্থাৎ দীর্ঘকাল পরে নৃতন বস্ত্র আপনা হইতেই পুরাতন হয়, সেই পুরাণতা প্রত্যেকক্ষণে সংঘটিত হইয়া অবসানে সংকলন বুদ্ধিতে সম্যক্ অবধারিত হয়। কেবল অনিত্য বস্তুতেই নছে নিত্য পদার্থেও (গুণত্রয় ও পুরুষে) <sup>®</sup>উক্ত ক্রম দেখা যায়। এই নিত্যতা হুই প্রকার, একটা কুটস্থনিতাতা, অপরটা পরিণামিনিতাতা, কুটস্থনিতাতা অর্থাৎ কার্য্য দারাও যাহার অনিত্যতা সম্ভব নাই, উহা পুরুষের ধর্ম্ম, পরিণামি-নিত্যতা অর্থাৎ যাহাতে স্বরূপের হানি হয় না, অথচ অন্তথাভাব ঘটে উহা গুণত্রয়ের অর্থাৎ মূল প্রকৃতির স্বভাব, যেটা পরিণত হইলেও তত্ব অর্থাৎ স্বরূপ হানি হয় না তাহাকে নিত্য বলে, গুণত্রয় ও পুরুষ উভয়েরই স্বরূপ হানি হয় না বলিয়া নিত্য বলা যায়, তন্মধ্যে গুণত্রয়ের ধর্ম্ম বৃদ্ধি প্রভৃতিতে পরিণামের অপরাম্ভ অর্থাৎ উত্তরাবস্থা দারা যে ক্রম গৃহীত হয় উহা লব্ধপর্যাবদান অর্থাৎ বুদ্ধাদি ধর্ম্মের বিনাশ হইলে ক্রমের শেষ হইয়া যায়। নিতাধর্মী গুণত্রয়ের উক্ত ক্রমের পর্য্যবসান হয় না, কারণ, সেখানে ক্রমবিশিষ্ট ধর্মীর বিনাশ নাই। কুটস্থ-নিত্য অর্থাৎ যাহারা কেবল স্বরূপেই প্রতিষ্ঠিত তাদুশ মুক্তপুরুষ সকলের স্বরূপের অস্তিতা অনুসারেই ক্রমের অনুভব হয়, এখন থাকিয়া পরেও থাকিবে এই ভাবে ক্রমের জ্ঞান হয়। উক্ত স্থলেও ক্রমের পর্য্যবসান নাই, উক্ত পুরুষ স্থলে শব্দপ্রষ্ঠ অর্থাৎ শব্দের পশ্চাদ্বর্ত্তী বিকরবৃত্তি অন্তিক্রিরাকে গ্রহণ করে, অর্থাৎ এই অন্তিতারূপ ধর্মটী পুরুষের অতিরিক্ত না হইলেও বিকল্পবৃত্তি অভেদে ভেদ আরোপ করিয়া উহাকে কল্লিত করে। সম্প্রতি জিজ্ঞাসা হইতেছে, স্থিতি ও গতি অর্থাৎ সৃষ্টি প্রলয় প্রবাহে গুণত্তয়ে বর্তমান এই সংসারের ক্রমসমাপ্তি হয় কি না ? সামান্তভাবে এই প্রশ্নের উত্তর হয় না, কেননা, নিশ্চয় করিয়া উত্তর করা যায় এরূপ প্রন্ন আছে, যেমন জাত সমস্ত অর্থাৎ যাহারা জনিয়াছে তাহারা মরিবে কি না ? নিশ্চয়ই মরিবে এরপ উত্তর করা যায়। সকলেই মরিবা পুনর্বার জন্মিবে কি না ? বিভাগ করিয়া এ কথার উত্তর করা যায়, যাঁহার বিবেকখাতি জন্মিয়াছে তৃষ্ণা ( রাগ ) বিহীন এরূপ কুশল তত্বদর্শী ঘোগী মরিয়া আর জনিবে না, অন্ত সকলেই জনিবে। এইরপ মহুয়-জনা শুভ কি অশুভ, এরপ প্রশ্ন হইলে বিভাগ করিয়া উত্তর দেওয়া যায়, পশুজনা অপেকা করিয়া মহুয় জন্ম শুভ, দেব ও ঋষিদের অপেকা করিয়া শুভ নহে। এই সংসারের শেষ আছে কি না ? এ কথার উত্তর হয় না, তবে এইটুকু বলা যায় তত্বদর্শী কুশল ব্যক্তির পক্ষে সংসারক্রম সমাপ্ত হয়, অপরের নহে, এই ভাবে অন্ততরের নিশ্চয় করিলে দোষ হয়.না, অতএব বিভাগ করিয়া উক্ত প্রশ্নের উত্তর করিতে হয়॥ ৩৩॥

মস্তব্য। তত্মজ্ঞান জন্মিলে মুক্তি হয়, মুক্ত পুরুষের আর জন্ম হয় না, এইরপে ক্রমশঃ यদি সকল জীবই মুক্ত হইয়া যায় তবে সংসার থাকে না. কারণ জীবের অদৃষ্ট বশতঃই স্বষ্ট হয় ও স্বষ্ট বস্তুর স্থিতি হয়। আর যদি তত্বজ্ঞান লাভ করিয়াও মুক্তি না হয় তবে "তরতি শোকমাত্মবিৎ" "ব্রহ্মবেদ ত্রদৈব ভবতি" ইত্যাদি শ্রুতি দকলের প্রামাণ্য থাকে না। এদিকে নৃতন कीर कार्या ना, कार्यात व्यविध नारे, सूछताः मःमारतत উচ্ছেদ व्यवश्रस्ती. আমদানী না থাকিয়া ক্রমশঃ রপ্তানী থাকিলে ভাণ্ডার আর কতদিন থাকে, শাস্ত্রকারগণ এন্থলে জীব অনন্ত বলিয়া সরিয়া পড়িয়াছেন, কিন্তু অনস্ত হইলেও যথন নৃতন জন্মিবে না, অথচ আত্মজ্ঞান দ্বারা একটা করিয়া किमम्रा गाँहरव उथन रकनहें वा मःमारत्रत উচ্ছেদ ना हहरव, कन कथा निर्वाण-মুক্তি অতীব হুর্লভ, "শুকোমুক্তঃ প্রহলাদো বা।" উহা কাহারও ঘটিয়াছে কি না সংশয়স্থল, সাযুজ্য, সালোক্য, সারূপ্য ও সাষ্টি প্রভৃতি আপেক্ষিক মুক্তি অসম্ভব নহে, তাহাতে পুনরাবৃত্তি আছে। "ন স পুনরাবৃত্তিতে" এই অপুনরাবৃত্তি মুক্তি কোনও কালে কাহারও হইবে সেভাবে একটা করিয়া কমিয়া অনস্ত জীব শেষ হইয়া সংসারের সমূল বিনাশ মহাপ্রলয় হইবে ইহা কেবল মনোরথ মাত্র ৷ উক্তবিধ সংসারোচ্ছেদই বাস্তবিক মহাপ্রলয়, নৈয়াশ্বিক-গণ উহাকে "অক্তভাবানবিকরণকাল" বলেন, উহাতে অদৃষ্টমাত্রের বিনাশ হয়, স্থুতরাং আর স্টের সম্ভাবনা থাকে না, সাধারণতঃ "জন্মন্ত্রানবিকরণকাল"কে প্রলয় বলা হয় উহাতে স্ষ্টির সম্ভাবনা আছে, কারণ, অদৃষ্ট ক্রব্য নহে, উহা গুণপদার্থ, ওর্ম্বঞ্চ প্রলয়ে অনৃষ্ঠ থাকিয়া বায় স্থতরাং পুনর্বার স্থির বাধা হয় না ॥ ৩৩ ॥

ভাষ্য। গুণাধিকারক্রমসমাপ্তো কৈবল্যমুক্তং, তৎস্বরূপ-মবধার্য্যতে।

## সূত্র। পুরুষার্থশৃত্যানাং গুণানাং প্রতিপ্রসবঃ কৈবল্যং স্বরূপপ্রতিষ্ঠা বা চিতিশক্তিরিতি॥ ৩৪॥

ব্যাখ্যা। পুরুষার্থশৃন্থানাং (ভোগাপ্বর্গর্হিতানাং) গুণানাং কার্য্যকারণোভর-রূপাণাং সন্ধাদীনাং) প্রতিপ্রসবঃ (প্রতিসর্গঃ প্রলয়: প্রতিলোমপরিণামেন প্রকৃতিরপতয়াহবস্থানং) কৈবল্যং (মুক্তিঃ) বা (অথবা পক্ষান্তরে) স্বরূপ-প্রতিষ্ঠা (বৃত্তিসারপ্যাভাবাৎ স্বেনৈবরূপেণ অবস্থিতা) চিতিশক্তিঃ কৈব্ল্যং (পুরুষশুমুক্তিরিত্যর্থঃ,) ইতি (গ্রন্থপরিসমাপ্তিস্কৃচকঃ)॥ ৩৪॥

তাৎপর্য্য। যে পুরুষের তত্বজ্ঞান জন্মিরাছে তাহার প্রতি বৃদ্ধি প্রভৃতি গুণ সকল আর ভোগ বা অপবর্গ জন্মার না, ইহাকেই গুণত্রয়ের মুক্তি বলে, অথবা পুরুষের স্বরূপে অবস্থানকে মুক্তি বলা যায়॥ ৩৪॥

ভাষ্য। কৃতভোগাপবর্গাণাং পুরুষার্থশৃন্থানাং যঃ প্রতিপ্রস্বরং কার্য্যকারণাত্মনাং গুণানাং তৎ কৈবল্যং, স্বরূপপ্রতিষ্ঠা পুনর্ক্ষিস্থাহ-নভিসম্বন্ধাৎ পুরুষস্থ চিতিশক্তিরেব কেবলা, তস্থাঃ সদা তথৈবাহব-স্থানং কৈবল্যমিতি॥ ৩৪॥

শক্ষরাদ। গুণের অধিকার শেষ হইলে মুক্তি হয় বলা হইয়াছে, ঐ মুক্তির স্বরূপ কি তাহা বলা যাইতেছে। শব্দাদি বিষয়ের অফুভবরূপ ভোগ ও অপবর্গ (মুক্তি) সম্পন্ন করিয়াছে অতএব পুরুষার্থ বিরহিত কার্য্য (বুদ্ধাদি) ও কারণ (মূলপ্রকৃতি, গুণত্রয়) স্বরূপ গুণত্রয়ের যে প্রতি প্রস্ব অর্থাৎ প্রতিলোমে প্রলম্ব, প্রকৃতিরূপে অবস্থান তাহাকে কৈবল্য (কেবলের ধর্ম) অর্থাৎ মুক্তি বলে। গুণত্রয়ের এই ধর্মকে পুরুষে আরোপ করিয়া পুরুষের কৈবল্য এইরূপ বলা যায়, এটা উপচারিক মুক্তি। অথবা পুরুষের স্বরূপে অবস্থান অর্থাৎ বুদ্ধিবৃত্তির প্রতিবিধ্ব গ্রহণ না হওয়ায় নিজ ক্ষছভাবে অবস্থানকে কৈবল্য বলে, এই কৈবল্য আরোপিত নহে, উহা পুরুষের ক্ষভাব। স্থ্রের ইতি শক্ষ গ্রন্থের পরিস্মাপ্তির স্থচক। ৩৪॥

মস্তব্য। যাহার বন্ধন তাহারই মুক্তি, পুরুষের বন্ধন বাস্তবিক নহে, উহা প্রকৃতির (বৃদ্ধির) ধর্ম, পুরুষে আরোপ হয় মাত্র, এইরূপ মুক্তিও বৃদ্ধিরই ধর্ম পুরুষে আরোপ করিয়া পুরুষের মোক্ষ বলিয়া ব্যবহার হয় মাত্র। সাংখ্য কারিকায় উক্ত আছে।

> "তত্মান্নবধ্যতে২দ্ধা ন মুচাতে নাপি সংসরতি পুরুষ:। সংসরতি বধ্যতে মুচাতে চ নানাশ্রয়া প্রকৃতিঃ"॥

অর্থাৎ পুক্ষ বদ্ধও হয় না, মুক্তও হয় না, প্রকৃতিই নানাকপ ধারণ করিয়া কথনও বদ্ধ হয় কথনও বা মুক্ত হয়। মুক্তিশ্বকপ নানা স্থানে নানা ভাবে উক্ত আছে, জীবের ব্রহ্মভাবাধিগম ইহাই বেদান্তীর সন্মত, ছংখের অত্যন্ত নির্ত্তি ইহা গ্রায় বৈশেষিক সাংখ্য প্রভৃতি অনেকের সন্মত, উহাতে বেদান্তীরও বিরোধ নাই, ফল কথা চৈতগ্রস্কর্মপ পুক্ষের স্বভাবে অবস্থান অর্থাৎ জড়বর্সের ধর্ম তাহাতে প্রতিফলিত না হওয়াকেই মুক্তিবলে, এক কথায় লিক্ত শরীরের বিনাশকেই মুক্তি বলা যাইতে পারে।

চতুর্থপাদের সংগ্রহ বাচম্পতি শ্লোক দ্বাবা করিষাছেন।

মুক্তাইচিত্তং পরলোকমেয়
জ্ঞানিদ্ধার ধর্মাবনঃ সমাধিঃ।
দ্বনী চ মুক্তিঃ প্রতিপাদিতাংশ্মিন্
পাদে প্রমঙ্গাদিপি চাক্তাহকুমু॥

অর্থাৎ এই চতুর্থপানে ষষ্ঠহত্তে মুক্তির উপযুক্ত চিত্ত প্রদশিত হটয়াছে, দশম হত্তে পরলোকসিদ্ধি, পঞ্চদশ হত্তে মেয় অর্থাৎ বাহার্থের সন্থাব দেখান হইয়াছে, উনবিংশ হত্তে অর্থাৎ চিত্তের অতিরিক্ত পুক্ষের সিদ্ধি হইয়াছে, অষ্টাবিংশ হত্তে ধর্মমেঘসমাধি, ত্রিংশৎ হত্তে জীবন্স্কি ও চতুক্তিংশৎ হত্তে বিদেহমুক্তি (নির্মাণ) দেখান হইয়াছে, প্রসঙ্গক্রমে.আরও অনেক কথা আছে।

বাচম্পতি মিশ্র সমগ্র গ্রন্থের সার কথা একটা শ্লোকে বর্ণনা করিয়াছেন।

"নিদানং তাপানামূদিতমথতাপাশ্চ কথিতাঃ, সহাক্ষৈবদ্ধাভিনিধিতমিং গোগদ্ধমপি। ক্তোম্জেরধ্বাগুণপুরুষভেদ: স্টুতর:, বিবিক্তং কৈবল্যং পরিগণিততাপা চিতিরসৌ॥

অর্থাৎ এই পাতঞ্জল দর্শনে তাপের ( হঃথ ত্রয়ের ) কারণ প্রকৃতি পুরুষ-সংযোগাদি, অষ্টাঙ্গ দহিত সম্প্রজাত ও অসম্প্রজাত দ্বিবিধ যোগ, মুক্তিমার্গ গুণপুরুষভেদ এবং শুদ্ধচিতিশ্বরূপ কৈবুলা যথাযথনপে সবিস্তব • বর্ণিত আছে॥ ৩৪॥

হরি: ওম্

ইতি

পাতঞ্জলদর্শনে কৈবল্য নামক চতুর্থপাদ সমাপ্ত হইন।

পাতঞ্জল দর্শন সমাপ্ত।



## ভবিপত্ত।

•	., , , , , ,		
' শণ্ডদ	তন্ধ	পৃষ্ঠা	পঙ্কি
<b>ত্রিরমানাং</b> শ্চ	<b>প্রিয়</b> মাণাংশ্চ	ર	<b>6</b> ¢
<b>মধ্</b> প্ৰতিকা	মধুপ্রতীকা '	¢	ર
<b>মধুপ্রতিকা</b>	মধুপ্রতীকা	¢	>8
विदयन	বিষয়ে	•	હ
চিত্ৰও	চিৰ ও	20	74
मर्जन,	দৰ্শন	>8	> 0
সংকল্প,	সংকল্প-	>6	9
, অকঞ্চিৎকর	অকিঞ্চিৎকর	55	৬
<b>সম্পিপাদ</b> বিষয়া	সম্পিপাদ্যিষ্য়া	৩৭	8
<b>বৈরাগ্য</b>	বিপরীত	85	28
মৰস্তরানীহ	মশ্বস্তরাণীহ	84	২৭
সহস্রানি	সহস্রাণি	82	>
· <b>क्रे</b> चरत्रत्र	<b>न्ने</b> श्चटत्रत्र	ææ	2@
, बरमा	देवसभा	৬৬	8
জাচ শরমমহৎ	আ পরমমহচ্চ	P2	>8
<sup>ৰ</sup> প্ৰাকৰ্মাশয়	পুণ্যকর্মাশয	>>9	२७
তাপক্রিয়া	তপিক্রিয়া	>08	>8
ৰ্তৃত্যবিশেষাঃ	ষড়বিশেষাঃ	282	> •
<b>व</b> क् <b>वि</b> टनवाः	ষড়বিশেষাঃ	>85	2
<del>ণর্ম</del> নাত্রই	ধর্মমাত্র	484	ર
ভদনস্তরাপারাপবর্গ:	তদনস্তরাপায়াদপবর্গঃ	>69	२२
<b>শংক্তো</b> ক	মৎশ্রেছেব	১৬৭	28
বিভৰ্কানাং	বিভৰ্কাণাং	<b>১</b> ৭৩	20
व्यक्तिमानि	অণিমাদি	593	2
त्कोक्शनिवृतनः	<b>ट्याके नियमनः</b>	246	२५
<b>नमी</b> किन	সমীচীন	249	>8
क्रभगविकारीनाः	क्रणनावगानीनाः	२७৯	59
<b>गृन्धां बाटव</b>	দৃশায়তে	296	>>
হলস্ভাসিন:	ফলসংস্থাসিন:	9	٢
<b>लेका मा</b>	<b>সংস্থা</b> সী	٥٠٥	8